**্রীঅনিল মুখার্জীঃ** মন্ত্রীমহাশয় যা বললেন তাছাড়া ডি ভি সি ক্যানেলে ফলপথে যাতায়াতের জন্ম কোন প্রকল্প করেছেন কিনা বা এ সম্বন্ধে কিছু ভাবছেন কিনা ?

**জ্রীরবীন মুখার্জীঃ** আমার কাচ্চে এরকম কোন গবর নেই।

**ত্রীহবিবুর রহমানঃ** করাকা থেকে কোলকাভায় আগতে লকগেটের কোন ব্যাপার নেই কাজেই এই জলপথের কথা ভাবছেন কিনা ?

**ঞ্জিরবীন মুখার্জী**ঃ আমরা যেট। করেছি বা করতে চলেছি সে সম্বন্ধে আপনাদের কাছে বলেছি। সেভেম্ব ফাইভ ইয়ার প্ল্যানে নাম্বার ওয়ান বলে যেটা স্থাক্ত হয়েছে সে সম্বন্ধে কেন্দ্রীয় সরকারের সঙ্গে সহযোগিতায় বিভিন্ন ফেরি সার্ভিম এবং কার্গো মুভ্যমন্ট সম্বন্ধে গ্রালোচনা হচ্ছে।

**ত্রীস্তরত মুখার্জীঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি, বাবুঘাট পেকে হাওডা ষ্টেমন পর্যস্থ যে ফেরি সার্ভিস আছে সেটা কোন সংস্থা পরিচালনা করেন এবং এই সংস্থার উত্তরাধিকারী কে ধ

भि: क्योंकात: **अडे श्रमक छे**र्स्न ना।

**্রীস্থরত মুখার্জী**ঃ এই ফেরি সংক্রান্ত ব্যাপারে একজন মন্ত্রী যুক্ত মাছেন। এবং সেথানে লক্ষ লক্ষ টাকা তছরপ হচ্ছে।

#### ADJOURNMENT MOTION

Mr. Speaker: To-day I have received four notices of adjournment Motion.

The first is on the subject of problem for admission of students in schools from Shri Kashinath Misra. The Second is on the subject of disrespect shown to the Constitution of India by some members of Akali Dal in New Delhi from Shri Ambika Banerjee, The third is on the subject of police firing at Watgunj near Kidderpore from Shri Subrata Mukherjee. And the fourth is on the subject of demand for judicial enquiry into the police firing at Bulbulchandi, Malda from Shri Deoki Nandan Poddar.

As regards first, third and fourth motions, the Members will get ample opportunity to discuss the matters during discussion on Governor's Address commencing from to-day. The Second motion wants to raise a matter which has happened outside the State in New Delhi for which this State Government is not responsible.

I, therefore, withhold my consent to all the above motions. One member of the party, may however read out the text of the motion as amended.

Shri Ambika Banerjee: This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence namely:—

The disrespect shown to the Constitution of India by some members of Akali Dal, who have burnt copies of the Constitution and destroyed them in public, in New Delhi on 27th February, 1984.

**্রী স্থত্ত মুখার্জীঃ** স্থার এটা খ্ব ইমপটেন্ট ব্যাপার। এটা কোন দলের ব্যাপার নয়। এই ধরণের নজীর আছে এবং এই ব্যাপারে পশ্চিমবন্ধ সরকারের একটা ভূমিকা আছে।

# CALLING ATTENTION To Matters of Urgent Public Importance

Mr. Speaker: I have received 10 notices of Calling Attention.

I have selected the notice of Sarbashri Subhas Basu, Somendra Nath Mitra, Abdul Mannan, Kashinath Misra, Anil Mukherjee and Saral Deb on the subject of 'Tension in the campus of Bidhan Chandra Krishi Viswa Vidyalaya of Kalyani due to clashes between students'.

The Minister-in-charge will please make a statement to-day, if possible, or give a date.

Shri Patit Paban Pathak: On the 8th March.

শ্রী সভ্যরপ্তন বাপুলীঃ স্থার, স্থবত মৃথার্জী যে কথা বললেন, যেথানে সংবিধান পোড়ানো হয়েছে, সংবিধান ছিঁড়ে ফেলা হয়েছে সংবিধানকে যেভাবে অপমান করা হয়েছে তাতে আপনি যদি এই ব্যাপারে কোন ব্যবস্থা না নেন তাহলে যে সংবিধান অনুসারে আপনি ওথানে বসে আছেন, আপনার ওথানে আর বসে থাকা উচিত নয়।

শ্রীস্থত্তত মুখার্জী: আপনি সংবিধানকে বাঁচান এবং আপনি ব্যবস্থা নিন, তা নাহলে আমরা ওয়াক-আউট করবো।

## Thirtythird Report of the Business Advisory Committee.

Mr. Speaker: I beg to present the Thirtythird Report of the Business Advisory Committee. The Committee met in my chamber on the 24th February, 1984 and recommended the following programme of Business from the 28th February to the 2nd March, 1984.

Tuesday, 28.2.84	•••	(i) Laying of Ordinances, Reports etc.
		(ii) Discussion on Governor's Address  —4 hours-
Wednesday, 29.2.84	•••	Diseussion on Governor's Address  — 4 hours.
Thursday, 1,3.84	***	Discussion on Governor's Address —4 hours.
Friday, 2.3.84	•••	Discussion on Governor's Address —4 hours.

AP(81-1/84)-7

Shri Patit Paban Pathak: Sir I beg to move that the Thirty Third report of the Business Advisory Committee, as presented, be agreed to by the House

The motion was then put and agreed to.

## MENTION CASES

ভাঃ জয়নাল আবেদিন ঃ ভার, আই রাইজ অন এ পয়েন্ট প্রিভিলেজ মাননীয় অধ্যক্ষ
মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করিছি, আমরা যেথানে আছি এবং আপনিও ঐ চেয়ারে বনে
আছেন, সেটার শক্তি হছে এই কল্পষ্টিটিখন। আজকে ভারতবর্ধের কোন প্রান্তে এবং খোদ
রাজধানীতে যদি সংবিধানের অবমাননা হয়, এই সংবিধানের বিরুদ্ধে জেহাদ হয়, তাশতাল
ইন্টিগেশন এয়াও প্রেষ্টিজ যদি নই হয়,—জ্যোতিবাবু প্রকাশ্যে বলেছেন এবং জাতীয় সংহতির
স্বপক্ষে এন্টায়ার লেফ্ট্ ফ্রন্ট সহমত পোষণ করে। একটা জায়গায় আমরা একমত, সংবিধান
রক্ষার জন্তা, তার মর্যাদা রক্ষার জন্তা এক হয়ে কাজ করবো এবং সংবিধানের যদি অবমাননা হয়,
আমাদের অধিকার আছে, মোর জান ফিফটি মিলিয়ন পিপ্লের প্রতিনিধি আমরা, আমরা
আমাদের বক্তব্য যেন রাথতে পারি, এই অণ্ডভ শক্তি বিরুদ্ধে। তাই আমার নিবেদন, মাননীয়
স্বাসমন্ত্রী এই হাউদে একটা রেজলিউশন আনতে পারেন এবং সব কাজ বন্ধ করে এই বিষয়ে
আলোচনা কর্মন। কারণ এই বিষয়ে অনেক সিনিয়ার মেয়ার য়ারা আছেন, ভারা বিভিন্ন
ফোরামে বলেছেন।

সেই জন্ম আমরা আপনার কাছে প্রস্তাব দিচ্চি—আপনি সভার কান্ধ বন্ধ করে এখুনি রুলস ১৬৯ অহুসারে মৃথ্যমন্ত্রীকে একটা রেজলিউসান নিয়ে আসতে বলুন এবং বিরোধী পক্ষ পেকে আমরা স্বাই এটাকে সমর্থন করি, লেট আস কনডেম দি ইনসিডেন্ট।

মিঃ স্পীকারঃ আমার রুলিং আমি দিয়ে দিয়েছি। এ্যাডজোন মেণ্ট মোসানে এটা আসতে পারে না।

**এসিড্যর**প্তান বাপুলী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি সংবিধানের মর্যাদা ষথন রক্ষা করতে পারলেন না এবং মনে হচ্ছে ইন্ডাইরেক্টলি এটাকে আপনি সমর্থন করছেন তথন এর বিরুদ্ধে প্রতিবাদ জানাতে আমরা সকলে ওয়াক আউট করলাম।

( কংগ্রেস পক্ষের সদস্থরা গুয়াক আউট করে সভার বাইরে চলে গেলেন।)

**জ্রীশাচীন সেন**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে, কদবা অঞ্চলের উজ্জ্বল মণ্ডলের নৃশংস হত্যাকাণ্ড—আমাদের

দলেত হচ্চে এই নিৰ্মম হত্যাকাণ্ডের যারা আসল কালপ্রিট তাদের আড়াল করার একটা চেষ্টা চলেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিগত ১লা ফেব্রুয়ারী রাজিবেলায় ১০ বছরের শিশু উজ্জ্বল মণ্ডলকে অপহরণ করে নিয়ে যাওয়া হয় এবং ৪ তারিথ রাত্রিবেলায় জয়নগরের শ্রীরামপুর গ্রামের একটি ক্লাব ঘরে তাকে হত্যা করা হয়। হত্যাকারী স্থপন ভাণ্ডারী ওরফে থোকা তাকে হত্যা করে দেখান থেকে পালিয়ে আদে এবং দক্ষিণ কলকাতায় একজন বিশিষ্ট কংগ্রেস নেতার বাড়ী এসে আত্ময় গ্রহণ করে। সেই কংগ্রেস নেতা তার বাড়ীতে তাকে রেথে দেওয়াটা নিরাপদ মনে না করে দক্ষিণ কলকাতার একটি কংগ্রেস অফিসে আত্মগোপন করার জন্ম আশ্রয় দেয়। পরবর্তী কালে সেই কংগ্রেস নেতা তাকে নির্দেশ দেন যে, তুমি এই ব্যাপারে অ্যান্টিসিপেটরি বেল নাও, আগাম বেল নেবার ব্যবস্থা কর। সেই ভাবেই তাকে কোটে পাঠাবার ব্যবস্থা করা হচ্চিল। এমন সময় পুলিশ থবর পেয়ে তাকে গ্রেপার করে এবং ওকে গ্রেপ্তার করার পরেই আসল ঘটনার কিছু বিষয় জানা গেল। মাননীয় অধাক্ষ মহাশয়, ১০ বছরের শিশু উজ্জ্বল মণ্ডলের মৃতদেহ যেদিন কসবায় নিয়ে আসা হল আমি সেইদিন ওথানে উপস্থিত ছিলাম। হাজার হাজার মাত্র্য বিক্ষোভে ফেটে পড়েন। তাদের দাবী ছিল এই হত্যাকারীদের আমাদের হাতে ছেডে দিলে আমরাই এদের বিচার করব। এই ১০ বছরের শিশু খুব ভাল থেলাধুলা করতে পারত। আমি দেথলাম রক্তাক্ত শিশু তার সেই খেলাধুলার সরঞ্জাম ব্যাট, ফুটবল ইত্যাদি নিয়ে সেথানে উপস্থিত হল এবং তারা বলল উজ্জলের শবদেহের সাথে এই সব জিনিসপত্রগুলিও যাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমার বক্তব্য হচ্ছে এই. এর প্রতিকার আমরা চাই এবং যারা এই ঘটনা ঘটিয়েছে. যে কংগ্রেস নেতা এই ঘটনা ঘটিয়েছে, তাদেরকে এখনো কেন গ্রেপ্তার করা হচ্ছে না—আমরা এর জবাব চাই। ইতিহাসে নন্দীরবিহীন এই ঘটনা ঘটেছে, আমরা সত্তর এর প্রতিকার চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে দোষীদের অবিলম্বে গ্রেপ্তার এবং উপযুক্ত শান্তিব ব্যবস্থা করতে হবে।

( এই সময় কংগ্রেস সদস্তদের পুনরায় সভায় প্রত্যাবর্তন।)

প্রতি কাপনার মাধামে মাননীয় ম্থ্যমন্ত্রী মহাশারের দৃষ্টি আকর্ষণ করছি। স্থার, কয়েকদিন আগে বাঁকুড়া শহরে একজন বিড়ি শ্রমিককে কেন্দ্র করে একটি ঘটনা ঘটে এবং তারপর পুলিশ বেপরোয়া ভাবে বিড়ি শ্রমিকদের মারধোর করে। এই ঘটনার পর বিড়ি শ্রমিকরা থানায় গেলে থানা এ ব্যাপারে কোন মামলা গ্রহণ করে নি। স্থার, অত্যস্ত ছুঃখ এবং লক্জার কথা যে বামফ্রন্ট সরকারের আমলে একজ্বন পুলিশ সাব ইক্সপেক্টার এইভাবে শ্রমিকদের উপর লাঠিচার্জ করলো এবং তা করার পরও সেই অফিসার আজও বাঁকুড়া থানায় বহাল তবিয়তে আছে, তার বিক্তমে কোন এ্যাক্সান নেওয়া হয়নি। শ্রমিকরা যথন থানায় গিয়ে এফ. আই. আর করতে যায় তথন সেই এফ. আই. আর গ্রহণ করা হয় না, পরে শ্রমিকরা এ্যাডিশক্যাল এফ. পি'র কাছে এফ. আই. আর দেয় কিন্ধ কোন

মামলা আজও দায়ের করা হয়নি। স্থার, বামক্রণ্ট সরকারের ঘোষিত নীতি হচ্ছে শ্রমিকের উপর লাঠি চলবে না অথচ এই ধরণের একটি ঘটনা দেখানে ঘটে গেল। আমি এ ব্যাপারে স্থার, আপনার মাধ্যমে মাননীয় মৃথ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং তাঁকে অহুরোধ করছি, অবিলম্বে তদস্ত করে এই ঘটনার জন্য দোষী পুলিশ অফিসারকে শান্ধি দেবার ব্যবস্থা করুন।

ঞ্জিলীভি চটবাজঃ মাননীয় শীকার মহাশয়, আমরা পশ্চিমবাংলায় লক্ষ্য করছি এখানে কিছু অগণতান্ত্রিক মান্তুষ এবং অসভ্য কিছু সদস্য পশ্চিমবাংলার রাজ্যপালের উপর চারিদিক থেকে অসম্মানজনক উক্তি করছেন এবং অসম্মানজনকভাবে কিছু মিছিল ইত্যাদি করে তাঁর সভা, সমাবর্তন ইত্যাদিকে নষ্ট করে দেবার পরিকল্পনা করেছেন। স্থার আমরা লক্ষ্য করলাম গত ২৫শে ফেব্রুয়ারী '৮৪ সাল রাজ্যপাল ধথন বিধানচব্রু ক্রষি বিশ্ববিভালয়ের সমাবর্তন উৎসবে গেলেন তথন ওখানে ওখানকার জ্যোতিবস্থর পুষ্ট দি. পি, এম-এর কিছু পোষা গুণ্ডা, যারা বিশ্ববিদ্যালয়ের ছাত্র নয়, এম. এফ. আই-এর কর্মী, তারা রাজ্যপালের এই সমাবর্তন উৎসবে চিল মারে। রাজ্যপাল মহাশয়ের গাড়ীর মধ্যেও চিল পড়ে এবং তাঁকে কালো পতাকা দেখানো হয় এবং 'রাজ্যপাল গো ব্যাক' ইত্যাদি ধ্বনি দেওয়া হয়। স্থার, আমরা জানি এর পেছনে পূর্ণ মদত দিচ্ছেন মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এবং পশ্চিমবাংলার জনৈক সি. পি. এম নেতা, যিনি এই সভার সদস্ত নন। স্থার, যেহেতু তিনি এই সভার সদস্য নন সেইহেতু তাঁর নাম আমি করছি ন। এবং তাঁর নাম করে তাঁকে বছ করে দিতেও চাই না। সেই সি. পি. এম-এর সদস্য এবং সম্পাদক উদ্ধানি দিয়ে এইভাবে পশ্চিমবাংলায় গণতন্ত্রকে ধ্বংস করতে চাইছেন। স্থার, পশ্চিমবাংলার রাজ্যপালই যদি নিরাপন্তার অভাব বোধ করেন তাহলে এখানে সাধারণ মান্তবের নিরাপত্তা কোথায় ? রাজ্যপালই যদি খোলাখুলিভাবে ঘোরাঘুরি করতে না পারেন তাহলে সাধারণ মাহুষের অবস্থা কি সেটা বুঝতেই পারছেন। আমি স্থার, বিধানসভার একজন সদস্ত হিসাবে এই ঘটনার তীব্র নিন্দা করছি। এস. এফ. আই-এর ছেলেরা ঘথন রাজ্যপালকে লাঠি মারলো তথন দেখলাম মুখ্যমন্ত্রী লোক দেখানোর জন্ম চোথ রাঙাচ্ছেন, তদস্ত কমিটি বসাচ্ছেন। স্থার, বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের ছাত্র পরিষদের সদস্তরা চটি অম্বলিপি দিয়েছেন, আমি আপনার মাধ্যমে এই সভায় সেটি রাথছি এবং এই অপদার্থ, বর্বর, অগণতান্ত্রিক জ্বোতি বস্তুর সরকারকে তা দিচ্ছি।

[ 2-10-2-20 P.M.]

**এলেবনারায়ণ চক্রবর্তী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা শুক্রপূর্ণ বিষয় জানাতে চাচ্ছি। হুগুলী জেলার পাণ্ডুয়া, পোলা, সিংগুর ইন্ড্যাদি থানাগুলিতে চাবের জমি প্রায় ২/৩ ফুট গর্ত করে বালি থাদ করে বালি উন্তোলন করা হচ্ছে। এর ফলে হাজার হাজার দো-ফ্সলী এবং তিন ফ্সলী চাবের জমি নই হয়ে যাচ্ছে। সেচের এলাকায় সেচ ব্যবস্থা

এবং ভি. ভি. দি'র থাল এবং ডিপ টিউবয়েল এলাকা দব নই হয়ে যাছে। সারা পশ্চিমবদে ষে পরিমাণ ফদল পাওয়া বেড, এই দব জমি নই হওয়ার জন্ত সেই ফদল থেকে পশ্চিমবালার মাস্ত্র্য বঞ্চিত হবেন এবং এর ফলে তীত্র খাছ্ম সংকট দেখা দেবে। মাত্র্যদের বাড়ীঘর বালি থাদে চলে যাছে, রাজা বালি থাদে চলে যাছে, রেল লাইন ক্ষতিগ্রন্থ হছে। এই রকম অবস্থায় পথচারী মাত্র্য ঐ বালি ধদে মারা যাছে, কিছু কিছু মাত্র্যের জীবনাবদন হয়েছে। এই বিধান দভার যে এদ. এল. কমিটি, তারা অন্থগ্রহ করে হগলী জেলার কয়েকটি এলাকা পরিদর্শন করে এসেছেন যে কি ভয়াবহ অবস্থা দেখানে চলছে। আমি আপনার মাধ্যমে অন্থরোধ করবো যে এদ. এল. কমিটির চেয়ারম্যান যেন এই বিষয়ে আপনার কাছে রিপোর্ট দেন এবং রাজ্য সরকার এই বিষয়ে চিস্তাভাবনা করে অবিলম্বে উপযুক্ত ব্যবস্থা করেন। আজকে যারা ব্যাপকভাবে চামের জমি নই করে পশ্চিমবালায় থাছ্য সংকট স্বষ্টি করছে, সরকারকে রয়্যালটি দিছে না, তাদের বিরুদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্ত আপনার মাধ্যমে অন্থরোধ করচি।

**শ্রীকাশীনাথ মিশ্রঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রীসভার তথা মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি এই বিধানসভার মাননীয় সদস্তদের, এমন কি সরকারী দলের সদস্যদের কাছ থেকে বর্তমানে আইন শৃঙ্খলা কোথায় গেছে এবং পুলিশের নিজ্সিতার কথা শুনেছেন এবং উপলব্ধি করেছেন। আমি অমুদ্ধপভাবে এখানে বাঁকুডার কথা উল্লেখ করতে চাচ্ছি। বাঁকুড়া শহর তথা বাঁকুড়া সদর থানা এবং বাঁকুড়ার সঙ্গে যুক্ত বাঁকুড়া ত্র্গাপুর পর্যস্ত রাস্তাঘাট থেকে আরম্ভ করে প্রকাশ্য দিবালোকে যে নুশংসভাবে অত্যাচার হচ্ছে, নিৰ্মমভাবে বাড়ীতে ডাকাতি. বাস ডাকাতি এবং তপশীলভুক্ত যুবককে প্ৰকাষ্ঠ দিবালোকে নৃশংসভাবে হত্যা করা হচ্ছে, এই যে অবস্থা, এই অবস্থা আজকে সকলেই উপলব্ধি করেছেন। মাননীয় সদস্য অনিল মুথার্জী মহাশয় বললেন, পুলিশ শচীন সেন মহাশয় বললেন, পুলিশ নিজিয়। মাননীয় অধ্যক মহাশয়, আমি কি সেই স্থরে বলতে পারিনা যে পুলিশ একেবারে নিচ্ছিয়ভাবে আছে ? আজকে থানায় এক. আই. আর করা হচ্ছে, প্রকাশ্ত দিবালোকে যারা থুন করছে, যারা বাদ ডাকাতি করছে, যারা বাড়ীতে ডাকাতি করতে গিয়ে বোমায় যুবকদের হত্যা করছে, তার কোন প্রতিকার হচ্ছে না। বাঁকুড়া শহরে এক মানে ৪টি খুন হয়েছে, ২ মাসে ৮টি বাস ডাকাতি হয়েছে। এটা যে অতি ধ্রুব পত্য কথা সেটা সকলে উপলব্ধি করেছেন। আমি সেন্ধন্য আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবো যে এই ব্যাপারে অস্ততঃ একটা প্রতিকার করুন। আপনার পুলিশ যদি ইনসাফিসিয়েন্ট হয়ে থাকে তাহলে পুলিশের সংখ্যা বাড়ান। আপনি এই তথ্য অমুসদ্ধান করুন এবং দুক্তকারীদের অবিলম্বে গ্রেপ্তার করে উপযুক্ত শাস্তির ব্যবস্থা করুন।

**্রীন্তবিকেশ মাইডি:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুতর বিষয়ে উল্লেখ করছি। ইংরাজী ১৪ই ফেব্রুয়ারী রাত্তি ১/১০টার সময়ে কাকদ্বীপ থানার প্রীরামকৃষ্ণ

গ্রাম পঞ্চায়েতের একজন সভ্য তার বাড়ীতে ধুমধাম করে একটা অফুষ্ঠান করেছেন সে জিতেছেন বলে। তারপরে যে কথা স্থনীতি বাবু বলেছেন যে সে নেশা করেছিল, সেই নেশা করেছিল কিনা জানি না। তার পাশের বাড়ীর যিনি ইন্দিরা কংগ্রেসের সভ্য, তার বাচ্চা মেয়ে ১০/১১ বছর বয়স হবে, তাকে রাত্রি বেলায় টেনে ধরে নিয়ে গিয়ে নিষ্কুরভাবে পাশবিক অত্যাচার করেছেন।

কাকদ্বীপ থানায় একটি মামলা করা হয়েছে, কেস নং ১২, তারিথ ১৫.২.৮৪। সেই পঞ্চায়েত সদস্থের নাম প্রভাস নায়েক, সে ইন্দিরা কংগ্রেসের প্রার্থী হিসাবে নির্বাচিত হয়েছিল। আমার ম্থ্যমন্ত্রী মহাশয়ের কাছে অফুরোধ এই মামলা যেন ঠিক মত পরিচালিত হয় এবং এ বিদয়ে যেন বিশেষ নজর রাথা হয়।

প্রিঅম্বিকা ব্যানার্জীঃ মাননীয় স্পাকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মৃথ্যমন্ত্রী মহাশয়েব দৃষ্টি আকর্ষণ করছি। কারণ কীড়া মন্ত্রীর আওতায়, তবুও আমি বিষয়টির প্রতি মৃথ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কারণ কীড়া মন্ত্রী এ বিষয়ে চোথ বুজে আছেন। আজকে আনন্দবাজার পত্রিকায় একটা থবর বেরিয়েছে যে, টাকার অভাবে সন্ট লেক স্টেডিয়ামের কাজ বন্ধ। আন-প্রাও ওয়েতে কাজ করলে যে অবস্থা হয় সেই অবস্থার নম্না হিদাবে আমরা এই স্টেডিয়ামের কাজ-কর্ম দেখতে পাট্ছি। নিজেদের ইগো বজায় রাখার জন্ম ওখানে ফুটবল থেলার ব্যবস্থা কবা হয়েছিল। সেখানে দর্শকদের বসবার সিট, পর্যন্ত ছিল না, সমস্ত কলকাতা এবং হাওড়ার সব ডেকরেটরদের চেয়ার নিয়ে গিয়ে দর্শকদের বসানোর ব্যবস্থা করা হয়েছিল। ফলে সেখানে ব্যাংক, সেন্ট্রাল গভর্গনেই এবং রাজ্য সরকারের কোটি কোটি টাকা—কোটি কোটি পাবলিক মানি—তছনছ হয়েছে। অপচ সেখানে আগে যেটার দরকার ছিল প্রশিক্ষনের ব্যবস্থা এবং স্কইমিং পুল প্রস্তুত করা, তা এখনো অসম্পূর্ণ রয়ে গেছে। অথচ কোটি কোটি টাকা, সরকারী টাকা ইতি মধ্যেই ওথানে চুকে গেছে। স্কতরাং আমি এই অব্যবস্থার প্রতিকারের জন্ম মাননীয় মৃথ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, তিনি প্র্যাণ্ড ওয়েতে ওথানে কাজ শেষ কর্যার ব্যবস্থা করন।

Shri Ramzan Ali: जनावे स्पीकर, मैं चीफ मिनिस्टर का तवज्जह इस ओर दिलाना चाहूँगा, वह यह है कि मगर वी वंगाल में यह ऐलान किया गया था कि सवको मादरी जवान में तालीम दी जायगी। मगर अभी तक उर्नू जवान में तालीम देने के किम कोई इन्तजाम नहीं किया गया है। मगर वी वंगाल की उर्दू एकडमी ने यह सिफारिश की थी उर्दू में तालीम देने के किस उर्दू स्कूलों की स्थापना की जाय। मगर श्रीकान्ति विस्वास के दक्तर में उन ४५ स्कूलों की स्थापना के लिए उन्छ नहीं हुआ और अभी तक वेडिंग पड़ा हुआ है। मैं चाहूँगा कि जन्द से जल्द उर्द जवान में तालीम देने के लिए उन ४५ स्कूलों को कायम किया जाय।

सरकार ने यह ऐलान किया था कि इस्लामपुर सव-डिविजन में सरकारी दारों में उर्दू में काम होगा और उर्दू में दरख्वास्त लिखने वालों को उर्दू में जवाव दिया जायगा। मगर अभी तक उसके लिए कुछ नहीं हुआ। १९८१ के अक्टूबर में सरकारी सरकूलर जारी करके एलान किया गया कि कलकत्ता, आसनसोल और इस्लामपुर सव-डिविजन में सरकारी दारों में उर्दू में दरख्वास्त ली जायगी और दरखास्त दहेनदार को उर्दू में जवाव दिया जायगा। उर्दू स्कूल कायम करके उर्दू के लिए उर्दू जवान में तालीम देने का काम किया जायगा। सरकारी काम-काज के लिए क्रक और ट्रान्सलेटर रखे जाँयगे। मगर अभी तक इसके लिए कोई इन्तजाम नहीं हुआ।

यहाँ की असेम्बली में उर्दू स्पीच लिखने के लिए उर्दू जानने वाले का कोई इन्तजाम नहीं है। इस और निजाम साहव ने कई वार तवज्जह दिलाया है। इसलिए यहाँ उर्दू में स्पीच लिखने वाले का इन्तजाम सबसे वह ले होना चाहिए।

[2-20-2-30 P. M.]

Shri Abdur Rauf Ansari: Mr. Speaker, Sir, I want to draw the attention of the Hon'ble Chief Minister through you.-although the responsibility primarily lies on the Urban Minister. Sir, last year a deputation met with the Chief Minister-you have also witnessed a few days back-regarding the Bagmari burial ground and the Gobra burial ground. These two burial grounds are in deplorable and bad state of affairs. The boundary walls are demolished, animals are grazing there, gamblings are going on the night and the criminals have started their activities. Sir, although it is the primary responsibility of the Minister in charge of Local Self and Urban Development last year the Chief Minister assured the deputationists including myself and Mr. Nizammuddin, the CPM M.L.A. who was also there that action would be taken for the construction of the boundary walls of both the Bagmari and Gobra burial grounds. But unfortunately no action has been taken as yet-nothing has been done-rather these are going to be demolished, and all sorts of criminal activities are going on there. Outside this House there is a prave agitation that if no action is taken by the Left Front Government the people of Calcutta will come forward and will take necessary steps for this purpose. So, again through you, Sir, I like to draw the attention of the Chief Minister that he should come forward, unfold the mystery and take action for these two burial grounds. Thank you.

শ্রীসরল দেবঃ মাননীয় স্পীকার স্থার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আপনি নিশ্চয়ই জানেন, পশ্চিমবাংলা তথা গোটা পূর্বভারতের অর্থনীতি এর সন্দে জড়িত। আজ ১ মাস ১২ দিন হলো, চটকল শ্রমিকেরা ধর্মঘট করতে বাদ্ধ্য হয়েছে। কারণ, ইতিপূর্বে পশ্চিমবাংলার শ্রমমন্ত্রীকে চেয়ারম্যান করে ত্রিপক্ষীয় মিটিং-এ যে গ্রেড-স্কেল হয়েছিল সেটা চটকল মালিকেরা মানলেন না। তাঁরা হাইকোট করলেন এবং হেরে গোলেন। তারপর স্থপ্রীম কোটে গোলেন এবং স্থোনেও হেরে গোলেন। এরফলে আড়াই লক্ষ শ্রমিক ধর্মঘটের পথে পা বাড়াতে বাধ্য হলেন। শুধু চটকল শ্রমিক নয়, এর সঙ্গে পূর্ব ভারতের চাষীরাও জড়িত। স্বতরাং এর দরন, গোটা পূর্ব ভারতের অর্থনীতি পঙ্গু হতে চলেছে। যে বাডটি পরিবার এই চটকল পরিচালনা করেন তারা রাজ্যসরকারের কথা শুনতে চাইছেন না। সেইজন্ম আমি এই ব্যাপারে কেন্দ্রীয় শ্রমমন্ত্রী এবং প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ চাইছি যেন অবিলম্বে চটকল ধর্মঘটের অবসান করেন, এবং এর সাথে সাথে চটকলকে জাতীয়করণের দাবী আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় শ্রমমন্ত্রী, অর্থমন্ত্রী এবং প্রধানমন্ত্রীর কাছে রাথছি।

শ্রী অবস্তী মিশ্রেঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর নিকট একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। ঘটনাটি হচ্ছে, গত ১৯-১-৮৪ তারিথে পটাশপুর থানার ৬ নম্বর গ্রাম পঞ্চায়েত প্রধান রাস্থ রায় এবং রুষক সভার সম্পাদক শ্রী ভাগবত নায়েক একদল হৃষ্কৃতকারীসহ ঐ থানার থিদিরপুর গ্রামে কানাই জানাকে যিনি মাত্র ১৫ ডেঃ মিঃ জমির ভাগচাষী তাকে হত্যা করে এবং ১১টি বাডী লুঠ করে। মেদিনীপুর জেলার এস. পি. এই সংবাদ পাওয়ার পর ঐ হৃষ্কৃতকারীদের বাড়ীতে অফুসন্ধান করে এবং অফুসন্ধান করে ৬ গাড়ী লুঠ করা মাল উদ্ধার করে এবং ২০ জনকে গ্রেপ্তার করে। মেদিনীপুর জেলার এস. পি. মাত্র ৭ মাস আগে গিয়েছিলেন। মেদিনীপুর জেলার আইন-শৃন্ধলা পরিস্থিতি ষেথানে চরম অবনতি ঘটেছিল তার যাওয়ার পর সেথানে কিছু শাস্তি ফিরে এসেছিল এবং আইন-শৃন্ধলার উন্ধতি হয়েছিল।

ষেহেতু ২০ জনকে গ্রেপ্তার করেছে, রুষক সভার সম্পাদক শ্রী ভাগবত নায়েককে করেছে এবং গ্রাম পঞ্চায়েতের প্রধান শ্রী কানাই জানাকে গত ১৯-১-৮৪ তারিখে গ্রেপ্তার করেছে, মার্কসবাদী কমিউনিষ্ট নেতাদের গ্রেপ্তার করেছে, সেজন্ম সেই এস. পি. কে মেদিনীপুর জেলা থেকে ট্রান্সফার করা হয়েছে। এই রকম বীরভূম জেলার পাটলি গ্রামের একটি ঘটনা আছে। সেখানকার এম. এল. এ.কে গ্রেপ্তার করার জন্ম—এস. ডি. পি. ও, গ্রেপ্তার করেছিলেন সেই এস. ডি. পি.ও.কে গ্রেপ্তার করা হয়েছে। আমি এর তীব্র প্রতিবাদ করছি এবং এর বিকদ্দে ব্যবস্থা গ্রহণ করার জন্ম বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**ত্রী জয়ন্তকুমার বিশ্বাস:** মাননীয় স্পীকার মহাশয়, কলকাতার ঘটনা, গৌরীবাড়ী, ক্সবা নিয়ে খবরের কাগজে আলোচনা হয়েছে, হেমেন মণ্ডল সামনে চলে এসেছেন। আজকে সমস্ত পশ্চিমবঙ্গে প্রতিটি মফংস্বল শহরে এই ধরণের শত শত হেমেন মণ্ডল তৈরী হয়ে গেছে, কিন্তু রাজ্যের পুলিশ নিক্সিয়। আমি আমার জেলা মূর্নিদাবাদের বহরমপুর এবং জিয়াগঞ্জের কথা বলছি। বহুরমপুর শহুর এক বছুর ধরে গুণ্ডামী এবং সন্ত্রাস কবলিত এবং সেথানে এক বছুরের মধ্যে কম করে এই ছটি জায়গায় ১৬জনকে খুন করা হয়েছে। উভয় পক্ষই সমাজ বিরোধী। সাধারণ মাম্ববের আজকে নিরাপতা নেই। মাম্বব একদিকে যেমন আনন্দিত হচ্ছে অন্তদিকে তেমনি উদ্বিগ্ন হচ্ছে। পুলিশ প্রশাসন কোন ক্ষেত্রে খুনীদের ধরতে পারছে না। আমি এথনও সে কথা ভূলে ঘাইনি যে আমাদের পার্টির মিউনিসিপ্যালিটির কমিশনার স্থপন চ্যাটার্জীকে হত্যা কর। হয়েছিল, কিন্তু এক বছর, দেড় বছর হয়ে গেল এখন সেই খুনের কোন কিনারা হল না। এই হচ্ছে পুলিশ প্রশাসন। সেজন্য বলচি কলকাতার নানা রক্ষ ঘটনা সামনে আসছে, তাতে পুলিশের অপদার্থতা প্রমাণ করছে, পুলিণ কাজ করছে না। বিশেষ কোন কোন অফিসারের নামে দোষারোপ হচ্ছে। এই সমস্ত ব্যাপারে পুলিশ নিষ্ক্রিয় দর্শকের ভূমিকা গ্রহণ করছে। আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাব -কলকাতা শহরের মত—মুফ্তম্বল শহরেও হাজার হাজার হেমেন মণ্ডল তৈরী হয়েছে, তাদের বিৰুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার জন্ম সরকারকে তৎপর হতে হবে। এটা ভাল কথা নয়। এ জন্ম থেমন নাগরিক কমিটির উল্লোগ প্রয়োজন তেমনি সরকার ও নিষ্ক্রিয় থাকতে পারবে না। আমি আশা করব এইসব ঘটনার জন্ম মুখামন্ত্রী মহাশয় তৎপর হয়ে এইসব জিনিষগুলি দেখবেন। এই কথা বলে আমি আমার বক্তবা শেষ কর্ছি।

শ্রীনবনী বাউড়ীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি স্বরাইমন্ত্রী তথা মৃথ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করিছি। গত অক্টোবর মাসের ৫ তারিথে এবং নভেম্বর মাসের ৫ তারিথে বাঁকুড়া জেলার গঙ্গাজলঘাটী থানাতে ঘূষকা গ্রামের ক্যাবল গড়াই এবং বড়লছীপুর গ্রামের আমাদের পার্টি কমরেড শ্রীমটর গড়াই এবং শ্রী মোহন গড়াই এই ফুইজনকে কংগ্রেম আশ্রয়পুষ্ট গুগুবাহিনী খুন করে। আমরা এই ব্যাপারে জেলা শাষকের নিকট এবং জেলা পুলিশের নিকট সমস্ত ঘটনা জানিয়েছি। পুলিশ এখন পর্যন্ত তাদের গ্রেপ্তার করছেন না, তারা প্রকাশ্র দিবালোকে ঘোরাফেরা করছে, পুলিশ নিক্রিয় হয়ে রয়েছে। তা ছাড়া ঐ এলাকায় চুরি, ডাকাতিও বেড়ে যাছেছ। তারা কংগ্রেম এবং পুলিশের আশ্রয় পুষ্ট হয়ে এইসব জিনিষ করছে। এর প্রতিকারের জন্ম আমি মাননীয় মৃথ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করিছি।

**এ) দীশ মহম্মদঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এলাকার একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় প্রতমন্ত্রী তথা সমগ্র ক্যাবিনেটের দৃষ্টি আকর্ষণ কর্তি।

AP(81-1/84)-8

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এলাকা অত্যস্ত বিচ্ছিন্ন এলাকা। আমার ঠাকুরদাদার আমালে এ এলাকায় একটি রাস্তা মনজুর হয়েছিল। রাস্তাটির নাম 'কাহপুর—বহুতালী রোড'। প্রতি বছরই দেখছি যে এর জন্ম ১০ হাজার টাকা বাজেটে মঞ্ছর করা হয় এবং চার আব্দুল রাস্তা তৈরী হয়। যখন বর্ষা নামে, ঠিক তখন এর কাজ আরম্ভ হয়। জানিনা এর গ্যারাকল কোন জায়গায় আছে। আমার এলাকা ইনাণ্ডেটেড এলাকা। ওঁদের শ্রীমতীর আশীবাদে আমার এলাকার একটা ব্যাপক অঞ্চল জলমগ্র হয়ে আছে। এখানে বৈষ্ণবডাঙ্গা, বহুতালী, কাঁছুয়া, শ্রীধর, নাদাই, গোপালনগর, লালুপুর, গোকুলনগর, কুশুমগাছি, নয়াগ্রাম, গাইঘাটা, পাচগাছি, ডাহিন ডাঙ্গাপাড়া, হাড়োয়া, জঙ্গীপুর ইত্যাদি এলাকার সঙ্গে এ রাস্তাটি যোগাযোগ রক্ষা করে। রাস্তার এমন অবস্থা যে গর্ভবতী মায়েদের হাসপাতালে নিয়ে যেতে হোলে গরুর গাড়ীতে করে নিয়ে যেতে হয় কারণ রিক্সা চলাচল করারও কোন উপায় নেই। পশ্চিমবাংলার এই মন্ত্রীসভার ৭ বছর চলে গেছে কিন্তু প্রতি বছর চার আব্দুল করে রাস্তার বৃদ্ধি হয়েছে। কাজেই আপনার মাধ্যমে মাননীয় পি. ডব্লু, ডি মিনিস্টার তথা সমগ্র মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করিছ যাতে আগামী আর্থিক বছরে আমার এলাকার "কাছপুর—বহুতালী" রাস্তাটি তৈরী হয় সেদিকে দৃষ্টি দেন। আমি মাননীয় অর্থমন্ধীর দৃষ্টিও এদিকে বিশেষভাবে আক্ষণ করিছ।

শ্রীসভ্যরপ্তন বাপুলী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে একটি বিষয়ে বক্তব্য রাগতে চাই। আপনি জানেন যে সারা ভারতের মধ্যে কলকাতা বিশ্ববিভালয়ের নাম সবচেয়ে স্প্রতিষ্ঠিত, সবচেয়ে বড় ইউনিভার্সিটি বলে পরিচিত। আজকে সেথানে উপাচার্য নিয়োগকে কেন্দ্র করে সারা পশ্চিমবাংলায় অশাস্তির আগুন জলছে। উপাচার্য যাতে সেথানে কাজ করতে না পারেন তার জন্ম একদিকে চেষ্টা হচ্ছে। অন্যদিকে যেহেতু রাজ্যপাল মহোদয় যেহেতু উপাচার্য নিয়োগ করেছেন, সেহেতু তাঁকে আজ কালো পতাকা দেখানো হচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত তুংবের বিষয় হচ্ছে এই কালো পতাকা দেখানোর ব্যাপারে স্বয়ং পশ্চিমবাংলার মৃথ্যমন্ত্রী ইন্ধন যোগাচ্ছেন। অত্যন্ত লক্ষার কথা - সারা ভারতবর্ষে এর নজির নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়।

[2-30-2-40 P.M.]

আমি শ্বরণ করিয়ে দিতে চাই— এরকমই যদি চলতে থাকে তাহলে দেখবেন যে মুখ্যমন্ত্রী বা দি. পি. এম মন্ত্রী কোথাও গেলে এরপর পশ্চিমবাংলার মাহ্ন্য ওঁদেরও অপমান করবে। এইভাবে যদি আগুন নিয়ে থেলা করা হয় তাহলে কোথায় যে এর শেষ পরিণতি জানি না। কিছুদিন আগে যথন স্বত্রত মুখার্জী এবং সোমেন মিজকে গ্রেপ্তার করা হয়েছিল তথন পশ্চিমবাংলার মাহ্ন্য সভঃস্কৃতভাবে এর বিরুদ্ধে আন্দোলন করে দেখিয়ে দিয়েছে। পশ্চিমবাংলার ইউনিভার্সিটি এবং মাননীয় রাজ্যপালের মান আর নিচু করবেন না। মুখ্যমন্ত্রীকে বলুন এইভাবে সি. পি. এম দলকে

নিয়োজিত করে পশ্চিমবাংলার মাথা আর নীচু করাবেন না। মৃথ্যমন্ত্রীকে আরও বলুন, তার কালো হাত যেন এথান থেকে তিনি তুলে নেন।

**শ্রীশচীন্দ্রনাথ হাজরাঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শ্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আপনার মাধ্যমে আকর্ষণ করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, তগলী জেলার খানাকুল থানার অন্তর্গত মাঝপুর গ্রামের মনোরঞ্জন ঘোষ, শিবু ঘোষ, বিষ্ণুপদ রায়, বিশ্বনাথ রায়, দীতাই বক্সী, বিভূতি রায় এবং কার্তিক বাউরী ঐ এলাকার ভাগচাষী মনষা সামস্ত, রাধা সামস্ত, শীতল সামস্ত, গোবিন্দ সামস্ত পিতা বানেশ্বর, ঘারা দীর্ঘদিন ধরে চাষবাস করে আসছিল, তাঁদের চাষবাসের জমি থেকে উচ্ছেদ করবার জন্ম গত ২০-২-১৯৮৪ তারিথ রাত ১১।৪৫ মিনিটে ঘরে আগুন লাগিয়ে দেয়।

যার ফলে প্রায় ১৭টি ঘর, ৫টি গরু এবং সমস্ত জিনিষপত্র একেবারে নষ্ট হয়ে যায়। এই ব্যাপারে থানায় ডাইরী করা হয়েছে এবং সেথানে পুলিশ গিয়েছে। আমি নিজে গিয়েও সেথানে তদস্ত করেছি। কিন্ত হুর্ভাগ্যের বিষয় এই ঘটনার আসামী ঐ এলাকায় নেই, তারা বাইরে ঘুরে বেড়াচ্ছে। অপরাধীদের যুাতে উপযুক্ত শান্তি দেওয়া হয় তার জন্ম স্বরাষ্ট্র বিভাগের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীলক্ষন চন্দ্র শেঠঃ মাননীয় স্পীকার স্থার, আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের জাহাজ পরিবহন এবং আমাদের পশ্চিমবাংলার শিল্প বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কেন্দ্রীয় সরকারের জাহাজ পরিবহন মন্ত্রী মহাশয় একটা ডেজার মেরামত করার কারখানা তৈরী করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। ইতিমধ্যে টাস্ক ফোর্স গঠন করা হয়েছে। ইতিমধ্যে নেদারল্যাও টেক্নিক্যাল প্রোগ্রাম প্রথম পর্যায়ের রিপোর্ট তারা দিয়েছে এবং বিতীয় পর্যায়ের রিপোর্ট তৈরী হয়েছে। হলদিয়া এবং কলিকাতার মধ্যে ডেজার মেরামতের কারখানা করা হোক কারণ হুগলী নদীতে স্বচেয়ে বেশী পরিমানে পলি পড়ছে। এটা না করলে কলিকাতা বন্দর বা হলদিয়া বন্দর বাঁচবে না। এই কারখানা তৈরী করার ব্যাপারে হলদিয়া হলো উপযুক্ত জায়গা। আমাদের শিল্পমন্ত্রী মহাশন্ত্র যাপোরে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করেন তার জন্ম আমি অন্ধ্রোধ জানাচ্চি।

ডাঃ মানস ভূঁইঞা: মাননীয় অধ্যক্ষ মহাশ্ম, বিভিন্ন সদস্যের ব ক্রব্যের মাধ্যমে আপনি নিজে অবগত আছেন যে পশ্চিমবাংলার আইন-শৃত্যলা পরিস্থিতি মোকাবেল। করতে এই সরকার একেবারে ব্যর্থ হয়েছে। স্থার, আপনি নিজেই জানেন যে মাননীয় ম্থ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী এবং তাঁর দপ্তরের বিভিন্ন মন্ত্রীগণ মাঝে মাঝে এমন সব কথা বলছেন—আজ যা বলছেন কাল তা ভূলে যাছেন আর কাল যা বলছেন পরস্ত তা ভূলে যাছেন—যার কোন মানে হয় না। বিভিন্ন রকম

সেল্ফ কণ্ডিক্টরী মস্তব্য এবং তথ্য তুলে ধরছেন। ৮০ ভাগ খুন থারাপির মিমাংসা তাঁরা করতে পারছেন না। তাঁরা বলছেন বিপ্লবের মাধ্যমে আমরা এলে ৮০ ভাগ পুলিশ সরিয়ে দিতাম। আমি বিপ্লবী মৃথ্যমন্ত্রীর কাছে প্রশ্ন রাখতে চাই আর কত দিন অপেক্ষা করে থাকবে এই পশ্চিমবাংলার মাহুঘ সেই বিপ্লবের জন্ম ? যে বিপ্লব চুরি, খুন, ডাকাতি এই ধরনের কাজ সব বন্ধ করবে। আমি আপনার মাধ্যমে মৃথ্যমন্ত্রী তথা ব্রাষ্ট্রমন্ত্রীর কাজে আবেদন করছি যে, যেভাবে প্রশাসন পংগু এবং বধির হয়ে পড়ছে সেই দিকে লক্ষ্য রাখ্ন। আপনারা নাগরিক কমিটি করেছেন, প্রশাসন সংস্কার কমিটি করছেন।

মিঃ স্পীকার: মান্সবাবু আপনি বস্থন, শ্রীদাউদ থান বাবু বলুন।

শ্রীদাউদ খানঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমি আজকে যথন বাড়ি থেকে আসছি ঠিক সেই মুহুর্তে সাড়ে ১টার সময় বিধানসভার সদক্ত শ্রীচিভরঞ্জন মধার কাছ থেকে একটা ট্রাংকল পেলাম। তাতে তিনি বলেছেন এই জিনিষটা মেনসান করতে। তাই আমি এই ঘটনার কথা উল্লেখ করছি। এই ব্যাপারে আমি আপনার মাধ্যমে শ্বরাষ্ট্র তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল রাত্রে ইন্দিরা কংগ্রেসে পরিচয়ভুক্ত কিছু সমাজ বিরোধী রাত ১২টার সময় চিত্তরঞ্জন মধার বাড়িতে আগুন লাগাতে আসে। তারা তাঁর বাড়ি চিনতে না পেরে সেই গ্রামের তাঁর সহোদর ভাই ফটিক মধা বাস করে, তার বাড়িতে তারা আগুন লাগায়। স্বপরিবারে কোন ক্রমে তারা বেরিয়ে এসে প্রানে বেঁচে যায়। আগুন লাগানো দেখে গ্রামের লোকেরা যখন বেরিয়ে আসে তখন তারা পালিয়ে যায়। এই ঘটনা থানায় জানানো সত্ত্বেও সাড়ে ১টা পর্যন্ত বাসন্ত্রী থানার সোনাখালি গ্রামে কোন পুলিশ যায় নি। আমি আপনার মাধ্যমে শ্বরাষ্ট্র তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে এই ঘটনার উল্লেখ কর্মিচ।

# 2-40-3-30 P. M. including adjournment ]

শ্রীস্থভাষ বস্তুঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট মন্ত্রী মহাশবের দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা জানেন যে গত ২৫শে কেব্রুয়ারী আহ্মানিক ৯-৩০ মিনিটের সময়ে ছাত্র কেভারেশনের ছাত্ররা প্রতিবাদ জানানোর জন্ম মোহনপুর ক্যাম্পাদে যায়। সেধানে ৯-৩০ মিনিটের সময় গিয়ে দেখে কিছু বহিরাগত গুণ্ডা প্রকৃতির লোক এবং কিছু ছাত্র পরিষদের ছাত্র দাঁড়িয়ে আছে। ছাত্র কেভারেশনের ছাত্ররা যাওয়ার সাথে সাথে তাদের উপর আক্রমণ শুকু করে এবং পুলিশের একটা অংশ সেই আক্রমণে যোগদান করে। বেশ কিছু ছাত্রকে গুরুতর, কপে তারা আহত করে। এখন আমার বক্তব্য হচ্ছে, তথন পর্যস্ত মাননীয় রাজ্যপাল ওথানে উপস্থিত হন নি, ঠিক সেই সময়ে রাজ্যপাল সেধানে

পৌছবার পূর্বেই-তাদের উপর পুলিশ এবং ছাত্র পরিষদের একাংশ গুণ্ডা বাহিনীর সহায়তায় বেধড়ক আক্রমণ করে ১১ জন ছাত্রকে আহত করে হাসপাতালে পাঠিয়েছে। অতএব এ সম্পর্কে ওখানে দোষী ছাত্র পরিষদের যে সব ছাত্র, গুণ্ডা এবং পুলিশ বাহিনীর একাংশ ছিল, যারা ছাত্রদের উপর আক্রমণ করে, তাদের বিক্তমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্ম অফুরোধ জানাচিছ।

শ্রীলক্ষীকান্ত দেঃ মাননীয় স্পীকার স্থার, আমি আপনার মাধ্যমে স্বরাই মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনার। গত ২৬শে জাহুয়ারীর গৌরীবাড়ী অঞ্চলের শান্তিপ্রিয় মাহুষের সমাজ বিরোধী ব্যক্তিদের বিক্রমে বহুল আলোচিত প্রতিবাদের বিষয় জানেন। এই সমস্ত সমাজ বিরোধী তথা কংগ্রেসের হেমেন মণ্ডলের বিক্রমে তাদের গণরোম ফেটে পড়ে। অথচ তৃঃথের সঙ্গে আমরা দেখেছি, পুলিশ কিছু লোককে এ্যারেষ্ট করলেও বাকী বেশ কিছু সমাজবিরোধী এগনও গ্রেপ্তার হয়নি তার। কংগ্রেসের করলেও বাকী আশ্রয়ে আছে বিশেষ করে আমহাষ্ট ষ্ট্রীটে, বড় বাজারে এবং কাশীপুরের কিছু কংগ্রেসী নেতারা তাদের বাড়ীতে আশ্রয় দিছে। সেই সাথে সাথে ঐ সমস্ত কংগ্রেসী নেতারা মিছিল করে সরকারের উপর ক্রমাগত চাপ স্বষ্ট করে চলেছে এবং সমাজ বিরোধীদের বিক্রমে কোন প্রকার ব্যবস্থা না নেবার জন্ম চেষ্টা চালাছে। এই সমস্ত সমাজ বিরোধীরা কংগ্রেসী নেতাদের আশ্রয়ে থেকে গৌরীবাড়ী অঞ্চলে এখনও পর্যন্ত নানাবিধ সমাজ বিরোধী কার্যকলাপ চালাছে। মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে অন্থ্রোধ জানাছি, এদের মধ্যে এখনও যারা গ্রেপ্তার হয়নি বা ব্যবস্থা গ্রেংশ করা হয়নি, তাদের বিক্রমে অবিলম্বে ব্যবস্থা নেওয়া হোক।

#### LAYING OF ORDINANCES

#### The West Bengal Cattle Licensing (Amendment) Ordinance, 1983

Shri Amritendu Mukherjee Mr. Speaker, Sir, I beg to lay the West Bengal Cattle Licensing (Amendment) Ordinance, 1983 (West Bengal Ordinance No. XV of 1983), under article 213(2)(a) of the Constitution of India.

### The Gangasagar, Mela (Amendment) Ordinance, 1983

Shri Jyoti Basu: Mr. Speaker, Sir, I beg to lay the Gangasagar Mela (Amendment) Ordinance, 1983 (West Bengal Ordinance No. XVI of 1983), under article 213(2)(a) of the Constitution of India.

### The Calcutta Municipal Corporation (Amendment) Ordinance, 1983

Shri Patit Paban Pathak: Sir, will your permission, I beg to lay the Calcutta Municipal Corporation (Amendment) Ordinance, 1983 (West Bengal Ordinance, No. I of 1984), under article 213(2)(a) of the Constitution of India.

# The West Bengal Council of Higher Secondary Education (Amendment) Ordinance, 1984

Shri Patit Paban Pathak: Sir, with your permission, I beg to lay the West Bengal Council of Higher Secondary Education (Amendment) Ordinance 1984 (West Bengal Ordinance No. II of 1984), under article 213(2)(a) of the Constitution of India.

#### The Lumbini Park Mental Hospital Acquisition Ordinance, 1984

Shri Ram Narayan Goswami: Mr. Speaker, Sir, I beg to lay the Lumbini Park Mental Hospital Acquisition Ordinance, 1984 (West Bengal Ordinance No. III of 1984), under article 213(2)(a) of the Constitution of India.

# The West Bengal Legislature (Removal of Disqualifications) (Amendment) Ordinance, 1984

Shri Jyoti Basu Mr. Speaker, I beg to lay the West Bengal Legislature (Removal of Disqualifications) (Amendment) Ordinance 1984 (West Bengal Ordinance No. IV of 1984), under article 213(2)(a) of the Constitution of India.

# The West Bengal Board of Secondary Education (Amendment) Ordinance, 1984

Shri Patit Paban Pathak: Sir, with your permission to lay the West Bengal Board of Secondary Education (Amendment) Ordinance, 1984 (West Bengal Ordinance No. V of 1984), under article 213(2)(a) of the Constitution of India.

Mr. Speaker: Now it is Zero Hour. I call upon Shri Deba Prasad Sarkar.

শ্রীদেবপ্রসাদ সরকার: স্থার, আজকে পশ্চিমবাংলার বিভিন্ন প্রাস্ত থেকে প্রাথমিক বিভালয়ের হাজার হাজার ছাত্রছাত্রী প্রাথমিক স্তরে ইংরাজী শিক্ষার দাবীতে এবং পাশ ফেল তুলে দেবার প্রতিবাদে তারা এসপ্লানেড ইট্টে অবস্থান করছে। অত্যস্ত করুণ আবেদন নিয়ে তারা এই অবস্থানে দামিল হয়েছে। তারা বলতে চায় আমাদের বাঁচতে দাও, মাস্থ্যের মতন শিক্ষা দাও। জ্যোতিবাবুর নাতনী লা-মার্টিনেয়ার স্কুলে পড়ার স্থযোগ পাবে এবং বিত্তবান লোকের ছেলেরা পড়ার স্থযোগ পাবে আর আমরা সেই স্থযোগ পাব না—এ জিনিষ হতে পারে না। আমি তাই ম্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে হাজার হাজার লক্ষ লক্ষ কিশোর কিশোরীর জীবন নই করে দেবেন না। শিক্ষা সংকোচনবিরোধী স্বাধিকার রক্ষা কমিটির আহ্বানে কিশোর কিশোরীরা অবস্থান করছে সেথানে আপনি যান এবং তাদের যে শিক্ষা নই হয়ে যাছে সেটা রক্ষা করার ব্যবস্থা করুণ এবং জনবিরোধী শিক্ষা নীতির পরিবর্তন করুণ।

(At this stage the House was adjourned till 3-30 P.M.)

( After adjournment )

[3 30-3-40 P.M.]

শ্রীননী করঃ মিঃ স্পীকার, স্থার আমি একটা কথা আপনাকে বলতে চাই। বিষয়টা হচ্ছে ২৪ তারিথে যথন আমাদের বিধান সভার অধিবেশন শুক হয় এবং মাননীয় রাজ্যপাল যথন তাঁর ভাষণ দিচ্ছিলেন তথন এখানে বিরোধী পক্ষের নেতা মাননীয় সদস্য সাজার সাহেব দাঁড়িয়ে কি যেন একটা বলছিলেন। ঠিক একইভাবে আপনি যথন শোক প্রস্তাব রাথছিলেন তথন বিরোধী পক্ষের মাননীয় সদস্য স্থব্রত বাবু এখানে দাঁড়িয়ে কি যেন বকছিলেন। আমার বক্তব্য হচ্ছে বিধান সভার একটা নিয়ম কাছুন আছে, আপনি যথন দাঁড়ান তথন সদস্যদের বসার কথা এবং গভর্ণর যথন বলবেন তথন সদস্যদের বসার কথা। কিছু না বসে যদি বিরোধী পক্ষের সদস্যরা এইভাবে বিধান সভার স্পীকারকে অবমাননা করেন, মাননীয় রাজ্যপালকে অবমাননা করেন, এইসব কাজ করে থাকেন—

মিঃ স্পীকার ঃ আমি সব মেমারকে অন্তরোধ করব ডেকোরাম অব দি হাউস মেনটেন করতে, রুলস মেনটেন করতে এ্যাপিল করব। ডাঃ জয়নাল আবেদিনঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এর বিরোধী নই। কিন্তু আপনি জানেন রাজ্যপালের সম্মানের জন্ম ধারা অত্যক্ত উদগ্রীব তাঁরা পথে ঘাটে কালো পতাকা দিয়ে তাঁকে কি খুব সমানিত করেন ? এ্যাঙ্ক পার রুলস রাজ্যপাল ধখন এখানে বক্তৃতা করেন ভাষণ দেন আর্টিকেল ১৭৬ অমুসারে তখন হি ইজ ইন কমাণ্ড অব দি হাউস, তিনি আপনার এক্তিয়ারের বাইরে, ননী বাব্রণ্ড এক্তিয়ারের বাইরে, এটা জ্যোতি বাবুণ্ড জানেন।

মিঃ স্পীকার ঃ ডাঃ জয়নাল আবেদিন, আপনি পুরাতন মেম্বার, আপনি জানেন এবং আমিও জানি যে, রাজ্যপাল যথন ভাষণ দেন তথন গভর্ণর ইজ ইন কমাও অব দি হাউদ। কিন্তু আমরা সভার মেম্বাররা সবাই ইলেকটেড হয়ে এসেছি, উই স্থড নট ডু এনিথিও ইন হুইচ দি রেসপেক্ট এও ডিগনিটি অব দি হাউস ইজ লোয়ার্ড। এথন স্থব্রত বাবু বলুন, আপনার ১৭৬টা শুনি।

শিয়েছিলাম যে আজকে রাজ্যপালের ভাষণের উপর যে বক্তৃতা শুক্ত হবে সেই বক্তৃতা অবৈধ এবং সংবিধান সম্মৃত নয়। আমি আমার বক্তব্যের প্রথমে হু'একটা কথা বলে নিতে চাই। আমি এখনও মনে করি যে যদি সত্যিকারে সংবিধান মেনে এটাকে না দেখা হয় তাহলে পরে অনেক বড় বিপদ আপনাদের আমতে পারে আইন সন্মৃত বিপদ। যখন আমি আগের অধিবেশনে টেলিভিশানের উপর আইন সন্মৃতভাবে বাধা দিয়েছিলাম এবং বলেছিলাম যে টেলিভিশানের উপর কর বসাবেন না, সংবিধানের সিভিউল পারমিট করে না, আপনারা তা সম্বেও জোর করে করেছিলেন। কিছ পরবর্তীকালে কোটে আসার জন্ম আপনাদের সেটা স্থগিত হয়ে বদে আছে। আমি আজকে নজীর হিসাবে বলতে চাই বিয়য়টা একটু ভাল করে দেখা দরকার। স্থার, হুটো বিশেষ সময়ে রাজ্যপাল হাউস সামন করেন এবং নিজে এসে বক্তৃতা করেন—একটা হল নির্বাচনের পরে প্রথম যে অধিবেশন হয় সেই অধিবেশনে এবং পরবর্তীকালে যথন সরকার বাজেট অধিবেশন শুক্ত করেন তথন যৌথ সভায় অথবা যৌথ সভা না থাকলে সিংগল সভা আগে সাংবিধানিকভাবে সামন করে সেথানে এসে একটা বক্তিতা করেন।

স্থার, এই সামন-এর ল্যাংগোয়েজ আপনার জানা দরকার এই ব্যাপারে দেওয়া হয়েছে আর্টিকেল ১৭৪, ক্লজ ওয়ান। গভর্ণর বলছেন, আমি হাউসে যাব এবং কেন সামন করছি সেটা গিয়ে বাাখ্যা করব এবং সেটা হচ্ছে ক্লজ ১৭৬ (ওয়ান)। একটা আর্টিকেলের যদি একাধিক ক্লজ থাকে এবং সেটা যদি স্পেসিফিক কারণে ব্যবহার করা হয় ভাহলে সেখানে স্পেসিফিক্যালি বলতে হবে। কিল্ক এর মানে কি? ১৭৪-এ দেখুন তুটি ক্লজ আছে এবং সেই ১৭৪কে জ্লাষ্টফাই করবার জ্লা ১৭৪ (ওয়ান) বলে লেখা রয়েছে। গভর্ণর এসে বলবেন কেন তিনি সামন করেছেন। আপনি নিশ্চয়ই বলবেন দি গভর্ণর এ্যাড়েস আভার আর্টিকেল ওয়ান সেভেনটি সিক্স (ওয়ান) অব দি কনষ্টিটিউশন অব ইতিয়া। কিল্ক আশ্চর্মের বিষয় এই বই, যেটা আসল জিনিস

সেখানে লিখেছেন ওনলি ওয়ান সেভেনটি সিক্স আপনি যদি মনে করেন ওয়ান সেভেন্টি সিক্স মানে সমস্ত ক্লব্জ কভার করবে তাহলে আমি বলব সেটা ঠিক কথা নয়। আপনি ওয়ান সেভেনটি সিক্স (ওয়ান) দেখন সেখানে ক্যাটিগরিক্যালি বলছে—স্পেশাল এ্যাড়েস বাই দি গভর্গর। অর্থাৎ এই ব্যাপারে ১৭৬ (ওয়ান)—টাই দরকার—ওয়ান সেভেনটি সিক্স (টু) কোন ব্যাপার নয়, সেটা অন্য জিনিস। গভর্গর কেন হাউস ডাকছেন সেটা হচ্ছে ১৭৬ (ওয়ান) স্থার, আপনি যদি এ আই আর দেখেন তাহলে দেখবেন ১৯৭১ থালে আমাদের প্রাক্তন স্পীকার মিঃ হবিবুলা সাহেব একটা কেস করেছিলেন এবং কেস-এর জাজমেণ্টে বলা হয়েছে, 'If a Legislature meets and transacts Legislative business without the preli minary of an address of the Governor its proceedings are illegal and invalid and may be questioned in a court of law.'

আমাদের সংবিধান খুব গুরুত্বপূর্ণ ব্যাপার এবং এই ব্যাপারে কোন ঘটনা ঘটলে সেটা কোটে বাবে, আপনার একভিয়ারে থাকবে না। কাজেই আপনি এখন বিচার করুন ওয়ান সেভেনটি সিক্স (ওয়ান) এই কথাটা স্থতনভাবে লেখা উচিত কিনা ? গভর্ণর ক্যাটিগরিক্যালি বলতে হবে কেন তিনি হাউসে ডাকছেন এবং সেটা কভার করবে ওয়ান সেভেনটি সিক্স (ওয়ান)। ওয়ান সেভেনটি সিক্সের যদি দরকার না থাকত তাহলে সেটা লেখা থাকত না। আপনি গভর্গরের ভাষণের প্রথম প্যারাতে দেখুন তিনি বলছেন, "চলতি বছরে আমার সরকারের কার্যকলাপ ও সাক্ষল্যের একটি সংক্ষিপ্ত সমীক্ষা আপনাদের কাছে উপস্থিত করা এবং আগামী বছরের জন্ম প্রধান যেসব কর্ম প্রকল্পর কথা বিবেচনা করে দেখা হচ্ছে সেগুলি সংক্ষেপে বির্ত করাই আমার

অভিপ্রায়। এই অধিবেশনে আপনাদের কাছে ১৯৮৪-৮৫ সালের বাজেট প্রাক্তনন পেশ করা হবে"। স্থার, এই জিনিসটা কভার করে ওনলি ওয়ান সেতেনটি সিক্স (ওয়ান)। কিন্তু আপনারা ক্যাটিগরিক্যালি সেটা মেনসন করেননি। কাজেই এটা আইন সমত হয়নি, এই কথা আমি বলছি। আপনি অবশ্য কলিং দেবেন। তবে আপনি যে নিরপেক্ষতা অবলম্বন করেছেন তা মনে হয় না। আমরা অবাক হয়ে যাই, এই বিধানসভা আরম্ভ হবার আগে আপনি নিজে বলছেন যে Zero hour has turned into scandaling hour.

भिः न्भीकांत्र : Mr. Mukherjee, please confine yourself to Article 176.

প্রতিত মুখার্জীঃ আমার ১৭৬ ক্লিয়ার হয়ে গেছে। আপনি পাবলিককে ইউমিলেট করেছেন। গুধু কংগ্রেস এম. এল. এ নয়, সমস্ত হাউসকে ইউমিলেট করেছেন। আপনি বলেছেন স্কাণ্ডেলিং—অর্থাৎ What does it mean?

AP(81-1/84) -9

আজকে বিধানসভার সময় অত্যন্ত কমে গিয়েছে। আপনি পাবলিককে ডাইরেক্টলি ইন্দান্ট করেছেন। এখানে যারা এসেছেন তারা সকলেই পাবলিক রিপ্রেজেন্টেউভ। জনগণ তাদের পাঠিয়েছেন—কারও দয়ায় আমরা এখানে আসিনি। তাদের যোগ্যতা চ্যালেঞ্জ করবার কোন অধিকার আইনসন্মতভাবে এবং নৈতিকভাবে আপনার থাকতে পারে না। আপনার মন্ত্রী যদি চুরি করে এবং তাদেব সম্বন্ধে প্রাইমাফেসিকেস এখানে যদি মেনসন করে, তারজন্ত আপনার কাছে পেপার দিতে হবে, তা নাহলে এখানে বলা চলবে না ? এই সব অভূত ব্যাপার।

# (গোলমাল)

গোবর পোড়ে ঘুঁটে হাসে। আপনারা ওথানে চিরকাল থাকবেন না। কেউ একেবারে চিরকালের জন্ম মন্ত্রী হয়ে জন্মায় নি। আপনারা কি করেছেন রাজ্যসভায় লোকসভায় ? আপনাদের জ্যোতির্ময় বস্ত্র মারুতির ব্যাপার সেথানে তোলেন নি ? এথানে আমাদের পেপার দেখাতে হবে ?

Mr. Speaker: Mr. Mukherjee, please confine yourself to Article 176. You have sought time to say something with regard to Article 176. If you bring in other points here I shall be constrained to order not to record those points.

Shri Subrata Mukherjee: Article 176 is a part of my lecture, Criticising you is also a part of my lecture.

Mr. Speaker: Dr. Abedin, I want your assistance regarding the question raised by Shri Subrata Mukherjee about the address of the Governor circulated in the form of a booklet under Article 176. If it is as such then the whole proceedings of the House will be illegal.

Dr. Zainal Abedin: Hon'ble Chief Minister, Leader of the House, is here. We are very much eager to hear the Chief Minister, Leader of the House, first. He is more experienced than me. I leave it to the Hon'ble Leader of the House.

শ্রী অমবেজ রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্ত স্থ্রত ম্থার্জী বে পরেন্ট এখানে উত্থাপন করেছেন, সেটা কোন সাবস্ট্যান্দের উপর ভিত্তি করে করা হয়েছে বলে আমার মনে হচ্ছে না। আর্টিক্ল ১৭৬ এর আসল বিষয়বন্ধ দেখতে হবে বে দেখানে বা রিকয়্যার্মেন্ট আছে, সেই রিকয়্যারমেন্ট ফুলফিল হচ্ছে কি হয় নি। ১৭৬ এর রুজ (১) এবং রুজ (২) আছে এটা ঠিকই। কিন্তু এ্যাজ এ হোল ১৭৬কে ধরা ছাড়া আইনে এথানে আর কোনও বিধি নেই। আর ১৭৬ (২) তে কি আছে? বলা হয়েছে যে উনি বক্তৃতা দেবেন, উনি বলবেন, কি জন্ম বক্তৃতা দেবেন এবং তার জন্ম সময়ের ব্যবস্থা রুলসের মধ্যে রাখতে হবে, ছাট ইজ ১৭৬। এটা সকলেই জানেন, যদি এটা উল্লেখ না থাকতো অর্ডার পেপারে নেই ১৭৬(১), বক্তৃতার উপরও ১৭৬ নেই, তাহলে এটা বেআইনী হয়ে যাবে? আইনে বলেছে, রিকয়্যারমেন্ট ফুলফিল হচ্ছে ধরে নেওয়া হবে সেই ক্ষেত্রে। যদি সেইভাবে উল্লেখ না থাকতো, তাহলে কি বেআইনী হয়ে যেত? ওটা আইন সংগতই হয়েছে। স্থতরাং ১৭৬ এ যে রিকয়্যারমেন্ট, এই রিকয়্যারমেন্ট ফুলফিল হয়েছে, অতএব আইনের চোথে এটা আদো ধোপে টিকবে না, যদি বলা হয় সম্পূর্ণ বেআইনী হয়েছে এবং আনকক্ষাটিটিউশন্যাল হয়েছে। রিকয়্যারমেন্ট ফুলফিল হয়েছে বলে আমার মনে হয়।

**প্রীজ্যোতি বস্ত্রঃ** অধ্যক্ষ মহাশয়, সেই প্রথম দিন থেকে তো একই কথা গুনছি। এই হাউদে যতবার রাজ্যপাল বক্ততা দিয়েছেন, তাতে লেখা আছে, ১৭৬তে তিনি বক্ততা দিচ্ছেন। কোন ওদিন কোন অপরাধ হয়নি। কারণ ১৭৬ এ যে হুটো সেকশন আছে, তাতে উনি বলছেণ যে ওয়ান এয়াও টু যেহেতু আছে, ওয়ান মেনশন না করলেই মহাভারত অস্থন্ধ হয়ে গেল ? আইনের বিষয় যদি একট জানতেন তাহলে এটা বলতেন না। এমন কি অনেক সময় এটা হয়—যদি ১৭৫ হতো, তাহলে অস্থন্ধ হতে। যদি ১৭৩ হতো তাহলে অস্থন্ধ হতো। কিন্তু এই যে সাব সেকশন এর কথা বলা হচ্ছে—এথানে এটা জানা দরকার যে অনেক সময় এই রকমও হয়েছে যে স্বপ্রীম কোটে কেস হয়, হাইকোটে কেস হয়, একটা হয়তো ঐ রকম টেকনিক্যাল কিছু—এটা আমি টেকনিক্যাল এরার বলছি না, কিন্তু টেকনিক্যাল এরার হলে, এটা ধরে নেওয়া হয় যে, না, ঐটাই এটা মিন করেছে, এই রকম অনেক জাজমেন্ট আছে, অনেক কেদ লোয়ার কোর্টে আছে। তাছাড়া যদি একটু উল্টে পাল্টে দেখেন—বছরের পর বছর ভূল হচ্ছে না কি ? প্রতিবারই তো বলা হয়েছে ১৭৬। গতবার কি হয়েছিল? অন্যান্য গভর্ণর যথন বক্তৃতা দিয়েছিলেন তথন কি হয়েছিল? একটু বইগুলো উলটে পালটে খুলে দেখুন, না ? খাটতে হবে তার জন্ম, না খাটলে তো এই সব বোঝা যায় না। কে ব্রীফ করেছেন আপনাকে আমি জানি না, আপনার উকিল, পরামর্শদাতা কে আছেন আমি জানি না। কিন্তু আপনি যা বক্তবা বলছেন, এতে কোন সাব্যট্যান্স নেই। এত বড় করে বলার কিছুনেই। তার থেকে বক্তৃতা দিন, আপনার কথা গুনি, তার জবাব ও তারপর দেব।

মিঃ স্পীকার: Dr. Zainal Abedin, Can you contribute something to help us.

ডা: জয়নাল আবেদিন: Sir, I leave it to the wisdom of the Chair to decide this issue.

মিঃ স্পীকার: মি: ম্থার্জি আমার একটা প্রশ্ন আছে, আপনার কনটেনশন বেটুকু আমি বুন্ধেছি যে গভর্গরের স্পীচ আটি কল ১৭৬তে সাকু লেট করা হয়েছে। আপনি বলেছেন এটা অবৈধ হলে

All Proceedings will be illegable.

এই তো আপনার বক্তব্য ? ১৯৭১ সালে যা বক্তৃতা হয়েছিল, আমি দেখছি, তা আগুর আটি কল ১৭৬তে হয়েছিল। ১৯৭২ সালেও হয়েছে ১৭৬ এ. এ. এল. ডায়াস বক্তৃতা রেখেছিলেন, তথন আপনি মন্ত্রী ছিলেন। ১৯৭৬ সালে দেখছি এ. এল. ডায়াস আটি কল ১৭৬এ বক্তৃতা দিয়েছিলেন, আপনি তথনও মন্ত্রী। ১৯৭৪ সালেও হয়েছে, ১৯৭৫, ১৯৭৫ সালেও তাই, আটি কল ১৭৬। আমরা কি তাহলে ধরে নেব পাঁচ বছর যে এ্যাসেম্বলি চলেছিল, তা অবৈধ ? ওটা আইনতঃ চলে না ?

शका कथा वनत्न एका श्रव ना, अकी ह्माल (थना नम्र।

He was a Cabinet Minister. Now he has raised the question. So we should go into the past records to see what was happening then.

We will have to go to the past. How the Minister functioned there? How ihe Assembly functioned there?...It is a responsible matter. A lot of money and time are being spent here. It is not a question of a challenge. The question is that the Governor is delivering an Address. The government circulated this booklet through the Assembly, What is an excess between the Governor's Address and the booklet? Supposing something was printed in this booklet and the Governor has not read it—what would be the Governor's Address. What he read or what was circulated? Tell me the answer.

Dr. Zainal Abedin: There are instances and precedents where the Governor has skipped over certain paras. It was challenged in the Court of Law, Possibly, on page 163, in Kaul and Shakdher, Vol-1, you will find that the Governor has the right to skip over certain Paragraphs,

Mr. Speaker: আপনি শেষ করুন,

Dr. Zainal Abedin: Let me read it. It is in Kaul and Shakdher, Vol-1, at page 163. I read it from that book. The Governor has every rigat, it is there. It has been eccepted; the Court's verdict is there. According to the Attorney General, the Address by the Governor cannot be utilised by the Council of Ministers to cast any reflection on or make any adverse criticism of any act of the Governor done by him as a constitutional head of the State.

#### (Noise)

Sir, it happened here. The Governor of West Bengal, in his Address to both Houses of the State Legislature in 1969, skipped over two paragraphs of the Address. The constitutional and political aspects of the matter were debated in Lok Sabha. In his reply to the debate, the Minister of Home Affairs stated that the Address of the Head of State is a public declaration of policy that the Government wants to follow in the coming year. The Address is supposed to look to the future and to the present. But the two paras tried to interpret history. Sir, I invite your attention. It has happened there. You cannot question the wisdom of the Governor while he is in command of the House. You cannot question the wisdom of the Governor what he will do or what he will not do? This is my submission.

[3-50-4-00 P.M.]

#### (গোলমাল)

শৈলি ধারা এই রকম ভাবে মেনসান করার দরকার না হত তাহলে কি বলতাম ভারতের সংবিধান অহসারে বিধানসভার অধিবেশনে রাজ্যপাল বক্তৃতা করছেন। তাহলে কি ধরে নিতে হত সংবিধান সমতভাবে হয়েছে ? ভার মানে কি ? ধারা উল্লেখ করতে হয় । বিজনেস ছাপিয়ে আপনার সেক্রেটারি আমাদের কাছে ষেটা ডিক্লিবিউট করেছেন ভাতে ক্যাটিগোরিক্যালি বলা হছে আগুর ১৭৬(১) অব দি কনসটিটিউসন অব ইণ্ডিয়া—আপনার বিজনেসর যে নির্দেশ তার সঙ্গে এই বই-এর সমতা কি রক্ষিত হছে ? আপনার বিজনেস ছাপিয়ে ক্যাটিগোরিক্যালি বলছেন ১৭৬ ওনলি—কোন প্রিসিডেন্ট নজীর চিরকাল চলতে পারে না । যদি প্রটেষ্ট নাও ওঠে তাহলে আপনি সেটাকে ভ্যালিজ বলতে পারেন না ।

Mr. Speaker: Mr. Mukherjee do you want to tell today that during five years that you had functioned as a Minister—all the proceedings were illegal?

(গোলমাল)

**শ্রীস্থত্তত মুখার্জী:** কেউ ইললিগ্যাল বলে কোর্টে গেলে সেটা বোঝা মেত।

(গোলমাল)

মিঃ স্পীকারঃ কে কোর্টে যাবে না যাবে সেটা তো ব্যাপার নয়। কিছ আপনি কি বলতে চান ৫ বছরের এই সমস্ত প্রসিডিংস বই ইললিগ্যাল ?

শ্রীস্থরেত মুখার্জীঃ স্থার, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় ম্থামন্ত্রী মহাশয় বলেছেন কে ওদের যুক্তি দিয়েছে জানি না। যুক্তি তো আপনারাই দিয়েছেন, এই কাগজ যুক্তি দিয়েছে এই কাগজ বলছে ১৭৬(১) অন্ত্রসারে গভর্ণর'স এড্রেস হবে। জ্যোতিবাব্ আমার চেয়ে বড় ব্যারিষ্টার, আইনজীবী সন্দেহ নেই। কিন্তু আমি বার বার বলছি ক্যাটিগোরিক্যালি ৩৭৭-এর প্রয়োজনীয়তার কথা উল্লেখ করা আছে এবং কমেন্সমেন্ট অব দি সেসান যেটার ব্যাখ্যা দেওয়া আছে সেটা পড়তে অন্তরোধ করছি।

Mr. Speaker: Honourable Member, Shri Subrata Mukherjee has raised this issue that the notice circulated by the Assembly Secretariat says that the Governor would Address the Assembly under Article 176(1) of the Constitution of India. The booklet circulated by the Government through Assembly described the Governor's Address as under Article 176 of the Constitution. Shri Mukherjee contends that as there is discrepancy between the description of Article in the booklet distributed in the Assembly and in the Notice, the proceedings of the Assembly would be illegal as there is no Address of the Governor under Article 176 1) of the Constitution. I fail to see any logic in the contention of Shri Mukherjee. Article 176 has two parts. Sub-article(1) says, 'At the commencement of the first session after each general election to the Legislative Assembly and at the commencement of the first session of each year, the Governor shall address the Legislative Assembly or, in the case of a State having a Legislative Council, both Houses assembled together and inform the

Legislature of the causes of its summons. Sub-article(2) says that 'Provision shall be made by the rules regulating the procedure of the House or either House for the allotment of time for discussion of the matters referred to in such address'. Between these two sub-articles there is no contradiction, there is no contrary duty imposed on the Governor under these two articles. Sub-article(2) relates to the provisions of making of rules and Sub-article(1) relates to the Address to be made by the Governor. If Article 176 had any other sub-articles contrary to sub-article(1) then the question could have had some validity. Even in that case the Governor has two Address the House for which there is Constitutional requirement in the provision. The Government, through the Assembly circulated the Address through the booklet. So I see no reason to take it for granted that the Governor had delivered his Address in contrary to the Constitution. Even if it is taken for granted that Article 176 has been given by mistake or by anything wrong, I would refer to a Supreme Court decision as reported in A.I.R. 1958 at page 236, in the case of Shri P. Balakotaiah Vs Union of India (Venkatarama Aiyar J.) where His Lordship described as follows:

"It is argued that when an authority passes an order which is within its competenance, it cannot fail merely because it purports to be made under a wrong provision if it can be shown to be within its powers under any other rule, and that the validity of an order should be judged on a consideration of its substance and not its form. No exception can be taken to this proposition."

So we find that the Supreme Court says that even if a wrong description is given to a requirement to be done under certain provision of law it would be deemed to have been made under that provision of the law and as such I overrule the contention of Shri Subrata Mukherjee as having no foundation, without any basis Now, we will go on with the debate on Governor's Address. The first speaker is Shri Subrata Mukherjee and time allotted to him is 35 minutes.

শ্রীস্থরেত মুখার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু আগে একটি বিতর্কের স্থচনা হয়েছিল, আপনি তার উপর ক্বলিং দিয়েছেন, পরবর্তীকালে দেখা যাবে কোথায় যাওয়া যায় কিন্তু স্থার, তব্ও বলব, আমাদের অন প্রটেষ্ট এই আলোচনায় অংশ গ্রহণ করা দরকার রেকছে গাকার জন্য। স্থার, বাজেট অধিবেশনের প্রাকালে রাজ্যপালের যে ভাষণ সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ, কারণ একটা সরকারের ক্ষচি, পরিকল্পনা, বিভিন্ন প্রকল্প, মানসিকতা, সততা ইত্যাদির ইংগিত ও পরিচয় এই ভাষণের মধ্যে দিয়ে পাওয়া যায়। তবে স্থার, এটা অত্যন্ত ছুর্ভাগ্যজনক ব্যাপার যে এমন সময় মাননীয় রাজ্যপালকে দিয়ে একটা বক্ততা পাঠ করিয়ে নেওয়া হ'ল, যে সময় পশ্চিমবালোর এক প্রান্ত থেকে আর এক প্রান্ত গুরু আগুন আর আগুন।

## [ 4.00-4-10 P.M. ]

মান্নয মরছে তার বিচার হচ্ছে না। না আছে আইন, না আছে শৃঙ্খলা, না আছে আদালত, না আছে পুলিশ, না আছে প্রশাসন। কাজ হচ্ছে একটা স্থবীর, বধির, পংগু প্রশাসনের মধ্যে দিয়ে এবং আমরা তার মধ্যে দিয়ে জীবন যাত্রা করছি। একটি ব্যক্তি থেকে আরম্ভ করে সামগ্রিকভাবে পরিবার এবং একটা সমাজের কোন অংশ বলতে পারবে না, কি সম্পত্তিতে, কি জীবনযাত্রায় সে একটু নিরাপতা দাবী করতে পারে। এই অবস্থার মধ্যে দিয়ে আজকে বাজেট পড়িয়ে নেওয়া হচ্ছে ষা সম্পূর্ণ অসত্য, ষা বিকৃত এবং যা সংকীর্ণ রাজনৈতিক দৃষ্টিভঙ্গীতে ভরা। যার উপরে ভিকি করে এই ভাষণ পাঠ করা হল এতে বাংলাদেশের ৪।। কোটি মাস্কুষের একটি মাস্কুষও বাংলাদেশের প্রকৃত অবস্থা ঠিক মত বিচার করতে পারবে না। এদের অবস্থাটা দেখুন। যে রাজ্যপালের ভাষণকে চীৎকার করে ধন্তবাদ দিচ্ছেন মাননীয় সদস্ত, তাকে আমরা ধণ্যবাদ সদস্ত বলে থাকি, মন্ত্রীত্ব পাননি বলে ধতাবাদ দেন সব সময়ে দেখেছি—সেই রাজ্ঞাপালকে ওদের দলের সর্বভারতীয় নেতা নটোরিয়াস ইত্যাদি আখ্যা দেন। রাজাপালকে ওরা ধন্যবাদ দিচ্ছেন আব আনন্দে উৎফুল্ল হচ্ছেন যে রাজ্যপাল আইন শৃঙ্খলার পক্ষে বলেছেন, সরকারের আর্থিক বুনিয়াদ ভাল বলেছেন, এখানকার প্রশাসন পরিচ্ছন্ন বলেছেন। অতএব ওরা সকলে ধৈ ধৈ করে নাচছেন। স্থার, কিছু পাগল আছে যার। আকাশে তারা দেখলে আনন্দে উৎফুল্ল হয়ে নাচে কারনে হোক, আর অকারণে হোক। এরা সেই ধরণের পাগল যারা বিনা কারণে আনন্দে নাচেন। এরা একদিকে বলছেন নটোরিয়াস, একদিকে বলছে ক্রিমিকাল, একদিকে তাঁকে কল্যানীতে থুন করার চেষ্টা করছে, অপর দিকে ক্যাবিনেটে কোন রক্ষে পাশ ক্রিয়ে নেওয়া বাজেট বক্ততা ছাপিয়ে পাঠ করিয়ে নেবার চেষ্টা করেছেন। আমি যদি ব্যাখ্যা করার স্করোগ পেতাম তাহলে প্রমান করে দিতাম যে এটা অসত্য, মোটিভেটেড এবং কনককটেড। আমি যদি শময় পেতাম তাহলে প্রমাণ করে দিতাম যে কি ভাবে, কি পদ্ধতিতে সংবিধানের একটা স্লুযোগ নিয়ে এই বক্তার মধ্যে দিয়ে গভর্রকে মিসলিড করা হয়েছে। মামি বেশী সময় পাবো না, কাজেই ২/১টি কথা বলে আমার বক্তব্য শেষ করবো। তনং প্যারাগ্রাফ-এ আইন শৃংখলার কথা

বলা হয়েছে। এখানে বলা হয়েছে যে আইন-শৃংখলার পরিস্থিতি সাধারণভাবে শান্তিপূর্ণ ছিল।
১৯৮৩ সালের মে মাসে অনুষ্ঠিত পঞ্চায়েত নির্বাচনকে কেন্দ্র করে সংঘর্ষ---এর সংখ্যা কিছু বৃদ্ধি
পেয়েছিল এবং তার কলে কিছু উত্তেজনা দেখা দিয়েছিল। অনেক ধল্যবাদ যে কিছুটা স্বীকার
করেছেন যে পঞ্চায়েতের নির্বাচনের সময়ে আইন-শৃংখলার অবনতি কিছু ঘটেছিল। যদিও কিছুটা
নয়, নির্বাচনের আগে কিছুটা এবং নির্বাচনের পরে আনেক বেশী আইন-শৃংখলার অবনতি ঘটেছিল।
আমি সরকারী নথীপত্র দিয়ে দেখাতে পারি যে ডাকাতি হয়েছে, রাজনৈতিক ডাকাতি হয়েছে যার
কলে গ্রাম থেকে মান্ন্য বেরিয়ে পালিয়ে গেছে। হগলি জেলার গোঘাট এলাকা, মূর্শিদাবাদের
ভগবানপুর এলাকা, মেদিনীপুরের পটাশপুর এলাকা থেকে মান্ন্য বেরিয়ে পালিয়ে গেছে।
পঞ্চায়েতের নির্বাচনে সি. পি. এম-এর বিরোধী দল জিতেছে, অতএব তাদের ফলস্ত গাছগুলি কেটে
দেওয়া হয়েছে। পঞ্চায়েতের নির্বাচনের সময়ে গুরু উত্তেজনা নয়, আজও মান্ন্য গ্রামে চুকতে
পারছে না। আজও গোঘাট অঞ্চলে, কেশপুর অঞ্চলে, পটাশপুর অঞ্চলে, মূর্শিদাবাদ এলাকায়আইন-শৃংখলার অবনতি দেখা যাছে। আগে আমরা স্বীকার করতাম যে কলকাতা মহানগরীর
নান্তি শৃংখলা বজায় আছে। কিন্তু আজু সেই কলকাতা মহানগরী পর্যন্ত প্রংশেগুপে পরিণত হয়েছে
এবং তপাক্থিত শশ্যানের শান্তির উপর দাঁড়িয়ে আমরা রাজ্যপালের ভাষণের উপর বিতরে
অংশ গ্রহণ করছি।

এরপবেও মুথ্যমন্ত্রী কোন অধিকারে এথানে স্বরাষ্ট্রমন্ত্রী হয়ে বদে আছেন! পদ্ত্যাগ না করে কাঁব এখানে বসে থাকবাব কোন অধিকার আছে কি ? বটিশ টাইমে যা হয়নি পশ্চিমবঙ্গের বুকে বত্রমানে তাই হচ্ছে। মন্ত্রী নির্দেশ দিচ্ছেন শ্রমিকদের গুলি করে মারবার জন্ম। আবার আমরা দেখছি মুখ্যমন্ত্রীর নির্দেশকে অমাত্য করে থিদিরপুরে পুলিশ ৫২ রাউণ্ড গুলি চালাল। আমরা ্দেখেছি এম ইউ. সি. কর্মীকে গুলি করে মারা হয়েছে। এই সেদিন কল্যাণীতে মন্ত্রীর নির্দেশকে অমান্য করে রাজ্যপালকে হত্যা করার চেষ্টা করা হলো এবং তাঁর নির্দেশকে অমান্য করে তাঁরই দল পুলিশের বিরুদ্ধে আন্দোলন করছে। আজকে আইন-শৃষ্খলার এই চরম অবস্থাকে ধামা চাপা দেবার জন্ম অভিনব কামদায় শাস্তি কমিটি, নাগরিক কমিটি করা শুরু হয়েছে। ডি. আই জি শাস্তি কমিটি করে দিচ্ছে, নাগরিক কমিটির নির্দেশে ডি. সি. চলছে। নাগরিক কমিটি র্যাদ প্রশাসনের দায়িত্বে থাকে তাহলে জ্যোতি বাবুর হোম মিনিষ্টার থাকার দরকার কি! জ্যোতি বাবু পদত্যাগ কর্মন। তা যদি তিনি করেন তাহলে আমরা নাগরিক কমিটি জিলাবাদ বলতে রাজী আছি। কিন্তু আসলে শান্তি কমিটি বা নাগরিক কমিটির বে-নামে নিজেদের রাজনৈতিক স্বার্থ চরিতার্থ করার প্রচেষ্টা চালান হচ্ছে। কলকাতার বুকে এই চেষ্টা চলছে। আইন মেনে আইনকে নিজের পথে চলতে দিলে তো রাজ্বনৈতিক স্বার্থ চরিতার্থ করা যায় না। তাই এই সমস্ত অভিনব কারদা গুরু হয়েছে। হেমেন মণ্ডলকে গ্রেপ্তার করেছেন, ঠিক আছে, আইন তাকে ফাঁসি দিক। কিছু বলার নেই। আমরা কেখনো জ্যোতিবাবুর কাছে ডেপুটেশনে ঘাইনি, আমরা তাঁকে গিয়ে কথনই জিজ্ঞাসা করিনি যে, হেমেন মণ্ডলকে গ্রেপ্তার করা হলো কেন? কিন্তু আমি তাঁকে

জিজ্ঞাসা করি যে সমস্ত পুলিশ অফিসারদের মস্তানর। টাকা দেয় সেই সমস্ত পুলিশ অফিসারদের কেন হেমেন মণ্ডলের পাশের সেলে পুরে রাখবেন না ? অথচ আমরা দেখছি মন্তানদের দিয়ে নাগরিক কমিটি করা হয়েছে। কান্তি গান্ধুলী, মিচ্কে বাবলুকে দিয়ে নাগরিক কমিটি করা হয়েছে। ও. সি. এদের দেখলে ভয় পায়, কন্সটেবলরা এদের দেখলে বন্দুক নামিয়ে নেয়। এই যদি অবস্থা হয়, তাহলে কোন রাজ্যে আমরা বাস করছি ৷ এই অবস্থায় গভর্ণরকে বলতে দেওয়া হয়েছে, আইন-শৃৰ্থলার অবস্থা ভাল, ভাল রাজ্যে আমরা বাস কর্চি। আইন-শৃষ্ণলার অবনতি কি চরম আকার ধারণ করেছে দেখুন, গত এক বছরে কলকাতার বুকেই রাজনৈতিক খুন হয়েছে ২৩টি। অথচ যেই আমরা দে কথা বলতে যাব, অমনি জ্যোতি বাবু প্রধানমন্ত্রীকে চিঠি লিথে বলবেন, এই সমস্ত থুন কংগ্রেসীরা নিজেরাই নিজেদের করেছে। আমি জ্যোতিবাবুকে চ্যালেঞ্চ করছি, তিনি আমার চ্যালেঞ্চ এ্যাকসেপ্টে করুন, একটা জুডিসিয়াল এনকোয়ারী হোক, বাইরের কোন কোটের সিটিং জজকে দিয়ে এনকোয়ারী করুন। তাঁর বক্তবা যদি তিনি সেখানে মেটিরিয়াল ডকমেণ্টে দিয়ে প্রমাণ করতে পারেন, তাহলে তিনি যে সাজ। দেবেন তাই আমি মাথা পেতে নেব। আর তা না হলে জ্যোতিবার বলন, তিনি শাস্তি মেনে নেবেন। কাগজে দেখলাম জ্যোতিবার বলছেন, পদত্যাগ করবেন। কিন্তু আমরা জানি তিনি তা কখনোই করবেন না, কোন দিন করবেন না। আগে মারুষ বলত লেনিনবাদী জ্যোতিবাব, এখন মারুষ বলে গদিবাদী জ্যোতি বস্তু। সপ্তাহের প্রথম পাঁচ দিন—সোমবার থেকে শুক্রবার—তিনি ইন্দিরা গান্ধীকে গালাগালি দেবেন। আর শনিবার দিল্লীতে গিয়ে ইন্দিরা গান্ধীকে বলবেন আমি আপনার বিরুদ্ধে একটাও কথা বলচি না. ওসব কথা কথা প্রমোদবাবু, সরোজববুরা বলছে, আমি বলছি না, আমি তো জাতীয় এবং আন্তর্জাতিক ক্ষেত্রে তোমাকে সাহায্য করছি। এই সব কথা বলে টাকা নিয়ে চলে আসবেন এবং টাকা নিয়ে এসে সোমবার থেকে আবার সেই গালাগালি শুরু করছেন। এ দের কি সমাজবিরোধীদের ধরবার ইচ্চে আছে, এঁরা পারবেন তাদের ধরতে ? জ্যোতিবার বাংলার ইতিহাসকে কলঙ্কিত করেছেন তথনই থথন স্বভাষ চক্রবর্তীকে মন্ত্রী করেছেন। বাংলার ইতিহাসকে কলঙ্ক্ষিত করেছেন তথনই যথন যে এক হাজার মুসলমানকে কচকাটা করেছিল সেই রাম চ্যাটার্জীকে মন্ত্রী করে দিয়েছেন। কুখ্যাত গুণা, সে হলো মন্ত্রী।

#### [ 4-10-4-20 P.M. ]

উজ্জ্বল খুনের কেসটা কোন রাজনৈতিক ব্যাপার নয়, তবুও এই কেসের আসামী দীপক্ষর নামে একটি ছেলেকে পাওয়া যাছে না। দীপক্ষর কে ? সে এস, এফ. আইয়ের একজন নিয়মিত কর্মী। স্থতরাং এস. এফ. আই সি. পি. এমের প্রশাসনিক সহযোগিতায় কলকাতার বুকে তাকে গোপন করে রেথে দিয়েছে, পুলিশের হাতে সমর্পণ করছে না। এই নিয়ে সি. আই. ডির সঙ্গে কলকাতা পুলিশের ঝগড়া চলছে। ঐ শচীনবাবুর মতন লোক প্রটেকসান দিছে । স্থতরাং চোরের মায়ের বড় গলা। ওদের লোক খুন হলে বিচার করতে হবে আর আমাদের লোক খুন হলে বিচার হবে না। এরা রাত্রিবেলা খুন করতে পাঠীয়ে দেয় আর দিনের বেলা খুনীকে ধরতে হবে বলে

চিৎকার করে। এইতো ওদের নমুনা। তীর্থক্কর এবং দঞ্জীবের খুনের মামলার ব্যাপারে জ্যোতিবাব কেন থবথর করে কাপছেন ? হাইকোর্টে হেরে গিয়ে এখন স্থপ্রীম কোর্টে গেছেন। কেন বিচার করতে দিচ্চেন না ? আপনি আইন ব্যবসার সঙ্গে জড়িত, কেন তুর্বল বোধ করছেন ? আপনার। বিছার, ইউ. পির উপমা দেন কেন ? এই পশ্চিমবঙ্গে কি নারকীয় ঘটনা ঘটছে সেটা বলুন ? আপনারা আইন-শঙ্খলার কথা বলেন-স্থামি বীর্ভুম জেলার পাটনীল গ্রামে গিয়ে দেখেছি যেখানে এমন কোন মহিলা নেই মিনি ধর্ষিতা না হয়েছেন সি. পি. এম কর্মীদের হাতে। ঐ গ্রামে গ্রামে ১০ পারদেও মাইনোরিটির বাস। ওথানকার দৈনিক সংবাদপত্তে এই নিয়ে লেথালিথি হয়েছে এবং ওথানকার জনসাধারণ এম. পির কাছে ডেপ্রটেমান পর্যস্ত দিয়েছে কিন্তু কোন বিচার হয়নি। জতরাং আপনারা আইন-শন্ধলার কথা বলেন ? এই সরকারের পদত্যাগ করা উচিত, নীতিগত-ভাবে পদত্যাগ করা উচিং। ভারতবর্ষের বকে, পথিবীর বুকে এই জ্বন্য ঘটনার কোন ইতিহাস আছে বলে কোন নন্সীর আমার জানা নেই ? বিচার তো তুরের কথা জ্যোতিবাবু এম. ডি. পি. ওকে ট্রান্সফার করে দিলেন। মালদার বুকে একের পর এক খুন হয়েছে। কোন কমিশন নেই ? কোন বিচার নেই। রঞ্জন নামে একটি ছেলের চোথ উপড়ে নেওয়া থলো কিন্তু কোথায় বিচার १ স্ততরাং আইন-শৃত্থালা আজ এই জায়গায় এনেছে। আমি স্থতাহাটা হয়ে হলদিয়ায় গিয়েছিলাম। হলদিয়ায় গিয়ে দেখলাম, একটি ছেলের ছটি হাত সি-পি, এমের লোকেরা কেটে নিয়েছে। ঐ শেঠজীরা এইসব করেছে। আমি সোলে নামে একটি হিন্দি বই দেখেছিলাম। দেখানে যে ভয়ক্কর চিত্র দেখেছি তার চেয়েও ভয়ঙ্কর চিত্র ওথানে গিয়ে দেখলাম। তার ছটি হাত কেটে দেওয়া হয়েছে কারণ কংগ্রেম করেছে, বন্দে-মাত্রম বলেছে এই তার অপরাধ। স্বতরাং এই তো আইন-শচ্চলা গ রাজাপালের ভাষণের মধ্যে কনক্ষেভ চোকাতে পারেননি। একদিকে বলছেন বিচ্ছিন্নতাবাদের বিরুদ্ধে আর অন্তাদিকে বিচ্ছিন্নতাবাদকে মদত দিচ্ছেন। ফারুক আবদুলাহ যিনি দেশকে ৬ টকরো করবার জন্ম মার্কিন সাম্রাজ্যবাদের মদত নিয়ে চলছেন, রামা রাও যিনি সিনেমা করেন, যিনি দক্ষিণ ভারতকে আলাদা স্বাধীন রাষ্ট্র হিসাবে ঘোষণা করতে চাইছেন।

মিঃ স্পীকারঃ রামারাও এবং ফারুক আবত্রাহ এই হাউপের মেম্বার নন, স্বতরাং তাঁদের নাম আপনি করতে পারেন না।

শ্রীস্থত্তে মুখার্জীঃ আমি তাঁদের নাম আপমান করবার জন্ম ব্যবহার করিনি। আমি যদি ইনসান্ট করতাম তাহলে আলাদ। কথা। স্কৃতরাং এক্ষেত্রে পার্লামেন্টারী ডেমোক্রেসিতে কোন বাধা হবে বলে আমি মনে করি না। যাইহােক, আসামের আন্দোলনকে বিচ্ছিন্নতাবাদ বলে অফিসিয়াল রেজােলিউসান পাশ করালেন কিন্তু এই সমস্ত বিচ্ছিন্নতাবাদীনের সম্পর্কে কেন কিছু বললেন না?

অথচ আসাম সম্পর্কে ননঅফিসিয়াল রেজলিউসন পাশ করা হল। উনি সোমবার থেকে শুক্রবার পর্য্যস্ত ইন্দিরা গান্ধীকে গালাগাল দেন আর শনিবারে দিল্লী গিয়ে তাঁকে তোষণ করে

কিছু টাকা নিয়ে আদেন। উনি কি ? শুধু ভোটের জন্ম বিচ্ছিন্নতা বাদের বিরুদ্ধে স্লোগান দেবেন, বাংলা দেশের কিছু মিড্ল ক্লাস মাহুষকে স্বভস্ততি দেবার জন্য। আসলে তিনি বিচ্ছিন্নতা-বাদের স্বপ্ন দেখেছেন। আমি ওনার কৌশল জানি। তিনি পশ্চিমবক্সকে আলাদা করার স্বপ্ন দেখেছেন আসাম ত্রিপুরাকে নিয়ে। তাই আসামের ভিতর দিয়ে বাংলা মূলক দিয়ে অলরেডী একটা রাস্তা তৈরী করা হয়েছে চীনের সাথে। মাঝে মাঝে চীনের লোকজন আসছে কথন সংস্কৃতির নাম করে, কথন ব্যায়াম দেখাবার নামে, কখন অমুকের নামে। এই সমস্ত চলছে। এটা আমরা দেখতে পাচ্ছি। ভেবেছেন পশ্চিমবঙ্গের সব মহায় কি বোকা? পশ্চিমবঙ্গের মাহাযের কাছে এটা একটা বিষয়। এটা ভাবার কোন কারণ নেই। তা না হলে স্বাস্থ্য উদ্ধার করার জন্ম কি স্বাস্থ্যের কারণে যদি জ্যোতিবার যেতেন তাহলে আমি তাঁকে বলতাম যে আমেরিকায় যান, জার্মাণে যান কোন কমিউনিষ্ট কাণ্টিতে যাবেন না। স্বাস্থ্য আরও শেষ হয়ে যাবে। শেষে এখন তিনি একটা কনক্লেভের নাম করে একটা কনম্পিরেসি চালাচ্ছেন। এখানে ইন্দিরা গান্ধীকে হটাবার জন্ম যে একটা কনম্পিরেসি চলেছিল যার নেতা ছিলেন জর্জ ফার্গাণ্ডেজ প্রমথ, তাঁদের সাথে হাত মিলিয়েছিলেন। পরে অবশ্র রিট্রিট করেছিলেন ওনারা এবং আঙ্ককে একই ধরণের জাতীয় পদ্ধতিতে একটা কনম্পিরেসিকে কেন্দ্র করে তিনি নিজেকে যুক্ত করে ফেলেছেন। এর প্রতিবাদ তো কেউ এখান থেকে করছেন না। এইসব থাকার দরকার ছিল এবং আমি মনে করি পশ্চিমবঙ্গে আজকে ব্যক্তি থেকে আরম্ভ করে সামগ্রিকভাবে চূড়ান্ত অনিশ্বয়তা, চূড়ান্ত নৈরাজ্য, অরাজকতার মধ্যে আমরা রয়েছি। মাহুষের জীবনযাত্রা এমনভাবে পড়েছে না কৃষি, না শ্রম, না অন্য কিছু, না শিক্ষা ন। বিত্যাৎ এমন একটা জিনিষ নেই। না উন্নয়ণ যুলক কাজ এবং না উন্নয়ণ যুলক পরিকল্পনা। যেথানে একটা সরকারী ক্রতিত্বের দাবী করতে পারেন। সময়ে একটা ক্রটি। শিক্ষায় নাকি ভুল। বহু টাকা খরচ করেছেন এরং তুনিয়া মাত করে দিয়েছেন। স্থার, এটা হচ্ছে তথ্য মূলক এবং এটা অস্বীকার করার উপায় নেই যে শিক্ষা থাতে সারা ভারতবর্ষের রাজ্য গুলির চেয়ে আপনারা বেশী ব্যয় করেছেন, কিন্তু আদতে কি হয়েছে ? আপনারা জানেন শিক্ষার মধ্যে নৈরাজ্য বেশী পড়েছে। জ্যোতিবাবুর বক্তৃতাগুলি খুলে দেখবেন, উনি চীৎকার করে বলেন ষে কলকাতা বিশ্ববিভালয় নৈরাঞ্চাথেকে মুক্ত। দেখানে টোকাটুকি হয় না। স্থার, আপনি রিপ্রেজেনটেটিভ পাঠান বিশ্ববিভালয়ে, আমাদের বাদ দিয়েই পাঠান। টোকাটুকির এখন শুধু তফাত হয়েছে। আমাদের সময়ে বিনা পয়সায় টোকাটকি হোতো, এখন সি. পি. এমের মস্তান যে আছে তাকে জিজিয়া কর দেওয়ার মত টাকা দিয়ে দেয় তারপর টকতে দেয়। শান্তিপর্ণভাবে হচ্ছে। আপনি আমার চালেঞ্জ এয়াকদেপ্ট করে নিন। ভি. সি. পোন্ধার, তথা রমেন পোন্ধারের কথা চীৎকার করে বলেছেন। জুডিসিয়াল এনকোয়ারী আমাদের সম্পর্কে ৭/৮টা হয়েছে গত ৮/১ বছর ধরে। বাংলা দেশের মামুষের কোটি কোটি টাকা নিয়ে কয়েকটি মানুষকে পাইয়ে দিয়েছেন। জ্যোতিবাবু চীৎকার করে বলেছিলেন মুখ্যমন্ত্রী হ্বার পর যে আমি জনতা সরকার নই, আমি ৬ মান্সের মধ্যে প্রত্যেকটি কমিশনের রিপোর্ট সম্বমিট করে দেব। বহু কমিশন তাদের সাইনবোর্ড টাঙিয়ে রেথে দিয়েছেন। ঠিক আছে, আপনি না হয় আর একটা কমিশন করুন পোন্ধার সম্পর্কে।

লাইবেরীর বই কেনা সম্পর্কে কমিশন করে তার অভিট রিপোর্ট বিধানসভাতে সব থেকে আগে পেশ করা হোক তারপর বক্তৃতা দেওয়া হবে। যদি দেখা যায় যে ঠিক আছে তাহলে আমি আপনাদের স্থরে স্থর মিলিয়ে বলব কেন পোদারকে করা হবে না। পাপটা কি করলেন গভর্ণর ? এই বক্তভার মধ্যে গভর্ণরকে নিম্নেযে এত ইস্থ্য, কেন রাথলেন না ? আমি বিতর্কে বসতে রাজী ছিলাম। আইন কি বলে? আইন বলে একটা প্যানেল করা দরকার। তিনটি নাম পাঠিয়েছেন। সিনেটে যে তিনটি নাম পাঠিয়েছেন, অনেকেই জানেন সস্তোষ ভট্টাচার্য্য যিনি কংগ্রেসের বিরোধিতা করেছেন অনেক ভাবে কিন্তু এই ইলেকটেড মান্থ্যদের একজনকে বেছে নিয়েছেন। ব্যস। হয়ে গেল। এ. পি. শর্মার মহাভারত অভদ্ধ হয়ে গেল। কালোপতাকা দেখান হল, তারপর কাল ডাণ্ডা, এখন কালো তলোয়ার নিয়ে তাড়া করে বেড়াচ্ছে। আমরা প্রথম প্রথম উড়িয়ে দেবার চেষ্টা করেছিলাম। এখন একটা রাজনৈতিকদল গভর্ণরকে কালো পতাকা দেখাচ্ছে। গভর্ণর আমাদের পৈত্রিক সম্পত্তি নয়, কিন্তু এখন দেখছি ব্যাপারটা অক্স রকম। আমরা আর চুপ করে বদে থাকতে পারি না। রাজ্যপালকে কালোপতাকা দেখাবার নাম করে যদি খুন করবার চেষ্টা করা হয় তাহলে কি হবে ? জ্যোতিবাবু আপনার নিশ্চয় মনে আছে ১৯৬৭-৬৮ সালে আমাদের বাগনানের কথা। আপনি এবং প্রমোদ দাশগুর মহাশয় সেখানে গিয়েছিলেন আমরা শ্লোগান দিয়েছিলাম জ্যোতিবস্থ যেথানে প্রতিরোধ সেথানে। আজকে সেটা করুন, না হলে আইন শৃত্মলা রাথতে পারবেন না। স্বতরাং আগুন নিয়ে থেলবেন না। আইন সম্মতভাবে লড়াই করুন। আজকে সমস্ত শিক্ষা জগতে নৈরাদ্য। পরীক্ষা পর্যাস্ত পেনডিং হয়ে গেল। নীরিহ ছাত্রছাত্রীরা হাদপাতালে আছে। আর গুণ্ডারা, অপনাদের দলের এম. এল. এ.-রা হোষ্টেল পর্যস্ত দখল করে নিয়েছে। এই তো শিক্ষা জগতের অবস্থা। শিক্ষা জগতের নাম করে শুধু মাত্র টাকা চুরি হচ্ছে, লুঠ হচ্ছে। আমি মনে করি এই শিক্ষার চেতনা মাতৃভাষার মাধুমো করা হবে। আমি আপনার সঙ্গে একমত যে মাতৃভাষার মাধ্যো শিক্ষা বাবস্থা চালু করা।

# [ 4-20—4-30 P.M. ]

আমি মনে করি এই শিক্ষা মাতৃভাষার মাধ্যমেই দেওয়া উচিৎ। এ বিষয়ে আমি আপনাদের সমর্থন করি। কিন্তু এস. ইউ. সির সক্ষে স্থর মিলিয়ে বলি, এক্ষেত্রে আপনারা দ্বিম্থী শিক্ষাব্যবন্ধা চালু করে রেখেছেন। একদিকে কে. জি, কনভেন্ট, লরেটো, ডনবঙ্কো থুলে রেখেছেন, অন্তদিকে প্রাম বাংলায় ইংরেজী তুলে দিয়ে বাংলাভাষার মাধ্যমে শিক্ষা চালু করেছেন। এইভাবে আজ জ্যোতিবাবুর সরকার শ্রেণী-বৈষম্যই বাড়িয়ে তুলছেন। এর ফলে প্রাম বাংলার ছাত্রসমাজ বাংলা ছাড়া কিছুই জানবে না। কিন্তু আপনাদের দপ্তরে যথন এল. ডি পদে এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয় তথন কিন্তু তাঁকে ইংরেজি জানতে হয়, ইংরেজী একজামিনেশনে বসতে হয়। আগে তবু কিছু ছেলে কমপিটিটিভ একজামিনেশনে বসতে পারতো কিন্তু এখন থেকে তাঁরা তাও পারবেন না। বিশিরভাগ মাম্বের কাছ থেকে ইংরেজি তুলে নিয়ে মৃষ্টমেয় মাম্বের জন্ম তা রেখে দিয়েছেন।

আজ কে. জি, নরেটো, ডনবস্কো তুলে দিন। সব জান্নগান্ন বাংলা চালু করে দিন। তা করবেন না। আপনারাই আবার শ্রেণীহীন সমাজের কথা বলে থাকেন। কিন্তু দেখা যাচেছ এর ফলে ছটি শ্রেণী জন্ম নিচ্ছে। সিভিল ওয়ার যাতে শুরু হয় তার জন্ম এইভাবে আপনারা চেষ্টা চালাচ্ছেন। আজকে কলকাত। বিশ্ববিচ্ছালয়ে কলেজ সার্ভিস কমিশনের নাম করে সমস্ত তৃতীয় শ্রেণীর মাহুষকে প্রিন্সিপ্যাল এবং অধ্যাপকের পদে বসিয়ে দিয়েছেন। একটি কলেজের নামও আমি এখানে করছি। কলেজটি হচ্ছে আন্ততোষ কলেজ। সেথানে এমন একজনকে প্রিন্সিপ্যাল করেছেন যিনি সার। ছাত্র-জীবন থার্ড ডিভিশনে পাশ করেছেন, এম. এ.-তে থার্ড ক্লাস, পি. এইচ ডিও করেছেন হাস্ত-রসাত্মক বিষয়ের উপর। একদিন তিনি ক্লাণে বিলমকল পড়াতে গিয়ে লেনিন সম্বন্ধে বলতে শুরু করেন। একটি ছাত্র তাঁকে জিজ্ঞাস। করে যে স্থার, বিলমঙ্গলের সঙ্গে লেনিনের কি সম্পর্ক ? তিনি বলৈন, বিলমকলে মকল আছে—লেনিনও দেশের মকলের কথাই ভেবেছেন। এইতো অবস্থা। এঁদের তৈরী পাঠ্যক্রমের একটি অঙ্ক একবার স্কলে করতে দেওয়া হয়। অঙ্কটি ছিল লেনিন নামে কোন ব্যক্তি এত টাকা শতকরা স্থদের হারে জনৈক মহাজনের কাছ থেকে ধার করে। ১০ বছর পরে স্থদের পরিমান কত হবে ? একটি ছাত্র মনে করেছে যে লেনিন হয়ত শুভঙ্করীর একটা স্থত্ত হবে। এইভাবে আধা ফ্যাসিস্ট কায়দায় এই সমস্ত জিনিষ পাঠ্যক্রমে ঢুকিয়ে দেওয়া হচ্ছে। আজকে ৮ম শ্রেণীর ইতিহাস পাঠ্যক্রমে জাতিয়তাবাদী নেত্রন্দের নাম তুলে দেওয়া হয়েছে। কিন্তু আইনের আশ্রম নিয়ে হেডমাষ্টার্স এ্যাসোসিয়েশন সেটা আটকে দিয়েছেন। আজকে আপনাবা শিক্ষাথাতে টাকা বাড়িয়েছি, ফলে শিক্ষার ভীষণ উন্নতি হয়েছে বলে যেটা দাবী করেন পেটা ঠিক নয়। রেকর্ড পরিমান টাকা বেড়েছে এটা ঠিক কথা। কিছু এর দ্বারা চুর্নীতি ও স্বজনপোষ্ণই এঁরা কেবল বাড়িয়েছেন। এখানে একটি প্যারাগ্রাফে বলা হয়েছে যে হলদিয়া এবং সন্টলেকে ২টি সরকারী কলেজ থলবেন।

সরকারী কলেজের কিছু গবর আমার কাছে আছে। বহু সরকারী কলেজে আজকে টিচার নেই। যে ১৭টি সরকারী কলেজ আছে, তার মধ্যে ৮টি কলেজে আজ পর্যস্ত প্রিন্দিপ্যাল নেই। আপনারা পি. এস. সির কথা বলেন, একথা বলেন—ওকথা বলেন। কিন্তু ফাট্ট হচ্ছে—৮টি কলেজে প্রিন্দিপ্যাল নেই, কেউ যেতেও চাচ্ছেন না। যারা আছেন, আজকে তাঁদের কঙ্গিথরে যাচাই করা হচ্ছে। আসলে নিজেদের দলের লোক পাচ্ছেন না বলেই অধ্যক্ষ নিয়োগ করতে পারছেন না। আজকে যে ১৭টি সরকারী কলেজ আছে তাই মেন্টেন্ হচ্ছে না, আবার ২টি সরকারী কলেজ করতে চাইছেন! হলদিয়ায় স্থতাহাটায় একটি সরকারী কলেজ আছে। এডুকেশন মিনিষ্টার নিজে গেছেন সেথানে। স্থতাহাটা কলেজে পাসকোসে বিজ্ঞান পড়াবার জন্ম কলেজ কর্তৃপক্ষ বিষয়টি অন্থমোদনের জন্ম তাঁকে অন্থরোধ করেছেন। তা সজেও সরকার থেকে এই অন্থমোদন দেওয়া হচ্ছে না।

অথচ মুতন করে সরকারী কলেজ তৈরী করার চেষ্টা করছেন। এই এলাকার কিছু কলেজকে সাহায্য করলে তাহলে এই এলাকার কিছু মাহুষ স্থবিচার পেত। তারপুর যে সব টাকা সেন্টাল

গভর্ণমেন্ট থেকে সাবসিডি হিসাবে আসছে হোস্টেলের ব্যাপারে—যেটা ২০ দফা কর্মস্থচীর অস্তরগত আজকে সেই টাকা ডিসবার্স হচ্ছে না। আপনাদের পার্টির লোক. সে যদি ব্রাহ্মণ্ড হয় ভাহলে তাকে তফশীলি জাতি বলে মিনিষ্টাররা সার্টিফিকেট দিয়ে দিচ্ছে এবং তারপর তাদের টাকা পাইয়ে দেওরা হচ্ছে। এর ভূরি ভূরি উদাহরণ আমার কাছে আছে। আইন-শৃঝ্যলার ব্যাপারে সরকার ষে তথ্য দিয়েছেন সেটাই আমি এখানে তুলে ধরছি। আপনাদের রেজিমে १०৪২ জন খুন হয়েছে গত বছর পর্যস্ত সেটা ছিল ৬৫৫৫ জন। এবার সেটা ৭ হাজার পার হয়ে গেল। আবার আপনার। বলছেন এখানে খুন কমে গিয়েছে। এখানে মেনসানের মধ্যে বলা হয়েছে ফদল কাটার সংঘর্ষ নাকি কমে গিয়েছে। আমি তথ্য দিয়ে বলছি ১৯৮৩-৮৪ সালে ৩৩ জন মারা গিয়েছে। বিনয়বাবু একটা বিবৃতি দিয়েছেন মহাকরণে, সেই দিনটি হলো ২.২.৮৪, বুধবার। ঐ দিন তিনি বলেছেন ১৯৮৩-৮৪ সালে ফসল কাটার সংঘর্ষ নিয়ে ৩৩ জন মারা গিয়েছে। আর ১৯৮২-৮৩ সালে মারা গিয়েছে ৩২টি। একটা হলেও সত্য যে সংঘৰ্ষ বেড়েছে। বিনয়বাবু সত্য কথাই বলেছেন। ঘটনা হচ্ছে আরো বেশী তা যাইহোক একটা হলেও বেড়েছে। কিন্তু এথানে কি রকম অসত্য কথা বলা হচ্ছে দেখন স্থার যে, ফসল কাটার সংঘর্ষ কমে গিয়েছে। বিনয়বাব নিজে বলেছেন যে বেড়েছে, আবার রাজ্যপালকে দিয়ে অসত্য ভাষণ পড়ানো হচ্ছে যে কমে গিয়েছে। স্বতরাং রাজ্যপালকে দিয়ে কি সব পড়ানো হচ্ছে সেটা আপনারা নিশ্চয়ই বুঝতে পারছেন। স্থার, এবার একটা শ্লোগান শুনতে পাচ্ছি যে ওনারা নাকি একটা ব্যাংক করতে চাইছেন, রাজ্য সরকারের পক্ষ থেকে সেই ব্যাংক করতে দেওয়া হচ্ছে না। কাকে দেবে ব্যাংক? এটা তো একটা প্রহসন। একটা দেউলিয়া সরকার, যে সরকারী কর্মচারীদের বেতন ঠিক মতো দিতে পারছে না, তাদের ৮টি ডি. এ এখনও দিতে পারছে না, ৮টি ডি. এ পেনডিং হয়ে পডে আছে তাদের আবার ব্যাংক করতে দেবে ? এই সবের জন্ম আবার চিৎকার করে বেডাচ্ছেন। যারা পি. এফ-এর ১৫০০ কোটি টাকা শেষ করে ফেলেছেন, যারা ই. এস. আই-এর টাকা খেয়ে ফেলেছে তার। আবার চিৎকার করে বলছে যে ব্যাংক করবো। স্থার, এর চেয়ে হাঁসির কথা আর কিছ হতে পারে বলে আমার মনে হয় না। এবারে বিদ্যুতের কথা বলি। বিদ্যুতের কথা বললে চিৎকার করে বলবেন সন্মান্ত স্টেটের চেয়ে এখানে বিদ্যুৎ উৎপাদন ব্রুত এগিয়ে যাচ্ছে। এটা যে অসত্য সেই ব্যাপারে কিছু নজির এথানে তুলে ধরছি। এথানে বলা হয়েছে যে বিদ্যুতের অভাবে নাকি কোন কারথানা এথানে বন্ধ হয়ে যায় নি। স্থার, বিদ্যুতের অভাবে দব কারথানার উৎপাদন ডিক্রিজ করে যাচ্ছে। শুধু তাই নয় আমরা যথন সরকারে ছিলাম তথন মুখ্যমন্ত্রী সি. আই. টি. ইউ-এর ডি. সি হিসাবে বলেছিলেন যে টিটাগড়ে যেন বিদ্যাৎ উৎপাদন কেন্দ্র না হয়। পরবর্ত্তীকালে তিনি স্বয়ং গিয়ে টিটাগড়ে বিছ্যুৎ উৎপাদন কেন্দ্রের উদ্বোধন করে এলেন। কথার তারতম্য থাকলেও আমি বলবো তিনি ভাল কাজই করেছেন কিন্তু কোলাঘাটে কি হয়েছে ? তাঁর মুখামন্ত্রীত্বের একটা ফুল রেজিম এবং হাফ রেজিম পার হতে চললো কিন্তু কোলাঘাটের অবস্থা একই রয়ে গেল। এটা এই রকম হলো কেন ? উনি তো চিৎকার করে বলেছিলেন যে কোলাঘাটের

টাকা দিয়ে আমরা স্টেডিয়াম করেছি। উনি তো বলেছিলেন কোলাঘাটের টাকা দিয়ে সিদ্ধার্থ রায় বাণক্রম তৈরী করেছেন, এয়ারকণ্ডিসান গাড়ি কিনেছিলেন। কোলাঘাট বিত্যুৎ উৎপাদন কেন্দ্র তো সিদ্ধার্থ রায়ের পরে অনেক বছর হয়ে গেল। কেন এখনও হলো না ? সেন্ট্রাল গভর্গমেন্ট পুরো টাকা দেওয়া সক্ষেও ডি. পি. এল-এর ৫টি ইউনিটের জায়গায় সিক্সথ ইউনিট কেন স্থক্ষ হলো না ? আজও কেন সেই সিক্সথ ইউনিট চালু হলো না ? কেন জলঢাকায় ৫ ইউনিট বাড়াতে পারেন নি । বললে বলবেন রাজ্যের হাতে অধিক ক্ষমতা থাকলেও কি এই সব করতে পারতেন ? তার ফলে বত্ত শ্রমদিবস আপনারা নষ্ট করেছেন । বত্ত কারখানা বন্ধ হয়েছে এবং তার ফলেই ঐ সমস্ত কারখানার শ্রমিকরা পথে পথে ভিক্ষা করে বেডাচ্ছে।

# [4-30-4-40 P.M.]

আপনি অবাক হয়ে যাবেন, এমন সমস্ত জায়গা দেখাতে পারি, ষেখানে 'মা ফেন দাও' বলে শ্রমিকরা ঘূরে বেড়াচ্ছেন। কারখানা সব বন্ধ হয়ে গিয়েছে, সব লিকুইডেশনে চলে গেছে। লিকুইডেশনে চলে যাব!র ফলে শ্রমিকরা না থেতে পেয়ে আত্মহত্যা করছে, মাথার উপরে তাদের শকুনী উড়ে বেড়াচ্ছে। এক একটা জায়গা আছে, যেখানে ৫।৬টি কার্থানার এক একটা করে ইউনিট আছে, দেগুলোও লিকুইডেশনে চলে গেছে পুরোপুরি। এমনকি খোদ শ্রমমন্ত্রীর নিদ্ধের এলাকা —বেথানে তিনি কথা দিয়েছিলেন নির্বাচনে জিতে মন্ত্রী হতে পারলে পাঁচ দিনের মধ্যেই 'কোলে বিস্কৃট' কারপান। খুলে দিতে পারবেন। আজও তার কিছু হয়নি। ৪॥ হাজার শ্রমিক দেখানে কাজ করে, তার অর্থ প্রায় ২০ হাজার লোক এর উপর নির্ভর করত, তাদের মূথে অন্ন তুলে দিত। এখানেও আপনারা পারলেন না। আপনাদের হাতে যে ক্ষমতা আছে তা দিয়ে কি এটি খোলা যেতে পারতো না ? যা করা দরকার, যা করতে বেশী অর্থের প্রয়োজন হয় না, তা না করে আপনার। চাইছেন—'রাজ্যের হাতে আরো অধিক ক্ষমতা দাও'। এখন যা ক্ষমতা আছে আপনাদের হাতে. তা দিয়ে কি এই ক্ষুদ্র কারথানাটি খোলা ষেত না? যেটি আজ ৩॥-৪ বছর ধরে বন্ধ হয়ে পড়ে আছে, তাকে কি কোন মতেই খোলা যেত না? এই ক্ষমতায় কি কোলাঘাটের শিক্সথ ইউনিট' এর বিদ্যাৎ কারথানা চালু করা যায় না ? এই ক্ষমতায় কি টাকার পূর্ব সম্বাবহার করা যায় না ? তথু চীৎকার করছেন দিচ্ছে না দিচ্ছে না বলে। দিচ্ছে না কি ? আপনারা বলছেন যে হলদিয়াতে একটা সার কারখানা তৈরী করার পার্মিট কেন্দ্র দিচ্ছে না। জানেন: সেই কারথানাটি কি ? 'হিন্দুস্থান লিভার'। একটা মালটি ন্যাশানাল, বিজাতীয় কারথানা খোলার জন্ম ব্যোতিবারু দুরে বেড়াচ্ছেন। এ কি সেই ব্যোতিবারু, যিনি বুটিশ সাম্রাজ্যবাদের বিক্দের বিক্ষোভ দেখাতে গিয়ে যথন স্বয়ং ম্যাকনামারা এগিয়ে এসেছিলেন, তথন ৭২ ঘণ্টা ধর্মঘট করেছিলেন ? ট্রাম কোম্পানীর ১৪টা ট্রাম পুড়িয়েছিলেন ? বিপ্লব হয়ে গেল ? আজ এই সমস্ত কারথানা থোলার দাবীকে বৃটিশ সাম্রাজ্যবাদীদের হয়ে সরাসরি দালালী করছেন। সারা ভারত ব্যাপী চীৎকার করে ভাসিয়ে দিচ্ছেন। জ্যোতিবাবুর বিপ্লব চলছে। রাইটার্স বিল্ডিংয়ে আজ জ্যোতিবাবুর প্রেতান্মা আছে। স্থার, আমি আপনার কাছে একের পর এক চিত্র তুলে ধরতে

চাই। পুলিশের একটা গেজেট নিয়ে এসেছি। কিভাবে পুলিশ প্রশাসনের মধ্যে দলবাজী চলছে তার নজির আছে এর মধ্যে। পুলিশ আজ পঙ্গু হয়ে পড়েছে। ক্যালকাটা পুলিশ গেজেট পাবলিশড ইন অক্টোবর ১২, ১৯৮৩। এটা পড়ে পরে আমি আপনার কাছে প্লেদ করছি। পুলিশের মধ্যে দলবান্ধীর চডাস্ত রূপ আজ নিয়েছে। এটা একটা ঐতিহাসিক ঘটনায় এসে দাঁডিয়েছে। বিনা কারণে আমরা চীৎকার করি না। এর মধ্যে বিশেষ একটা দিক আছে। সেটা প্রমাণ করার জন্মই এই পুলিশ গেজেট। রিটায়ার করে যাবার পর নতুন করে ২ বছরের জন্ম এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে। নতুন লোক নিতে পারতেন এখানে। মনে করলে দলের কোন বেকার ছেলেকে নিতে পারতেন, আমাদের বলার কিছুই থাকতে। না। তা ওঁরা করলেন না। ১৯৫৪ দালে চাকুরী যাবার পর রিটায়ার হয়ে যাওয়ার পর তাঁকে ২ বছরের এক্সটেনসন দেওয়া হয়েছে। বাড়ী থেকে ডেকে নিয়ে এসে তাঁকে বসিয়ে দেওয়া হয়েছে পুলিশে। তার চেয়েও ভয়ঙ্কর কথা শুনবেন । ১নং আইটেম পি-৯৭০৪-স্বদেশ রঞ্জন মিত্র, হেড কনষ্টেবল, এঁকে চাকুরী দেওয়া হয়েছে। ইনি সি. টু'র সবচেয়ে বড় নেতা। ২৪ বছর টাকা দেওয়ার পর, তু বছরের এক্সটেনশন দেওয়া হয়েছে। ২৪ বছরের বেশী হবে—১৯৫৪-১৯৮৪ পর্যস্ত বসিয়ে রেথে টাকা দেওয়া হয়েছে। এটা কিন্তু কংগ্রেস দলের কোন সর্বনাশ নয়। এতে সর্বনাশ আপনারা করেছেন বাংলাদেশের মামুষের। আজ পুলিশের মধ্যে কি অবস্থা চলছে লক্ষ্য করুন। চারিদিকে গুধু নৈরাজ্যের চিত্র। জ্যোতিবাবু কি যেতে পারেন যেখানে দেখানে ? উনি তো হোম মিনিষ্টার। কিছুদিন আগে—আপনার। সংবাদপত্তে বেরোতে দেখেছেন—পুলিশের গণ্ডগোল থামাতে গিয়েছিলেন ডি. সি হেড কোয়াট রি। ডি. সি. হেড কোয়ার্ট রিকে তারা সারা রাত ধরে মেরাও করে রেথেছিল। ভোরবেলা তিনি যথন বলেন তিনি ল্যাট্রিনে যাবেন, তখন তাঁর হাতে ছটো বোতল ধরিয়ে দিয়ে বলে, ওখানে গিয়ে ল্যাট্রিন করে আহ্বন। তারা তাঁকে মারতে পর্যস্ত উন্নত হয়েছিল। জ্যোতিবাবু হোম মেলেটারীকে সেগানে পাঠাতে পারেন নি। এই ধরণের অরাজকতা চলছে রাজ্যের সর্বত্ত। একের পর এক থানায় ও. সি-র পাশে রাখা হয়েছে কনষ্টেবলকে, যিনি পার্টির লোক। পার্টির ডিকটামে চলচে পলিশ বাহিনী। এই সব ঘটনার কথা আমি বললাম রাজ্যের মধ্যে কোন আইন-শৃঙ্খলা নেই বলেই। আইন-শৃঙ্খলার অবনতি ঘটে চলেছে লালবাজার থেকে আবস্তু করে নদীয়া, মূর্শিদাবাদ প্রভৃতি প্রত্যেকটা জেলাতেই। সব কিছুই হচ্ছে একটা পরিকল্পনা মাফিক। এই অবস্থাতেও যদি কোন প্রতিবাদ না হয়, তাহলে আগামী দিনে একটা সিভিল ওয়ার দেখা দেবে। দেখা দেবে নিজেদের মধ্যে ভয়ংকর মারামারি, কাটাকাটি। তপশীল জাতিদের মঙ্গল করার কথা বলা হয়। সেদিন সাতার সাহেব গিয়েছিলেন একটা গ্রামে। সেথানে সি. পি. এম. দলের লোক একজনকে ফসল কাটার সময় পিটিয়ে পিটিয়ে মারে। তারপর তাকে গাছে টানিয়ে রাখা হয় যা কিনা চোখে দেখা ষায় না। এই সব কীর্তির কথা বললে বলবেন এ সবই কংগ্রেসের লোক করেছে, ওরা সবাই সমাজ বিরোধী। জ্যোতিবাবুরা তো ইন্দিরা গান্ধীকে পর্যস্ত সমাজ বিরোধী বলে থাকেন, আমরা তো কোন ছার। তথু তাই নয়, আমাদের আমলে দেওয়া পাট্টা জমি কেড়ে নিয়ে নিজেদের লোকের মধ্যে বিলি করেছেন। একথা শুনে স্বয়ং ইন্দিরা গান্ধী পর্যন্ত ওঁকে ডেকে বলেছেন, আপনারা যে

সমস্ত কাজ করছেন, তাতে তিনি উদ্ধি হয়ে পড়েছেন। তবুও উনি বলবেন, এগুলোর একটারও কোন প্রমাণ নেই, প্রমাণিত হলে পদত্যাগ করব। প্রমাণ আমার কাছে দিন্তা দিন্তা আছে। আমি দাগ নম্বর দিয়ে প্রমাণ দিতে পারি। নম্বর আমি আপনার কাছে দিয়ে দিচ্ছি। ভূলু করণ, একজন সিডিউল্ড কার্ফ সম্প্রদায়ের লোক—এর জমি সি. পি. এম. দলের নিমাই বারিক ও পুলিন বারিক এরা নারায়ণ গড়ে থাকে, কেড়ে নিয়েছে।

हांश नং ७०৫, २১७, ७১१, २১२ । তারা আবেদন করেছে এবং প্রধান মন্ত্রীর কাছে লিথেছে । মি. পি. এম থেকে কেড়ে নেয়া হয়েছে—তার কেস নং ১৪/৬২১ ১৯৭৫-৭৬ এবং ১৯৮২-৮৩। এগুলি জ্যোতিবাবুকেও লেখা হয়েছে। আমি নিজেও বলেছিলাম। আমাদের প্রাক্তন এম. এল. এ রবিন বেরার সীমিত জমি তাতে তাকে চাষ করতে দেওয়া হয়নি, উচ্ছেদ করে দেওয়া হল। আমাদের যুক্তিবাদী নেতৃত্বের দ্যায় এসব জিনিয আমাদের দেখতে হচ্ছে। উদাস্ত পরিবারের, কল্যানী, স্থপনকে তারা খুন করেছে। তারা বুদ্ধ পিতা মাতা কিছু বলতে পারেনি। শুধু বন্দেমাতরম্ বলেছে বলে তাকে থন করা হল। মেদিনীপুরের অবিনাণ মাইতি একইভাবে লিগছে যে পূর্ব হতে ষে জমি তারা ভোগ দথল করছিল সেই জমি আজ তারা চাষ করতে পারছে না। তারা আজ আধ বেলা খেতে পায় না। তাকে তীর বল্লম দিয়ে আহত করা হয়েছে। এর ফলে সে কেস দায়ের করতে বাধ্য হয়েছে। এরকম চিঠি সব সভ্যরাই পান। উজ্জ্ঞলের কথায় বলব যে হলদিয়ার মণ্ট্ বলে একটি ছেলে তার বাবাকে খুন করেছে—২ বছর হল সে চলে গেছে, আজও তার কোন পাত্তা নেই। স্বতরাং একটু ভেবে এসব লেখা উচিত ছিল। তারপর ১১ নং প্যারাগ্রা.ফ বলেছেন ত्यम्मीली ७ छेशकां जिरमत करा मांकन कता शर्ष्य । छेखतरारा अर्मत कृषि छेमग्रानत करा राथारन প্রায় ১৬ কোটি টাকা খরচ করার কথা দেখানে ২ কোটি ৫০ লক্ষ টাকা মাত্র খরচ করেছেন। এদের ব্যবসা ইত্যাদি করার জন্ম ষষ্ঠ পরিকল্পনায় বরাদ হয়েছিল এক কোটি টাকা দেখানে ৩ বছরে খরচ হয়েছে ২ লক্ষ ৪১ হাজার টাকা। ম্যাচিং গ্রাণ্টও আংশিক দেবার চেষ্টা করা হয়েছে। বাকী সব টাকা হয় ফেরত গেছে, না হয় মার গেছে। এরফলে তপশীলীদের ক্ষতি হয়েছে এবং কাষ্ট হিন্দদেরও ক্ষতি হয়েছে। ষ্টেট বাস কোলকাতার মাত্রুষদের কাছে একটা ছুর্বিসহ ব্যাপার। এ নিয়ে আপনাদের মধ্যেও অনেক বিতর্ক হয়েছে যার জন্ম আপনাদের সরকার চালাবার কোন নৈতিক দায়িত নেই। আপনাদের বামফ্রণ্ট এ ব্যাপারে ভগু ডিভাইডেড নয়, ইট ইজ ফ্র্যাগমেনটেড। স্বতরাং মান্তবের কাছে বলা উচিত আমরা টুকরো টুকরো হয়ে গেছি। যতীনবাব এবং দি. পি. এমের কর্তাদের সংগে এ নিয়ে লড়াই হচ্ছে। সেজ্জ বলছি যে আপনারা সব কেলেস্কারী করে क्रिटका ।

### 4-40--4-50

আপনারা স্থালো টিউবওয়েল করবেন না, ডিপ টিউবওয়েল করবেন না, মান্থ্যকে চাকরি দেবেন না, আপনাদের প্রকাশিত তথ্য মান্থ্যের কাছে বললে আপনারা চিৎকার করবেন, একটা স্থ্যাপ্তালাস অবস্থা চলছে।

এবারে আমি স্টেট বাসের কথায় আদি। ওয়াল্ড ব্যাংকের শতামুষায়ী ১০ কোটি টাকার বেশী ভর্তু কি দেওয়ার কথা নয়, কিন্তু গতবার ১৮ কোটি টাকা ভর্তু কি দেওয়া হয়েছে। আপনারা যে ৪৫০ বাস কেনার কথা বলেছেন এই ৪৫০ বাস যদি কেনা হয় তাহলে ১১ শো বাস রাজ্ঞায় বেরুবার কথা। কিন্তু রাজ্ঞায় ৪৫০ বেশী বাস চলে না। আপনি যদি এয়ার কণ্ডিসান গাড়ী করে বৌবাজার থেকে তিন তলা বাড়ীতে যান তাহলে যাবার সময় দেখবেন রবীক্র সদনের সামনে ছেলে মেয়ে বুড়ো করে কাতারে কাতারে মায়ুষ দাঁড়িয়ে আছে বাসের জন্ম। আমি সংবাদপত্রে পড়লাম একজন বাস কণ্ডাক্টর নাকি সমস্ত বাস চালাচ্ছ। যেখানে একজন সিনিয়র আই এ এস'র যোগ্যতার প্রশ্ন আসে সেখানে যদি একজন কণ্ডাক্টরের যোগ্যতা থাকে তাহলে সেই যোগ্যতার মধ্য দিয়ে এতবড় একটা কাজ করতে পারা যায় না। আপনারা পার্টিবাজী করতে গিয়ে প্রশাসন এবং দেশের মায়ুষের সর্বাংগীন সর্বনাশ করেছেন, দেশকে ধ্বংসের পথে ঠেলে দিয়েছেন। সেজন্ম আজকে বার বার করে বলছিলাম এই ভাষণ অবৈধ ভাষণ শুঘু সংকীর্ণভার দোষে ছপ্ত তা নয় আগামী দিনে একটা ভয়ংকর দিনের ইঙ্গিত আছে এই ভাষণে।

স্থার, আর একটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব। জুট ইণ্ডাষ্ট্রি একটা মেজর ইণ্ডাষ্ট্রি। এই ইণ্ডাষ্ট্রিতে ২॥ লক্ষ লোক কাজ করেন। ইজমা বলে দিচ্ছে যে জুট নেই, আমরা লক আউট করব, দেজন্য ১৭/১৮ টা জুট মিলে ট্রাইক। আমি মৃথ্যমন্ত্রীকে বলব এসেনসিয়াল কমোডিটি যে এট্টাক্ট আছে সেই আইন মত সমস্ত র জুট নিয়ে নিন এবং নিয়ে ডিষ্ট্রিবিউট করার ব্যবস্থা করুন। কোন প্রাইভেট র জুট হোর্ডার জুট রাখতে পারবে না সেই ব্যবস্থা করুন। কিন্তু সরকার তাদের অর্থাম্থকল্যে পার্টির বাড়ী করার জন্য এই সর্বনাশ করেছেন। দেজন্য এই অসত্য ভাষণের গুধু সমালোচনাই করলাম না এর প্রতিটি ছত্ত্রের প্রতিবাদ করলাম। এই ভাষণের প্রতিটি ছত্ত্র স্বসত্য ভরা, এই ভাষণ বেআইনী, এই ভাষণ সম্পর্কে ব্যবস্থা নেওয়া উচিত।

শ্রীকমল সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্থব্রতবাবু স্থান্দিভাবে কতকগুলি অসত্য কথার মালা গাঁথলেন, সেই মালায় তাঁরা নিজেদের ভ্যিত করতে পারবেন কিন্তু পশ্চিমবঙ্গের মাস্থ্যকে ঠকাতে পারবেন না। স্থব্রতবাবু যে কথা বললেন সেই কথার মূল বিষয় হচ্ছে যেসমস্ত কাজ তাঁরা নিজেরা করেছেন, যে কাজ করে তাঁরা অতীতে রাজ্যচ্যুত হয়েছিলেন সরকারচ্যুত হয়েছিলেন সেই কাজগুলি এখানে বলার শ্বারা তাঁরা লোককে বোকাতে চাইছেন যে এটা দি পি এম'র লোকেরা করছে। আমি সেই সমস্ত তথ্য পরে জানাব। আমি বলছি পর পর যে সমস্ত মার্ডার হয়ে গেল সেই মার্ডারের তথ্য নিয়ে পুলিশ তাদের কাছ থেকে যেসমস্ত তথ্য বের করেছে, তারা যেসমস্ত বিবৃতি দিয়েছে, আদালতে তারা যেসমস্ত কথা বলেছে এবং এখনও বলছে তাতে প্রকাশ্যে সাধারণ মান্থ্যের চোথের সামনে কংগ্রেসের ভণ্ডামী, কংগ্রেসের নিজেদের আত্মন্তরীতা, কংগ্রেসের নিজজ্ব কাজকর্ম উদ্বাটিত হয়েছে।

আমি বুঝতে পারছিনা কেন স্বত্তবাবু তাদের সংগে নিজেদের বিচ্ছিন্ন করে একথা বলেন না যে, তাদের সঙ্গে আমাদের কোন সম্পর্ক নেই। আপনারা লক্ষ্য করে দেখবেন কোন ঘটনায় হয়ত একজন মান্ত্র খুন হয়েছে বা কোন নারীর উপর হয়ত বলাতকার করা হয়েছে এবং সেখানে পুলিশ কিছু লোককে গ্রেপ্তার করেছে। এই গ্রেপ্তার হবার পরই কংগ্রেস নেতারা চীৎকার স্বক্ করলেন, আমাদের লোককে গ্রেপ্তার করা হয়েছে। তারপর যথন প্রমাণিত হল যাদের গ্রেপ্তার করা হয়েছে তারা একজন নাম করা ছৃছতকারী, অসামাজিক লোক তথন তাঁরা চুপ হয়ে যান। এই ঘটনার দারা প্রমাণিত হয় কংগ্রেস আজ কোথায় গিয়ে পৌছেছে। আজকে কংগ্রেস হুনীতি-পরায়ণ, তদ্বতকারী এবং অসামাজিক লোকদের আড্ডাখানা তৈরী করেছে। যদি এ দের প্রশ্নয় না পেত তাহলে ওই উজ্জ্ল হত্যাকাণ্ডের প্রধান আসামী "থোকা" কংগ্রেস দপ্তরে বসে খুন করার পরিকল্পনা করতে সাহস পেতনা এবং খুন করার পর কংগ্রেসের সেই বাড়ী এবং দপ্তর ব্যবহার করতে পারত না। আপনারাই এদের আন্তে আন্তে বাড়িয়ে তুলেছেন এবং মেইজন্ম এইদব নিষ্ঠুর কাজ এরা করতে পারছে। আমি বলছি এর সমস্ত দায় দায়িত্ব আপনাদের ঘাড়েই গিয়ে পড়বে। অতীতে আপনারা আমাদের যেসব ছেলেমেয়ে, যুবক যুবতীদের বলিদান দিয়েছেন, কর্মীদের বলিদান দিয়েছেন তার দীর্ঘ তালিকা আমরা একের পর এক ছাপিয়ে দিয়েছি। আমাদের দলের কত মেয়ে ধর্ষিতা হয়েছেন তার তালিকা আমরা দিয়েছি। সেদিন কংগ্রেস যে কাজ করেছে তারজন্ম তাঁরা ধীকারের পাত্র। আজকে ডাঃ জয়নাল আবেদিন ওথানে বদে কিছু কিছু ফোড়ন কাটছেন। কিন্তু সেদিনে কথা কি তিনি ভূলে গেছেন? আমরা ফেদিন প্রথম সরকার গঠন করে এ্যাসেম্বলীতে আদি তথন কমিউনিস্ট পার্টির নেতা প্রমোদ দাশগুপ্ত এবং মাননীয় ম্থ্যমন্ত্রী জ্যোতি বস্থ বলেছিলেন, এতদিন কংগ্রেদ যা করেছে সেই পথ বামফ্রন্ট দরকার এবং আমাদের পার্টির কর্মীরা যেন গ্রহণ করে না, আমাদের কর্মীরা যেন কোন রক্ম বদলা না নেয় বা কোন কংগ্রেস কর্মীর গায়ে হাত না তোলে। এই কথা গুনে সেদিন জ্বয়নাল আবেদিন সাধুবাদ দিয়েছিলেন এবং বলেছিলেন এই হাউসে দাঁড়িয়ে, এই ঘোষণায় আপনাদের মনের প্রসারতা প্রকাশ পাচ্ছে। আজকে তিনি পুরোপুরি কংগ্রের মধ্যে চুকেছেন তাই এসব কথা আর বলতে পারছেন না।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** কোথায় এসব কথা লেখা আছে, রেকর্ড কোথায় ?

শ্রীকমল সরকার: বিধানসভার রেকর্ডে এই সমস্ত কথা লেখা আছে। পুরান রেকর্ড দেখলে সমস্ত কিছু পাবেন। আপনি এই বিধানসভার একজন পুরোন সদস্য, কাজেই মিধ্যার আশ্রম নেবেন না। আপনি আপনার চুলের সাদা অংশ কলপ দিয়ে কভার করলেও এটা ভো ঠিক বে আপনার বয়স যথেষ্ট হয়েছে। আমি বলছি, আপনি এরকম ছেলেমাফুষী করবেন না, এই পথ নেবেন না।

[4-50-5-00 P.M.]

আমি যে কথা বলতে চাচ্ছি দেটা হচ্ছে এই যে আজকে সকলের সামনে এটা উদ্ঘাটিত হয়ে গেছে যে কংগ্রেসের হাতে তাদের যে কর্মী আছে যারা কংগ্রেস অধিবেশনে পাহারা দিয়েছিল তারা রাতারাতি হত্যাকারীতে পরিণত হয়েছে, ছম্ভুতকারীতে হয়েছে। লোকের কাছে পড়ে তারা আঙ্গকে বলছে কংগ্রেদ সদস্য। কেন এই অবস্থা হচ্ছে বা হোল দেটা কি আপনারা বিচার বিবেচনা করছেন ? শুধু পশ্চিমবাংলায় নয়, পশ্চিমবাংলায় চিরকালই তো আপনারা অবহেলিত, সারা ভারতবর্ষে কি পরিস্থিতি হচ্ছে ? একটার পর একটা রাজ্য কংগ্রেস বিরোধী সরকার গঠন করতে চাচ্ছে। কেন করতে চাচ্ছে? কেননা আপনারা যেভাবে দ্ভ প্রকাশ করেছেন এবং যেভাবে দৌরাত্ম করে চলেছেন সেটা আর তারা সহ্য করতে চাচ্ছে না। তারা আজকে বিকল্প পথে চলতে চাইছে। এই কলকাতাতেই বিভিন্ন রাজ্যের নেতাদের মিটিং হয়ে গেল। তারা সবাই আজকে বামপম্বী বিকল্প সরকার গঠন করতে চাইছে আপনার। তো যাতা বললে হবে না। আপনারা কি লক্ষ্য করেছেন যে আমরা দিনের পর দিন সদস্য সংখ্যা বৃদ্ধি করতে পেরেছি। এবং আদ্ধকে আমরা এই জায়গায় এসে পৌছেছি। আপনারা তো অনেক বিভেদ স্বষ্ট করতে চেয়েছিলেন—কিন্তু পেরেছেন কি ? তারা সবাই মিলে এসেছে ভারতবর্ষে বিকল্প রাস্তা বের করবার জন্ম। পাঁচটি রাজ্য একত্রিত হয়ে সম্মেলন করেছে। লক্ষ লক্ষ মাস্ত্রষ তাদের পাশে আছে। এবং তারা ডাক দিয়েছে কংগ্রেসের বিকল্প পথে যাবার। আমরা আশা করি নিশ্চয় একটা বিকল্প রাস্তা আসবে ভাতে কোন সন্দেহ নেই। আত্মকে ভারতবর্গের যে অবস্থার স্ষষ্টি হয়েছে এবং মান্তবের চোথের সামনে যে ঘটনা ঘটছে সেই অবস্থায় মান্তব চূপ করে থাকতে পারে না ৷

# ( এ ভয়েস: —বাই ইলেকসনে কি বুঝলেন ? )

আপনারা যদি ব্যালট পেপার কারদাজি না করেন এবং স্ক্রষ্ঠ্ নির্বাচন যদি হতে দেন তাহলে পশ্চিমবাংলায় কোন জায়গায় আপনারা জিততে পারবেন না। কারণ পশ্চিমবাংলার মান্ত্র আজকে আপনাদের হাড়ে হাড়ে চিনেছে।

# ( এ ভয়েস: —বাই ইলেকসনের কথা এর মধ্যেই ভূলে গেলেন )

আবার বাই ইলেকসন আসবে। সেদিন আর আপনারা হাসবেন না। এবং সেদিনের জন্ম আমরা অপেন্দা করছি। যা হোক আমি একটা কথা এখানে তুলে ধরতে চাইছি। অবশ্ব আমাদের অন্যান্থ বক্তারা বিশদভাবে বলবেন। পশ্চিমবাংলার রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন সে দম্বন্ধে আমি কিছু বলতে চাই। স্বত্রতবাবুরা রাজ্যপালের বক্তৃতায় তিনি কিছু কিছু যাতে না বলেন তার ব্যবস্থা করেছেন। তারা যে যড়যন্ত্র করেছেন সেটা তিনি এই বিধানসভায় দজ্যের সংগে বলেছেন। আমি যে কথা বলভে চাইছি সেটা হচ্ছে এই যে তুটি বিষয় যেটা তাঁর ভাষণে ছিল

সেটা ওঁদের পরামর্শ মেনে নিয়ে ভাষণ থেকে বাদ দিয়েছেন। তবুও আমি বলছি তা সক্ষেও ষে কথা তিনি বলেছেন সে কথা তো অস্বীকার করতে পারেন না, যে এই রাজ্যের যে পরিস্থিতি ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় এতো ভাল যে তার তুলনা হয় না।

এই কথাটা তিনি বলেছেন। তিনি এর সঙ্গে এই কথা বলেছেন, পশ্চিমবাংলায় একটা সময়েতে নির্বাচনকে উপলক্ষ করে কিছু গোলমাল দেখা দিলেও সমস্ত বিষয়ট। শাস্তিপূর্ণ আবহাওয়ার মধ্যে রয়েছে এবং চলছে, এই কথাটা তিনি বলেছেন। তিনি আরও বলেছেন যে পশ্চিমবঙ্গ দরকার কতকগুলো কলকারথানা করতে চেয়েছিলেন, সেই কলকারথানার অনুমতি আজও ভারত সরকার—কেন্দ্রীয় সরকার দেননি। তা যদি দিতে। তাহলে অনেক আগেই পশ্চিমবঙ্গের উন্নতি পরিলক্ষিত হতো। আপনাদের যদি পশ্চিমবাংলার প্রতি দরদ থেকে থাকে তাহলে আপনাদের চেষ্টা করা উচিত ছিল, তা না করে, আপনারা নিজেরা নিজেদের মাথায় তালি বাজাচ্ছেন এবং বাহাাড়ম্বর করে রাজ্যপালের ভাষণের ঐ যে অংশ বাদ দেবার জন্ম ধন্তবাদ জানাচ্ছেন। কি বাদ গেছে, এটা আপনাদের জানার কথা নয়, আমাদেরও জানার কথা নয়, অথচ স্বতবাবু তার বক্তৃতার মধ্যে তা বলে গেলেন। খবরের কাগছে বেরোল, তার এক মানে হয়, কংগ্রেসের নেতা রাজ্যপালের সঙ্গে কথা বলেছেন বললে তার মানে অন্ত রকম হয়ে যায়। এইটুকু আমার ধারণা, জয়নাল সাহেবের বুড়ো বয়স হলেও তিনি এইটুকু আজকে বুঝতে পেরেছেন। সেই জন্ম বলছি, দেখানে যদি আপনারা বাধা না দিতেন, পশ্চিমবাংলার যে দাবী, সেই দাবী সম্পর্কে দোচচার হতেন, মেই দাবী নিয়ে যদি আপনারা ইন্দিরা গান্ধী এবং অন্তান্তদের কাছে চাপ দিতেন এবং সেই চাপের ফলে এথানে কিছু কিছু শিল্পকে গড়ে তোলা যেতে পারতো। পশ্চিমবাংলা শুধু স্বজলা স্বফলা নম্ন, পশ্চিমবাংলা শিল্পে এবং অক্তান্ত ক্ষেত্রে আরও বেশী ধনী হতে পারতো এবং অক্তান্ত রাজ্যের সঙ্গে কমপিটিশনে আসতে পারতো। আমি এই কথা বলছি না যে অন্ত রাজ্যের সঙ্গে এই রাজ্য আমরা সমান তালে চলবো। আমরা অন্ত রাজ্য থেকে এগিয়ে যাবো, এগিয়ে না যাওয়ার কোন কারণ নেই, যেখানে কয়লা আছে এবং অন্যান্ত সমস্ত ধাতু আছে, অন্তান্ত বিষয় রয়েছে, সেখানে আমাদের এগিয়ে না যাওয়ার কোন কারণ নেই। আমি এই প্রসঙ্গে আরও একটি কথা বলবো, ষে কথা স্কুব্রতবাবু একটু ছুঁয়ে গেলেন। চট শিল্প হচ্ছে আমাদের দেশের একটা প্রাগৈতিহাসিক শিল্প। ভারতবর্ষ এবং রাংলাদেশের পাট এবং পাট জাত দ্রব্য, অতীতের পট্টবস্ত্র যেথানে হয়, সেই চটকল আজকে বহু ভাবে আমাদের রাজ্যকে ধনী করতে পারতো। ৪০ লক্ষ্য কৃষক এর সঙ্গে জড়িত ছিল, এখন অনেক কমে গেছে। ২॥ লক্ষ শ্রমিক ছিল, তার সংখ্যা কমে গেছে। তাসত্তেও আমরা পাট দিয়ে পশ্চিমবাংলাকে সাজাতে পারতাম, হুতন হুতন শিল্প গড়ে তুলতে পারতাম। মাত্র ৬টি পরিবার, তাদের হাতে এই শিল্প রয়ে গেছে এই শিল্প। আমরা এখানে প্রস্তাব করেছিলাম, এই বিধানসভায় বারবার আপনাদের সঙ্গে একমত হয়ে, সহমত হয়ে প্রস্তাব গ্রহণ করেছিলাম যে এই শিল্পকে ভারত সরকারের নিম্নে নেওয়া উচিত, রাজ্য সরকারের নম্ন, কারণ রাজ্য সরকারের মুরোদ নেই এবং আইনেও পারে না। ইন্দিরা গান্ধীকে আপনারা যদি মানেন, তাঁকে গিয়ে জিজ্ঞাদা করবেন, আপনাদের সঙ্গে তাঁর দেখা হওয়ার স্থযোগ আছে কি না জানি না, আপনাদের সেখানে যাওয়ার ম্রোদ আছে কি না জানি না। তা সত্তেও আমি বলছি, তিনি আমাকে বলেছেন যে এই বিষয়টা ভারত সরকারের এবং ভারত সরকার দেখবেন এবং তিনি আমাকে বলেছেন—এথান থেকে এই বিধানসভার যে প্রতিনিধি দল তাঁর কাছে গিয়েছিলাম, আমাদের সমস্ত কথা শোনার পর তিনি বলেছিলেন চটের মালিকরা বড় শক্তিশালী, তারা দেবে না, থালি আমাদের কাছ থেকে টাকা চাইছে, আমরা বললাম আপনারা পাটকে কেন তাদের হাতে দিছেনে? আজকে ভারতবর্ষে চটশিল্প থাকবে কি না, তা আপনার উপর নির্ভর করছে, ভারতবর্ষে যদি চটশিল্পকে হাতে না রাখতে পারি, চীন এটা নিয়ে নেবে, বাংলাদেশ এটা নিয়ে নেবে। ইন্দিরা গান্ধী বললেন, কি ভাবে রাখবো? আমরা বলেছিলাম, ইতিমধ্যে আপনারা জানেন না চীনে বিপুল ভাবে পাট তৈরী হছে এবং সেখানে সেই পাট দিয়ে অতি উচ্চ জাতের চট হতে পারে। এখনও পর্যান্ত তারা বাইরে রপ্তানি করেনি, বিদেশে বানিজ্য করেনি। কিন্তু যখন রপ্তানি করতে শুক্ত করেনে, তখন সারা ভারতবর্ষের মাখায় হাত পড়বে। আমি জানি না তিনি এই বিষয়ে কি ভেবেছেন।

## [5-00-5-10 P. M.]

কোন কোন সংবাদপত্তের সাংবাদিক আমাকে বলেছিলেন ইন্দিরা গান্ধী ঠিক ইলেকসানের আগে এটা নিয়ে নেবেন। আমি তাকে বলেছিলাম আপনার মূপে ফুল চন্দন পড়ক, এই কথা যেন সত্য হয়। কিন্তু এই কথা সত্য হবে কিনা জানি না, ফুল চন্দনের অধিকারী হবেন কিনা জানি না। কিন্তু জুটের উপর আমাদের এই পশ্চিমবাংলার অর্থনীতি বিশেষ করে বিপুল ভাবে নির্ভরশীল। একটি মিথ্যা কথা চটকল মালিকরা বলছেন। ওরা প্রোডাকটিভিটি লিংক ওয়েজ চেম্নেছিলেন। তারপর তারা বলেছিলেন চীনে এটা আছে। সম্প্রতি চীনের একটি দল যব ছাত্র সম্মেলনে এথানে এসেছিলেন। একটি জায়গায় বিদায় সম্বন্ধনায় আমি তাদের সঙ্গে আলোচনা করেছিলাম। তাদের সঙ্গে আলোচনা করে জানতে পেরেছিলাম—তারা বলেছিলেন ওরা যেটা বলছেন সেটা সবই মিথ্যা। আমাদের ওথানে প্রোডাকটিভিটি লিংক ওয়েজ নেই। চীনে যেটা আছে সেটা হচ্ছে ত্রিস্তর শ্রমিক। প্রথম স্তর শ্রমিক হচ্ছে অতাস্ত স্থপিরিয়র কোয়ালিটির শ্রমিক. তারা দব কাজ পারে এবং তারা যে কেবল স্থাপিরিয়র কোয়ালিটির শ্রামিক তাই নয়—আমরা যাদের হাইলি স্কিন্ড শ্রমিক বলি তারা সেই স্তরের শ্রমিক। দ্বিতীয় স্তর হচ্ছে শুধু স্কিন্ড শ্রমিক। আর তৃতীয় স্তর হচ্ছে অর্ডিনারি শ্রহ্মিক। যারা কিছুই জানে না সেই রকম শ্রমিকদের অর্ডিনারি শ্রমিক বলতে পারেন। কিন্তু তাদের মধ্যে একটা জ্বিনিস আছে, সেটা হচ্ছে বেতনের থব তারতম্য নেই। চটকল মালিকরা যে প্রোডাকটিভিটি লিংক ওয়েজ করতে চাইছেন সেই রকম কোন জিনিস সেথানে পাবেন না। তাদের প্রোডাকটিভিটি যে খব বেশী এই বিষয়ে কোন সন্দেহ নেই। আই. জে. এম. এর আর একজন ওথানে গিয়েছিলেন। তিনি আমাকে বলেছেন ওদের মেশিন এমন *স্বন্দর*-

ভাবে রেখে দেওয়া হয় যে বোতাম টিপলেই কথা বলে, অর্থাৎ প্রোডাকসান শুরু হয়ে যায়। এই রকম মেশিনের কথা আমরা চিস্তাতেই আনতে পারি না। যেমন মেশিন ঠিক তেমনি প্রোডাকসান দেয়। আমি আই. জে. এম. এর সেই ভদ্রলোককে বলেছিলাম আপনারা কাজের কন্ডিসন অন্নুযায়ী, ভাতা, বেতনহার ইত্যাদি জিনিসগুলি সামগ্রিক ভাবে না দেখে একটি জিনিস থালি দেখলে কথনই তা পাবেন না। ওদের সঙ্গে আলোচনা করে বুশ্বেছি প্রোডাকটিভিটি লিংক ওয়েজ পাওয়া যেতে পারে অর্থাৎ প্রোডাকদান আরো অনেক বেশী বাড়ানো যেতে পারে শুধু প্রোডাকদান বাড়ালেই প্রোডকটিভিটি লিংক ওয়েজ হয় না। প্রোডাকটিভিটি লিংক ওয়েজ করলেই দেশের পক্ষে উপকার হয় না, স্বার্থের পক্ষে সেটা আদে না। সেই জন্ম বলছি আজকে চট শিল্প দেশকে বিপন্ন করে তুলেছে। প্রায় ৪৫ দিন হতে চলল ধর্মঘট শুরু হয়েছে। এই চট শিল্পের সঙ্গে ২॥ লক্ষ শ্রমিক জড়িত। এর সঙ্গে শুধু পশ্চিমবঙ্গের শ্রমিক জড়িত নয়, সারা ভারত-বর্দের বিভিন্ন রাজ্যের শ্রমিক এর সঙ্গে জড়িত। মধ্যপ্রদেশের রায়গড়, বিহার, উত্তরপ্রদেশের অধিকরা এই ধর্মটের সঙ্গে জডিত রয়েছে। আস্তের অধিকরা ২ দিন ধর্মঘট করার পরে তার। প্রত্যাহার করে নিয়েছে। অন্যান্য জায়গায় শ্রমিকরা ত্রদিন ধর্মঘট করার পরে প্রত্যাহার করে নিয়েছে। এমনকি ত্রিপুরাতেও একদিন ধর্মঘট করার পরে প্রত্যাহার করে নিয়েছে। পশ্চিম-বাংলার মানুষকে তারা সমর্থন জানিয়েছিলেন। হাজার হাজার লক্ষ লক্ষ শ্রমিক এর সঙ্গে জড়িত। আমরা দেখতে পাচ্ছি ছাত্র, যুবক, অক্সাগ্য স্তরের মাতুষ একত্ত হয়ে এগিয়ে এসে একে সমর্থন জানাচ্ছে। এই চটকল ধর্মঘট হচ্ছে জাতীয় আন্দোলনের একটা প্রতিক ১৯৩৭ সালে পণ্ডিত জহরলাল নেহেরু এখানে এমে চটকল শ্রমিকদের ধর্মঘটের পূর্ণ সমর্থন জানিয়েছিলেন। দেশবন্ধ পার্কে এর সমাবেশে মেদিন তিনি ভাষণ দিয়েছিলেন। সেখান থেকে ফিরে এসে তিনি বলেছিলেন আমার দেশের মান্ত্র্য এত বেশী চঃথ কষ্টের মধ্যে থাকে, এই কথা আমার জানা ছিল না। এই হচ্ছে জহরলাল নেহেরুর কথা। সেদিন থেকে এত দিন চলে যাবার পরেও চটকল শ্রমিকদের সঙ্গে অন্যান্য শ্রমিকদেরও আজ পর্যন্ত বাসন্থানের ব্যবস্থা নেই, থাকার ব্যবস্থা নেই, থাওয়া পরার মত বেতন নেই।

কংগ্রেসের লোকেরা, বাপুলীর মতন লোকেরা মনে করেন শ্রমিকদের কথা বলার সময় এবং জায়গা এটা নয়। আমি তাঁদের বলছি, এর আগে এই বিধানসভায় যথন ম্সলিম লীগ এবং কংগ্রেসের সদস্তরা ছিলেন তথন তাঁরা একযোগে বলেছিলেন, আগে চটকল শ্রমিকদের আন্দোলনের মীমাংসা হবে, তাদের দাবীর মীমাংসা হবে তারপর অধ্যক্ষ মহাশয় অক্যান্ত বিষয়ে আলোচনা হবে। কংগ্রেসীরা সেই রাস্তায় আজকে আর যাচ্ছেন না তাই তাদের এই তুরাবস্থা। স্থার, আমি মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে সেই প্রস্তাবের উপর আলোচনায় আমার মূল ভাষণ থেকে সরে এসে চটকল শ্রমিকদের সমর্থনে কয়েকটি কথা বললাম। স্থার, পরিশেষে আমি বলব, কংগ্রেসে যেসমস্ত অপগণ্ডরা আছে তাদের সরাতে না পারলে

কংগ্রেসেরও মৃক্তি নেই, জনগণেরও মৃক্তি নেই। এই বলে চটকল শ্রমিকদের দাবীর স্থমীমাংসা হবে এই আশা নিয়ে রাজ্যপালের ভাষণকে আমি স্বাগত জানাচ্ছি।

ভাঃ জন্মনাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বলার বিশেষ কিছু নেই, আমি এথানে গুনলাম এই সভার একজন প্রবীণ সদস্য শ্রীকমল সরকার মহাশয়, যদিও তিনি আমার অনেক পরে এই সভায় এসেছেন, তিনি হঠাৎ আমার বয়স নিয়ে নাড়াচাড়া করলেন এবং একটি অসংলয় উক্তি করলেন। তিনি বললেন, আমি নাকি চুলে রং করি। আমি আমার চুল এবং চূল জাতীয় বস্তু ওঁকে উপহার দিতে পারি, উনি এ্যানালিসিস করে দেখতে পারেন তাতে রং আবিক্ষার করতে পারেন কিনা। স্যার, তিরুপভির মন্দিরে চুল দেওয়ার রীতি আছে, আপনার এই মন্দিরে চুল দেওয়ার অহুমতি আপনি দেবেন কিনা সেটা বিবেচনা করে দেখবেন।

**ডাঃ মানস ভূঁইয়াঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণ সম্পর্কে আমাদের দলের চিফ হুইপ আগেই বলে গিয়েছেন যে মন্ত্রীসভার সদস্যদের বক্তব্য জোর করে তাঁকে দিয়ে পড়িয়ে নেওয়া হয়েছে। সাার, আমরা মনে করি, পশ্চিমবাংলার মাতুষের কথা যদি ঠিক ঠিক ভাবে রাজ্যপাল মহাশয়ের ভাষণের মধ্যে দিয়ে উপস্থাপিত করা হ'ত বা তার যদি স্থযোগ থাকতো তাহলে আজ এই ভাষণের বইটির মাধ্যমে আমরা যেসব কথা দেখছি বা পড়ছি তা না হয়ে এমন দব কথা থাকতো যা দেখে ঐ ট্রেজারি বেঞ্চের সদস্যরা এবং এমনকি আপনিও স্যার, অঁতিকে উঠতেন, স্যার, আমাদের দলের চিফ হুইপ বেদমস্ত তথ্য উপস্থাপিত করেছেন আমি দেগুলির পুনরাবৃত্তি না করে তাঁর না বলা কিছু দৃষ্টাস্ত এই সভায় আপনার মাধ্যমে উপস্থাপিত করে এই অসত্য ভাষণের বিরোধিতা করতে চাই। স্যার, আইনশৃংখলার কথা উনি বিস্তারিতভাবে বলেছেন, আমি আজকে মেনশান কেসে বলার সময় যে কথা বলতে চাইছিলাম, আপনি থামিয়ে দিয়েছিলেন সেই কথাগুলি এখন বলতে চাই। আমরা সংবাদপত্তের মাধ্যমে দেখলাম মাননীয় মৃখ্যমন্ত্রী, যিনি স্বরাষ্ট্রমন্ত্রীও বটে এবং যিনি একজন খুব বড় বিপ্লবী নেতা হিদাবে গত কয়েক বছর ধরে নিজেকে প্রতিষ্ঠিত করতে চাইছেন তিনি বলেছেন এবং তাঁর সংগে তার দলের সরোজবাবু তিনিও গলা মিলিয়ে বলেছেন,—স্যার, আমি ইচ্ছাকুতভাবে ঐ নামটা মেনশান করছি না, থেহেতু তিনি বলেছেন সেইহেতু বলছি—আমরা যদি বিপ্লব করে আসতাম তাহলে ৮০ ভাগ পুলিশকে তাড়িয়ে দিতাম। তা হয়নি তাই উজ্জ্ব হত্যা হবে, গ্রামে গ্রামে ডাকাতি হবে, লুঠ হবে, রাহাজানি হবে। স্যার, আপনি জানেন, এই বিধানসভার সদস্য মলিন ছোব মহাশয়কে এই আকাশবাণী ভবনের সামাত কিছু দূরে কয়েকজন লোক আক্রমণ করেছিল এবং তার কাছ থেকে ছিনতাই করেছিল এবং এই ঘটনায় জাঁর হাত কেটে গিয়েছিল।

AP(81-1/84)-12

[5-10-5-20 P.M.]

স্যার, সেক্ষেত্রে মুখ্যমন্ত্রী বলবেন যে আমরা তো বিপ্লব করে আসিনি তাই এগুলি হবে। আমি সেই কথা আপনার মাধ্যমে শ্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর কাছে জানতে চেয়েছিলাম যে সেই বিপ্লব আর কতদুরে যেদিন জ্যোতিবাবু কিম্বা ট্রেজারি বেঞ্চে যারা আছেন, তাদের চেয়ারম্যান সংবাদপত্তের মাধ্যমে হোক, বা মিটিং করে হোক বলবেন যে বিপ্লব সমাধা হয়ে গেছে, এখন আর চরী নেই, ডাকাতি নেই, রাহাজানি নেই, খুন নেই, ধর্ষণ নেই, কিছু নেই। আমি সেই দিনের কথা শুনতে চেয়েছিলাম। আমরা দেখলাম যে ৩নং ধারায় যা বলা হয়েছে, জ্বোর করে রাজ্যপালকে দিয়ে যা বলান হয়েছে তাতে বলা হয়েছে যে পশ্চিমবাংলায় আইনশৃংথলার পরিস্থিতি থুবই তাল এবং অক্সান্ত রাজ্যের তুলনায় ভাল। পশ্চিমবাংলায় পঞ্চায়েত নির্বাচনের ক্ষেত্রে একট বাড়াবাড়ি হয়েছে। সারা পশ্চিমবাংলার কথা ছেড়েদিলাম। মেদিনীপুর জেলায় কি হয়েছে সেটা একটু দেখন। আপনারা প্রায়ই বলে থাকেন যে কংগ্রেসের নিজেদের মধ্যে ঘন্দের ফলে খুন হচ্ছে, স্ব খন কংগ্রেদ করছে। মেদিনীপুর জেলার কেশপুর থানায় আপনাদের দলের মার্কদ্বাদী কমিউনিস্ট পার্টির মধ্যে লডাই হয়েছে। আমি নাম করে বলছি যে তরুণ রায় এবং জামসেদ আলীর লড়াই হয়েছে। জামদেদ আলী স্বর্গে গেছেন। তরুণবাবু জামদেদ আলীকে খুন করেছিলেন পার্টি অফিনের মধ্যে। পুলিশের এস পি আর কে. হাণ্ডার প্রায় ১০/১২ জনকে গ্রেপ্তার করেছিলেন। তার মধ্যে সবগুলি মার্কসবাদী কমিউনিস্ট পার্টির সদস্য। এরপরও কি জ্যোতিবাব বলবেন যে পশ্চিমবাংলায় যতগুলি খুন হয়েছে সবই কংগ্রেস করেছে, কংগ্রেসের অন্তর্দ্ধর ফল এটা ? আমি একটা ছোট দুষ্টাস্ত এখানে দিচ্ছি। মেদিনীপুর জেলার পটা শপুর থানার থিদিরপুর গ্রামের ৬নং অঞ্চল এর সি. পি. এম-এর ক্র্যক্সভার সম্পাদক ভাগবত নায়েক গৌর দাসকে মারধর করে। সে পঞ্চায়েত নির্বাচনে সি. পি. এম-এর টিকিটে জয়লাভ করে। সে সি. পি. এম-এর ভ্রষ্টাচার, তুর্নীতির বিরুদ্ধে রুপে দাড়ায় এবং তেরঙ্গা পতাকা নিয়ে কংগ্রেস দলে যোগ দেয়। উৎক্ষিপ্ত ভাগবৎ নায়েক ৬ নম্বর অঞ্চলের অঞ্চল প্রধান নামু রায়কে সঙ্গে নিয়ে গৌরকে মারে এবং তার হাতটা ভেঙে দেয়। এই ঘটনা ঘটে ১৭ই জাহুয়ারী। ১৯শে জাহুয়ারী সকাল বেলায় থিদিরপুর গ্রামের প্রধান এবং বিষয়দের ১১টি বাড়ী লুঠ হয় এবং বাড়ীতে বোম পড়ে। ৮ মাসের একটি শিশু সন্তান এখনও শুদ্ধু হয়ে আছে, দে কান্নাকাটি করতে পারছে না। কানাই জানা ১৫/২০ বিঘা জমির মালিক। সে স্কাল বেলায় দোকানে তেল আনতে গিয়েছিল তার মাধায় টাংগী পড়লো। সে বিষয়দের বাড়ীর ষেথানে ছাগল বাধা থাকে সেথানে লুটিয়ে পড়লো এবং মারা গেল। কানাই জানা তো জোতদার ছিল না? জেলা প্রশাসনের এস. পি., আর. কে. হাণ্ডা খবর পেয়ে সি. আই-কে নিয়ে স্পটে এলেন এবং ২০ জন লোককে সেথানে গ্রেপ্তার করা হল। ভাগবত নায়েকও গ্রেপ্তার হলেন চরীর মাল সমেত, লুঠের মাল সমেত। নামু রায়, ইলেকটেড অঞ্চল প্রধান, ৬ মন্বর অঞ্চলের আজও ফেয়ার। ৬ লরী মাল উদ্ধার করা হয়েছে। পটাশপুরের সি. পি. আই-এর

সদশ্য এথানে বদে আছেন, তিনি সমস্ত ঘটনা জানেন। তিনি অবশ্য ঐ সমস্ত বাড়ীর মহিলাদের নিয়ে ডেপুটেশানে গিয়েছিলেন পটাশপুর থানায় তাদের রক্ষা করার জন্য। এই সমস্ত ভৃদ্ধতকারীরা দি. পি. এম-এর কর্মী। আমরা কি দেখলাম ? আমরা দেখলাম যে ২৪ ঘণ্টার মধ্যে হাণ্ডার সাহেবকে কলকাতায় ডি. সি. ট্রাফিক করে ট্রাস্পানর করে দেওয়া হয়েছে। আবার শুনছি, মেদিনীপুর জেলার ডি. এম, অমিত কিরণ দেবকে একটা চিঠি ধরানোর পর্ব চলছে। এই তো প্রশাসনের অবস্থা। আমি যে কথা বলছি, আপনারা তো চোর, শুণ্ডা মন্তানদের শাস্তি বাহিনীর নাম করে মার্কেটে ছেড়ে দিয়েছেন এবং বলা হছে ডি. সি., কমিশনার আমাদের সামনে হাট। এই হছে চোর, এই হছে গুণ্ডা, এই হছে আদালত। আমরাই বিচারক, আমরাই পার্টি, আমরাই পুলিশ, আমরা যা বলবো তাই করতে হবে।

এই পরিস্থিতির কবে অবসান হবে? এই প্রশ্নই আমি আমার বক্তব্যের মধ্যে দিয়ে রাথতে চাইছি। স্থার, আমি সমগ্রহ পশ্চিমবন্ধকে বাদ দিয়েও যদি তথু মাত্র মেদিনীপুর জেলাকে ধরি এবং দেখানকার চিত্র যদি আমি আপনার সামনে তুলে ধরি তাহলে আপনি তা দেখে চমকে উঠবেন, শিউরে উঠবেন। মেদিনীপুরের দাসপুর, কেশপুর, সবং, গড়বেত, ভগবানপুর প্রভৃতি থানায় এমন একটাও গ্রাম দেখতে পাবেন না যেথানে আজকে অত্যাচার হচ্ছে না। এমন একটাও গ্রাম দেখাতে পাবেন না যেখানে মান্তবের বাডি ঘর লঠ করা হচ্ছে না। এমন একটাও গ্রাম দেখাতে পাবেন না যেখানে ক্লয়ক সভার সংগঠন করার নাম করে নিরীহ গ্রামবাসীদের কাছ থেকে ৫০০/১০০০/২০০০/৩০০০ টাকা লুঠ করা হচ্ছে না। এমন একটাও গ্রাম দেখাতে পাবেন না যেথানে জ্যোতিবাবুর দলের লোকের বিরুদ্ধে পুলিশ কেস হয়েছে এবং সেই কেস চালাবার জন্ম সাধারণ মামুষের কাছ থেকে জ্বোর করে টাকা পয়সা আদায় করা হচ্ছে না। আজকে এই অবস্থা হচ্ছে গোটা পশ্চিমবাংলার আইন-শৃশ্বলা পরিস্থিতির। অথচ এই মন্ত্রীসভা সংবিধানের একটা ধারার স্রযোগ নিয়ে রাজ্যপালকে দিয়ে জোর করে তাঁদের নিজেদের কথা বলিয়ে নিয়েছেন। তাই তো আজকে রাজ্যপালের ভাষণের বিরুদ্ধে আমাদের বক্তব্য। স্থার, এথানে রাজ্যপালের ভাষণের ২৪ নং অমুচ্ছেদে বলা হয়েছে, পশ্চিমবঙ্গের বেকার যুবকদের কর্মসংস্থানের স্থােগ স্ষ্টির জন্ম কুটির ও ক্ষুদ্র শিল্প স্বষ্টির জন্ম প্রকল্প পিছু ২৫,০০০ টাকা করে সাহায্য দেওয়া হবে। এই শাহায্য দেওয়ার জন্ম নাকি রাজ্য সরকার এগিয়ে এসেছেন! এই সমস্ত কথা আজকে রাজ্যপালের মুথ দিয়ে এই মন্ত্রীসভা বলিয়েছেন। অথচ আমরা জানি বেকারদের ২৫,০০০ টাকা করে দাহায্য দেওয়ার প্রকল্পের কথা গত ১৫ই আগন্ধ প্রধান মন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী তাঁর ভাষণের মধ্যে দিয়ে ঘোষণা করেছেন। স্বাধীনতা দিবদের প্রাক্ষালে তিনি যে ভাষণ দিয়েছিলেন তাতে তিনি ঘোষণা করেছিলেন সারা ভারতবর্ষে আড়াই লক্ষ রেজিষ্টার্ড বেকার যুবককে ২৫,০০০ টাকা করে ক্ষুত্র ও কুটির শিল্প গড়ে তোলার জন্ম সাহায্য দেওয়া হবে। আমরা জানি আমাদের এই রাজ্যে গত ২৮শে আগষ্ট দিল্লী থেকে সেই সাকু লার এসেছে। সাকু লারটি এসেছিল ফর্ম দি মিনিষ্টি অফ্ ইণ্ডাইল। এ এম. এম. কৃষ্ণান, তিনি এই দপ্তরটি দেখেন, তিনি সার্কু লারটি পাঠিয়েছিলেন।

আশ্চর্য্যের ব্যাপার দেখুন, দিল্লী থেকে আগষ্ট মাসে সার্কুলারটি এসেছে, অথচ জেলা রেজিষ্টি অফিসের জেনারেল ম্যানেজার সেই সার্কুলার চেপে রেখে গত ১৬ই অক্টোবর তিনি প্রত্যেক ব্লকের উদ্দেশ্যে সার্কুলার পাঠিয়েছেন এবং বিভিন্ন বি. ডি. ও. অফিসে তা গিয়ে পৌছেছে গত ২০শে অক্টোবর এবং ২০শে অক্টোবর ছিল হুর্গা পুজোর ছুটির দিন। আরো আশ্চর্য্যের বিষয় হচ্ছে বামফ্রণ্ট সরকার মূল সাকু লার চেপে রেখে তার সঙ্গে চক্রাস্ত করে একটা নতুন জিনিষ জুড়ে দিয়ে বললেন, যারা তিন বছর বেকার ভাতা পেয়েছে তারা এ বিষয়ে অগ্রাধিকার পাবে। আমরা তথন জিজ্ঞাসা করলাম যে, মূল সাকু লারের কথায় এ-কথা আছে ? আমরা তথন ক্ষুত্ত কুটির শিল্প দপ্তরের মন্ত্রী মহাশরের কাছে গিয়ে তাঁকে বললাম যে, কোথায় সাকুলারে ওকথা আছে, তা আমাদের একটু দেখান। কেন্দ্রীয় সরকারের সার্কুলারের মধ্যে ওরকম একটাও লাইন নেই যে, বেকার ভাতা না পেলে এ্যাপলাই করা যাবে না। এঁরা নিজেদের ক্যাডারদের ২৫,০০০ টাকা করে পাইয়ে দেবার জন্ম এই লাইনটি গুঁজে দিয়েছিলেন। আমরা দেখলাম এই চক্রান্ত করা হয়েছিল। তারপরে ঐ সময়ে পুজোর ছুটির মধ্যে সাকুলার প্রচার না করে চেপে রেথে দিয়ে-ছিলেন। স্বচেয়ে আশ্চর্যের ব্যাপার আজকে রাজ্যপালের ভাষণের মধ্যে মূল সভ্যকে স্বীকার পর্যান্ত করা হয়নি। মাননীয়া প্রধানমন্ত্রী যে এই প্রকল্পটি রচনা করেছেন, একথা বলতেও এঁদের আপত্তি। বাজ্যপালের ভাষণ তো মন্ত্রীসভা রচনা করেছেন, স্কৃতরাং রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে এটা স্বীকার করলেন না যে, এটা প্রধান মন্ত্রীর নির্দেশ অন্ত্রসারে ত্যাশনাল প্রগ্রাম, এটা পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের কোন প্রগ্রাম নয়। এখানে এঁদের হীনমন্মতার প্রকার রাদ্যপালের ভাষণের মধ্যে দিয়ে ফুটে উঠেছে। আমরা যথন লক্ষ করলাম যে, প্রকল্পের টাকটো চক্রাস্ত করে এঁরা নিজেদের দলের ক্যাভারদের মধ্যে বিলি করে তার থেকে ৫০% পার্টি ফাণ্ডে নেবার চক্রাস্ত করছে, তথন বেকার যুবকরা জেলাস্তরে ডেপুটেশন দিল। ফলে এঁরা ঐ সাকু লার উইথড় করতে বাধ্য হলেন। প্রবর্তীকালে আমরা দেখলাম যে, কেন্দ্রীয় সরকারের সাকু লারের কোথাও লেখা নেই যে, যারা এই প্রকল্পে সাহায্য পাবে তাদের সাড়ে তিন বছর বেকার ভাতা পেতে হবে। তার পরে বলা হলো পঞ্চায়েতের সার্টিফিকেট লাগবে। স্থার, আমরা জানি মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির লোক না হলে কোন বেকার যুবক পঞ্চায়েতের কাছ থেকে ইনকাম সার্টিফিকেট পাবে না এবং সত্যিই আজকে হাজার হাজার যুবক সার্টিফিকেট পাচ্ছে না। কারণ আমরা জানি আজকে পশ্চিমবাংলায় বেশীরভাগ যুবকই মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি করে না, তারা জাতীয়তাবাদে বিশ্বাসী, তাই তারা ছত্ত্র-পরিষদ এবং যুবকংগ্রেসের সঙ্গে যুক্ত। সরকারী দল আজকে তাদের গ্রাস করতে পারেনি বলেই কলকাতা বিশ্ববিদ্যালয় এবং কল্যাণী বিশ্ববিদ্যালয়ে ঐ-সমস্ত জিনিষ ঘটছে।

## [5-20-5-30 P·M.]

তাই আমি অত্যন্ত ক্ষোভের সঙ্গে উদ্বেগ প্রকাশ করছি এই ধরনের যে ডিস্টোরসান হয়েছে তার বিরুদ্ধে। মিনিমাম সৌজন্তুমূলক অভিব্যক্তি ফুটে উঠবে বক্তব্যের মাধ্যমে এবং প্রধানমন্ত্রীর

ন্তাশনাল প্রোগ্রামের এই স্বীকারোক্তি ভাষনের মধ্যে আশা করেছিলাম যেটাকে ইচ্চাক্তভাবে রাজ্যপালের ভাষণে রাখেন নি। সংবিধানের স্থযোগ-স্থবিধা হাতের মধ্যে রেখে দিয়েছেন। এবার স্বাস্তা বিভাগ সম্বন্ধে কিছু বলি। আপনি জানেন, গত বিধানসভা শেষ হবার পর থেকে আজ অবধি পশ্চিমবাংলার সমস্ত স্বাস্থ্য কেন্দ্রে এবং উপস্বাস্থ্য কেন্দ্রে কি নৈরাজ্য সেথানে চলছে। স্বাস্থ্যমন্ত্রী মহাশয় পাগলার মতন আবোল-তাবোল বকছেন, বিভিন্ন জায়গায় নানা রকম মন্তব্য করছেন। আপনি শুনলে অবাক হয়ে যাবেন, ৩০০ পোষ্ট গ্রামীণ স্বাস্থ্যকেক্স থালি পড়ে আছে, ডাক্তারদের অভাবে চিকিৎসা হচ্ছে না সেখানে ৮৬ জন সি. পি. এম. মার্কা ডাক্তারকে যারা ২০ বছর ধরে প্রাকটিশ করছে তাদেরকে বাড়ী থেকে জোর করে তুলে নিয়ে এসে কলকাতার বুকে স্থপী ডিউটিতে এ্যাপয়েনমেন্ট দেওয়া হয়েছে। এদেরকে এাাড হক ভিত্তিতে দিন তাতে আমাদের কোন আপত্তি নেই, এমারক্তেন্দি ভিত্তিতে দিন তাতে আপত্তি নেই। যেথানে কোন ডাক্তারের দরকার নেই, প্রয়োজন নেই সেখানে পার্টিবাজি করার জন্ম, দলবাজি করার জন্ম, হাসপাতালের প্রশাসনক কক্তা করার জন্য নিজেদের দলের লোকদের বসিয়ে দেবার চেষ্টা করেছেন। এগুলি সমস্তই বে-আইনী। এই ধরনের কোন কথা বক্তৃতার মধ্যে নেই। একদিকে হাসপাতালের ওম্বধ নেই. ব্যাণ্ডেজ নেই অথচ ম্যানেজমেণ্ট কমিটি করে দিয়েছেন। কারা কারা এই ম্যানেজমেণ্ট কমিটিতে আছেন ? গুণ্ডা মন্তানদের ধরে নিয়ে এসে হাসপাতালের ম্যানেজমেণ্ট কমিটিতে চুকিয়ে দিয়েছেন। আর এদিকে মুখ্যমন্ত্রী মহাশয় ঘোষণা করে দিয়েছেন মন্ত্রীরা এবং সদস্যরা হাণপাতালে চিকিৎসা করাবেন না, দরকার হলে বেলভিউ অথবা উডল্যাণ্ডে যাবেন চিকিৎসা করাতে। এর থেকে লজ্জার আর কিছু নেই। সরকারী হাসপাতালে কেন যাবেন না ? কারণ সেথানে নিরাপত্তার অভাব বোধ করছেন। স্বতরাং স্বাস্থ্যমন্ত্রী কি হিসাবে এই দপ্তর চালাচ্ছেন ? পরিশেষে আমি আর একটি কথা বলি। বয়কট বলে একটি শব্দ আত্ম প্রায় ৭ বছর ধরে গুনে আগছি। গ্রামে গ্রামে প্রতিনিয়ত এই বয়কট চলে আসছে। ট্রেজারী বেঞ্চের মাননীয় ১৮৬/৮ের এই বয়কটের রোগ এমনভাবে ধরে গেছে যে আচার্যকে পর্যন্ত বয়কট করছে। সম্প্রতি ২৫ ফেব্রুয়ারী কল্যাণী বিশ্ববিভালয়ে তারই নুগণ্য রূপ প্রকাশ পেল। তাই আমি রাজ্যপালকে দিয়ে প্রভানো এই অসতা ভাষণের তীব্র প্রতিবাদ করে আমার বক্তবা শেষ করচি।

শ্রীহিমাংশু কুমার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য ডা: মানস ভূ ইয়া মহাশয় যেকথা বললেন, মেদিনীপুর জেলার কেশপুর গ্রামের ভক্তণ এবং সামসেদ আলি বিরোধ করে নিহত হয়েছে এই অভিযোগ সম্পূর্ণ অসত্য।

#### (शानमान)

শ্রীভক্তি ভূষণ মণ্ডল: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এই হাউদে মাননীয় গভর্ণর যে স্পীচটি দিয়েছেন তারজন্য নিশ্চয়ই তাঁর কাছে আমরা ধ্বাবাদ স্চক প্রভাব পাঠাচ্চি এবং সেটাকে

আমি সমর্থন করছি। তবুও কতকগুলি জিনিস আমাদের দেখতে হবে, সেটা বিচার বিবেচনা করে দেখা উচিত। আমার মনে হয় ২০ বছর, ২৫ বছর আগে যেমন এ্যাদেশ্বলী চলত এখন দেই ধরনে চালাতে গিয়ে আর থাপ থাইয়ে চলতে পারছে না। আমাদের বক্তব্যগুলি অন্য ধরণের হওয়া উচিত। আগেকার দিনে বক্তৃতার সঙ্গে আজকের বক্তৃতার যথেষ্ট পার্থক্য থাকা উচিত। এইজন্ম বলছি যে আরা পৃথিবীটা ছোট হয়ে গেছে এবং লড়াইটা হচ্ছে ডেভালাপিং কানট্রি বনাম ডেভালপ্ ড কান্ট্র। এটার পরিপ্রেক্ষিতে সমস্ত বিষয়টা যদি না আনি তাহলে আমরা যদি স্টে থিংকিং করি তাহলে কিছু হবে না। অর্থাৎ সারা বিশ্বে লোকেরা শোষিত হচ্ছে ডেভালাপ ড ক্লাদের খারায় এবং আমাদের দেশ দেই জায়গাতে, অর্থাৎ ভারতবর্ষের যে কেন্দ্রীয় দরকার তাঁরা কয়েকটি ক্ষেত্রে শোষিত হচ্ছেন এবং সেই শোষণটা পুরো মাত্রায় আমাদের ঘাড়ে আরও চাপাবার চেষ্টা করেছেন এইজন্য এই অবস্থা হয়েছে। এটা ঘটনা যে আমরা ইচ্চা করলেও গরীব মামুষদের ভাল করতে পারব না, এবং এটা আমরা স্বীকার করি যে যতটুকু পারি এই চেষ্টা চালাচ্ছি। একথা সত্যই যে, যে স্পীচটি তিনি দিয়েছেন তাতে ফ্যাকচুয়াল ষ্টেটমেণ্টগুলি আছে। কিন্তু এটা ইন্টারলিংক, ইন্টারক্যাশাক্যাল। তারপর আহ্বন ক্যাশাক্যাল এবং তারপরে আমদের পশ্চিমবঙ্গের যে এ্যাদেশ্বলী সেই এ্যাদেশ্বলী। এর পরিপ্রেক্ষিতে যদি বিচার না করি তাহলে আমার মনে হয় এখন ঠিক হল না। কারণ প্রবলেমটা এক্সপ্নয়টেড ক্লাসকে নিয়ে এবং সেই সঙ্গে সঙ্গে প্রবলেমস অফ পার্লামেন্টারিয়াজিম এই জিনিস্টা ভালভাবে যদি না বুঝি তাহলে কিছু হবে না। ওপক্ষ আমাদিগকে বলেন এই হয়েছে, এই হয়নি তাতে কিছু হবে না এবং তাঁরা যে বিরোধী ভূমিকা নিয়েছেন সেই বিরোধী ভূমিকাটা নেওয়া হচ্ছে না। ত্রুথের বিষয় আজকে আমরা দেখছি লীডার অফ দি অপোজিসন আবার আসতে পারেন নি। সমস্ত বিষয়টা হচ্ছে সামগ্রিক দষ্টিভঙ্গী নিয়ে আজ আমাদের এ্যাড্রেসটা দেওয়া হয়েছে। আমি এইজন্য বলছি প্রায় ৪১টা প্যারাগ্রাফ আছে, এর মধ্যে এক, ছই তিন ধরে মেঠো বক্ত,তা করেছেন তারা, কিন্তু এ্যাসেম্বলীর বক্তৃতা করা হয় নাই।

আমি এজন্য বলছি যে আমাদের তুটো সমস্যা, একটা হচ্ছে ইনফ্লেশন আর একটা হচ্ছে আন এমপ্রয়মেণ্ট, আমরা যদি এ তুটো কানেকটেড না করি, রাজ্য সরকার যদি সেন্ট্রাল গভর্গমেণ্টের সঙ্গে কানেকটেড না করেন তাহলে এর উত্তর দেওয়া যায় না। ইনফ্লেশনের জন্ম দায়ী কারা? ইনফ্লেশন কি হিসাবে আসছে? এখন দেখুন, আমি বলছি আজকে চিস্তা করা হচ্ছে কেন ইন্টারন্থাশানাল ইনফ্লেশন হচ্ছে? ভারত সরকারকে ওয়াল্ড ব্যাঙ্ক থেকে টাকা দেওয়া হচ্ছে, আই. এম. এফ. এর টাকা কণ্ডিসন করে নিতে হচ্ছে। ভারত সরকারের মানি মার্কেটিংয়ের যে এ্যাপারেটাস সেটা নোট ইস্থ্য করছে। ওপেন মার্কেটিংয়ে যে ব্যাংক অপারেশন আছে সেই ব্যাংক অপারেশনটা তাঁদের হাতে আছে।

#### 5-30-5-40 P. M· ]

এই সমস্ত মনিটারী এ্যাডভানটেজ এবং ডেফিসিট বাজেটই ইনফ্লেশন বাডাচ্ছে। কাজেই তাঁরা যদি এইভাবে ইনফ্রেশন বাড়িয়েই যান তাহলে বামক্রণ্ট সরকার, যার লিমিটেড পাওয়ার আছে. সে সত্যিকারের কিছু করতে পারেনা। যার হাতে মনিটারী কণ্ট্রোল নেই, সে কি করে ইনফ্রেশন कर्कों न कत्रत ? এগুলো ভাবতে হবে। काष्ट्रिं धी होन ना, श्री होनना वल नां उत्हें। আমি বলছিলাম ইনফ্লেশন কার্ব করা যায়। ইনফ্লেশন কথন কার্ব করা যায় ? যথন সিষ্টেম চেঞ্জ হয়। অর্থাৎ যথন ধনতান্ত্রিক সরকার, এথানে সেন্ট াল গভর্গমেন্ট, উচ্ছেদ না হবে ততক্ষণ পর্যস্ত ইনফ্লেকশন কণ্টোল হবে না। তাঁরা ঘতই উপদেশ আমাদের দেবার চেষ্টা করুন না কেন. আমাদের পক্ষে কিছু করা সম্ভব হবে না। কিন্তু আমার মনে হয় একটা ট্রানজিশন পিরিওডের জন্ম আমরা রিলিফ পেতে পারতাম। সেটা হচ্ছে, অস্ততঃ পক্ষে কিছু করুন না করুন, যে ১৪টি বা ২০টি এসেনসিয়াল কমডেটিজ আছে—সেগুলো দেশের মাহুষের ক্রয় ক্ষমতার কথা বিবেচনা করে সারা ভারতবর্ধে দেবার চেষ্টা করা। যদি এটা দেওয়া হয়, তারপরই কেবল বামফ্রণ্ট সরকারের কথা উঠতে পারে যে তাঁরা ডিষ্ট্রিবিউশান ঠিকভাবে করেছেন কিনা ? কিন্তু আদৌ যদি না দেন তাহলে ইচ্ছা থাকা সত্ত্বেও দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখা ছাড়া মাহুষের জন্ম কিছুই করতে পারবোনা আমরা। আর একটি জিনিষ হচ্ছে আন-এমপ্লয়মেন্ট সমস্তা। এই আন-এমপ্লয়মেন্টে ব্যাপারটাও ঠিক এইভাবেই আসে। ধনতান্ত্রিক ব্যবস্থা যতক্ষণ থাকবে, ততক্ষণ এই সমস্থা দূর করা যাবে না। তার কারণ হচ্ছে, যারা ইন্টারপ্রিনোয়ার, একচেটিয়া পু'জিপতি, তারা তাদের টাকা—যেটা ইউটি-লাইজ করা উচিত ফর দি ইণ্টারেষ্ট অফ দি নেশন—সেটা তারা করেন না। তাদের ইনভেই-মেন্টা হয় পুঁজি বাড়াবার স্বার্থেই। কারণটা হচ্ছে, যথন সে দেখে যে চাল, গম, ডালের উপর ইনভেষ্ট করলে এক টাকা লাভ হচ্ছে, কিন্তু যদি কুকুরের বকলেস তৈরী করবার জন্ম টাকা ইনভেষ্ট করা যায় তাহলে পাঁচ টাকা লাভ হবে—সেক্ষেত্রে দে পাঁচ টাকা লাভের জন্ম লাকশারী গুড্সের উপরই ইনভেষ্ট করবে, সাধারণ মাস্থবের প্রয়োজনীয় এসেনশিয়াল কমোডিটিজের উপর ইনভেষ্ট করবেনা। এর ফল হিসাবে সাধারণ মাম্ববের হঃখ-কষ্টই বাড়বে। কাজেই পুঁজিবাদকে আগে উচ্ছেদ করতে হবে। আপনারা বাঁরা কংগ্রেসী বেঞ্চে আছেন, আমরা বাঁরা এদিকে আছি— আমাদের রাজনৈতিক মতাদর্শে তফাৎ আছে। কিন্তু যদি সাম আপ্ করা যায় তাহলে দেখা যাবে যে সিডিউল্ড কাষ্ট এবং সিডিউল্ড ট্রাইবসের কথা ওঁরাও বলেন, আমরাও বলি। কিন্তু ওঁদের সত্যিকারের পলেটিক্যাল ক্ষমতা কথনও দেওয়া হয়েছে কি ? আমরা—মিডল্ ক্লাস পিপ্ল, সমাজের ইনটেলেকচুয়ালন্—ক্ষমতা ব্যবহার করি, অথচ আমরা বলি গরিব মান্তবের ভাল করবো, সিডিউল্ড কাষ্ট এবং সিডিউল্ড ট্রাইবসের ভাল করবো। কিন্তু এইভাবে কথনই ভাল করা যায় না। রাজনৈতিক ক্ষমতা যে শ্রেণীর হাতে থাকে সেই শ্রেণীই সবচেয়ে বেশী স্থবিধা পায়। এইভাবে মাম্বকে হয়তো থানিকটা পাইয়ে দিতে পারি কিছ প্রক্লত কথা হচ্ছে রাজনৈতিক ক্ষমতা ধদি হাতে না আদে তাহলে ভাল করা যায় না। আমার যাতে ভাল হবে সেটা নিশ্চয়ই বলবো।

কারণ আমরা ক্রিটিসিজিম করি। নিজেদের যেমন ক্রিটিসিজম করতে হবে তেমনি আপনাদের যেটা ভুল হচ্ছে তারও ক্রিটিসিজম করতে হবে। আমি এটা আপনাদের বল্ছি, এটা আপনার। বিচার বিবেচনা করে দেখবেন। আমি বলচ্চি না প্রাইম মিনিষ্টার অফ ইণ্ডিয়া ইন্দিরা গান্ধী হটে গেলেই ইণ্ডিয়া স্বৰ্গ রাজ্যে পরিণত হবে। আমার বক্তবা হলো ইন্দিরা গান্ধীর যে সিসেট্র সেই সিস্টেম যদি সম্পূর্ণ ভাবে নষ্ট করতে না পারি তাহলে গরীব মান্তবের ভাল করা যাবে না। ইন্দিরা গান্ধী চলে গেলে হয়ত মোরারজী দেশাই বসবেন। কিন্তু তাতে কোন ফল হবে না। আসল কথা হচ্ছে এই ধনতান্ত্ৰিক সিপ্টেমকে পাণ্টাতে হবে। যদি আপনারা গরীব দ্রদী হন তাহলে এই সিস্টেমকে চেঞ্চ করুন। গরীবদের ভালো করবো এটা কেবলমাত্র মুখে বললেই হবে না। আমি চীন দেশের কথা বলছি, আমি নিজের চোথে দেখে এসেছি যে রুরাল এরিয়ায়— আপনার। চিস্তা করতে পারবেন না—সমস্ত মামুষের ইনফ্রেসান বাডেনি। আপনার। সেধানে গিয়ে দেখে আস্থন চীন দেশ লড়াই করে কি করেছে। তারা যে কমিউন সিস্টেম তৈরী করেছে সেই ব্যাপারে আপনারা একটু পড়াশোনা কক্ষন তাহলেই জানতে পারবেন। সেগানে যে সমস্ত আনএমপ্লয়েড ম্যান আছে তাদের নিয়ে প্ল্যান এয়াও প্রোগ্রাম তৈরী হয়েছে। দেখানে আজকে শতকরা একভাগ আনএমপ্রয়েড ম্যান আছে। কেন না তারা ১০ ক্লাস পাস করার প্র যুখন কলেজে যায় তথন সে যদি আনএমপ্রয়েড থাকে তথন স্ক্রিনিং করে টেমপুরারী এমপ্রয়েমণ্ট দেওয়া হয়। আমি যেটা বলছি সেটা প্রত্যেক দোসালিষ্ট কানটিতেই দেখতে পাবেন। আপনারা তো রাশিয়া যাবার জন্ম ছোটাছটি করেন এবং ইন্দিরা গান্ধীও যান, দেখানে গিয়ে দেখে আজুন কি হচ্ছে। আমি যে আনএমপ্রয়মেন্টের কথা বলভি সেই আনএমপ্রয়মেন্ট সলত প্লানিং ছাড়া হয় না। আর একটা কণা বলছি যেটা শুনলে অবাক হবেন, ১৯৫২-৫৩ সালে যে প্রাইস লেভেল ছিল ১৯৮০ সাল পর্যস্ত সেম প্রাইস লেভেল আছে। এই কথা আমি আপনাদের সামনে বলছি। এটা যদি না হয় তাহলে পরে একদিন এই ব্যাপারে বলবেন। অর্থাৎ ভেবে দেখুন যেথানে প্রাইজ লেভেলের ইনডেম্ক নাম্বার ৫০০-৬০০ যদি ১৯৩৮ সালকে বেসিক প্রিয়ড ধরা হয়—সেখানে বেড়ে ৮০০-১০০ হয়ে গিয়েছে ১৯৮০ সালে। সেথানে যে সিস্টেম আছে, আপনারা চেষ্টা করুন খাতে ভারতবর্ষে এটা হতে পারে। যদি তা না করতে পারেন তাহলে মামুষের ভাল করা যাবে না। কেবলমাত্র এখানে এসে চেঁচামিচি করলেই কাব্দের কাব্দ হবে না। আমি বলছি কি অবস্থা দাঁড়িয়েছে। একজন গভর্ণর ক**ন্সটিটিউসনালি ক**রেছেন, আইনের ক্ষেত্রে তাঁকে যা বলানো হয় তাই তিনি বলে যান। This is the irony of a capitalist structure of society.

#### [5-40 -5-50 P.M.]

আমাদের বক্তব্যে যেগুলো ভাল আছে, সেগুলো আপনারা গুলুন। একথা আমি এইজন্ম বলছি যে, এটা হচ্ছে ডিবেট। তর্ক বিজকের মধ্যে দিয়ে যাতে আসল জিনিসটা বেরিয়ে আসে, সেই জন্মই এথানে ডিবেটের ব্যবস্থা। এথানে মাননীয় সদস্য সত্যরঞ্জন বাপুলী মহাশয় বিরোধিতা করছেন। উনি নিজেও হয়ত আমাদের পদ্ধতিকে ভাল বলে মনে করেন, কিন্তু বলার কোন অধিকার ওর নেই। ওঁকে আমি বলছি যে, ব্যক্তিগত ভাবে আক্রমণ করে কথনও কিছু বলি না বা ওঁর বিরুদ্ধে কোন বক্তব্যও আমি রাখছি না। আমি কেবল এথানে যে সিস্টেম চালু আছে, তার উপরেই বলছি। আমাদের মধ্যেও হয়ত থারাপ কিছু থাকতে পারে। কিন্তু একটা কথা এথানে না বলে পারছি না—সেটি হচ্ছে উনি ওকালতি করেন, আমি ওঁর বিরুদ্ধে কিছু বলছি এমন অন্থমান করেন কিভাবে তা বৃক্তে পারি না। এই বইটিতে যা লেখা আছে, তার উপরেই এক একটি বিষয়ে সম্বন্ধেই আমরা এথানে আলোচনা করি। আপনারা বইটির সমস্ত প্যারাগ্রাফ পড়ে দেখে বলুন, ফ্যাক্টের কোন ভূল এখানে আছে কিনা। গভর্ণরের যা বক্তব্য বইটির মধ্যে লেখা আছে, তা সমস্তই আমি পড়েছি। এই স্টেটমেন্টকে ক্রিটিসাইজ করা যেতে পারে—ইন দিস সাইড অর ভাট সাইড। কিন্তু আমি চ্যালেঞ্জ করে বলছি, ফ্যাক্টের কোন ভূল আছে বলে আপনারা প্রমাণ করতে পারবেন না। যেহেতু এর মধ্যে ফ্যাকচুয়াল স্টেটমেন্ট আছে, সেইহেতু আমি একে সমর্থন জানাই। আপনাদের রাইট আছে স্টেটমেন্টের উপরে অনেক কিছু বলার। এখানে যা বলা হয়েছে, তা হয়ত ভাল লাগতে না পারে আপনাদের। কিন্তু মাননীয় বন্ধুদের কাছে জানাই, আপনারা এর মধ্যে ফ্যাক্টের কোন গণ্ডগোল আছে যদি দেখাতে পারেন তাহলে আমি খ্রশী হব। এই বলে মাননীয় রাজ্যপালের ভাষণকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকাশীনাথ মিশ্রেঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল মহাশয় বিধানসভাতে যে বক্তব্য রেখেছেন, তাকে আমাদের দলনেতা প্রতিবাদ করেছেন। আমিও এই বক্তব্যকে প্রতিবাদ জানাচ্ছি। ভারতবর্ষের সংবিধান অহুয়ায়ী, প্রধানমন্ত্রী এবং তার ক্যাবিনেটের বক্তব্য রাষ্ট্রপতি যেমন লোকসভাতে বলেন, বিভিন্ন বিধানসভায় শাসক দলের সরকারের এবং তার ক্যাবিনেটের বক্তব্য রাজ্যপালকে যথারীতি পাঠ করতে হয়। পশ্চিমবাংলার বামক্রণ্ট সরকারের বক্তব্য মাননীয় রাজ্যপাল মহাশয় ঠিক তেমনিভাবে আমাদের সামনে রেখেছেন।

যোর সমস্তাগুলি রাজ্যপালের বক্তৃতার মধ্যে থাকা উচিত ছিল সেগুলি আমরা দেখতে পাইনি যার জন্য আমরা সংশোধনী প্রস্তাব দিয়েছি, যদিও বিধানসভায় এখনও পর্যস্ত তার সবগুলি পাইনি । সরকারী দলের পক্ষ থেকে যেসব কথা বলেছেন তার মধ্যে চটকল সমস্তার কথা আছে । আমরা কি আশা করতে পারি না চটকল সমস্তার প্রতিকারের কথা তাঁর ভাষণের মধ্যে থাকবে পূ কোলকাতা বিশ্ববিদ্যালয় নিয়ে বলব । সেখানে ক্রমাগত যেসব ঘটনা ঘটছে উপাচার্য নিয়ে গলিয়ে এবং সরকারী দলের যিনি উপাচার্য হতে পারেননি তার পরিপ্রেক্ষিতে আজ্বকে শিক্ষা জ্বগতের সংক্রে বাঁরা জড়িত তাঁরা আশা করেছিলেন কোলকাতা বিশ্ববিদ্যালয় নিয়ে কিছু কথা রাজ্যপালের ভাষণে থাকবে এবং ১০০ বছরের পুরাণো এই বিশ্ববিদ্যালয়ের সমস্তগুলি প্রতিক্ষলিত হবে । অর্থাৎ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন উন্নতি সাধনের কথা এই বক্তব্যের মধ্যে থাকবে । কিন্তু সেসব কথা রাজ্যপালের ভাষণের মধ্যে নেই । আমরা বর্তমানে প্রতিনিয়্নত যেটা লক্ষ্য করছি সেটা হচ্ছে আইনশৃংখলার প্রশ্ন । আজকে মেনসানের সময় সরকারী দলের প্রতিনিধিরা যেসব

কথা বলেছেন আমরা কি তা থেকে দিদ্ধান্ত করতে পারি না। যে পশ্চিমবাংলায় আইনশৃংথলা একটা দ্রবন্ধার মধ্যে চলছে, প্রশাসন বলতে কিছু নেই, পুলিশের মধ্যে অস্থিরতা দেখা যাছে, পুলিশ স্থপার ঘেরাও হছে। অর্থাৎ দেখানে এমনভাবে ভ্যাকুরাম স্বষ্ট করা হছে যাতে করে একটা অরাজকতা স্বষ্ট হছে। বাঁকুড়া জেলায় ৭জন ডি. এম, এস. পি. এর মধ্যে বদলী হলেন যা অক্তর্ধপভাবে পশ্চিমবাংলার সর্বত্ত চিত্ত। রাজ্যপাল ভাষণে বলেছেন পঞ্চায়েত নির্বাচনের সময়ে পশ্চিমবাংলার আইনশৃংখলা কিছুটা প্রকট হয়েছিল এবং এখন কিছুটা সাবলীল গতিতে চলছে। কিন্তু প্রতিনিয়ত খন, ডাকাতি, রাহাজানি, ট্রাক ছিনতাই প্রভৃতি চলছে। এবং প্রতিনিয়ত স্বরাই দেখরে সে সংবাদ যাছে। সেখানে আমরা কি আশা করতে পারিনা রাজ্যপালের ভাষণে সেসব চিত্ত পরিনার থাকবে? কিন্তু সেসব কিছু নেই। মধুস্থদন বাউড়ী ১৫ ২ তারিথে প্রকাশ্র দিবালোকে বাঁকুড়ার বিশ্বকণা সিনেমার সামনে খন হল। পুলিশ কি জানেনা কারা সেই খুনী? সেইভাবে বিভিন্ন ঘটনায় যেসব ভৃত্বতকারী আছে পুলিশ কি তাদের ধরতে পারেনা। উজ্জলের হত্যাকারীকে যদি পুলিশ ধরতে পারে, তার মৃতদেহ যদি উদ্ধার করতে পারে তাহলে পুলিশ সব পারে। কিন্তু তারা তা করেনা।

#### [5-50-6 00 P.M.]

সেইসব চিত্রগুলি আমাদের চোথের সামনে ভাসছে। ভক্তিবাবু এবং আমাদের সকলের চিন্তাধারা যেখানে এক, আমরা প্রত্যেকেই যেখানে চাচ্ছি যে দেশে শান্তি হোক, দেশে খুন-খারাপি বন্ধ হোক, দেশের প্রগতি হোক, সেথানে ছঃথের বিষয় আইন-শৃংথলার বিস্তারিত বিবরণ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই। মাননীয় রাজ্যপালের ভাষণে অফুনত জেলাগুলির দূরবস্থার কোন উল্লেখ নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখুন দরকারের দেওয়া অর্থ কিভাবে বেপরোয়াভাবে দলীয় প্রভাবে প্রভাবিত হয়ে সেগুলির বিলি বন্দোবস্ত হচ্ছে। বাঁকুড়া জেলার সদর থানার ১টি অঞ্চলে আই আর ডি পি লোনের জন্ম যাদের প্রান্তিক চাষী হিসাবে সিলেকশান করেছে পঞ্চায়েত থেকে ভারা ২০ হাজার টাকা ধান বিক্রি করেছে। তারা ১২ হাজার টাকা আই আর ডি পি লোন পাচ্ছে। মার্ডার কেনে যুক্ত আছে, লোয়ার কোর্টে পানিশমেণ্ট হয়েছে, হাইকোর্টে আপিল হয়েছে তার টাকা যোগান হয়ে আছে আই আর ডি পি লোন থেকে। আর তার পাশে যেহেতু কংগ্রেস করে, যেহেতু সরকারী দলের সাথে যুক্ত নয় সেইহেতু তাদের এই লোন থেকে বঞ্চিত করা হচ্ছে। একবার লোন নিয়ে দেনাগ্রস্ত অবস্থায় আছে, দেই অবস্থায় আহির নামে বা অন্ত ছেলের নামে আবার লোন নিচ্ছে। এই পদ্ধতিগুলি পরিবর্তন করা দুরকার। এই ব্যাপারে সরকারের দৃষ্টি আকর্ষণ করলে কোন প্রতিকার হয়না যেহেতু কংগ্রেমের ব্যক্তি বা কংগ্রেসের এম এল এ-রা জানাচ্ছে। বামজ্রুট সরকার সেগুলি চিন্তা ধারার মধ্যে আনেন না। पाष्ट्रक मिछनि यहि ठिखाधातात प्राप्ती निष्य पाना श्रा मिथान यहि देवसग्रमूनक पाठता ना হয় তাহলে যে উদ্দেশ্যে আই আর ডি পি প্রকল্প ষেটা রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকার যৌথভাবে চালাচ্ছেন সেটা আরো বিস্তার লাভ করবে। আছকে সমবায়ের লোন

আদায়ের জন্ম নোটিশ জারি করতে হয়েছে। সমবায়ের লোন আদায় হছে না।
১৯৭২-১৯৭৭ সালে কত লোন আদায় হয়ে ছিল? আজকে সেথানে কেন লোন
আদায় হছে না? একদিন আপনারাই যাদের বলেছিলেন লোন নিলে লোন শোধ করতে হবে
না আজকে সেটা আপনাদের কাছে বুমেরাঙ হয়ে ফিরে এসেছে। আজকে সমবায়ে কোটি কোটি
টাকা বাকি আছে, ঋণ পরিশোধ হছে না। পরিবইন মন্ত্রী বলেছেন ৭'৭০ কোটি টাকা বাকি
আছে, পরিশোধ হছে না। এই অবস্থায় সরকারের এমন একটা চিন্তা-ধারা থাকরে যে চিন্তা-ধারা
প্রত্যেকটি ক্ষেত্রে প্রযোজ্য হবে, সেথানে নিরপেক্ষভাবে কাজ করা হবে, তাহলেই তার একটা
স্কল্ল পাওয়া যাবে। কিন্তু সেথানে ব্যক্তিক্রম ঘটছে বলেই আমরা বিভিন্নভাবে সমালোচনা
করছি। আমরা ছয়্ম সববরাহ ক্ষেত্রে বার্থতা লক্ষ্য করছি। ভারতবর্ষের অন্যান্য রাজ্য থেকে
ছয়্ম সরবরাহ করার জন্ম মাননীয় মন্ত্রীকে ব্যবস্থা করতে হছে। আমাদের ছয়্ম উৎপাদনের যে
ব্যবস্থা ছিল সেটা বার্থ হল কেন ? সে সম্বন্ধে মাননীয় রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই।
পরিবহনে কোটি কোটি টাকা অনাদায়, রাস্তায় বের করা বাসগুলি কেন চলছে না, কেন
পরিবহন ব্যবস্থা একটা অব্যবস্থার মধ্যে চলছে, বিধানসভায় নতুন বিল এনে সি এম টি সি'র
চেয়ারমানে করলেন তবুও কেন সেথানে লোকসান যাছে তার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে
নেই।

এই যে অব্যবস্থা চলতে তার প্রতিকার আমরা কিন্তু রাজ্যপালের ভাষণের মধ্যে দেখতে পাচ্চি না। আল স্কেল ইনডাষ্ট্রিস এবং অন্যান্ত ইনডাষ্ট্রির ব্যাপারে যে সমস্ত লগ্নী করার কথা বা যে সমস্ত লেটার অব ইনটেণ্ট আপনারা পেয়েছেন ভাতে শিল্পমন্ত্রী এবং ক্ষদ্র শিল্পমন্ত্রী যদি আমাদের জানান ভাহলে খুশী হব যে আমাদের এই পশ্চিমবাংলাতে কেন কেন্দ্রের দেয়া ভরতুকী ঠিকমত ব্যয়িত হচ্ছে না বা আসছে না ? অন্যান্ত সেটি-এর তুলনায় আমাদের এই অবস্থা কেন দয়া করে জানালে খুশী হব। রাজ্যপালের ভাষণের মধ্যে এ সম্বন্ধে আমরা কিছু দেখছি না। ভারপর সবচেয়ে বছ প্রশ্ন হচ্ছে ওই ২৫ হাজার টাকা দেবার ব্যাপারে যে ব্যবস্থা করা হয়েছে সেখানে দেখছি বৈষম্যমূলক আচরণ। গ্রামীণ শিল্প, কুটির শিল্পের ক্ষেত্রে ওই একই অবস্থা চলছে এবং এগ ফলে গ্রামগুলি শ্বশানে পরিণত হয়েছে। আপনারা যদি বাজেট বরান্দ বাড়িয়েই থাকেন ভাহলে গ্রামিণ কেন এত হাহাকার এবং গ্রাম থেকে মান্ত্রগুলো শহবে আসছে কেন ? আপনারা গ্রামীণ অর্থনীতিকে তুর্বল করছেন কেন ? কাজেই রাজ্যপাল মহাশয় যে ভাষণ দিয়েছেন আমি তার প্রতিবাদ করছি এবং এই ব্যাপারে যে সমস্ত সংশোধনী আমাদের দলের তরফ থেকে দেওয়। হয়েছে এবং বিশেষ করে আমি যেগুলি দিয়েছি সেগুলি গ্রহণ করবার জন্ম আপনার মাধ্যমে আবেদন জানিয়ের বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকারঃ একটা ঘোষণা আছে। কাল বেলা ১২টায় আমার চেম্বারেরেজিলিউসনের ব্যাপারে লটারি হবে। যে সমস্ত মাননীয় সদস্ত উপস্থিত থাকতে চান তাঁর। আসবেন। শ্রীঅমতেক্স রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর ধন্তবাদ জানিয়ে যে প্রস্তাব আনা হয়েছে আমি তার সমর্থনে আমার বক্তব্য পেশ করছি। আমি আশা করেছিলাম বিরোধীদলের চিফ তুইপ তাঁর বক্তৃতার ধরনটা পান্টাবেন। কিন্তু তুঃথের সঙ্গে লক্ষ্য করলাম তিনি তাঁর বক্তৃতার ধরন পান্টাননি। আজ পর্যস্ত যতদিন তাঁকে হাউসে বক্তব্য পেশ করতে দেখেছি সেই চিরাচরিত প্রথায় আজও তিনি বক্তব্য পেশ করলেন। মাননীয় রাজ্যপাল তাঁর বক্তৃতায় প্রতিটি প্যারাগ্রাকে নির্দিষ্টভাবে কতগুলি তথ্য দিয়েছেন এবং বলেছেন গত বছরে আমরা কি কাজ করতে পেরেছি এবং আগমী বছরে কি কাজ আমরা করতে চাই। প্রথমেই উচিত ছিল বিরোধীদলের যে কোন বক্তার বিশেষ করে বিরোধীদলের অন্যতম নেতার সেই তথ্যগুলি মিথে। প্রতিপন্ন করার চেষ্টা করা। অথবা তাঁরা আর একটা পথ নিতে পারতেন—জানিনা কেন তাঁরা সেই পথ নিলেন না।

#### [6-00-6-10 P. M.]

তিনি এই কথা বলতে পারতেন যে কি টাকা নিয়ে আমরা কাজ আরম্ভ করেছিলাম। আমাদের হাতে যে টাকা ছিল তার অঙ্ক এথানে বলে দেওয়া আছে। আমাদের হাতে মাত্র ২১০৭৯ কোটি টাকা ছিল এবং সেই টাকা নিয়ে আমরা কাজ আরম্ভ করেছিলাম। এবং সেই টাকাতে আমরা এই টুকু কাজ করতে পেরেছি দে বিষয়ে কোন সন্দেহ নেই। এই কাজ যে যথেষ্ট নয় সেটা আমাদের থেকে বেশী আর কেউ জানে না। আমরা এর থেকে আরও বেশী কাজ করতে চাই এবং বেশী কাজ করতে চেয়েছি। কিন্তু কাজ করতে গেলে টাকার প্রশ্ন সব চেয়ে আগে এদে পড়ে। আমাদের হাতে যে টাকা আছে তার থেকে আরও বেশী যদি আমদানি না করা যায় তাহলে কাজও এর থেকে বেশী হতে পারে না, এই কথাটা বলার দরকার হয় না। এর আগে আমি আসি যে আমরা যেভাবে টাকা সংগ্রহ করেছি সেই কথার দিকে। আজকে ভারতবর্ষের অর্থনৈতিক বিলি ব্যবস্থা যাদের হাতে আছে তাদের যেভাবে আমাদের সাহায্যে এগিয়ে আসা উচিত ছিল সেইভাবে তাঁরা এগিয়ে এসেছে কিনা। এবং তার হিসাবগুলি একট্ আমরা দেখি তাহলে সব পরিষ্কার হয়ে যাবে যে বাস্তবিকভাবে আমরা কিরকমভাবে টানাটানির মধ্যে কাজ করবার চেষ্টা করেছি। স্থত্রতবাবু যে কথা বলেছেন, ভাল কথা, যে দেউলিয়া সরকার তো আমর। কি করতে পারি? তিনি একজন নেতা হিসাবে এথানে এসেছেন। কিন্তু তিনি দুয়া করে এটা মনে রাথবেন যে দেউলিয়া সরকার শুধু পশ্চিমবাংলা সরকার নয়, থোদ দিল্লীং সরকার একটা দেউলিয়া সরকার। আর দেউলিয়া সরকার যদি দিল্লীর সরকার হয় তাহলে তুণু পশ্চিমবাংলা সরকার কেন সমস্ত সরকারেরই দেউলিয়া সরকার ছাড়া আর কোন আখ্যা হতে পারে না। স্থতরাং মনে রাখতে হবে যে বেসিক লিমিটেসনটা কোথায়। তাদের একটু মগজ ধোলাই দরকার এবং সে সময়ও আসছে। আমরা সীমিত সম্পদের কথা তো বলিই। আর তা শুধু এ রাজ্যেই নয়। কিন্তু আজকে পশ্চিমবাংলাতেই এই কথা উঠেছে। কেন না পশ্চিমবাংলায় আজ একটা নৃতন এক্সপেরিমেণ্ট স্থক হয়েছে। একটা নৃতন দল ক্ষমতায় এসেছে। এর আগে কারা রাজত্ব করেছে। সমস্ত স্তাবকের দল এখানে এই রাজ্য চালিয়েছে। তাদের কোন ক্ষমতা ছিল কি যে দিল্লীর মৃথের উপর মৃথ তুলে কথা বলতে পারে ? তাদের সে হিম্মত ছিল ? দিল্লী ষেভাবে বলেছে সেইভাবে তাদের চলতে হয়েছে। পদলেহীর দল স্তাবকের দল, চাটুকারের দল সেইভাবেই চলেছে। তাই আজকে এই অবস্থা এবং তাই আজকে লিমিটেড পাওয়ারের কথা তুলতে হয়েছে। বিরোধী দলের সদস্তরা এবং নেতারা বৃক্ধতে পারছেন যে আমরা কাজের ভিতর দিয়ে দেখিয়ে দিচ্ছি যে কোথায় সেই লিমিটেসন। লিমিটেসন-এর প্রশ্ন এবং সেটা শুধু এখানে নয় দিল্লীতেও এই প্রশ্ন উঠবে যে ইন্দিরা গান্ধীও সেই লিমিটেসনে ভূগছেন। দিস টাইপ অব লিমিটেসন, ক্যাপিটেলিষ্ট সিসটেম আজকে আছে এবং তার যয়না কোথায় সেটা তারা বৃক্ধতে পারছেন।

সেই ক্যাপিট্যালিস্ট সিমটেমের বেসিস, রটন ট দি ভেরি কোর, তার ভিত্তিতে আজকে আপনারা চালাচ্ছেন। নৃতন দেশ তৈরী করবেন? ঐটাকে কি বলে? ঐ ভাবে পাধরের সোনার বাটি কোন কালে হবে না। বিকল্প ইট হজ ইয়োর ওন সিসটেম, আপনারা বলতে সাহস করছেন না, বলবেন না আপনারা, বিকজ ইউ হাভ গট ক্লাস ইনটারেস্ট। এই সিসটেমকে আপনারা টি কিয়ে রাখতে চান। এই সিমটেমকে আপনারা ৪০ বছর ধরে চালিয়ে আসছেন। যা করে যাচ্ছেন, সেটা আবাধে করে যেতে পারেন না, আপনারা ডিফিটেড, গত ৪০ বছরের ইতিহাস তা প্রমান করে দিয়েছে। ইয়োর সিসটেম হাজ ডিফিটেড, ইউ হাভ ডিফিটেড, এয়াবসলিউটলি ডিফিটেড এবং একটা রটন ট দি ভেরি কোর, এই সিসটেমটাকে নিয়ে এক্সপেরিমেট করছেন বলে আজকে আপনার। এই জায়গায় এদে দাঁড়িয়েছেন। আর আমাদের বলছেন मिडिलिया। एमडिलिया एवं जाननाता, ত। এथन ७ जाननाता (वास्क्रन नि। এই हिमादित मध्य ना গিয়ে আমি হু একটি কথা বলি, কোন জায়গায় দাঁড়িয়ে, আজকে লিমিটেশনের কথা বলেন, সেলফ রিলায়েন্সের কথা বলেন, দেশকে গড়ে তুলবেন ? কি ভাবে গড়ে তুলবেন ? আছকে অন্ত কথা বাদ দিই, ৫৮ হাজার কোটি টাকা এক্সটার্নাল এবং ইন্টার্নাল লোন যা নিয়েছেন, তা কোথায় গেছে ? টাকার হিসাবটা দিতে পারেন ? এই ৫৮ হাজার কোটি টাকা কেন্দ্রীয় সরকার যে লোন নিয়েছেন এক্সটার্নাল এবং ইণ্টার্নাল লোন তার হিমাব দিতে পারবেন ? গত ৪০ বছরে ৫৮ হাজার কোটি টাকা কোথায় ইনভেস্টেড হয়েছে, দেখাতে পারেন? ওভার ডাফ্ট নিয়েছি বলে দেউলিয়া আমরা হয়েছি। আপনারাই দেউলিয়া হয়েছেন, গোটা দেশকে দেউলিয়া করেছেন। গোটা দেশের সঙ্গে সঙ্গে পশ্চিমবাংলা স্বর্গ রাজ্য হতে পারে না হয়তো বলবেন, এতই যদি থারাপ অবস্থা তাহলে এসেছি কেন? তার জবাবটাও শুনে রাখুন। এই জন্ম এসেছি—স্বার্থে সংঘাত আজকে সারা ভারতবর্ষকে ছেয়ে ফেলেছে। আপনারা জোতদার, আমরা চাযী। তাই আপনারা মালিক ও মালিকের দল, আমরা চাষী, মজুরের দল। মনে রাথবেন, আপনারা গত so বছর ধরে ক্ষমতায় থেকে মজুরকে ঠেন্দিয়েছেন, চাষীকে ঠেন্দিয়েছেন। সেই জন্ম আজকে ক্ষমতা ধদি

আমাদের হাতে থাকে, তাহলে আমরাও আপনাদের ঠেদিয়ে একটু হাতের স্থ্য করে নিতে পারবাে, এই স্বথােগ আমরা ছাড়বাে না। এতদিন খুব স্থ্য আপনারা করেছেন, যা খুসী করেছেন, এবার সেই জন্ম একটু পালা বদল হয়েছে। সেই জন্ম আমরা ক্ষমতা পেয়েছি এবং আমরা এই ক্ষমতা হাতে রাথার চেষ্টা করবাে। এই ক্ষমতা হাতে নিয়ে যতদুর সম্ভব চাষী, মজুর, মধ্যবিত্ত, নিয়্মধ্যবিত্ত—চাষী মজুরের দলকে আমরা যতটা পারি ক্ষমতা দেব, শক্তি দেব, আন্দোলনে রসদ যোগাবাে। এই হচ্ছে আমাদের একমাত্র লক্ষ্য। কিন্তু স্বর্গ রাজ্য আমরা বানাতে আসিনি। এই অবস্থা আপনারাই করেছেন, ৫৮ হাজার কােটি টাকা ঋণ করেছেন, টাকাটা গায়েব করেছেন। আজকে ওভার ড্রাফ্টের কথা বলছেন। অভার ড্রাফ্টের মানে কি পু ওভার ড্রাফ্ট শােধ করে দিতে হয়। ওভার ড্রাফ্টটা এক ধরণের ডেফিসিট ফাইন্সান্সিং। ডেফিসিট ফাইন্সান্স তাে বছর বছর করেন আপনাদের দিল্লীর সরকারও, এটা ভূলে গেছেন পু ডেফিসিটি ফাইন্সান্স বছরে আপনাদের ছুই থেকে তিন হাজার কােটি টাকা হচ্ছে এবং মনে রাথবেন, সেথানেই শেষ হয়ে যাচ্ছে না। তথু ট্রেজারি বিল করে, নিউ মানি কিয়েট করছেন ছু হাজার কােটি টাকা। কি মারাত্রক হচ্ছে অবস্থাটা সেটা এখনও বুকতে পারছেন না।

#### [ 6-10-6-20 P. M. ]

শুধু তাই নয়, এছাড়া প্রতি বছর ৫ হাঙ্গার কোটি টাকার ব্যাংক ক্রেডিট আছে। এমনি করে ৭ থেকে ৮ হাজার কোটি টাকা ডেফিসিট ফিল্যানিসিং হচ্ছে। দেশকে কোথায় দাঁডাবার জায়গা দিয়েছেন ? দেশটা কোথায় দাভিয়ে আছে, কোন জায়গায় দাভিয়ে আছে ? ডাঃ মানস ভূইঞা একেবারে কোঁদ ভাসিয়ে দিলেন যে, চিকিৎসার জন্ম ওয়ধ নেই, হাসপাতাল নেই, ডাক্তার নেই। আপনার ৪০ বছর রাজত্ব চালিয়ে হাজার হাজার কোটি টাকা খরচ করেছেন। উন্নতি হয়নি কেন? গত ৪ বছরে ৯৭ হাজার কোটি টাকা পাবলিক সেকটর আউটলে হয়েছে, ৯৭ পাউদ্যান্ট কোরস অব রুপিছ। আমি ডাঃ আবেদিন এবং বিরোধী দলের চীফ হুইপকে জিজ্ঞাসা করছি—এই ৯৭ হাজার কোটি টাকা যে খরচ হয়েছে, এর ক'পয়সা পশ্চিমবাংলায় এসেছে ? এই আউটলের কত টাকা পশ্চিমবাংলার প্রাইভেট সেকটরে এসেছে ? এর পরে আসে সিক্স্থ ফাইভ ইয়ার প্ল্যানের কথা। প্রাইভেট দেকটর আউটলে ৭২ হাজার কোটি টাকা হয়েছে। এর ক'পয়সা পশ্চিমবাংলায় এনেছে ? এইগুলি কি মাপনারা একবারও চিম্ভা করেছেন ? এগুলো আপনারা একট চিন্তা করুন। এত হাজার হাজার কোটি টাকা থরচ করে ওরা যে ৫৮ হাজার কোটি টাকা গায়েব করে দিলেন ইন্টারন্যাশন্তাল এবং ইন্টারন্তাল, যে জন্ত ৫ থেকে ৭ হাজার কোটি টাকা ডেফিসিট ফিন্সানসিং করেও কুল পাচ্ছে না—অথচ আমাদের ১০০ কোটি টাকার এ্যাহ্ম্মাল প্ল্যান तिभी इरत मा कम इरत, स्मिन निरम्न এक एका नम्न २० एका जात्नाहमा करत्व भीमारमा इराष्ट्र मा। গত বছর এই ১০০ কোটি টাকার প্লান বাড়ানো নিয়ে অনেক দর ক্ষাক্ষি হয়েছে এবং এই দর ক্যাক্ষি করেও কোন ফল হল না। শেষ পর্যন্ত আমাদের ১০০ কোটি টাকার প্ল্যান ক্মাতে হয়েছে।

এবাবেও সেই একই খেলা চলেছে। সমস্ত কিছুরই অগোচরে হাজার হাজার কোটি টাকার সম্পদ সংগ্রহ করা হচ্ছে এবং থরচ করা হচ্ছে। এই সমস্ত টাকা নিয়ে মিসেস গান্ধী এবং তার অম্ভুচরের। দিল্লীতে একটা ডিসক্রিসনারী ফাণ্ড থুলেছেন। যারা তাদের পেয়ারের লোক তাদের টাকা দেবেন, আর যারা পেয়ারের লোক নন তাদের টাকা দেবেন না, এই হচ্ছে লজিক—এই জিনিস চলেছে। এই ভাবে দেখা যাচ্ছে সারা দেশ জ্বড়ে একটা নৈরাজ্য স্বষ্ট করা হয়েছে। কিন্তু এত নৈরাজ্য স্পষ্ট করার চেষ্টা করা সত্তেও তারা হালে পানি পাচ্ছে না। এই বিষয়ে আমি ত্ব একটি দৃষ্টান্ত দিচ্ছি। আমরা ২ হাজার কোটি টাকা নিয়ে এদিক ওদিক করছি। মিনিষ্টি অব প্ল্যানিং পেকে যে বই দেওয়া হয়েছে তাতে দেখা যাচ্ছে ১৯৮০/৮১ সালে ২২/২৩ হাজার কোটি ইনভেষ্টমেন্ট হয়েছে। এই এত হাজার কোটি টাকা খরচ করার পরেও কিন্ধ ভারতবর্গ ভাল চলচে ন।। আপনারা ঐ যে চিকিৎসার কথা বললেন, ওয়ুধ নেই, ডাক্তার নেই ইত্যাদি ইত্যাদি এই সব জিনিস হয়েছে। স্বাধীন ভারতের ৭২ কোটি লোকের জন্ম শয্যা সংখ্যা কত ? ৫ লক্ষ ৫২ হাজার। মান্তব প্রতি ক'টা করে শ্যুষা হয় সেট। আপনারা একট ক্ষে নেবেন। সারা ভারতবর্ষে নথিভুক্ত ডাক্তারের সংখ্যা কত ? ২ লক্ষ ৪১ হাজার। ৪০ বছর ধরে এই রক্ম ডিসক্রিসনারি ফাণ্ড ক্রিয়েট করে এত হাজার হাজার কোটি টাকা গরচ করে দেশকে এই জায়গায় এনে দাঁড় করিয়ে দিয়েছেন। পশ্চিমবাংলায় একা বামফ্রণ্ট সরকার আছে বলে এই অবস্থা হয়েছে? ছ একটি রাজ্যের ক্ষমতা আপনাদের হাত থেকে চলে গেছে। কিন্তু সারা দেশের এই শোচনীয় চিত্র আপনারা স্ষ্টি করেছেন। আর নথিভুক্ত নার্শের সংখ্যা কত ? ১ লক্ষ্ণ ৫ হাজার।

চিৎকার করছেন নার্স নেই, ডাক্রার নেই, হাসপাতাল নেই, ঔষধ নেই। কার কাছে মায়াকারা ভাই ? যারা ৪০ বছর ধরে দেশকে এই সিসটেমে চালিয়ে আজকে এই জায়গায় দাঁড় করিয়েছেন মায়াকারা কাঁদতে হয় তাদের কাছে গিয়ে কাঁছন, বলতে হয় তাঁদের কাছে গিয়ে বলুন। তাঁদের কিছকে কথা বলার ম্রোদ কি আপনাদের কাকর আছে ? আমার মনে হয় এখানে সেম্রোদ আপনানের কাকর নেই। অপনাদের ম্রোদ এই গোলঘরে এসে জ্যোতি বস্থ এবং বামফ্রন্ট সরকারের আছে করা, এরচেয়ে বেশী ম্রোদ আপনাদের নেই। তা যদি থাকতো তাহলে এগুলি তাদের বলতেন। আপনারা বিছাতের কথা বলেছেন। ৪০ বছর ধরে আপনারা বিছাতের স্বনাশ করে কোখায় নিয়ে গিয়ে দাঁড় করিয়েছেন তা কি আপনারা জানেন না ? প্রার, আমরা সকলেই জানি বিছাত হচ্ছে প্রগতির গোডার কথা। বিছাতে যার অগ্রগতি হয়নি সে দেশের অগ্রগতি হতে পারে না। ৪০ বছর তো আপনাদের হাতে ক্ষমতা আছে, কি হয়েছে বিছাতের অবস্থার ? গ্রামীন বৈছাতিকরণের ক্ষেত্রে একটা হিসাবে দেখেছি ৩১-১-৭৯ তারিথ পর্যন্ত, সেথানে ১৯৭১ সালের সেনসাস অম্বায়ী গ্রামের সংখ্যা হছে ৫ লক্ষ ৭৬ হাজার ৯৩৬ সেথানে মাত্র ২ লক্ষ ওহ হাজার ৭৭০টি গ্রামে বৈছ্তিকরণ হয়েছে। ফিফটি পারসেন্ট টার্গেটিও আজ পর্যান্ত প্রবণ করতে পারেন নি। This is the system which you represent and this is the system. যা হুর্ভাগ্রন্থেমে আমাদের ঘাড়ের উপর আজকে চেপে বসে আছে। এই যে বেসিক

লিমিটেসান এই বেসিক লিমিটেসানের কথা আমাদের মনে রাথতে হবে। বেকার সমস্তার কথা ভক্তিবাবু বলেছেন। আপনারা বলুন, এটাও কি আমাদের এই বামফ্রণ্ট সরকার আর ত্রিপুরার ন্পেন চক্রবর্তীর ফ্রন্ট সরকারের জন্ম হয়েছে ? প্রীনবগোপাল দাস, যিনি একজন আই. সি. এস. এবং শুধু আই. সি. এস নন একজন খ্যাতিনামা ইকনমিষ্ট, তাঁর হিসাব হচ্ছে ৮৩ সালে ২ কোটি ২৮ লক্ষ বেকার এই দেশে রয়েছে। এই বেকারদের কে স্বষ্ট করেছেন? আপনাদের মা লক্ষ্মী, না, আমরা ? এই যে শোচনীয়তম অবস্থার আপনারা স্ঠি করেছেন এই অবস্থার মধ্যে আমাদের আজকে সরকার চালাতে হচ্ছে। আমাদের ক্ষমতা সীমাবদ্ধ এবং এই ক্ষমতাকে আরো সীমাবদ্ধ করার জন্ম আজকে সব রকমেই চক্রাস্ত দিল্লীতে চলছে। এক্ষেত্রে সবচেয়ে বড় চক্রাস্ত হচ্ছে টাকা পয়সা না দেওয়া। এমন কি ইনকাম ট্যাক্সের টাকা যেটা কোন দয়ার দান নয় আমাদের পাওনার টাকা, একসাইজ ডিউটির টাকা, যেটা আমাদের হকের টাকা, যেটা আমাদের এথান থেকে তুলে নিয়ে যাওয়া হয়েছে সেই টাকার অংশ দিতেও আজকে গড়িমসি করা হচ্ছে। ইনকাম ট্যাক্সের টাকার ভাগ যাতে কমিয়ে দেওয়া যায় তারজন্য সারচার্জের আশ্রেয় নেওয়া হচ্ছে। একসাইজ ডিউটির ভাগ যাতে কমে তারজন্ম এয়াডিশন্যাল একসাইজ ডিউটির আশ্রয় নিচ্ছেন। তার উপর আমরা দেখছি প্রত্যেক বছর বাজেটের আগে এ্যাডমিনিষ্টার্ড প্রাইদেদ করে কতকগুলি জিনিষের দাম বাড়িয়ে দিয়ে ২/২॥ হাজার কোটি টাকা নিজের ঘরে তুলছেন। এটা যদি বাজেটের মারফত হ'ত বা অন্য কোন টাক্সের মাধ্যমে হ'ত তাহলে আমরাও তার ভাগ পেতাম কিন্তু সেই ভাগ থেকে আমাদের বঞ্চিত করা হচ্ছে। এই ভাবে টাকা না দিয়ে আমাদের সরকারকে বেকামদায় ফেলবার চেষ্টা করা হচ্ছে এবং তা করে নিজেদের বাজার গুছিয়ে নেবার চেষ্টা করা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষনের উপর যে ধ্যাবাদ্জ্ঞাপক প্রস্তাব এসেছে সেই প্রস্তাবকে সমর্থন করে আমি পরিশেষে আর ছ/একটি কথা বলতে চাই। এথানে আপনারা মনে রাথবেন তু হাজার একশো কোটি টাকার যে বাজেট এথানে দেখানো হয়েছে সেথানে আগের বছরের খরচ আমাদের তিনশো কোটি টাকা বেশী ছিল, আপনাদের মা লক্ষ্মীর কল্যাণে গত বছর সেটা কমে গিয়েছিল। এই টাকা নিয়ে আজকে আমরা এই জায়গায় এসেছি।

# [6-20—6-30 P. M.]

আজকে এই দিকটা আপনাদের তুলে ধরা উচিত ছিল। দিল্লীর কাছে এই রাজ্যের সর্বসাধারণের তরক থেকে এই দাবী পেশ করা উচিত ছিল। আজকে বিভিন্ন থাতে প্লানের টাকা
আমাদের কত দেওয়া হয় ? ১০০ কোটি টাকা মাত্র দেওয়া হয়। এই দিচ্ছি সেই দিচ্ছি ইত্যাদি
বলা হয়। কিন্তু কিছুই দেওয়া হয়না। ৪ শত কোটি টাকা যেটা ধরা হয় তার সবটাই
লোন এগাও এগাডভান্স। আমাদের প্রত্যেক বছরে এক শত কোটি টাকা ইন্টারেট্র দিতে হয়।
০/৪ শত কোটি টাকা লোন এগাও এগাডভান্স। আর প্রান্ট-ইন-এড হচ্ছে মাত্র ৫০/১০০ কোটি
টাকা। এই ভাবে যা দেওয়া হয় তাতে কোন কাজ হতে পারেনা। আজকে উচিত ছিল এই

বিধানসভায় দাঁড়িয়ে বলা যে অবিচার করা হচ্ছে। এই অবিচারের প্রতিকার যদি না করা হয় ভাহলে কোন কাজ করা যাবেনা। আপনারা যে কৌশল করছেন, এই কৌশলে কোন জিনিস হবেনা। আজকে সারা ভারতবর্ষের দিকে তাকিয়ে দেখুন একেবারে আগ্নেয়গিরীর উপরে দাঁড়িয়ে আছেন। একদিন এই আগ্নেয়গিরী যথন ফেটে পড়বে তথন সব শেষ হয়ে যাবে। এই কথা বলে মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আয়ার বক্তব্য শেষ করছি।

**শ্রীধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবাংলার রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে, এই প্রস্তাবের বিরোধিত। কর্চি। কারণ এই ভাষণ বামফ্রন্ট সরকারের দ্বারা লিখিত আকারে এসেচে এবং রাজ্ঞাপাল-এর মাধ্যমে সেটা পাঠ করা হয়েছে। এই ভাষণ সম্পূর্ণ অবাস্তব, উদ্দেশ্য প্রনোদিত, অসংগতিপূর্ণ। আজকে সমস্ত পশ্চিম-বাংলায় সব থেকে গুরুত্বপূর্ণ যে দিক, যার সঙ্গে সাধারণ মামুঘের স্থথ-স্থবিধা জডিত, যার উপরে বাঁচার অধিকার জড়িত, সেই আইন-শৃন্ধলা আজকে কোখায় গিয়ে ঠেকেছে তার কিছু উদাহরণ দেওরা প্রয়োজন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে রাজ্যে, যে দেশে পুলিশের উপর হাস্ত দায়িত্ব মে স্বাধীন ভাবে পালন করতে পারেনা, যে দেশে পুলিশকে থবরদারী করার জন্ম শাসকগোষ্ঠার কর্তারা ত্রুমজারী করে চলেছেন, সেই পুলিশের কাছ থেকে আইন-শৃঙ্খলা স্বষ্ঠ, ভাবে রক্ষার কোন আশ। করা যায় না। পুলিশ যে কত নিরুপায় সেটা কসবার ছেলে উজ্জল-এর মৃত্যু সম্পর্কে বোঝা যায়। সমাজ বিরোধীদের কার্যকলাপ কসবা অঞ্চলে বেড়ে চলেছে। আৰু পর্যস্ত সেখানে পুলিশের পক্ষে একটা শান্তিপূর্ণ পরিবেশ গড়ে তোলা সম্ভব হলনা। সেথানে সমাজ বিরোধীদের কার্যকলাপ এমন অবস্থায় পৌছেছে যে জ্যেতিবাবুকে তটস্ব করে তুলেছে। তিনি এই পুলিশকে কণ্ট্রোল করতে পারছেন না। সে জন্ম দেখা যাচ্ছে যে পুলিশের দ্বারা তৈরী রিপোর্ট তার মনোপুত হয়না। তাই দি, পি, এমের এক এক কমরেড-এর চাপে পুলিশ এক এক রকমের বিভ্রাস্তিকর বিব্ৰতি দিতে বাধ্য হয়েছে।

আমরা কাগজে দেখলাম যে, দেদিন নকশাল নেতা নাগভ্ষণ মহাশন্ন জ্যোভিবাবুর চেম্বারে গিয়ে তাঁকে বললেন নদীয়ায় সি পি এম-এর লোকের। পুলিশের পোষাক পরে নকশালদের থুন করেছে। একথা শুনে জ্যোভিবাবু বলেছেন, এতো অভূত কথা, নতুন কথা আমি শুনেছি। মাননীয় সভাপতি মহাশয়, আমরা দীর্ঘকাল ধরে লক্ষ্য করছি জ্যোভি বস্থ মহাশয়ের যথনই কোন কথা মন মতো না হয় তথনই তিনি দেটাকে অভূত কথা বা নতুন কথা বলেন। কিন্তু আমরা জানি আজকে তাঁর রাজত্বে এমন সব ঘটনা ঘটছে যা তাঁর কাছে বিশ্বাদ করা শক্ত হলেও সেগুলি সত্য এবং তাঁকে তা বিশ্বাদ করতেই হবে। পশ্চিম দিনাজপুর জেলায় জ্যোভিবাবুর পুলিশ যে কার্যকলাপ চালাচ্ছে তা আমি স্পেনিফিক উদাহরণসহ এথানে উল্লেখ করছি। পশ্চিম দিনাজপুর জেলার কালীয়াগঞ্জে জ্যোভিববুর পুলিশ পাহারায় কর্তব্যরত চৌকিদারকে গুলি করে মেরেছে।

বোচাভাঙ্গায় জ্যোতিবাবুর পুলিশ কর্তব্যরত চৌকিদারকে খুন করেছে। গত ডিসেম্বর মাসে কুশন্তি থানার পুলিশ এক আসামীকে ধরে নিয়ে গিয়ে থানার পিটিয়ে মেরে ফেলেছে। এটা একটা নজীরবিহীন ঘটনা। তাই আমরা বলছি পশ্চিমবাংলায় আইনশৃংখলা স্বষ্ঠ্ভাবে রক্ষিত হচ্ছে না এবং আইনশৃংখলা বলে কিছু আছে বলে আমার মনে হয় না। প্রতিটি থানায় প্রত্যেক রাতে চুবি ভাকাতির ঘটনা ঘটছে। গ্রামাঞ্চলের খেটে থাওয়া মাছ্ম সারা দিনের পরিশ্রমের পর ভাকাতের অত্যাচারে ঘুমতে পর্যস্ত পারছে না, তাদের নাবালক শিশুদের পর্যস্ত চুরি করে নিয়ে যাছে। স্থার, পশ্চিম দিনাজপুব জেলার ধামজা গ্রামের একটি বাড়ি পেকে ঘটি মেয়েকে চুরি করে নিয়ে গেছে, আজ পর্যস্ত বামস্রুন্টের পুলিশ প্রশাসন তাদের খুঁজে বের করতে পারেনি। এই হচ্চে পশ্চিমবঙ্গের বামক্রুন্ট সরকারের কার্যকলাপ। এই সরকারের পুলিশ অপদার্থ। পুলিশ অপদার্থ একথা মাননীয় মুখ্যমন্ত্রী নিজেও স্বীকার করেছেন এবং তিনি আরো বলেছেন যে, পুলিশ ঘদি যোগাতায় ফিরে না আসে তাহলে তিনি তাঁর ক্যাভারবাহিনী নামাবেন। এ বিষয়ে আমি তাঁকে চ্যালেঞ্জ জানাচ্ছি যে, কংগ্রেসী আন্দোলন দমন করবার জন্ম যদি তিনি ক্যাভারবাহিনী নামান তাহলে তিনি সেক্ষেত্রে পুলিশকে নিরপেক্ষ রেথে নামান, আমরাও আমদের ক্যাভারবাহিনী নামিয়ে তার মোকাবিলা করব।

স্থার, একটু আগে আর. এস. পি-র অমলেক্স রায় মহাশয় অনেক কথা বললেন। কিন্তু আমি তাঁকে আজকে বলছি যে, আর কতদিন মেকী সর্বহারা বামপদ্বী মুখোশ পরে থাকবেন। আজকে মুখোশ খুলে পড়েছে। সি পি এম-এর লোকেরা আজকে পুলিশের পোযাক পরে সাধারণ মান্ত্রযুকে হত্যা করছে এবং হত্যা করার চক্রান্তে লিপ্ত হচ্ছে।

স্থার, এবারে আমি এই সরকারের আমলে গ্রামীণ বৈত্যতিকরণ প্রকল্পের কি অবস্থা হয়েছে তাই আপনার মাধ্যমে এথানে উল্লেখ করছি। সরকার গ্রামে গ্রামে এই প্রকল্প অন্থায়ী বিত্যতের তার এবং খুঁটি পুঁতছে, আর সরকারী দলের ক্যাডারবাহিনী সেসব তার চুরি করে নিয়ে যাচেছ। ফলে কোন গ্রামে আজ পর্যন্ত একটুও বিত্যুৎ গিয়ে পৌছচছে না। জ্যোতিবারু মুগে বলছেন গ্রামে গ্রামে আমরা বিত্যুৎ পৌছে দিছি, অথচ কার্যক্ষেত্রে তার এই অবস্থা। এইভাবে চললে কোন দিনই গ্রামীণ বৈত্যুতিকরণ পরিকল্পনা এখানে সার্থক হবে না। এই পরিস্থিতিতে প্রয়োজন গ্রামে গ্রামে ক্ষেছাসেবক বাহিনী গঠন করা। কিন্তু এ বিষয়ে সরকারের কোন উল্লোগ আমরা লক্ষ্য করছি না।

আজকে এই রাজ্যের বেকার যুবকদের অবস্থা তো আমরা সকলেই জানি। বয়স্ক বেকারদের অবস্থা আরো থারাপ। যে সমস্ত বেকারদের ৪০ বছরের ওপর বয়স এবং এদের মধ্যে যারা ইতিমধ্যে বেকার ভাতা পেয়েছে তাঁদের প্রাক্তন বেকার নাম দেওয়া হয়েছে, কিন্তু তাদের কর্ম সংস্থানের কোন রকম স্থযোগ নেই। এই রকম ৪০ বছরের উপর বয়স, বয়স্ক হাজার হাজার বেকার এই রাজ্যে রয়েছে, এরা কাজের স্থযোগ না পেলে পরবর্তীকালে অপরাধ্যুলক কাজে লিপ্ত ২তে বাধ্য হবে। এই অবস্থার জন্ম দায়ী বামফ্রণ্ট সরকার, এ বিষয়ে কোন সন্দেহ নেই।

#### [6-30-6-40 P.M.]

মাননীয় সভাপতি মহাশয়, আমি জানিয়ে দিতে চাই যে ওদের সেইরকম হিন্দত নেই। কিন্তু বামক্রণ্টেরই মার্কসবাদী ফরোয়ার্ড ব্লকের একজন রাষ্ট্রমন্ত্রী প্রকাশ্যে ওদের বিরুদ্ধে কথা বলেন। গতকাল কাগজে দেথলাম, তারকেশ্বরের রাজবাড়ীতে তিনি তার ভাষণে যুবকদের আহ্বান করেছেন এবং বলেছেন সব ভেক্ষে চুরমার করে দিতে হবে, মন্ত্রীরা সব আমল। হয়ে গেছেন। যে গ্রামের মাহ্রয় থেতে পায় না সেই গ্রামের মন্ত্রীরা কলকাতায় এসে চিকেন থায়, বিরিয়ানী থায়, ঠাণ্ডা ঘরে বাস করে। আমি ধল্যবাদ দিই তাঁকে। কিন্তু এই হাউসের সরকার পক্ষের কোন সদস্য সাহস করে এই কথা বলতে পারবেন না, কারণ তাদের হিন্মত নেই। এরা থালি ঠাণ্ডা ঘরে বসে দেশকে সর্বনাশের পথে নিয়ে যাবার চক্রান্ত করছেন। তাই আমি বলচি, ভারতবর্ণের যে রাষ্ট্রীয় কাঠামো, ভারতবর্ণের যে ব্যবস্থা তার মধ্য দিয়েই করবার চেন্টা করতে হবে। পরিশেষে আমি এই বিরুত, বাস্তববর্জিত এবং রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত ভাষণের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ ওমর আলিঃ** মাননীয় সভাপতি মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর আনীত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবকে সমর্থন করছি, সমর্থ করছি বামফ্রণ্টে অস্তর্ভুক্ত আছি বলে গুধু নয়, সমর্থন করছি একজন গণতান্ত্রিক চেতনাসম্পন্ন মাত্রুষ বলে। আমি এই কথা মনে করি আমাদের রাজ্যে থে কোন গণতান্ত্রিক চেতনা সম্পন্ন মামুষ এই ভাষণকে সমর্থন করবে। এই ভাষণ এমন-ভাবে উপস্থাপিত করা হয়েছে যেখানে দেখা গেছে আমাদের সরকার যা করেছে তার একটা বিবরণ এতে আছে এবং আগামী দিনে যা করতে চায় তারও একটা দংক্ষিপ্ত বিবরণ আছে এবং ইচ্ছা থাকলেও যে কাজগুলি করতে পারছেন না, কেন করতে পারছেন না, তার বাধা কোথায় সেই সম্পর্কে ঘথেষ্ট গুরুত্ব আরোপ করেছেন এবং তাঁর ভাষণে উল্লেখ করেছেন। স্থতরাং এইরকম যে প্রচার হচ্ছে যে বামফ্রন্ট সরকার রাজ্যপালকে দিয়ে অসত্য ভাষণ পড়িয়ে নিয়েছেন ভার কোন বাস্তব ভিডি নেই। এমনও হতে পারে যে হয়তো অনেকগুলি বিষয় অন্ত'ভুক্ত নেই, থাকলে হয়তো ভাল হতো, বিষয়টি নিয়ে আলোচনা হতে পারে, এই ভাষণের জন্ম যত পাতা ব্যবহার করা হয়েছে তার হয়তো ডাবল করা যেতে পারতো কিম্বা মহাভারত করা যেতে পারতো কিম্ব পলিসি ম্যাটার যেথানে আছে দেথানে গোটা ভাষণ রচনা করার প্রয়োজন নেই, সংক্ষিপ্তভাবেই রচিত হওয়া উচিত এবং আলোচনার মধ্য দিয়েই সমুদ্ধ করা উচিত। স্থার, খুবই সঙ্গতভাবেই রাজ্যপাল কেন্দ্র রাজ্য সম্পর্কের কথা উল্লেখ করেছেন এবং আমরা যাই বলি না কেন এটা যে একটা বাস্তব সভ্যতা গোটা ভারতবর্ষের দব প্রান্তের লোকেরা উপলব্ধি করেছেন। এমন্কি কেন্দ্র রাজ্য প্রাশ

তুলে ধরার জন্ম থারা বিরোধিতা করছেন তাদের নেত্রী তথা ভারতের প্রধানমন্ত্রী শ্রীমৃতী ইন্দিরা গান্ধীও এর গুরুত্ব অস্বীকার করতে পারেন না এবং পারেন না বলেই সারকারিয়া কমিশন তাঁকে গঠন করতে হয়েছে, অবশ্য আমি জানি না সারকারিয়া কমিশন শেষ পর্যস্ত কি সিদ্ধাস্ত নেবেন কিন্তু জাতীয় মৃক্তি আন্দোলনের মঞ্চ থেকে যে শপথ বাক্য উচ্চারিত হয়েছে যেথানে এই কথা বলা হয়েছে ভারতবর্ধ স্বাধীনতা লাভ করলেও তার শাসন কাঠামো হবে যুক্ত রাষ্ট্রীয় এবং রাজ্যগুলির হাতে থাকবে স্বায়ত্ব শাসন ক্ষমতা, এমনকি জাতীয় কংগ্রেসের ইস্তাহারে এই কথা বলা হয়েছে যে ক্ষেত্রশেন of India must be willing of its various parts in order to give maximum of freedom to constituent units.

এই সারকারিয়া কমিশন তাহলে হয়ত একট উল্লেখযোগ্য স্থপারিশ করতে পারবেন এবং কেন্দ্র রাজ্য সম্পর্কের গণতান্ত্রিক পুন মূল্যায়ণের দিকে অগ্রসর হতে পারেন। কংগ্রেসের মাননীয় সদস্তরা যে বক্ততা দিলেন তাঁদের বক্ততায় মনে হল যে পশ্চিমবংগের একটা ডিপার্ট মেন্টই আছে এবং সেটা হল পুলিশ ডিপার্টমেণ্ট। সবাই এক বাক্যে আইন শৃষ্খলার প্রশ্ন উত্থাপন করেছেন, তার জবাব অনেক সদস্যই দিয়েছেন। কিন্তু রাজ্যপাল যেকথা বলেছেন পশ্চিমবন্ধ সরকারকে থেখানে তিনি একথা বলেন নি যে আমাদের পশ্চিমবঙ্গে আইন শৃঙ্খলার কোন সমস্তা নেই। আইন শৃঙ্খলার দিক থেকে আমরা অনেক উন্নত হয়ে গেছি, তিনি বলেছেন—বেটা সত্য সেটাই বলেছেন—দেশের অস্তান্ত অনেক অংশের সঙ্গে তুলনা করলে দেখা যাবে তপশীলি ও আদিবাসী সমাজের চুর্বলতর মাম্ববের প্রতি অন্যায় আচরণ থেকে পশ্চিমবঙ্গ মুক্ত। তাঁর ভাষণে তিনি এই কথা বলার চেষ্টা করেছেন যে বসবাসের পক্ষে পশ্চিমবঙ্গ একটা শাস্তিপূর্ণ রাজ্য হিসাবে গণ্য হয়েছে। এতে বিরোধীরা খুশী নন, বিরোধীরা চাইছেন যে পাঞ্চাব কি হরিয়ানার মত যেথানে সরকারী মদতে সাম্প্রদায়িক দাঙ্গা চলছে, সরকারী মদতে থুন চলছে পশ্চিমবঙ্গে যদি এই রকম হোত তাহলে তারা আশস্ত হতেন। খুন, রাহাজানি, দাঙ্গা এইসব এখানেও হোক এই তাঁরা চান, কিন্তু তাঁরা যা চাইছেন তা হবে না। তাঁদের অভিযোগ অন্য রাজ্যের সঙ্গে তুলনা কোর না, তোমাদের রাজ্যে কি হচ্ছে সেটা বল, তুলনা করে কি লাভ ? কিছু মুশকিল হচ্ছে ওঁদের নেত্রী জিনিষপত্তের দাম বাডলে মাঝে মাঝে সমগ্র পৃথিবীর দক্ষে তুলনা করে বলেন দিস is a world phenomenon. সমগ্র ধনতান্ত্রিক তুনিয়ায় হতে পারে কিন্তু সমাজতান্ত্রিক তুনিয়ায় এটা হয় না। আমাদের রাজ্যের আইন শুঝলার প্রশ্নে একই সামাজিক অর্থনৈকি, ধনতান্ত্রিক অবস্থার মধ্যে অভ্য রাজ্যের সঙ্গে তুলনা করতে পারা যাবে না এটা কেমন কথা ? স্থার, এই কথা কি সত্য নয়, কেউ অম্বীকার করতে পারবে যে বিহার, উত্তরপ্রদেশ, মহারাষ্ট্র, পাঞ্জাব, হরিয়ানা, এমন কি থোদ দিল্লীতেও খুন, রাহাজানী, দাঙ্গা এই সমস্ত ঘটনা দিনের পর দিন বেড়ে যাচ্ছে। স্থতরাং দেশের অনেকাংশের তুলনায় পশ্চিমবঙ্গের অবস্থা ভাল এ কথা বুললে সত্যের কিছু অপলাপ হবে না। আমরা এ দাবী করি না, এবং রাজ্যপাল মহাশয়ও এই দাবী করেন নি যে আইন শৃঙ্খলার দিক থেকে আমাদের উন্নতি হয়েছে। আমরা দেখছি যে অপরাধের প্রবণতা বাড়ছে, এটা আমরা লক্ষ করছি যে কম বয়েসী ছেলেদের মধ্যে এই প্রবণতা বাড়ছে। এটা খুবই চিস্তার কথা। কিন্তু আমি মনে করি এটা হল আমাদের দেশের যে ধনতান্ত্রিক অর্থ নৈতিক অবস্থা এবং তার ফলেই এই সামাজিক বাাধি দেখা দিছে। স্থতরাং এই ব্যধি দ্র করতে গেলে শুধু পুলিশ এ্যাডমিট্রিসন দিয়ে হবে না। এই ব্যধি দ্র করতে গেলে সামাজিক কাঠামো অর্থ নৈতিক অবস্থার পরিবর্তন ঘটান দরকার। কারণ সমাজতান্ত্রিক অর্থ নৈতিক অবস্থা যেখানে মাহ্মকে শোষণ করে না, যেখানে বঞ্চনা নেই সেথানে এই রকম অপরাধ প্রবণতা নাই, সেথানে এই ধরণের খুন, দাঙ্গা নাই। স্থার, মাননীয় ভক্তিবাবু ঠিকই বলেছেন, আমাদের জলস্ক সমস্থা হল জিনিষপত্তের মূল্যবৃদ্ধির সমস্থা এবং বেকার সমস্থা। তিনি কতকগুলি তথ্য উপস্থিত করেছেন। জিনিষপত্রের দাম যে বাড়ছে একে নিয়ন্ত্রন করার ক্ষমতা রাজ্য সরকারের নেই।

### [6-40—6-50 P. M.]

ক্রমক তার উৎপন্ন ফদলের লাভজনক দাম পাচ্ছে না কিন্তু শিল্পজাত পণ্যের দাম হুছ করে বেড়ে যাচ্ছে। এরফলে তারা ক্ষতিগ্রস্ত হচ্ছে, মহাজনের ঋণ পরিশোধ করতে পারছে না। তাদের ত্রভোগ বেড়েই যাচ্ছে। স্থতরাং ক্লমকদের উৎপাদন যদি তুই এক বছর বাডেও, তাহলেও কিন্তু তাদের আর্থিক উন্নতি দার্বিকভাবে হচ্ছে না। এর জন্য দায়ী কে । একটি রাজ্য দরকার শিল্পজাত সামগ্রীর দাম বেধে দিতে পারে কি? সেটা তো সম্ভব নয়! হয়ত মূল্যবুদ্ধির দায় দায়িত্ব রাজ্যসরকারের ঘাড়ে চাপিয়ে দিয়ে বাহবা নেওয়া যেতে পারে কিন্তু প্রকৃত সত্য তা নয়। আজকে বেকার বাড়ছে। বেকার যে ভুধু পশ্চিমবাংলায়ই বাড়ছে তাতো নয়, মারা ভারতেই বাড়ছে। উত্তরপ্রদেশে বাড়ছে, বিহার, কর্ণাটকেও বাড়ছে। রেসিও যদি ক্যা যায় তাহলে দেখা যাবে যে কোথাও কম নয়। তবে আমাদের ষ্টেটে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে কাজ দেবার ব্যবস্থা আছে বলে এবং বেকারদের একটা সীমিত সময়ের জন্ম ভাতা দেবার ব্যবস্থা আছে বলে এথানে অনেকেই নাম লেথাচ্ছে। অক্তান্ত ষ্টেটে এই ব্যবস্থা নেই বলে, সেথানে অনেক বেকার থাকা সত্ত্বেও অনেকেই বেকার্থাতায় নাম লেখায় না। এই কারণে অন্যান্ত প্রদেশে নাম লেখানো বেকারের সংখ্যা কম হ'তে পারে, কিন্তু তাতে প্রমান হয় না যে পশ্চিমবাংলায় বেকারের হার বেড়ে যাচ্ছে, সারা ভারতবর্ষে বাড়ছেনা। সারা ভারতে আজ ৭৫ ভাগ লোক বেকার। এই বেকার সমস্তার সমাধান হবে কি করে? আমাদের দেশের মত কুষিপ্রধান দেশে যদি বেকার সমস্তা সমাধান করতে হয় তাহলে ক্লবির বিকাশ ঘটাতে হবে, শিল্পের বিকাশ ঘটাতে হবে। কিন্তু ক্রষির বিকাশ ঘটাতে গেলে সেচ-ব্যবস্থার উন্নতি করতে হবে, শিল্প কলকার্থানা স্থাপন করতে হবে। শুধু সার্ফেস ওয়াটার নয়, সাব-সয়েল ওয়াটার ব্যবহার করতে হবে। আমাদের এথানে চাষের জমি হচ্ছে ৩ কোটি ৩৮ লক্ষ একর। বিশেষজ্ঞরা বলেছেন কমপক্ষে ৯৫ লক্ষ একর জমিকে প্রত্যক্ষ সেচ-ব্যবস্থার মধ্যে আনা যায়। এখন আছে ৬২ লক্ষ একরেরও অনেক কম—শতকর। ৩০ ভাগ মাত্র। মাটির নীচে যে জল আছে সেই জলে ৬২ লক্ষ একর জমিতে চাষ করা যায়। কিন্তু এখন এর দ্বারা হচ্চে মাত্র ১২॥ লক্ষ একর। স্কুতরাং যেটা হচ্চে সেটা

সম্ভাবনার শতকর। ২০ ভাগ মাত্র। এই সেচ-ব্যবস্থা গড়ে তুলতে গেলে টাকা দ্বকার। কিন্তু সেই টাকা দেবে কে ? টাকা তো কেন্দ্রীয় সরকারের হাতে ! তাঁরা যদি সেচ-পরিকল্পনা করতে আমাদের টাকা না দেন, তাহলে কি করে আমাদের পক্ষে সেচব্যবস্থা গড়ে তোলা সম্ভব ? টাকা না দিলে শিল্পই বা কি করে আমাদের পক্ষে করা সম্ভব ? সরকারী উদ্যোগে হলদিয়া, তুর্গাপুর বা সন্টলেকে শিল্প গড়ে তোলার প্রস্তাব দেওয়া হয়েছে, এ ব্যাপারে তাঁরা নীরব। । আজকে ব্যাস্ক ফিনান্দ্র করছে, কিন্তু তাকে নিয়ন্ত্রণ করছে কেন্দ্রীয় সরকার। তাঁরা আজকে পশ্চিমবাংলার ক্ষেত্রে অবিচার করছেন। তাঁদের অভিযোগ, বামক্রন্ট সরকার যা থরচ করেছে তার বেশীর-ভাগটাই নাকি পরিকল্পনা বহিন্ত্রতি থাতে ব্যয় করছে। আমি এ সম্পর্কে একটি পরিসংখ্যান এথানে রাথছি।

আমি এই প্রসঙ্গে কংগ্রেস আমলের শেষ ৬ বছরের একটা পরিসংখ্যান দিছি। ১৯৭১-৭২ সাল থেকে ১৯৭৬-৭৭ সাল পর্যস্ত এই ৬ বছরে পরিকল্পনা থাতে কংগ্রেস সরকার ব্যয় করেছিল ৯৫৬.৭৬ কোটি টাকা। পরিকল্পনা বর্হিছ্ ত ব্যয় ছিল ২৭৪১.১১ কোটি টাকা। মোট ব্যয় ছিল ২৭৪১.১১ কোটি টাকা। মোট ব্যয় ছিল ২৭৪১.১১ কোটি টাকা। মোট ব্যয় এবং পরিকল্পনা থাতে ব্যয়ের অন্তপাত ছিল শতকরা ২৫.৩৭ ভাগ। আর ১৯৭৭-৭৮ সাল থেকে ১৯৮২-৮৩ সাল পর্যস্ত এই ৬ বছরে পরিকল্পনা থাতে বামক্রণ্ট সরকার ব্যয় করেছে ২৭৬৩.৯৪ কোটি টাকা। পরিকল্পনা বর্হিছ্ত ব্যয় করেছে ৫৮৮২.১৩ কোটি টাকা। মোট ব্যয় করেছে ২৭৬৩.৯৪ কোটি টাকা। মোট ব্যয় এবং পরিকল্পনা থাতে ব্যয়ের অন্তপাত হলো শতকরা ৩০.৫৮ ভাগ। স্থতরাং কংগ্রেস আমলের চাইতে বামক্রণ্ট সরকারের আমলে পরিকল্পনা থাতে শতকরা ৫.২৬ ভাগ বৃদ্ধি পেরেছে। পরিকল্পনা থাতে কেন্দ্রীয় সরকারে কি কম ব্যয় করেন ? এই তো কমনওয়েল্থ শীর্ষ সম্মেলন হয়ে গেল তাতে প্রমোদ ভ্রমনে ৪০ কোটি টাকা ব্যয় করলেন। এই টাকা ব্যয় করে উন্নয়নের কি কাজ হলো? এই ভাবে পরিল্পনা বহিছ্ ত ব্যয় করার জন্ম কেন্দ্রীয় সরকারকে জিনিষ প্রের দাম বাড়াতে হচ্ছে। তাদের নিজেদের কর্মচারীদের মহার্ঘভাতা বাড়িয়ে দিচ্ছেন। তাকে পাল্লা দিয়ে চলতে ২চ্ছে আমাদের। সেই জন্ম আমাদের অনেক অস্কবিধা দেখা দিছে। এই সমস্ত কথা না বলে শুপু আইন-শৃন্ধলার কথা বলে প্রক্ত সত্যকে চেপে দেওয়া যায় না।

স্থার আর একটা কথা আমি বলতে চাই সেটা হলো রাজ্যপাল তাঁর ভাষণের মধ্যে উল্লেখ করেছেন যে আমাদের সরকারী কর্মচারীদের দক্ষতা বাড়ানোর জন্ম। এ কথা সত্য এবং সেই রিপোর্টের ভিত্তিতে ধাপে ধাপে তা কার্যকরী ব্যবস্থা নেওয়া হচেচ। সরকারী কর্মচারীদের গাফিলতি দিনের পর দিন বেড়ে চলেছে। এই জিনিষ বন্ধ করতে হবে। তাদের যে কর্তব্য সেটা ঠিক ভাবে পালন করা উচিং। অনেক স্রময় শোনা যায় যে পঞ্চায়েতে চুরি হচ্ছে ভাকাতি হচ্ছে। এই কথা যাতে কেউ বলতে না পারে তার জন্ম কার্যকরী ব্যবস্থা নিতে হবে। এটাকে কার্যকরী করার জন্ম যে থাতে যত টাকা বরাদ্দ হচ্ছে এবং কত টাকা খরচ হচ্ছে তার একটা

লিষ্ট অঞ্চলের অফিসে ঝুলিয়ে রাখা হোক। আমি আশা করবো এই দিকে সরকার নজর দেবেন। এই কথা বলে রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব আনা হয়েছে তাকে পুনরায় সমর্থন জানিয়ে আমার বক্তবা শেষ করছি।

শ্রীশান্তিরাম মাহাতোঃ মাননীয় সভাপাল মহাশয়, মাননীয় রাজ্যপাল এই সভায় যে ব করা রেখেছেন আমি তার বিরোধীতা করে ছ্-একটি কথা বলতে চাই। আমি লক্ষ করে দেখলাম ভক্তিবাবু অনেক কথা বলেছেন। তিনি মুদ্রাফ্তির কথা বলেছেন, বেকার সমস্থার কথা বলেছেন। আবার তিনি এই কথাও বলেছেন যে তাঁর এই সিস্টেমের উপর নাকি আন্থা নেই। ওমর আলি মহাশয়ের কথাও ভনলাম। তিনি বলেছেন গণতান্ত্রিক চেতনা সম্পন্ন মান্তুস হলে নিশ্চয় সে রাজ্যপালের ভাষণকে সমর্থন করবেন।

## [ 6-50-7-00 P. M. ]

আমি শুধু একটি কথা বলতে চাই, যে কথা ভক্তিবাবু বলেছেন। আমি ভক্তিবাবুকে শ্বরণ করিয়ে দিতে চাই যে আপনারাই দলের মন্ত্রী মাননীয় কমল গুহু মহাশয় কুচবিহারে কি কথা বলেছিলেন তা একবার ম্মরণ করুন! তিনি বলেছিলেন, এই ক্ষমতা ও সিস্টেমের মধ্যে দিয়ে ও অনেক কিছু করা যায়। কিন্তু আমাদের সরকার তা পারেন নি, ব্যর্থ হয়েছেন। আমাদের দলের পক্ষ থেকে কালো পতাকা দেখানোর বিষয়ে অনেকে উল্লেখ করেছেন। দমদম বিমান বন্দরে ডঃ ফাকক আবহুল্লাকে আমরা গণতান্ত্রিক পদ্ধতি অন্তুসারেই কালো পতাকা দেখাতে গিয়েছিলাম। কাজেই বলতে হয়, আপনারা কি এই সিস্টেম, এই পদ্ধতিকে অমুসরণ করে ক্ষমতায় এসেডেন কেবল মান্তবের দঙ্গে বিশাস্থাতকতা করার জন্ম ও এই ক্ষমতার মধ্যে থেকেও অনেক কিছু করা যায়। ভারতবর্ষের অন্তান্য অনেক রাজ্যে এই ব্যবস্থার মধ্যে দিয়েই অনেক কিছু অগ্রগতি হয়েছে ও হচ্ছে—একথা আপনারা ভলে যাবেন না। আইন-শৃঙ্খলার বিষয় নিয়ে অনেকে এথানে বলেছেন। এ ব্যাপারে আমি শুধু একটি কথাই এখানে বলতে চাই তা হচ্ছে, কিছুদিন আগে প্রকাশ্য দিবালোকে ১৭ জন আনন্দমার্গীকে যে ভাবে হত্যা করা হয়েছিল, সেই ঘটনার পরেও কি আমাদের ধলতে হবে এথানে আইন-শৃষ্ণলার অবনতি হয় নি ? আসল কথা হচ্ছে, আপনাদের ৭ বছরের শাসনে আমাদের ব্যক্তিগত অভিজ্ঞতা হচ্ছে, আপনারা গণতন্ত্রের নামাবলী গায়ে দিয়ে বদে আছেন। আপনাদের আসল পরিচয় গণতন্ত্রি বলে নয়। আপনাদের বিরুদ্ধে কেউ কথনও কোন অভিযোগ আহুন, কেউ হুনীতির কথা বলুন, তা আপনাদের কথনই সহ হয় ন।। যারজন্য জ্যোতিবাবুকে বলতে হয়েছে, 'আমার পুলিশ ব্যর্থ'। এর পরেও কি বলতে হবে প্রশাসন চলছে ? শান্তি কমিটি প্রশাসন চালাবে না নাগরিক কমিটি প্রশাসন চালাবে ? তাহলে কি আমাদের বুৰতে হবে পশ্চিমবাংলাতে কোন শাসন আছে ? মাননীয় রাজ্যপাল তাঁর বক্তব্যের ৫নং প্যারাগ্রাফে বলেছেন যে, আমরা রেকর্ড পরিমাণ মিনিকীট্ বিলি করেছি। আমার প্রশ্ন হচ্ছে, দেওলো

কোথায় গেছে ? মিনিকীট বা সার আদে জমিতে গিয়ে পড়ছে কি ? আসলে এ কখনই সম্ভব নয়। দোকান থেকে ওগুলো নিয়ে গিয়ে অন্য কোথাও চলে গেছে। ভক্তিবাবু বেকার সমস্তা নিয়ে বলেছেন। কংগ্রেস যথন ক্ষমতায় ছিল, তথন বেকারের সংখ্যা ছিল ১৪ লক্ষ। সে তুলনায় আপনাদের ৭ বছরের ক্ষমতাকালে রেজিষ্ট্রীভুক্ত বেকারের ঐ সংখ্যা বেড়ে ৩৭ লক্ষতে পৌছেছে। এও কি বিচার করে দেখতে হবে না ? নদীয়া, পুরুলিয়াতে মাতুষ খুন হয়েছে. রাজ্যপাল তবুও তাঁর বক্তব্যে আইন-শৃন্ধালা ভাল বলে উল্লেখ করেছেন। আইন-শৃন্ধালা ভাল কোন জায়গাতে তা একটু বলি। যেদিন জ্যোতিবাবুর ছেলে চন্দন বস্থুর ব্রীফ্ কেস চুরি হয়, তার ২৪ ঘণ্টার মধ্যে পুলিশ তা উদ্ধার করে। রাজ্যপালের পাঁঠা চরি হওয়ার ২৪ ঘন্টার মধ্যে পুলিশ তা উদ্ধার করেছিল। আইন-শৃন্ধলা ভাল বলতে আমাদের এই জিনিষকে কি বুরুতে হবে ? কিন্তু এভাবে তো আমরা আইন-শৃন্ধলা জনিত অবস্থা ভাল বলে বলতে পারব না। আমরা দেখছি, সরকার সর্ব ক্ষেত্রেই বার্থ। অমলবাবু সর্ব ভারতীয় চিত্র তুলে ধরেছেন। কিন্তু প্রশাসনিক বার্থতার मिकठा नित्य वला रग्न नि । এই জिनियठा किन्छ छतारा रुख्या मृतकात । ১৯११ माल यथन কংগ্রেস দল ক্ষমতায় ছিল তখন প্রত্যেক ব্লকেই সাবসিডিয়ারী হেলথ সেন্টার ছিল। আপনাদের ৭ বছরের রাজত্বকালে ঐ সমস্ত সাবসিডিয়ারী হেলথ সেন্টারগুলোর স্বকটিকে এখনও পর্যস্ত চালু করতে পারেন নি। তাই আমাদের চিন্তা করে দেখতে হবে কোথায় আমরা বাস করছি। কৃষিক্ষেত্রে উৎপাদন কমেছে। সরকারী অফিনের কাজকর্ম স্থষ্ঠ, ভাবে সম্পাদনের ব্যাপারে জ্যোতিবাবুকে বলতে শুনেছি—'কাকে বলব, চেয়ারকে বলব' ? সেজন্ম বলব, আপনারা আগে আত্মসমালোচনা করুন। এই সমস্ত জিনিষকে তুলে ধরার দরকার আছে। আমরা কিছু বললেই বলেন, চক্রাস্ত করছি বা সরকারকে উৎথাত করার চেষ্টা করছি। এই জিনিষ কথনই ঠিক নয়। এথানে আর বেশী কিছু বলার নেই বলে আমি এই ভাষণের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীরামনারায়ণ গোস্থামী ঃ মামনীয় সভাপাল মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে ধল্যবাদ প্রস্তাত এসেছে তাকে সমর্থন করছি। রাজ্যপাল তাঁর ভাষণে সরকারের সাফল্য এবং অগ্রগতির পথে যে বাঁধাগুলি তা তুলে ধরে পশ্চিমবাংলার একটা সামগ্রিক চিত্র এথানে দিয়েছেন। এথানে দেখতে পাচ্ছি স্পত্রভবাবুরা তাতে একটু চটে গেছেন। কেননা তাঁদের কাছে পশ্চিমবাংলার এই চিত্র ভাল লাগছে না তাঁরা সেই পশ্চিমবাংলার প্রতিনিধিম্ব করছেন যেথানে খোঁড়া হেমেন, খোকা, দীপক্ষর থাকবে। স্কতরাং জনসাধারণের প্রতিনিধি হিসাবে তাঁরা এথানে থাকছেন না এবং যাদের ভোট নিয়ে তাঁরা এসেছেন তাদের তাঁরা প্রতারিত করছেন। স্পত্রতবাবু আইন শৃষ্টালার কথা বললেন। আমি বলবো এথানে হৈমীবাবু নেই, থাকলে তিনি তাঁর হাতটা চেপে ধরতেন। গৌরীবাড়ীর ঘটনা নিয়ে সেথানকার প্রত্যেকটি নাগরিক সচেতন হয়ে নাগরিক কমিটি গঠন করে উল্যোগ নিয়েছেন সমাজবিরোধীদের বিরুদ্ধে। আজ অজিতবাবু থাকলে বলতেন তিনি হেমেনবাবুর মারের চোটে গৌরীবাড়ী যেতে পারেন নি। কসবার কথায় বলবো আপনারা জানেন উজ্জলকে

যেদিন নিয়ে যাওয়া হয় দেদিন কংগ্রেস পক্ষ থেকে কোন কথা বলা হয়নি। তারপরে যে মূহুর্তে থোকাকে গ্রেপ্তার করা হল এবং দে যথন বললো আমি কংগ্রেস আই-এর কর্মী, কংগ্রেসের বাড়ীতে ছিলাম, এবং বিগত কংগ্রেস অধিবেশনে গিয়েছিলাম তথনই স্কব্রতবাবু বললেন কংগ্রেস বটে, তবে আমার কংগ্রেস নয়, প্রিয়রঞ্জনের কংগ্রেস। একটু লঙ্জা নেই। ইনডোর ষ্টেডিয়ামে মা এপে-ছিলেন এবং দেখানে কংগ্রেসের অধিবেশন হল। সেই অধিবেশন চলাকালীন পশ্চিমবাংলার বাইরে থেকে আসা ২ জন প্রতিনিধি সন্টলেকে নারী ঘটিত ব্যাপারে ধরা পডলেন। অথচ এই কংগ্রেসের মুথ থেকে আইন শৃঙ্খলার কথা শুনতে হয়। ১৯৭০ থেকে ১৯৭৭ দাল পর্যন্ত আপনারা কত ঘর বাড়ী পুড়িয়ে দিয়েছেন, গ্রামের পর গ্রাম পুড়িয়ে দিয়েছেন, হাজার হাজার মারুষকে হত্যা করেছেন। ১৯৭০ থেকে ১৯৭৭ দাল পর্যস্ত যেদব জীব আপনারা প্রদা করেছিলেন তারাই এই সব কাজ এখন করছে। স্থতরাং আপনাদের কাছ থেকে আইন শৃঞ্চলার কথা শুনতে চাই না। রাজ্ঞাপাল তাঁর ভাষণে পশ্চিমবাংলার একটা সামগ্রিক অর্থনীতির চিত্র দেবার চেষ্টা করেছেন। পশ্চিমবাংলা একটা ভিন্ন অর্থনীতির দারা পরিচালিত হচ্ছে না। সারা ভারতবর্ষের যে অর্থনীতির চিত্র তারই প্রেক্ষাপটে পশ্চিমবাংলা চালিত হচ্ছে। যে দেশের শতকরা ৮০ জন মাত্রুষ ক্লষির উপর নির্ভরশীল সে দেশের অর্থনীতি ক্রষিকে বাদ দিয়ে নয়। এ কথা আমরা প্ল্যানিং কমিশনে বলেছি, অর্থ কমিশনের কাছে মেমোরগুমে বলেছি এবং দিল্লীতের বলেছি যে ভূমি সংস্কারের কি হল ভূমি সংস্কার নিয়ে দারা ভারতবর্ষ কিছু করেনি। আমরা সেই ভূমি সংকার সীমাবদ্ধ ক্ষমতা নিয়ে করেছি। সারা ভারতবর্ষে উদ্বৃত্ত জমি যা দখল করা হয়েছে তার শতকর। ৩০ ভাগ *হচ্ছে* পশ্চিমবাংলার। অথচ আমাদর যে দ্বিতীয় ভূমি সংস্কার বিলু যা আমরা সংখ্যাধিক্যের ভোটে

#### [ 7-00-7-10 P. M. ]

গ্রহণ করেছিলাম সেই বিলে ৪ বছর হয়ে গেল রাষ্ট্রপতি সই দিচ্ছেন না। মাননীয় মন্ত্রী প্রণববার্
এখানে মাঝে মাঝে অনেক কথা বলেন। কিন্তু হুর্ভাগ্য হচ্ছে বিগত দিনে যিনি পাইলট ছিলেন
তিনিও এখানে এসে বড় বড় কথা বলে যাছেন। আছকে ব্রুতে হবে যে ভারতবর্গে কোন
অর্থনীতির কথা বলা যাবে না, উন্নতির কথা বলা যাবে না ভূমি সংকারকে বাদ দিয়ে। অন্তদিকে
মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওঁরা ওভারড়াফ্টের কথা বললেন। আমি জিজ্ঞাসা করি ১৯৮৩-৮৪ সালে
কেন্দ্রীয় সরকারের বাজেটে কত ঘাটতি দেখান হয়েছিল ? ঘাটতি দেখান হয়েছিল ১৫৫৫ কোটি
টাকা। আর এ্যাকচুয়্যাল ঘাটতি কত হয়েছে—এ।কচুয়্যাল ঘাটতি হয়েছে ২৬ শো কোটি
টাকার বেশী ইতিমধ্যে যা হিসাব পাওয়া গেছে তাতে ১৯৮২-৮০ সালে বাজেটে ঘাটতি রাখা
হয়েছিল ১৩৬৫ কোটি টাকা, আর প্রকৃতপক্ষে ঘাটতি হয়েছে ১৯৩৫ কোটি টাকা। টাকাটা
কোধা থেকে এসেছিল ? স্বত্রতবাবু বললেন আমরা নাকি পশ্চমবঙ্গের আলাদা ব্যাক্ষ করার দাবি
করেছি যেটার রিজ্ঞার্ভ ব্যাক্ষ অন্ত্রমাদন না দিয়ে ভাল করেছেন। আমরা নাকি টাকাকড়ি
তছনছ করে দেব যেহেতু বাজেটে ঘাটতি আছে। কি জবাব দেব এইসব কথার। এই রকম

একটা ঘাটতি বাজেট নিয়ে গভর্নমেন্ট অব ইণ্ডিয়া চলছে, এই অর্থনীতি সেখানে চলেছে যারজন্ত প্রতিদিন মন্ত্রাফীতি চলচে। আপনারা জানেন টাকার মূল্য আজ কোথায় দাঁড়িয়েছে। ১৯৬০ সালে ১ টাকা ধরলে আত্মকে তার মূল্য দাঁড়িয়েছে ৯ পয়সায়। কি বলবেন জয়নালবাবু ? এটা কি আমরা করলাম ? আপনারা পশ্চিমবঙ্গের মাসুষের কাছে বলন আপনাদের সরকার যাঁরা দিল্লীতে বদে আছেন তাঁরা চালের দাম কতবার বাডালেন—চার বার, গমের দাম তিন বার, ক্ষ্মলার দাম আট বার, কেরোসিনের দাম ৫ বার, ডিজেলের দাম চার বার, পেটোলের দাম চার বার. সিমেণ্টের দাম ১২ বার। আপনারা দাম বাড়াচ্ছেন, আমরা কি করব, আমরা কি পশ্চিমবঙ্গে দাম কমিয়ে দেব ? এইসব সত্ত্বেও আমরা পশ্চিমবঙ্গে ভারতবর্ধের থেকোন রাজ্যের তুলনায় অনেকটা প্রাইদ ইনডেক্স কমিয়ে রাখতে পেরেছি। আমাদের যে দরবরাহ ব্যবস্থা, বণ্টন ব্যবস্থা আছে সেই বন্টন ব্যবস্থার কপায় কিছট। কম হয়েছে। যেমন ধরুন গোটা ভারতবর্ষের প্রাইজ ইনডেক্সের গড় হচ্চে ৫৫৪, বোম্বেত ৫৬৬, দিল্লীতে ৫৫৯, মাদ্রাজে ৫১১ এবং আমাদের কলাকাতায় ৫১৬। আমরা বন্টন ব্যবস্থাকে সেইভাবে চালাতে পার্ডি বলে মান্ত্রুমকে কিছুটা স্বস্থি দিতে পারছি। অন্তদিকে গভর্মেণ্ট অব ইণ্ডিয়ার, যেটা আমাদের মাননীয় সদস্য শ্রীঅমল রায় বললেন, আভ্যন্তরীন এবং বৈদেশিক ঋণের পরিমান কত—গুরু আভ্যন্তরীন ক্ষেত্রে সরকারের ক্রেডিট টু দি ব্যাক্ক হচ্ছে ১১,৮০৪ কোটি টাকা, ১৪-১-৮৩ তারিখে সেটা গিয়ে দাড়াল ৩৫,২৯৪ কোটি টাকায়। গোটা ভারতবর্ষের চিত্র এই জায়গায় এসে দাঁডিয়েছে। এই রকম অবস্থায় পশ্চিমবঙ্গে আমরা যথন একটা বিকল্প রাস্তা নিয়ে মানুষকে রিলিফ দিতে পার্ছিলাম তথন তাঁদের এই সমস্ত কাজকর্ম বুর্জোয়া সামস্ততান্ত্রিক উলঙ্গ চেহারা নিয়ে দেখা দিয়েছে।

আমরা আমাদের ক্ষমতার সীমাবদ্ধতার কথা বার বার বলেছি। আমরা সংবিধানের চুলচেরা বিচার বিশ্লেষণ করে বলেছি আর্টিকেল ২৭০, ২৭১, ২৮৬, ২৬৯ আমাদের ক্ষমতা সীমাবদ্ধ করে রেখেছে। স্থত্রতবাবু বললেন, আমরা কেবলই টাকা চাচ্ছি, ভিক্ষা করছি। পশ্চিমবাংলায় বাস করে এই সমস্ত কথা বলতে তাঁর লজ্জা করছেনা ? এটা কি "হেমেনের" বাংলা ? সেদিন রাজীব ভাই-ও বললেন, পশ্চিমবঙ্গের মন্ধীরা দিল্লীতে ভিক্ষে করতে যায়। ভাঃ জয়নাল আবেদিন জেনে রাখুন গত সাড়ে ছ'বছরে পশ্চিমবাংলা হতে কেন্দ্রীয় সরকার আয়কর, পণ্য শুল্ক এবং কর্পোরেশন কর বাবদ নিয়েছে ৬৯৩২ কোটি টাক। এবং তার পরিবর্তে পশ্চিমবাংলা পেয়েছে মাত্র ১৫৩৩ কোটি টাকা। তাহলে দেখা যাচ্ছে আমাদের টাকাতেই তো চলছে। সংবিধান তাঁদের হাতে রয়েছে তাই আমরা কিছু করতে পারিনা। আপনাদের একটু বুন্ধে কথা বলতে হবে। তবে মনে রাথবেন এইসব কথা বলে পশ্চিমবাংলার মাছ্মকে আপনারা বিভ্রান্ত করতে পারবেন না। আমরা এখানে সরকার পরিচালনা করছি চরম বঞ্চনা এবং অবমাননার মধ্য দিয়ে এবং গোটা পূর্বাঞ্চল এইভাবে প্রতারিত হচ্ছে সেকথা আমরা বার বার বলেছি। কেন্দ্র-রাজ্য সম্পর্কের পরিবর্তনের দাবী শুধু আমাদের একার নয়, এটা গোটা ভারতবর্ষের দাবী। কিছুদিন আগে আমরা যথন বাংলা বন্ধ ডেকেছিলাম তথন বিহারের মুখ্যমন্ত্রী শ্রীচন্দ্রশেবর সিং এখানে এসেছিলেন। সাংবাদিকরা তাঁকে

জিজ্জেদ করেছিলেন বামফ্রণ্ট সরকার যে দমস্ত দাবীর উপর বাংলা বনধ করেছে দে সম্বন্ধে আপনার মতামত কি ? তথন তিনি বললেন, এই সমস্ত দাবীর কিছু কিছু তা্য্য এবং এই সমস্ত দাবী নিয়ে আমরাও ভুগছি। শ্রীসিং-এর একথা শুনে আনন্দগোপালবাবু বললেন, আমি হাই ক্য্যাণ্ডে চক্রশেশর সিং সম্বন্ধে বলব। কাজেই দেখা যাচেছ, গুধু ফারুক আবছুলা নয়, গুধু রামারাও নয়. গোটা ভারতবর্ষের এই অবস্থা চলছে। আমরা বলেছি পূর্ব।ঞ্চল বেশী করে প্রতারিত হচ্ছে। থান্ত, সেচ, সার ব্যবস্থা, শিক্ষা প্রভৃতি ক্ষেত্রে দেখেছি কিভাবে আমরা কেন্দ্রীয় সরকারের প্রতারণার মথে পডেছি। আনরা যথন এই সমস্ত কথা বলছি তথন ওঁরা মনে মনে চিন্তা করেন এঁরা দেখছি আমাদের পার্টির কথাই বলছে। আমি ডাঃ আবেদিনকে বলি, ১৯৭৪ সালের ১৯শে এপ্রিল শ্রীষ্ঠান্ত মিশ্র একটা মোশন মুভ করেছিলেন এই হাউদে হলদিয়ায় জাহাজ নির্মান কার্থানার প্রোপোজালটা ফাইনালাইজ করা হড়েনা বলে। তথন আপনাদের আনন্দ গোপাল মধার্জী বলেছিলেন, "ভারতবর্ষের অর্থনীতির বনিয়াদকে শক্ত করে গড়ে তোলার জন্ম আমাদের পরিকল্পন। গ্রহণ করা হয়। কিন্তু সেই পরিকল্পনাকে কর্যকরী করার জন্ম যদি তার পেছনে রাজনৈতিক উদ্দেশ্য থাকে তাহলে যেমন করে ভারতবর্ষের অগ্রগতি খুঁড়িয়ে খুঁড়িয়ে হচ্ছে, ভারতব্রের অর্থনৈতিক বুনিয়াদ শক্ত ভিতের উপর গড়ে ওঠেনি, বালির বাঁধের উপর তৈরী হচ্ছে…। স্থার, এমব কথা আমার নয়, ১৯৭৪ সালের ১৯শে এপ্রিল এই হাউসে এই সমস্ত কথা আনন্দবারু বলেছেন। তারপর, আপনাদের মন্ত্রী তরুণ কান্তি ঘোষ তার বাজেট বক্ততায় বলেছিলেন, "ভারতবর্ষে ইলেক-ট্রনিক্স ইণ্ডাব্রির উৎপাদিত দ্রব্যের শতকরা ৮০ ভাগ পশ্চিমবঙ্গে উৎপন্ন হোত। কিন্তু শেষ সমীক্ষায় দেশতে পাচ্ছি এখন মাত্র ৬ ভাগ তৈরী হয়। এমন একটা সময় ছিল ২০ বছর আগে, ধখন ভারতবর্ষের যত ফার্মাসিউটিক্যাল ড্রাগস তৈরী হোত তার শতকরা ৫০ ভাগ হোত এই পশ্চিমবঙ্গে। কিন্তু আজকে সেই জিনিসটা চলে গেছে মহারাষ্ট্র এবং গুজরাটে। তার কারণ মোরারজীভাই এবং তৎকালীন মন্ত্রী যিনি ছিলেন তাঁরা ওয়েস্টার্ন সাইড থেকে এসেছিলেন, সেই কারণে ওই দিকে হয়েছে"।

#### [ 7-10-7-20 P. M. ]

শুধু আনন্দবাবু নয়, শুধু আমাদের তরুণকাস্তি ঘোষ না, ঐ জয়নাল সাহেব যিনি এখানে বসে আছেন, তিনি যখন ক্ষ্প্র ও গ্রামীন শিল্প দগুরের মন্ত্রী ছিলেন, তিনি সেদিনের বাজেট বক্তৃতায় বলেছিলেন যে "গত ২৫ বছর ধরে এই বিভাগকে আমর্য অবহেলা করে এসেছি। সভার মাননীয় সদশুদের কাছে আমি স্পষ্ট জানাতে চাই যে এই রাজের ক্ষ্পু ও গ্রামীন শিল্পের দিকে পরিকল্পনা কমিশন এবং ভারত সরকারকে আরও সহামুভ্তির দৃষ্টি দিতে হবে। অনবরতই পরিকল্পনা কমিশন ও ভারত সরকার ৫ম পরিকল্পনায় এই থাতে ব্যয় বরাদ্ধ আরও বাড়াবার প্রয়োজনীয়তা মেনে নিতে বলেছি"। তার পর আরও শুমুন ওঁরা বলেছেন এবং আমর।ও বলেছি যে সারা দেশের তুলা পরিবহনের থরচ এক করে দিন। এই বিসয়ে আমরা আমাদের বক্তব্য মেনে নেবার জন্য ভারত সরকারকে অমুরোধ জানিয়ে চলেছি। তার পর আপনি কি বলেছেন, মূল সমস্থা হচ্ছে যে,

ষে যেখানে আমাদের প্রয়োজন ১০০%, সেখানে আমরা এ্যালকেসন পেলাম ২৫% এবং আবার যে এাালকেসন পেলাম, তার ৪০ ভাগ মাত্র এই ষ্টেটে এসে পৌছোচ্ছে এবং বাকীটা আসে না। এটা কিন্তু আপনাদেরই বক্তব্য। আমরা বলছি যে আজকে পূর্বাঞ্চলকে স্থযোগ দিতে হবে—এ কথা কোন সি পি এম বলছে না, জয়নাল আবেদিন সাহেব বলছেন। সেইজন্ত ৫ম পরিকল্পনা-কালে আমরা আমাদের এখানে স্থতা মিল করতে চেয়েছি এবং এ কথাও আপনারা বলেছেন। এবং আপনাদের পাশে যিনি বসে আছে শ্রীকাশীনাথ মিশ্র মাননীয় সদত্ত, তিনি বলেছেন যে পশ্চিমবাংলা যে একটা নৃতন স্বপ্ন দেখেছিল এবং তার পরিপ্রেক্ষিতে এথানকার যুবকদের মনে একটা নৃতন চাঞ্চল্য এসেছিল, কেন্দ্রের বিমাতৃস্থলভ ব্যবহারে আমাদের সেই স্বপ্ন আশাকে কিছুটা বঞ্চিত করেছেন। তুপু তাই নয়, আমাদের পশ্চিমবাংলা চা পাট কয়লার মাধ্যমে যে বিদেশী মৃদ্রা আনে, যাতে ভারতবর্ষের অন্তান্ত ষ্টেটের উন্নতি হচ্ছে, সেথানে পশ্চিমবাংলার যুবক ছাত্র জনসাধারণ চুপ করে বদে থাকবে না। এটা কাশীকান্তবাবুর বক্তৃতা। তাহলে বুঝতে পারছে, আমরা যেটা বলতে চাচ্ছি, যে পূর্বাঞ্চল তথা পশ্চিমবাংলা কিভাবে কেন্দ্রের বঞ্চনার সম্মুখীন হয়েছে এবং এই রকম একটা বঞ্চনার মধ্যে আমাদের পাশ হয়ে যেতে হচ্ছে। সেইজন্ম আমাদের আরও অনেক কিছ বলার রয়েছে। প্রফল্ল কান্তি ঘোষ মহাশয় চলে গেছেন। তিনি বলেছেন যে তাঁর খাল দপ্তরে ঠিকমত সাপ্লাই হচ্ছে না। আমরাও ঠিক সেই কথা বলতে চাচ্ছি। আর এইভাবেই পশ্চিবাংলাকে বঞ্চনা করা হয়েছে এবং হচ্ছে। শুধু আমাদের আমলে নয়—দীর্ঘ দিন ধরে এটা চলছে। এখন যেহেতু পশ্চিমবাংলা কংগ্রেম (ই)-র কবরস্থান, আজকে তাদের এটা চিস্তা করতে হবে বলে তারা এইসব কাজ করে যাচ্ছেন। আমরা বুঝতে পারছি কলকারথানার কি অবস্থা। ওঁরা বলছেন যে দেশের বেকার বাড়লো কেন জ্যোতিবাবু জবাব দাও। জবাব আমরা দেবো তো—কলকারথান। খোলা হবে—তো আপানারা বলুন না কংগ্রেস বেঞ্চ থেকে যে কলকারখানা খোলার জন্য কেন্দ্রের দরকার হবে না, জ্যোতিবাবুই থলতে পারবেন। আপনারা বলুন না যে মায়ের দিকে তাকিয়ে থাকতে হবে না। আমাদের ইণ্ডাষ্ট্রিয়াল লাইসেন্স দরকার হবে না—এই পশ্চিমবাংলাই কল-কারখানা খুলতে পারবে--আপনারা জবাব দিন মান্তবের কাছে। কি অপরাধ করেছে পশ্চিম-বাংলার মান্তব ? রাষ্ট্রায়ত্ব ব্যাক্ষ গুলি থেকে ষেথানে চণ্ডীগড প্রতি ১০০ টাকায় ৩১৮ টাকা লগ্নী করে, সেথানে পশ্চিবাংলায় লগ্নী করে ২৮ টাকা মাত্র। কে কৈফিয়ত দেবে এর ? সেইজন্ম আমি বলছি যে এই পশ্চিমবাংলায় আমাদের একটা ব্যাঙ্ক করতে দিন—আর আমরা পশ্চিমবাংলার অগনিত মানুষদের বলবো যে এই ব্যাঙ্কের আপনারা টাকা রাখুন এবং সেই টাকায় আমরা আমাদের দেশকে গড়ে তুলবো। তাহলে বুক্কতে হবে অবস্থাটা কোথায়। বেকার সমস্তা আছে এবং দূর করতে হবে, শিল্পে অগ্রগতি ঘটাতে হবে। কিন্তু তারা তো জানেন ইলেকট্রনিক্স কারথানা থোলার ব্যাপারে আপনার। তো জানেন কি করেছিলেন, আপনার। তো চেষ্টা করেছিলেন। এখন তে অন্ধকারের যুগ। তাহলে তো বুরুছেন ইলেকট্রনিক্স কারথানা থোলার কি অবস্থা। আমাদের এখানে জাহাজ নির্মানের কি অবস্থা হয়েছে। কিন্তু এইসব বাধা সত্তেও আমাদের সাফল্যের দিকটা হোল এই যে ক্ষুদ্র ও মাঝারী সংস্থাগুলির উপর আমরা জোর দিয়েছি এবং ১৯৭৭-৭৮ সালে যেথানে

মাত্র ৮৯৭৮টি ইউনিট ছিল ক্ষুদ্র এবং মাঝারি শিল্পের, যেথানে ১৯৮১-৮২ সালে ১ লাগে ৫৮ হাজার ৬৮০টি ইউনিট আমরা এথানে তৈরী করতে পেরেছি। এবং কর্মসংস্থানের হিসাবে দেখা যাচ্ছে যে ১১ লক্ষ ২২ হাজার ৯৯ জনের কর্মসংস্থানের ব্যবস্থা এই ক্ষুদ্র ও মাঝারি শিল্পের মধ্যে দিয়ে হয়েছে।

সেখানে ১৯৮১-৮২ সালে ১ লক্ষ ৫৮ হাজার ৬৮০ টা ইউনিট আমরা তৈরী করেছি এবং কর্ম সংস্থানের হিসাব দেখা থাচ্ছে ১১ লক্ষ ৯৯ হাজার জনের কর্ম সংস্থানের ব্যবস্থা এই ক্ষুদ্র এবং মাঝারী শিল্পের মধ্যে দিয়ে হচ্ছে। এছাড়া আপনারা জানেন আমাদের সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে যতটক আমরা পারি তা করে গত থরা এবং তার আগে যে বক্তা হয়েছিল, সেই সমস্ত জায়গায় এই কয় বছরে ২৫ কোটির মত গ্রামে শ্রম দিবস আমরা স্বষ্ট করেছি। অন্য দিকে এই রকম একটা অবস্থার মধ্যে—বর্গাদার বামক্ষণ্টের আমলে কত ছিল, ২॥ লক্ষ, আর আজকে বামক্ষণ্টের আমলে আমরা ১৩ লক্ষ এর উপর বর্গা রেকর্ড করিয়েছি। গোটা ভারতবর্ষে কোথাও হয়েছে? পশ্চিম-বাংলায় আপুনাদের আমলে হয়েছে. কথনও হয়নি। ভাগচাযীদের চাষের নিরাপত্তা আমরা দিচ্ছি. উদৃত্ত জমি বন্টন—আমি একটু আগে বলেছি ৭ লক্ষ ৫১ হাজার একর জমি আমরা বিলি করেছি, যেট। সারা ভারতবর্ষে হয়েছে শতকরা ৩০ ভাগ। ভারতবর্ষের এই চিত্র আজকে দাঁড়িয়েছে। অন্যদিকে ৪৫ লক্ষ রুষকের থাজনা আমরা মকুব করেছি। সেচ ব্যবস্থা বেডেছে, আর আগে এই সেচ ও বিচ্যুৎ দপ্তরের মন্ত্রী ছিলেন আবুল বরক্ত আতায়ূল গনি থান চৌধুরী, এখন যিনি রেল দপ্তরের মন্ত্রী হয়েছেন, আগে থনি দপ্তরের মন্ত্রী ছিলেন, তিনি পশ্চিমবাংলায় সেচ দপ্তরের মন্ত্রী ছিলেন, তিনি তাঁর বাজেট রাখতে গিয়ে বলেছিলেন—মাত্রুষকে কি ভাবে প্রতারিত করে দেখন একবার—তিনি যথন এথানে মন্ত্রী ছিলেন, তিনি বলেছিলেন, কি করবো, মাইখনের বাঁধ কুশন বাড়ানো হচ্ছে না বন্থা কি ভাবে নিয়ন্ত্ৰন হবে ? বাঁধ কুশন বাডাতে হবে পাঁচ ফুট, পাঞ্চেতের বাঁধ কুশন বাড়াতে হবে এবং তার জন্ম ২২ বর্গমাইল এলাকা ডি. ভি. সি.-কে এ্যাকয়্যার করতে হবে। আমি বারবার বলা সত্তেও ডি. ভি. সি. সেই জমি এ্যাকয়্যার করছে না এবং তিনি বলেছিলেন খুব তাড়াতাড়ি ছুই দেশের অর্থাৎ পশ্চিমবাংলা এবং বিহারের মুখ্যমন্ত্রীর মধ্যে এই ব্যাপারে একটা আলোচনা হবে এবং ইন্টার বিভাগ থে সমস্ত ভিসপিউট আছে, তার উপর আলোচনা হবে। যাই হোক জ্যোতিবাবু মুখ্যমন্ত্রী হওয়ার পর জগন্নাথ মিশ্র সেথানে তথন মুখ্যমন্ত্রী ছিলেন, তার সঙ্গে আলোচনা হয়েছে ১৯৭৮ সালে—জয়নালবাবুও জানেন একটা প্যাকেজ ভিল হয়েছে, সেথানে মাইথন ড্যামের উচ্চতা পাঁচ ফুট বাড়ানো, পাঞ্চেতের উচ্চতা বাড়ানো, এই দব দিদ্ধান্ত দেখানে रुख़िष्ह । तक वाथा मिल्ला ? विरांत वाथा रमग्रनि । आगि माग्निष निरंत्र वलिह, त्याम कग्रला দপ্তরের মন্ত্রী বরকত গনি ঐ দপ্তরের আগে যিনি মন্ত্রী ছিলেন, তিনি বললেন যে মাইথন বাঁধের উচ্চতা বাডাতে গেলে কয়লা নষ্ট হয়ে যাবে।

আর তিনি যথন সেচমন্ত্রী ছিলেন, বিদ্যুৎ মন্ত্রী ছিলেন, তথন বলেছিলেন যে ডি. ভি. সি. করছেন। তাহলেই বুঝতে পারছেন কি ঘটছে? নর্থ বেংগলে তিস্তা ব্যারেজ হচ্ছে, আমাদের

এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে এই বাজেট থেকে কিছু টাকা আমরা দিচ্ছি। একটু বুকে হাত দিয়ে বলছেন না, পশ্চিমবাংলার পাঁচটা জেলা উত্তরবঙ্গে, সেই পাঁচটা জেলায় কি সেচের ব্যবস্থা আছে, কিছু তো নেই ? সেই তিন্তা প্রকল্প আমরা করছি, একটা নয়া পয়সাও কেন্দ্রীয় সরকার দিচ্ছেন না। আর লম্বা লম্বা ভাষণ দিচ্ছেন ওথানে। তাহলে ক্রমির একান্ত প্রয়োজনীয় সেচ, তার বারোটা বাজাচ্ছেন, ক্লয়ির একাস্ত প্রয়োজন যেটা সার, সার নিয়ে কি করছেন, তার মধ্যে আমি যাচ্ছি না, আমার সময় হয়ে এসেছে, কিন্তু আপনারা জানেন সারের ক্ষেত্রে কি আপনারা বলেছেন, আমাদের যে সার দরকার, শুধু আমাদের আমলেই নয়, ওঁদের আমলেও সার নিয়ে কি কেলেঙ্কারী হয়েছিল। সার আমাদের যা দরকার, সেই সার আমরা পাচ্ছি না, তাহলেই বুঝতে পারছেন, এতৎসত্ত্বেও আমাদের কৃষির অগ্রগতি ঘটেছে, এটাই আমরা বলতে চাইছি। কিন্তু মুস্কিল হচ্ছে কি জানেন, অপরে শিথিয়ে দিলে, অপরের দারা টিউটর্ড হয়ে বলতে গেলেই মৃদ্ধিল। আপনাদের টিউটর তো পাইলট, যিনি থেকে থেকে থরার বছরের হিসাবটা তুলে ধরলেন। আজকে বলুন ১৯৮৩-৮৪ সালে কি হয়েছে? গতবার একট ভাল বৃষ্টি হয়েছিল, চাষীরা উঠে পড়ে লেগেছিল এমন কি থরার বছয়েও বিহার ও উডিয়াও কি হয়েছিল ? এই সব কথা বললেন না, ভুধ পশ্চিম-বাংলার কথা বললেন। কেন? না, পশ্চিমবাংলায় বামফ্রণ্ট সরকার আছে। এমনি করে বামফ্রন্টকে সরানো যায় না। গোটা ভারতবর্ষে বাঁধটা ভেঙ্গে পড্ছে, ওরা পশ্চিমবাংলায় পলেন্তর। লাগাচ্ছেন, এই সব সত্ত্বেও আমরা পশ্চিমবাংলায় আমাদের সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে যতথানি পারি, আমরা এই সব চেষ্টা কর্ম্ভি। আপনারা জানেন যে ওরা তো সব বক্তব্য বললেন না, বাজেটে অনেক বক্তব্য আছে, অমলবাৰ ঠিকই বলেছেন, ভক্তিবাৰও ঠিক বললেন যে একটা বাজেট ভাষণে অনেক বক্তব্য বলার আছে, সেইগুলো একটু কনট্রাডিক্ট করুন। সান্তার সাহেব এলেন না, পরে একটু থে জ নেবেন, কেউ আটকায়নি তো? যাইহোক তিনি বোধহয় অস্থ। স্থত্তবাবু হাত পাছুঁড়ে বললেন—১৯৭২ সাল। জানেন তো, কংগ্রেসীদের কোন মাননীয় সদস্তের কাছে যদি ১৯৭২ সালের কথা বলেন, তাহলে জিভ থেকে টস টস করে জল পড়বে। মাইরি. মাইরি. ১৯৭২ সাল-কি দিন ছিল।

## [ 7-20-7-30 P. M. ]

১৯৭২ সাল পশ্চিমবাংলায় আর আসবে না। সেই জন্ম তারা আইন শৃঙ্খলা, আইন শৃঙ্খলা বলে চীৎকার করে ফেললেন যে গত ৬ বছরে ৭ হাজার মান্ত্য থুন হয়েছে। আমি চ্যালেঞ্জ করছি, তিনি নামগুলো আমাদের দিন। তিনি তো কেটে পড়লেন, জয়নাল সাহেব আপনি আছেন, তাকে বলবেন। আপনার সঙ্গে তার কথা হয় ? তো, আপনি তাকে এই কথা বলবেন। ৭ হাজারের নামটা আমাদের একটু দিন। কয়েকদিন আগে আপনারা তো রাজ্যপালের কাছে স্মারকলিপি জমা দিতে, ডেপুটেসন দিতে গিয়েছিলেন। নাম দিয়েছিলেন। নামটা দিন আমাদের। নাম তো দিলেন না, বকৃতা দিয়ে চলে গেলেন ৮ আমি চ্যালেঞ্জ করছি, আপনি নাম দিন। পাট নিলো তো কি হয়েছে ? দিল্লী থেকে আপনাদেরই তু জন কংগ্রেসী এম. পি. এসেছিলেন। কোন কংগ্রেস

কর্মী, নেতা পশ্চিমবাংলায় আছেন যে পুলিশের কাছে বিধিবদ্ধ অভিযোগ এনেছেন? একটিও অভিযোগ আনেন নি। নারী নিগ্রহের কথা বলতে আপনাদের লব্দ্ধা করছে না ? পশ্চিমবাংলায় নারী নিগ্রহ হয়েছে বলে আপনার। উল্লেখ করেছেন। মিঃ স্পীকার, স্থার, আমি এই বিষয়ে আপনার কাছে একটি তথ্য পেশ করছি। উত্তরপ্রদেশে গত বছর ৪৯৭টি নারী ধর্ষণের ঘটনা ঘটেছে, মহারাষ্ট্র (বম্বে) জুলাই, আগষ্টের পরিসংখ্যান ছাড়া ৩৩৬টি ঘটনা ঘটেছে, রাজস্থানে জুলাই পর্যস্ত ২২২টি ঘটেছে, আগষ্ট পর্যস্ত বিহারে ২১২টি ঘটেছে, আর পশ্চিমবাংলায় ৯২টি ঘটেছে। আজকে অবস্থাটা আপনাদের একটু বুঝতে হবে। ওরা বলছেন গ্রেপ্তার করতে পুলিশ নামচে না, অযুক নামছে না, আইন শৃঙ্খলা নেই। আপনাদের গ্রেপ্তার করবে নাকি, স্থবতবাবু, সোমেনবাবু তাহলে সমাজবিরোধী কোথায় খুঁজে পাব ? আমরা পারব না। আমরা মনে করি গণতন্ত্র আছে এবং আপনারা এমেছেন, বমেছেন, কথাবার্তা বলছেন। তাই অবস্থাটা একট বরুতে হবে। কাজেই আইন শৃষ্খলা নিয়ে এই সৰ কথাবাৰ্তা বলে লাভ নেই। কাশীবাৰু আবার একটা বাড়তি কথা বলে ফেললেন, স্ব্রতবাবু হয়ত বলেছিলেন যে শিক্ষা জগতে নৈরাজ্য চলছে—এই কথা বলে কলকাতা ইউনিভার্সিটির প্রদক্ষ এনেছিলেন। কি হয়েছে ওথানে ? সংখ্যা গরিষ্ঠ সিনেট সদস্তদের কথা বলবার অধিকার আতে কিনা ? তাদের অধিকার দেবেন না ? সংখ্যা গরিষ্ঠ সিনেট সদস্তরা যদি মনে করেন উপাচার্যের কোন কাজ আইন সমত হয়নি তাহলে তার প্রতিবাদ করবার অধিকার আছে। ঐ তজন এ্যাপয়েন্টমেন্টের ব্যাপারে তাদের প্রতিবাদ করার অধিকার আছে। এটা শিক্ষা জগতে নৈরাজা? মিঃ স্পীকার, স্থার, কংগ্রেমের বেশীর ভাগ নেতাই আপনার, আমার মত নয়, দব এম. এ. পাশ। কবে'র পাশ । মাইরি মাইরি সেই একটা স্বর্গ ছিল ১৯৭১ থেকে ১৯৭৭ সাল—সেই সময় সব এম. এ. পাশ করে ফেলেছেন। তাহলে বুঝতেই পারছেন ব্যাপারটা কি হয়েছে। আর ওরা আমাদের শেখাছেন শিক্ষা জগতে নৈরাজ্যের কথা। এই সব সত্তেও আমর। চেষ্টা করছি উন্নতি করার। আরো কয়েকটা কথা বলে গেলেন, আমরা নাকি তপ্রসিলীদের জমি নিয়ে বিলি করছি। তারপর উনি তু একটি নাম বললেন এবং কয়েকটা নাম যোগাড় করেছিলেন। আমাদের শ্বতি শক্তি কি এতই চর্বল ? পাটনায় 'মা' বক্ততা দিয়ে বলে ফেলেছিলেন এথানের তপদিলীদের জমি কেডে নিয়ে পশ্চিমবাংলার বামফ্রণ্ট সরকার অপরকে বিলি করছে। সঙ্গে সজে থাতা খুলে নাম বের হয়ে গেল। আর সেই নামগুলিই বলে গেলেন। এই সব কথা বলে লাভ নেই। আপনার কনষ্টিটিউএন্সি, ওর কনষ্টিটিউএন্সি—এই সব বলে লাভ নেই। আমরাই পশ্চিমবঙ্গের সংখ্যাগরিষ্ঠ পার্টি, দল, বামফ্রন্টই গরিষ্ঠ দল। আমরা এতগুলো **আসন নিম্নে বদে আ**ছি। রাজ্যপালের ভাষণের উপর বক্তৃতা দিতে গিয়ে আপনার কনষ্টিটিউএন্সিতে কি হয়েছে, রাম, শ্রাম, ষতু, মতু, মাধাই—ইত্যাদি তলে ধরে কি রাজ্যপালের ভাষণের উপর বিতর্কে অংশ গ্রহণ করা যায় ? এগুলি বলবেন না। এগুলি এনকোয়ারি করে কি করা যায় সেটা আমরা দেখব। এই সমস্ত কথা বলে কিছু হবে না। আমাদের কিছু হুর্বলতা, কিছু ত্রুটি আছে। এই সব সত্ত্বেও আমরা পশ্চিমবাংলার অগনিত মাহুষের স্বার্থে ভূমি সংস্কারকে কার্যকরী করবার চেষ্টা করছি। আমরা বর্গা রেকর্ড করছি, উদ্বৃত্ত জমি বিলি করছি। আইনগত

আরো কি ব্যবস্থা নেওয়া যায় সেটা চিস্তা করে আমরা বিল তৈরী করেছি। আপনারা একটু বল্ন যাতে সেই বিলটিতে সই দিয়ে দেন। ডাঃ মানস ভূঁইঞা এয়াড হক এয়াপয়েউমেউ সম্পর্কে কয়েকটি কথা বলে গেলেন। হাা, এয়াড হক এয়াপয়েউমেউ দিয়েছি। স্থপি-ডিউটি দিয়েছি। কোথায় দিয়েছি? শুধু কলেজগুলিতে নয়, খোদ রাইটার্স বিল্ডিংসে পর্যন্ত ১০০-র উপর স্থপি-ডিউটি দিয়েছি। এটা বামফ্রন্ট—আপানারা কি বুকতে পারেন না, হাসপাতালে যদি গগুগোল করবার চেষ্টা করা হয় তাহলে সেই প্রচেষ্টাকে বানচাল করবার জন্ম এখনো কিছু উপযুক্ত সহৃদয় সম্পন্ন ডাক্তার আছেন ? কিছু আছেন, তারা বলছেন আমরা পারব না।

তারা বলছেন, এ জিনিষ আমরা পারবো না, ক্যাজয়ালটি বন্ধ করে চলে যেতে পারবো না। তারা বসছেন, আপনি বলন, আমরা কোলকাতায় চালাবো। আপনারা দেখলেন এর পর ওরা কি ভাবে ব্যর্থ হয়ে চলে গেল। কোন অন্যায় আমরা করছি না। আমরা এ্যাড হক এ্যাপন্নেন্টমেন্ট দিয়েছি, স্থপারনিউমারারি ডিউটি আমরা দিয়েছি তবে পার্মানেণ্ট পোষ্টিং আমরা করি নি। নিয়ম অহুযায়ী তাদের গ্রামে চলে যেতে হবে। আপনারা একটু বোঝান না যারা কোলকাতায় পার্মানেন্টলি পোষ্টেড আছেন তারা হাদপাতালগুলি একটু ভালোভাবে চালান। আমরা তাদের স্থপারনিউমারারি ডিউটি দিয়েছি, তাদের আবার গ্রামে পাঠিয়ে দেব আর যদি ঐ রকম করেন তাহলে আবার আমাদের এ্যাড হক এ্যাপয়েন্টমেন্ট দিতে হবে। শীঘ্রই আমরা দিচ্ছি, গ্রামাঞ্চলে তাদের পাঠাবার ব্যবস্থা করবো । তারপর মানসবাবু, কাশীবাবু, সীতারামবাবু এঁরা ঔষধের কথা বললেন। আমি তাঁদের বলব, এসব কথা বামফ্রণ্ট সরকারকে বলছেন কেন ? ঔষধ তো গোটা ভারতবর্ষের ফেনোমেনান, ঔষধ নেই, ঔষধের অভাব ইত্যাদি। এরজন্ম তো ভারতসরকার নিজেই হাতি কমিটি বসিয়েছিলেন যে কি করে ঔষধের সরবরাহ বাড়ানো যায়। জয়নাল সাহেব যথন বক্ততা দেবেন তথন আশা করি বলবেন যে ১৩ বছর ধরে সেই হাতি কমিটির যে প্রতিবেদন তা গ্রহণ করা হয়েছে কিনা এবং ভারতসরকার সে সম্পর্কে কোন মতামত দিয়েছিলেন কিনা গ না. তা তারা দেন নি। গোটা ভেষজ শিল্প আজকে মালটি ন্যাশানাল কর্পোরেশনের হাতে। এই অবস্থায় ঔষধ বিলি হবে কি করে ? ঔষধ কি আমি এখানে পয়দা করবে নাকি ? স্বাধীনতার ৩৬/৩৭ বছর পরেও কেন আজও ভারতবর্ষে কোন ইনটিগ্রেটেড হেল্থ পলিসি গ্রহণ করা হল না ? গত লোকসভার অধিবেশনে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী শ্রীশংকরানন্দ একটি পলিসি ষ্টেটমেণ্ট দিলেন কিন্তু কোন হেল্থ পলিসি গৃহীত হল না। কাজেই আপনাদের বলব, এইসব কথা বামফ্রল্ট সরকারের কিছু করা যাবে না। আমরা আমাদের সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে পশ্চিমবাংলার মামুষের পাশে দাঁড়িয়ে লড়াই করছি এবং সেই চিত্রই রাজ্যপালের ভাষনে ফুটে উঠেছে। স্থার, পরিশেষে রাজ্যপাল মহাশয়ের ভাষনের উপর যে ধন্যবাদেশ্চক প্রস্তাব মাননীয় সদস্য শ্রীশচীন সেন এনেছেন তাকে পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**এলৈখ ইমাজুদ্দিন:** মাননীয় অধ্যক্ষ মহাশ্য, মাননীয় রাজ্যপাল মহাশ্য এই সভায় যে ভাষণ দিয়েছেন এবং দেই ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে সে সম্পক্তে আলোচনায় বিভিন্ন বক্লার আলোচনা শুনলাম। মাননীয় অধ্যক্ষ মহাশ্যু, ১৯৭৭ সালে বামফ্রণ্ট সরকার যথন প্রথম ক্ষমতায় এল তথন বাম**ফণ্টের সদস্তর**া বলেছিলেন, গত ৩০ বছর ধরে দেশে কিছুই হয়নি, আমরা এবারে ক্ষমতায় এসেছি, আগামীদিনে আমরা বাংলাকে গোনার বাংলায় পরিণত করবো, সব কিছুর পরিবর্তন করে দেব, বাংলাকে নতুন করে মাজাবো। কিন্তু স্ঠার, গত ৭ বছর গত হয়ে গেলেও আমরা সেই পরিবর্তন দেখতে পেলাম না, কোন পরিবর্তনই ওরা করতে পারেন নি উপরক্ত পশ্চিমবঙ্গের দিন দিন অবনতি হচ্ছে। পশ্চিমবাংলার যে কোন উন্নতিই হচ্ছে না দেকথা মান্ত্র আজকে বুঝতে পেরেছেন। স্থার, আমবা মনে করি এই সরকার যতদিন থাকরে ততদিন এই পশ্চিমবঙ্গের অধোগতিই হবে, দেশের মাস্থ্যের ত্রাবস্থার কোন স্থরাহা হবে না। স্থার, মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণ আমি পড়ে দেখলাম যে সেখানে তিনি উল্লেখনোগ্য কোন পরিবর্তনের কথা উপস্থিত করতে পারেন নি। স্থার, তিনি বলেছেন, আইন্শ্রেলার যথেষ্ট অবনতি ঘটেনি। এ সম্পর্কে আমার বক্তব্য রাখার আগে আমি স্থার, খাপুনাকে বলুব, আপনি জানেন, এই সভায় বিভিন্ন বক্তা আইনশৃংখলার অবনতির বিভিন্ন দ্যান্ত দিয়ে নানান বকুবা রেখেছেন। ওরা বলেছেন, কেন্দ্র আমাদের সঙ্গে বিমাত্তস্থলত আচনণ কগ্রছে. কেন্দ্র আমাদের দেখতে পারে না আমরা বিরোধী দলের সরকার বলে। তারা বলেছেন, কেন্দ্র থেকে আমরা প্রয়োজনীয় আর্থিক সাহায্য ও অকুদান পাই না। এই প্রসঙ্গে বলতে গিয়ে আমি প্রথমে একটি কথা বলতে চাই। আপনি জানেন, স্থার, এই সরকার গ্রামে-গঞ্জে পঞ্চায়েতের মাধামে যে কাজ করছেন সেথানে আমরা দেখেছি যে পঞ্চায়েতে বামফ্রণ্টের সদস্ত ১০ জন এবং কংগ্রেসের সদক্ত ৫ জন আছেন সেথানে বামফণ্টের সেই ১০ জন মিলে কাজ করেন কংগ্রেসের যে ৫ জন আছেন তাদের কোন কথা জিজ্ঞাসা করেন না, এমন কি মিটিং-এ পর্যন্ত তাদের ডাকা হয়না। কংগ্রেস সদস্তের অঞ্চলে সি. পি. এম-এর ক্যাডার দিয়ে কাজ করানো হয়, কংগ্রেস সদস্যদের দিয়ে কোন কাজ করানো হয়না। এটা কিসের নমুনা? বামফ্রণ্টের প্রধান কংগ্রেসী সদস্যদের সঙ্গে যে আচরণ করেন সেটা কি বিমাতৃস্থলত আচরণ নয় ৭ এটা কি বন্ধস্থলত আচরণ, না, গণতান্ত্রিক আচরণ সেটা বিচার করে দেখন।

## [7-30-7-40 P.M.]

মাননীয় অব্যক্ষ মহাশয়, আর একটি কথা আপনার কাছে বলছি। মূর্শিদাবাদ জেলায় যে জেলা স্কুল বোর্ড আছে দেখানে মাঝে মাঝে প্রাইমারী শিক্ষক নিয়োগ হয়, মাঝে মাঝে মিটিং হয়। দেখানে ৬জন এম. এল. এ. প্রতিনিধি হিদাবে আছেন। মূর্শিদাবাদের একজন এম.এল.এ. অমল রায় মহাশয় এখানে উপস্থিত আছেন। আমি তাঁকে উদ্দেশ্য করে বলছি, তিনি বলুন থে এই ৬ জনের মধ্যে কয়েকজন কংগ্রেদের এম.এল.এ. আছেন ? একজনও কংগ্রেদ এম.এল.এ নিয়েছেন কি ? স্কুল বোর্ডে ষে ৬ জন প্রতিনিধি আছেন তার মধ্যে একজনও কংগ্রেদ এম.এল.এ

AP(81-1/84)-16

প্রতিনিধি নেওয়া হয়নি। আজকে বামক্রণট সরকারের সদস্যরা বলছেন যে কেন্দ্র বিমাতৃস্থলত আচরণ করেন। আমি তাদের বলছি যে কেন্দ্র বিমাতৃস্থলত আচরণ করে না। প্রণণ মুখার্জী এবং আমাদের প্রধান মন্ত্রীতো বলেছেন যে বিহার যে অম্পাতে সাহায্য পায়, পশ্চিমবাংলাও সেই অম্পাতে সাহায্য পায়। তাছাড়া আর্থিক লেনদেন করতে হলে তার জন্ম একটা কমিশন আছে। সেই অর্থ কমিশনের স্থপারিশ অম্থায়ী এটা দেওয়া হয়। সেই কমিশন নিরপেক্ষভাবে কাজ করেন। আর এই দলের লোকেরা যে কাজ করছে তাতে তারা বিরোধিদের কোণঠাসা করে গলা টিপে মারছে। আর এখানে এসে বলছে যে কেন্দ্র বিমাতৃস্থলত আচরণ করছে। এরা নিজেরাই সেই রকম আচরণ করছে।

এথানে আইন শৃংথলার কথা অনেকে বলেছেন। আমি বললে অনেকে হয়ত রিক্ত হবেন। আমি সাম্প্রতিক একটা ঘটনার কথা এখানে উল্লেখ করবো। ১৯৮৩ সালের ১৪ নভেম্বর তারিথে বীরভূম জেলার নাম্বর থানার পাটিল গ্রামে কি কাণ্ড ঘটেছে সেটা একট শুমুন। একজন এম.এল.এ এবং একজন এম.পি-র পুত্রের নেতৃত্বে ৫ থেকে ৮ হাজার লোক একটা গ্রামের উপর ঝাঁপিয়ে পড়ে এবং দেখানে লুঠপাট করে বাড়ীঘর আগুন লাগিয়ে দেয় এবং বাড়ীর মেয়েদের ধর্ষণ করা হয়। স্থার. ৭ বছর মেয়ের উপস্থিতিতে তার মাকে ধর্ষণ করা হয়েছে। এদের লঙ্জা নেই। এদের যদি লজ্জা থাকতো তাহলে এথানে এদে এই সব কথা বলতেন না। এরা কংগ্রেস আমলে ধর্ষণের কথা বলেছেন। কিন্তু মেয়ের উপস্থিতিতে মায়ের উপরে ধর্ষণ এই ঘটনা সেথানে ঘটেছে। এটা অনেক পত্ৰ-পত্ৰিকায় প্ৰকাশিত হয়েছে। আপনি যদি তথনকার দেশ পত্ৰিকা দেখেন তাহলে দেখবেন যে সেখানে বিস্তারিতভাবে এই ঘটনা দেওয়া আছে। এই ২চ্ছে আইন শৃংথলার নমুনা। বীরভূম জেলার নাছর থানার পাটিল গ্রামে বিধানসভার সদ্স্য এবং এম পি-র পুত্রের নেতৃত্বে যে ঘটনা ঘটেছে, সেই ব্যাপারে সেথানকার প্রশাসন নিরপেক্ষভাবে উল্লেখযোগ্য ভূমিকা নেবার চেষ্টা করলেন, এম.ডি.পি.ও যথন তাকে গ্রেপ্তার করার চেষ্টা করলেন, এম পি-র পুত্রকে যথন গ্রেপ্তার করা হল, তার কিছুদিন পরে সেই এস ডি পি.ও-কে বদলী করা হল। কিসের জন্ম তাকে বদলি করা হল ? একজন সরকারী কর্মচারী হয়ে তার এতবড় ধৃষ্টতা যে সে একজন এম.পি-র পুত্রকে গ্রেপ্তার করবে। সেজন্য তাকে বদলি করা হয়। এই হচ্চে নিরপেক্ষ প্রশাসনের নমুনা। আর একটা ঘটনার কথা বলি। শচীনবাবু রাজ্যপালের ভাষণের উপরে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এনেছেন। আমি তাঁকে জিজ্ঞাসা করি কয়েক বছর আগে তার এলাকায় দিনের বেলায় ১৬ জন আনন্দমার্গীকে পুড়িয়ে মারা হল। এটা কি আইন শৃংথলা বজায় থাকার নমুনা ? ওদের यमि नष्का थाकरणा जारान खता विरासत पारेन भःथनात कथा, मिस्रीत पारेन भःथनात कथा এথানে বলতেন না। কলকাতা শহরের বুকে দিনের বেলায় ১৬ জনকে যেথানে আগুনে প্রডিয়ে মারা হল, দেখানে আইন শৃংখলা কি করে থাকে দেটা একবার ভেবে দেখুন। আর একটি ঘটনার কথা এথানে বলছি মূর্শিদাবাদ জেলার রায়নগন থানার অন্তর্গত সেথানকার দি পি.এম-এর পঞ্চায়েত সমিতির সভাপতি এবং তার দলবল নিয়ে বি ডি.ও এবং এগ্রিকালচারাল এক্সটেনশান অফিসারকে

আক্রমণ করেন। তারপরে বি.ডি.ও এবং এগ্রিকালচারাল এক্সটেনশান অফিসার থানায় গিয়ে ডাইরী করেন এবং সেই ডাইরী করার পরে ডি.এম-কে থবর পাঠান হয় এবং ডি.এম. সেথানে ধান। স্থার, রায়নগর ব্লকের সভাপতি এবং তার দলবল নিয়ে থানায় বদে ও.সি-র সঙ্গে থানাপিনা করছে। বি. ডি. ও সাহেব বলছেন যে এর নামে এফ আই. আর. আছে, এ একজন জঘন্ত অপরাধের আসামী, একে গ্রেপ্তার করা হোক।

পানায় গিয়ে দেখাগেল থানা অফিসাররা তাকে নিয়ে গল্ল করছে। অনেকবার বলবার পরে তাকে গ্রেপ্তার করা হলো এবং গ্রেপ্তার করে বহরমপুরে নিয়ে আসা হলো। প্রশাসনকে স্কর্মূতাবে পরিচালিত করবার জন্য ডি. এম. তাকে গ্রেপ্তার করার আদেশ দিয়েছিলেন। কিন্তু তার পরে দেখাগেল ঐ ডি. এম-কে বদলি করার জন্য অনবরত চেষ্টা চলছে। রোজ কলকাতার রাইটাস বিল্ডিংস-এ এসে ডি. এম-কে বদলি করার জন্য চেষ্টা চালান হচ্ছে। কারণ তার এত বড় সাহস যে, সে সি. পি. এম. নেতাকে গ্রেপ্তার করার আদেশ দেয়। এই তো হচ্ছে আজকে পশ্চিমবাংলার আইন-শৃদ্ধানার অবস্থা। স্থতরাং এই অবস্থায় আমি এই রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করচি।

শ্রীস্থভাষ বস্তুঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের ওপর ধন্যবাদজ্ঞাপক যে প্রস্তাপ এপানে এসেছে তাকে সমর্থন করে আমি তৃ-একটি কথা আপনার সামনে বলব। '৫২ সাল থেকে আদ্ধ পর্যন্ত বছবার আমার এই বিধানসভা দেখার স্থযোগ হয়েছে। যথন অদিকা চক্রবর্তী মহাশয় বেঁচেছিলেন তথন তাঁর সময়ে আমি দর্শক হিসাবে এই হাউদে এসেছি। তথন শেকে বছ বার আমি রাজ্যপালের ভাষণ পাঠ করা দেখেছি। কিন্তু এবারে রাজ্যপালের এপানে প্রবেশ করা থেকে ভাষণ পাঠ পর্যন্ত সমস্ত ঘটনাই আমার কাছে খ্বই আশ্চর্যের লাগল। এবারে যা দেখলাম এই নজীর অতীতে আছে কিনা আমি জানি না। কংগ্রেসীরা রাজ্যপালকে রাস্তায় আটকে ধরলেন এবং তিনি এখানে যথন ভাষণ দিচ্ছিলেন তথন তাঁর ভাষণ পাঠের পাশাপাশি বিরোধী দলের নেতা একটি লিখিত ভাষণ পড়তে শুরু করলেন। এর ফলে আজকে আমরা দেখছি কংগ্রেস নিজেই সংসদীয় রীতি-নীতি ভাঙছে, পদদলিত করছে। এর ফল আগামী দিনে ভয়াবহ হবে, নিজেদের দড়িতে নিজেদের গলাতেই ফাঁস পড়বে, এটা কংগ্রেসীরা জেনে রাখুন।

স্থার, আমরা যে সীমাবদ্ধ ক্ষমতার কথা বলি, সেই কথাকে কংগ্রেসীরা বারবার ব্যঙ্গ করছেন। যতই ওরা ব্যঙ্গ করুন না কেন, এ কথা সত্যি যে যুক্ত রাষ্ট্রীয় কাঠামোর মধ্যে থাকলেও কেন্দ্র আজকে জমিদারি কায়দায়, সামন্ত্রতান্ত্রিক কায়দায় চলছে। একটু আগে বিরোধী দলের চীফ্ ছইপ্ বক্তৃতা করে গেলেন যে, বামক্রন্ট সরকারের ম্থ্যমন্ত্রী ভিক্ষা ভাগু নিয়ে দিল্লীতে যান দ্য়া ভিক্ষা করতে। এই ভাবে তিনি ব্যঙ্গ করলেন। কিন্তু তিনি এটা জেনে রাখুন, আজকে রাজ্যভিলি থেকে অর্থ যায় বলেই জমিদারি চলছে। আমরা এই বিগত কয়েক বছরের মধ্যে ৬৯৫২:৪০

কোটি টাকা কেন্দ্রকে এই রাজ্য থেকে দিয়েছি, আর কেন্দ্র তার বদলে আমাদের দিয়েছে ১৫৩৩.৭২ কোটি টাকা। অর্থাৎ ২২% চেয়েও কম দিয়েছে। অথচ আজকে রাজ্য সরকারের হাতে অর্থ সংগ্রহ করার কি উপায় আছে! ওঁর যদি কিছু জানা থাকে তা উনি একটু বলুন না, ব্যঙ্গ তো করলেন। আজকে প্রতিটি ক্ষেত্রে কেন্দ্র পশ্চিমবাংলাকে বঞ্চিত করছে। স্থার, আমি এ বিষয়ে ক্ষেক্টি উদাহরণ আপনার সামনে রাখছি। ১৯৭৬-৭৭ সালে, যথন পশ্চিমবাংলায় কংগ্রেসীরা ক্ষমভায় ছিলেন তথন বায় বরাদ্ধ ধরা হয়েছিল ৫৭০ কোটি টাকা। আর ১৯৮২-৮৩ সালে সেই বায় বরাদ্ধের পরিমান বৃদ্ধি পেয়ে হয়েছে ১৬৮৫ কোটি টাকা। এরই পাশাপাশি কেন্দ্রীয় অবিচারের চিত্রটা একট দেখুন। কেন্দ্র তিন বছর আগে মাথা পিছু সাহায্য দিতেন ৫২ টাকা, বর্তমানে দিচ্চেন মাত্র ৩২ টাকা। অথচ অক্যান্ত কংগ্রেস শাসিত রাজ্যগুলিকে কত করে দিচ্ছেন দেখুন। হরিয়ানা—৪৬ টাকা, রাজস্থান—৪৮ টাকা, পাঞ্জাব—৪৭ টাকা, উত্তর প্রদেশ—৪৬ টাকা, গুজুরাট—85 টাকা। স্থতরাং ওঁরা ব্যঙ্গ করার আগে এটা একটু বোঝার চেষ্টা করুন যে, কোথায় পশ্চিমবাংলার সঙ্গে অবিচার করা হচ্ছে। কেন আজকে পশ্চিমবাংলার মাত্রুষকে এই ভাবে বঞ্চিত করা হচ্ছে ? আজকে সেই কারণেই পশ্চিমবাংলার বামফ্রণ্ট সরকার ক্যায্যভাবে পশ্চিমবাংলার দাবীকে দিল্লীর কাছে তুলে ধরেছেন এবং আজকে ওঁদের উচিত ছিল এই দাবীকে সমর্থন করা। অথচ আশ্চর্যের বিষয় তা না করে ওঁরা পশ্চিমবঙ্গ সরকারের বিরোধিতা করছেন, পশ্চিমবঙ্গ সরকারকে বাঙ্গ করছেন।

## [ 7-40—7-54 P. M. ]

আর আইন-শৃদ্ধলার কথা এথানে তোলা হয়েছে, আমি এই প্রদক্ষে ছ্-একটি ঘটনার কথা এথানে তুলে ধরছি। আজকে নারী ধর্ষনের জন্ম যদি কেউ স্বর্ণ পদক পায় তবে প্রথমেই পাবে উত্তরপ্রদেশ—৪৯৭, মহারাষ্ট্র—৩৩৬, এবং রাজস্বানে—২২২টি নারী ধর্ষন হয়েছে আর এদিকে পশ্চিমবাংলা হিটেও অ্যালাউ হতে পারেনি। এটা আমাদের হিদাব নয়, কেন্দ্রীয় সরকার জ্বলাই মাসে এই হিদাব দিয়েছেন। এই কংগ্রেমীরাই প্রথম বামক্রুট সরকার আসবার পর রাইটাস বিভিন্নে-এ বোতল ছুড়ে প্রথম বিশৃদ্ধলা স্বষ্টি করেছিল। এই তো সেদিন কংগ্রেমের ৭৭ তম অধিবেশন হয়ে গেল, যেদিন থেকে শহীদ জ্যোতি জলেছিল সেদিন থেকে শহীদ জ্যোতি নেভা পর্যন্ত তারা মারামারি, কাটাকাটি এবং পেটোবাজি করেছিল। কংগ্রেসীরা বলছেন যে ৭ হাজার খুন হয়েছে। এদের তো কোন অরগ্যানাইজেসান নেই, তবে একটা অরগ্যানাইজেসান করেছেন ঘেটা প্রত্যেক শ্রশানে জাতীয়তাবাদী কর্মীদের বসিয়েছেন যারা ফলিডল থেয়ে মক্রক কিম্বা রেলে কাটা পড়ুক বা তার কাটতে গিয়ে বিত্যুৎ পিষ্ঠ হয়ে মক্রক—এইসব লোকেদের একটা তালিকার হিসাব তৈরী করেছেন। চাকদার ঘেটু গাছিতে কংগ্রেসীরা প্রকাশ্যে মদ বিক্রি করছিলো। গোপাল বোস নামে একজন তার প্রতিবাদ করেছিল। সে বলেছিল যে প্রকাশ্যে মদ বিক্রি করেনেন না। এই অপরাধে তাকে খুন করা হলো। ১৭ ফেব্রুয়ারী জওহরলাল নেহেক হাসপাতালে লোকটি মারা গেল। করিমপুরে বাঘুশেথ এবং কাইমদ্বিন শেখ নামে ২ জন থেত-মজ্বর

একটি পুকুর খনন করে মজুরী পেয়ে চাল এবং গম কিনে বাড়ীতে ফিরছিল। তাদেরকে নৃশংসভাবে হত্যা করা হলো। এদিকে আনন্দবাবু ক্ষোভ প্রকাশ করে বলেছেন যে কংগ্রেস কর্মীরা আন্দোলনকে জমাতে পারলো না। এরা কারা ? এরা কি সেই কংগ্রেস আছে ? ক্ষদিরাম. মাষ্টারদা, উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় স্করেশচন্দ্র প্রভৃতি স্বনামধন্য লোকেদের পরিবর্তে আজ ফাটা-কেষ্ট্র. হাত কাটা গনা প্রভৃতি এইসব লোকেদের হাতে কংগ্রেসের নেতৃত্ব চলে গেছে। শতশত মাইল পদ্যাত্রা করা, না থেয়ে থাকা-এইসব জিনিষ আর এই কংগ্রেসের দারা হবে না। এখন এদের হাতে যদি বোমা, পেটোলের টিন তলে দেওয়া যায় তাহলে এরা সেই আন্দোলন চালিয়ে যেতে পানবেন, যেমন চালিয়েছিলেন ১৭ তারিথে। তবে এটা জেনে রাথুন, কয়েকটি বাদ পুড়িয়ে, কয়েকটি ট্রাম পুডিয়ে যদি আইন-শুদ্ধলার অবনতি করার চেষ্ট। করেন তাহলে বামফ্রণ্ট সরকার কঠোর হস্তে দমন করবেন। এবারে দংস্কৃতির কথায় আদি। আপনারা কোথায় সংস্কৃতিকে বজায় গেখেছেন ? কিন্তু বামফ্রণ্ট সরকার রেথেছেন। আজকে বাঘাযতীনের মূর্তি দেখুন, শরৎচন্দ, রাম্মোহন রায়কে দেখন। কংগ্রেদীরা সাডে ৩৩ বছরেও এদের স্মরণ করার কথা কিম্বা জনসাধারণের সামনে তুলে ধরার কথা ভাবতেও পারেননি এবং ভাবেননি। এরা থালি ইতিহাস বোঝেন, ঔরঙ্গজেবের হাতির কটা দাত ছিল সেই হিসাব রাথেন। কিন্তু বামফ্রণ্ট সরকার আজ শিশুদের প্রকৃত শিক্ষা দিচ্ছে। কংগ্রেসীদের আমলে শিক্ষাক্ষেত্রে ১১২ কোটি টাকা বায় করতেন আর সেই জায়গায় বামফ্রন্ট সরকার ৪১৮ কোটি টাকা বায় করছেন। ওদের আমলে ৫০ লক্ষ ছাত্র-ছাত্রী ছিল আর আমাদের আমলে ১২ লক্ষ ছাত্র-ছাত্রী শিক্ষার স্রয়োগ পাচ্ছে এবং এই ছাত্র-ছাত্রীর সংখ্যা আগামী বছর ১ কোটিরও বেশী হবে। এইজন্ম ওনারা আতঙ্কগ্রন্থ আর এদের প্রতিভূ গ্রামের জমিদার-জোতদাররাও অতঙ্কিত। কারণ এরা যদি শিক্ষার স্থযোগ পায় তাহলে তো আর শোষন করা কিম্বা বঞ্চনা করা চলবে না। পরিশেষে আমি রাজ্যপালের উপর আনীত ধন্তবাদ-জ্ঞাপক প্রস্তাবকে সমর্থন করে আমার বক্রবা শেষ কর্ছি।

শ্রীক্তবন্তী মিশ্রাঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্তমান বাজেট অধিদেশনের প্রারম্ভে মাননীয় রাজ্যপাল যে ভাষণ রেপেছেন সেই ভাষণের পরিপ্রেক্ষিতে ধন্তবাদ স্বচক যে প্রস্তাব এসেছে আমি সেই ধন্তবাদ স্বচক প্রস্তাব সমর্থন করতে পারছি না, আমি তার তীব্র বিরোধিতা করছি। আমার পূর্ববর্তী বক্তাদের মধ্যে শাসক গোষ্ঠার বক্তারা আইন শৃঙ্খলা পরিস্থিতির বিষয়ে ভারতবর্ধের বিভিন্ন পরিসংখ্যান তুলেছেন, পাশবিক অত্যাচারের কথা তুলেছেন। ভারতবর্ধের বিভিন্ন রাজ্যে খুন, জ্বমের পরিসংখ্যান তুলে, পাশবিক অত্যাচারের পরিসংখ্যান তুলে যদি পশ্চিমবংগে বাহবা কুড়োভে থাকেন—আমি মনে করি—কিছুদিন আগে ছটি উপনির্বাচন হয়ে গেল, সেই উপনির্বাচনের ফলাফল দেখে নিশ্রম্বই তাঁদের চেতনা ফিরবে যে পশ্চিমবংগের মান্তব্ কি চাইছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রকাশ্য দিবালোকে মায়ের সামনে যদি মেয়ের উপর পাশবিক অত্যাচার হয়- মেদিনীপুরের সবং তার দৃষ্টাস্ত-প্রকাশ্য দিবালোকে পাঁচ রাস্তার উপরে অত্যাচার হল পুলিশ শান্তিমূলক ব্যবস্থা গ্রহণ করছে না। তাহলে দেখুন পশ্চিমবঙ্গে কি অবস্থা চলছে ? পশ্চিমবংগের আইন শৃঙ্খলা পরিস্থিতি কিভাবে রয়েছে সেটা লক্ষ্য করবার বিষয়। মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে সেইসব কথা বলেছেন ? এটা খুবই পশ্চিমবংগের জনসাধারণের পক্ষে হতাশা ব্যঞ্জক। তার কারণ হচ্ছে—পশ্চিমবংগে বিগত যে সরকার ছিলেন তাঁদের কাজকর্মের প্রতি—রাজ্যপালের ভাষণে লক্ষ্য রাখা উচিত ছিল। কিন্তু তুংথের বিষয় ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বিভিন্ন প্রকল্পের ক্ষেত্রে যে টাকা বরাদ ছিল গত ও বছরে পশ্চিমবংগের বামফ্রন্ট সরকার সেই টার্গেট পূরণ করতে পেরেছেন, থাছের বিনিময়ে কাজ প্রকল্প এবং এন. আর. ই পি. তে পর্যাবসিত করে সেই ক্ষেত্রে যে টাকা বরাদ করা ছিল ৬০ কোটি টাকা, তাঁরা তিন বছরে মাত্র ৪১ কোটি টাকা খরচ করতে পেরেছেন। খাছের বিনিময়ে এন. আর. ই. পি.'র কোন নজির প্রমাণ পাওয়া যায় নি। সেই টাকা আত্মসাৎ করা যেতে পারে এবং সেই আত্মসাৎ করা টাকাতে তাঁদের ক্যাডার পোষা যাবে। আলীমূদ্দিন স্থাটে প্রাসাদ তৈরী করা যাবে তারজন্য এই টাকা খরচ করা হবে। গ্রামোন্নয়ন প্রকল্পে যে টাকা বরাদ্দ ৩৮ কোটি টাকা ও বছরে মাত্র থরচ হরেছে ৪ কোটি ১ লক্ষ্ম ৮৪ হাজার টাকা। সেইসব কথার কোন উল্লেখ করা নেই।

তারপর ক্ষ্রু সেচ প্রকল্পে ১২১ কোটি টাকা বরাদ্ধ ছিল এবং ৩ বছরে ৩১ কোটি ২৬ লক্ষ্ণ টাকা মাত্র থরচ হয়েছে। ২৬ শতাংশ মাত্র থরচ করতে পেরেছেন। তারপর ২০ দফা কর্মস্থচীর মধ্যে গ্রামীণ ক্ষু শিল্পের ক্ষেত্রে ১১ কোটি ৬০ লক্ষ্ণ টাকা বরাদ্ধ ছিল এবং ৩ বছরে ৪ কোটি ৫০ লক্ষ্ণ টাকা থরচ করতে পেরেছেন। ছোট ছোট চাষীদের সারের সাহায্য করবার ক্ষেত্রে যদ্ধ পরিকল্পনায় ৯ কোটি টাকা বরাদ্ধ ছিল, ৩ বছরে ৬৬ লক্ষ্ণ টাকা থরচ করতে পেরেছেন। অনেক বুলি এর মধ্যে রয়েছে। জিজ্ঞাদা করি, পশ্চিমবংগে প্রাথমিক শিক্ষাকে তাঁরা কোন স্তরে নিয়ে গিয়েছেন?

১৯৭৯।৮০ সালে পশ্চিমবাংলায় ছাত্র-ছাত্রী সংখ্যা ছিল ৬৩ লক্ষ ১১ হাজার। সেটা ৫ম পরিকল্পনায় হয় ৮১ লক্ষ ৬৯ হাজারেরও কিছু বেশী। সেটা প্রথম তিন বছরে বৃদ্ধি করতে পেরেছেন ৫ লক্ষ ৩৪ হাজার এবং পরের ২ বছরে বৃদ্ধি করতে পেরেছেন ১২ লক্ষ ৩৬ হাজার। বৃশ্ধতে পারছেন ? কিছুতেই বৃশ্ধতে পারছেন না। এই অপদার্থতার কণা কিন্তু রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মিনিকিটের কথা এঁরা বলেছেন। আমি বলতে চাই যে এটা দিয়েছেন ঠিকই, কিন্তু পেয়েছে কারা ? ক্ষুদ্র, প্রান্তিক চাবী পেয়েছে কি ? সেটা ভূমিহীন ক্যাডারদের মধ্যে বিতরণ করা হয়েছে। সেই সমস্ত ধান, গম ইত্যাদি কালোবাজারে বিক্রী হয়েছে। এ ব্যাপারে যথেষ্ঠ প্রমাণ রয়েছে। মাননীয় রাজ্যপালের ভাষণে কিন্তু এর কোন উল্লেখ নেই। বিগত ৫ বছর যারা পশ্চিমবঙ্গে পঞ্চায়েতে ছিলেন, তাঁরা কাজের বিনিময়ে থাত এবং এম. আর. ই. পির টাকা, গম চাল নিয়ে কি করেছেন ? ভূথা মাহুযের জন্ত যে লক্ষ লক্ষ টাকা

এবং গম চাল দেওয়া হয়েছিল তার পুরো অংশটাই চুরি করেছেন, আত্মাণ করেছেন—অন্বীকার করতে পারেন ? আমার এলাকায় রামনগর ২ নম্বর ব্লকের বাধিয়া গ্রাম-পঞ্চায়েতে সি. পি. এম-এর নির্বাচিত গ্রাম-প্রধান ছিলেন শ্রীস্থবোধ ধাড়া। আমরা এবারকার নির্বাচনে গরিষ্ঠতা লাভ করায় এবার আমাদের দলের প্রধান হয়েছেন। চার্জ হাণ্ড ওভার সময় দেখা গেল য়ে ষ্টক-বুকে রয়েছে ১০৬ কুইন্টাল গম। স্বভাবতঃই আমি এবং বি. ডি. ও গিয়ে কাগজপত্র ধরছি। এইভাবে বাধিরা গ্রাম-পঞ্চায়েত হাজার হাজার টাকা আত্মাৎ করা হয়েছে। বিভিন্ন গ্রাম-পঞ্চায়েতগুলি দেখলে দেখা যাবে য়ে অনেক গ্রাম পঞ্চায়েতের কাগজপত্র ১৯৮২।৮৩ সালে অভিট পর্যন্ত করা হয়নি। অভিট করলে ধরা পড়বে মে পঞ্চায়েতের কাগজপত্র ১৯৮২।৮৩ সালে অভিট পর্যন্ত করা হয়নি। অভিট করলে ধরা পড়বে মে পঞ্চায়েতের টাকা, গম, চাল কিভাবে আত্মাৎ করা হয়েছে। স্বতরাং আমরা আশা করেছিলাম যে মাননীয় রাজ্যপালের ভাষণে পশ্চিমবাংলার প্রকৃত অবস্থার একটা বাস্তব চিত্র নিশ্চয়ই তুলে ধরা হবে, কিন্তু দেখতে পাচ্ছি এতে পশ্চিমবাংলার কোন প্রকৃত তথ্য তুলে ধরা হয়নি। তাই আমি মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদস্টক প্রস্তাব এসেছে, সেই প্রস্তাবকে সমর্থন করতে পারছি না—তার তীর বিরোধিতা করছি।

### Adjournment

The House was then adjourned at 7.54 P.m. till 1 p.m. on Wednesday, the 29th February, 1984, at the "Assembly House", Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled uhder the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Wednesday, the 29th February 1984 at 1 p. m.

#### Present

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 14 Ministers, 12 Ministers of State and 164 Members.

## STARRED QUESTIONS

(To which oral answers were given)

[1-00-1-10 P.M.]

# বেসরকারী মালিকদের নিকট অধিগৃহীত রুগ্ন শিল্প হস্তান্তর

\*২৬। (অনুমোদিত প্রশ্ন নং \*১১।) **জ্রীদেবপ্রসাদ সরকার**ঃ শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অন্তগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) ইহা কি সত্য যে, রাজ্য সরকার কয়েকটি অধিগৃহীত কগ্ন শিল্প বেসরকারী মালিকদের হাতে তুলে দেবেন বলে সিদ্ধান্ত নিয়েছেন;
- (থ) সত্য হলে, এইরূপ কতকগুলি শিল্প প্রতিষ্ঠান রাজ্য সরকার বেসরকারী মালিকদের হাতে তুলে দিতে চাইছেন; এবং
- (গ) এইরূপ হস্তান্তর দারা সংশ্লিষ্ট শ্রমিক-কর্মচারীদের স্বার্থ ক্ষুন্ন হবে না—এ সম্পক্তে সরকার স্থানিশ্চিত হতে পারছেন কি ?

## **জীনির্মল কুমার বোসঃ** (ক) হাা।

(খ) ও (গ) তেরোটি অধিগৃহীত শিল্প প্রতিষ্ঠানের মধ্যে যে চারটি রষ্ট্রায়াত্ব করা হবে বলে স্থির হয়েছে সে কটি বাদ দিয়ে অবশিষ্ট নয়টির ক্ষেত্রে রাজ্য সরকারের শর্তাদি মেনে, স্থানির্দিষ্ট প্রস্তাব এলে সরকার এ বিষয়ে বিবেচনা করতে রাজী আছেন।

্রীদেবপ্রসাদ সরকার: মাননীয় অধ্যক্ষ মহাশন্ত, I want to draw your attention আমি যে তিনটি প্রশ্ন করেছি তার স্পেসিফিক উত্তর আমরা পাইনি। (খ) এবং (গ)

প্রশ্নের উত্তর এক সঙ্গে দেওয়া হয়েছে। আমি (গ) প্রশ্নের উত্তর ইয়েদ অর নো জানতে চেয়েছি। এটা স্পেদিফিক উত্তর হলো না। (থ) এবং (গ) প্রশ্নের উত্তর এক সঙ্গে ব্রাকেটের মধ্যে দেওয়া হয়েছে।

**জ্রীনির্মল কুমার বোসঃ** রাজ্য সরকারের শর্ত না মানলে তাকে তো দেওয়াই হবে না। প্রথম শর্ত হলো শ্রমিক কর্মচারীদের স্বার্থ পুরোপুরি রক্ষা করা।

ত্রীদেবপ্রসাদ সরকার ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যেখানে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে দাবি রাখার ক্ষেত্রে বলছেন শিল্প জাতীয়করণ করা হোক, আবার এই রাজ্যের অধিগৃহীত শিল্প বেসরকারী মালিকদের হাতে তুলে দিতে চাইছেন, এই ধরণের শ্ববিরোধী নীতির সিদ্ধান্ত কেন ?

প্রীনির্মণ কুমার বোসঃ এর মধ্যে খবিরোধী নীতি কিছু নেই। কারণ ইতিমধ্যে অনেক শিল্প জাতীয়করণের ব্যবস্থা করা হয়েছে। এই বিধানসভায় শিল্প জাতীয়করণের জন্ম বিল আনা হচ্ছে। জাতীয়করণ করছি না এটা ঠিক নয়। সব কটা শিল্প জাতীয়করণ করা যাছে না তার কারণ হলো—এতো অর্থ আমাদের নেই। সেই জন্ম সবগুলো জাতীয়করণ করে উঠতে পারছি না। যাতে মালিকরা শর্ত মেনে চলে সেই দিকে আমরা নিশ্বয় নজর দেব।

শ্রীদেবপ্রসাদ সরকার: মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই যে মালিকানা হস্তান্তর, এই হস্তান্তরের পেছনে বামশ্রুন্ট সরকারের বেসরকারী মালিকদের কাছে আত্মসমর্থনের প্রাচন্ন উদ্দেশ্য কাজ করছে কি না ?

**এনির্মল কুমার বোসঃ** এই প্রশ্ন ওঠে না।

**একিপাসিদ্ধু সাহাঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই যে ৪টি শিল্প রাষ্ট্রায়াত্ব করা হবে বলেছেন, এই চারটি শিল্পের নাম কি ?

শীনির্মল কুমার বোসঃ পুরো নাম আমি বলে দিচ্ছি এবং কি অবস্থায় আছে দেটাও বলে দিচ্ছি। চারটি কোম্পানীর নাম হলো—Eastern Distilleries Private Limited, Britannia Engg. Co. Ltd, National Iron & Steel Co. Ltd, Saraswati Press Ltd., তার মধ্যে ইন্টার্ন ডিসটিলারাইজ-এর ব্যাপারে আমাদের রাজ্যসরকারের পক্ষ থেকে বিল পাস হয়ে গেছে এবং সেটা কেন্দ্রের কাছে পাঠিয়ে দেওয়া হয়েছে। এই ব্যাপারে কেন্দ্রীয় সরকার ব্যাখ্যা চেয়েছেন এবং আমরা সেই ব্যাখ্যা পীঠিয়ে দিয়েছি। আশা করি কেন্দ্রীয় সরকারের সম্মতি পাওয়া যাবে। আর তিনটির ব্যাপারে আমরা সিদ্ধান্ত নিয়েছি এই বিধানসভায় বিল আকারে আনা হবে।

**শ্রীসরল দেব:** মাননীয় মন্ত্রীমহাশয় অন্তগ্রহ করে জানাবেন কি, এই ৪টি বাদে বাকী ষে কটি হস্তান্তর হয়েছে তা ক্রমাগত লোকসানের ফলেই হয়েছে ?

শ্রীনির্মণ কুমার বোসঃ না, তা ঠিক নয়। এর মধ্যে কতকগুলিতে তো বেশ ভাল অবস্থা ছিল এবং কতকগুলি অবশ্য লোকসানের দিকে ছিল। ১টিকেই আমরা ছেড়ে দেব, এমন কথা কিন্তু নেই। আমরা নীতিগত সিদ্ধান্ত নিয়েছি, তারা যদি আমাদের সমস্ত সর্গুদি মেনে চলে তবেই আমরা নিতে পারি। তবে এ ব্যাপারে চ্ড়ান্ত কোন সিদ্ধান্ত এখনও হয় নি। যেগুলি ছেড়ে দেবার কথা হয়েছে, সে ব্যাপারে কারণ হছে, ওয়াকিং ক্যাপিটাল এবং মডার্গইজেশন ইত্যাদিতে যে পরিমাণ টাকা দরকাব তা আমাদের হাতে নেই। ফিনানসিয়াল ইনষ্টিটিউশন যদি আমাদের টাকা দেয়, তাহলেই সবকিছু হতে পারে। শ্রমিক-কর্মচারীদের স্বার্থের দিকে লক্ষ্য রেথেই চলবার চেষ্টা আমরা করি।

**একামাখ্যাচরণ ঘোষ**ঃ হস্তান্তরের ব্যাপারে সংশ্লিষ্ট শ্রমিক-কর্মচারীদের স্বার্থ কোন ক্রমেই স্কুল্ল করা চলবে না, তা আমরা বলে দিয়েছি। যথন এগুলি নেওয়া হয়েছিল, তথন কারগানাগুলি বন্ধ হবার উপক্রম হয়েছিল, এ কথা কি ঠিক ?

শ্রীনির্মল কুমার বোস: ইাা, কারথানাগুলি যথন বন্ধ হবার উপক্রম হয়েছিল তথন আমরা এগুলিকে নিয়েছিলাম। কারথানাগুলির শ্রমিকরা ঘাতে ছাঁটাই না হয় ও কারথানাগুলি তাদের প্রডাকসন ক্যাপাসিটি অন্থ্যায়ী কাজ করতে পারে বা পুরোমাত্রায় ব্যবহার করা যায়, তারজন্মই এটা এসেছে।

শ্রী**অতীশ চন্দ্র সিন্হা:** আপনাদের দেওয়া কতকগুলি সর্ব্ত মেনে চলবে বলে যদি কেউ দরখান্ত করে, তাহলে আপনি কনসিভার করবেন কি ?

**শ্রীনির্মল কুমার বোসঃ** এখনও এটা আলোচনা স্তরে আছে, স্কুডরাং এখুনি এ বিষয় সম্বন্ধে প্রকাশ করা উচিত হবে না।

# বক্সা টাইগার প্রজেক্ট

- \*২৭। (অন্ত্যোদিত প্রশ্ন নং \*১৫৮।) **শ্রীত্মালেন্দ্র রায়**ঃ বন বিভাগের মন্ত্রি-মহাশয় অন্ত্র্যাহপূর্বক জানাবেন কি—
  - বিগত ছই বছরে বক্সা টাইগার প্রজেক্টের কাজে কতটা অগ্রগতি হয়েছে; এবং
  - (খ) উক্ত প্রকল্পে ওয়ার্ল্ড ওয়াইল্ড লাইফ ফাণ্ড থেকে ১৯৮৩ সালের ৩১শে জাছুয়ারি পর্যস্ত কত টাকা পাওয়া গিয়েছে ?

**শ্রীপরিমল মিত্রঃ** (ক) ১৯৮২-৮৩ সালে ২॥ কি: মি: দীর্ঘ জয়স্তী বক্সাত্মার রোড নির্মান বাবদ টাকা ১,৮৮,০০০.০০ ( এক লক্ষ অষ্টআশি হাজার টাকা ) ব্যয় হয়েছে। ১৯৮৩-৮৪ সালে এই প্রকল্পের জন্ম টাকা ২০,০০০,০০০ ( কুড়ি লক্ষ টাকা ) ব্যয়ের প্রস্তাব অন্যুমোদন করা হয়েছে।

(থ) কোন টাকা পাওয়া যায়নি।

প্রতিষ্ঠার প্রক্রেক্টে কতগুলি বাধের বাচচা আছে ?

**্রীপরিষল মিত্রঃ** ১৯৭২ সালের গণনা অন্থ্যায়ী বাক্সাতে ১৭ এবং সমগ্র উত্তরবন্ধে ৪৬টি বাঘ আছে।

প্রথমেনে রায়ঃ প্লানিং থাতে ওঁরা নিশ্চয়ই কিছু টাকা দিয়েছেন, কিন্তু আমাদের নন-প্লানিং থাতে টাকা দিতে হয়। তাছাড়া এই টাইগার প্রজেক্ট রিজার্ড করতে গিয়ে রাজ্যের বহু টাকা রেভেনিউ লস হয়, এর কারণ আপনি সবই জানেন। কেন্দ্রীয় সরকার যত টাকা এই প্রজেক্ট রিজার্ডের জন্ম দেবেন এবং সে ক্ষেত্রে রাজ্য সরকারকে ক্ষতিগ্রন্থ হতে হবে না—এই রকম কোন ব্যবন্থা আছে কি?

শ্রীপরিমল মিত্রঃ ব্যাদ্র প্রকল্পের জন্য ৭৫৮ বর্গ কিমি: জমি নেওয়া হয়েছে। এর মধ্যে কোর এলাকা ৩১৪ বর্গ কিমি:, আর বাফার এরিয়া হছে ৪৪৪ বর্গ কিমি:। সাধারণ ভাবে আমাদের কোর এরিয়াতে যে সমস্ত নানা ধরণের প্লাণ্টস্ আছে, এর মধ্যে সিলেকটেড ফেলিং করা দরকার। তা না হলে যে সমস্ত দামী গাছ আছে, সেগুলি ধরংস হয়ে যাবে, তা কখনই উচিত হবে না বলে আমরা মনে করি। এজন্মই এই প্রকল্প তৈরী করা হয়। এর ফলে আমাদের খুব একটা রেভেনিউ লোকসান হবে না। সেই সঙ্গে আমরা সিলেকটেড ফেলিং এবং ক্লিয়ার ফেলিং করতেও পারব।

## [1-10-1-20 P.M.]

শীধীরেন্দ্রনাথ সরকার: এই কাজের জন্ম ওয়ন্ত ওয়াইন্ড লাইফ ফাণ্ড থেকে টাকা পাবার ব্যাপারে আপনি কোন দরপান্ত বা আবেদন করেছেন কিনা ?

প্রীপরিমল মিত্র: ষ্টেট গর্জমেণ্ট এই ফাণ্ডে নিজে কোন টাকা পায় না। ভারত সরকারের কাছে যা আসে তা থেকে তাঁরা অর্ধেক দেবেন। এ ছাড়া যেসব সাহায্য পাওয়া যায় সেটা হচ্ছে সাধারণভাবে যোগাযোগ ব্যবস্থার উপরে। তবে সে সম্বন্ধে এখনও চেষ্টা করা হয়নি।

**্রীমোনহর চিরকাঃ** কোন কোন এরিয়া পড়ছে ?

**শ্রীপরিমল মিত্তঃ** এটা এখন এভাবে দেওয়া যাবেনা কারণ অনেক বড় লিষ্ট। জয়স্বতী এবং যে এরিয়ায় অপারেশান হয়না সে পার্টও আছে।

শ্রী**আবন্ধর রউক আনসারীঃ** বাঘ এবং বাদের বাচ্চার যে ফিগার দিলেন সেটা কিভাবে বিঠক করেন ?

শীপরিমল মিত্ত ঃ ভারত সরকার এর সেনসাস করেন। ১৯৭২ সালে সেনসাস হয়েছে। আবার এখন সেনসাস হচ্ছে। ১২ বছর পর আবার সেনসাস হবে। গত মাসের ২৫ তারিথ থেকে সেনসাস স্বক্ষ হয়েছে। এখনও পর্যস্ত তার রিপোর্ট আমাদের আসেনি। ভারত সরকার যে সেনসাস করেন তার উপর নির্ভর করে বলা হয়েছে।

# ভিন্তা বাঁধ অঞ্চলে খাল খনন ও স্থবর্ণরেখা নদী প্রকল্পের জন্ম অর্থ সংগ্রহ

\*২৮। (অন্ন্যাদিত প্রশ্ন নং \*২২১।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী**ঃ সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অন্নগ্রহ-পূর্বক জানাইবেন কি—

- (ক) তিন্তা বাঁধ তীরবর্তী অঞ্চলে থাল থনন ও স্থবর্ণরেথা নদী প্রকল্পের জন্ম কেন্দ্রীয় সরকারের কাছে কোন অর্থ চাওয়া হয়েছে কিনা;
- (খ) হয়ে থাকলে উক্ত অর্থের পরিমাণ কত ; এবং
- (গ) এ পর্যন্ত কেন্দ্রীয় সরকারের দেয় অর্থের পরিমাণ কত ?

## Central Assistance for Improvement of Irrigation in North Bengal

- \*39. (Admitted question No \*446.) Shri RAJESH KHAITAN: Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—
  - (a) whether it is a fact that the State Government has received Central assistance for improvement of the irrigation facilities for agricultural development of North Bengal; and
  - (b) if so,—
    - (i) the amount of Central assistance received by the State Government since 1980-81; and

(ii) how this Central assistance has been utilised by the State Government?

**এনিনী ভট্টাচার্য্যঃ** স্থার, ৩৯নটো একই ধরণের বলে হুটো এক সংগে পড়ে দিচ্ছি।

## Reply to \*28

- (ক) তিন্তা বাঁধ প্রকল্প [ Sub-Stage of 1st Stage I of Phase-I ] নির্মাণের কাজ ন্থরান্বিত করার জন্ম কেন্দ্রীয় সরকারের কাছে অর্থ চাওয়া হয়েছে; স্বর্ণরেখা প্রকল্পের জন্ম চাওয়া হয়নি:
- (থ) ১৯৮১-৮২ সালে ১০ (দশ) কোটি টাকা, ১৯৮২-৮৩ সালে ৭ (সাত) কোটি টাকা এবং ১৯৮৩-৮৪ সালে ১০ (দশ) কোটি টাকা চাওয়া হয়েছিল:
- (গ) আজ অবধি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কোনও অর্থ পাওয়া যায়নি।

### Reply to \*39

- (a) In so far as the Irrigation & Waterways Department is concerned, no central assistance has been received so far for improvement of irrigation facilities in North Bengal;
- (b) Does not arise.

শ্রীঙ্গয়ন্ত কুমার বিশ্বাসঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই তিস্তা প্রকল্প কার্যকরী করতে গিয়ে জলপাইগুড়ি জেলার বনজ সম্পদ শ্বতিগ্রন্ত হবে কিনা ?

শ্রীননী ভট্টাচার্য্যঃ এই সমস্ত পরিকল্পনা যথন রচনা করা হয় তথন কিছু ক্ষতি হয়, তারপর আবার কিছু ঠিক করা হয়, এইরকমভাবে পরিকল্পনা তৈরী করা হয়।

**জ্রীদীপক সেনগুপ্ত:** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন তিস্তা বাঁধের জল দেবার যে ব্যবস্থা এতে বাঁ-হাতী থালের পরিকল্পনার সম্ভাবনা আছে কি ?

শ্রীননী ভট্টাচার্য্যঃ এটা দ্বিতীয় সাব-স্টেজ পরিকল্পনায় আছে, আমরা চেষ্টা করছি ফার্স্ট সাব-স্টেজ পরিকল্পনায় আনার এবং সেই মর্মে প্ল্যান, এসটিমেট তৈরী করে কেন্দ্রীয় জল পর্যদের কাছে পাঠান হয়েছে এবং ইউনিয়ন ইরিগেশান মিনিষ্টার থেকে আরম্ভ করে সংশ্লিষ্ট অক্সান্ত মন্ত্রীদের তাগিদ দেওয়া হচ্ছে যাতে এটাকে অন্তুমোদন করেন।

ডাঃ জয়নাল আবেদিন ঃ এই তিন্তা প্রকল্প ভাইট্যাল ফর নর্থ বেঙ্গল। মাননীয় সেচ মন্ত্রী মহাশয় অন্থগ্রহ করে জানাবেন কি এই প্রকল্পের প্রকৃত অবস্থা কি, কত পার্দেন্ট কাজ করেছেন, কমপ্লিট করতে কত সময় লাগবে ? শ্রীননী শুট্টাচার্য্যঃ সবটা রেকর্ড এখানে নেই, তবুও আমি আমার শ্বৃতি থেকে বলছি যে আমাদের তিন্তা ব্যারেজের যে মূল কাজ সেটা শেষ হয়ে গেছে, মহানন্দা ব্যারেজের মূল কাজ শেষ হয়ে গেছে, এখন আমাদের সমস্ত জাের পড়েছে খাল কাটার ব্যাপারে এবং খাল কাটার ব্যাপারে যেসমস্ত সংশ্লিষ্ট স্টাক্টারস আছে সেগুলিকে জােরদার করা।

শ্রী অনস্ত সোরেন: মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি স্থবর্ণরেখা প্রকল্প কোন সময়ে শেষ হবে ?

শ্রীননী ভট্টাচার্য্যঃ স্থবর্ণরেখা প্রকল্প কবে হবে সেটা বলা মৃদ্ধিল। আমরা কেন্দ্রীয় সরকারের কাছে কোন এ্যাসিস্ট্যান্স চাইনি, এই প্রকল্পের টাকা যাতে ওয়ার্লড ব্যাংকের কাছ থেকে ব্যাংক এ্যাসিস্ট্যান্স পাওয়া যায় সেই লাইনে প্রস্তাব করেছি কেন্দ্রীয় সরকারের পাবলিক আণ্ডারটেকিং ওয়াটার এণ্ড পাওয়ার কনসালটেন্সি অর্গানাইন্জেসানের কাছে। তাঁরা সেগুলি তৈরী করেছেন ঐ প্রোজেক্ট রিপোর্ট ইত্যাদি। সেটা হলে আমরা যাতে ওয়ার্লড ব্যাংকের এ্যাসিস্ট্যান্স নিয়ে কাজ্টা করতে পারি তারজন্ম চেষ্টা চলছে। এই মর্মে আমরা কিছুটা তাগিদ দিছ্টি ইউনিয়ন মিনিষ্টিকে যাতে ওয়াপকোর কাছ থেকে ক্লিয়ারেন্স পাওয়া যায়।

**ঞ্জিদীনেশচন্দ্র ডাকুয়া**ঃ জানতে পারা গেল যে তিন্তা ব্যারেজের বাঁ-হাতী খালের আপাততঃ সম্ভাবনা দেখা যাচ্ছে না টাকা-পয়সার অভাবে……

শ্রীননী ভট্টাচার্য্য ঃ আমি বলেছি সেকেণ্ড স্টেজে বাঁ-হাতী থাল কাটার ব্যাপার ছিল সেটা ফার্স্ট সাব-স্টেজে নিয়ে এসে কাজটা যাতে শুরু করা যায় তারজন্য চেষ্টা চলছে। এই সম্বন্ধে প্ল্যান, এসটিমেট কেন্দ্রীয় ওয়াটার কমিশনের কাছে পাঠিয়েছি এবং তার অন্থ্যোদনের অপেক্ষায় আছি।

[1-20—1-30 P·M.]

\*29 Held over.

### Sunderban Development Programmes

- \*30. (Admitted question No. \*370.) Shri Satya Ranjan Bapuli: Will the Minister-in-charge of the Development and Planning (Sunderban Areas) Department be pleased to state—
  - (a) what is the target for achievements under the integrated five-year development programmes of Rs. 32 crores taken up by the

- Sunderban Development Board with financial assistance from the International Fund for Agricultural Development (IFAD);
- (b) the achievements in quantifying terms under the programme so far; and
- (c) the steps taken and/or contemplated by the Sunderban Development Board to achieve the target within the stipulated period?

### Shri Pravas Chandra Roy:

Shri Satya Ranjan Bapuli: Will the hon'ble Minister be pleased to state as to what are those schemes that have not yet been taken up?

Shri Pravas Chandra Roy: For want of preparation it was delayed for one year.

Shri Satya Ranjan Bapuli: May I know what are those schemes?

Shri Pravas Chandra Roy: I require notice.

## বিভিন্ন সংবাদপত্তে বিজ্ঞাপন বাবদ বয়ে

\*৩১। (অন্ন্যাদিত প্রশ্ন নং \*৩৮২।) শ্রীজয়ন্তকুমার বিশ্বাসঃ তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় অন্ন্যপ্রক্ জানাইবেন কি, ১৯৮৩ সালের এপ্রিল মাস হইতে ১৯৮৪ সালের জান্ত্রারি মাস পর্যন্ত সময়ে (১) দৈনিক সংবাদপত্রে, (২) কলিকাতা থেকে প্রকাশিত দৈনিক বাদে অহা পত্রিকান্তলিতে, এবং (৩) মফংখল থেকে প্রকাশিত বিভিন্ন রকম পত্র-পত্রিকাতে বিজ্ঞাপন বাবদ কি পরিমাণ অর্থ ব্যয় হইয়াছে ?

প্রিপ্রভাস চন্দ্র ফদিকার: ১৯৮৩ সালের এপ্রিল থেকে ১৯৮৪ সালের জান্তুয়ারি মাস পর্য্যন্ত কলকাতা থেকে প্রকাশিত দৈনিক সংবাদপত্রে (১) ৯৬,৮৭,৫৬৮.৫৩ টাকা, কলকাতা থেকে প্রকাশিত সাময়িক পত্রিকায় (২) ৭,৬০,৮৭৮.৯০ টাকা এবং জেলা স্তরে প্রকাশিত পত্র পত্রিকায় (৬) ১২,৭৪,০০০ টাকা।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস: মন্ত্রী মুহাশন্ত্র কি বলতে পারবেন যে কলকাতার যে সমস্ত দৈনিক সংবাদপত্র প্রকাশিত হয় তার ব্রেক-আপ কত এবং কোন কাগজে কত টাকা বিজ্ঞাপন দেওয়া হয় ? শ্রীপ্রভাস চন্দ্র ফাদিকারঃ ছুই রকমভাবে বিজ্ঞাপন দেওয়া হয়। সরাসরিভাবে এবং এজেন্সি মারফৎ এই ছুই রকমে বিভিন্ন কাগজে বিজ্ঞাপন দেওয়া হয়। সরাসরি হিসাবটা আমি দিতে পারি—এজেন্সি মারফৎ হিসাব দিতে পারবো না। কিন্তু তার তালিকা এতো বিরাট সময় সাপেন্স। আমি তার তালিকা পেশ করে দিতে পারি।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাসঃ** আপনি ডেলি পেপারের হিসাবটা দিন।

শ্রীপ্রভাস চন্দ্র ফাদিবার: সেটাও বড় কম নয়, ৩১টি ডেলি পেপার আছে।

মিঃ স্পীকার: You can lay it on the table.

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাসঃ বিজ্ঞাপন বাবদ বামফ্রন্ট সরকারের যে ব্যয় হচ্ছে তাতে এই আর্থিক সংকটের দিনে এই ব্যয় কমানোর কোন পরিকল্পনা আছে কিনা ?

**ত্রীপ্রাক্তাস চন্দ্র ফাদিকার**ঃ বিভিন্ন পত্র পত্রিকার যে নীতিতে বিজ্ঞাপন দিয়ে আসা হয়েছে, সেথানে তা কমানোর কোন পরিকল্পনা নেই।

শ্রী জাবতুল মাল্লান ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে বড় তালিকা তা দিতে পারছেন না, আমি প্রশ্ন করছি আনন্দবাজার এবং গণশক্তি পত্রিকায় এই বাবদ কত টাকা দেওয়া হয় ?

শ্রীপ্রান্তাস চন্দ্র ফাদিকারঃ আমি আগেই বলেছি কতকগুলি সরাসরি দেওয়া হয় এবং কতকগুলি এজেনি মারফং দেওয়া হয়। আমি সরাসরি থেটা দেওয়া হয় সেটা বলছি যে আনন্দরাজার পত্রিকাকে ৭ লক্ষ ৭৮ হাজার ৫৮৬ টাকা এবং গণশক্তিকে ৪ লক্ষ ৭১ হাজার ৫৬৩ টাকা দেওয়া হয়।

ত্রীঅমলেজ্র রায়ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে গণতান্ত্রিক মর্যাদা রক্ষা করার জন্ম বামফ্রন্ট সরকার যে সম্মেলন হয়ে গেল সেথানে কোন বিজ্ঞাপন দেওয়া হয়েছিল কিনা? সেথানে কোন সাহায্য করেছিল কিনা?

**@্রিপ্রভাস চত্ত্র কাদিকারঃ** গণতন্ত্রের নীতি রক্ষা করার জ্বন্ত সম্মেলন বা যে সমস্ত জায়গায় বিজ্ঞাপন দেওয়া উচিত সেইভাবে আমরা দিয়ে চলেছি।

শ্রীস্থমন্ত কুমার হীর। মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি বিভিন্ন রাজনৈতিক দলের যে সন্মেলন হয় যেমন এ আই সি সি-র সন্মেলন হয়ে গেল—সেথানে এই সরকার কিভাবে সাহাষ্য করেছিলেন।

बिः भौकादः এ श्रद्ध पारम ना।

শ্রী আবস্থর রৌব আনসারী: বামফ্রন্ট সরকারকে সমর্থনকারী পত্রিকার দিকে বিশেষ করে নজর রেখে বিজ্ঞাপন দেওয়া হয় এটা কি ঠিক ?

**্রীপ্রভাস চন্দ্র কাদিকার:** বিশেষ কোন পত্রিকার জন্ম বিশেষ কোন নীতি অবলম্বন করা হয় না।

# রাজ্যে টুরিস্ট লজ

- \*৩২। (অন্নাদিত প্রশ্ন নং \*৪০২।) **শ্রীঅনিল মুখার্জী**ঃ প্র্যাটন বিভাগের মন্ত্রিমহাশন্ত অন্তগ্রহপূর্বক জানাবেন কি---
  - (ক) বর্তমানে সমগ্র পশ্চিমবক্ষে মোট কতগুলি "টুরিস্ট লক্ষ" আছে ( সরকার বা পর্যটন কর্পোরেশন পরিচালিত );
  - (খ) ১৯৮২-৮৩ সালে উক্ত টুরিস্ট লক্ষগুলিতে কত লাভ বা লোকসান হয়েছে ; এবং
  - (গ) যদি লোকসান হয়ে থাকে তবে বন্ধ করার জন্ম রাজ্য সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করেছেন ?
  - **এপরিমল মিত্তঃ** (ক) বর্তমানে (১) পর্য্যটন কর্পোরেশন পরিচালিত পর্যটক আবাসের সংখ্যা ২২ ও (২) পর্যটন বিভাগের দ্বারা পরিচালিত পর্যটনাবাসের সংখ্যা ৮।
  - (থ) কর্পোরেশন পরিচালিত আবাসগুলির ক্ষেত্রে, বাণিজ্যিক হিসাব অন্নযায়ী ১৯৮২-৮৬ সালের লোকসানের পরিমাণ ১৭,৮৪,৬৯৮'৪৬ টাকা।
    আর সরকার পরিচালিত পর্যটনাবাসগুলির ক্ষেত্রে, ১৯৮২-৮৬ সালের পরিচালন হিসাব
    অন্নযায়ী আয়-ব্যয়ের উদ্ভের (operational surplus) পরিমাণ ১,০৫,৪৪৯'১৯
    টাকা।
  - গে) লজে স্থানের প্রবিধার সম্প্রসারণ, সপ্তাব্য স্থলে ব্যয় সংকোচন, বিশেষ ক্ষেত্রে ভাড়ার হারের পুনর্বিক্যাস বিজ্ঞাপনের ধারা পরিবর্তন ইত্যাদির কথা চিস্তা করা হচ্ছে।
- শ্রীজন্মন্ত কুমার বিশ্বাস: মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, টুরিষ্ট লজের সঙ্গে এ্যাটাচড বার করার কোন পরিকল্পনা আপনার আছে কি ?
- প্রিমল মিত্রঃ স্পেসিফিক বলতে পারবো না, পরে যেখানে দরকার হবে, সেখানে করতে হবে।

ডাঃ মানস ভূঁইরাঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, মেদিনীপুর জেলার দীঘাতে আপনার দপ্তরের তরফ থেকে অতিরিক্ত কোন লঙ্গ তৈরী করার কোন পরিকল্পনা আছে কি ?

শ্রীপরিমল মিত্রঃ ১৯৮২-৮৩ সালে পরিকল্পনা ছিল কোলাঘাটে করার, কিন্তু জায়গা পাইনি বলে হয়নি। ১৯৮৪-৮৫ সালে মেদিনীপুরের ঝাড়গ্রাম এবং কাঁকড়া ঝোড়, এই ছটি জায়গায় করা হচ্ছে। দীঘার জন্ম একটা পরিকল্পনা হয়েছে, জায়গা এথনও পাওয়া যায়িন। এনভায়ারনমেন্ট ডিপার্টমেন্ট কতকগুলো প্রশ্ন তুলেছেন। তাদের স্যাটিসফাই করতে পারলে একটা করা হবে।

শ্রী**আবত্নল কাইয়্ম মোল্লাঃ** সজনেথালিতে একটা করার কথা ছিল, সেটা কি অবস্থায় আছে ?

**শ্রীপরিমল মিত্রঃ** সজনেথালিতে করা হচ্ছে। একদিকটা কমপ্লিট হয়েছে। এর ছটো ধার আছে। এক দিকের ৫০টি সিট কমপ্লিট হবে বলে মনে হচ্ছে মার্চ মানের মধ্যে।

**এ শেখ সিরাজ আলি:** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে ১৭ লক্ষ টাকা টুরিষ্ট লজের যে ভাডা দেবার জন্ম লোকসান হয়েছে, এটা কোন কোন গুলোয় লোকসান হয়েছে, কোন কোন গুলোতে লাভ হয়েছে ?

**্রীপরিমল মিত্রঃ** এটার একটা বড় লিস্ট আছে, স্পীকার মহাশয় য**দি অন্ন**মতি **করেন** তাহলে পড়ে দিতে পারি।

**बि: ज्जीकांत:** टिविटन टन करत मिन।

**একাশীনাথ মিশ্রেঃ** মাননীয় মন্ত্রী মহাশন্ত জানাবেন কি, বাঁকুড়া জেলার শুশুনিয়ায় এবং রাণিবাঁধের নিকট বিলমিলিতে কোন টুরিষ্ট লব্ধ করার প্রস্তাব আছে কি ?

**শ্রীপরিমল মিত্ত** : বাঁকুড়া জেলার শুশুনিয়ায় এবং রাণিবাঁধের কাছে ঝিলিমিলিতে করার কথা ছিল, কিন্তু কোন জায়গা পেলাম না, আমি নিজে এই সব জায়গায় গিয়েছিলাম। তবে মাননীয় সদক্তকে বলতে পারি, উনি যদি জায়গা দিতে পারেন তাহলে আমরা করে দিতে পারি, কারণ ওটা টুরিষ্ট ম্যাপের মধ্যে আছে।

# বীরভূম জেলায় শিল্প স্থাপন

\*৩৩। (অন্নাদিত প্রশ্ন নং \*১৮৫।) **শ্রীস্থনীতি চট্টরাজ**ঃ শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহোদয় অন্তগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) ১৯৭৭ সাল হইতে ১৯৮৩ সাল পর্যস্ত সময়ে বীরস্থম জেলায় কয়টি শিল্প স্থাপিত হয়েছে : এবং
- (খ) উক্ত শিল্পগুলির মধ্যে (১) সরকারী এবং (২) বেসরকারী সংস্থার সংখ্যা কত ?

# **্রীনির্মল কুমার বোসঃ** (ক) একটি শিল্প ত্থাপিত হইয়াছে।

(থ) উপরোক্ত শিল্পটি বেসরকারী সংস্থার।

### Steps to prevent felling of trees in hill areas

- \*34. (Admitted question No. \*365.) Dr. Ambika Banerjee: Will the Minister-in-charge of the Forests Department be pleased to state—
  - (a) whether the State Government has taken steps to prevent indiscriminate felling of trees to preserve the beauty of the Hill Areas in Darieeling district; and
  - (b) if so-
    - (i) what steps have been taken and with what results, and
    - (ii) what steps have been taken to meet the growing demands of fuel and fodder in the areas ?
  - Shri Parimal Mitra: (a) There is no indiscriminate felling of trees in areas of Forest Department & West Bengal Forest Development Corporation Limited. There are however some stray cases of illicit felling by miscreants for which necessary protective measures are taken by intensive vigilance by staff, mobile patrol parties etc.
  - (b) (i) Does not arise.
    - (ii) Steps are being taken to meet the growing demands of fuel and fodder by large scale afforestation under Social Forestry. Soil Conservation and other Development Schemes.

### 「1-30—1-40 P. M. 7

**ডঃ অন্ধিকা ব্যানার্জীঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই রক্ম কতগুলো কেস স্থাপনারা ডিটেক্ট করেছেন এবং তার ভ্যাল্য কত ? **শ্রীপরিমল মিত্রঃ** এটা কি হিল এরিয়ার কথা বলছেন ?

**ডঃ অন্দিকা ব্যানার্জীঃ** সব এরিয়ার ইল্লিসিট ফেলিং সব ট্রি'র কথাই বলছি।

শ্রীপরিমল মিত্রঃ এই রকম আর একটা প্রশ্ন আর একজন মাননীয় সদস্থ করেছেন, সেটার জন্ম আমি সময় চেয়েছি, কারণ সব হিসাব এখনও পর্য্যস্ত আমার কাছে এসে পৌছয়নি। যথন সব হিসাব পাবো, তখন আমি হিসাবটা এই সভায় বলে দেব।

**্রীমনোহর ভিরকীঃ** দার্জিলিং-এর পাহাড়ী এলাকার ধুপি গাছ কাটার ফলে ফডার কমে যাচ্ছে—এটা কি ঠিক ?

**ত্রীপরিমল মিত্রঃ** কমছে না, ধুপি গাছের পাতাই হচ্ছে ফডার।

**শ্রীত্মাবত্বল কাইয়ুম মোলা:** বন বিভাগ থেকে ষ্টেট ফরেষ্ট এ্যাক্ট করবার কথা চিস্তা করছেন কি ?

**এপরিমল মিত্তঃ** ফরেষ্ট কংকারেণ্ট সাবজেক্ট। ফরেষ্ট এ্যাক্ট এ্যামেণ্ডমেণ্টের জন্ম গভর্গমেণ্ট অব ইণ্ডিয়। তৃ বছর আগে আমাদের মতামত চেয়েছিলেন। আমরা মতামত দিয়েছি। গভর্গমেণ্ট অব ইণ্ডিয়। পারমিসন দিলে, বিভিন্ন বিষয়ে আমরা আলোচনা করে স্থির নিশ্চিত হয়েছি যে ফরেষ্ট এ্যাক্টের কিছু পরিবর্তন করা দরকার, সেই পরিবর্তন করা হবে।

**এদীরেন্দ্রনাথ সরকার**ঃ আপনি বলেছেন দার্জিলিং এলাকায় ত্ত্বতকারীরা বন সম্পদ লুঠ করে নিয়ে চলে যাচ্ছে। প্রতিরোধের ব্যাপারে আপনি কি ব্যবস্থা গ্রহন করেছেন ?

**এপিরিমল মিত্রঃ** কি ব্যবস্থা গ্রহন করা হয়েছে সেটা আমি প্রশ্নের জবাবে বলেছি।

# ভগবানপুর-নন্দীগ্রাম মাস্টার প্ল্যান

\*৩৫। (অন্নোদিত প্রশ্ন নং \*৬৮৯।) **এপ্রিশান্তকুমার প্রধান ও এবিদ্ধিমবিহারী** মাইভিঃ সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) মেদিনীপুর জেলার ভগবানপুর-নন্দীগ্রাম মাস্টার প্ল্যানের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে ;
- (থ) উক্ত প্ন্যানের পরিকল্পনা কবে স্থপারিশ করা হইয়াছিল;
- (গ) উক্ত পরিকল্পনায় ভগবানপুর থানার কোন্ কোন্ (১) থাল খনন, (২) পুল নির্মাণ, (৩) স্নুইন নির্মাণ এবং (৪) ইন্সাপেকশন পাথ নির্মাণ অস্তর্ভূ কি করা হইবে;

- (ঘ) উক্ত পরিকল্পনা রূপায়ণে কোন বাধা আছে কিনা; এবং
- (৫) থাকিলে, তাহা দূরীকরণে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ?
- **এননী ভট্টাচার্য্যঃ** (ক) মেদিনীপুর জেলার ভগবানপুর নন্দীগ্রাম নিকাশী প্রকল্পটি

  Ganga Flood Control Commission এর নির্দেশমত সংশোধিত হইয়াছে এবং

  সংশোধিত প্রকল্পটি পুনরার গঙ্গা বন্যা নিয়ন্তন সংস্থার নিকটি পাঠানো হইয়াছে।
- (থ) ৪৪৪.০০ লক্ষ্য টাকার নিকাশী প্রকল্পটি ১৯৭৬ সালের এপ্রিল মাসে G. F. C. C. এর নিকট পাঠানো হইয়াছিল। G. F. C. C. প্রকল্পটি সংশোধনের নির্দেশ দেন এবং সেই অন্থ্যায়ী ৫.১৮ কোটি টাকার সংশোধিত প্রকল্পটি ১৯৮১ সালের ডিসেম্বর মাসে পুনরায় পাঠানো হয়। কিন্তু G. F. C. C. প্রকল্পটি পুনরায় সংশোধনের নির্দেশ দেন এবং সংশোধিত ২.৩৫ কোটি টাকার প্রকল্পটি পুনরায় ১৯৮৪ সালের জান্থরারী মাসে অন্থুমোদনের জন্ম পাঠানো হইয়াছে।
- (গ) ভগবানপুর থানার (১) কলাবেড়িয়া খাল, ছনিয়া থাল, শশিগঞ্জ থাল, পরক্ষা থাল, ব্রুদ্দাখাল, নোরুথাল, মগরাজপুর থাল, ম্মীরমারি খাল, ম্রাদপুর থাল এবং ইহার শাখাসমূহ।
  - (২) কিছু পুরানো পুলের মেরামতি করা ছাড়াও দেওভাঙ্গা নরঘাট বেসিন পুলের নির্মান।
  - (৩) ছনিয়াথালের এবং কুচাই দিঘী থালের মোহানায় (out fall) স্নুইস গেট নির্মান এবং ৬৫টি ailet এই পরিকল্পনার অস্তর্ভূকি।
- (घ) G. F. C. C. এবং Planning Commission এর অন্থমোদন পাইলে এবং অর্থের সংস্থান হলে পরিকল্পনা রূপায়ণে আর কোনও বাধা থাকিবে না আশা করা যায়।
- (ঙ) এ প্রশ্ন উঠে না।

**এবিদ্ধিম বিহারী মাইডিঃ** এটা ১৯৭৬ সালে পাঠানো হয়েছিল, তারপর আবার ১৯৮৪ সালের জাহুয়ারী মাসে সংশোধিত আকারে পাঠিয়েছেন বলছেন। অন্থমোদিত না হয়ে আসা পর্যন্ত কি ঐ এলাকার থাল খনন করা হবে না ?

**্রিননী ভট্টাচার্য্যঃ** আপাতত সেই ধরণের কোন চিস্তা নেই।

**এবিভিন্ন বিহারী মাইডিঃ** ওখানে চাষাবাদের দারুণ ক্ষতি হচ্ছে। চাষাবাদের প্রয়োজনে রাজ্যসরকার থেকে কোন কোন খাল খনন করার চেষ্টা হবে কি?

**ঞ্জীননী ভট্টাচার্য্য ঃ** এই ড্রেনেজ পরিকল্পনা অন্নমোদিত হলে কাজ আরম্ভ করার জন্ম টাকা পন্নসা জোগাড় করার কথা চিস্তা করা হবে। স্থতরাং এখন ওখানে অস্তবর্তী কালীন অন্থ খাল কটি। সম্ভব হবে না।

শ্রী পুপালচন্দ্র পাণ্ডাঃ ঐ এলাকার জলটা বের করে দেবার জন্ম কোন ব্যবস্থা নিডে পারেন কিনা, একটু চিস্তা করে দেখবেন ?

**জ্রীননী ভটাচার্য্য**ঃ জল বের করার জন্মই তো এই ডেনেজ স্বীম।

[ 1-40—1-50 P. M. ]

শ্রীকামাখ্যাচরণ ঘোষঃ আমরা জানি বিভিন্ন পরিকল্পনা সেই ১৯৭০-৭১ সাল থেকে কেন্দ্রের কাছে পাঠাবার পর তারা একটার পর একটা ফাাকড়া বার করে সেগুলি আটকে দিচ্ছেন। আমার প্রশ্ন, আমাদের ডিপার্টমেন্টের ইঞ্জিনিয়াররা দিল্লীতে গিয়ে বসে থেকে এগুলি তাড়াতাডি যাতে হয় তার ব্যবস্থা করতে পারেন না কি ?

শ্রীননী ভট্টাচার্য্যঃ তাড়াতাড়ি করার চেষ্টা করা হচ্ছে। ১৯৮১ সালের ডিসেম্বর মাসে পাঠানো হ'ল, তারপর ওরা বললেন এটা চেঞ্চ কর, আবার পাঠানো হল। ২৩৫ কোটি টাকার প্রকল্প তৈরী করে পাঠানো হল। এইভাবে চেষ্টা করা হচ্ছে।

**@াতারাপদ সাধুখাঃ** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন ৫ কোটি কত লক্ষ টাকার পরিকল্পনা ছিল তারপর ২ কোটি কত লক্ষ টাকার পরিকল্পনা হল। এটা কি আপনারা নির্দেশমত কিছু বাদ দিয়ে করলেন, না, আপনাদের ইচ্ছামত করলেন ?

শ্রীননী ভট্টাচার্য্যঃ আমি আগেই বলেছি যে নির্দেশ অঞ্সারে আমাদের সংশোধন করতে হয়েছে। টেকনিক্যাল এক্সপার্টিরা এটা বলতে পারবেন।

\*36 HELD OVER

## Plans and programmes for management of Haldia Petro-Chemical Complex

- \*37. (Admitted question No. \*318.) Shri Somendra Nath Mitra: Will the Hon'ble Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—
  - (a) whether the State Government has finalised plans and programmes

in regard to project financing and other modalities for management of the proposed Petro-Chemical Complex at Haldia; and

## (b) if so-

- (i) What are the salient features of these plans and programmes:
- (ii) what is the total original and revised estimate of investment required for this project, and
- (iii) to what extent the State Government is willing to bear the responsibility of investing for this project?

### Shri Nirmal Kumar Bose: (a) No.

(b) (i), (ii) and (iii) Does not arise.

**্রীআবিত্তল মাল্লান**ঃ মাননীয় মন্ত্রীমহাশয় বললেন, ফাইনালাইজ করেন নি। আমাব প্রশ্ন, আপনারা কোন প্রোপোজাল কনসিভার কর্তেন কি?

শীনির্মল কুমার বোসঃ প্রশ্নটা ছিল ফাইনালাইজ হয়েছে কিনা? তার উত্তর হচ্ছে, না। তবে ঘটনাটা হল এই যে ১৯৭৭ সাল থেকে হলদিয়ায় পেটো কেমিক্যালস কমপ্লেক্ম করবার জন্ম চেষ্টা চলেছে। ১৯৭৭ সালে আমরা লেটার অব ইনটেন্ট পাই। তারপর ভারত সরকারের সঙ্গে আলাপ আলোচনার পর ১৯৮০ সালে এটা পরিবর্তন করা হয়। তারপর ভারত সরকার বলেন আবার নতুন করে ফিজিবিলিটি রিপোর্ট করতে, আমরা সেটা করে পাঠিয়েছি কিন্তু এখনও পর্যান্ত ভারত সরকারের কাছ থেকে কোনরকম অন্থমোদন পাই নি, আমরা অন্থমোদনের অপেক্ষায় রয়েছি এবং ভারত সরকারকে অন্থরোধ করেছি যাতে এ বিষয়ে তারা সম্মতি জানান।

**জ্রীলক্ষণচন্দ্র শেঠ**ঃ মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, নতুন করে যে প্রভাক নিক্সভ বিভাইজ বিপোর্ট পাঠানো হয়েছে তার কারণ কি ?

শ্রীনির্মল কুমার বোস: রিভাইজড এষ্টিমেট পাঠাবার কারণ হচ্ছে ভারত সরকার আমাদের পুরানো রিপোর্ট দেখে কিছু পরিবর্তন করতে বলেন। সেথানে নতুন কিছু জিনিয করতে বলেন। প্রভাক্ট মিক্স পরিবর্তন করতে বলেন, জিনিষ পত্রের দাম বেড়ে গিয়েছে সেগুলি হিসাব করতে বলেন। এগুলি করে পাঠিয়ে দিয়েছি।

**জ্রীসরল দেবঃ** পেটো কেমিক্যালস কমপ্লেক্স নিয়ে কেন্দ্রীয় সরকারের টালবাহনা আমরা দ্বীর্ঘদিন ধরেই দেখছি। ইতিমধ্যে আমরা দেখলাম গুজরাটে ছটি পেট্রো কেমিক্যালস কমপ্লেক্স হয়ে গেল। এই অবস্থায় একথা কি প্রমানিত হয়না যে কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলায় পেট্রো কেমিক্যালস কমপ্লেক্স করতে চাইছেন না, তাদের অনীহা বারবার প্রকাশিত হচ্ছে ?

## (নো রিপ্লাই)

**জ্রীস্থমন্ত কুমার হীরাঃ** হলদিয়া পেটো কেমিক্যালসের যে পরিকপ্রনা রাজ্য সরকার দীর্ঘদিন ধরে গ্রহণ করে বসে আছেন তাতে কেন্দ্রীয় সরকার অহুমোদন দিচ্ছেন না এটা আমরা দেথছি। আমার প্রশ্ন, এই অবস্থায় শেষ পর্যান্ত রাজ্য সরকার কি করবেন—এটা পরিত্যাগ করবেন, না, কেন্দ্রীয় সরকার না দিলেও এটার জন্য আলাদা কোন পরিকল্পনা করবেন তা জানাবেন কি ?

শ্রীনির্মল কুমার বোস: হলদিয়া পেটো ক্যেমিক্যালস আমাদের কাছে অত্যস্ত গুরুত্বপূর্ণ। পেটো কেমিক্যালস এখন বেদিক এবং মাদার ইনডাষ্ট্রি হয়ে দাঁড়িয়েছে। এটা না করতে পারলে আমাদের পক্ষে এগুলো মৃশকিল। যদি এটা কার্যকরী করতে পারি তাহলে প্রত্যক্ষভাবে হু হাজার ৬শো এবং ডাউন ষ্ট্রিমে প্রায় হু লক্ষের উপর লোকের কাজ হবে এবং শিল্পের সম্প্রসারণ হবে। আমরা আশা করছি, কেন্দ্রীয় সরকার এতে সম্মতি দেবেন। আমরা ১৯৭৭ সালে এই প্রজেক্টের জন্ম খরচ ধরেছিলাম ৪২৮ কোটি টাকা এই বিলম্বের জন্ম বর্তমানে এর খরচ দাঁড়িয়েছে ৮৪৪ কোটি টাকা।

এই ভাবে যদি বিলম্ব হতে থাকে তাহলে শুধু পশ্চিমবাংলার ক্ষতি হবে তাই নয়, থরচও বেড়ে যাবে। সে জন্ম আমরা চেষ্টা করছি, সমস্ত কিছু পাঠিয়ে দিয়েছি। উচ্চ পদস্ত অফিসার দিল্লীতে কথা বলছেন, কয়েকদিন পরে আমিও কথা বলবাে এবং আমাদের ম্থ্যমন্ত্রী মহাশন্ত কথা বলবেন। তারপরেও যদি বোঝা যায় যে ভারত সরকার থেকে কোন সাড়া পাওয়া যাচছে না, তথন রাজ্য সরকারকে নিশ্চমুই বিকল্প কথা ভাবতে হবে।

### Per capita forest area

- \*38. (Admitted question No. \*384.) Shri Abdul Karim Chowdhury: Will the Minister-in-charge of the Forests Department be pleased to state—
  - (a) what is the per capita forest area in West Bengal as compared to the national average; and
  - (b) the steps taken by the State Government to prevent denudation of the forest areas and the results thereof?

- Shri Parimal Mitra: (a) Per capita forest area in West Bengal is 0.02 hectare. National average—0.12 hectare.
- (b) The steps to prevent denudation of the forest areas include intensive patrolling, watch and ward, proposed implementation of a separate forest protection force and mobile patrol units, raising of plantation in different areas mainly outside the forests under Social Forestry and other development schemes. The denudation is also prevented through effective soil conservation measures. An act "The West Bengal Forest (Establishment and Regulation of Saw-Mills and other Wood-Based Industries) Rules, 1982" has been promulgated to prevent and control the undesirable growth of saw mills and ancillary industries throughout the State.

The result is overall encouraging.

শ্রীমনোহর টিরকিঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে ফরেষ্ট রক্ষা করতে গিয়ে যে সরকারী কর্মচারীরা মারা যাচ্ছে, আহত হচ্ছে, বা নিহত হচ্ছে তাদের জন্ম সরকার কি গ্যারান্টি দিয়েছেন ?

শ্রীপরিমল মিত্রঃ এই রকম ভাবে কোন গ্যারান্টি দেওয়া হয়না। যারা মারা গেছে সরকারের তরফ থেকে ইনসিওরেন্স ১২ হাজার টাকা, বেনিফিট হিসাবে ১৫ হাজার টাকা দেওয়া হয়। আর যথন অস্ত্রন্থ হয় তাদের ট্রিটমেন্টের ব্যবস্থা করা হয়। এই বিষয়ে যে সমস্ত ব্যবস্থা নেওয়া হচ্ছে তার পরিপ্রেক্ষিতে কমপ্লিটলি আমাদের স্পোলাল ফরেষ্ট প্রোটেকশান ফোর্স করার কথা এবং সেই হিসাবে প্লান হচ্ছে। আমরা আগামী বছর ১৯৮৪-৮৫ সালে করতে পারবো যদি টাকা পাই।

ডাঃ মানস ভূঁঞাঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে তাঁর দলের লোকেরা বিভিন্ন জায়গায় মিটিং করে বলছে, গাছ কাট আর দল বাড়াও'। এই সম্পর্কে আপনার দপ্তরের কি ধরণের ভূমিকা আছে ?

मि: म्मीकातः এই श्रम श्रमा।

## Target for procurement of sugarcane

- \*41. (Admitted question No \*362.) Shri Shaikh Imajuddin: Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—
  - (a) what was the target fixed for procurement of sugarcane for the crushing seasons in 1978-79 and 1982-83;
  - (b) what percentage of this target was actually procured;
  - (c) how much sugar was produced in the State in 1978-79 and 1982-83; and
  - (d) what steps have been taken by the present Government to increase production of sugar in the State?

# Shri Nirmal Kumar Bose: (a) Target for procurement of Sugar Cane was fixed by the Two Sugar Mills in the State as below:

		Name of Sugar Mill	1978 <b>-'79</b>	1982-'83
	<b>i</b> }	Ahmedpur Sugar Mill	65,000 M.T.	60,000 M.T.
	ii)	Plassey Sugar Mi l	1,00,000 M.T.	1,10,000 M.T.
(b)			1978-'79	1982-'83
	i)	Ahmedpur Sugar Mill	58 <b>·5</b> 9%	75.84%
	ii)	Plassey Sugar Mill	81 82%	53:36%
(c)			1978-'79	1982-'83
	i)	Ahmedpur Sugar Mill	3,300·8 M T.	3,869 <sup>-</sup> 4 M.T.
	ii)	Plassey Sugar Mill	6,357 M.T.	5,255 M.T.

(d) (i) In order to increase production of sugar in the State, West Bengal Sugar Industries Development Corporation in Co-ordination with the Agriculture Department has already taken up a massive cane development programme in the district of Birbhum to utilise the existing full capacity of Ahmedpur Sugar Mill.

ii) The State Govt. has also purchased and taken over possession of the assets of the Beldanga Sugar Mill in the district of Murshidabad belonging to M/s. Shri Radhakrishna Sugar Mills (in liquidation) in May, 1981.

## [1-50-200 P.M.]

শ্রীঅভীশ চন্দ্র সিংহ: মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আমাদের পশ্চিমবাংলায় যে আথ উৎপন্ন হয় সেই সমস্ত আথ কিনে নিয়ে যে ক'টি মিল এথানে আছে তারা চিনি উৎপাদন করতে পারে কি, না আরো চিনি কলের প্রয়োজন আছে ?

শ্রীনির্মল কুমার বোস: বর্তমানে আমাদের এখানে যে ত্'টি চিনি-কল আছে দে তৃটিও ঠিকমত চলছে না আথের অভাবে। এই আথের অভাব হবার অভতম একটা কারণ হছে এখানে রাস্তার ধারে অবৈধভাবে অনেকগুলি ছোট ছোট গুড় তৈরীর কারখানা হয়েছে, এরা রাজ্য সরকারের কোন নিয়ম-কাহন মানে না, রাজ্য সরকারকে কোন রকম ট্যাক্স দেয় না, কেন্দ্রীয় সরকারকেও কোন রকম ট্যাক্স দেয় না এবং বেশী দাম দিয়ে চাষীদের কাছ থেকে আথ কিনে নেয়। ফলে রামনগর এবং আহমেদপুর চিনি-কল আথ পাছে না, সংকটে পড়েছে, কারখানা ছুটি লোকসানে চলছে। বর্তমানে আমরা এ ব্যাপারে একটা ব্যবস্থা নিতে চলেছি। অভ্যান্ত রাজ্যেও এই রকম রাজ্যার ধারে ছোট ছোট গুড় তৈরীর কারখানা গজিয়ে উঠেছে, এখন তারা দেগুলি আইডেনটিফায়েড এরিয়াতে বন্ধ করে দিছে। আমরাও দেরকম ব্যবস্থা নিতে চলেছি। বর্তমানে আমাদের রাজ্যে যে পরিমান আথ উৎপন্ন হয় তা দিয়ে রামনগর এবং আহমেদপুর চিনি কল চালাবার পরেও যদি অতিরিক্ত আথ থাকে তাহলে তথন নতুন চিনি কল খোলা হবে কিনা তা ভাবা হবে।

**শ্রীমাধবেন্দু মহান্তঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে, রামনগর স্থগার মিল নিয়মিতভাবে চাষীদের পাওনা টাকা পরিশোধ করছে না এবং ইচ্ছাক্ততভাবে মিল বন্ধ করার চক্রান্ত করছে, এখানকার ক্যাপিটাল রাজস্থানে নিয়ে গিয়ে ইনভেই করছে ?

**জ্রীনির্মল কুমার বোসঃ** এ রকম অভিযোগ আমার কাছেও এসেছে।

শ্রীসভ্যপদ ভট্টাচার্যঃ যে গুড়ের কলগুলি আছে সেগুলি পারমিট পেয়েছে কিনা জানি না, কিন্তু তারা চাষীদের কাছ থেকে আ্থু নিয়ে নগদ দাম দেয়। অথচ রামনগর এবং আহমেদপুর স্থগার মিল কয়েক বছর ধরে চাষীদের পাওনা টাকা পরিশোধ করছে না। এ বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয় কোন ব্যবস্থা গ্রহণ করবেন কি প

**্রীনির্মল কুমার বোসঃ** চাষীদের যাতে অস্কৃবিধা না হয় তার জন্ম নিশ্চয়ই ব্যবস্থা গ্রহণ করব।

#### Denudtion of forests in the hill res

- \*42. (Admitted question No. \*386.) Shri Humayoun Chowdhury: Will the Minister-in-charge of the Forests Department be pleased to state—
  - (a) whether the State Government has taken steps to identify the factors responsible for denudation of forests and to study the extent of denudation in the hill areas of North Bengal during the past few decades; and
  - (b) if so, what steps have been taken and with what results?

### Shri Pariml Mitr: a) Yes.

(b) Efforts have been made to prevent denudation of forests through large scale afforestation programme under Social Forestry and other development schemes. Several soil conservation measures have also been adopted. Intensive patrolling by forest personnel and creation of forest protection force which is likely to come up next year are also significant steps. The results are satisfactory to a large extent

শ্রী অভিকা ব্যানার্জী ঃ মাননীয় মন্ত্রীমহাশয় দয়া করে জানাবেন কি, আপনি বে, প্রোটেকসন ফোর্স গঠন করেছেন তারা আর্মড্, না আন—আর্মড্ হবে ?

Shri Parimal Mitra: It is a armed force.

### Consolidtion of frgmented holdings of frmers

\*43. (Admitted question No. \*450.) Shri Mahbubul Haque: Will the Minister-in-charge of the Land and Land Reforms Department be pleased to state—

- (a) the steps taken by the State Government for consolidation of fragmented holdings of farmers under the provisions of Land Reforms Act; and
- (b) the results of these steps since 1980-81 ?
- Shri Sunil Kumar Majumdar: (a) & (b) The State Government has not received any response from the raiyats intending consolidation of their holdings as required under the law.

**জ্রীমহবুবুল হক্ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় 'এ' এবং 'বি' প্রশ্নের উত্তরে বললেন যে, রায়তদের কাছ থেকে কোন উত্তর পাওয়া যায়নি। আমি তাঁকে জিজ্ঞাসা করছি এ ব্যাপারে সরকারের তরফ থেকে কোন উত্যোগ কি নেওয়া হয়েছে ?

শ্রীস্থনীল কুমার মজুমদার ঃ ১৯৫৯ সালের আইনের ৩৯ ধারায় যা আছে তাতে রায়তদের আসতে হবে এবং এ ব্যাপারে অনেক প্রবলেমস আছে, সে জন্ম আমাদের তরফ থেকে কোন ব্যবস্থা নেওয়ায় অস্থবিধা আছে। রায়তরা এগিয়ে এলে আমরা সেটা দেখব।

**শ্রীমংবুবুল হক্ঃ** আমি মনে করি যার। সীমিত জমির মালিক তাদের জমি ছড়িয়ে থাকলে ইরিগেসন ফেসিলিটি পাওয়ায় অস্থবিধা হয়, ফলে উৎপাদন ব্যাহত হয়। স্থতরাং উৎপাদন বাড়াবার জন্ম সরকারের তরফ থেকে এই জমিগুলিকে এক সাথে করে দেবার জন্ম কোন আইন করার কথা কি মন্ত্রী মহাশয় চিস্তা করছেন ?

শ্রীস্থনীল কুমার মজুমদার: ৩৯ ধারায় যে আইন আছে তাতে এ্যাডিকোয়েট প্রোভিসন নেই। সেই জন্ম আমরা ১৯৮১ সালে ভূমি সংস্কার আইনের দ্বিতীয় সংশোধনী বিল পাশ করেছি, সেটি এখনো রাষ্ট্রপতির সম্বতির অপেক্ষায় আছে।

### Creation of adequate forest

- \*45. (Admitted question No. \*469.) Shri Dipendra Barman: Will the Minister-in-charge of the Forests Department be pleased to state—
  - (a) the steps taken towards creation of adequate forest cover for prevention of floods and for soil conservation against erosion of land; and
  - (b) the Sixth Five-Year Plan target and the achievements in quantifying terms in the matter since 1980-81?

Shri Parimal Mitra: (a) Various Soil Conservation Schemes both in Central and State Sectors are being implemented in West Bengal for prevention of floods and for soil conservation against erosion-of land.

<b>(</b> b)			Physical (in hectares)	Financial ( Rs. in lakhs)
	Achievement		6422	291.14
	during			
	1980-81 to			
	<b>1982-</b> 83			
	Target for		5871	433.00
	1983-84 to			
	1984-85			
		Total	12293	724.14

ভাঃ মানস ভূঁইএগাঃ মননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ইরোসান অফ ল্যাণ্ড প্রটেকসান করার জন্ম দীঘায় সোন্সাল ফরেষ্ট্রির আনভারে কি কোন রকম পরিকল্পনা এই আর্থিক বছরে নেওয়া হয়েছে ?

**শ্রীপরিমন্স মিত্রঃ** এটা নিশ্চয়ই ফেস্ড প্রোগ্রাম। ফরেষ্ট ডিপার্টমেণ্ট এমবাঙ্কমেণ্ট প্রটেকসান করছে এবং ফেস্ড প্রোগ্রাম হিসাবে আরোও ৫ বছর চলবে এবং দীঘাতে কনটিস্থায়াসলি চলবে।

শ্রীমনোহর ভিরকী: মাননীয় মন্ত্রী কি দয়া করে জানাবেন, উত্তরবঙ্গে সয়েল এরোসান রক্ষা করার জন্ম কি ধরণের স্কীম নেওয়া হয়েছে ?

শ্রীপরিমল মিদ্রে: সম্রেল এরোসান রক্ষা করার জন্ম যে সমস্ত স্কীম নেওয়া হয়েছে সেটা হচ্ছে তিস্তা প্রটেকসান স্কীম। এর মধ্যে সমস্ত নদী পড়ে, তিস্তা থেকে আরম্ভ করে কুচবিহার পর্যস্ত যে নদীগুলি আছে তার সম্রেল এরোসান রক্ষা করার জন্ম সম্রেল কনসারভেসান করা হচ্ছে এবং এরজন্ম সেথানে গাছ পোতা, এমনকি অন্যান্ম কাজও করা হচ্ছে। এটা হচ্ছে তিস্তার উপরের দিকে, আর নিচের দিকে তিস্তা স্কীম এগুও হিমালয়ান স্কীম এই স্কীমগুলি পড়বে। অতএব সবগুলিই ধরা হয়েছে ফেসড প্রোগ্রাম হিসাবে।

শ্রী আছিকা ব্যানার্জীঃ মাননীয় মন্ত্রী মহাশন্ত বললেন এচিভমেণ্টের কথা, সেটা হচ্ছে ৬৪২২, হেক্টর এবং ২৯১১৪ লক্ষ টাকা এই রকম একটা হঙ্গেছে বললেন, কিন্তু ১৯৮২-৮৩ সালে আপনার টারগেট কত ছিল ?

**শ্রীপরিমল মিত্রঃ** আপনি টারগেট চাননি। আমি ফিজিক্যাল টারগেটের কথা বলেছি, ফিজিক্যাল টারগেট ইন হেকটরদ বলেছি। ১৯৮৩-৮৪ দালে উই হাভ প্রোপস্ড টু ডু ইট—দেটার টারগেট এথনও হয়নি।

**ঞ্জিঅম্বিকা ব্যানার্জীঃ** ১৯৮০-৮১ সালে কত ?

**প্রিমল মিত্রঃ** সেটা এখন বলতে পারবো না, নোটিণ দিতে হবে।

**এতিছিক। ব্যানার্জীঃ** কিন্তু টারগেটের কথা তো বলা ছিল ?

মিঃ স্পীকার ঃ টারগেটের ব্যাপারটা আপনি জানিয়ে দেবেন।

**এপরিমল মিত্রঃ** ছাট টারগেট ইন্ধ এ্যচিভড্।

শ্রীঅনিল মুখার্জীঃ মাননীয় মন্ত্রী মহাশন্ত্র অন্তগ্রহ করে জানাবেন কি—হিমালয়ান হিল এরিয়াতে ল্যাণ্ড ইউজ করার জন্ম যে ইরোসন হচ্ছে তার উপর সরকারের কি কোন পরিকল্পনা আছে?

**এপিরিমল মিত্রঃ** না, সেটা বাধা দেওয়ার অস্ত্রিধা আছে। টিরেস কালটিভেসন বন্ধ করতে হলে ম্যাসিভ প্রোপাগ্যাণ্ডার দরকার। এখন সেটা হয় নি।

# STARRED QUESTIONS (To which answers were laid on the table)

## Formation of 100 per cent Export Oriented Units Zone

- \*46. (Admitted question No. \*371.) Shri Deokinandan Poddar: Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—
  - (a) the steps taken by the State Government towards formation of 100 per cent Export Oriented Units Zone in West Bengal and the results thereof;

- (b) the response till now from the existing industrial units in the State and the number of letters of intent obtained by them for setting up 100 per cent. Export Oriented Units; and
- (c) the constraints causing slow progress, if any, in the matter?

Minister-in-charge of the Commerce and Industries Deptt.

(a) Soon after receipt of the approval of Government of India to set up an Export Processing Zone at Falta in the district of 24-Parganas a State Level Advisory Committee under the Chairmanship of Chief Secretary was constituted under this Department Resolution No. 913-CI/Ind/LAG dated 5.9.83, The State Government have also appointed an Officer on Special Duty in the rank of Joint Secretary to pursue various matters connected with the setting up of the Zone. Steps have also been taken accordingly to provide necessory infra-structure facilities specially pertaining to road and power supply outside the periphery of the Zone as requested by the Government of India.

The Site Selection and Approval Committee of Falta Export Processing Zone have already visited the site and held discussions with the State Government officials. The Zone will consist of 105 acres of land belonging to Calcutta Port Trust in Bishra-I, Mouza (J. L. No. 1) Uttar Simulberia Mouza (J. L. No. 2) within Diamond Harbaur P. S. in the first phase to be increased by another 180 acres in the second phase.

(b) The response form the industrial units has been quite satisfactory as guaged by the fact that so far around 100 applications have been received for setting up Units in the Falta Export Processing Zone. Letters of Intent will be issued by the Ministry of Commerce, Government of India after their cases are cleared by the Falta Export processing Zone Board,

(c) For the Presents no constraints have been faced in the implementation of the Falta Export processing Zone.

### Poaching of rhinoceros

- \*47. (Admitted question No. \*444.) Shri Dhirendranath Sarkar: Will the Minister-in-charge of the Forests Department be pleased to state—
  - (a) whether the State Government has information about organised gangs involved in poaching rhinoceros with sophisticated weaponry in the North Bengal Forests; and
  - (b) if so, the steps taken by the State Government in the marter and the results thereof?

Minister-in-charge of the Forests Deptt.

- (a) Yes.
- (b) To prevent poaching of rhinoceros following actions are taken:—
  - (i) "National Volunteer Forces" have been deployed in Jaldapara Wild Life Sanctuary to assist in protection duties.
  - (ii) The Sanctuary staff have been kept on alert against poaching and they are regularly patrolling in the Sanctuary to prevent rhino poaching.
  - (iii) Wireless network has been installed inside Jaldapara Wild Life Sanctuary. Wireless Set and Equipments have been procured.
  - (iv) C. I. D. are kept informed of every poaching case for investigation and arrest of the offenders for taking action in terms of law.

# মেজিয়া কয়লাখনি ছইতে কয়লা ভোলার জন্ম কেন্দ্রীয় সরকারের অনুমতি

\*৪৮। (অন্নাদিত প্রশ্ন নং \*৬৯৭।) **জ্রীনবনী বাউরী**ঃ শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অন্ধ্রাহপূর্বক জানাইবেন কি—

- (ক) বাঁকুড়া জেলার মেজিয়া কয়লাথনি হইতে কয়লা ভোলার জন্ম কেন্দ্রীয় সরকারের অমুমতি পাওয়া গিয়াছে কিনা; এবং
- (থ) "ক" প্রশ্নের উত্তর ই্যা হইলে, উক্ত খনি হইতে কয়লা তোলার কান্ধ কবে নাগাত শুক হইবে বলিয়া আশা করা যায় ?

Minister-in-charge of Commerce and Industries Deptt.

- (ক) না।
- (খ) প্রশ্ন ওঠে না।

## লবণ হলে ইলেকট্রনিক্স কারখানা স্থাপন

\*৪৯। (অন্নাদিত প্রশ্ন নং \*৬৯৮।) **শ্রীস্থমন্তকুমার হীরাঃ** বিগত ২০-৪-১৯৮৩ তারিখের প্রশ্ন \*৪৯৫ (অন্নাদিত প্রশ্ন নং \*২৫০)-এর উত্তরের পরিপ্রেক্ষিতে শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অন্তগ্রহপূর্বক-জানাইবেন কি—

- (ক) লবণ হ্রদে ইলেকট্রনিক্স কমপ্লেক্স স্থাপনের পরিকল্পনা রূপায়ণে কোন বাধা আছে কিনা;
- (খ) থাকিলে, উক্ত বাধাগুলি কি কি; এবং
- (গ) উক্ত বাধাগুলি দ্রীকরণে কেন্দ্রীয় সরকারের প্রয়োজনীয় সহযোগিতা পাওয়া গিয়েছে কিনা ?

Minister-in-charge of Commerce and Industries Deptt.

- (ক) না;
- (খ) প্ৰশ্ন ওঠেনা:
- (গ) প্রশ্ন ওঠে না।

# বিভিন্ন রাজনৈতিক দলের সন্মেলনে যোগদানের জন্ম বিজ্ঞাপন বাবত ব্যয়

"৫২। (অন্নাদিত প্রশ্ন নং \*৯৮।) **শ্রীদেবপ্রাসাদ সরকারঃ** তথা ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় অন্প্রহণ্ঠক জানাবেন কি, ১৩-১৫ জান্ত্রারি, ১৯৮৪ কলকাতায় অন্থান্তিব বিভিন্ন রাজনৈতিক দলের সম্মেলনে যোগদানের জন্ম বিভিন্ন সংবাদপত্রে বিজ্ঞাপন বাবত রাজ্য সরকারের কি পরিমাণ অর্থব্যয় হয়েছে ?

Minister-in-charge of the Information and Cultural Affairs Deptt.

(১) ১৩-১৫ জাত্মারী, ১৯৮৪ কলকাতায় অন্তর্ষ্টিত বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রী ও রাজনৈতিক দলের সন্মেলনকে সাফল্যমণ্ডিত করার জন্ম আবেদন জানিয়ে বিভিন্ন সংবাদপত্রে বিজ্ঞাপন বাবদ রাজ্য সরকারের থরচ হয়েছে মোট এক লক্ষ কুড়ি হাজার পাঁচশো তিয়াত্তর টাকা ছিয়ানবাই পয়সা (১,২০,৫৭৩,৯৬ পঃ)।

# "ইনটিগ্রেশন স্কীম" চালু করণ

- \* **\*৫৩।** (অন্নাদিত প্রশ্ন নং \*২৩৩।) **জ্রীবিশ্বনাথ চৌধুরী**ঃ ভূমি ও ভূমিসংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অন্ধ্রগ্রহপর্বক জানাইবেন কি—
  - (ক) ১-৪-১৯৮৪ হইতে ভূমি ও ভূমিদংস্কার বিভাগে "ইনটিগ্রেশন স্কীম" চালু করার কোন পরিকল্পনা আছে কিনা; এবং
  - (থ) থাকিলে, উক্ত পরিকল্পনায় ঐ বিভাগের অধীন কোন্ কোন্ অফিস অস্তর্ভু হইবে ? Minister-in-charge of the Land and Land Refarms Deptt.
  - (क) "ইনটিগ্রেশন স্কীম" চালু করার জন্ম সরকার একটি নীতিগত সিদ্ধান্ত নিয়েছেন। স্থির হয়েছে যে, ১লা এপ্রিল, ১৯৮৪ থেকে এই স্কীম চালু করবার জন্ম প্রাথমিক প্রস্তুতির কাজকর্ম আরম্ভ করা হবে।
  - (খ) ভূমি রাজম্ব এবং জরিপ ও সেটেলমেন্ট সংক্রান্ত পূথক তুটি সংস্থাকে একত্রিত করা হবে।

### Investments in new industrial projects

- \*54. (Admitted question No. \*368.) Shri Satya Ranjan Bapuli: Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—
  - (a) whether the State Government has information regarding total investments in new industrial projects in West Bengal as compared to the total investments in new industrial projects in Maharashtra, Gujarat, Tamil Nadu, Karnataka and Andhra Pradesh during the period between 1978 to 1983; and
  - (b) if so, what was the position in the matter?

Minister-in-charge of the Commerce and Industries Deptt.

- (a) No such information is available with the Government.
- (b) Does not arise.

# সোভিয়েত সার্কাস দেখার জন্ম কমপ্লিমেণ্টারি টিকিট বণ্টন

- \*৫৭। (অন্নাদিত প্রশ্ন নং \*১৫৭।) **এ। অলালেন্দ্র রায়** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহোদয় অন্নগ্রহপূর্বক জানাইবেন কি—
  - (ক) ১৯৮৩ দালের অক্টোবর মাদে কলকাতায় অহুষ্ঠিত সোভিয়েত দার্কাদ শো দেখার জন্ম কত কমপ্লিমেণ্টারি টিকিট বিলি করা হইয়াছিল;
  - উক্ত ব্যাপারে সরকারের নিকট কোন অভিযোগ আসিয়াছে কিনা; এবং
  - (গ) আসিলে, উক্ত ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ?

Minister-in-charge of the Information and cultural Affairl Deptt.

- (क) তিন দিনের অন্মন্তানের জন্ম মোট ২৮৮৬টি আমন্ত্রণ পত্র।
- (খ) না।
- (গ) প্রশ্ন ওঠে না।

### Alienation of tribal lands

- \*58. (Admitted question No. \*319.) Shri Somendra Nath Mitra: Will the Minister-in-charge of the Land and Land Reforms Department be pleased to state—
  - (a) whether it is a fact that although the transfer of land from tribals to non-tribals is prohibited by legislation, alienation of tribal lands in the State is continuing; and
  - (b) if so,—
    - (i) the reasons thereof, and
    - (ii) the steps taken by the State Government to prevent alienation of tribal lands in West Bengal?

Minister-in-charge of the Land and Land Refarms Deptt.

- (a) Even though alienation of tribal lands to nontribals is generally prohibited by Sec. 14C of the W. B Land Reforms Act sporadic cases of incidence of such alienation have been noticed.
- (b) (i) Proverty ane illiteracy of the tribal people coupled with need for hard cash and their general ignorance of the provisions of the law safeguarding their interests are the main reasons.
- (ii) Various programmes have been launched by the State Govt.

  both under the general plan and the Tribal sub-plan to improve
  the economic condition of the tribal population.

Steps have also been taken to arrange publicity for the relevant provisions of the law in tribal areas. Field Officers have also been asked to be very vigilant in the matter so that cases of alienation of tribal lands can be prevented.

### Share of State in large sick industrial units

\*59. (Admitted question No. \*361.) Shri Sk. Imajuddin: Will the Minister-in-charge of the Industrial Reconstruction Department be pleased to state what was the share of West Bengal in the number of large sick industrial units at the national level and the investments involved in such sick units at the end of 1978. 1980 and 1983?

Minister-in-charge of the Industrial Reconstruction Deptt.

According to the information available, the number of large sick industrial units at the end of December 1980 at the national level was 409 out of which West Bengal had 102. The figures for 1978 and 1983 are not available.

As for investment involved in such sick units, no information is available at the national level. However, the investment made by the State Government in the taken over and otherwise assisted

units at the end of financial year 1977-78 was Rs. 1100 lakhs, at the end of financial year 1979-80. Rs. 1091 lakhs, and at the end of the financial year 1982-83 Rs. 307 lakhs.

## স্থাশনাল ট্যানারী কারখানার পরিচালনভার

- \*৬১। (অন্নাদিত প্রশ্ন নং \*৪০০।) **শ্রীসুমন্তকুমার হীরাঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অন্নগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) ন্যাশনাল ট্যানারী কারখানা পরিচালনার দায়িত্বভার কেন্দ্রীয় সরকার গ্রহণ করতে সম্মত হয়েছেন এই মর্মে সরকারের নিকট কোন সংবাদ আছে কিনা; এবং
  - (খ) "ক" প্রশ্নের উত্তর "না" হলে, তার কারণ কি ?

Minister-in-charge of the Commerce and Industries Deptt.

- (ক) না।
- (খ) প্রশ্ন ওঠেনা।

# পঞ্চায়েত সচিবদের তৃতীয় শ্রেণীর সরকারী কর্মচারী হিসাবে গণ্যকরণ

- \*৬২। (অন্নাদিত প্রশ্ন নং \*৩১২।) **জ্রীশিবপ্রসাদ মালিকঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অন্নগ্রহপূর্বক জানাইবেন কি—
  - (ক) পঞ্চায়েত সচিবদের তৃতীয় শ্রেণীর সরকারী কর্মচারী হিসাবে গণ্য করার কোন পরি-কল্পনা সরকারের আজে কিনা; এবং
  - (থ) থাকিলে, উক্ত পরিকল্পনা কবে নাগাত বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায় ?

    Minister-in-charge of the Panchayats and Community Development

    Deptt-
  - (क) এবিষয়ে এথনও সরকার কোন সিদ্ধান্ত নেন নি এবং বিষয়টি বিচারাধীন আছে ।
  - (খ) প্রশ্ন ওঠেনা।

# শহর সম্পত্তির উধর সীমা নির্ধারণ

\*৬৯। (অন্নাদিত প্রশ্ন নং \*৩৯৩।) **জ্রীনিবপ্রসাদ মালিক:** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অন্নগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) শহর সম্পত্তির উর্ধ্বসীমা নির্ধারণের পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং
- (থ) থাকিলে, উক্ত পরিকল্পনা কতদিনে বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায় ?

Minister-in-charge of the Land and Land Reforms Deptt.

- ক) রাজ্য সরকারের এরপ কোন পরিকল্পনা আপাতত্ত্ব নাই।
- (খ) এ প্রশ্ন ওঠে না।

### আপার কংসারতী প্রকল

- \*৭০। (অহমোদিত প্রশ্ন নং \*৩৯৬।) **শ্রীনবনা বাউরী**ঃ সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অন্তগ্রহপূর্বক জানাইবেন কি—
  - কাঁকুড়া জেলায় আপার কংসাবতী প্রকল্পটি প্র্যানিং কমিশনের অন্থ্যোদন লাভ করিয়াছে কি; এবং
  - (থ) অহমোদন লাভ করিলে, কতদিনের মধ্যে উক্ত প্রকল্পের কাজ চালু করা হইবে বলিয়া আশা করা যায় ?

Minister-in-charge of the Irrigation and Waterways Deptt.

- (ক) বস্তুতপক্ষে অমুমোদন পাওয়া যায় নি:
- (খ) এখনই এ প্রশ্ন ওঠে না।

[2-00-2-10 P.M.]

### ADJOURNMENT MOTION

Mr. Speaker: To-day I have received six notices of adjournment motions. The first is on the subject of deadlock of Industries in West Bengal from Shri Kashinath Misra. The second is on the subject of turmoil in Calcutta University due to politicisation of the academic issues from Shri Satya Ranjan Bapuli, Shri Suniti Chattaraj, Shri Atish Chandra Sinha. The third is on the subject of setting the houses of some Congressmen on fire on 26-2-84 at Chanpur in Malda from Shri Somendra Nath

Mitra and Shri Abdul Mannan. The fourth is on the subject of attack on public vehicle to whisk away on accused Gram Panchayat Pradhan of Mishapur in 24 Parganas on 26-2-84. The fifth is on the subject of allegations of corruption against the previous Vice-Chancellor of Calcutta University from Shri Ambika Banerjee. And the sixth is on the subject of views of the Chief Minister of West Bengal on explosive situation in Punjab and Haryana from Shri Deoki Nandan Poddar.

As regards the first five motions, the Members will get ample opportunity to raise the matters during the discussion on the Governor's Address which is continuing. The last motion deals with the incidents happening in Punjab and Harvana for which this Government is not responsible.

I, therefore, withhold my consent to all the above motions. One Member of the party may, however, read out the text of the motion as amended.

Now I request Shri Atish Chandra Sinha to read the text of the motion, as amended.

Shri Atish Chandra Sinha: This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence namely:—

The turmoil in Calcutta University due to unwanted politicisation of the academic issues by the supporters of the ruling party who are trying their best to prevent the new Vice-Chancellor from functioning properly and obstructing the new Vice Chancellor at every steps. It is adversely affecting the administrative interest of the University.

# CALLING ATTENTION To Matters of Urgent Public Importance

মিঃ স্পীকারঃ আমি এবারে দেখছি ষে একই মেম্বার একের অধিক কলিং এ্যাটেনসন দিয়েছেন, আমি আজকে এ্যালাউ করছি, কাল থেকে আর এ্যালাউ করব না।

AP(81-1/84)-21

I have received 15 notices of Calling Attentions namely:

- Deteriorating condition of the mine area in Raniganj and Asansol
   —Shri Bejoy Pal
- Oppression of the C.I.S.F. on the people of mine-area in Raniganj and Asansol —Shri Bejoy Pal
- 3. Non-supply of History and Geography text books in the Primary Schools —Shri Dhirendra Nath Sarkar
- 4. Alleged malpractice in construction work of the bridge on the river Tangon —Shri Dhirendra Nath Sarkar
- Alleged attack on a junior doctor of S.S.K.M. Hospital on 28.2.84
   —Shri Shish Mohammad, Dr. Manas Bhunia, Shri Sk. Anwar Ali and Shri Abdul Mannan
- 6. Strike in Hosiery industry Shri Jayanta Kumar Biswas
- Acute problem of Students' admission in Class V and in Class IX
   —Shri Jayanta Kumar Biswas
- Arrest of Gram Pradhan of Nishapur Gram Panchayat on 26.2.84
   —Shri Suniti Chattaraj
- 72 hour's ultimatum served by Junior Doctors in S.S.K.M. Hospital
   —Shri Satya Ranjan Bapuli
- Clash between supporters of two Political Groups at Chandpur village,
   Malda —Shri Mahbubul Haque
- Issue of coupons by Private bus Operators on certain routes in Calcutta
   Shri Somendra Nath Mitra
- 12. Police station without office-in-charge at Jorasanko —Shri Deoki Nandan Poddar
- Unhygenic condition prevailing at the Dakshinee Housing Estate in
   24 Parganas —Shri Satya Ranjan Bapuli

- Reported theft of examined answer papers of the Accountancy Paper in the B. Com. Pass examination of Calcutta University —Shri Suniti Chattaraj
- 15. Brutal Murder of Shri Ujjal Mondal -Shri Gyan Singh Sohan Pal

I have selected the notice of Shri Gyan Singh Sohan Pal on the subject of Brutal Murder of Shri Ujjal Mondal.

The Minister in charge will please make a statement to-day, if possible, or give a date.

Shri Patit Paban Pathak: On the 8th March, 1984.

### MENTION CASES

**্রীঅশোক ঘোষ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই সভার দৃষ্টি আকর্ষণ করচি।

স্থান, আপনি জানেন যে পশ্চিমবাংলার হোসিয়ারী শিল্প আজকে ধ্বংসের মূথে এসে পৌছেছে। এক সময়ে হোসিয়ারী শিল্প নিয়ে পশ্চিমবাংলার মায়ুষ গর্ব অয়্পত্ব করতো। ভারতের হোসিয়ারী বাজারের ৮০।৮৫ ভাগ তথন পশ্চিমবাংলার হোসিয়ারী শিল্পের দথলে ছিল। কিন্তু আজকে এই শিল্প এমন অবস্থায় এসে পৌছেছে যে ঐ বাজারের মাত্র ২০।২৫ শতাংশ তার দথলে নেমে এসেছে। বর্তমানে শুধুমাত্র আসাম ছাড়া পশ্চিমবাংলার হোসিয়ারী শিল্পেজাত সামগ্রীর কেউ কদর দিছে ন।। এই শিল্পে যে সমস্ত শ্রমিক-কর্মচারী রয়েছেন তাঁরা অতি কম মাইনে পান। আমি জানি রাজ্য সরকারী কর্মচারীদের পিয়ন পদের মাইনে আজ ৫।৬ শত টাকা। কিন্তু এই শিল্পের শ্রমিককর্মচারীরা মাত্র ২৫০।৩০০ টাকা মাইনে পান। এই অবস্থায় তাঁরা আন্দোলনের ডাক দিয়েছেন। বর্তমানে জনদরদী মেহনতি মায়্বের সরকার বলে বাঁরা নিজেদের জাহির করছেন—এই সমস্থার প্রতি তাঁদের দৃষ্টি দীর্ঘদিন ধরেই আকর্ষণ করে আসছেন। ১৯৭৭ সাল থেকে আরম্ভ করেছেন। ১৯৭৮ সালে তাঁরা ৭৩ দিন ধর্মঘটও করেছেন। তব্ও এই সরকারের নঙ্গর এদিকে পড়েনি। বাধ্য হয়ে তাঁরা আবার ধর্মঘটের পথে নেমেছেন গত ১৫ দিন ধরে। মাননীয় শ্রমেমন্ত্রী মহাশয় মুস্থ কি অস্থুস্থ জানিনা, সভাতেও দেগছিনা। গত ছয় বছর ধরেই তাঁকে অস্থুস্থ দেথে আসছি। আমি আপনার মাধ্যমে তাঁকে অস্থুরোধ করছি অবিলম্বে হোসিয়ারী শিল্পের দিকে নঙ্গর দিয়ে এই শিল্পে যে শ্রমিক অশান্তি দেখা দিয়েছে তার মিমাংসা করে পশ্চিমবাংলাকে বাঁচান।

**জ্রীমাধবেন্দু মহান্তঃ মাননী**য় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় রুষিমন্ত্রী মহাশয়ের স্তুষ্টি আকর্ষণ করছি।

গত থরায় নদীয়া জেলায় পাট এবং আমন ধান খ্বই ক্ষতিগ্রস্ত হয়েছে। এবার তাঁরা সেই ক্ষতিপ্রণের জন্ম রবিখন্দে বাড়তি গমের চাষ করেছেন, বোরোখন্দের চাষও আনেক বেড়েছে। গত বছরের তুলনায় চাষ ছ-শুন হয়েছে, অথচ সমস্যা হচ্ছে সারের দাম হুছ করে বেড়ে ঘাচেছ। বস্তায় ১৫।২০ টাকা বেশি নিচছে। সারের বাজারে চোরা কারবার চলছে সেইজন্ম নদীয়ার চাষের ফসল রক্ষা করবার জন্ম মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং অন্থরোধ করছি ঘাতে ভাষ্য দরে চাষীরা সার পান তার ব্যবস্থা ক্রবেন।

্রীস্থ্রত মুখার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছুদিন পূর্বে বিধানচন্দ্র কৃষি বিশ্ববিভালয়ে ৪র্থ সমাবর্তন উপলক্ষ্যে বে কলঙ্কিত অধ্যায়ের স্পষ্ট হয়েছে, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বৰ্ণাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি সেদিকে আকর্ষণ করছি এবং সভাগ বিবেচনার জন্তও রাথছি।

ভার, ঐ সমাবর্তন উৎসবে ভধুমাত্র আমাদের মাননীয় রাজ্যপালই গেছেন তা নয়, বিহারের রাজ্যপাল মহোদয়ও ছিলেন।

মিঃ স্পীকার: উপাচার্য হিসাবে রাজ্যপাল সেখানে গিয়েছিলেন।

শ্রীস্থব্রত মুখার্জীঃ আপনি যদি বাইরে যান তাহলেও আপনার পরিচয় হবে স্পীকার। কোন বিচারক যদি কোধায়ও যান, সেথানে তাঁর পরিচয় হবে বিচারক বলেই। কাজেই মাননীয় রাজাপাল যেথানেই যান না কেন. তিনি বাজাপালই।

ঘটনা যা ঘটেছে, তা শুধুমাত্র তুর্ঘটনা নয়—পরিকল্পনা মাফিক সংসদ নির্বাচনে হেরে যাবার পর এম. এফ. আই. গণুগোল স্থক্ষ করে। ঐ দিন তা তীব্র আকার ধারণ করে। উপাচার্য হিসাবে মাননীয় রাজ্যপালই ছিলেন দেখানে তা নয়, বিহারের মাননীয় রাজ্যপালও দেখানে উপস্থিত ছিলেন। তার সামনে পুলিশ এবং এম. এফ. আই. যে কলক্কিত অধ্যায়ের স্পষ্ট করেছে সে সম্পর্কে মুখ্যমন্ত্রীর বিবৃতিই যথেষ্ট নয়। সেজন্য বিচার বিভাগীয় তদন্তের দরকার আছে।

# [2-10-2-20 P.M.]

দোষী যে সমস্ত পুলিশ আছে এবং দোষী যে সমস্ত এস. এফ. আই কর্মী আছে তাদের শান্তি দেওয়ার দরকার আছে। স্থার তার চেয়ে যেটা দরকার সেটা হলো প্রতিদিন কলেজে বিভিন্ন সেকসানে যে পরীক্ষা হয় সেই পরীক্ষা তারা বন্ধ করে দেয়। থার্ড ইয়ারের ভেটানারী পরীক্ষা এইতাবে বন্ধ করে দিয়েছে। কলেজ হোস্টেল ছেডে দেবার আগে কোন নোটিশ না দিয়ে জল বা অস্থান্ত সামগ্রী বন্ধ করে দেওয়া হয়েছে। সেখানে ছাত্র-ছাত্রীরা একটা অস্বস্থির মধ্যে রয়েছে।

নীরিং ছাত্র-ছাত্রীদের গ্রেপ্তার করে তাদের মারধোর করা হচ্ছে। তাদের সিভিক এ্যমিনিটিস হরন করা হচ্ছে। এই ব্যাপারে ধারা জড়িত—এন. এফ. আই-এর ছাত্র, পুলিশ এবং এম. এল. এ যাঁরা আছেন—তাদের গ্রেপ্তার করা হোক। আমি আরো দাবি করছি অবিলম্বে বিশ্ববিদ্যালয় খোলা হোক এবং সেখানে যাতে স্ফুছভাবে পরীক্ষা হতে পারে সেই পরিবেশ স্বাষ্ট করা হোক। এই সব জিনিষ পরিকল্পনা মাফিক করা হচ্ছে। দেখানে শুধু আমাদের রাজ্যের রাজ্যপালই যায় নি, ভিল্ল রাজ্যের রাজ্যপালও গিয়েছিলেন। এই ঘটনার পরে তারা বাংলাদেশের মৃথ পুড়িয়ে দিয়েছে। এই অপরাধীদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্ম অন্থরোধ জানাচ্ছি।

শ্রীস্থভাষ বস্তঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করিছি। করিমপুর থানায় ছ-জন জন মজুর বাধু শেথ এবং কৈম্দিন শেথ পুকুর কেটে কিছু গম নিয়ে তারা ফিরছিল। এই সময় রাস্তায় কিছু লোক তাদের আক্রমণ করে এবং তারপর তাদের হত্যা করে। এই সমাজবিরোধীরা হলো ওনাদের দলের লোক অর্থাৎ কংগ্রেস (আই) দলের লোক। সাথে সাথে আমি এই কথাও বলছি ইউনিভারসিটির ছটি সিটই এস. এফ. আই জিতেছে।

শ্রীস্করত মুখার্জী: আমি এই ব্যাপারে চ্যালেঞ্চ করতে পারি। ছাত্র পরিষদ দেখানে জিতেছে এটা আমি উইথ পেপার দেখাতে পারি। আমার কাছে ষ্টুডেন্ট ইউনিয়ানের পেপার আছে।

প্রীধীরেব্রুক্তনাথ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরাষ্ট্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আত্মকে পুলিশের কার্যকলাপ অত্যক্ত সন্দেহ জনক এবং কলক্ষজনক অবস্থায় পৌচেছে। গ্রামবাংলায় যেভাবে ব্যাপক হারে ডাকাতি হচ্ছে তাতে গ্রামবাংলার মান্ত্র্য ভয়ে সন্ত্রন্ত হয়ে আছে। তাছাড়া তারা গ্রামে সন্দেহ জনকভাবে ঘোরাফেরা করছে। ডাকাতি হয়ে যাবার ঠিক ১৫-২০ মিনিট বাদে পুলিশ আদে মান্ত্র্যকে সাহায্য করার জন্ত্র, অথচ প্রয়োজনের সময় আসে না। এই থেকে মান্ত্র্য একটা ধারণা করে নিয়েছে যে নিশ্চয়ই সমাজবিরোধীদের সংগে পুলিশের একটা যোগসাজগ আছে কালিয়াগঞ্জ থানার বোচাডাঙ্গা গ্রামে যথন ডাকাতি হয় সেই সময় ডাকাত ধরার জন্ত্য পুলিশ জিপ নিয়ে যায়। পুলিশ এই ডাকাতি করতে স্থযোগ দিয়ে ১০-১৫ মিনিট বাদে সেখানে হাজির হয়। তৃঃথের বিষয় একজন কর্তব্যরত চৌকিদার যথন পুলিশকে সাহায্য করতে আসছিল তথন পুলিশ তাকে গুলি করে। চৌকিদার ঐ অঞ্চলের ইন্তর্পুর গ্রামে বাস করে এবং তার নাম হলো সকালু বর্মন। যে সময় পুলিশ গুলি করে সেই সময় সে অপ্রকৃতিন্ত অবস্থায় ছিল। আমাদের সরকারে নিয়ম আছে যে কর্তব্যরত অবস্থায় যদি কেউ মারা যায় তাহলে তার পরিবারের একজন চাকুরী পাবে। কিন্তু আজ পর্যস্ত সেই চৌকিদারের পরিবারের কোন লোক চাকুরী পায়ন। আমার দাবি হলো অবিলম্বে ঐ পরিবারের কোন বাজিকে চাকুরী দেওয়া হয়।

শ্রীননীগোপাল মালাকারঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়. নদীয়া জেলায় চাকদা থানার অন্তর্গত ঘেটোগাছী গ্রাম পঞ্চায়েতে একটা মর্মান্তিক ঘটনার প্রতি আমি আপনার মাধ্যমে মাননীয় মৃথ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ঘটনাটি গত ১৭ই ফেব্রুয়ারী ঘটেছে। উক্ত গ্রাম পঞ্চায়েতের সদস্ত কমরেড গোপাল ঘোষকে তাঁর বাড়ী থেকে কংগ্রেসী গুণ্ডারা তুলে নিয়ে যায়। যারা তাঁকে তুলে নিয়ে যায় তারা সকলে হাজারী ঘোষের নেতৃত্বে কংগ্রেসী গুণ্ডা বাহিনী। তারা সকলে মিলে শ্রীঘোষকে হত্যা করে। কমরেড গোপাল ঘোষের অপরাধ ছিল তিনি ঐ অঞ্চলে কংগ্রেসীরা একটা চোলাই মদের যে ব্যবসা চালাচ্ছিল তার বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছিলেন। কমরেড ঘোষ ঐ চোলাই মদের ব্যবসা বন্ধ করার জন্ম যেহত্ চেষ্টা করছিলেন, সেই জন্ম তাঁকে ঐ গুণ্ডাবাহিনীর লোকেরা হত্যা করে। তাই আমি মাননীয় মৃথ্যমন্ত্রীর কাছে দাবী করছি, ঐ অপরাধীদের বিরুদ্ধে তিনি যেন ঘথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেন সেই সঙ্গে মৃত কমরেড ঘোষের বৃদ্ধ বাবা-মা যাতে উপযুক্ত ভরণ পোষণের জন্ম সরকারী সাহায্য পেতে পারেন, তারজন্ম আশু নির্দ্দেশ দেন। মৃত ঘোষের পরিবারে তাঁর বৃদ্ধ বাবা-মাকে দেখাগুনা করার অন্য কোন লোক নাই। সেজন্ম মাননীয় মৃথ্যমন্ত্রীর কাছে আমি এই আবেদন রাথছি।

শ্রীমহববুল হকঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মালদহ জেলার কাচোল অঞ্চলের একটি গুরুত্বপূর্ব বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থামন্ত্রী এবং পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করিছি। ঘটনাটির কথা গুনলে আপনাদের মাথা লজ্জায় হেঁট হয়ে যাবে। গত ৩০শে ডিসেম্বর খড়বা থানায় ১০টি বেড্যুক্ত হাসপাতালের সংলগ্ন ডাক্তারবাবুদের কোয়াটারে রাত্রিবেলা একটি ডাকাতি হয়। এর ফলে ডাক্তারবাবুর বাসা থেকে সমস্ত মালামাল লুট হয়ে যায়। গুপু তাই নয়, উক্ত বাসাতে ডাক্তারবাবুর প্রী ও ছেলেমেয়ে যারা ছিল, তাদের উপরে ডাকাতদল মারধোরও করে ও সর্বস্থ কেড়ে নিয়ে চলে যায়। এরই প্রতিবাদে হাসপাতালের অন্থান্থ স্টাফ নার্দ নিরাপত্তার ব্যবস্থা না করলে তাঁরা কোন কাজ করবেন না বলে ওথান থেকে চলে গেছেন। এলাকার ১০টি বেড্যুক্ত হাসণাতালটি এর ফলে জাম্বয়ারী ও ফেব্রুয়ারী মাস অতিক্রান্ত হয়ে গেল অচল অবস্থায় পড়ে আছে। সেথানকার মাহ্মরা কমবেশী চিকিৎসার যে স্থযোগ পাচ্ছিলেন, তা থেকেও বঞ্চিত হচ্ছেন। বামফ্রণ্টের কোন মন্ত্রী-মহাশয়ের অন্থথ হলে নাসিং হোমে বা অন্থ কোথাও চিকিৎসার স্থযোগ পান। উক্ত গ্রামের গ্রামবাসী তাদের চিকিৎসার সামান্ত স্থযোগ যা পাচ্ছিলেন তা থেকে তাঁরা সম্পূর্ণ বঞ্চিত একথা শুনলে সকলেরই মাথা হেঁট হয়ে যায়। গরীব থেটে খাওয়া মান্ত্রেরা আদ্ধ সেথানে চিকিৎসার স্বযোগ থেকে বঞ্চিত। সেজন্ত আমি দাবী জানাচ্ছি, অবিলম্বে সেথানে নিরাপত্তার ব্যবস্থা করে ডাক্তার ও নার্স নিয়োগ করা হোক।

গ্রামবাসীরা আমার কাছে একটা মাস্ পিটিশন দিয়েছেন, এটি আমি স্পীকার মহাশয়, আপনার কাছে জমা দিচ্ছি। এরমধ্যে গ্রামবাসীগণ দাবী জানিয়েছেন, অবিলম্বে ওথানে ডাক্তার ও নার্গদের যথোপযুক্ত নিরাপত্তার ব্যবস্থা করে নিযুক্ত করা হোক এবং তাঁদের চিকিৎসার স্বযোগ দেওয়া হোক। আমিও সেই অন্নরোধ মাননীয় স্বাস্থ্য ও মৃথ্যমন্ত্রী মহাশয়ের কাছে আপনার মাধ্যমে মাদ্ পিটিশনটি দেবার দক্ষে জানাই। সেই দক্ষে দাবী জানাই সেথানে যেন একটি স্বায়ী পুলিশ ফাঁড়ি বদাবার ব্যবস্থা করা হয়।

শ্রীপীশ মহম্মদ । মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পশ্চিমবঙ্গে জনপ্রিয় বামফ্রণ্ট সরকার আসার পর পশ্চিমবঙ্গের বেকার যুবক সম্প্রদায়' এর মুখে বেকার ভাতা চালু করে হাসি ফুটিয়েছেন। উারা মাসান্তে ৫০ টাক। করে ভাতা পাচ্ছেন বা ভবিশ্বতেও পাবেন। কিন্তু ইদানিংকালে দেখা যাচ্ছে, এমপ্রয়েশ্ট এক্সচেপ্তে এই বেকারের সংখ্যা দিনের পর দিন বেড়ে চলেছে। এতৃ সংখ্যক বেকার যুবকদের ভাতা বাবদ টাকা ব্যাংক দিতে রাজী হচ্ছে না। সমস্ত ব্যাংক যাতে বেকার ভাতা বাবদ টাকা ব্যাংক দিতে রাজী হচ্ছে না। সমস্ত ব্যাংক যাতে বেকার ভাতা বাবদ টাকা দেয়, সে ব্যাপারে স্থনির্দিষ্ট নির্দেশ ব্যাংক কর্তৃপক্ষের কাছে দেওয়ার জন্তু মাননীয় ম্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৫ই ফেব্রুয়ারী আমি একটি মিটিয়ের গিয়েছিলাম, সেথানে এমপ্রয়েমন্ট এক্সচেপ্ত অফিসারগণ আমাকে জানিয়েছেন, আমরা নথিভ্কু বেকারদের নাম যথা সময়ে ব্যাংক পাঠিয়ে দিছিছ। সংখ্যাটা প্রায় ৬০০০ হাজারের মত। এরমধ্যে মাত্র ১৭৬ জনকে ব্যাংক টাকা দিতে সম্মত হয়েছে। স্থতরাং এ বিষয়ে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, সরকারের পক্ষ থেকে তিনি যেন একটি স্থনির্দিষ্ট সার্কুলার ব্যাংকগুলিকে পাঠাবার ব্যবস্থা করেন। অথবা ঐ ধরণের কোন নীতি নির্দ্ধারণের ব্যবস্থা করেন, যার ফলে ব্যাংকর কাছে পঠোনো বেকারদের ভাতা বাবদ টাকা তারা দিতে রাজী হন।

# [2-20-2-30 P.M.]

শ্রীসভ্যরঞ্জন বাপুলীঃ স্থার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ কথা হাউদের কাছে রাখতে চাই। আপনি লক্ষ্য করেছেন পাঞ্জাবে সংবিধান পোড়ান হয়েছে, ছিড়ে ফেলা হয়েছে। হাজকে সংবাদপত্রে দেখলাম মৃখ্যমন্ত্রীর একটা ষ্টেটমেন্টে বলেছেন, আপোজিশান রেডি টু কোয়াপারেট উইথ পি. এম.। হাউস চলাকালীন মৃখ্যমন্ত্রী বহুবার বলেছেন বিচ্ছিরতাবাদীর বিরুদ্ধে তিনি আছেন এবং এ বিষয়ে তিনি প্রধানমন্ত্রীকে সহযোগিতা করেন। তা যদি হয় তাহলে আপনি মৃখ্যমন্ত্রীকে বলুন পাঞ্জাবে সংবিধান পোড়ান, হত্যা, লুঠ ইত্যাদি ঘটনাগুলিকে কনডেম করে একটি অফিসিয়াল রেজোলিউসান এখানে নিয়ে আহ্বন। অর্থাৎ এখান থেকে একটা প্রতিবাদ যাক এবং সেটা সারা ভারতে একটা এক্সজাম্পল হবে। সংবিধান পোড়ান শুধু অন্যায় নয়, অপরাধ নয় ভারতবাসী হিসেবে অবিবেচনার কাজ হয়েছে। সেজন্য আপনি মৃখ্যমন্ত্রীকে বলুন এ বিষয়ে যেন তিনি একটা অফিসিয়াল রেজোলিউসান আনেন এবং আপনার মাধ্যমে সেটা যেন দিল্লী পাঠান হয়। আমরা তাহলে সারা ভারতবর্ধে বলতে পারব যে বাঙালী হিসেবে আমরা এসব প্রচল্দ করিনা এবং তিনি যেটা বলেছেন সেটা সভাই বলেছেন, কাজে সেটা প্রমাণ কর্কন।

শ্রীস্থান্তিক কুমার রায় ঃ স্থার, বীরভূম জেলায় বক্রেশন নদের উপর যে ১০০ মেগাওয়াট তাপ বিছাৎ হবার কথা সেটা অফিসারদের গড়িমসীর জন্ম সপ্তম প্ল্যানে না হয়ে অষ্টম প্ল্যানে চলে যাবে। সেজন্ম আপনার ম্যুধ্যমে মুখ্যমন্ত্রীকে অন্তরোধ করবো এটা যেন সপ্তম প্ল্যানে হয় সেটা তিনি দেখবেন।

শ্রীদেবপ্রসাদ সরকার ঃ স্থার, পশ্চিনবাংলার আইন শৃষ্থলার চূড়াস্ক অবনতি হয়েছে। এর সংগে সঙ্গতি রেথে স্থলরবন অঞ্চলে সমাজবিরোধীদের দৌরাল্ম মারাত্মক রূপ নিয়েছে। নারী ধর্ষণ, থুন, রাহাজানি, ডাকাতি দিনের পর দিন সেথানে বেড়ে চলেছে। যেসব অপরাধ মূলক কার্যকলাপ এতদিন শিল্লাঞ্চলে সীমাবদ্ধ ছিল আজ সেগুলি স্থলরবন অঞ্চলে ব্যাপকভাবে হচ্ছে। শুধু ট্রেনে নয় বাসেও সংগঠিতভাবে লুঠতরাজ হচ্ছে এবং সাধারণ যাত্রীদের নিরাপতা ভীষণভাবে বিশ্বিত হচ্ছে। পুলিশ প্রশাসনের এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা সন্তেও তারা নির্বাক। তাই আপনার মাধামে এ বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীক্তয়ন্ত কুমার বিশ্বাসঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্থার, আপনি জানেন যে ক্লাস ফোর পর্যন্ত পাশ ফেল উঠে থাওয়ার ফলে সমস্ত প্রাথমিক ছাত্র পাশ করে যাচ্ছে এবং তার ফলে রাজ্যে সর্বত্র পঞ্চম শ্রেণীতে ভর্তি হওয়ার সমস্তা তীব্র হয়ে উঠেছে কি গ্রামে কি শহরে। সর্বত্র অভিভাবকরা হণ্যে হয়ে ছেলেমেয়েদের ভর্তির জন্ম ঘুরে বেড়াচ্ছেন। সরকার থেকে নির্দেশ গেছে যে প্রাথমিক শিক্ষার সংগ্রে পঞ্চম শ্রেণী থোলা হবে, কিন্তু কার্যতঃ তা হয়নি এইজন্ম যে সেথানে শিক্ষক নেই, শিক্ষক সমস্তা সেথানে থেকে গেছে। অন্য দিকে ক্লাস ৮ থেকে ক্লাস ৯ এ যারা উঠবে সেথানেও ভর্তি হওয়ার সমস্তা প্রবল হয়ে উঠেছে। জুনিয়ার হাই স্কুলগুলি ক্লাস ৮ পর্যন্ত ছিল, সেগুলি হাইস্কুলে উন্নীত হতে পারেনি, ব্যাপক মাধ্যমিক বিল্লার না থাকায় নবম শ্রেণীতে ছাত্র ভর্তি হওয়ার সমস্তা দেখা দিয়েছে। এই ছাত্র ভর্তির সমস্তাটাকে যদি গুরুত্ব দিয়ে না দেখা যায় তাহলে বারা শিক্ষার সংগ্রে যুক্ত ম্যানেজিং কমিটির সদস্ত তাঁরা প্রচণ্ড সমস্তার সম্মুখীন হচ্ছেন। সেজন্ত বিষয়টিকে অত্যন্ত গুরুত্ব দিয়ে দেখতে হবে, তা না হলে বামক্রণ্ট সরকারের শিক্ষা সম্প্রারণের যে ঘোষিত নীতি সেই নীতি বাস্তবে কার্যকরী হবে না। পরিশেষে আমি আপনার মাধ্যমে শিক্ষা মন্ত্রী মহাশয়ের কাছে অন্তরেধ করব এই সম্পার্কে তিনি যেন হাউন্তে একটা বিবৃতি দেন এই প্রত্যাশা রেথে আমি আমার বক্তব্য শেষ করতি।

শ্রীআবস্থল মান্নানঃ মিঃ স্পীকার, স্থার, গত ১৮ই ফেব্রুয়ারী আমার নির্বাচনী কেব্রু আরামবাগের থানাকুল থানার চকভেদিয়া গ্রামে আদিবাসী মহিলাদের উপর সেই গ্রামের কিছু সমাজ বিরোধী লোক রাত্রিবেলায় আক্রমণ করে এবং মহিলাদের রেপ করে। ১৯ তারিথে সকাল বেলায় এই ব্যাপারে পুলিশের দৃষ্টি আকর্ষণ করার পরও পুলিশ তাদের গ্রেপ্তার করতে যায়নি। পরে পুলিশের উচ্চ মহলে যোগাযোগ করার পর যদিও একটা গাড়ী যায় সেটা ভাল করে আওয়াজ

দিয়ে অপরাধীদের সাবধান করে দিয়ে যায়। তথন সেই সমস্ত অপরাধীরা একটু দূরে সরে গিয়ে দাড়িয়ে পাকে। তথন সেই আদিবাসী মহিলারা পুলিশকে দেখিয়ে দেয় যে এই সমস্ত অপরাধীরা কিছুক্ষণ আগে তাদের উপর অত্যাচার করেছে। তারপরেও দেখা যায় পুলিশ তাদের গ্রেপ্তার করেছি। তথু তাই নয় সেই অপরাধীরা আজো রাস্তায় ঘূরে বেড়াচ্ছে, এমনকি সেই সমস্ত আদিবাসী মহিলাদের হুমকী দিছে যে যদি তোমরা ফারদার থানায় যাও তাহলে আবার তোমাদের আক্রমণ করা হবে। স্থার, সেই আদিবাসী মহিলাদের পুক্ষরা মেদিনীপুরে কাজ করতে গেছে। সেই সমস্ত পুক্ষরদের কাছে তারা থবর দিয়েছে। মেদিনীপুর থেকে সেই সমস্ত পুক্ষরা আসার পর হয়ত এই গ্রামে একটা অণান্তি হতে পারে। সেই সমস্ত অপরাধীরা মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির লোক, সেজভ আজকে তাদের বিক্লমে পুলিশ কোন টেপ নিছে না। আমি আপনার মাধ্যমে দংশ্লিষ্ট মন্ত্রী মহাশ্রকে অন্থরোধ করিছ অপরাধীদের যাতে শান্তি হয় তার ব্যবস্থা তিনি যেন করেন এবং সেই গ্রামে যাতে শান্তি ফিরে আসে তার ব্যবস্থা তিনি যেন করেন।

শ্রীস্থমন্ত কুমার হীরাঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি শুরুত্বপূর্ণ বিষয়ে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি শুরুত্বপূর্ণ এই কারণে যে সামাজিক জীবন্ধানা অচল হয়ে পড়েছে। স্থার, আপনি হয়ত থবর পাননি যে আমার এন্টালি অঞ্চলে কংগ্রেস (আই) সন্ত্রি বিরোধীদের সংগঠিত করেছে। এটা তাদের দীর্ঘ দিনের প্র্যাক্টিস। তারা বর্তমানে জনগণকে সংগঠিত করার পরিবর্তে সমাজ বিরোধীদের সংগঠিত করছে। স্বচেয়ে যেটা লজ্জা জনক এবং ভয়ংকর জনক সেটা হচ্ছে কংগ্রেস (আই) যে সমস্ত সিঁধেল চোর আছে তাদের থানায় গিয়ে ছাড়িয়ে আনবার চেষ্টা করছে। কংগ্রেস (আই) এর যে সমস্ত কলকাতার এম. এল. এ তারা যথন থানার অফিসাররা বলছেন যে সিঁধেল চোরদের ছাড়া হবে না তথন কোটে গিয়ে জামিনে সেই সিঁধেল চোরদের ছাড়িয়ে আনছে।

# [ 2-30-2-40 P. M ]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অন্থমতি নিয়ে তাদের নামগুলি বলছি। আমাদের এণ্টালি—সি আই টি এলাকায় বোচা নামে একজন সিঁদেল চোর টেরর হয়ে দাঁড়িয়েছে। অথচ তাকে ছাড়িয়ে আনতে গেঁল বিশু দাস যে আগে সোমেনবাবুর গ্রুপে ছিল, এথন স্থত্রতবাবুর গ্রুপে এসেছে। স্থার, কংগ্রেস (আই) যদি এই সমস্ত সিঁদেল চোরদের আশ্রম দেয়, রাজনৈতিক আশ্রম দেয় তাহলে আমরা কোথায় যাব একথা স্থানীয় জনসাধারণ আমাকে বলেছেন। আজকে যাঁরা এথানে আইন শৃদ্ধলার প্রশ্ন তুলেছেন তাঁদের এই সমস্ত কথার জবাব দিতে হবে। আমার কনষ্টিটিউএনসীতে ১৯৮০ সাল থেকে ১৯৮৪ সাল পর্যন্ত সোমেনবাবু এবং স্থত্রতবাবুর ছই গোষ্ঠা ১৭ জনকে হত্যা করেছে। আমি আপনার কাছে সেই সমস্ত মার্ডারারদের নাম, ঠিকানা উপস্থিত

AP(81-1/84)-22

করতে পারি। তৃংথের সংগে বলছি, এই সমস্ত হত্যাকাণ্ড বন্ধ করবার জন্ম কংগ্রেস ( আই )-র কোন রান্ধনৈতিক তৎপরতা নেই।

শাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশরের দৃষ্টি আকর্ষণ করতে চাই। চাঁদপাল ঘাট সারা পশ্চিমবাংলার রিভার ট্রাব্দপোর্টের একটি কেন্দ্র বিদ্য় হাওড়া এবং বিভিন্ন অঞ্চল থেকে প্রচুর লোক এখানে আসে এবং সেদিক থেকে এটা একটা বড় ল্যাপ্তিং গ্রাউপ্ত। ছংখ এবং উদ্বিশ্লের সংগে জানাচ্ছি, এতবড় একটা ল্যাপ্তিং গ্রাউপ্ত। আজকে লোকসংখ্যা প্রচুর বেড়েছে কিন্তু একটিমাত্র গাাংওয়ে থাকার ফলে সকাল বিকেল এ্যাক্সিডেট হচ্ছে। ওখানে পোর্ট কমিশনের অনেক গ্যাংওয়ে আছে, কাজেই পোর্ট কমিশনের সংগে কথা বলে ওখানে যদি আর একটা গাাংওয়ে করে দেন তাহলে মাত্ব্য আজিডেন্টের হাত থেকে বাঁচতে পারবে।

শ্রীঅনন্ত সরেনঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ঝাড়গ্রাম মহকুমার অমৃলা সম্পদ ঝাড়গ্রামের ধন জঙ্গল। কিন্তু দেই বনজঙ্গলকে আজ নির্মন্তাবে ধ্বংদ করা হচ্ছে। শাল, মহল, কুস্থম, কেঁছু প্রভৃতি মূল্যবান গাছগুলিকে এক শ্রেণীর অসাধু জংগল ব্যবসায়ী এবং কিছু অসংভাবে উপায় করা বন বিভাগের অফিমার ব্যাপকভাবে লুট তরাজ করছে। ফলে মহকুমার আদিবাসী ও অক্যাক্য গরীব মান্ত্রের সমস্তার স্কৃষ্টি হতে চলেছে। এই শালের ফল থাওয়া ঘায় এবং এর মাধ্যমে তেল হয় এবং শালপাতা বিক্রি করে অনেক মান্ত্র্য তাদের জীবনযাত্রা নির্বাহ করে। মহল, কুস্থম গাছের ফুল এবং ফল অনেক্টুকাজে লাগে। স্ক্তরাং এই ব্যাপারে সতর্ক নজর দেবার জন্ম এবং অরণ্যকে ধ্বংসের হাত থেকে রক্ষা করার জন্ম আমি সরকার এবং মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

বিশেষ করে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সরকারী দলের সদস্য জয়স্ত বিশাস যে কথা বলেছেন মামি তাঁর সংগে একমত। আজকে দেখা যাচ্ছে ৫ম শ্রেণী এবং নবম/দশম শ্রেণীতে ছাত্রছাত্রীদের ভর্তির সমস্যা পশ্চিমবালার প্রতিটি জেলায় অত্যন্ত প্রকট হয়ে দেখা দিয়েছে। আমি বাঁকুড়া জেলা, বাঁকুড়া শহর এবং পৃঞ্চলিয়া শহরের কথা জানি এখনও পর্যন্ত প্রায় ২ হাজার ছেলেমেয়ে ৫ম শ্রেণীতে ভর্তি হতে পারেনি। ছর্ভাগ্যের বিষয় সে সব জ্নিয়ার হাইস্কুলের অহমোদন অর্থাও তাদের বয়স ১১০ বছর হয়ে গেছে যেমন সেনরা জ্নিয়ার হাইস্কুল যেটা বাঁকুড়ায় আছে, তাদের ছাত্রছাত্রীরা কোখায় ভর্তি হবে। এই রকম বহু জ্নিয়ার হাইস্কুল আছে। শহরের সংগে যুক্ত বা তার পার্থবর্তী এলাকায় গিয়ে ধরণা দিয়ে ভর্তি হতে পারছে না। অভিভাবকরা ঘূরে বেড়াচেছ। প্রকৃত যে অবস্থা সেটা সরকারের অহ্থাবন করা উচিত। বিগত দিনের মত ঢোল সহরত করে

প্রকৃত তথ্য ভিত্তিক একটা ব্যবস্থা রাজ্য সরকারের শিক্ষা দপ্তরে করা উচিত। প্রকৃত প্রাইমারী বিছালয় শহর এবং শহরের বাইরে গ্রামাঞ্চলে কত আছে এবং সেখানকার ছাত্রছাত্রীর সংখ্যা কত এবং পঞ্চম শ্রেণীতে ভর্তি হবার মত ছাত্রছাত্রীর সংখ্যা কত ও সেই অমুষায়ী পঞ্চম শ্রেণীতে ভর্তি হবার স্থােগ আছে কিনা সেটা দেখা হোক এবং একটা ব্যবস্থা করা হোক। আপনি স্থার নিজে ইনিসিয়েটিভ নিয়ে এর প্রতিকার করার করুন। ষেথানে শিক্ষাকে প্রগতির পথে নিয়ে যাবার চেষ্টা হচ্ছে, শিক্ষাকে প্রসার করার ব্যবস্থা করার কথা বলা হচ্ছে সেথানে এই অবস্থা? এই শিক্ষাকে সংকোচন করার হাত থেকে আগনি বাঁচান।

শ্রীদেবনারায়ণ চক্রবর্তী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলায় নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য ক্রমাগত উর্ধমুখী হচ্ছে। মালুবের ক্রয় ক্ষমতা দিয়ে সেই সব জিনিসপত্র কেন যাচ্ছে না। প্রতি সপ্তাহে জিনিসের দাম বাড়ছে, এমন কি প্রতিদিনই। এর একটা মোকাবিলা দরকার। সারা ভারতবর্ষের মান্ত্র্য যাতে একটা নির্ধারিত দরে নিত্য প্রয়োজনীয় জিনিস কিনতে পারে তারজন্ম এই বিধানসভায় একটা বেসরকারী প্রস্তাব আনা হোক এবং তা আলোচনা করে পাশ করে সেটা ভারত সরকারের কাছে পাঠানো হোক যাতে সারা ভারতের জনগণ এবং পশ্চিমবাংলার সাধারণ মান্ত্র্য নিত্য প্রয়োজনীয় দ্রব্যগুলি নির্ধারিত দরে পেতে তার ব্যবস্থা করা হোক।

শ্রীবৃদ্ধিম বিহারী মাইডিঃ নাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিশয়ের প্রতি মাননীয় পূর্ত মন্ত্রীর মহাশয়ের, দৃষ্টি আকর্ষণ করতে চাই। মেচেদা-দীঘা, নরঘাট-দীঘা অত্যন্ত থারাপ হয়ে গেছে। সেথানে বাস চলা তো দ্রের কথা, মাহুষের চলার পক্ষে অযোগ্য হয়ে পড়েছে। তাই পূর্ত মন্ত্রী মহাশয়কে অন্থরোধ যে যাতে এই বছর এই রাস্তাগুলি মেরামত হয় সংস্কার হয় সেইজন্য তিনি যেন টাকা রাথেন।

প্রীক্তুপেব্দ্রনাথ লেঠঃ মি: স্পীকার স্থার, আপনার মাধ্যমে পঞ্চায়েত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্থন করছি। উত্তর ২৪ পরগণা জেলায় যে সমস্ত পঞ্চায়েত সমিতি আছে এবং ষেগুলি সি. পি. এম. দথল করেছে তা বাদে সমস্ত পঞ্চায়েত সমিতিতে কিছুদিন আগে একটা সভা হয়েছে এবং সেই সভায় নির্ধারিত হয়েছে। এবং মনে হয় নির্দেশও দেওয়া হয়েছে যে, যে সমস্ত এলাকায় কংগ্রেস প্রধান নাই সেই সমস্ত এলাকাকে সেন্ট্রাল এ্যাসিসটেন্স বা ইমপুট লোনস থেকে বঞ্চিত করার জন্ম নির্দেশ দেওয়া হয়েছে।

# [2-40-2-50 P.M.]

বনগাঁ। পঞ্চায়েত সমিতিতে ১৬টি অঞ্চল আছে, এই ১৬টি অঞ্চলে যে সমস্ত জায়গায় কংগ্রেস সদস্য নির্বাচিত হয়েছেন অথচ পঞ্চায়েত কংগ্রেস পায়নি, সেই সমস্ত এলাকার কংগ্রেস সমর্থক যারা আছেন, টারা সেন্ট্রাল গভর্ণমেন্টের যে সমস্ত লোন অথবা এ্যাসিস্ট্যান্স আছে, যেমন ডি. আর. ডি. পি., স্পেশাল কম্পোনেন্ট ইনপুট লোন, রিহ্যাবিলিটেশন স্কীমে লোন, এই সমস্ত যা কিছু দেওয়া হয়েছে। সেইজল্য আমি আপনার নাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, তিনি যাতে এই গুরুতর বিষয়ে দৃষ্টিক্ষেপ করেন এবং যথায়থ ভাবে, ঠিক ঠিক ভাবে প্রকৃত চাষীদের মধ্যে বিতরণের ব্যবস্থা করার জন্য নির্দেশ পাঠান।

শ্রীসরল দেবঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি অত্যস্ত গুরুতর বিষয়ের প্রতি সভার দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা নিশ্চয়ই সংবাদশত্রে দেখেছেন এবং আপনাদের অভিজ্ঞতাও আছে, কলকাতা বিমান বন্দর, এই বিমান বন্দরটি কেন্দ্রেব চক্রাস্তের ফলে আজকে চতুর্থ শ্রেণীর বিমান বন্দরে রপাস্তরিত হয়েছে। যেথানে দিল্লী এবং বোদ্বাই বিমান বন্দরে ইন্টারভ্যাশনাল ফ্লাইট দিনের পর দিন বাড়িয়ে দেওয়া হচ্ছে, সেথানে ১৯৬৫ সালে কলকাতা বিমান বন্দরে যেথানে ১৩টি ইন্টার ভ্যাশনাল ফ্লাইট চালু ছিল, দমদম বিমান বন্দর থেকে ছাড়তো, সেটা কমিয়ে দিয়ে সাতটি করা হয়েছে। আর বর্তমানে বোদ্বাই বিমান বন্দর থেকে ৯০টি এবং দিল্লী বিমান বন্দর থেকে ৮৭টি ছাড়া হচ্ছে। পশ্চিমবাংলার প্রতি কেন্দ্রের চক্রাস্তের ফলে এই জিনিস হচ্ছে। একের পর এক সমস্ত জিনিস নই করা হচ্ছে, প্রথমে জলপথ, তারপর স্থল পথ এবং তারপর বিমান পথ এই তিন দিক, কেন্দ্রের চক্রাস্তের ফলে নষ্ট হচ্ছে। তাই আপনার মারফত মাননীয় মৃথ্যমন্ত্রীর কাছে আবেদন জানাটিছ, অবিলম্বে দমদম বিমান বন্দরকে ব'চাবার জন্ম তিনি যথায়থ ব্যবন্থা নিন।

প্রিবিষের প্রতি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী তথা মৃথ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার নিজস্ব এলাকা কাঁদি মহকুমার হিজল গ্রাম পঞ্চায়েতের প্রধান শেথ আলহামদোর বাড়ির থড় গত ১৫/২/৮৪ তারিথে দি. পি. এম এর ছৃত্বকারীরা পুড়িয়ে দেয়। তারপর তাকে মারায়্মক ভাবে মারধার করা হয়, খুন এবং জথম করার প্রয়াদে। তার আগের দিন, তার মানে ১৪/২/৮৪ তারিথে আমাদের দলেরই আর একজন তার নাম খোদা বয়, তার বাড়িতে আগুন লাগিয়ে দেওয়া হয়—তার গোয়াল ঘরে আগুন লাগিয়ে দেওয়া হয়। ঐ এলাকায় নামকাওয়ান্তে একটা পুলিশ ক্যাম্প বসানো হয়েছে বটে কিস্কু পুলিশ ঐ সমস্ত ছৃত্বকারীদের বিরুদ্ধে কোন বাবস্থা নিচ্ছে না। এবং সেই সমস্ত সি. পি. এম. এর ছৃত্বকারীরা বুক ফুলিয়ে ঘুরে বেড়াছে এবং হমকি দিছে। ফলে যে কোন মৃহর্তে দেখানে একটা অঘটন ঘটতে পাবে। সেইজন্ম আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং তার। যে একটা দরখান্ত পাঠিয়েছেন, দেটা আপনার কাছে দিছিছ।

**ত্রীচিত্তরঞ্জন বিশ্বাসঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যস্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পূর্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার রুক্ষনগর—শিকারপুর সড়কটি, একটি গুরুত্বপূর্ণ সড়ক, প্রায় ৬০/৬৫ মাইল লম্বা এবং এই সড়কের মাধ্যমে পাট শিল্প এবং অক্সান্ত শিল্পের কাঁচা মাল চলাচল করে, পরিবহনের দিক থেকে, প্রতিরক্ষার দিক থেকে এই সড়কটি গুরুত্বপূর্ণ। কিন্তু ত্বংথের বিষয় বিগত ৮/১০ বছর ধরে লক্ষ্য করা যাচ্ছে এই সড়কটি সরু অবস্থায় আছে।

একটা গাড়ী মাত্র চলতে পারে, সাইড দেবার কোন ব্যবস্থা নেই। ৮/১০ বছরের মধ্যে মাত্র অর্ধেকটা চাত্তড়া হয়েছে। বাকি অর্ধেকটা অতি ক্রত চওড়া করার দরকার আছে বলে আমরা মনে করি। কেন না এটা অত্যস্ত গুরুত্বপূর্ণ সীমাস্ত সড়ক। এই সড়কটির গুরুত্ব দিনের পর দিন বাড়ছে। তাই এই বিষয়ে আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীহাবিব মুস্তাকাঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুক্তবপূর্ণ বিষয়ে কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। ১৯৭২ সালে প্রায় ৫০ লক্ষ টাকা খরচ করে সামিদি রেগুলেটেড্ মার্কেট নির্মিত হয়। ওথানকার ইজারাদার, ফোড়ে, মহাজন, জমিদার ইত্যাদি মিলে মামলা মোকর্দমা করে এই হাটকে মার্কেট চত্তরের ভিতর চুকতে দিচ্ছে না, বাধা স্বষ্টি করেছে। গত জাহুয়ারী মাসে মার্কেট কমিটি সিন্ধান্ত করে এই হাটকে মার্কেট চত্তরের ভিতর ঢোকাবার চেষ্টা করে। গত ৬ই জাহুয়ারী তারিথে মার্কেট কমিটির সভা হয় এবং সেই সভায় মাননীয় সদস্ত সমর মুখার্জী মহাশয়ও উপস্থিত ছিলেন। তিনি এবং অক্যান্ত সকলে একমত হয়ে এই হাটকে মার্কেট চত্তরের মধ্যে ঢোকাবার সিন্ধান্ত গ্রহণ করলেন। কিন্তু পরবর্তীকালে তিনি এর বিরোধিতা করলেন এবং গত সপ্তাহের হাটে তিনি বোমাবাজী করলেন। গত ৯ই জাহুয়ারীর হাটে তিনি হরতালের ডাক দিয়ে হাট বন্ধ করবার চেষ্টা করলেন। গত বাজেট অধিবেশনে এই সভায় তিনি সি. পি. এম. গুণ্ডা, নেতাদের উপর দোঘারোপ করেছেন। অপচ এখন তিনি এই হাটকে ঢোকাবার ব্যাপারে বাধা স্বষ্টি করছেন। আমরা দেখতে পাচ্ছি সমর মুখার্জির নেতৃত্বে মন্ত্রান করার জন্তা অনুরোধ করছি।

শ্রীউমাপতি চক্রবর্তী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। চন্দ্রকোনা ব্লক এলাকার চণ্ডী কোল্ড ষ্টোরেজ এই আলু ওঠার সময় হটাৎ ক্রোজার ঘোষণা করেছে। এই ক্লোজার ঘোষণা করার ফলে ঐ এলাকার কয়েক হাদ্ধার গবীব ক্রষক তাদের বীজ আলু রাখার স্বযোগ থেকে বঞ্চিত হতে চলেছে। এই আলু সিদ্ধন টাইমে বিক্রী করে এর থেকে তারা কিছু পয়্মসা পেত। সেই স্ক্রোগ থেকে তারা বঞ্চিত হতে যাচ্ছে এবং শ্রমিক কর্মচারীরাও ছাঁটাই হবার ভয়ে আত্তন্ধিত। এই ক্লোক্ত ষ্টোরেজ মালিকের সংগে যেভাবেই হোক আলোচনা করে এই ক্লোজার তুলে নিতে মাননীয় বিভাগীয় মন্ত্রী মহাশমকে একট তৎপর হতে অন্যরোধ জানাচ্ছি এবং আশু প্রতিকারের দাবী জানাচ্ছি।

প্রীকুভাষ নক্ষর: মামনীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যস্ত গুরুত্বপূর্ণ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করছি বিধানসভায় আসার সময় শিয়ালদহ থেকে বাসে ওঠার জন্ম আমি নীলরতন সরকার হসপিটাল বাস ষ্টপে দাঁড়িয়ে ছিলাম। কয়েক মিনিট দাঁড়িয়ে থাকার পর দূরপাল্লার একটি ষ্টেট বাস এসে দাঁড়ায়। প্যাসেঞ্চার নামতে দেখে আমি সেই বাসে ওঠার চেষ্টা করি। বাস নং হচ্ছে ভবলিউ. বি. এস. ১৬৩৭। সঙ্গে সঙ্গে কনভাকটর আমাকে জার করে নামিয়ে দেবার চেষ্টা করেন এবং আমি এর প্রতিবাদ করি। আমি তথন কনডাকটরকে আমার আইডেনটিটি কার্ড দেখিয়ে বলি যে, বিধানসভায় যাব, অনেক্ষণ বাসে উঠতে না পেরে এই বাসে উঠেছি। কিন্তু তাসত্ত্বও জাের জুলুম করে কনডাকটর আমাকে বলল এটা ষ্টপেজ নয়, এথান থেকে ১.৩৫ পয়দা ভাড়া, কাউকে নেওয়া হয় না। আমি প্রতিবাদ করলাম এবং সাথে সাথে আরো অনেক প্যাসেঞ্চার প্রতিবাদ করে বললেন ষ্টপেজ যদি নাই হবে তো অন্য প্যাসেঞ্চারদের নামতে দিচ্ছেন কেন? মেই বাসে জানৈক সি. এস. টি. সি.-র পোষাক পরা কর্মরত ব্যক্তি, তিনি অবশ্য আন্ধকে কর্মরত ছিলেন না, সেখানে তিনি বসেছিলেন। তিনি সেই সঙ্গে আমাকে নামতে বাধ্য কর্ম্ভিলেন এবং আইডেনটিটি কার্ড দেখিয়ে প্রতিবাদ করা সত্বেও আমাকে নামানোর চেষ্টা করছিলেন। কিন্তু যাত্রীগণের সহায়তায় আমি শেষ পর্যস্ত এখানে এসে নামতে দক্ষম হই। আমাদের যেথানে প্রোটেকসনের অভাব দেখতে পাচ্ছি সেখানে নিত্য যাত্রীদের যে কি অবস্থা হয় সেটা সহজেই অকুমান করা যায়। তাই এই বিষয়ে অবিলম্বে উপযুক্ত ব্যবস্থা গ্রহন করার দাবী জানাচিছ।

মিঃ স্পীকারঃ আমি এটা এনকোয়ারি করে দেখব। I shall look into it.

[2-50-3-00 P.M.]

শ্রীঅনিল মুখার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি
আপনান মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষা দপ্রের মন্ত্রীমহাশারের দৃষ্টি আকর্ষণ করছি। স্থার, কিছুদিন
ধরেই আমরা লক্ষ্য করছি কোলকাতা বিশ্ববিভালয়ের উপাচার্য নিয়োগকে কেন্দ্র করে জল ঘোলা
করা হছে। এই নিয়োগ সংক্রান্ত বিষয়ে কোলকাতা বিশ্ববিভালয়-এর আইন যথন প্রণয়ন করা
হয়েছিল তথন এই বিধানসভার সদস্তদের মধ্যে অনেক সদস্তই তার সিলেক্ট কমিটিতে ছিলেন এবং
তাঁরা বলেছিলেন, আচার্য এক্স অফিসিও হওয়া উচিত নয়। সেদিনকার সিলেক্ট কমিটির রিপোর্ট
ঘদি দেখন ভাহলে দেখনে বিরোধীদলের সদস্তরা সেদিন একমত হয়েছিলেন যে আচার্য এক্স
অফিসও হবেন না। সেথানে একজন গুনী, জ্ঞানী ব্যক্তির হাতে এই দায়িত দেওয়া উচিত।
কোলকাতা বিশ্ববিভালয়ের মতন ঐতিহ্বপূর্ণ বিশ্ববিভালয়ে এমন একজন গুনী, জ্ঞানী ব্যক্তিকে
এই পদের জন্ম নির্বাচিত করা উচিত বার পাণ্ডিছ গরিমা থাকবে। মাননীয় উচ্চশিক্ষা দপ্তরের
মন্ত্রীমহাশরের কাছে আমার অহুরোধ, তিনি ঐ আইনটি সংশোধন করার কথা পূন্রিবেচনা করে

দেখুন। সেখানে আচার্য যাতে এক্স অফিসও না হন, তিনি যাতে নির্বাচিত এবং স্বীকৃত পণ্ডিত ব্যক্তি হন তার ব্যবস্থা কন্ধন। একজন টিকিট কালেকটার বা কনডাকটার বা ঐ ধরনের লোক যাতে আচার্য পদে প্রতিষ্ঠিত না হন আইনে এই রকম ব্যবস্থা থাকা উচিত বলেই আমি মনে করি। আমি এ বিষয়ে মাননীয় উচ্চ শিক্ষা দপ্তরের মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীদৌনেশচন্দ্র ভাকুয়াঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আসামে বিগত নির্বাচনের সময় সেথান থেকে হাজার হাজার উঘাস্ত পশ্চিমবাংলায় চলে এসেছিলেন এবং তারা উত্তরবঙ্গের বিভিন্ন আশ্রম শিবিরে আশ্রম নিয়েছিলেন। আসাম এবং পশ্চিমবক্ষ সরকারের প্রচেষ্টায় তাদের মধ্যে অনেকেই ফেরত চলে গিয়েছেন কিন্তু আজকের কাগজে দেখলাম আলিপুর-ছ্য়ারের একটি ক্যাম্পে এখন এই রকম ১১ হাজার উঘাস্ত রয়েছেন। সেথানে কেন্দ্রীয় সরকার এই সমস্ত উঘাস্তদের ফেরত পাঠাবার জন্ম কোন সক্রীয় ব্যবস্থায় নিচ্ছেন না। স্থার, উত্তরবক্ষ একটি স্পর্শকাতর জায়গা, এই জায়গায় এই ১১ হাজার উঘাস্ত যাতে বেশিদিন না থাকেন সেটা দেখা দরকার। তাদেরও জেন্তুইন বক্তব্য আছে। সেই বক্তব্য পশ্চিমবক্ষ সরকার এবং কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে শুনে অবিলম্বে তাদের ফেরত পাঠাবার ব্যবস্থা করা দরকার। আমি এ দিকে পশ্চিমবক্ষ সরকারের দৃষ্টি অকর্ষণ করছি।

শ্রীবলাই বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবন্ধ সরকারের পক্ষ থেকে এম. আই. জি. অর্থাৎ মধ্যবিত্ত যারা, সরকারী কর্মচারী, শিক্ষক, শ্রমিক কর্মচারী যারা মধ্য আয়ের লোক তাদের গৃহ নির্মানের জন্ম ঝণ দেবার ব্যবস্থা করা হয়। এ সম্পর্কে গভর্নমেন্টের একটি ডিপার্টমেন্ট আছে।

কিন্তু বর্তমানে এই ডিপার্টমেন্টের কর্মচারীদের এবং কর্মকর্তাদের উদাদিনতার ফলে যারা ঋণ চাইছেন তাদের ৩, ৪, ৫, বছর পর্যন্ত হয়বানি হতে হচ্ছে। তাদের ৩/৪ হাজার টাকা বায় করতে হচ্ছে এবং দেগানে ঝোঁজ-থবর করতে গেলে তারা অত্যন্ত থারাপ ব্যবহার করছে। আমরা যারা জনপ্রতিনিধিরাও ডিপার্টমেন্টে এই ব্যাপারে ঝোঁজ-থবর করতে যাই। আজকে গরীব, মধ্যবিত্ত যারা ঋণ চাইছে সরকারের কাছে তারা কেন এই ভাবে হয়রানি হবেন। আমি স্থনির্দিষ্ট অভিযোগ আপনার কাছে পেশ করছি। কেস নম্বর ২৫৯, ১৯৮১-৮২ সালের কেন আজ পর্যন্ত কিছু হচ্ছে না। তিনি বারে বারে সেথানে গিয়ে বলেছেন কিন্তু কিছু হচ্ছে না। আমি আশা করি মাননীয় পূর্তমন্ত্রী বিষয়টি দেখবেন যাতে এই সব গরীব এবং মধ্যবিত্ত মান্তুয়েরা সহজে এই ঋণ পায়।

**শ্রীঅজিত বস্ত:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল ২৮ তারিথে রাত্রি ১০-টার প্র থেকে আজ সকাল ৯টা পর্যন্ত ২৪ প্রগনার নৈহাটি থানার অন্তর্গত মামুদপুর গ্রাম পঞ্চায়েতের অধীন গোগাছিয়া গ্রামে কংগ্রেদ পক্ষ থেকে মারাত্মক আগ্নেয়ান্ত্র নিরে দি. পি. এম-এর সমর্থক এবং পার্টির দদশুর উপরে হামলা করা হচ্ছে। কাল রাত্রি যথন ১২টা তথন গোগাছিয়া গ্রাম থেকে বেশ কিছু ক্ষক এবং দেখানকার পার্টির নেতা জিতেন ঘোষ এবং আরো লোকজন আমার কাছে আদেন। ওথানে নারায়ণ মুখার্জী বলে একজন তথাকথিত ভন্তলোক, যিনি ওথানকার স্থানীয় কংগ্রেদ নেতা, তার নেতৃত্বে মুনি লাহিড়ী, জনৈক রাম, কার্তিক ঘোষ, নিতাই নিয়োগী এবং আরো ক্য়েকজন মিলে এই সব কাজ করছে। সব থেকে আশ্চর্যের ব্যাপার হচ্ছে, ওরা পশ্চিমবাংলায় আইন-শৃন্ধলা নিয়ে বড়ই ব্যাথিত এবং আইন-শৃন্ধলা নিয়ে ওরা উছেগ প্রকাশ করেছেন। মাননীয় দদশু সচীন দেন মহাশয় যথন রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এখানে এনেছিলেন এবং তার পরিপ্রেক্ষিতে ওরা যথন শুক্ত করেছিলেন তথন প্রথম বক্তা ছিলেন কংগ্রেদের স্থ্রত মুখার্জী। উনি আইন-শৃন্ধলার কথা তুলেছিলেন। আসলে ওরা চান যে পশ্চিমরাংলায় আইন-শৃন্ধলা বিপন্ন হোক। আজকে ওদের নেতৃত্বে কংগ্রেস পার্টির পক্ষ থেকে সারা রাজ্যে এই সব ষড়যন্ত্র চলছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীকে অন্যুরোধ করবো এই বিষয়ের প্রতি দৃষ্টি দিতে।

শ্রীশুন্দের প্রতি দৃষ্টি আকর্ষণ করে ২/১টি কথা বলতে চাই। আমাদের রাজ্য সরকারের প্রফেশ্যাল ট্যাক্স বলে ষে আইন হয়েছে সেই আইন অন্থসারে কেন্দ্রীয় সরকারের যে সমস্ত দপ্তর পশ্চিমবাংলায় আছে সেই দপ্তরের প্রফেশ্যাল ট্যাক্স বা দেবার কথা—পুরানো রেটেই হোক, বা নতুন রেটেই হোক—সেটা দেওয়া হচ্ছে কিনা মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে দেখার জন্য অন্থরোধ করছি। এই ব্যাপারে কমিশনার অব প্রফেশন্যাল ট্যাক্স বিভিন্ন জায়গায় যে আদেশ নামা পাঠান সেটা যেন উনি দেখেন যে কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের টাকাটা ঠিক মত রাজ্য সরকারের অর্থ ভাণ্ডারে জমা পড়ছে কি না।

# [ 3-00 - 3-30 P.M. including adjournment ]

শ্রীস্থনীতি চট্টরাজঃ মি: স্পীকার স্থার, একটু আগে অনিলবারু দৃষ্টি আকর্ষণীর মাধ্যমে কলকাতা বিশ্ববিচ্ছালয়ের কিছু কথা বললেন। স্থার, আমি উপলব্ধি করবার চেটা করছিলাম যে, উপাচার্বের পোষ্ট নিয়ে দি পি এম-এর বন্ধুরা এবং বামফ্রন্টের বন্ধুরা এত চিৎকার চেচামেচি করছেন কেন। এটা কি কোন লাভজনক পোষ্ট, না শিক্ষা-গত পোষ্ট! তবে আমি একটা জিনিয বুঝতে পেরেছি যে, বিগত উপাচার্বের আমলে দি পি এম কিছু ম্নাফা লুঠেছে, শিক্ষা ক্ষেত্রে রাজনীতি ছাড়াও কিছু আর্থিক ম্নাফা লুঠেছে। সেই লুঠের ঘটনা গুলি আমি এক এক করে এই হাউসেপেশ করব। আজকে প্রথম দফায় আমি একটা মাত্র ঘটনার কথাই পেশ করছি। প্রাক্তন ভাইস-চ্যানসেলর মহাশয়ের মাধ্যমে তাঁর সময়ে এস. এফ. আই'র কলকাতা বিশ্ববিচ্ছালয়ের ছাত্র

ইউনিয়ন ১ লক্ষ ৬৭ হাজার টাকা লোন পায়। সেই লোনের রিজলিউসনে লেখা ছিল যে ইউনিয়ন লোনের টাকা সময়ে সময়ে ফেরত দেবে। কিন্তু পরবর্তীকালে প্রাক্তন উপাচার্য যখন বুঝতে পারলেন যে তিনি চলে যাচ্ছেন তথন তিনি হঠাৎ আর একটা রিজ্বলিউসন নিয়ে সেই লোন মকুব করে দিলেন। অর্থাৎ তিনি ১ লক্ষ ৬৭ হাজার টাকা এম. এফ. আই.'কে লোন দিয়েছিলেন এবং যাবার আগে মুখ্যমন্ত্রীর নির্দেশে বা অন্ত কারো নির্দেশে (জানি না কার নির্দেশে ) সেই লোন কমপ্লিট মুকুব করে দিয়েগেলেন। অর্থাৎ এদ. এফ. আই. যে লোন নিয়েছিল প্রাক্তন উপাচার্য পোন্দার মহাশয় তা সম্পূর্ণ বে-আইনীভাবে, অগণতান্ত্রিকভাবে মকুব করে দিয়ে গেলেন। অবশ্য সেই লোনের কিছু অংশ আলিমুদ্দিন স্ত্রীটে জমা পড়েছে কিনা, তা আমি জানি না। পরে জেনে সেটা বলব। এই হচ্ছে প্রাক্তন উপাচার্যর ফুর্নীতির প্রথম ঘটনার কথা আমি আজকে এখানে উল্লেখ করলাম। আগামী দিনে হাউদে আরো অনেক ঘটনার কথা উল্লেখ করব। আমরা জানি প্রাক্তন উপাচার্যের এই চুর্নীতির বিষয়ে রাজ্যপালের কাছে অভিযোগ পেশ করা হয়েছিল, রাজ্যপাল অভিযোগগুলি বামফ্রণ্ট সরকারকে তদন্ত করতে দিয়েছিলেন। সেই তদন্ত কতটুকু হয়েছে, তা আমরা জানি না। রাজ্যপাল প্রাক্তন উপাচার্যর বিষয়ে জনগণের কাছ থেকে অভিযোগ পেয়েছেন, শিক্ষা ক্ষেত্রের কর্ণধারদের কাছ থেকে অভিযোগ পেয়েছেন এবং সেই অভিযোগ গুলি তদন্ত করবার জন্ম বামফ্রণ্ট সরকারকে দিয়েছেন। আমি এই তুর্নীতি-প্রায়ন প্রাক্তন ভাইস চ্যানসেলরের বিরুদ্ধে তদস্ত করার জন্ম আপনার মাধ্যমে বামফ্রন্ট সরকারকে অমুরোধ করছি। অবশ্য আজকে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে ঐ চুর্নীতি পরায়ণ উপাচার্যকে সরিয়ে দেওয়া হয়েছে। তার মাধ্যমে বামফ্রণ্ট তথা সি পি এম আথের গোছাবার চেষ্টা করছিল। এর পরের দিন আমি এখানে ঐ প্রাক্তন উপাচার্য্যের ৫০ লক্ষ টাকা তছরূপের ঘটনা উইথ ডকুমেণ্ট উল্লেখ করব। আজকে স্থার, আপনি আমাকে প্রাক্তত তুর্নীতিগ্রস্ত উপাচার্য সম্বন্ধে এথানে উল্লেখ করতে দিয়েছেন বলে আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি এবং অন্যান্ত সদস্তর। সকলে চুপ করে আথার কথা শুনছেন বলে আমি তাঁদেরও ধন্যবাদ জানাচ্ছি।

মিঃ স্পীকার ঃ শ্রীস্থনীতি চট্টরাজ বক্তৃতার মধ্যে ষেথানে ষেথানে রমেন পোদ্দারের নাম উল্লেখ করেছেন সেথানে সেথানে রমেন পোদ্দার নামটি এক্সপাঞ্জ হবে।

এখন বিরতি, আমরা আবার মিলিত হব ঠিক ৩'টে বেজে ৩০ মিনিটে।
( এই সময়ে হাউদ ৩-৩০ মিনিট পর্যস্ত বিরতি ঘোষিত হয়)

[ Expunged as ordered by the chair ]

শ্রীশেশ ইমাজুদ্দিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছুক্ষণ আগে আমি একটি কাজে রাইটার্স বিভিন্নে গিয়েছিলাম। সেথানে দেখলাম, হন্ধ ষাত্রীগণ কর্ম পাচ্ছেন না। হন্ধ ষাত্রীগণকে বে এাপ্লিকেসান কর্ম জমা দিতে হয় সেই কর্ম পাচ্ছেন না। দীর্ঘ লাইন সেথানে পড়েছে, কয়েকদিন

ধরে তাঁরা বসে আছেন। পশ্চিমবাংলার বিভিন্ন প্রাস্ত থেকে তাঁরা এসেছেন, এঁদের থাকবার কোন জান্নগা নেই, থাওয়ার ব্যবস্থা নেই, অত্যস্ত তুর্ভোগের মধ্যে আছে। আমি বলছি, জেলায় জেলায় প্রতি বছর যেভাবে কর্ম বিলি করা হয় এ বছরও সেইভাবে গ্রামের মান্ন্য যাতে পায় তার ব্যবস্থা করা হোক। এই প্রসঙ্গে আমি আর একটি কথা বলছি, ৮ মার্চ কর্ম জেমা দেবার শেষ তারিথ কিন্তু এখনও পর্যস্ত সবাই এই কর্ম পাননি। স্থতরাং কি করে তাঁরা এই টাইমের মধ্যে জমা দেবে ? স্থতরাং টাইম বর্দ্ধিত করা হোক। আমি আপনার মাধ্যমে হজ কমিটির কাছে অন্তরেধ রাথছি ২ সপ্তাহের মতন সময় বাড়িয়ে দেওয়া হোক যাতে নিশ্চিন্তে হন্দ্ব যাত্রীরা কর্ম জন্মা দিতে পারে এবং জেলা থেকে যাতে ফর্ম পাওয়া যায় তার ব্যবস্থা করা হোক।

[3-30-3-40 P.M.]

# DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হাউসে বিগত ২৪ ফেব্রুয়ারী মাননীয় গভর্ণরকে দিয়ে এই বামক্রণ্ট সরকার যে ভাষণ পাঠ করিয়েছেন সেই ভাষণ factually untrue, economically dectaration of bankruptcy of the State and politically there is an attempt—not a veil one—to gag and eliminate the Opposition whosoever opposes this Government I say it is an unscrupulous Government. আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, আজকে সারা বিশ্বে যে উত্তেজনার পরিবেশ রয়েছে, আজকে ভারতবর্ষে যে উত্তেজনার পরিবেশ রয়েছে, আজকে ভারতবর্ষে যে উত্তেজনার পরিবেশ রয়েছে এই অবস্থায় এই রাজ্যে বামক্রণ্ট সরকারের যে কর্ত্বর্য পালন করতে পারতো তার থেকে বিচ্যুত হয়েছে। স্থার, এরা বারবার বলছে we are victarious and you are defeated সেইজন্ম আমরা নাকি এখানে অর্থাৎ এদিকে। আজকে এখানে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় নেই, কোন মন্ত্রীই নেই, একজন হাফ মন্ত্রী আছেন two half is equal to one them I can extend my pity.

মিঃ স্পীকার: রবীনবাবু আছেন তো।

ডাঃ জয়নাল আবেদিনঃ বরীনবাবু তো কাছা নিয়েই ব্যস্ত। যাইহোক, বিটুইন ভিকট্রি এণ্ড ডিফিট—একটা যে পরিবেশ আছে, ডিউটি পালন করার যে কর্ত্তব্য আছে This Government has failed in every sphere in discharging its duties আজকে যাদের ভোট নিয়ে এসেছেন, যাদের ম্যানডেট নিয়ে এসেছেন তাঁদের প্রতি কোন দায়িছ পালন করেননি, The entire speech in a hoax ভাঁওতা।

এই ভাঁওতা দিচ্ছে। শোনবার কেউ নেই, শোনবার কারণও নেই। সভ্য কথা শুনতে লক্ষা পেতে হয়, লক্ষা নাকি ওঁদের কিছু অবশিষ্ট আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখেছেন কি অবস্থায় আমর। দাঁড়িয়েছি ? এই ভাষণ রচনা করেছেন বামফ্রন্ট, বামফ্রন্ট মূলতঃ কমিউনিষ্ট ফ্রন্ট। I find communism formats there. I do not find any element of even socialism not to speak of communism. এই ভাষণের মধ্যে নির্ভর্যোগ্য কোন উপাদান আছে ? আমরা সমাজতন্ত্রের দিকে এগিয়েছি। আমি যেকথা বলতে চাইছি যে এখানে আমার প্রথম অভিযোগ মাননীয় ম্থামন্ত্রীর বিরুদ্ধে, যিনি এই ভাষণ রচনা করেছেন। This Government definitely lags in any definite and dependable direction in the state.

এই রাজ্যের নির্ভরযোগ্য কোন দিক নেই. নির্ভরযোগ্য কোন গতি নেই। তাই আজকে We are bankrupt. We are borrowing from the centre to save us? We are appealing to the centre, with a begging bowl. তাই বলতে হয়. মা ভাত দাও. ফেন দাও, চাল দাও, ধান দাও। আজকে এরা এই কথা বলবার চেষ্টা করেছে। মাননীয় অমল রায় মহাশয়কে দেখছি না, তিনি এখানে এসে আফালন করেছিলেন যে আমরা পশ্চিমবঙ্গে পাবলিক সেকটরে মাকি ৯৮ হাজার কোটি টাকা ইনভেষ্টমেন্ট করেছি। More than 20 thousand crores. ইনভেষ্টমেণ্ট কত ? আজকে কি অবস্থা দাঁডিয়েছে ? এঁদের গত বাজেট সেসনে একটা বই দিয়েছিলেন performance of the public sector. We are sustaining losses in all the public sectors under the management of this Left Front Govt. আপনারা দেখেছেন জয়নাল আবেদিন যথন ত্তর্গাপুর পরিচালনার দায়িত্বে ছিলেন ডি. পি. এলের পরিচালনার দায়িত্বে ছিলেন তথন সাড়ে চার কোটি টাকা লস মেকাপ করে ৫ কোটি টাকা প্রফিট থাকে, আর যথন ভ্যোতি বস্থ ছুর্গাপুর, ডি. পি, এলের পরিচালনায় যায় তথন ৫ কোটি টাকা লস করে। আজকে এদের কি কৈফিয়ত আছে ? ডাঃ বিধান রায় মহাশয়ের স্বপ্ন ছিল শিশুদের স্ক্রম খাত্ত ৰুউন করা ফর গ্রেটার ক্যালকাটা এণ্ড মিল্ক সাপ্লাই বোষেই যদি দেয়—স্থার, ইন্টারত্যাশানাল ফোরামে আমরা কোথাও কোথাও যাই, সেথানে আমাদের উপহার করে।

You Bengalee people, you have started the habit of eating fish. But you have no fish. You come to us for funds for supplying fish. You Bengalees, you have started the habit of producing children but you have no milk. You come to us, you come to us with a begging jar for milk. You have reduced the State to a begger State. The Jyoti Basu and his regime are responsible for this transformation of Sonar Bangla into a Begger Bangla. অমলেক রায় মহাশয়, খনামধন্য বন্ধু কিছু তথা দিয়েছেন আমরা নাকি বিকিয়ে দিছিছ ইকনমিকে। আপনার কাছে একটি তথা পড়ে শোনাছে; Strategy of Plan

Development ভারতের প্রধানমন্ত্রী বলেছেন Essentially this country is a country of poor men—I do not deny it. Neither the nation denies that Strategy of Plan Development. "A poor people cannot save much, nor can they be asked to consume less. But proper organisation can enable them to produce more even with what they have and to save a good part of the extra production. This means investment and organisation We are now devoting 65.6 per cent of Government expenditure to development. Of the total investment in development in the last 32 years, only 13 per cent has come from outside The per capita income has gone up from Rs. 246 to Rs. 1750 last year at current prices The saving rate of our people has gone up from 10.0 per cent in 1950-51 to 22.8 per cent now."

Sir, this is the picture of nation but what is the picture here? Out of every rupee you spend here only 17 paise is being deployed for development. This is the difference in outlook, Sir. At the national level more than 65 per cent is being spent for development but this regime under the management of revolutionary, Shri Jyoti Basu. only 17 paise is being spent for development and that amount too is going to the coffer of the party in power—not to the districts, not to the people, not to the villages and not to ameliorate the conditions of the people. Sir, this is a very dismal picture and as such I crave your indulgence to caution this government—be alert henceforth, otherwise people will not excuse you, people will not allow you any further term. The slogan of 30 years of Congress Rule will not pay this time.

Then, Sir, I have one or two points with regard to law and order situation in the State. It has been amply developed, clarified and started by our Cheif Whip. I shall add one or two points only. If the Left Front is not ashamed of what happened in Patnil, if the Left Front is not ashamed of the very composition of the Council of Ministers here with peoples about whom our Chief Whip mentioned, then we are not least ashamed of having our supporters there in the far peripheries of Bengal or in the Calcutta Metropolis.

[ 3-40-3-50 P.M. ]

এখানে আমরা আতক্কিত। আমরা দেখছি ল এয়াও অর্ডার রক্ষা করতে পুলিশ আজ ব্যর্থ হচ্ছে। পুলিশকে আজ ধিকার দিচ্ছেন স্বয়ং মুখ্যমন্ত্রী এবং বামফ্রণ্টের সর্বোচ্চ অথরিটি। আজকে শান্তি কমিটি ফর্ম করে নিজেদের গুণ্ডাদলকে লেলিয়ে দেওয়া হচ্ছে এলাকা দগলের জন্য। লঙ্কার কপা এবং রহস্তোর ব্যাপার এই যে আজকে ডাইরেকটর জেনারেল অব পুলিশকে দিয়ে এদের রিকগনিশন দেওয়া হচ্ছে।

### (গোলমাল)

এদেব বিচার হবে না ? পুলিণ যদি আজকে গুণ্ডাবাহিনীকে রেজিষ্ট করতে এগিয়ে আসে তাহলে দেশের আইন-শৃষ্থলা আছে বলে কি কেউ দাবী করতে পারেন ?

# (গোলমাল)

(এই সময় শ্রীশচীন সেন বলেন: ওরা কারা?)

আপনারা, অসামাজিক ব্যক্তিরা। Sir, here is the man who has blackened his hands with the murder of 17 Ananda Margis.

#### (গোলমাল)

মিঃ স্পীকারঃ ডা: আবেদিন, আপনি এ্যাজিটেটেড হবেন না।

ডাঃ জয়নাল আবেদিন ঃ আজকে পাটনিল সম্বন্ধ আপনার কাছে আমি কিছু নিবেদন করতে চাই। লজ্জার কথা, এই রকম ঘটনা আজও ঘটে। রাজ্যপালের ভাষণ দেথে কি আপনার মনে হয়েছে যে পশ্চিমবাংলায় এই জাতীয় নারকীয়, বিভৎস, পৈশাচিক ঘটনা ঘটেছে ? অথচ রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন যে এথানকার অবস্থা মডারেটলি পিস্ ফুল। আমাদের সঙ্গে আবার বিহারের তুলনা করতে চান। বিহারের লোক ভোট দিয়ে কি জ্যোভিবাবুকে মৃখ্যমন্ত্রী করেছিলেন ? হি-সাকাম্ব্স্টু দি ওয়েষ্ট বেঙ্গল এ্যাসেম্বলী। হি সাকাম্ব্স্টু দি পিপল্ অল বেঙ্গল। হি মাষ্ট্র বি আনসার ফর হোয়াট হ্যাপেণ্ড ইন পাটনিল। খবর রয়েছে যে এক এম পির পূত্র, এখানে এক এম. এল. এ আছেন তাঁর পূত্র, এক মন্ত্রীর জামাতা এই ঘটনার সঙ্গে জড়িত। এই পাটনিল জায়গাটা প্রিভোমিনেন্টলি মাইনরিটি ডোমিনেটেড এলাকা। এখান লোকমান শেথ নামে একজনকে খুন করা হয়েছে। একজন ঐ ভাণ্ডব সহ্থ করতে পাবেননি, প্রাণ রক্ষার জন্ম এগিয়ে এসেছিলেন, সেখানে তাঁকে হত্যা করা হয়েছে। আপনি শুনলে আশ্চর্ম হয়ে যাবেন সেখানে ১১ জন টিন-এজারস্ক কৈ গণ-ধর্মণ করা হয়েছে। আজকে আতঙ্কিত হচ্চি, এই যে গণ-কমিটিকে পুলিশ দিয়ে এ্যাকোর্ড করা হচ্ছে—এঁদের মতলবটা কি ? অভীতে গণ আন্দোলনের চেহারা

আমরা দেখেছি। গণ কমিটির মোটিভ আমরা দেখেছি। তৎকালীন যুক্তফ্রন্ট মৃখ্যমন্ত্রী বলতে বাধ্য হয়েছিলেন যে এই সরকার অসভ্য বর্বর সরকার। কাজেই এর পরিণতি কোথায় যাবে জানিনা।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী আজ সভায় থাকবেন না বলে শুনেছিলাম কিন্তু তিনি যথন এসে গেছেন, তথন তাঁরে প্ল্যানের কথা একটু বলি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এই রাজ্যে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ছিল ৭২ কোটি টাকা। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ছিল ১৫৪ কোটি টাকা। তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ছিল ২০৫ কোটি টাকা। ৪র্থ পরিকল্পনা হয় ইউনাইটেড ফ্রন্টের সময়—নট যুক্তফ্রন্ট জ্যোতিবাবু তৎকালীন ইউনাইটেড ফ্রন্টের অর্থমন্ত্রী ছিলেন যিনি নাকি সর্ব বিষয়ে মাষ্টার।

চতুর্থ পরিকল্পনা হওয়ার কথা ছিল ৬১০ কোটি টাকা। কিন্তু ওনারা আপস করেছিল বাংলার স্বার্থ জলাঞ্চলি দিয়ে—এখন ওনারা যতই বিপ্লবের কথা বলুন না কেন—চতুর্থ বার্ষিকী পরিকল্পনার আয়তন ছিল ৬১৭ কোটি টাকা। পরে আমরা সেটাকে বাড়িয়ে করেছিলাম ৩২২ কোটি টাকা। পঞ্চম বার্ষিকি পরিকল্পনার আয়তন ছিল ৬ শো কোটি টাকা। আমরা সেটা বাড়িয়ে করেছি ২৪ শো কোটি টাকা। ছাট ওয়াজ ইমপ্লিমেনটেড। আমাদের পণ্ডিত এবং অর্থনীতিবিদ ডঃ অশোক মিত্র মহাশয় যষ্ঠ পরিকল্পনার আয়তন আমাদের শুনিয়েছেন ৩৫ শো কোটি টাকা। সেই মর্মে একটা কাগজ আমাদের দেওয়া হয়েছে। এই বছর যদি ৫৪৩ কোটি টাকা দেওয়া হয় তাহলে fourth year of the 6th five year প্লান-এ বয় হবে ১৮৯৫ কোটি টাকা। এই রাজ্যপালের ভাষণের মধ্যে আছে সামনের বছরে ৭৪৮ কোটি টাকার প্লান হবে। তাহলে তো ২৭ শো কোটি টাকা বয় হয় না। যষ্ঠ পরিকল্পনায় এই রাজ্যে যদি একটা পরিকল্পনায় ৮ শো কোটি টাকা মার যায়,৮ শো কোটি টাকা কাটা যায় তাহলে এই এই সরকারকে বার্থ সরকার বলবো না তো কি বলবো? এই সরকার অযোগ্য সরকার, বার্থ সরকার। কেন ফেল করলেন আপনারা? Why did you give wrong aspirations?

এই কথা বলার প্রয়োজন হতো না, এই রকম সময় গিয়েছে ১৯৭১ সালে। এই হাউসে ডিসকাসান হয়েছে, যা লেথা হয় নি, এই বক্তব্যের মধ্যে যা বলা হয় নি—উহু রাথা হয়েছে—সেই গুলি অত্যস্ত গুরুত্বপূর্ণ। কারণ এইগুলিই হচ্ছে বাস্তব ঘটনা, আমাদের মত জনগণের পক্ষে অত্যস্ত গুরুত্বপূর্ণ। এখানে আশ্চর্য হয়ে পড়লাম এই বক্তব্যের এক জায়গায় লেখা আছে তথাক্থিত আইন শৃষ্খলার অবনতির জন্ম বামস্রুক্ট সরকারে যারা ছিলেন তারাই দায়ী। এই সব কতকগুলো কথা আছে যার মাধ্যমে নানা বক্তব্য রেখে মাহ্যমকে আশান্বিত করা হয়েছে। আজকে মাহ্যমকে আপনারা আশান্বিত করেছেন। It is a State Problem. More than a crore of people have recently come accross the border along with those who have

already migrated here for their livelihood. The number of unemployed as recorded in the register is 3.70 million.

আর সেখানে যদি ৭ কোটি টাকার প্লান কাটা যায় তাহলে এই সরকারকে ধল্যদি দেব, বাহ্ব। দেব ? কবিতা লিখে অনিল ম্থার্জী মহাশয় তাঁকে স্বাগত জানাতে পারেন, ভক্তিবাবু স্থপন দেখতে পারেন, কিন্তু আমরা ধিকার জানাচ্ছি। এই সরকারের ক্ষমতায় থাকার কোন নৈতিক অধিকার নেই। That is why they are norally bound to say the reasons for the supreme interest of the State.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এগরিকালচারের দিকে তাকিয়ে দেখুন। আমাদের ইকনমিক পলিসি ঘৃটি জিনিষের উপর নির্ভর করে। একট। হচ্ছে ইগুষ্টি, অপরটি হচ্ছে এগরিকালচার। We are predominantly dependent on agricultural sector আপনি জানেন, এই রাজ্যের ইগুষ্টিয়াল পলিসির জন্ম পশ্চিমবাংলার ইগুষ্টিয়াল প্রোডাকশন কমে গেছে। ইগুষ্টিয়াল ইনভেষ্টমেন্ট কমে গেছে এবং ভ্যালু অফ আইটেম কমে গেছে। Because of their wrong labour policy excess value added to the item of industrial investments. ইগুষ্টি এখানে কমে গেছে ৫০ পারসেন্ট। কিন্তু ডঃ মিত্র বলবেন ৪০ পারসেন্ট। কিন্তু আমি জানি, এখানে ৫০ পারসেন্ট কমে গেছে। এগ্রিকালচারাল প্রোডাকশন-এর ব্যাপারে আমি বলতে চাই –It was almost self-relient in 1976-77, but we did not beg from Delhi. Food production was to the tune of 88 lakhs tonnes. আর আজকে আপনারা করেছেন কি?

13-50 - 4-00 P.M.]

ভক্তিবাবু চীন ঘুরে এসেছেন, তিনি বললেন যে চীনে এ্যাভারেজ ৭৫ লক্ষ মেট্রিক টন থাজে চলে যায়। আমরা জানি, ওথানে পপুলেশন যে পরিমাণ তাতে এ কথনই সম্ভব নয়, সম্পূর্ণ অসত্য কথা। এথানে because of lack of attention to family welfare programme. জনসংখ্যা বেড়েছে এবং থাজের প্রয়োজন অনেক বেড়ে গেছে, ফিডিং মাউথস বেড়েছে, সে তুলনায় এগ্রিকালচারাল প্রডাকশন কমে গেছে। তাই গ্যাপ অনেক বেড়ে গেছে।

প্রতিভিত্ত বা মণ্ডল: You do not know the system.

ডাঃ জয়নাল আবেদিনঃ I know the system. You are interrupting u.e. You have no right to do this. You have no right to intervene.

মিঃ স্পৌকার: Mr. Mondal, let Dr. Abedin finish his speech After he finishes raise your point of order.

ডাঃ জয়নাঙ্গ আবেদিনঃ আজকে সারা ভারতবর্ষে মাইনর ইরিগেশন যা আছে, এর শোচনীয় অবস্থাকে দূর করবার জন্ম প্রাইম মিনিষ্টার অফ ইণ্ডিয়া সারা ভারতবর্ষে ২০ পয়েন্ট প্রোগ্রাম রেখেছেন। এর মধ্যে ফাষ্ট আইটেম ইজ ইরিগেশন পোটেনশিয়ালিটি। গতকাল আপনি ভনেছেন, প্রশ্নোভরের সময়ে মাইনর ইরিগেশন মিনিষ্টার বলেছেন, উই হ্যাভ টু সারেগুার ৫০% অফ এ্যালোকেশন বিকজ উই কুড নট ইউটিলাইজ দি ফাণ্ড অফ ইরিগেশন পোটেনশিয়াল। যদি ইরিগেশন পোটেনশিয়ালিটি না বাড়ে, ভাহলে প্রোডাকশন কথনও বাড়তে পারে না।

এক্সকালেশন অফ প্রাইস অফ ফার্টিলাইজারের ব্যাপারে আপনি শুনে আশ্চর্য হবেন। ভারত সরকার যেথানে ফার্টিলাইজারের দাম শতক্বা ৭॥ শতাংশ কমিয়েছেন, সেথানে এ রাজ্যে ৫০ শতাংশ বেশী দামে ফার্টিলাইজার ব্লাকে বিক্রি হচ্ছে। তাছাড়া, ফ্রন্ম টাইম ট টাইম ফার্টিলাইজার আবার বাজারে পাওয়াও যাচ্ছে না, বিকজ এাত্রো ইণ্ডাষ্ট্রিস কর্পোরেশন, দি পাবলিক দেকটর আণ্ডারটেকিং হ্যাজ ফেল্ড হরিব্লি। এদের আমলে এই কেল্ডা কেলেঞ্চারী বেডে চলেছে। এগ্রিকালচার আজ আনসার্টেন অবস্থায় এসে দাঁড়িয়েছে — এ্যাবস্থিউটিলি আনসার্টেন অবস্থায় এসে দাঁড়িয়েছে। ইণ্ডাষ্ট্রিরাল সিষ্টেম সম্বন্ধে এথানে আমি আগেই বলেছি। ইণ্ডাষ্ট্রিস—মাল স্কেল ইণ্ডাষ্ট্রিস, মাল স্কেল প্যাটরোনেজ আসবে কোথা থেকে ? ক্যান দি পাওয়ার মিনিষ্টার কাম ফরোয়ার্ড এণ্ড সে আউট অফ ৩৬৫ ডেস্ ইন এ ইয়ার হাউ মেনি ডেশ্ দি ইঙাি ইস ওয়াার ডিপ্রাইভড্ অফ পাওয়ার ডিউ টুলোড শেডিং ? পাওয়ার মিনিষ্টার কি বনতে পারবেন, কবে কবে লোড শেডিং হয় নি ? আজকের দিনে পাওয়ার হচ্ছে মেইন ফ্যাক্টর। এর অভাবে আজ ইণ্ডাঞ্কিয়াল প্রোডাকশন নীল, এই রাজ্যে সিক ইণ্ডাঞ্জিস ইজ হায়েষ্ট। আই. আর. সি. আই.—ইণ্ডাঞ্টিয়াল রিফাইন্যানিসিং কপোরেশন অফ ইণ্ডিয়ার হেড কোয়ার্টার ক্যালকাটায়. কাজ করে বাংলার ইণ্ডাষ্ট্রিজের স্বার্থে। কিন্তু বিকজ অফ দেয়ার ইনডিসিপ্লিন ইন দি লেবার ফোর্স', বিকজ অফ দেয়ার পাওয়ার ফেলিওর, বিকজ অফ ফেলিওর অফ পাওয়ার সেকটর। আজকে সিকনেস অফ ইণ্ডাঞ্জিদ বেড়ে গেছে এবং ইজ হায়েষ্ট ইন ওয়েষ্ট বেঙ্গল। এর জ্বলস্ত উদাহরণ হচ্ছে হোসিয়ারী শিল্প। ভারতবর্ধের মধ্যে হোসিয়ারী শিল্প একদিন ছিল অগ্রদত। আজ হোসিয়ারী শিল্প সব ক্লোজ হয়ে গেছে। স্থান নিধারণের ক্ষেত্রে এই শিল্প আজ সবার নীচে। বাংলাকে আপনারা আজ সবার নীচে এনে দাঁড় করিয়েছেন। কারণ, বিপ্লব করতে হবে। এই শিল্পের আজ এই অবস্থা হচ্ছে বিকজ অফ নেগলিজেন্স টু দিস সেকটর টু দি একষ্ট্রিম। চটকলের দিকে দেখুন। বাংলার যে ৪ টা পিলার ইণ্ডাঞ্টি—বস্তু শিল্প, চটকল শিল্প, আয়রণ শিল্প এবং কয়লা শিল্প, এগুলোর আজ কি অবস্থা হয়ে পড়েছে একবার দেখুন। কয়লা শিল্প সম্বন্ধে আমি কিছু বলতে চাই না, এটি জাতীয়করণ হয়েছে। এ রাজ্যে আজ সমস্ত ছোট ছোট শিল্পগুলো মার থাচ্ছে। দে আর ইন কলিউশন উইথ ইজমা। এঁরা জুট মিলের মালিকদের সঙ্গে আপোষ করে সেথানে ষ্টাইকে ক্রমাগত বাড়িয়ে চলেছেন। যার ফলে মার খাচেছ

কাঁচামাল, প্রোডাকশন সব বন্ধ হয়ে গেছে। আর নেতৃবৃন্দ আনন্দে উল্লাস রচনা করছেন। এই তো হচ্ছে আমাদের অবস্থা।

এবারে অমল রায় মহাশয়কে একটা কথা জানিয়ে রাখি। আমাদের কার্যকালে ৩৮ হাজার গ্রামের মধ্যে পশ্চিমবাংলার ১০ হাজার গ্রামে পাওয়ার দিয়ে এসেছিলাম। আপনার পাওয়ার মিনিষ্টার বুকে হাত দিয়ে বলুন তো ঐ ১০ হাজার গ্রামে পাওয়ার এখন আছে কিনা? এর জন্ম দায়া কে ? ইনস্টল্ড ক্যাপাসিটি যেখানে বাড়ছে, সেখানে জেনারেশন ইকুয়্যালি ফল করছে। এর জন্ম দায়া কে ? কোলাঘাটে আপনারা কিছু করতে পারলেন না, তার জন্ম কেন্দ্র দায়া ? হিকজ অফ দেয়ার ফেলিওর বিক্ষ অফ দেয়ার ইনিডিসিগ্রন আজ গ্রামাঞ্চল ধুকছে। পাওয়ারের অভাবে গ্রামাঞ্চলের এগ্রিকালচারাল সেকটর ধুকছে। আপনারা সেখানে পাওয়ার দেন নি। মাইনর ইরিগেশন মিনিষ্টারকে জিজ্ঞাসা করি, ৩০০টি ডিপ-টিউবওয়েলকে এনার্জাইজ করতে পেরছেন কি ?

অমি ডাঃ মিত্রকে জিজ্ঞাসা করি টোটালেটেরিয়ন কোন দেশে পঞ্চায়েত ব্যবস্থা আছে যার ধ্রা এবিজনাথ, মহাত্মা গান্ধী দেখেছিলেন ? এটা আমাদের ক্রিয়েসান, আমাদের জ্রিম। এটা মহাত্মা গান্ধীর স্থপ্ন। সেই পঞ্চায়েত আজ কোরাপসানে ভর্তি। আজকে পঞ্চায়েত ইজ দি মেসিনালী অল কোরাপসান। আপনারা ৫ লক্ষ্ণ পঞ্চায়েতের মাধ্যমে কাইণ্ড এবং ক্যাসে ব্যয় করেছেন ৯০০ কোটি টাকা। আপনারা কি তার অভিট করেছেন যে কত কোটি টাকার স্থ্যাসেট তারা তৈরী করেছে? No permanent asset has been built because of misappropriation of fund by the party functionaries in the Gram Panchayat, Panchayat Sami, y and Zilla Parishad.

ল্যাণ্ড রিফর্যসের কথায় সিডিউল কাষ্টের কিছু তথ্য দেওয়ায় রামনারায়ণবাবু অসস্থষ্ট হয়েছেন।
আমি বলি ল্যাণ্ড রিফর্মস এবং এস্টেট য়্যাকুইজিশনারের প্রণেতা বামক্রুক্ট বা যুক্তক্রুন্ট নন।
আপনারা হচ্ছেন—ইউ আর দি ফ্টার ফাদার। কাক কোকিলের বাচ্চা লালন পালন করে।
আপনারা হচ্ছেন সেই কাক। এস্টেট য়্যাকুইজিশন য়্যাক্ট এবং ল্যাণ্ড রিফর্মস আমাদের আইন।
আমরা ৬ লক্ষ একর জমি বিলি করেছি। আপনাদের কার্যকলাপে বিলি করেছেন ১ লক্ষ
৩৫ হাজার একর। ইনজাংশান আছে ১ লক্ষ ৮০ হাজারে এবং এর জন্ম বায় করেছেন বাই দিস
টাইম ১ কোটি ৫৯ লক্ষ টাকা ফর ল-ইয়ারস। কিন্তু কত ডেসিম্যাল জমি বিলি করেছেন ?
আপনাদের পার্টি ক্যাডাররা জোভদারদের কাছ থেকে চাঁদা নিয়ে এসেছেন। শুধু কি তাই ?
আমরা কি বিগ প্রোডিউসারদের উপর লেভি করেছিলাম। আপনারা ভোটের দিকে তাকিয়ে ওদের
লেভি মকুব করে দিলেন এবং আজকে গম এবং চালের জন্ম দিক্রীর দিকে তাকিয়ে থাকতে হচ্ছে।

AP(81-1/84)-24

আবার উলটোদিকে ইন দি ইনটারেষ্ট অফ দি রাইস মিলাপকর্ডন প্রথা তুলে দিয়েছেন। মোরারজী আসার পর থেকে এটা তুলে দিয়েছেন। আজকে পশ্চিম দিনাজপুরের ধান মালদহে আসতে পারবে না। কারণ রাইদ মিল ওনার্সরা পঞ্চায়েত ইলেকদানে দি. পি. এমকে মোটা টাকা দিয়েছিল। তাই মাজকে কর্ড নিং প্রথা তুলে দিয়ে রাইদ মিলারদের স্থাবিধা করে দিয়েছেন এট দি কষ্ট অফ স্মল ফার্মার। আমি যে এমেগুমেণ্ট দিয়েছি সেই এমেগুমেণ্ট আমেনি। মালদহ এবং পশ্চিম দিনাজপুর উইথিন দি ষ্টেট কর্ডনিং থাকার কথা নয়। ষেথানে ডেফিসিট থাকে সেথানে সারপ্লাস এরিয়া থেকে আসে। মিলের কাছে ১ লক্ষ ২০ হান্ধার টন লেভি চেয়েছিলেন, সেখানে প্রফুল্ল সেন করেছিলেন ৬ লক্ষ্ণ মেট্রিক টন ইন টার্মস অফ রাইস। আজু আপনারা কাদের দালালী করছেন ? সারি, ওরা দালালের দল। স্বাস্থ্য স্থ্যে মান্স ভূট্যা অনেক কথা বলেছেন। আমি দরাদরি জিজ্ঞাদা করছি আপনার। কিদের ভিত্তিতে গ্ল্যাড-হক নিয়েছেন। মেরিট কি সেখানে নেগলেক্ট করা হয়েছে ? আই. এম. এ. এবং আরু যেগর মেডিকেল অরগ্যানাইজেশন আছে, ওয়েষ্ট বেন্ধল হেলথ সার্ভিদেন ম্যাসোসিয়েসান, তাদের পরামর্শ উপেক্ষা করে আপনার। ডিপার্টমেন্ট চালাতে চাইছেন। তৃতীয় প্রশ্ন হচ্ছে মিনিমাম বেদিক নীড কি আপনার। জনসাধাবণকে দিতে পেরেছেন ? করাল ডিক্কিং ওয়াটাব সাপ্রাই সম্বন্ধে জিজ্ঞাসা করছি এ সম্বন্ধে আপনারা কি করেছেন ? আপনারা যে ইকনমিক রিভিউ দিয়েছেন তাতে বলেছেন ৩৮ হাজাব গ্রামের মধ্যে ৫ হাজার গ্রাম প্রবলেম ভিলেজ। Drinking water resource নেই।

# [4-00-4-10 P.M.]

রাজ্যপালের ভাষণে দেখতে পেলাম না এই ৫ হাজার প্রামে আপনি টোটাল জ্র্মিকং ওয়াটার সোর্স দিতে পেরেছেন। আপনি দিতে পারেননি। এটার একটা বড় দায়িব স্বাস্থ্য দপ্তরের। বেসিক এ্যামেনিটিজের ব্যাপারে আমি কালকে প্রশ্ন করেছিলাম কেন ভাশাভাল হেল্ থ পলিসি জিক্লেয়ার্ড হল না। আপনি ম্দালিয়ার কমিশন এবং ভোর কমিশনের রিপোর্ট কি ভূলে গেলেন ? সেনট্রাল গভর্গমেন্ট ডিক্লেয়ার করেছেন ২০০০ সালের মধ্যে হেলপ ফর অল এই প্রোগ্রাম, আপনারা এটা ইমল্লিমেন্টেশানে কতদ্ব এগিয়েছেন ? আপনারা প্রি ইয়ারস কোর্স, হাফ ডক্ট্রর্স কোর্স যা করেছেন আলকে তার বুমেরাও পরিলাম বুঝতে পারছেন। আমি একটা কথা বলে দিছি আপনাদের দায়িব আছে, দেন্ট্রাল গভর্গমেন্টের হাণ্ডেও পার্সেন। আমি একটা কথা বলে দিছি আপনাদের দায়িব আছে, দেন্ট্রাল গভর্গমেন্টের হাণ্ডেও পার্সেন। কন্ট্রালি স্পনসোর্ড ক্রীম, সেলফ এমপ্রয়মেন্ট প্রোগ্রাম, আমরা পাবলিক এ্যাকাউন্ট্রস কমিটিতে ডিসকাস করছি, ফিকটি পার্সেন্ট অব দি মানি ক্যান নট বি ইউটিলাইজভ এবং যে টাকা ইউটিলাইজ করেছেন তার সার্টিফিকেট পর্যস্ত নেই। আমরা জিজ্ঞান করেতে পারি কি এই টাকা কোথায় গেছে ? আজকে ফ্যামিলি প্রানিন যদি এথানে এনফোর্স ড না হয় ঘেটা সোনালিষ্ট কান্টিজ চীন ইমপ্রিমেন্ট করেছে— ওয়ান কাপল, ওয়ান চাইল্ড, তাহলে সেই ব্যর্থতা কার ? আপনি এথানে ফ্যামিলি ওয়েলফেয়ার প্র্যানিং ইমপ্রিমেন্ট করেতে ব্যর্থ হয়েছেন কেন ? সেটালের টাকা ফেরত গেছে কেন সেই কথা

জিজ্ঞাসা করতে চাই। স্থার, এই উত্তর কিছুতেই পাচ্ছি না যে এগানে ৩৮ হাজার গ্রামের কত গ্রাম স্থল কত গ্রাম আনস্থল রয়েছে। আপনারা ৭ বছর ক্ষমতায় আছেন, প্রাইমারী এডুকেশান এটাক্ট পাশ হয়েছে, প্রাইমারী স্থলগুলির ম্যানেজমেন্টে আছে প্রাইমারী স্থল বার্ড, তার নির্বাচন করেননি কেন? ডিক্টিক্ট স্থল বার্ডের নির্বাচন করেননি কেন? নির্বাচনে তয় আপনাদের কেন? আপনারা তো বীর পুরুষ, জনপ্রিয় সরকার, তাহলে নির্বাচনে এত ভয় কেন? কারণ, আপনাদের নাক ঘষে দিয়েছে কিষাণগঞ্জ, কালিয়াচক এক বালি। পতিতবাবু আবার উন্টো কথা বলেন। পতিতবাবুর এলাকা ফুটো হয়ে গেছে। তাই আজকে নির্বাচনে তয় পাছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, নেক্সট চ্যাপ্টার ইজ কো-অপারেশান। এখানে কো-অপারেটিভ মন্ত্রী নতুন হয়েছেন, আমি কি জিজ্ঞাসা করতে পারি আপনার টাকাভি লোনস ১০০ কোটি টাকা বাকি কেন। কটাডিক্টারী সব ষ্টেটমেন্ট দিচ্ছেন। রিকয়ারমেন্ট কত এটা দি প্রাইস লেভেল অব দি ১৯৭১-৭২, না ও শো কোটি টাকা। আজকে প্রয়োজন কত, না, মিনিমাম ২ হাজার কোটি টাকা সট টার্ম লোন দরকার বাংলার ক্ষকদের। আর সেই বাংলার ক্যকদের আপনি ৪০ কোটি টাকা দিতে পারেননি। হোয়াট ইজ ইওর এক্সপ্লানেশান ? একটা ইলেকটেড বডি সেথানে স্থপারসেমান, সব জায়গায় স্থপারসেমান, হোয়াই ইউ হ্যাভ খুপারসিডেড দিস ? এখানে প্রাক্তন কো-অপারেটিভ মিনিষ্টার আছেন, জবাব দেবেন এত লিটিগেশান কেন ? ষ্টেট নিয়ন্ত্রিত অর্গানাইজেশানকে যেভাবে ধ্বংস করে দিয়েছে তাতে ভারতের ম্যাপে আজকে কো-অপারেশান পিছিয়ে চলে গেছে। সেন্টারষ্টেট রিলেশান আজকে একাধিকবার বলে গেছেন—ট্রেট যদি স্ট্রং না হয় তাহলে সেন্টার স্ট্রং হতে পারে না। আমি অমলবাবুকে জিজ্ঞাসা করতে পারি কি ইন্দিরা গান্ধীকে যারা ভোট দিয়েছিল তারা কি জ্যোতি বারুকে ভোট দেয়নি ? আপনাকে যারা ভোট দিয়েছে তারা কি ত্রিদিববারকে ভোট দেয়নি ? সেন্টাল গভর্নমেণ্টকে কি বাইরের ভোটারেরা ভোট দিয়ে তৈরী করেছে ? সেম সর্ট অব পিপল হ্যাভ ইলেকটেড দি দেওঁ।ল গভর্নমেন্ট এয়াও সেম সট অফ পিপল হ্যাভ ইলেকটেড দি ষ্টেট গভর্নমেন্ট। আজকে যদি আপুনারা মনে করেন পিপুল ম্যানডেট আপুনাদের পিছনে আছে তাহলে হোয়াই ক্যাননট ইউ রেকসাইল উইথ দি আইডিয়া ভাট দি সেম পিপল হ্যাভ ইলেকটেড দি সেটাল গভর্ণমেণ্ট ? আজকে যে দ্বন্ধ বাঁধাবার চেষ্টা করছেন সারকারিয়া কমিশনে আপনাদের বক্তব্য পেশ করার কোন উভোগ বাংলার স্বার্থে আপনারা করেছেন ? আপনাদের কোন উভোগ নেই। আজকে আপনারা বাংলাকে বিকিয়ে দেবার চেষ্টা করছেন। এখানে কনক্লেভ হয় এটাট দি কষ্ট অব मि शिशन।

এটা জ্যোতিবাবু, লেফট ফ্রন্ট বা আলিম্নিদন ষ্ট্রাটের টাকা নয়, এটা আমাদের ট্যাক্স পেয়ার-দের টাকা। একটা কথা ওঁরা বার বার বলেন চোর, খুনীদের সংগে নিয়ে পার্টির জীবৃদ্ধি করা যায়না। আমরা জানি ১৯৪০ সালে জ্যোতিবাবু একা সরাসরি এথানে এসেছিলেন। Now what is the percentage of Communist supporters in the whole of India? Out of about total 70 crores population of India, approximately, Communist supporters at the national level constitute only.

কাজেই এই যখন অবস্থা তখন অমি অন্থরোধ করছি, দম্ভ নয়—এই রাজ্যের স্বার্থে বাজেট, প্ল্যান রিকান্ট করুন, রিআ্যাডজাইনেট করুন। বহরমপুরে ফরওয়ার্ড ব্লকের কি অবস্থা হয়েছে তা আমরা জানি। আমরা জানি পশ্চিমবাংলা তুর্বল হলে ভারতবর্ষ শক্তিশালী হবে না। আপনাদের কাছে অন্থরোধ রাখছি ক্রটিগুলো সংশোধন করুন, আইনের শাসন ফিরিয়ে আন্থন, দলবাজী বন্ধ করুন, সোনার বাংলা গড়ে তুলুন। আন্থন, আমরা সবাই মিলে এগিয়ে যাই সোনার বাংলা গড়ে তোলার জন্ম। যে অত্যাচার, অবিচার চলছে তা বন্ধ করুন। একথা বলে আমি যে সমস্ত এয়ামেগুমেন্ট দিয়েছি তাকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার : মি: মণ্ডল, আপনি যা বলতে চেয়েছিলেন বলুন।

শ্রীভজ্জিত্বণ মণ্ডল । মাননীয় শ্রীকার মহাশয়, আমি বলতে চেয়েছিলাম উনি বক্তৃতা করছেন গভর্গর প্রীচের উপর। আমি যেকথা বলেছি সেটা উনি ঠিকভাবে রিপ্রেজেন্ট করতে পারেন নি। একজাক্ট ল্যাংগোয়েজ ঠিকভাবে রিপ্রেজেন্ট করতে না পারলে ডেইস ন অব ফ্যাক্ট হয়ে যায়, তার সেন্স—ও অন্য রকম হয়ে যায়। এই কারণেই আমি বলছিলাম এইভাবে উনি রিপ্রেজেন্ট করতে পারেন না।

মিঃ স্পীকার: আপনি ষেকথা বলেছেন তার উত্তর উনি দিতে পারবেন না ?

**্রীভক্তিভূষণ মণ্ডল**ঃ স্থার, আপনি আমাকে ভুল বুকেছেন। আমি বলেছি যে আমার কথা উনি ডেষ্ট**র্ট ক**রে বলতে পারেন না।

শ্রীদীপক সেনগুপ্তঃ স্থার, এটা সিরিয়াসলী নেওয়া উচিত নয়। ডাঃ জয়নাল আবেদিন তাঁর বক্তৃতার শেষের দিকে এই সভার একজন সদস্তকে দেখিয়ে বলেছেন, "আমার বোতলের বন্ধু"। একে এত গুরুত্ব দেবার দরকার নেই, এটা কোন পয়েণ্টই নয় কারণ উনি মন্ত অবস্থায় বক্তৃতা দিয়েছেন।

শ্রীরবী-জ্পনাথ মণ্ডলঃ মাননীয় স্পীকার মহাশয়, মোগল সাম্রাজ্যের পতনের অস্তিম লগ্নে হতাশাগ্রস্ত উন্নাদিনী রাক্ষনীর গর্ভে কতগুলি কুদস্তান জন্ম গ্রহণ করেছিল যাদের জন্ম ক্ষনা আর কঙ্কণা ছাড়া অবশিষ্ট কিছু নেই। স্থার, ওঁদের গতকাল এবং আজকের বক্তৃতা শুনে আমার মনে হয়েছিল সেই চিরস্তন ধারা আজও চলে আসছে। আমি প্রথমেই রাজ্যপালের ভাষণকে স্বাগত

জানাচ্ছি। স্বাগত জানাবার কারণ হল এই ভাষণের মধ্য দিয়ে পশ্চিমবাংলার বামফ্রণ্ট সরকারের কার্যাবলীর সঠিক চিত্র প্রকাশিত হয়েছে।

[ 4-10 - 4-20 P. M. ]

আমি এর সঙ্গে একটি বিষয়ের প্রতি বিরোধী বন্ধদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। অনেক দিন ধরে আপনারা এই রাজ্যের রাজ্বতে ছিলেন। আপনাদের আমলের রাজ্যপালের ভাষণগুলো একট্ট অনুধাবন করবেন। তাতে দেখতে পাবেন বিভিন্ন রকম ভূলে ভরা। আমাদের রাজ্যপালের ব কবোর মধ্যে যেথানে অস্কবিধা যেথানে স্কবিধা সেগুলি বলিষ্ঠভাবে তুলে ধরা হয়েছে। এটা ভুধু মাত্র বামফ্রণ্ট সরকারের পক্ষেই সম্ভব। কারণ আমাদের প্রকৃত তথ্য তুলে ধরবার সৎ সাংস আছে। এবং দেইজন্ম আমি এই ভাষণকে স্বাগত জানাচ্চি। ওঁদের যেটা প্রধান আক্রমণ সেটা হচ্ছে আইন শৃঙ্খলা। এ সম্বন্ধে তু একটা কথা সাধারণভাবে না বললে ঠিক হবে না। কংগ্রেসের কাজের একটা ধাবাবাহিকতা আছে। রিপিটেসন করলেও গুনতে রিপিটেসন লাগে না। মার্ডার कत्राला थून कत्राला (महे भूताता) कथा। अत्मत्रहे अम. अल. अ. हछी मिखरक अत्मत म्हलत ह्यांक খুন করলো সে কথা তো বললেন না। বিহারে একজন এম. এল. এ-কে খুন করা হোল। আপনাদেরই বিহারের পার্টি সচিবালয়ে বিক্ষোভ জানালো কংগ্রেসের মন্ত্রী সভার সভ্য যিনি এর সঙ্গে জড়িত তাকে এয়ারেষ্ট করতে হবে। কিন্তু কাউকে কি এয়ারেষ্ট করা হোল ? কেন্দ্রীয় মন্ত্রী গনী থান চৌধুরী বলে গেলেন ধানবাদে মাফিয়া রাজত্ব চলছে, একটা জঙ্গলের রাজত্বের স্বষ্ট হয়েছে গুণ্ডার রাজত্বের স্বাষ্ট হয়েছে। এই সমস্ত ব্যাপারগুলি আপনারা নিজেরা একটু বিচার করেছেন কি ? ইউ পি-তে কি হচ্ছে দে খবর আপনারা রাখেন কি ? হেমেন মণ্ডল জগদীশ টাইনাল এব। হোল প্রধানমন্ত্রীর রাইট ফাও।

**भिः** क्लोकातः अथात् नाम ग्रेम वल्यन ना।

শীরবীক্রনাথ মণ্ডলঃ এটাই হোল কংগ্রেদ চিরাচরিত প্রথা যে এই ধরণের গুনাবলী না পাকলে কংগ্রেদ মন্ত্রী সভার সদস্ত হওয়া যায় না। হরিয়ানা পাঞ্জাবে কি অবস্থা চলছে। হরিয়ানায় তো আপনাদের রাজত্ব—সেগানে কি ল-এও-অর্ডার আছে। সেথানে আগুন জলছে, আপনারা নেভাতে পারেন নি। আসামে গত পাচ বছর ধরে কি অবস্থা চলছে—আপনারা কি তাব সমাধান করতে পেরেছেন? সেথানে কি ল এও অর্ডার আছে। এগুলি কি আপনারা বিচার করেন। তার সাথে সাথে কেক্রে কি রকম রাজত্ব চলছে? থবরের কাগজ খ্ললেই দেগবেন দিল্লীতে এমন একটা দিন যায় না যে দিন খুন হয় নি, রাহাজানি হয় নি, নারী ধর্ষণ হয় নি। থোদ দিল্লীর আসল জায়গায় ১৪৪ ধারা জারী করে রেখে দিয়েছেন। যেথানে প্রধান মন্ত্রী নিজে বসে আছেন সেথানে ১৪৪ ধারা। আর আজকে আপনারা পশ্চিমবাংলার আইন শৃদ্ধলার কথা বলছেন। কংগ্রেস দলের মধ্যে কি আইন শৃদ্ধলা আছে? এই যে গত ডিসেম্বর মাসে পশ্চিমবাল্ডন। কংগ্রেস দলের মধ্যে কি আইন শৃদ্ধলা আছে?

বাংলায় কংগ্রেস অধিবেশন হোল। সেথানে পার্টি অফিসে কংগ্রেসের সাধারণ সম্পাদক গোপাল দাস নাগকে পেটানো হোল। স্বত্রতবাবু সোমেন মিত্র তারা সব কি কাজ করছে সেটা কি আপনারা জানেন না? তারা জানে যে পশ্চিমবাংলা ছাড়া আর কোন রাজ্যে কংগ্রেসের অধিবেশন করা চলতে পারে না। তাই তারা এখানে কংগ্রেসের অধিবেশন করেছিল। ১৪ হাজার কর্মী নিয়ে অধিবেশন করা হোল। একজনেরও উপর আঘাত হোল না একটি ইটও পড়লো না একজনও খুন হোল না রাহাজানি হোল না।

একথা ইন্দিরা গান্ধী জানতেন এই রকম স্থশৃঙ্খলভাবে অধিবেশন করা এখানেই সম্ভব। আপনারা আইন শৃঙ্খলার কথা বলেন। কয়েকদিন আগে তিন জনকে এ্যারেষ্ট করা হোল খুন করার জন্ম। জামিনের জন্ম বলা হোল—কিন্তু তারা জামিন নিলেন না।

তারা জা-মিন নিলেন না, জামিন না নিয়ে বাস, ট্রাম, পোডালেন। ওদের কাছ থেকে আইন শৃঙ্খলার কথা শুনতে হবে ? এটা আজকে সমস্ত মালুযের কাছে পরিন্ধার হয়ে গেছে,— पार्शन प्राथित , এই य प्रशिर्यमन इस्त्र शंन, डेन्मिया शामी, वामीव गामी, गिन थान कोधुती. তাঁরা সকলে মিলে এসেছিলেন, এখানে তাঁদের মল কাছ ছিল বামফ্রণ্টের বিরোধিত। করা। তা একটা বুকলেট বার করেছিলেন, তার নাম হলে। ক্রন্দদী বাংলা। আই ডু চ্যালেঞ্জ ইউ, স্থবত মুখার্জী আপনাকে আমি চ্যালেঞ্জ করছি—আপনি কাল বলেছেন ৭ হাজার ৪২ জন খুন হয়েছে. ঐ ক্রন্দসী বাংলাতে লিখেছেন, কিন্তু কেন একটা নাম, একটা ঠিকানা দিয়ে বার করতে পারেননি ? আমি চ্যালেঞ্জ করছি, আপনি যদি দিতে পারেন নাম, ধাম, কে খুন হয়েছে, ভাহলে আমি পদত্যাগ করবো তা নাহলে বলুন, আপনাদের এন্টায়ার ব্লককে পদত্যাগ করতে হবে। আমি এই চ্যালেঞ্চ আপনাদের সামনে রাথছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মিথ্যার একটা লিমিটেশন থাকে, মাত্র। থাকে, কিন্তু ওঁদের তানেই। কেন থাকবে ? কারণ ওঁদের নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী, তিনি শেখাচ্ছেন সদা মিধ্যা কথা বলবে, এরা তো নাবালক, এদের ক্ষমা করা ছাড়া কি করার আছে ? আমার দ্বিতীয় বিষয় হচ্ছে শিক্ষা। ডঃ কিরণ চৌধুরী মহাশয়, তিনি এখানে বলে আছেন, তিনি শিক্ষিত মাতুষ, শিক্ষার দঙ্গে জড়িত আছেন। শিক্ষার ব্যাপারে কংগ্রেস অধিবেশনে রাজীব গান্ধী বলেছিলেন, এরা দব ইতিহাদ বদলে দিছে। স্থত্তবাবু কাল বললেন, এরা দব ইতিহাদ বদলে िष्टि, नांना धतालत প्रज्ञाखना श्टाइ । आमात कथा शता, এता एका नर्ममात की है, এर्मत को इ থেকে কি স্বচ্ছ জলের কোন সন্ধান পেতে পারবেন ? নর্দমা ছাড়া ওদের আলোচ্য বিষয় কি হতে পারে ? আমরা ওদের কাছ থেকে এর চেয়ে বেশী কিছু আশা করি না। ওরা বিভিন্ন ভাবে বললেন, আমরা নাকি ইউনির্ভাসিটিতে বিভিন্ন ভাবে বেনিয়মে নিয়োগ কর্ছি। আপনারা তো এথানে কয়েকজন শিক্ষিত মাহুষ আছেন, আপনারা জানেন না ? এর আগে শিক্ষক নিয়োগ হতো কি ভাবে ? এক একটা গভর্নিং বডি ছিল, সেই গভর্নিং বডিব মধ্যে নিজের কাকা, পিলেমশাই, জামাইবাব, ভগ্নীপতি, সকলকে স্থান দেওয়া হোত। আজকে বামফ্রণ্ট সরকার হওয়ার

পর সেই গভর্নিং বডি ভেঙ্গে দেওয়া হয়েছে, এবং এই এ্যাসেম্বলি এটি অমুযায়ী, কলেজ দার্ভিদ কমিশন এাাক্ট অনুযায়ী গভর্নিং বিভ তৈরী হয়েছে, রাজ্যপালের প্রতিনিধিও সেথানে আছেন। মেথান থেকে টিচাব, প্রিন্সিপ্যাল, সকলকে এ্যাপয়েন্ট করা হয়। অল ওভার ওয়েস্ট বেঙ্গলে আঙ্গকে এই জিনিস চালু আছে। এই জিনিস আপনারা জানেন না? অন্য দিকে আপনারা বলেন কি ইতিহাস বদলাচ্ছে ? মার্কস, লেলিন শেখানো হচ্ছে ? এখানে একজন ঐতিহাসিক মাছেন, তিনি প্রিমিপ্যাল ছিলেন, তিনি একজন শিক্ষাবিদ, তাঁকে আমি বলি এই বইটা একট দেখুন। বইটার নান হলো, 'আধুনিক সভ্যতার ইতিহাস কথা', লেখক ডঃ কিরণ চৌধুরী। অষ্ট্রম শ্রেণীর পাঠ্য পুস্তক। এই বইটার মধ্যে ছবিগুলো একট দয়া করে দেখন, হিটলারের ছবি আছে, গান্ধীর ছবি আছে, রবীন্দ্রনাথের ছবি আছে, এই দেখুন কার্ল মার্কস এর ছবি আছে। আপনারা বলেন যে মার্কস, লেলিন শেখানো হচ্ছে, আমি একটা কথা ডঃ কিরণ চৌধুরী মহাশয়কে বলতে চাই, আপনার তো বিবেক, বুদ্ধি আছে, শিক্ষিত মাত্র্য, যথন রাজীব গান্ধী, ইন্দিরা গান্ধী কলকাতায় বললেন যে এরা মার্কদ, লেলিন শেখাচ্ছে, ওরা যে ইতিহাসকে বিক্লভ করছে, এরা ভারতবর্ষের জাতীয় নেতাকে বিক্লত করছে, তপন অস্ততঃ ন্যুনতম যদি আপনার মর্য্যদা রোধ থাকতো, তাহলে আপনি বলতে পারতেন যে, না, এ মিগ্যা কথা, এটা সত্য নয়, কেন্দ্রীয় সরকারেব শিক্ষা কমিশনের স্থপারিশ অন্থয়ায়ী এথানকার পাঠ্য পুস্তকের সিলেবাস তৈরী হয়েছে। আপনার কাছ থেকে অস্ততঃ একজন শুভ বুদ্ধি সম্পন্ন মান্তুষের মত ব্যবহার আশা করেছিলাম। ডাঃ শিশির বোদের মত মামুষের কাছ থেকে – যাঁর অস্ততঃ পক্ষে নেতান্ধী পরিবারের সন্তান হওয়াতে তাঁর কি জনপ্রিয়তার স্থযোগ মাছে, নিজেদের অস্থতঃ রুচি বোধ তো একটা আছে, তাঁরা কি ভাবে এই কাজ করছেন, অস্ততঃ যদি নানতম সভাতা, নানতম মর্যাদা বোণ থাকে, ওঁদের সঙ্গে কি করে বসে গাকেন ? আমার অন্ততঃ জানা নেই।

#### [4-20 -4-30 P. M]

আমার তৃতীয় বিষয় হচ্ছে এই, ওরা বিভিন্ন প্রশ্নে বলছেন সাম্প্রদায়িক, বিচ্ছিন্নতাবাদ ইত্যাদি ইত্যাদি। আমি চ্যালেঞ্জ করে বলতে পারি সাম্প্রদায়িক সম্প্রীতি, জাতীয় ঐক্য এবং সংহতির প্রতীক হচ্ছে পশ্চিমবাংলার এই বামক্রণ্ট সরকার। বিচ্ছিন্নতাবাদের জন্ম দিচ্ছে কারা? ভারতবর্ষ স্বাধীনোত্তর যুগে, সাম্রাজ্যবাদী যুগে জাতীয় কংগ্রেস নেতৃত্ব কি বলেছিল? তারা বলেছিল আমাদের জাতীয় ঐক্য চাই। তারও গভীরে যেতে চান? তার মধ্যে কি ছিল? তার মধ্যেছিল গণতন্ত্ব। তার আরো গভীরে ছিল দেশের জনগণ বারা নির্বাচিত প্রতিনিধি কর্তৃক রাজ্য চালনা। কিন্তু তার পরবর্তীকালে ৩৭ বছর হয়ে গেছে। আপনারা দেশকে কোন্ জায়গায়, কোথায় নিয়ে গেছেন? আপনারা দেশকে টুকরো টুকরো করছেন, আসাম, পাঞ্চাবে আগুন জালাচ্ছেন, বিভিন্ন জায়গায় আগুন জালাচ্ছেন, বিচ্ছিন্নতাবাদের মদত দিচ্ছেন। আসামে তৃনুগো নীতি গ্রহণ করছেন। ১৯৭৩ সালে আপার আগাম যেগানে অসমীয়া অধ্যাযিত অঞ্চল সেথানে

অসমীয়া কংগ্রেস, আর ষেথানে বাঙালী অধ্যুষিত অঞ্চল সেথানে বাঙালী কংগ্রেস আপনারাই স্পষ্ট করেছিলেন। কোথাও বলছেন জাগো বাখালী, আবার কোথাও বলছেন ভাগো বাঙালী—এই হচ্চে কংগ্রেম দল। একটি মর্বভারতীয় দলের দায়িত্বোধ থাকা উচিত। এরা এতই নির্লজ্জ যে এদের সেই দায়িত্ববোধ পর্যস্ত নেই। দায়িত্বজ্ঞানহীন দলের এছাডা আর কি হতে পারে? তানাহলে এদের এই রকম দূরবম্বা হয় ? আজকে আমরা বিচ্ছিন্নতাবাদের বিক্রমে এবং জাতীয় ঐক্যের পক্ষে সমগ্র পশ্চিমবাংলার একই মঞ্চে তামিল, তেলেগু, বিহারী, ওড়িয়াদের হাজির করেছি। বিচ্ছিন্নতাবাদের বিরুদ্ধে আমরা সকলে মত পোষণ করেছি যে দেশকে টুকরো টুকরো করা যাবে না, জাতীয় ঐক্য বন্ধায় রাথতে হবে। তাই এই জাতীয় ঐক্য এবং সংহতির প্রতীক হচ্ছে পশ্চিমথাংলার এই বামফ্রণ্ট সরকার। আপনার। হলেন ডেকাডেণ্ট ফোর্স অগুভ, অনৈকা শক্তি। এই অভিযোগে আপনাদের আমরা অভিযুক্ত করতে চাই। নির্বাচনকালে আপনারা কমিউন্তাল শ্লোগান দেন নি ? দিস ইজ স্বত্ত মুখার্জী, যিনি ওয়াটগঞ্জে কমিউন্তাল কালার দেবার জন্ম তৈরী হচ্ছিলেন এবং কমিউন্মান কালার দেবার চেষ্টাও করেছিলেন এবং সেখানে ছটেও গিয়েছিলেন। আপনাদের কথা বিশেষ বলতে চাই না, সামান্য একট সাধট বলতে চাই। কংগ্রেস সম্পর্কে আজকে একটি কথা কঠোর ভাষায় বলতে গেলে বলতে হয় দেশদ্যোহী। কংগ্রেস জাতীয় কলক, দেশদ্রোহী, দেশের উন্নতি ওরা চায় না। কেন্দ্র রাজ্য সম্পর্কের পুনর্বিত্যাদের কথা বলে আমরা সমগ্র ভারতবর্ষের উন্নতির কথা বলি, আপামর সমস্ত জনগণের উন্নতির কথা বলি। কাজেই এর বিরোধিতা করা মানেই দেশদ্রোহিতার সামিল। জাতীয় বিষয়ের বিরোধিতা বাবে বারে ওরা করে চলেছেন। পরিকল্পনা বাবদ পার ক্যাপিটা আমাদের রাজ্যের যে রিসোদেনি আছে তাকে আপনারা যেতাবে সাহাযা করেন সেটা অত্যন্ত লজ্জার কথা। সেটা আপনারা বলতে পারলেন না। এর একটা ছোট্ট পরিসংখ্যান আমি আপনাদের সামনে তুলে ধরছি। ষষ্ঠ পরিকল্পনায় পশ্চিমবাংলাকে দেখানে ৯৩ দিচ্ছেন, অন্যান্য রাজ্যকে দেখানে ১০৮, ১০৬, ১১৩ দিচ্ছেন। এই রকম বিভিন্ন ভাবে পশ্চিমবাংলাকে হেনস্থা করা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আনটাচেবিলিটির কথায় আসছি। অস্পুতা সম্পর্কে ওরা গর্ব করে গান্ধীজীব কথা বলে থাকেন। ওরা তপসিলী জাতি এবং উপজাতিদের কথা বলে থাকেন। আমরা বক্তব্যের মধ্যে তপসিলী জাতি, উপজাতীদের ধর্মীয় প্রশ্নের ধার দিয়ে যেতে চাই না, আলোচনাও করতে চাই না। কিন্তু আজও ভারতবর্ধের ২ হাজার আদিবাসী অধ্যুষিত জাতির জীবনে সুর্যোর ক্ষীন র**শিট্রু প্রবেশ করে না। স্থদ্**র কর্ণাটকের পাহাড়ের চূড়ায় আজও যারা দিনের পর দিন বুক ফাটা আর্তনাদ করে বেড়াচ্ছে আমি তাদের কথা আলোচনা করতে চাই না। কিন্তু গোটা ভারতবর্ষে অস্পুশুতা আন্ধকে কোন্ জায়গায় নিয়ে এনেছেন সেটাই আমি গুধু এগানে একটু উল্লেখ করতে চাই। গান্ধীজীর দেশ হচ্ছে গুজরাট। সেথান আজও বাড়ীর পর বাড়ী জ্বালিয়ে দেওয়া হচ্ছে. মাস কিলিং হচ্ছে। কিন্তু আপনার। এটা ভাল করেই জানেন যে পশ্চিমবাংলায় সেই সবের বালাই নেই। এই অপ্রশ্নতা সম্পর্কে আমি সামান্ত একটি পরিসংখ্যান উদ্ধৃত কর্তি। নিখিল বন্ধ হরিজন সেবক সংঘ ১১৫৫টি গ্রাম সমীক্ষা করে বলেছেন তপদিলি জাতি ও উপজাতিবা কয়ে।

ব্যবহার করতে পারবে না এই রকম ৬১৩টি গ্রাম আছে, মন্দির প্রতিষ্ঠা করতে পারবে না ৮২১টি গ্রাম আছে, হোটেলে চুকতে পারবে না, ৪৯৬টি গ্রাম আছে, দেলুনে চুকতে পারবে না এমন ৪৭৩টি গ্রাম আছে, ধোপার ঘরে জামা কাপড় কাচাতে পারবে না এমন ৬০৩টি গ্রাম আছে। এগুলি দবই কংগ্রেদী রাজ্য, পশ্চিমবাংলায় একটিও নেই।

আমর। এতে গর্ববোর্ধ করি, আপনাদের হিংসা হতে পারে, বিদ্বেয় হতে পারে। পরিশেষে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটি কথা বলতে চাই। মাননীয় সদস্য শ্রীস্করত মুখার্জী মহাশয় গতকাল বকুত। প্রসঙ্গে জ্যোতিবাবুকে প্রেট করেছেন। বামফ্রণ্টের বিরুদ্ধে আন্দোলন করবেন ঠিক আছে কিন্তু তিনি জ্যোতিবাবুকে প্রেট করে বলেছেন যে তিনি যেথানে যাবেন সেথানে তারা বাধা দেবেন। আমি স্থব্রতবাবুকে বলতে চাই যে পশ্চিমবাংলা এমন একটা জায়গা যেথানে অনেক রক্তের বিনিময়ে, অনেক লড়াই-এর মধ্যে দিয়ে ক্ষেতে থামারে, কলে কারথানায়, মাঠে ময়দানে বহু সংগ্রামের মধ্যে দিয়ে, ১১শো শহীদের রক্তাক্ত পথ দিয়ে পশ্চিমবঙ্গের জনগণের সমর্থন পুষ্ট হয়ে আমরা সরকারে এসেছি। অনেক দায়িত্ব আমাদের কাছে সেকথা আমরা জানি। যদি হিংসার পথ, গুণ্ডামির পথ আপনারা নিতে যান তাহলে শুনে রাখুন, পশ্চিমবাংলার ৫ কোটি মাহ্রষ থৃতু দিয়ে আপনাদের ডুবিয়ে দেবে, শেষ করে দেবে, নিশ্চিক্ত করে দেবে। স্থার, আমরা জানি, ওরা ক্রন্দন করছে, আর্তনাদ করছে কিন্তু কোন উপায় নেই। পশ্চিমবাংলার পূর্ব দিগস্তে যে রক্তিম স্থর্যের অভ্যাদয় হয়েছে তার ফলে এথানে বামফ্রন্ট হয়েছে, ত্রিপুরাতেও হয়েছে এবং বিভিন্ন রাজ্যের মান্ন্য এটাকে একটা বিকল্প হিসাবে গ্রহণ করেছে। কংসের কারাগারে বাস্থকিনন্দন দিনের পর দিন বেড়ে চলেছে যার জন্ম লাভ হয়েছে পশ্চিমবাংলায়, ত্রিপুরায়, কেরালায়। আগামীদিনে সারা ভারতবর্ষের ঐক্যবদ্ধ গণ আন্দোলনের তরক্ষের স্রোতে কংগ্রেশরূপী কংসের কারাগার ধ্বংস বিধ্বংস হয়ে যাবে এবং জনগণের রাজত্ব কায়েম হবে। এই জনরোযকে বাধা দেবার ক্ষমতা আপনাদের নেই, জনতার জয় জনিবার্য। এই কথা বলে ধ্যাবাদ্জ্ঞাপক প্রস্তাবকে সমর্থন করে আমি শেষ করলাম।

শ্রীস্থরেত মুখার্জীঃ মানুনীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীরবীন মণ্ডল মহাশয় আমার নাম করে এবং আমার সহকর্মী বন্ধু সোমেনবাবুর অন্তর্পান্থিতিতে তাঁর নাম করে কয়েকটি মন্তব্য করেছেন। আমি ঐ সব মন্তব্যের ব্যাপারে প্রতিবাদ জানাচ্ছি। আমি বিশ্বস্কুরিতভাবে বলছি না, গুধু বলছি, আগে জানতাম রবীনবাবু সি. পি. এম.-এর মন্তান, এখন জানলাম তিনি পাগল।

Dr. Sisir Kumar Bose: Mr. Speaker Sir, in rising to oppose the Motion of Thanks on the Governor's Address I move the amendments to the motion that have been tabled from this side of the House and I support them. The first point that I wish to make in regard to the Governor's AP(81-1/84)—25

Address is a constitutional one, the fact that the Left Front Government has been able to get the Governor to whom it does not approve. It has been able to get the Governor against whom a campaign to boycott is in progress. To read a document of this complexion and this nature has been a nail to the tune. It is a nail to the tune that the institution of the office of the Governor is against the interest of the State. This fact has established that the institution of the Governor—a constitutional provision is no hindrance to the constitutional process of a State Legislature,

### [4-30-4-40 P. M.]

Well this Address—I wish to examine it from two points of view. First is its appearance, that is, the manner of its presentation, and the second is its contents. You have notice—the members must have noticed that in contrast with the previous address during the present regime, the Present Address is apparently a weak, a halting apologia of a government which appears to have lost its way, lost its direction. It also indicates in various parts of the Address a sense of accommodation towards the Central Government—of course in an indirect manner—a sense of accommodation which, I submit, has an expectation of some accommodation also from the other side. This a Government does where it feels that the ground has hit under its feet, this a Government does where it is not sure of his position among the people which it seeks to represent. Well, I come to the contents of this Address details of which I cannot deal with owing to lack of time and which have been dealt with in its various aspects by my previous speakers from the other side of the House and also from the members opposite. If we analyse paragraph by paragraph the Address that has been placed in our hands I am constrained to say that every paragraph is characterised by four elements. I am summerising it. The elements are, untruth, half-truth, subterfuge and concealment. I repeat-'untruth straightaway, half truth subterfuge, meaning evasion of argument, evasion of truth and of concealment. While going through this Address I' was reminded of a book that many of us, may be you also, must have read nearly three decades ago, a book which, I must admit, I dismiss as a mere

fanstasy, as a figment of the imagination of a free imaginative author. This has relevance because of the date only and of this Address represented before you,

Sir, to-day is 1984 and this book is entitled in 1984. In that book the author-you have seen he has recently passed away-talks of a political system which is based on thought control. This thought-control is operated through the thought-police and this thought-control and thought-police are manifested in the people and the people running the State as double-think and double-talk. So, there is a serious confusion taking place in thought control and thought police, and in double—think and double talk. Now, my young friend, Shri Subrata Mukherjee, my young friend Dr. Manas Bhunia who are clamouring about peace, about lack of law and order, my learned friend Dr. Zainal Abedin who was eloquently talking about the loss of initiative on the part of Bengal in various fields, about loss of peace and progress in various fields and so on -it is not possible to happen. It is not possible for Subrata Mukherjee or Manas Bhunia or for that matter Dr. Zainal Abedin to appreciate because these men have not passed through this thought filtration process. You have to have a different sense of values to understand this. It is said in the Address that West Bengal continue to be a peaceful State to live in.

### (A Voice -'in general')

Yes, in general, but generalisation is very danagerous and there are, I think, justifiable writers in regard to readers' protest against this generalisation. But according to new thinking the connotation of peace is different. We have to accept that violence is peace. It is not appreciated by my friend Mr. Suniti Chattaraj. We have to appreciate that violence is peace. You have not appreciated it because you have not been followed through this process. You have to believe that hate is love. Dr. Zainal Abedin cannot appreciate that hate is love. You have to accept that terrorism is peace. At least the author of this book if he

had lived would have satisfaction to none. It is no where in the world. There is one small part of the world. This place is the land of West Bengal where the stagnation, procastination are taking place. Irrigation, industry, rural development, education, health service, land reforms, unemployment—all these things have been the subject of detailed discussion and I must say that there have been positive contributions on each of these subjects from both sides of the House. I cannot but admit this. But those who are not of the double—think category of double—talk category they must learn now that there is stagnation, there is unemployment, there is disunity among the rural population and so on. You have to learn that stagnation is progress ( अनो श्वाप)

#### [4-40—4-50 P.M.]

You have to believe that unemployment is the index of the industrial growth. you have to believe that to unite is to devide the peoplethat is what is happening now in West Bengal. I have mentioned one aspect of a thesis. This is after all one kind of thesis. This is a dangerous thing, that is, 'consult'. It has two things but I will refer only to the structure because time is limited. It has been said, it has not been said I should have said, about the disgraceful conduct of the Government of West Bengal and particularly about the Education Department regarding the appointment of the new Vice-chancellor of the Calcutta University which is the Alma Mater of many of us present here. We have now come to learn what is democracy. I did not so long mention about democracy because I wanted to present before the House this one wonderful example of democracy in action, The definition of democracy is this-Mr. Suniti Chattaraj wants to know-that according to the new definition democracy is the opinion of the party Oligarchy. democracy is the opinion of the party from which emanates double-think. This is the definition of democracy in present day of West Bengal. Towards the end of this address, Sir, there is reference to our limited powers, reference to Centre-State relations, but no mention of the Conclave, so

called Conclave which, I regret to find, many members of the Treasury Bench are championing with such fervour—no mention of that is there. When I first heard the word 'Conclave' I had to go back to my student days and borrow Milton's Paradise Lost' from my children to learn the meaning of the word 'Conclave', for, as you all know, you all learn the word 'Conclave' from the Milch Book I of Milton's 'Paradise Lost' and the word 'Conclave', if I may with the permission of the Speaker just quote a few words to mention what the Conclave means. In the words of Parson, the great man who actually used the word for the first time, it means: "A thousand demi-gods on golden seats" sat "in close recess and secret Conclave"—this is the original—and have begun "the great consult". "The great consult" is in progress. This Conclave is presided over by Satan. This is an important part of Satanic days.

What is the subject of this "consult"? The subject of this "consult" is to regain heaven from where they have been over-thrown—
সর্গোদার করতে হবে। My last words, as my time is up now are that let us all gave up for good and for all time, the satanic ways.

Thank you.

শ্রীদীপক সেনগুপ্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিধানসভায় কবিতার ছড়াছড়ি হচ্ছে, প্যারাডাইস লষ্ট দিয়ে শেষ হয়েছে। কনক্ষেও নিয়ে ডিকসনারীর কিছু কিছু কথা হয়েছে। আমি যেটুকু বুকেছি—অল্পই বুকি—এখন ষেটুকু বুকেছি যে কনক্ষেডটা উনি সো ক্ষড বলে ব্যবহার করেছেন। সো ক্ষড অর্থাৎ যা তথাকথিত, কেউ কেউ বলেছেন সেটা নিয়ে এতটা পাণ্ডিত্যের হযোগ এই বিধানসভাতে আছে কি'না জানিনা। হারাণো স্বর্ণ ফিরে পাওয়ার প্রশ্ন, যারা বিরোধীদলে সমবেত হয়েছিলেন তাঁরা স্বার্থের স্বাদ পাননি, কাজেই ফিরে পাওয়ার প্রশ্ন আদে না। যারা একত্রিত হয়েছিলেন, সেই সমস্ত মাহুষের অধিকার নিয়ে কথা বললেন। অজিকে বিধানসভায় যারা রাজ্যপাল মহাশয়ের ভাষণের বিরোধিতা করতে উঠেছিলেন তার মধ্যে ডাং জয়নাল আবেদিন, একটা কথা বললেন, এই রাজ্যপালের ভাষণের মধ্যে কোন লক্ষ্য, উদ্দেশ্য, গতি নাই। আমি এটা নিয়ে আলোচনা করব। আর একটি প্রশ্ন এসেছে যে রাজ্যপালের ভাষণটা পুরোপুরি কনষ্টিটিউসভাল কিনা—যেটা ডাং শিশির বোস মহাশয়ও বলেছেন। আমার আক্রমণটা ডাং শিশির বোসের বিক্বছে। তিনি একটু বেশী ভাবেন, কারণ তিনি নেতাজীর ল্রাতৃস্যুত্র, আর

আমাদের দামনে নেতাজীর আদর্শ রয়েছে, এই চুটোর মধ্যে একটা সংঘাত রয়েছে। কাজেই আক্রমণটা একটু বেশী হবে। উনি বলেছেন যে উপাচার্য্য নিয়োগ, এটা নাকি মাননীয় রাজ্যপাল ঠিকই করেছেন। তা, আইনটাতে কি বলা হয়েছে ? তিনটে নাম আসবে, সরকারের সঙ্গে পরামর্শ করে রাজ্যপাল তার থেকে একটি নামকে ঠিক করবেন। সরকার নাম পাঠিয়েছেন, বলা হচ্ছে—কাগজ পত্রের মধ্যে দিয়ে বলা হচ্ছে—যে বেশী সংখ্যক ভোট পেয়ে যিনি জিতেছেন তাকেই মনোনীত করা হবে। সেটা ছিল সিঙ্গল ট্রাপ্সফারেবল ভৌট। এই বিধানসভায় যথন রাজ্যসভার সদস্য নির্বাচিত হন--গত যে ভোট হয়েছিল তাতে শঙ্কর প্রসাদ মিত্র মহাশয় ফাষ্ট প্রোফারেন্দ বেশী ভোট পেয়েছিলেন। তার অর্থ কি এই দাঁডায়, যে এই সিঙ্গল ট্রান্সফারেবল ভোটে সম্পূর্ণ বেশী ভোট পেয়ে তিনি জিতেছেন ? এটা সম্পূর্ণ হিসাবের ভোট। হিসাবের বাইরে বাছতি ভোট পেলে তার কোন মূল্য নেই। দরকারের দঙ্গে প্রামর্শ করে আচার্য্য, উপাচার্য্য নিয়োগ করতে পারবেন। এটা ঠিক কাজ উনি করেছেন বলে বলছেন গণতান্ত্রিক। আমি উল্টো প্রশ্ন করতে চাই, গণভন্তের নিয়ম এবং বিশেষ করে যাঁরা ওয়েষ্ট মিনিষ্টার ধাঁচের গণভন্তের কথা বলেন তারা নিশ্চয়ই কনভেন্যণকে উড়িয়ে দিতে পারেন না। আর কনভেন্সন কি বলে ? এটাই তো হচ্ছে কনভেন্সন যে একটি রাজ্যের রাজ্যপাল নিয়োগ করা হবে, সেই রাজ্যের সরকারের সঙ্গে, তার মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করে, কিন্তু কি করা হল ? কংগ্রেসের একজন সক্রিয় কর্মী উনি এসেছেন—যে আনন্দবান্ধার পত্রিকা কংগ্রেস দলের ফ্রেণ্ড. ফিলজফার এ্যাণ্ড গাইড— তাঁর। গতকাল সম্পাদকীয়তে বলেছেন, ই্যা রাজ্যপাল এইভাবে নিয়োগ হওয়াটা ঠিক নয়। অর্থাৎ যিনি সক্রিয় রাজনীতির সঙ্গে অংশ গ্রহণ করবেন তাঁর এইভাবে নিয়োগ হওয়াটা ঠিক নয়।

#### [ 4-50—5-00 P.M. ]

আজকে গণতদ্বের কথা বলছেন, কনভেনশন এবং কন্ষ্টিটিউশনের কথা বলছেন। আমাদের ইচ্ছার বিরুদ্ধে একজন রাজ্যপালকে বসিয়ে দেওয়া হোল শুরুমাত্র পশ্চিমবঙ্গে সক্ষর হস্টে করবার জন্য। ১৯৮৪ সালের জোক্ অব দি ইয়ার কি হবে তা যে ঠিক হয়ে গেছে তা গত কয়েকদিনের বিধানসভার অধিবেশন দেখে বোঝা হয়ে গেছে। একদিকে খ্রামরা রাজ্যপাল সম্পর্কে সাধারণ মার্ম্বকে সচেতন হবার জন্য বলছি। অন্যদিকে প্রতিনিয়ত ওঁরা আমাদের বিরুদ্ধে নানা তথ্য রাজ্যপালের ক্রছে সরবরাহ করে চলেছেন। পাশাপাশি দেখা যাছে যে বিধানসভার ভেতরে সেই রাজ্যপালের দেওয়া ভাষণের সবটারই তাঁরা বিরোধিতা করছেন। এখানে বলছেন যে আমাদের সরকারের নাকি কোন লক্ষ্য নেই, গতি নেই। নিশ্চয়ই গতি আছে। এটা বুঝতে গেলে উপযুক্ত দৃষ্টি থাকা দরকার। আমাদের লক্ষ্যটা কি পুলক্ষ্যটা হচ্ছে—এক জায়গায় বলা হয়েছে যে পশ্চিমবাংলায় গত ৫ বছরের তুলনায় শতকরা ২০ ভাগ ফসলের উৎপাদন বেশী হয়েছে এবং এই বেশী উৎপাদন হয়েছে কি হয়নি এ নিয়ে কোন প্রশ্নও আপনারা করেন নি, স্বীকার করে নিয়েছেন। এই উৎপাদন যে বাড়ালো—এরজন্য আমরা কি করেছি পু আমরা ক্ষুত্র ও প্রাম্ভিক

ক্রমকদের মধ্যে ১৪ লক্ষ মিনিকিট বিতরন করেছি। একথা আজকে রাজ্যপালের ভাষণের মধ্যে রয়েছে। এ-সম্বন্ধে বলতে গিয়ে ও-পক্ষের কেউ কেউ বলেছেন যে মিনিকিট প্রামে বিতরণ করা হয়েছে ঠিকই, তবে তা ভূমিহীন ক্রমকদের মধ্যে বিতরণ করা হয়েছে। অর্থাৎ জমিতে লাগান হয় নাই। আমি জানিনা, নতুন কোন বিজ্ঞানী স্বষ্টি হয়েছেন কিনা যার তথ্য অন্থসারে ধান খেয়ে ফেললে পেটে ধান গজায়। আজকে এই সরকারের লক্ষ্য ঠিক আছে বলেই এই ২০ ভাগ উৎপাদন বৃদ্ধি সম্ভব হয়েছে। আমরা অল্প জমির ক্রমকদের উৎপাদন বাড়াতে সর্বোতভাবে সাহায্য করেছি। ওঁরা গতকাল প্রয়োত্তরের সময় বলছিলেন যে তপশিলী জাতির উল্পয়নের ক্ষেত্রে বরাদক্ষত ১৬ কোটি টাকার মধ্যে মাত্র ২.৫০ কোটি টাকা এই সরকার থরচ করতে পেরেছেন। আমি বলবা, সত্যি আপনারাই বলুন যে এই কাজের জন্ম আমাদের সরকারকে ধন্যবাদ দেওয়া উচিত কিনা ? কারণ আপনারা বার বার বলছেন, যে টাকা আমরা থরচ করছি তার সবটাই নাকি দলের ক্যাডার পৃষতে চলে যাচ্ছে! আমাদের এই জন্ম ধন্যবাদ দেওয়া দরকার যে ১৬ কোটি টাকা যা আমরা এইভাবে থরচ করতে পারতাম, তার সবটা থরচ না করে মাত্র ২.৫০ কোটি টাকা ক্যাডারদের পেছনে থরচ করেছে, ১৩.৫০ কোটি টাকা বেঁচে গেছে। আমি মনে করি, এইজন্ম আমাদের নার্টিফিকেট দেওয়া দ্বকার!

মাননীয় অধ্যক্ষ মহাশয়, জয়নাল আবেদিন মহাশয় বলেছেন রাজ্যপালের ভাষণে নাকি কম্যানিজমের কথা বলা হয়নি। আমি বলি, বলাটাই শেষ কথা নয়। আমাদের দেশে সমাজতদ্রের চাষ তো বছদিন ধরেই হচ্ছে। আপনাদের দলের সমাজতদ্রের কথা কি আর বলবো ? কংগ্রেস দল প্রাই সমাজতদ্রের কথা বলে থাকেন। আর কংগ্রেসের ইতিহাস যাঁরা অবগত আছেন তাঁরা সবাই এটা জানেন। জয়প্রকাশ নারায়ণ, যিনি আগে কংগ্রেস দলে ছিলেন, পরে অবশ্য সোশ্যালিষ্ট পার্টি গড়েন—তিনিও সমাজতদ্রের কথা চিস্তা করতেন। জওহরলাল নেহেক্ষ সমাজতদ্রের কথা ভাবতেন। কংগ্রেস সভাপতি হয়ে স্থভাষচন্দ্রও সমাজতদ্রের কথা বলেছিলেন। কংগ্রেস সমাজত্ত্রের কথা ভাবতেন। কংগ্রেস সভাপতি হয়ে স্থভাষচন্দ্রও সমাজতদ্রের কথা বলেছিলেন। বংর মাথায় সমাজত্ত্র আছে, কিন্ধ তা রদয় বাধা পড়ে আছে গান্ধীজীর কাছে।

তাই আমাদের দিয়ে নাক্রি সমাজতন্ত্র হবে না। সমাজতন্ত্রের জন্ত ওঁরা নাকি এখানে আছে! সমস্তাটা কোথায় শিশিরবাবু হয়ত জানেন না। পাগলের ডাক্তার হাঁরা আছেন তাঁরা দীর্ঘদিন পাগলের চিকিৎসা করতে করতে অর্ধপাগল হয়ে যান! সেই রকম শিশিরবাবু দীর্ঘদিন শিশুর চিকিৎসা করতে করতে শিশুই রয়ে গেছেন। তিনি এখনও পর্যন্ত সাবালোক হতে পারেন নি। তিনি আজকে কংগ্রেদে গেছেন কেন? ৬৬ বছর আগের সেই লেখা একটা বই থেকে তিনি একটু পাণ্ডিত্য ফলালেন। টক্ম অন পলেটিক্যাল সিস্টেম ইজ বেসড অন থট কন্ট্রোল এই তথ্য তেও বছর আগের লেখা বই। সেই বইটা তিনি ডিসওন করছেন। ঠিক ৬৬ বছর আগে ১৯৪৮ সালে একটি উপ নির্বাচনে ভলেনটিয়ারী করবার আমার স্থ্যোগ হয়েছিল। দক্ষিণ কলিকাতার

একটি উপনির্বাচন হয়েছিল সেই সময়। সেই উপনির্বাচনে প্রার্থী ছিলেন স্থরেশ দাস এবং তাঁর বিরুদ্ধে দাঁড়িয়েছিলেন শরৎ চন্দ্র বোস। সেই দিন শরৎ বস্থ জিতেছিলেন হাত চিহ্ন নিয়ে। সেই দিন যেহেতু বাবা হাত চিহ্ন নিয়ে জিতেছিলেন তাই তিনিও হাত চিহ্নের হয়ে দাঁড়িয়েছেন। নেতাজী গণতাম্বিকভাবে নির্বাচনে জয়ী হয়ে কংগ্রেসের সভাপতি হন। কিন্তু এই ব্যাপারে গান্ধী এবং নেহেরু তাঁর সভাপতিত্বকে মেনে নেন নি ৷ যে দিন তাঁকে সভাপতির পদ থেকে সরিয়ে দেওয়া হলো সেই দিনই কংগ্রেস গণতন্ত্রের মৃত্যু ঘটিয়েছে। ওনারা আবার গণতন্ত্র সমাজতন্ত্রের কথা বলেন। এই ভাবে ইতিহাসের বিক্বতি ঘটানো হয়েছে। আজকে বলা হচ্ছে ভারতবর্ষ স্বাধীন হবার পর সব চেয়ে যে পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছে তা হলো নেহেরু পরিবার। অন্য দিকে কি দেখি? জওহরলাল নেহেফ যথন মারা গেলেন তথন বলা হলো—তাঁর কোন সম্পত্তি নেই, দেশকে ছাই ছাড়া কিছু দিয়ে যেতে পারেন নি। পরে যথন সঞ্জয়ের স্ত্রী মামলা করলেন—সেই মামলায় তাঁর শাশুড়িও আছেন—তাঁর সেয়ার শুধু ৪ লক্ষ ৭৩ হাজার টাকা। এই সম্পদ আসছে কোথা থেকে ? বললে বলবেন কেন্দ্রের উপর দোয চাপানো হচ্ছে। এটা দোষ দেবার প্রশ্ন নয়। প্রশ্ন হচ্ছে এই সব জিনিষ খতিয়ে দেখতে হবে। সামান্য একটা ট্যাক্স বসাতে আমরা পারবো না। কেন্দ্রীয় সরকারের নীতির কাছে টি. ভি.-র দাম আজকে কমেছে. রেক্সিন্সারের্টরের দাম আজকে কমেছে। টি ভি.-র উপর ট্যাক্স বসাতে গিয়ে দেখা গেল স্তুত্রতবাবুরা মামলা করলেন, আদালতে গেলেন। সেই জন্ম আমরা ট্যাক্স বসাতে পারলাম না। অথচ কেন্দ্রীয় সরকার বাজেটের সময় এবং বাজেটের বাইরে বিভিন্ন সময় হুমকি দিয়ে ট্যাকু বসান। গত চার বছরের হিসাব আমি দিচ্ছি কি ভাবে ট্যাক্স বসানো হয়েছে। এই চার বছরে ১ হাজার কোটি টাক। বাড়তি ট্যাক্স বসিয়েছে। ১৯৮০-৮১ সালে অর্থ দপ্তর বসিয়েছে ২৫৭ কোটি টাকা আর রেল দপ্তর বসিয়েছে ২০৮ কোটি টাকা। ১৯৮১-৮২ সালে অর্থ দপ্তর থেকে ট্যাক্স বসানো হয়েছে ১৯৬ কোটি টাকা এবং রেল দপ্তর থেকে বসানো হয়েছে ৩৫৩ কোটি টাকা। ১৯৮২-৮৩ সালে বসিয়েছে ৫১৮ কোটি টাকা অর্থ দপ্তর, আর রেল দপ্তর বসিয়েছে ২৫৭ কোটি টাকা। ১৯৮৩-৮৪ সালে অর্থ দপ্তর বসিয়েছে ৭১৬ কোটি টাকা-এটা বাজেটের বাইরে—এবং রেল দপ্তর বসালো ৪৮৯ কোটি টাকা।

#### [ 5-00-5-10 P. M. ]

ওঁরা আমান্দির কাছে ক্ষমতার যে চেহারা ওঁদের মধ্যে রয়েছে, তাকে এখানে তুলে ধরেছেন।
আমরা তো এই জন্মই বারবার করে বলে এসেছি, আমাদের ন্যায্য পাওনা ফিরিয়ে দাও। এবং
রাজ্যগুলোর হাতে ন্যায্য ক্ষমতা ফিরিয়ে দাও রাজ্যগুলেকে বাঁচিয়ে রাখার তাগিদে। আজ্
ওঁরা বলছেন ঐক্যের কথা, জাতীয় ঐক্যের কথা। আজকে নাকি ভারতবর্ষ বিপন্ন হয়ে পড়েছে।
পাজ্ঞাবে আপনারা কি করেছেন ? পাজ্ঞাবে কিছু দিন আগে গণতান্ত্রিক পদ্ধতিতে আকালী।
দল ক্ষমতায় এসেছিল। মায়ুষের ভোটে কংগ্রেস দল সেখানে বাতিল হয়ে গিয়েছিল। আ্জকের

এই অবস্থা দেখানে কে স্বাষ্ট করেছিল ? জৈল সিংকে দিয়ে, সঞ্জয় গান্ধী সেখানে ভিজ্ঞেনওয়ালাকে স্ষষ্টি করেছিলেন। বাবে বাবে এখন আপনার। কনষ্টিটিউপনের কথা তুলছেন। আমি জৈল সিং-এর নাম অবশ্রুই করব—আপনারা তাঁকে প্রেসিডেন্ট তৈরী করতে পারেন—আমি আবার তাঁর নাম করছি। কারণ পাঞ্জাবে বর্তমান পরিস্থিতির জন্ম জৈল সিং এর ভূমিকা আছে। সেজন্য আমি অজন্রবার তাঁর নাম করব। সঞ্জয় গান্ধীকে দিয়ে আপনারা সেথানে ভিন্তেনয়ালাকে ক্ষমতায় ফিরিয়ে আনার চেষ্টা করেছিলেন। আপনারা সেথানে উগ্রপন্থীদের স্বষ্ট করেছিলেন এবং সাম্প্রদায়িকতার স্বষ্টি করেছিলেন। সমস্ত জায়গাতে, রাজ্যে রাজ্যে আপনারা এই একই কায়দা অনুসরণ করে চলেছেন। ইতিহাস কথা বলে। বেশী দুরে যাবার দরকার নেই, স্বাধীনতার বেশ কিছু মাগে সাম্প্রদায়িকতার কথা একবার ভাবুন। যথন ভারতবর্ষের স্বাধীনতার জন্ম সমস্ত মাত্র্য পাগল হয়ে উঠেছিল, যথন স্বাধীনতা আন্দোলন ক্রমশঃ তীব্রতর হয়ে উঠছিল, তথন এই এঁরাই ততবেশী করে সাম্প্রদায়িকতার বীজ বপন করে চলছিলেন দেশের সমস্ত স্থানে। থারফলে আমরা দেখেছিলাম 'মুসলিম লীগ', 'হিন্দু মহাসভা' এই সমস্ত সাম্প্রদায়িক শক্তির জন্ম হয়েছিল। এই সাম্প্রাদায়িক শক্তির কাছে কংগ্রেস সেদিন মাথানত করেছিল। আজও সেই চিত্র। আজও চলছে বিভেদ নীতি ও লড়াই। যে পুঁজিবাদী চিস্তার ফলে বটিশ তথা সাম্রাজ্য-বাদী শক্তি দেশের মধ্যে সাম্প্রদায়িকতার ঘাঁটি গড়েছিল ও টি কিয়ে রেখেছিল, ঠিক একই ভাবে এই কংগ্রেস দল দেশের মধ্যে সাম্প্রদায়িক শক্তি, বিচ্ছিন্নতাবাদের স্বাষ্ট করে চলেছে। এর ফল আজ আমর। লক্ষ্য করছি। আজ তশশীল জাতি ও তপশীল উপজাতি, ইত্যাদি নানা কথা বলা হয়। ভারতবর্ষ স্বাধীনতা লাভের ৩৬ বছর পরেও দেশের মান্তবের একাংশ আজ্বও অফরত কেন ? আছও কেন সারা ভারতবর্ষে তথা রাজ্যের বিধানসভাতে ৮০ লক্ষ্য শিশুর প্রাথমিক শিক্ষা নিয়ে বিচার করতে হবে ? আপনার। বলেন, আমর। ধর্ম নিরপেক্ষ ও সমাজতন্ত্রের আদর্শ নিয়ে চলি। তাহলে প্রশ্ন রাখি, স্বাধীনতার এত পরেও কেন একটা সমাজ অম্বন্ধত রয়ে গেল? সারা ভারতবর্ষে আপনারা এই কথা বলছেন। পশ্চিমবাংলার বিধানসভাতে এই কথা বলতে অস্কবিধা হচ্ছে। তাই আইন শৃঙ্খলাকে টেনে এনেছেন। সৌমেন মিত্র মহাশয় সংশোধনী দিয়েছেন— সরকার নাকি শান্তি কমিটি ও নাগরিক কমিটির মধ্যে দিয়ে কাজ করছেন, প্রশাসন চালাচ্ছেন।

আমাদের সৌভাগ্য, অজিত পাঁজা মহাশয় এথানে এসেছেন। তিনি বলেছেন, হেমেন মণ্ডল নাকি তাঁকে এলাকায় চুকতে দেয় নি। রাজ্য কংগ্রেস (ই) সভাপতি স্ক্রানন্দবাবু বলছেন, হেমেন মণ্ডল কংগ্রেসের কেউ নয়। এথানেও ওদের মধ্যে গণ্ডগোল দেখা দিয়েছে। ওরা যথন লাঠি, বোমা ইত্যাদি নিয়ে পথে নামে তথন স্বাভাবিক কারণে এক এক সময় হত্চকিত হয়ে পড়ে। একথা ভাবতে আজকে সভিয়ই লজ্জা লাগে যথন ওঁরা বলেন শাস্তি কমিটি বা নাগ্রিক কমিটির মধ্যে দিয়ে পুলিশ তথা প্রশাসনকে শক্তিশালী করা হচ্ছে। স্বাধীনতার পরে একই চিন্তা ওঁদের রয়ে গেছে। স্বাধীনতা

আন্দোলনে কার্যতঃ যারা বিরোধিতা করেছিল, তাদের ছাড়া ভারতবর্ষ চলতে পারে না—একথা ভারতেও অবাক লাগে।

আপনারা মাহ্মকে সে ক্ষমতা দেননি। আমরা পঞ্চায়েতের মাধ্যমে মাহ্মকে কিছু ক্ষমতা দিয়েছি। ওরা বলেছেন পঞ্চায়েতের মধ্য দিয়ে তুর্নীতি এসেছে। হাজার হাজার পঞ্চায়েত ষেখানে তৈরী হয়েছে তার মধ্যে ২/৪ জন থারাপ লোক থাকবেই। কিন্তু যদি সচেতন হয়ে দেখেন তাহলে দেখবেন সি. পি. এমের পক্ষ থেকে, আমাদের এবং আরু, এস, পির পক্ষ থেকে বেশ কিছু লোককে এরজন্য দল থেকে বিভাডিত করা হয়েছে। অথচ আপনারা যারা খারাপ কাজ করে তাদের আপনারা কোলে টেনে নেন। তাদের দিয়ে আইন-শৃঙ্খলা পরিস্থিতি থারাপ হোক সে চেষ্টা আপনার করেন। থিদিরপুরের ঘটনাকে কেন্দ্র করে আপনারা রাজনৈতিক ফয়দা লঠতে চাইছেন। ধর্মঘটের সময়ে দেখলাম স্থব্রতবাব এবং ডাঃ শিশির বস্থু যাবেন সেই মিছিল পরিচালনা করতে। আমরা মান্নুষকে সচেতন করতে চাই। আমরা যা করিনি তা বলিনি। বলা হচ্ছে এটা নেই, ওটা নেই। রাজ্যপাল সরকারের যা সাফল্য তাই বলেছেন। ব্যর্থতা সকলের থাকে। কিন্তু আপনার। ভাল দিকগুলি দেখতে পাননি। বললেন আমরা সব থারাপ করে দিয়েছি. সোনার বাংলা করতে পারিনি। পেটের ভাত যোগাড করার জন্ম আপনাদের আমলে গরিব মাছ্মবণ্ডলো বাড়ীর মেয়েদের বাজারে বিক্রি করতো। ৩০ বছরে আপনাদের সময়ে এ জিনিয হয়েছে। কিন্তু আমাদের সময়ে এ জিনিষ একটাও হয়নি। একটি লোকও না থেয়ে মারা যায়নি, অভাবের তাড়নায় শিশু বা পরিবারের কাউকে বিক্রি করেনি। এক আধজন দজ্জাল শাশুড়ী থাকে যারা বোয়ের রামা কোনদিন পছন্দ করেনা এবং একটা না একটা দোষ ধরেই। যেদিন কিছু ধরতে পারেনা সেদিন বলে একট বেলা করে রান্না করলে গ্রম থাকতো। যাহোক পঞ্চায়েত ব্যবস্থার মধ্যদিয়ে আমরা প্রশাসণকে গ্রামের মধ্যে পৌছে দিয়েছি। বি. ডি. ও. ব। হাকিম সাহেবরা কোথাও কোথাও অসম্ভষ্ট হলেও কাজ দ্রুত হয়েছে। জয়নাল সাহেব বললেন কোন ম্যাসেট তৈরী হয়নি। ওরা ম্যাসেট বলতে কণ্ট্রকটারকে দিয়ে ঘর বাড়ী তৈরী করার কথা ভাবেন, কারণ সেথান থেকে তাঁদের কিছু বথরা হোত। ভোটের সময়ে রাস্তাগুলি তৈরী বামেরামত হোত। কিন্তু এখন সারা বছর গ্রামের মধ্যে কাক্ত হচ্ছে যাতে মাহুষ সারা বছর কাজ পাচ্ছে। আপনারা আসলে চান পুঁজিবাদী ব্যবস্থা থাক। ৎ কর্ডনের কথা, চটকলের কথা বললেন। কেন্দ্রের কাছ থেকে চটকলের মালিকান। ৭৫ কোটি টাকা নিয়ে এলেন চটকলের উন্নতি করার জন্ম। তার কি হল ? ধানের কথা বললেন, আমরা এফ. সি. আইকে দিয়ে সমস্ত জায়গা থেকে ধান কেনাতে পার্চি না। তাঁরা চেষ্টা করছেন কি করে অভাব অনটন থাকে এবং গরিব মান্নবের অভাব অনটন থাকলে অপেক্ষাকৃত ধনী লোকগুলোর লাভ হবে। স্থতরাং এথানেই আপনাদের সঙ্গে আমাদের লক্ষ্য এবং দৃষ্টির ফারাক। সেজগু গরিব মানুষদের ক্ষমতা আমরা দিয়েছি। ২/১টি জায়গার ভোটের কথা বললেন। এটা ঠিক ২/১টা জায়গায় আমরা হেরেছি।

[ 5-10-5-20 P.M.]

পতিতবাবুর বালি একটা মিজনিসিপ্যালিটি, সেখানে আমরা হেরেছি। কিন্তু আমরা আপনাদের নেত্রী ইন্দিরা গান্ধীর মত কাশ্মীরে নির্বাচনের পরে চিৎকার করে বলিনি যে রিগিং হয়েছে রিগিং হয়েছে। আমরা বলেছি প্রতিহত কর, আমরা বলেছি কোথাও ভোটের ক্ষেত্রে মার্জিগ্যাল লোক আছে, কিন্তু ভোটে হেরে গেলে কাশ্মীরে বলেছেন রিগিং হয়েছে, ডাঃ ফারুক আবহুল্লাকে সরাতে হবে এ জিনিস আমরা বলিনি। আপনারা ফারুক আবহুল্লাকে দেশপ্রোহী বলেছেন বারা সঙ্গে সেদিন পর্যন্ত অঁতাত করে নির্বাচন করেছেন। তারিক আবহুল্লা যিনি ১৯৬৫ সালের য়ুদ্ধের পরে পাকিস্তানের হয়ে রাষ্ট্রসংঘে গিয়ে ওকালতি করেছেন তাঁকে দলে নিয়ে গিয়ে আজকে ফারুক আবহুল্লার উপর দোযারোপ করছেন। এইভাবে জাতীয়তা বিরোধী যে শক্তি, রাষ্ট্র বিরোধী যে শক্তি, সাম্প্রদায়িকতাবাদী যে শক্তি তার সঙ্গে আপনারা হাত মেলাছেন। পশ্চিমবঙ্গের বামক্রণ্ট সরকার আপনাদের এই প্রচেটার বিরুদ্ধে অত্যন্ত কঠিনভাবে দাঁড়িয়ে আছে বলেই- আপনারা আমাদের উপর ক্ষিপ্ত এবং ক্ষ্বে। সেই কারণেই আপনাদের এই সমালোচনা। সেজগু আপনাদের যে সংশোধনী তার বিরোধীতা করছি এবং মাননীয় রাজ্যপাল এই সরকারের হয়ে যে ভাবণ দিয়েছেন তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**এটিদেবপ্রসাদ সরকার**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় রাজ্যপাল বাম**ক্রন্ট** সরকার বা মৃথ্যমন্ত্রী রচিত ভাষণ যেটা সংসদীয় প্রথা অমুসারে রাজ্যপালের ভাষণ হিসাবে পর্যবসিত হয়ে আমাদের সামনে উপস্থাপিত করেছেন এই ভাষণের মধ্য দিয়ে পশ্চিমবঙ্গের প্রকৃত চিত্র বামফ্রণ্টের রাজত্বে যা ঘটছে সেট। বামফ্রণ্ট সরকার পশ্চিমবঙ্গের জনসাধারণের সামনে তুলে ধরতে সাহস পাননি। একথা থুব পরিস্কার যে বাস্তব চিত্র তুলে ধরলে পশ্চিমবঙ্গের জনসাধারণের সামনে তাঁদের মৃথ থাকবে না। এই ভাষণে প্রথমতঃ যে আইনশৃংখলার বিষয়টা বলা হয়েছে তাতে তাঁরা বলেছেন অত্যন্ত নির্লজ্জভাবে যে, পশ্চিমবঙ্গ শান্তিপূর্ণভাবে বসবাস করবার রাজ্য হিসাবে পরিগণিত হতে পারে। আমার বক্তব্য জ্যোতিবাবুরা এই ভাষণ রচনা করবার সময় একবারও কি ভেবেছিলেন তাঁদের এই ভাষণ শোনবার পর উজ্জ্বলের বাবা মার মনে, ঐ তীর্থক্করের বাবা মার মনে, দঞ্জীবের বাবা মার মনে, সোহনের বাবার মনে, গৌরীবাড়ীর মান্তবের মনে, কসবার মাছবের মনে, তিলজলার মাছবের মনে, হাওড়ার মাছবের মনে তথা পশ্চিমবঙ্গের মাছবের মনে কেমনভাবে বাহ্মবে ? আজকে উজ্জলের হত্যার মত এইরকম নিষ্টুর মর্মাস্তিক নজীর যা পশ্চিমবঙ্গের বুকে স্ষষ্টি হল তারপরেও আইনশৃংখলার কথা আপনারা বলেন ? প্র্যাক্টিক্যালি পুলিশপ্র শাসনকে চ্যালেঞ্জ করে সমাজ বিরোধীরা একটা নিষ্পাপ শিশুকে হত্যা করেছে। কয়েকদিন সময় পাওয়া সত্ত্বেও তাকে জীবিত অবস্থায় মায়ের কোলে ফিরিয়ে দেওয়ার যে সরকারের ক্ষমতা নেই তার। আবার আইনশৃংথলার কথা বলে। এটা ওধু পুলিশ প্রশাসনের দিক থেকে ডিসগ্রেস নয়, ইট ইন্ধ এ ডিসগ্রেস অন দি পার্ট অব দি গভর্নমেন্ট, যে কোন সভ্য দেশের পুলিশ মন্ত্রী এই কারণে

ডেফিনিটলি পদত্যাগ করত। আজকে কেন সমাজ বিরোধীদের দৌরাত্ম দিনের পর দিন বাড়ছে ? এর কারণ কি, হু ইজ রেমপনসিবল ? সমাজ বিরোধীদের দৌরাত্ম বাড়বে এতে আশ্চর্য হ্বার কি আছে ?

সরকার নিজে যেথানে ক্রিমিন্সালদের সিল্ড করছেন সেথানে সমাজবিরোধীদের দৌরাত্ম তো বাড়বেই। ব্যারাকপুরে কিশোর হত্যার রহস্ত উপঘটিনে তাঁরা বার্থ হয়েছেন। এটাকে কি ক্রিমিন্সাল—দে সিল্ড করা বলেনা ? কি বলবেন এটাকে ? আজকে সমাজবিরোধীদের ঠ্যাঙ্গাড়ে বাহিনী হিসেবে কারা ব্যবহার করছেন ? বিপ্লব নাহলে কিছু হবেনা, পুজিবাদী সমাজ ব্যবস্থায় বেকার সমস্তা, অভাবের তাড়নায় এই সমস্ত জিনিস বাড়বেই এসব কথা বলে জ্যোতিবাবুরা রেহাই পাবেননা। এই অবস্থার স্থযোগ নিয়ে আপনারা মাস্থ্যকে স্নীতিপূর্ণ অসামাজিক জীবনযাত্তা নির্বাহ করতে উৎসাহিত করছেন। আজকে আপনারা লক্ষ্য করে দেখবেন পশ্চিমবাংলায় সিনেমা টিকিট প্রকাশ্তে ব্ল্যাকমার্কেটে বিক্রি হচ্ছে। গৌরীবাড়ীর ম্যাসাকার সরকার কি জানেননা, পুলিশ জানেনা? ওয়াগান বেকারদের ইতিহাস পুলিশ প্রশাসন জানেনা? ইজ ইট আননোন টু দি গভর্ণমেন্ট ? আজকে দর্বত্র চোরাই মালের ব্যবসা চলছে। প্রতিটি সীমাস্ত এলাকায় সমাজবিরোধীরা ব্যাপকভাবে ডাকাতি করছে, চোরা চালান করছে। যাকে বলে আনেথিক্যাল মিনস্ব্বেল লাইবলীহুড নেই দিকে আপনারা দেশের যুব সমাজকে ঠেলে দিচ্ছেন। এরা দলের নেতাদের জন্ম অর্থ সংগ্রহ করে এবং এরা হচ্ছে এক একটি চেইন। এই আণ্ডারওয়াল্ড বাহিনীর ' সঙ্গে শাসক দল এবং পুলিশ প্রশাসনের যোগপাজস রয়েছে। ক্যান ইউ ডিনাই ইট ? এর হচ্ছে দলের নেতাদের জন্ম অর্থ সংগ্রহের একটা সোর্গ এবং সরকার বিরোধী গণ আন্দোলনকে দমন করবার জন্ম এই ঠেক্সাড়ে বাহিনী তৈরী করা হয়েছে। ত্বংখের বিষয় এই সমস্ত সমাজ্বিরোধীদের দমন করতে পুলিশ প্রশাসন ব্যর্থ হয়েছে। গণ আন্দোলন দমন করার ক্ষেত্রে পুলিশের তাণ্ডব প শ্চিমবাংলার মান্ত্র জানে। বাসভাড়া বুদ্ধি প্রতিরোধ আন্দালনে পুলিশের গুলিতে ও জন মারা গেছে, প্রেস ফটোগ্রাফাররা নিগৃহীত হয়েছেন, সাংবাদিকরা নিগৃহীত হয়েছেন। কিছুদিন আগে দেখলাম জুনিয়র ডাক্তারদের আন্দোলনকে দমন করার জন্ম পুলিশ প্রশাসমের ভূমিকা বিরাট। হাসপাতালে ঢুকে পুলিশ ডাক্তারদের পিটিয়েছে। ডাক্তারদের সঙ্গে পুলিশ এবারে যে ব্যবহার করেছে তা আনপ্যারালাল। এ জিনিষ কল্পনাও করা যায়না। আজকে নকশাল হত্যার নামে নদীয়া এবং জলপাইগুড়িতে ১৩ জন নকশাল বলে পরিচিত যুবককে নৃশংসভাবে যে হত্যা করা হল তার কোন তদক্ষীনা, দোষীদের শাস্তি দেওয়া হলনা। এই জিনিস যথন পশ্চিমবাংলায় চলছে তথন আপনারা শাস্তি শৃংখলার উন্নতি হয়েছে বলে তৃপ্তি লাভ করেন।

[5-20—5-30 P.M.]

একজন দায়িত্বশীল মন্ত্রী চ্যালেঞ্জ করেছেন এই ৭ হাজার খুন হয়েছে তাদের নাম দিতে পারেন ? হ্যা নাম দিতে পারে on behalf of the opposition, I face the challenge.

আমি বলতে চাই মোর ভান ৮০০০ খুন হয়েছে। আপনাদের স্বরাষ্ট্র মন্ত্রী কি জবাব দেবেন ? Here is the record, আনষ্টার্ড কোয়েশ্চেন রিটন কোয়েশ্চেন আছে। আমি বলছি let teh Home Minister deny, লেফ ট ফ্রন্ট গভর্ণমেন্ট ইনস্টলেসন ৮ হাজার খুন হয়েছে। Let them deny. উনি আবার চ্যালেঞ্চ করলেন এয়াজ ইফ এই রকম যেন খুন হয়নি। এই হোল এখানকার আইন শংখলার চিত্র। মাননীয় অধাক্ষ মহাশয় আজকে শিক্ষার প্রশ্নে এই বার আসি। ৩১ নং এবং ৩৫ নং অফ্লচ্চেদে এই ভাষণে বলা হয়েছে শিক্ষা ও সংস্কৃতিয় জন্ম এই বামফ্রণ্ট সরকার কত কি করেছেন কত রকম শিক্ষা প্রসারের কর্মসূচী নিয়েছেন, কতথানি শিক্ষা অফুরাগী এই সরকার। কিন্তু কার্যক্ষেত্রে আমরা দেখচি কি ? শিক্ষা সংস্কৃতি মহুদ্যাত্মকে এঁরা নিধন করবার চেষ্টা করছেন। প্রথমিক স্তর থেকে ইংরাজী তুলে দেবার ব্যাপারে অনেক আলোচনা হয়েছে। এবারে একটি সর্বনাশা পদক্ষেপ ওঁরা নিচ্ছেন— প্রাথমিক স্তরে অর্থাৎ চতর্থ শ্রেণী পর্যন্ত সমস্ত ছেলে-মেয়েদের অটোমেটিক প্রমোসন চালু করছেন। অর্থাৎ ভর্তি হবার পর থেকে—ভর্তি হতে পারলে ছেলে-মেয়ের। চতুর্থ শ্রেণী পর্যন্ত উঠে যেতে পারবেন। কিন্তু তার পঞ্চম শ্রেণীতে যেতে গেলে এ্যাডমিসন টেষ্ট অতিক্রম করতে হবে। সেথানে অসংখ্য ছাত্র ছাত্রীকে প্রাথমিক স্তরে ইতি হয়ে যেতে হবে। এইভাবে তারা শিক্ষাকে সংকোচন করছেন। তাদের লেখাপড়া বন্ধ করে দেবার ব্যবস্থা করা হচ্ছে। এ বছরেই দেখুন অনেক ছেলে-মেয়ে পঞ্চম শ্রেণীতে ভর্তি হতে পারছে না। অনেক গার্জেন হত্তে হয়ে ঘুরে বেড়াচ্ছে। তারা তাদের ছেলে-মেয়েদের জল কিছুই ব্যবস্থা করতে পারছে না। এই কি শিক্ষার নিরবচ্ছিন্ন মূল্যায়ণ। অক্যান্ত দেশের সঙ্গে তুলনা করলে কি মনে হবে পূ আজকে শিক্ষার কি উপকরণ। অনেক স্কুল গাছের তলায় বদে, ঘরের চালা পর্যন্ত নেই। একটা ব্ল্যাক বোর্ড নেই বছর পার হয়ে গেলেও পাঠ্য পুস্তক গিয়ে পৌছায় না। ক্লাসের উপযোগী শিক্ষক নাই। এইদৰ দৰ্বনাশা কাজ ওঁরা করছেন। আজকে প্রাথমিক স্তর থেকে ইংরাজীকে তুলে দিয়েছেন। এর প্রতিবাদে দেশ ববেণা শিক্ষাত্রতী সকল স্তরের মামুষ প্রতিবাদে মুখর হয়ে উঠেছিল। তাতে নুখ্যমন্ত্রী জ্যোতিবাবু বলেছিলেন যে ইংরাজী তো একেবারে তলে দেওয়া হচ্ছে না। ইংরাজীকে বিদর্জন দেওয়া যায় না—ইংরাজী রিপ্লেস করা চলে না। প্রসাসনিকের সর্বক্ষে ইংরাজীর প্রয়োজন আছে। এতোই যদি প্রয়োজন বুঝলেন তাহলে ইংরাজীকে প্রাথমিক স্তর থেকে তুলে দিলেন কেন । আপনাদের নাতনির তো ব্যবস্থা রেথে দিয়েছেন। মন্ত্রীদের ছেলেমেয়েদের ইংরাজী শিক্ষাকে অব্যাহত করে রেথে দিয়েছেন।

কিন্তু সাধারণ ঘরের ছেলেদের এই সর্বনাশ করে যাচ্ছেন। ফলে আজকে সর্বনাশা একটা জায়গায় আপনারা ঠেলে দিচ্ছেন। এটা কোন বিচ্ছিন্ন ঘটনা নয়, আজকে ল এয়াও অর্ডারের কোশ্চেন উঠেছে, ল এয়াও অর্ডার নিয়ে সকলে চিৎকার করছেন, সবাইকে ভাবিয়ে তুলেছে, সবাই উদ্বিয়। কিন্তু এই ল এয়াও অর্ডার আরও বেশী ডেটরিয়েট করবে, গদি এই সর্বনাশা এতুকেশন্তাল পলিশি চলে, যা মন্ত্রম্বাক্তক সংহার করছে, এই মন্ত্রম্বাক্ত সংহারকারী বিবেক, মন্ত্রম্বাক্ত সংহারকারী শিক্ষা পশ্চিমবাংলায় আগামী দিনে ল এয়াও অর্ডারের কোশ্চেনকে আরও নিয়ম্থী করবে, আরও সর্বনাশা

দিন আসবে। আমি সময় পেলে এই জায়গায় আসবো। আর একটা কথা এথানে বলা হচ্ছে, জেনে-শুনে বলা হচ্ছে কিনা আমি জানি না, জ্যোতিবাবু বলছেন এবং সম্প্রতি জ্যোতিবাবু তাঁর একজন স্তাবক পেয়েছেন স্থবত বাবুকে, গতবার স্থবতবাবু বলেছিলেন যে আমরা ঐ এম. ইউ. দি'র মত প্রাথমিক স্তরে ইংরাজী শিক্ষা তুলে দিয়ে, মাতৃভাষার মাধ্যমে শিক্ষার আমরা পক্ষপাতি। অভূত কথা, এই কথা জ্যোতিবার বলেন, কে বলভে, শিক্ষা সংকোচন বিরোধী স্বাধিকার রক্ষা কমিটি, তারা ষে কথা বলছেন, অন্তান্ত শিক্ষাবিদরা যে কথা বলছেন, আমরা যে কথা বলছি. মাতভাষার মাধ্যমে শিক্ষা, এই প্রশ্ন নিয়ে কে জিদ তুলেছে ? আজকে নয়, ১৯৩৬ সাল থেকে মাতৃভাষার মাধ্যমে শিক্ষা —ইতিহাস যদি জানেন, একট পাতা উন্টে দেখবেন, ১৯৩৬ সাল থেকে, আশুতোষ মুখার্জীর আমল থেকে ডিগ্রী স্তর প্র্যাস্ত মাতৃভাষার মাধ্যমে শিক্ষা চালু হয়েছে, সেখানে বামফ্রণ্ট সরকারের কোন ক্রেডিট নেই। কোন্চেন হচ্ছে, আপনারা দেশের ব্যাপক সাধারণ মান্তবের অংশকে ইংরাজী শিক্ষার প্রাথমিক স্তর থেকে তুলে দিচ্ছেন, এটা কেন ? ফেস করার যদি সাহস থাকে, সরাসরি ফেস করুন। অবশ্য স্ক্রতবাবুর উপায় নেই, বিরোধিতার ছলে জ্যোতিবাবুর শিক্ষা নীতিকে সমর্থন করতেই হবে, কারণ এই ভাষা নীতি, এই শিক্ষানীতি ইন্দিরা কংগ্রেস সরকারের, দীর্ঘদিনের তাদের পরি-কল্পিত শিক্ষা নীতি, যেটা তাঁরা এথানে জনরোষের সামনে কার্য্যকরী করতে পারেন নি, বাম-ফ্রণ্টের বাম পন্থা মুখোস নিয়ে, জনবিরোধী এই নীতিকে কার্য্যকরী করতে চলেছেন। ফলে প্রাথমিক স্তরে শুধু ইংরাজী শিক্ষার প্রশ্নই নয়, এথানে কংগ্রেদের সংগে তাঁরা যেমন ঐক্যমত এবং ক নো ভিটেনশন স্কীম বামফ্রণ্ট সরকার এথানে চালু করেছেন। কেন্দ্রীয় সরকার ৮ম শ্রেণী প্র্যাস্ত নো ডিটেনশন স্কীম চালু করছেন। ফলে আজকে ভারতবর্ষের পুঁজিপতি শ্রেণী এবং বাম পন্থার মুথোসধারী দল, এরা সকলে আজকে পুঁজিপতিদের স্বার্থে ভারতবর্ষে ফ্যাসিবাদের স্বার্থে এই জনবিরোধী শিক্ষা নীতি, ভাষা নীতি দেশের মাত্র্যের ঘাড়ে চাপিয়ে দিচ্ছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মূল্য বৃদ্ধির ব্যাপারে যদি আলোচনা করা যায়, যেটা পশ্চিমবাংলার জনজীবনে মারাত্মক ভাবে বিপর্য্যন্ত করে ফেলেছে এবং সেই সম্পর্কে বামফ্রন্ট সরকারের আদে কোন উদ্বেগ আছে কিনা জানি না, তাঁরা ভাষা ভাষা ছ চারটি কথা বলেছেন। কিন্তু এই ক্ষেত্রে তাঁরা যেটা বলছেন যে মূল্য বৃদ্ধির জন্ম কেন্দ্রীয় সরকার দায়ী। কেন্দ্রীয় সরকারের উপর দায় দায়িও চাপিয়ে তাঁরা তাঁদের দায়িও স্থালন করেছেন। অথচ গোটা দেশের মাতুষ জানে, পশ্চিমবাংলার মাতৃষ জানে যে আজকে পুঁজিবানে স্থার্থে, ভারতবর্ষের পুঁজিপতি শ্রেণীর বিশ্বস্ত সেবাদাস হিসাবে নিজেদের প্রমাণ করার প্রতিযোগিতায় লিপ্ত কেন্দ্রের কংগ্রেদী সরকার এবং পশ্চিমবাংলার বামফ্রণ্ট সরকার উভয়ের দর এবং দর নীতি আজকে মূল্য বৃদ্ধির একমাত্র কারণ। উভয়েই আজকে বাজেট এবং বাজেট বহিন্তু তভাবে যেভাবে কর বাড়াচ্ছেন, দর বাড়াচ্ছেন, তার ফলে জিনিস পত্রের দাম উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। ফলে শুধুমাত্র কেন্দ্রীয় সরকারকে দোযারোপ করলে এক দোযে চুষ্টিত হবে। ফলে আমি আজকে তাদের প্রশ্ন করতে চাই, কারণ এঁরা যেমন প্রশাসনিক উপায়ে দর বাড়াচ্ছেন, আপনারাও দর বাড়াচ্ছেন, বিহাতের দর বাড়িয়েছেন, হুধের দর বাড়িয়েছেন, রেশনে চাল গমের

উপর ট্যাক্স করেছেন, বিভিন্ন ক্ষেত্রে ট্যাক্স বসিয়েছেন বিভিন্ন ভাবে, কিছু বাজেট বহিন্ত্ তভাবে। গতবার ৪০ কোটি টাকা আপনারা ট্যাক্স বসিয়েছেন, কেন্দ্রীয় সরকারের পদাংক অন্তুসরণ করেছেন, আজকে এই জিনিস করেছেন। আজকে পশ্চিমবাংলার জনসাধারণ আপনাদের কাছে প্রশ্ন করতে পারে মূল্য বৃদ্ধির জন্য। আপনারা তো প্রায় কম করে ৭ বছর ক্ষমতায় এসে গেছেন।

#### [5-30 -5-40 P.M.]

কিন্তু এই ৭ বছরের মধ্যে আপনারা মাত্রষের নিত্য প্রয়োজনীয় জিনিস সহজলভ্য করার জ্বন্য কোন গণমুখী কার্যকরী প্রকল্প গ্রহণ করতে পারেন নি। কোন গণমুখী কার্যকরী প্রকল্প গ্রহণ করতে পেরেছেন? চোরাকারবারীদের হাত থেকে মাতুষকে মক্তি দেবার জন্ম থাত্ম শশু সহ সমস্ত নিত্য প্রয়োজনীয় জিনিসের রাষ্ট্রীয় বাণিজ্য প্রবর্তন করেননি কেন ? ক্রেমে আমলে রাষ্ট্রীয় বাণিজ্য পাইকারী ব্যবসার ক্ষেত্রে যা ছিল্ন সেটাকেও আপনারা প্রত্যাহার করে নিলেন কেন ? আপনারা জোতদারদের উপর লেভি ধার্য্য করেননি কেন ? তাদের লেভির আওতা থেকে মৃক্ত করলেন কেন? চালকল মালিকদের লেভি মৃক্ত করেছেন কেন? এসেনসিয়াল কমোডিটিজ এ্যাক্ট প্রয়োগ করে চোরাকারবারী, মজুতদার, কালোবাজারী, মূনাফা-থোরদের বিরুদ্ধে উপযুক্ত কার্যকরী বাবস্থা নেন নি কেন ? এই সমস্ত বাবস্থা না নেবার ফলে পশ্চিমবাংলায় মূল্যবৃদ্ধি ঘটেছে। এই মূল্য বৃদ্ধিতে বামফ্রণ্ট সরকারের অবদান যে কম নেই, এই কথা অস্বীকার করবার উপায় নেই। এই কথা ভাষণের মধ্যে এভটুকু স্বীকার করে নেবার মত সং সাহস এদের নেই। আপনারা বলছেন এবার নাকি বাম্পার ক্রপ হয়েছে, অথচ সেথানে আপনাদের আভ্যন্তরীণ থাত সংগ্রহের লক্ষ্য মাত্রা ১ লক্ষ ২৫ হাজার টন ধার্য্য করা হয়েছে। এর মধ্যে কতটুকু আবার সংগৃহীত হয়েছে সেটা আমরা জানি না। বাষ্পার ক্রপ হওয়া সত্ত্বেও আজকে যেটুকু সংগ্রহের লক্ষ্য মাত্রা ধার্ব করেছেন সেটা প্রয়োজনের তুলনায় খুবই কম। অর্থাৎ এইভাবে আপনারা জোতদার, কালোবাস্থারী, মজুতদার, চোরাকারবারী, চালকল মালিকদের লেভি মুক্ত করে অবাধ চোরাকারবার করার স্থযোগ করে দিচ্ছেন। ফলে পশ্চিমবাংলার মান্তবের তুরবন্ধা বাড়ছে। কাজেই এই মূলাবৃদ্ধিতে আপনাদের দায়িত্বও কন নেই। আই. এম. এফ. এর কথা বলেছেন। আই. এম. এফ. এর লোন ষেমন মূল্য বৃদ্ধিতে সাহায্য করেছে, তেমনি ওয়ারল্ড ব্যাংকের ঋণও পশ্চিমবাংলাকে ঋর্জরিত করে তুলেছে। ওয়ারল্ড ব্যাংকের ঋণ গোটা পশ্চিমবাংলাকে জর্জরিত করে তুলেছে। এর কনডিসনগুলি থ্বই ষ্ট্রিনজেন্ট। এর ফলে মূল্যবৃদ্ধি ঘটেছে। আমার আর সময় নেই, লাল আলো জলে গেছে। আপনি বসার জন্ম অমুরোধ করে চলেছেন। কাজেই আমি এই ভাষণের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

্রিক্সভাষ গোস্বামী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সভায় মাননীয় রাজ্যপাল মহোদয়

কে ভাষণ দিয়েছেন এবং তার উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব উত্থাপিত হয়েছে আমি সেই প্রস্তাব

সমর্থন করছি। এই প্রস্তাবের উপর বিতর্ক চলাকালে বিরোধী পক্ষের মাননীয় সদস্যগণ বিশেষ

করে ডাঃ জয়নাল আবেদিন এবং ডাঃ শিশির বস্থ মহাশয় যে বিশেষণগুলি দিয়ে তাদের আলোচনার স্ত্রপাত ঘটালেন সেগুলি থবরের কাগজের ভাল ক্যাপসান হতে পারে, কিন্তু তার প্রতিপাত বিষয় তারা সাবস্ট্যানসিয়েট করতে পারেন নি। মূলতঃ তারা আমাদের রাজ্যের যে উপসর্গগুলি দেখা দিয়েছে সেগুলি নিয়েই আলোচনা করলেন, মূল রোগ নির্ণয়ের দিকে গেলেন না এবং যাবার চেইণ্ড করলেন না। আজকে সামগ্রিকভাবে দেশের অর্থ নৈতিক অবস্থা যে জায়গায় গিয়ে দাঁড়িয়েছে—বিশেষ করে:কেন্দ্রীয় সরকার এই অর্থ নৈতিক সমস্থার ভারে যেভাবে জর্জরিত হয়েছে, যেভাবে হোঁচট থাছে তাতে তারা কেবল তাদের নিজেদেরই পিট বাঁচাতেই সচেষ্ট এবং রাজ্যগুলির স্থার্থকে উপেক্ষা করে তারা কেবল নিজেদের কৃতিত্বই জাহির করার জন্ম বান্ত। সেই জন্ম রাজ্যপাল মহোদয়-তার ভাষণে যথার্থ ই বলেছেন যে ক্রমাগত রাজ্যের দাবীগুলিকে উপেক্ষা করা হছে এবং এই রাজ্যের প্রতি যে অবিচার হছে কেন্দ্রীয় সরকার মনোযোগসহকারে সেদিকে দৃষ্টি দিছেন না। তাদের অভাব অভিযোগ, চাহিদার দিকে নজর দিছেন না। রাজ্যপাল তাঁর ভাষণে আরো বলেছেন সরকারী ক্ষেত্রে যে সম্পদ সংগৃহীত হয় এবং রাজ্যগুলির মধ্যে তা যেভাবে বন্টন করা হয় তাতে তাদের অংশ কেবল দিনের পর দিন কমেই যাছে।

পঞ্চাশের দশকে যেখানে রাজ্যসরকারগুলিকে পঞ্চান্ন শতাংশ সাহায্য দেওয়া হ'ত এখন সেটা ৩০ শতাংশে এসে দাঁড়িয়েছে। কেন্দ্রীয় সরকারের নীতির ফলে একদিকে মামুষের অভাব অভিযোগ, তুর্দশা দিনের পর দিন বাড়ছে, তাদের প্রত্যাশা বাড়ছে আবার অন্তদিকে যেটুক স্থযোগ স্ববিধা রাজ্যসরকারগুলির হাতে ছিল, যেটকু সম্পদ সংগ্রহের স্থত্ত এবং সম্ভাবনা রাজগুলির হাতে ছিল তাও দিনের পর দিন সংকৃচিত করা হচ্ছে। কেন্দ্রীয় সরকার এক একটি ফতেয়া জারি করে এই সমস্ত কান্ধ করছেন। বেকার সমস্তার কথা আন্ধ সারা ভারতবর্ষেই আলোচিত হচ্ছে। পশ্চিমবঙ্গে রেজিঞ্জিকত বেকারের সংখ্যার ক্ষেত্রেও পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে। বামফ্রন্ট সরকার এমপ্লয়মেন্ট এক্সচেপ্লের মাধ্যমে চাকরি দেবার নীতি ঘোষণা করার পর এবং বেকারভাতা প্রবর্তন করার পর ষেস্ব বেকার আগে নাম লেখান নি তারাও আজকে নাম লেখাচ্ছেন ফলে রেজিষ্টিকত বেকারের সংখ্যা বৃদ্ধি পেয়েছে। এরা আগেও বেকার ছিল, হঠাৎ বেকার হয়নি কিন্তু আগে নাম লেখায়নি, এখন নাম লেখাচ্ছেন। এই বেকার সমস্থার সমাধানের জন্ম এ প্র্যান্ত কতটুকু কি করা হয়েছে ? স্মরণাতীতকালে আমরা জানি ছুর্গাপুরে একটি ভারি শিল্প গড়ে উঠেছিল, তারপর আর এরাজ্যে ভারি 🎮 গড়ে ওঠে নি। এই বিধানসভা থেকে বারবার এ সম্পর্কে প্রস্তাব গ্রহণ করা হয়েছে যে কতকগুলি শিল্প এখানে চালু করা হোক, রাজ্যের মন্ত্রীরা বার বার দিল্লী গিয়েছেন. এ সম্পর্কে তদ্বির করেছেন, ধর্ণা দিয়েছেন, তাদের বোঝাবার চেষ্টা করেছেন, মুখ্যমন্ত্রী মহাশন্ত্রও বারবার চিঠি লিখেছেন কিন্তু সেই সমস্ত শিল্প বা কলকারখানা এখানে গড়ে ওঠে নি, সে সম্পর্কে সবুজ সংকেতও পাওয়া যায়নি। এই যদি অবস্থা হয় তাহলে কি করে বেকার সমস্তার সমাধান হতে পারে ? তারপর দামোদর নদীর অববাহিকা অঞ্চলে বাঁকুড়ার মেজিয়া থেকে পুরুলিয়া পর্য্যক্ত যে বিশাল উন্নত মানের কয়লার ভাণ্ডার রয়েছে সেই কয়লা উত্তোলনের কাজ আজ পর্যান্ত আরম্ভ

হয়নি। এই কয়লা উত্তোলনের কান্ধ যদি আরম্ভ করা যেত তাহলে বিরাট একটা কোল ডিভিসান এখানে স্বষ্ট হতে পারতো এবং লক্ষাধিক লোকের চাকরির সম্ভাবনা দেখা দিত কিন্তু কেন্দ্রীয় সরকার এখনও পর্যান্ত এক্ষেত্রে সেই ভাবে সাড়া দিছেন না বা এগিয়ে আসছেন না। এই কয়লা উত্তোলনের কান্ধ এটা কি বামফ্রন্ট সরকার করবে ? বামফ্রন্ট সরকারের কি সে ক্ষমতা আছে ? আমরা দেখছি কেন্দ্রীয় সরকার নিজের দায়িত্ব পালন করছেন না আর এখানে তাদের যারা প্রতিনিধি আছেন তারা সব কিছুর জন্ত দোষ চাপাছেন বামফ্রন্ট সরকারের উপর। ক্লয়ির উন্নতির কথা বলা হয়েছে। স্বাধীনতার পর থেকে আমরা জানি ক্লয়ির উন্নতির জন্ত, সেচের উন্নতির জন্ত মানুল বারবার আবেদন ভানিয়ে এসেছেন কিন্তু বিশেষ কিছুই করা হয়নি।

আমুরা জানি বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর, বীরভূম থেকে আরম্ভ করে উত্তরবঙ্গের বিন্তির্ণ এলাকায় কোন সেচব্যবস্থা নেই। বিংশ শতান্দীর প্রাস্ত দীমায় এসে আজকেও চাষীকে আকাশের দিকে তাকিয়ে থেকে বৃষ্টির জন্ম অপেক্ষা করতে হয়। যে বছর তালো বৃষ্টি হয় সে বছর চাষীর মনে উৎসাহ জাগে, তারা চাষ করে, ফসল উৎপাদন করে আর যে বছর বৃষ্টিতে কার্পণ্য দেখা যায় সে বছর তারা হাছতাশ করে। হাজার হাজার, লক্ষ লক্ষ চাষীকে আজও অদ্ষ্টের উপর নির্ভরশীল হয়ে থাকতে হয়। কোন নির্দিষ্ট পরিকল্পনা নিয়ে সেচের উন্নতির জন্ম রুঘির উন্নতির জন্ম আজও চেষ্টা হল না। এই যথন অবস্থা তথন আমরা দেখলাম ওরা কৃষি নিয়ে বড় বড় সব কথা বলে যাছেন।

#### [5-40--5-50 P.M.]

শিক্ষা নিয়ে এথানে অনেক কথা উঠেছে এবং মাননীয় সদক্ত দেবপ্রসাদ সরকারও অনেক কথা বলেছেন। আমি সেগুলির উত্তর দেবার প্রয়োজন মনে করি না। কারণ এই বিষয়ে বছবার উত্তর দেপ্রয়া হয়েছে। কলকাতা বিশ্ববিচ্চালয়ের উপাচার্য নিয়ে এথানে কথা উঠেছে। বিরোধী দলের সদক্ষরা রাজ্যপালের ভাষণে কনসিলমেন্টের অভিযোগ করেছেন। আবার অনেকে বলেছেন যে রাজ্যের শিক্ষা ব্যবস্থা ভেকে পড়েছে। আমি তাদের এই কথা বলতে চাই যে আজকে হাজার হাজার, লক্ষ লক্ষ শিশুরা প্রাথমিক বিচ্ছালয় থেকে মাধ্যমিক বিচ্ছালয়ে লেখাপড়া করার জন্ম এগিয়ে এসেছে। এই জিনিস আগে কখনও দেখা যায়নি। আজকে বামক্রন্ট সরকারে আসায় শিক্ষার অন্তর্কুল পরিবেশ স্বষ্টি হয়েছে এবং এর ফলে যারা শিক্ষার আলো থেকে বঞ্চিত ছিল তারা সেই স্থযোগ নিতে এগিয়ে এসেছে। আমাদের নানা সমস্তা দেখা দেবে ঠিক, কারণ এত বিরাট সংখ্যক ছেলেমেয়ের বদার জায়গা আমরা দিতে পারছি না। অতিরিক্ত শিক্ষক দেওয়া প্রয়োজন কিন্তু সেটাও দিতে পারছি না। তা সত্ত্বেও আজকে এই শিক্ষা নীতির জন্ম যে বিশাল সংখ্যক ছাত্রছাত্রী শিক্ষার স্থযোগ গ্রহণ করতে এগিয়ে এসেছে এবং সে জন্ম আমরা গর্বিত।

আজকে এই সরকার গ্রামোন্নয়নের ক্ষেত্রে যে পদক্ষেপ গ্রহণ করেছে, আই. আর. ডি. পি. পরিকল্পনার মাধ্যমে, এন. আর. ই. পি. পরিকল্পনার মাধ্যমে সেটা গ্রামে গেলে যে কোন মান্তুষের

চোথে পড়বে। আমি দেটা এথানে বক্তৃতা দিয়ে বোঝাতে চাই না এবং সেটা এথানে বোঝাবার প্রয়োজন নেই। স্থার, এরা চোথ থাকতে অন্ধ এবং কান থাকতে বধির। এরা কোন কিছু বুঝতে চায়না। এরা ভধু সমালোচনা করতে হয়, নিন্দা করতে হয় তাই করবেন এবং এই হাউসকে শেইভাবে ব্যবহার করে যাবেন। একজন মাননীয় সদস্থ বললেন যে সরকার লক্ষ্য হারিয়ে ফেলেছেন। আমি তাঁকে বলি যে সরকার লক্ষ্য হারিয়ে ফেলেন নি। সরকার তার স্থির লক্ষ্য সামনে রেখে এগিয়ে চলেছে এবং এগিয়ে যাবার যে গতি সেটা অব্যাহত আছে। বিরোধী পক্ষের বন্ধরা সেই গতিকে অবরুদ্ধ করার জন্ম নানাভাবে চেষ্টা করে চলেছেন। কারণ বিরোধী বন্ধুরা ঘোলা জলে মাছ ধরতে ভালবাদেন এবং ঘোলা জলেই তারা মাছ ধরতে অভ্যস্ত। রাজো ভামাডোল হলে লুঠপাট করে থেতে তাদের স্থবিধা হয়। কিন্তু পশ্চিমবাংলার মাত্র্য তাদের আর সেই স্থযোগ দেবেন না। তারা থতই চিৎকার করুন না কেন সাধারণ মাহ্ময তাদের পেই চিৎকারে কোন কান দেবেন না। আজকে সাধারণ মাত্র্য ভাদের যে স্থান করে দিয়েছে, সেই স্থানটাকে তারা আগামী দিনে বজায় রাখন তাহলেই তাদের ক্রতিত্ব বুকবো। এই বামফ্রন্ট সরকার সাধারণ মাত্রুষের আশীর্বাদে ক্ষমতার এসেছে এবং তাদের আশীর্বাদ নিয়েই এগিয়ে যাবে এবং আমাদের সীমিত ক্ষমতার মধ্যে সাধারণ মাতৃষের জন্ম যতটুকু করা যায় সেটা আমরা করে যাব। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে বাধা আসছে সেই সম্পর্কে মানুষকে সজাগ করে দেবার যে কাজ সেটা বামফ্রন্ট সরকার করে যাবে। এই কথা বলে রাজ্যপালের ভাষণের উপরে ধন্সবাদ জ্ঞাপক যে প্রস্তাব এখানে এপেছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমহবব্দ হকঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল এখানে যে ভাষণ দিয়েছেন এবং সে ভাষণের সমর্থনে যে ধল্যবাদস্চক প্রস্তাব এখানে আনা হয়েছে তাকে সমর্থন করব কিনা তা একটু চিস্তা করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন, যে একটা প্রবাদ বাক্য আছে, 'পাগলে কিনা বলে, ছাগলে কিনা খায়।' সরকার পক্ষ পাগলের মত রাজ্যপালের ম্থ দিয়ে সার্টিফিকেট নেবার জল্য পশ্চিমবাংলার প্রকৃত চিত্রকে, প্রকৃত অবস্থাকে ল্কিয়ে রাখবার চেষ্টা করেছেন, তাতে আমার ঐ প্রবাদ বাকেয়র কথা মনে পড়ে যাছে। রাজ্যপালের ম্থ দিয়ে সরকার যা বলিয়েছেন তাকে আমার মনে হচ্ছে পাগলের প্রলাপ। অতএব আমি আপনাকে দয়া করে অন্তরোধ করব, আপনি পাগলের দলে যাবেন না, স্বাভাবিক স্কম্ব মাল্লবদের দিকে থাকবেন। স্থার, গতকাল থেকে এই বিতর্ক শুক্র হয়েছে, বেশ কয়ের জন মাননীয় সদস্য ইতিমধ্যেই তাঁদের বক্তব্য রেখেছেন। কালকে কমলবাব্ বক্তব্য রাখবার সময়ে আমাদের দিকে হাত দেখিয়ে বললেন যে, 'কি হছেছ তা ওঁরা বুকতে পারছেন না।' স্থার, আমি ওঁকে বলি, আমরাও ১৯৭২ সাল থেকে '৭৭ সাল পর্যস্ত ঐদিকে ছিলাম এবং ওঁদের মধ্যে থেকে মাত্র কয়েক-জন তখন এ-দিকে ছিলেন (মৃষ্টিমেয় কয়েক-জন)। তথন আমরা যে কথা বলতাম, আজকে ওঁরা সে কথা বলছেন। কারণ শাসক দলে থাকলে ঐরকম কথাই বলতে হয়। আজকে হয়ত ওঁদের সেসব দিনের কথা মনে নেই। একটু আগে মি: সেনগুপ্ত বললেন, কাশ্মীরে কংগ্রেস হয়ের হিগিং হয়েছে বলে চিৎকার করছে।

এই প্রদক্ষে আমি ওঁদের ম্বরণ করিয়ে দিতে চাই—গণতন্ত্রে ওঁরা নাকি বিশ্বাস করেন, গণতান্ত্রিক পদ্ধতিতে এখানে শাসনে এসেছেন—'৭২ সালে যথন নির্বাচন হয়েছিল এবং সেই নির্বাচনে যথন জনগণ গণতাম্ব্রিক পদ্ধতিতে ওঁদের ছাঁটাই করেছিল তথন ওঁরা যে কয়টি মাত্র আসনে নির্বাচিত হয়েছিলেন সেই কয়েকটি আসনের প্রার্থীদের সং-সাহস হয়নি এই বিধানসভায় আসার, তথন ওঁরা রিগিং হয়েছে, রিগিং হয়েছে বলে চিৎকার করেছিলেন। ওঁদের মধ্যের কয়েকজন যে সমস্ত এলাকা থেকে নির্বাচিত হয়েছিলেন সেই সমস্ত এলাকার ওঁরা সে সময়ে এখানে প্রতিনিধিত্ব পর্যন্ত করেননি। স্থতরাং আজকে ওঁদের মথে আর ঐ সমস্ত কথা শোভা পায় না। প্রার, কালকে মাননীয় ভক্তিভূষণ মণ্ডল মহাশয় হঠাৎ মুখ ফদকে বেফাঁস কথা বলে ফেলেছেন যে, সিস্টেম চেঞ্জ করতে হবে। এর ফলে আজকে ওঁদের ম্বরূপ আমাদের কাছে পরিষ্কার হয়েগেছে। অবশ্য আমরা জানি ওঁরা বর্ণচোরা, গণতন্ত্রের নামাবলি গায় দিয়ে নির্বাচনে জিতে ক্ষমতায় এসেছেন, কিন্তু প্রকৃত পক্ষে ওঁরা গণতন্ত্র বিশ্বায় করেন না এবং ওঁদের কার্যকলাপ বিশ্লেষণ করলেই তা প্রমানিত হয়। স্থার, আপনি একট চিন্তা করে দেখন গোটা রাজ্যের কি অবস্থা হয়েছে। আজকে বিভিন্ন জায়গায়, বিভিন্ন অফিলে ও<sup>\*</sup>রা দলীয় স্বার্থে কাজ-কর্ম পরিচালিত করছেন। স্থার, একট আগে মাননীয় শিশিববাবু গণতন্ত্রের যে সংজ্ঞা দিয়েগেলেন তার সঙ্গে ওঁদের কার্যকলাপ মিলিয়ে দেখলেই আপনি দেখতে পাবেন যে, ওঁরা জনগণের দারা নির্বাচিত হয়ে জনগণের মন্দল করার পথে না গিয়ে দলীয় স্বার্থ রক্ষা করে চলেছেন। জনগণের স্বার্থে কাজ করলে আমাদের কিছুই বলার ছিল না। কিন্তু আমনা দেখছি কোথাও তা হচ্ছে না। বিভিন্ন সরকারী দপ্তরের কো-অর্ডিনেসন তার প্রমাণ। এ বিষয়ে আরে। অনেক উদাহরণ দেওয়া যেত, কিন্তু আমার সময় কম তাই আমি আর সে সরের মধ্যে যাচ্ছি না। এথানে বামফ্রণ্ট সরকার গ্রাজ্যপালের মুথ দিয়ে বলালেন যে, এই রাজ্যের আইন-শৃশ্বলার অবস্থা অন্য রাজ্যের তুলনায় অনেক ভাল। কিন্তু গোটা পশ্চিমবাংলায় আইন-শৃন্ধ্বলা পরিস্থিতির, যে কি অবস্থা তা যদি আমরা এই সভায় উল্লেখ পর্বে সরকার পক্ষ এবং বিরোধী পক্ষের সদ্সদের বক্তবাগুলি শুনি তাহলেই বুঝতে পারব। উভয় পক্ষের সদস্যরা একই স্থরে এথানে প্রতি দিন বলছেন যে, অমুক জায়গায় অন্যায় হচ্ছে, অমুক জায়গায় অত্যাচার হচ্ছে, পুলিশের কাছে মাকুষ যাচ্ছে, থানায় ডাইরি করতে যাচ্ছে, কিন্তু পুলিশ ডাইরি পর্যন্ত নিচ্ছে না, কোথাও কোন প্রতিকার হচ্ছে না। এর থেকেই বোঝা যাচ্ছে যে, যদি রাজ্যে আইন-শৃষ্ণলা থাকত, শান্তি বিরাজ করত তাহলে নিশ্চয়ই সমস্ত অন্তায় অত্যাচারের প্রতিকার হ'ত, তাহলে এই সভার উভয় পক্ষের সদস্তদের মুথ থেকে আর ঐসব কথা বের হ'ত না। স্থার, আমি গোটা পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলার কথা এখানে না বলে, আমি গুধু আমার নির্বাচন কেন্দ্রের কথা আপনার সামনে তুলে ধরছি।

## [5-50 -6-00 P. M.]

ডাকাতি কিরকম হচ্ছে সেটা একবার শুরুন, খরবা হাসপাতালে গত ৩০-১২-৮৩ তারিথে ডাকাতি হয়ে গেল এবং এরফলে ১০ বেডের হাসপাতাল বন্ধ হয়ে গেল। ৫-২-৮৪ তারিথে তশিরুদ্দিনের

বাড়ীতে ডাকাতি হয়ে গেল, ৬-২-৮৪ তারিখে পিমেদআলির বাড়ীতে ডাকাতি হলো, ৭-২-৮৪ তারিখে মতিহারপুরের লালুমুদির বাড়ীতে ডাকাতি হলো—এই রকম পর পর দিনের পর দিন ভাকাতি হচ্ছে। আমার কাছে ২২টি ডাকাতির লিষ্ট আছে। অন্ধ সময়ের জন্য পড়তে পারছি না। আপনারা এথানে বলেন আইন-শৃষ্খলা সর্বত্ত বিরাজ করছে এবং কংগ্রেস অধিবেশনই তার সার্টিফিকেট। পশ্চিমবাংলায় আইন-শৃষ্ণলা বন্ধায় আছে বলেই কংগ্রেস অধিবেশন হয়ে গেল—এই দাবী আপনারা করছেন। কিন্দু ঘটনাটি তা নয়। আমাদের ব্যাখ্যা হচ্ছে, পশ্চিমবাংলার মাত্রুষ নিম্পেষিত, সন্তুত্ত, অত্যাচারিত। তাই আমরা এথানে কংগ্রেস অধিবেশন করে মাতুষের মনে সাহস ফিরিয়ে আনার চেষ্টা করেছি। থেমন সরকারী তরফ থেকে আইন-শৃন্ধলা ফিরিয়ে আনবার জন্ম নাগরিক কমিটি করে মাফুষের মনে সাহস ফিরিয়ে আনবার চেষ্টা করছে ঠিক তেমনি পশ্চিম-বাংলার মাত্রুষকে সাহস দেবার জন্ম কংগ্রেস অধিবেশন করা হয়েছিল। তাই বলছি, বারা শাসক তারা চাবুক যাদের মারে তাদের কণ। ভূলে যায় কিন্তু যারা মার থায় তারা কিন্তু ভোলে না। বিগত যে ছটি উপ-নির্বাচন হয়ে গেল যেমন, মালদা জেলার কালিয়াচক এবং নদীয়া জেলার রুষ্ণগঞ্জ তারই প্রমাণ। আজ পশ্চিমবাংলার গ্রামের মান্ত্র্য কিভাবে অত্যাচারিত হচ্ছে, নিপ্পেষিত হচ্ছে, কিভাবে আইন-শৃঙ্খলার অবনতি হচ্ছে তারই প্রমান ঐ ছটি উপনির্বাচনে জনসাধারণ দিয়ে দিলো। আমার অনেক কথা বলার ছিল কিন্তু সময় অল্পের জন্য আর বেশি কিছু বলতে পারলাম না। পরিশেষে আমি এই কথা বলতে চাই যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এখানে আনা হয়েছে তাকে সমর্থন করতে পার্বছি না। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমহঃ নিজামুদ্দিনঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল যে ভাষণ এখানে উপস্থাপিত করলেন তাকে আমি সমর্থন করে ত্-একটি কথা বলতে চাই। ওনার ভাষণের মধ্যে কি ছিল ? আমাদের বামক্রন্ট সরকার কি কি কাজ করতে পেরেছেন, কতটা অগ্রগতি হয়েছে, কোথায় বাধা—এইসব বিয়য় তিনি তাঁর ভাষণের মধ্যে রেখেছেন এবং এই সীমিত ক্ষমভার মধ্যে মত্টুকু করা হয়েছে তা বলা হয়েছে। আমি কিন্তু বিশেষ করে রাজ্যপাল যহাশয় যে কেন্দ্র রাজ্য সম্পর্কের কথা বলেছেন—রাজ্যের সীমিত ক্ষমভার কথা—সেই মন্ধদ্ধে ত্-একটি কথা বলতে চাই। আজকে এটা শুধু পশ্চিমবাংলার মান্থবের কথাই নয় যেকথা পশ্চিমবাংলার বামপন্থীরা তুলেছিল সেইকথা কিন্তু আজ সারা দেশ জুড়ে সমস্ত রাজ্যে রাজ্যের মান্থয—এমনকি প্রো-কংগ্রেস এবং কংগ্রেসী রাজ্যে গোপনে অথবা প্রকাশ্যে এটাকে সমর্থন করতে বাধ্য হছেে। তাই আজকে আমরা দেখতে পাছি সেই কারণে সারা দেশ জুড়ে বিচ্ছিন্নতাবাদী আন্দোলন মাথা চাড়া দিয়ে উঠেছে। আমি এই প্রসঙ্গে পরে আসছি। ১৯৩৫ সালে যথন গভর্গমেন্ট অফ ইণ্ডিয়া এ্যাক্ট বৃটিশ সাম্রাজ্য-বাদের সময় তৈরী করা হয়, যথন রাজ্যগুলিকে ক্ষমতা দেশ্বয়া হয়নি, সমস্ত ক্ষমতা যথন কেন্দ্রীভূত করে কেন্দ্রের কাছে রাথা হয়েছিল।

তাদের মধ্যে কংগ্রেস ছিলেন। তাঁরা প্রতিবাদ করেছিলেন। সংগ্রাম করেছিলেন। কিন্তু দেশ স্বাধীন হবার পর তুর্ভাগ্যবশতঃ যথন ১৯৫০ সালে আইন তৈরী হল তথন আমরা দেখতে পেলাম সেই আইন হচ্ছে ১৯৩৫ সালের আইনেরই ধাঁচে তৈরী করা। তাতে রাজ্য সরকারকে কিছু কিছু ক্ষমতা দিলেও পরবর্তী কালে এই ৩৬ বছরের মধ্যে আমরা দেখতে পেলাম বার বার সেই আইনকে দংশোধন করে এবং একজিকিউটিভ অর্ডারের মাধ্যমে যে ক্ষমতাটা দেওয়া হয়েছিল সেটা কেড়ে নেওয়া হচ্ছে এবং এই জন্মই এইভাবে তাঁরা রাজ্যগুলিকে বার বার বিধ্বস্ত করছেন যাতে তাদের কেন্দ্রের উপর নির্ভরশীল হতে হয়। রাজ্যের দায়িত্ব অনেক বেশী, রাজ্যের মাত্রুষ তাদের রাজাসরকারকেই চেনে. কিন্তু রাজাসরকার এই সমস্ত কাজ করতে পারছে না বলে বেকার সমস্থা বাড্ছে, দেশে কোন কলকারথান। খুলছে না। কিন্তু রাজ্যের হাতে ক্ষমতা থাকলে এইগুলো হতে পারবে, তাই তাদের হাত থেকে এগুলো সরিয়ে রাথা হয়েছে। আঙ্গকে আমাদের দেশের ৭৫ ভাগ মাত্র্য নিরক্ষর, তারা বুঝতে পারে না যে এর জন্য কারা দায়ী। কিন্তু সেই রাজ্য সরকারকে কোন ক্ষমতা দেওয়া হয় না। তাদের হাত থেকে সমস্ত রকম রিসোর্চেস কেন্দ্র কেন্ডে নিচ্চে। রাজ্যপাল তা সামগ্রিকভাবে এথানে উল্লেখ করেছেন। ১৯৫০ সালে দেশের সমস্ত সম্পদের ৫৫ ভাগ রাজ্যগুলিকে বন্টন করা হোতো, আজকে দেখা যাচ্ছে সেটা মাত্র ৩০ ভাগে এসে দাঁডিয়েছে। আমি সেজন্ত আর্টিকেল ২৮০ ক্লব্ন ৩, সাব ক্লব্ন (এ) এই আইনটিকে বদুল করার কথা বলছি এবং এ্যামেণ্ডমেন্ট করে দেখানে এই কথা লেখা হোক যে দেশের সমস্ত সম্পদের ৭৫ ভাগ এই রাজ্যগুলি পাবে। এটা যদি না করা হয়, রাজ্য যদি শক্তিশালী না হয় তাহলে কেন্দ্রেও শক্তি-শালী হতে পারে না। এই অক্যায়টা হচ্ছে এবং এটা হতেই থাকবে। আবার তার মধ্যেও দেখতে পাচ্ছি কেন্দ্রের নীতি সমস্ত রাজ্যের ক্ষেত্রে সমানভাবে নাই। বিশেষ করে পূর্বভারতের পশ্চিমবন্ধ, বিহার, উড়িফ্সা ইত্যাদি, এদের প্রতি বিমাতৃস্থলত মনোভাব দেখানো হচ্ছে। তাদের যা প্রয়োজন তা দেওয়া হচ্ছে না। আমি ত্ৰ-একটা উদাহরণ দিচ্ছি, যা থেকে বুৰুতে পারা যাবে। গত ১৯৮২ সালের ৩১শে মার্চ ইনডাসট্টিয়াল ডেভালাপ ব্যাংক অফ ইণ্ডিয়। মহারাষ্ট্রকে দিয়েভিলেন ৮৫১ কোটি টাকা, গুজরাটকে দিয়েছিলেন ৭৬৯ কোটি টাকা, এই ছটি রাজ্যকে মিলিয়ে দিয়েছিলেন ১৬২০ কোটি টাকা, আর পূর্বভারতে পশ্চিমবঙ্গ, বিহার, উড়িয়া এই তিনটি মিলিয়ে দিয়েছিলেন মাত্র ৫৩৮ কোটি টাকা। তার মধ্যে পশ্চিমবঙ্গ হচ্ছে ৩০০ কোটি টাকা। আর একটা উদাহরণ দিচ্ছিত ঐ ৩১শে মার্চ ১৯৮১-৮২ যার হিসাব আমি পেয়েছি মহারাষ্ট্রকে দেওয়া হয়েছে ৮৩ কোটি টাকা. মহারাষ্ট্র এবং গুজরাট ছটি মিলিয়ে দেওয়া হয়েছে ২৭৩ কোটি টাকা, আর এদিকে পশ্চিমবন্ধ, বিহার, উড়িয়া এই তিনটি মিলিয়ে ১৩৩ কোটি টাকা, পশ্চিমবঙ্গ তার মধ্যে পেয়েছে ৭২ কোটি টাকা।

## [6-00-6-10 P.M.]

আজ্ঞকে ক'লকাতা বন্দরের দিকে তাকালে দেখা যাবে যে এই বন্দর দিনের পর দিন মার থাচেছ। আগে যে সমস্ত জাহাজ এই বন্দর হয়ে যাতায়াত করতো, তার অনেকগুলোই আজ দক্ষিণের বন্দর হয়ে যাতায়াত করছে। এই বন্দরের উন্নতি করবার জন্ম যে ২ কোটি ১৭ লক্ষ

টাকা মঞ্জুর করা হয়েছিল, তার মাত্র এক তৃতীয়াংশ খরচ করতে পারলেন। আজকে ওঁরা এখানে অনেক বড় বড় কথা বলছেন। বলছেন যে অনেক খাতেই নাকি বরাদক্ষত অর্থ আমরা থরচ করতে পারিনি। আমি জিজ্ঞাসা করতে চাই—কলকাতা বন্দরের উন্নতির জন্ম বরাক্বত ঐ ২ কোটি ১৭ লক্ষ টাকার মধ্যে মাত্র এক তৃতীয়াংশ কেন খরচ করা হয়, এর জ্বাব কি তাঁরা দিতে পারেন ? আমি মনে করি এই বন্দরকে মার খাওয়াবার জন্ম উদ্দেশ্যমূলকভাবেই এটা করা হচ্ছে। হলদিয়া বন্দরের জন্ম ১৯৮১-৮২ সালে ২ কোটি টাকা মঞ্জুর করা হোল, থরচ করা হোল ১ কোটি ৩২ লক্ষ টাকা। কে দায়ী এর জন্ম ? এরজন্ম কি কেন্দ্রীয় সরকার দায়ী নয়? এরজন্ম কি বামফ্রন্ট সরকার দায়ী ? আজকে উল্লেখ পর্বে মাননীয় সদস্য সবল দেব মহাশয় দমদম এয়ারপোর্ট-এর কথা বলছিলেন। আমরা দেখতে পাচ্ছি—যখন দমদন ইন্টারক্যাশনাল এয়ারপোট ছিল, তথন বেশীরভাগ ফ্রাইট এই বন্দর হয়ে যাতায়াত করত। আজকে সেটা বন্ধ করে দিয়ে বোম্বাই, দিল্লী এরারপোর্টের উন্নতি করে অনেক ফ্লাইট এখান থেকে ডাইভার্ট করা হয়েছে। কে করেছেন এটা ? রাজা সরকার না কেন্দ্রীয় সরকার ? কেন এই রকম আচরণ পশ্চিমনঞ্জের ক্ষেত্রে ? এটা আজকেই হয়েছে তা নয়, বামফ্রন্ট সরকার ক্ষমতা রয়েছে বলে হয়তো বেশী করে করা হচ্চে। তবে এই মনোভাব বহু আগে থেকেই চলে আসছে একগা বলতে পারি। চটশিল্পের কথাই গ্রুন। আজকে দেশজুড়ে চটকল শ্রমিকরা ধর্মঘট করেছেন। ওঁদের দাবী হচ্ছে সমস্ত চটকল শিল্পের জাতীয়করণ করতে হবে। কেন্দ্রীয় সরকার এদিকে কর্ণপাতও করছেন না। বিগত ৩৬ বছর ধরে কেন্দ্রীয় সরকার কোটি কোটি বিদেশী মন্ত্রা এই শিল্প থেকে অর্জন করেছেন। সাথে সাথে একচেটিয়া ৬/৭টি পরিবার এই শিল্প থেকে কোটি কোটি টাকা বিগত ৩৬ বছর ধরে আয় করেছে। কিন্তু এই ৩৬ বছরের মধ্যে এই শিল্পে অর্থ লগ্নী করে উন্নতি করার ক্ষেত্রে তারা কিন্তু কিছুই করেন নি। তারা এই শিল্পর মনাফার টাকা নিয়ে অন্য প্রদেশে গিয়ে অন্য রকম শিল্প গড়ে তুলেছেন। এই কেন্দ্রীয় সরকার সেই সমস্ত একচেটিয়া পুঁজিপতিদের ঐ সমস্ত কারথানা করবার জন্ম লাইসেন্স দিয়েছেন। আমাদের শ্রমিকরা থেটে যে সম্পদ স্বষ্টি করবে, সেই সম্পদ এখনে লগ্নী হবেনা. কেন্দ্রীয় সরকারের লাইসেন্সের ভিত্তিতে তা অন্য রাজ্যে করা হবে। আজকে যদি এই চটকল জাতীয়করণ করা না হয় তাহলে এই শিল্পকে বাঁচান সম্ভব নয়।

কেন্দ্রীয় সরকার নানাভাবে এই সমস্ত একচেটিয়। পুঁজিপতি মালিকদের টাকা দেয়। এই ভাবে চট শিল্প বাঁচতে পারে না। এই শিল্পকে বাঁচাবার একমাত্র উপায় হলো এই সমস্ত চট কলকে জাতীয়করণ করা। এহাড়া অন্য কোন উপায় নেই। আমাদের রাজ্যে চা বাগিচাগুলি দিনের পর দিন বন্ধ হয়ে যাছে, কয় হয়ে যাছে। চা বাগিচার মালিকরা এমন আচরণ করছে যাতে করে চা শিল্প ক্রমশং কয় হতে চলেছে। কেন্দ্রীয় সরকার এই চা শিল্প থেকে অনেক বিদেশী মূলা আয় করেন। কিন্তু এই চা বাগিচার যে উন্নতি করা দরকার সেই দিকে তাঁরা দৃষ্ট দেন না। চা বাগিচাগুলি বন্ধ হয়ে যে চা শিল্প কয় হয়ে যাছে, এই শিল্পকে যে জাতীয়করণ করার জন্য কেন্দ্রীয় .

সরকারের এগিয়ে আসা দরকার—এই ব্যাপারে তাঁরা এগিয়ে আস্চেন না। এই শিল্প কি পশ্চিমবাংলায় আছে বলেই জাতীয়করণ করা হচ্ছে না ? এই রাজ্য সরকারের তো এই শিল্প থেকে কোন আয় হয় না. সমস্ত আয় তো কেন্দ্রীয় সরকার করে থাকেন। কেন শ্রমিকদের উপর অবহেলা করা হচ্ছে ? আমাদের বুক চিরে কয়লা তোলা হচ্ছে। সেই কয়লা সারা ভারতনর্যে বন্টন করা হচ্ছে। কিন্তু আমি জিজ্ঞাসা করতে চাই সেই কয়লা বণ্টন করার সময় সব চেয়ে কম কয়লা কেন পশ্চিমবাংলাকে দেওয়া হয় ? এই জন্ম কি যে এখানে কোন শিল্প যাতে গোড়ে উঠতে না পারে ? এথানকার মাতুষ না থেতে পেয়ে মরুক ? এথানকার মাতুষ দারিদ্রের মধ্যে পড় ক? এই রকম আচরণ আপনারা করছেন। এখানে বিচ্ছিন্নতাবাদ মাথা চাড়া দিয়ে উঠক, প্রতিক্রিয়া-শীল শক্তি মাথা চাড়া দিয়ে উঠক এটা আপনারা চান। পশ্চিমবাংলায় এই বামফ্রণ্ট সরকার আছে বলে এই শব শক্তি মাথা চাড়া দিয়ে উঠতে পারছে না। আমাদের যে সময় স্থতা দরকার ঠিক দেই সময় আমরা হতা পাবো না। এইভাবে চললে হতা কল বাঁচতে পারে না। তাছাড়া আমাদের যথন অন্য প্রদেশ থেকে স্থতা আনতে হয় তথন আমাদের স্কেত্রে রেলওয়ে ফ্রেট বেশী পড়ে। কয়লা যেমন সারা ভারতবর্ষে সরবরাহ করা হয় সেই রকমভাবে স্থতা সারা ভারতবর্ষে সরবরাহ হয় না। আমাদের নিজেদের ভাড়া দিয়ে স্থতা আনতে হয়। এইভাবে স্থতা কল বাঁচানো যায় না। ৩৬ বছর ধরে এইভাবে আন্তে আন্তে পশ্চিমবাংলার সূতাকল বন্ধ হয়ে যাচ্ছে। एम याधीन श्वांत আগে वाःलात त्वनम नित्नत এकि। नाम छिल। पूर्निमावाएमत त्वनम निन्न माता পুথিবী বিখ্যাত ছিল। কিন্তু এখন আমাদের গায়ের কাপড়ের জন্য নির্ভরশীল হতে হচ্ছে অন্ত রাজ্যের উপর। এই অবস্থার স্বষ্ট করেছেন কেন্দ্রীয় সরকার, এটা কি আপনারা অস্বীকার করতে পারেন ? ওনারা বেকার সমস্থার কথা বলেছেন। বলেছেন কেন্দ্রীয় সরকার নাকি চারদিক দিয়ে বেকারদের সাহায্য করছেন। আমি তাঁদের জিজ্ঞাস। করতে চাই আমাদের এই পশ্চিমবাংলায় যে লক্ষ্ণ লক্ষ্ণ ছেলে বেকার, তাদের জন্ম যে পরিকল্পনা হলো হলদিয়ায় পেট্রো কেমিক্যাল এবং জাহাজ মেরামতের কারখানা তৈরী করা হবে, সেটা কেন্দ্রীয় সরকার কেন করলো না? কেন ইন্দিরা গান্ধী ত্ব'বার ক্ষমতায় আসার পরেই এই ব্যাপারে ঢিলেমি করে যাচ্ছে ? আমি আপনাদের জিজ্ঞাস করি আপনারা কি চান না হলদিয়ায় পেটো কেমিক্যাল কমপ্লেক্স এবং জাহাজ মেরামতের কারখানা তৈরী হোক ? আমি জিজ্ঞাস করতে চাই তুর্গাপুরে ট্রাক তৈরী করার কারখানা করার ব্যাপারে এখনও কেন টালবাহনা চলছে ?

# [ 6-10-6-20 P. M. ]

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, সন্ট লেক সম্বন্ধে আমি একটা বিষয় বলতে চাই। ওথানে ১০১ একর জমি ইলেকট্রনিক কারথানা তৈরী করার জন্ম আমরা রেখেছি। এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের অন্নমতি প্রয়োজন। সেখান থেকে অন্নমতি পাওয়া গেল না, নাকচ করে দিলেন তারা। কি বলে তাঁরা নাকচ করে দিলেন জানেন? তাঁরা বললেন, এটা হচ্ছে বর্ডার রাজ্য। আধুনিক যুগ হচ্ছে এটা। বর্ডার রাজ্য বলে সন্টলেকে কোন ইলেকট্রনিক্স কারথানা হবে না, এই রাজ্যে ঐ

রকম কারখানা করতে ভয় আছে। ভয় হচ্ছে পাশের রাজ্য বাংলাদেশকে। যে রাষ্ট্র যাত্রী পরিবহণের জন্ম বিমানের ব্যবস্থা করতে পারে না, যাদের কোন বিমান নেই, ঠিকমত সৈন্মবাহিনী নেই, তাদেরকে আমাদের কেন্দ্রীয় সরকার ভয় পাচ্ছেন। ভয়ে তার। কাঁপছেন। ভয়ে কাঁপছেন না কিন্তু পাকিস্তানকে, যাদের আছে এক-১৬, এবং অত্যাত্ত অত্যাধুনিক মারাত্মক অস্ত্র এবং বিমান ইত্যাদি সংগ্রহ করে যারা নিজেদের স্ক্রমজ্জিত করে রেখেছে। হিমাচল প্রদেশ, উত্তর প্রদেশ—ঐ সমস্ত পশ্চিম ভারতের রাজ্যগুলোতে ঐ কার্থানা করতে কোন ভয় নেই। স্থতরাং দেগানে ইলেকট্রনিক কারখানা হতে পারে। এফ-১৬, বিমান দিয়ে পাকিন্তান হিমাচল প্রদেশ, উত্তর প্রদেশ বা পাঞ্চাবের কোন ক্ষতি করতে পারবে না, স্থতরাং ওথানে হতে পারে। আসলে পশ্চিমবঙ্গকে ওঁদের ভয় আছে। কারণ ওঁরা আমেরিকার মিসাইল বা এফ-১৬ কে ততটা ভয় করেন না. যতটা করেন সেই পাবলিককে ঘাঁরা বামফ্রন্ট সরকারকে নির্বাচিত করেন। সেই জন্মই এথানে পানিসমেণ্ট স্বরূপ ঐ ধরণের কারখানার অন্তমতি মিলবে না। আজকের দিনে একটা বোতাম টিপে ওয়াশিংটন থেকে ১০ মিনিটের মধ্যে মস্কোকে ধ্বংস করে দেওয়। যায়। আবার মক্ষো থেকে বোতাম টিপে একই সময়ের মধ্যে ওয়াশিংটনকে ধ্বংস করে ফেলা যায়। পশ্চিমবঙ্গে কেন ঐ কারখানা করার অন্মতি পাবে না, তা বুঝতে কারোরই অস্ত্রবিধা হয় না। আমাদের জনগণ ভোট দিয়ে এগানে পাঠিয়েছেন এই আশা নিয়ে যে, আমরা ঠিক ভাবে কাজ করব বলে। আইন আমরা এখানে জনগণের কল্যাণের জন্য পাশ করি এবং তা অন্তমোদনের জন্য কেন্দ্রে পাঠাই। কিন্ত তাতে কেন্দ্র অন্নুমোদন না দিয়ে ফেলে রাখেন। ল্যাণ্ড রিফর্মস এ্যামেণ্ডমেণ্ট বিল, ১৯৮১ আমরা পাঠিয়েছি ৩ বছর আগে। এখনও তা ওখানে পড়ে আছে। এরাই আবার বলেন, আমরা ক্রুকের বন্ধ। এরা আসলে জোতদারের দালাল, সেইজন্মই এই বিলকে পাশ করছে না। জোতদারের দালাল বলে এরা ভূমিহীন ক্লয়কের থাতে কোন রকম উন্নতি না হয়, সেজগুই আমাদের এথানে পাশ করা বিলকে অন্নমাদন দিচ্ছে না। সেজন্য আমি দাবী করি, ২০১ নং ধারাকে বাতিল করা হোক। আমাদের রাজ্যের জন্ম যে আইন তৈরী করা হবে, তার অনুমোদনের জন্ম প্রেসিডেন্টের স্বাক্ষরের কোন প্রয়োজন যেন না হয়, তার দাবী আমি জানাই। এই দাবী আমি এথান থেকে কেন্দ্রীয় অর্থমন্ত্রী প্রণববাবুকে জানিয়ে দিতে চাই। প্রণববাবু এবং কংগ্রেসের অনেক বন্ধুরা বারে বারে বলেছেন যে রাজ্য সরকার এখানে যে টাকা লগ্নী করছে. তাতে কোন সম্পদ তৈরী হচ্ছে না।

আমার হাতে সময় অল্প, সেইজন্ম আমি বেশী উদাহরণ দিতে চাই না। তবে একটি কথা বলব যে, শিক্ষা থাতে আমরা যে টাকা থরচ করছি, তা ওঁদের চাইতে ৪।৫ ভাগ বেশী। এই বেশী পরিমাণ টাকা থরচ করছি ছেলেমেয়েদের শিক্ষার জন্ম। আমাদের ছেলেমেয়েদের শিক্ষার স্থয়োগ দিয়ে যে সম্পদ আমরা তৈরী করছি—আমার তো মনে হয়—পৃথিবীতে এর চাইতে বড় সম্পদ আর কিছু হতে পারে না। কংগ্রেসী বন্ধুরা এবং তাঁদের নেতৃ শ্রীমতী ইন্দিরা গান্ধী বলে থাকেন, আমরা দেশের মধ্যে বিচ্ছিন্নতাবাদের বিক্লদ্ধে সংগ্রাম করছি। দেশের সকল মান্থ্য আস্থন তাঁদের সাথে হাত মেলাতে। আমি তাঁদের জিজ্ঞাদা করতে চাই, ১৯৮০ সালে বিহারে ঝাড়থণ্ড দলের

সাথে নির্বাচনের ব্যাপারে যে সংগ্রাম করেছেন, তা কি বিচ্ছিন্নতাবাদের বিরুদ্ধে সংগ্রাম ? ১৯৮০ সালে পশ্চিমবঙ্গে নির্বাচনের সময় গোর্থা লীগ, মৃদলীম লীগ' এর সঙ্গে নির্বাচনকালে হাত মেলানো কি সঠিক নীতি ? দেশ গড়ার স্বার্থে আপনারা কি সত্যিই বিচ্ছিন্নতাবাদের বিরুদ্ধে সংগ্রাম করতে পারবেন ? পারবেন না। সেইভাবে এগিয়ে আসা আপনাদের পক্ষে নস্তব নয়। আপনাদের যে নীতি তা হচ্ছে, রাজ্যগুলোকে বেশ করে বুঝিয়ে দেওয়ার, তথা শিক্ষা দেওয়ার নীতি। এই নীতি থেকে আপনারা কোনদিন সরে আসতে পারবেন না। রাজ্যগুলোকে আরও বেশী পরিমাণে অর্থ, ক্ষমতা দেওয়ার নীতি যদি আপনারা অন্তসরণ না করেন, তাহলে আজকে আগোনে যে অবস্থা দেখা দিয়েছে বা পাঞ্জাবে থালিস্থান, বিহারের ঝাড়থগু ইত্যাদি অশুভ শক্তির জন্ম নিয়েছে, তা আরও বেশী করে দেখা দেবে রাজ্যে রাজ্যে।

দেশকে যদি বাঁচাতে চান, অক্ষত রাগতে চান, আমরা ভারতবাসী যে কোন জায়গায় থাকবো এ যদি চান তাহলে রাজ্যের হাতে বেশি বেশি ক্ষমতা দিতে হবে এবং বৈষম্যমূলক আচরণ বন্ধ করতে হবে। এটা যদি না করা হয় তাহলে অশুভ শক্তি মাখা চাড়া দিয়ে উঠবে। এর বিহ্নদ্ধে সংগ্রামে আমরা বামক্রণ্ট অক্যান্ত মায়্রযকে নিয়ে এগিয়ে যাব। একটা সময় আসবে যথন আমরা সমস্ত ক্ষমতা দথল করবো তথন দেশে বেকার থাকবে না, কেউ বিনা চিকিৎসায় মারা যাবে না, কেউ বিনা শিক্ষায় থাকবে না। আজকে এই সংবিধানের মাধ্যমে সমস্ত কাজ করা যায় না। এই কয়েকটি কথা বলে রাজ্যপালের ভাষণকে স্থাগত জানিয়ে আমি শেষ করছি।

শ্রীভারাপদ সাধুখাঁঃ স্ভার, রাজ্যপালের যে ভাষণ এখানে পাঠ করা হয়েছে সেটা বাস্তবে বামফ্রন্ট সরকারের নিথিত ভাষণ। এই ভাষণ পক্ষপাত হস্ত এবং রাজনৈতিক উদ্দেশ্যমূলক বলে আমি তাকে সমর্থন করতে পারছি না। পূর্ববর্তী বক্তারা যে ধরণের বক্তব্য স. কারের তরফ থেকে উপস্থিত করেছেন তার মধ্যে মূলগতভাবে এসেছে কেন্দ্রের কাছ থেকে ক্ষমতা কেড়ে নেবার প্রস্তাব। আমার কথা হচ্ছে ক্ষমতা কাদের দেয়া হবে। আমরা দেখতে পাচ্ছি কেন্দ্রের রেলমন্ত্রী তার সীমিত ক্ষমতা ও অর্থের মধ্যে থেকে আপ্রাণ চেন্টা করে যাচ্ছেন ঠিক সময় মত বিভিন্ন কাজ করার এবং ভাল কাজ করার। কিন্তু আমরা এই সরকারের আমলে কি দেখতে পাচ্ছি? ওরা বলেছেন ১৪ লক্ষ ধান মিনিকিট বিতরণ করেছেন এবং তারজন্ম ৭০ লক্ষ টন ফ্রন্স উপোদিত হয়েছে। কিন্তু এটা কি সত্য কথা? মিনিকিটের ধান যে সময় দেবার কথা ঠিক সে সময় দেওয়া হচ্ছে কিনা। যে জাতীয় বীজ ধান দিয়ে উপযুক্ত ফ্রন্সল হবে সেই জাতীয় বীজ ধান দেওয়া হচ্ছে কিনা? বামফ্রন্টের সদস্তরা থবর নিয়ে দেথবেন যে সেই বীজ ধান সেদ্ধ করে তারা চাল করে নিয়েছে এবং বাজার থেকে ধান কিনে তারা রোয়া করেছে। আপনাদের পরিচালন ব্যবস্থার মধ্যে যে ক্রটি তা থেকে যদি মূক্ত হতে না পারেন এবং যে ক্ষমতা আপনাদের দেওয় হয়েছে সেই ক্ষমতা যদি যথাযথভাবে রূপায়িত করার চেন্তা না থাকে ভাহলে আপনাদের হাতে ক্ষমতা দেওয়া অর্থ হিয় না। চাষীরা নিজেরা

চেষ্টা করে পাম্পদের্ট, শ্র্যালো টিউবওয়েল তৈরী করে ধান চায় করছে এবং তার ফলেই ফদল হচ্ছে i তারপর দেখুন আপনাদের সেচ ব্যবস্থা কত তুর্বল। বর্গমানের উপর দিয়ে, ধনেথালি, হরিপাল, দিংগুরের উপর দিয়ে জল যাচ্ছে – দেখানে আমরা দেখছি ওপরের জায়গায় জল বেঁধে দিয়ে উপর দিকে জল নিয়ে জলের অপচয় করছে।

# [ 6-20-6-3) P. M.]

আমরা প্রতিবাদ করেছি, আর নিচের দিকে জল দেওয়া হবে না, ধান শুকিয়ে মারা ধাচ্ছে। বামফুন্টের অনেক এম এল এ আছেন যাঁর। এই অবস্থার ভুক্তভোগী। একদিকে জলের অপচয় ঘটছে, আর একদিকে জলের অভাবে ধান শুকিয়ে মারা যাচছে। এই বিবয়ে কোন সমন্বয় নেই। আপনার। বলেছেন আমাদের সৌমেন এবং স্বত্ত মারামারি করছে, ওথানে আমাদের সভাপতির গলা টিপছে, গোপাল নাগের গলা টিপছে। এখানে দেখছি জেলা পরিষদের সভাধিপতি দরজায় চাবি দিয়ে বলছে যে আমি থুলব না, তোমার কতবড় ক্ষমতা আছে দেখাও। পরিকল্পনার বাস্তব রূপায়েনের উপর আমাদের দেশের উন্নতি নির্ভর করছে, যদি কোটি কোটি টাকা আপনারা সন্বায় করতে পারতেন তাহলে আমরা ইন্দিরাকে গিয়ে বলতে পারতাম যে ওদের হাতে আরো টাকা দিন. ওরা ভাল ভাল কাজ করছে। দেখানে আমরা রাজনৈতিক অজহাত দেখিয়ে বাধা দিতাম না। কিন্তু আমরা দেখছি হুগলীতে জেলা পরিষদের মিটিংএ জলের জন্ম আবদার করা হচ্চে, বলা হচ্চে যান না মায়ের কাছে গিয়ে একট জলের জন্ম ভিক্ষা করে আস্থান না। আমরা ইন্দিরা গান্ধীকে বলাতে ইন্দির। গান্ধী ওথান থেকে অর্জুন সেনগুপ্তকে পাঠিয়ে জলাধার থেকে জল চেড়ে দেবার ব্যবস্থা করলেন। তিনি পশ্চিমবংগের ধানের কথা চিন্তা করে জল ছেডে ছিলেন। কিন্তু আমাদের ত্বংথ আমরা সেই জলের সদ্ব্যবহার করতে পারিনি। সেজন্য বলব যতক্ষণ না তোমরা আগ্রনির্ভরশীল হচ্ছ, যতক্ষণ না পরিকল্পনাকে বাস্তবে রূপায়িত করবার ক্ষমতা তোমাদের হচ্ছে ততক্ষণ পর্যন্ত তোমাদের বেশী ক্ষমতা দেওয়া উচিত নয়। যতটুকু ক্ষমতা দেওয়া হয়েছে ততটুকু রূপায়িত করবার আগে চেষ্টা কর। গত বাজেট সেদানে আমরা নৃথ্যমন্ত্রী জ্যোতিবাবুর কাছে গিয়ে বলে-ছিলাম যে সামনে একটা থরা আসছে, আপনি ১০০ কোটি টাকা ইয়ার মার্ক করে রেখে দিন স্থালো টিউবওয়েল, ডিপ টিউবওয়েল করবার জন্ম। আপনি যদি এক হাজার গ্রাম পঞ্চায়েতকে বেছে ৫টা করে ডিপ টিউবওয়েল করতেন তাহলে ফদলের জন্ম ভাবতে হত না। কিন্তু আপনারা ভাইরেক্টলি লোককে ৬ টাকা করে দিয়ে কাব্দের সংস্থান করেছিলেন থরার টাকা থেকে। ঐ টাকাতে যদি স্থালো টিউবওয়েল ডিপ টিউবওয়েল করতেন তাহলে থরার হাত থেকে মানুষ বাচত। যে সরকার কান্ধ রূপায়িত করতে না জানে তাকে ক্ষমতা দেওয়া উচিত নয়। তুম্বদের ঘর তৈরী করার পরিকল্পনায় প্রতি বছর পঞ্চায়েতকে ৬ হাজার করে টাকা দেওয়া হত। ৩ বছর দেওয়া হয়েছিল, তাতে ৬টা করে ঘর হয়েছিল। কিন্তু আজ ৩ বছর সেই টাকার কোন ব্যবস্থা নেই. সেই টাকা কোথায় ফেরত যাচ্ছে কেউ জানে না। আপনারা পঞ্চায়েতের প্রত্যেকটির কাজ লক্ষ্য করুন, দেখবেন দেখানে স্কুল বাড়ী তৈরী করার জন্ম ২৫ হাস্কার করে টাকা দেওয়া হয়েছে,

তারমধ্যে ১০ হাজার টাকা থরচ হয়েছে, বাকি টাকা গায়েব হয়ে গেছে। ডিপ টিউবওয়েলের টাকা, ক্ষ্ম সেচের টাকার ৫০ পার্সে ও বায় করতে পারেননি। যারা শুধু মাটি ফেলার টাকা দিলে মাটি ফেলতে পারে, টেকনিক্যাল প্ল্যান যাদের নেই, কাজ করার ক্ষমতা যাদের নেই তাদের অতিরিক্ত ক্ষমতা দেওয়ার সার্থকতা কোণায় ? এদের টাকা দেওয়ায় সার্থকতা কোণায় ? যদি ১০০ টাকা দিলে একটা পরিবারকে সঠিকভাবে পরিচালন। করতে পারেন তবেই তো বলা যাবে ১৫০ টাকা দিন। আপনাদের যদি সেই ক্ষমতা থাকত তাহলে কেন্দ্র আপুনাদের টাকা দিতেন। আমাদের ট্রান্সপোর্ট প্রবলেমের কথা চিন্তা করুন না স্টেট ট্টান্সপোটে অবাধ চুরি, দেখানে ৩০ কোটি টাকা লস। আজকে জেলায় জেলায় প্রাইভেট সেক্টরে মে গাড়ী চলছে —আগে যেখানে ২৪ খানা গাড়ী চলত আজকে দেখানে ৬ খানা গাড়ী চলছে। কেন এই অবস্থা ? সেগানে কি আপনাদের টাকার অভাব ছিল ? আপনারা লোককে লাইদেন্স দিচ্ছেন, লোককে বোঝান গাড়ী বের করার জন্ম। রাস্তায় গাড়ী যদি বের করতে পারেন তাহলে লোকে আপনাদের ধন্য ধন্য করবে। সেথানে টাকার অভাব ছিল না, সেথানে অভাব রয়েছে আপনাদের মানসিকতার, সেখানে অভাব রয়েছে বোঝানর কোনদিন কি আপনারা বলেছেন শ্রমিককে কাজ কর, উৎপাদন বাড়াও, তোমাদের পক্ষে আমরা আছি ? এটা যদি বলতে পারতেন ভাহলে ইন্দিরাকে বলতে পারতাম যে ওদের আরো টাকা দিন, ওরা সত্যিকারে মনোবল তৈরী করছে, শিল্প তৈরী করছে। একদিকে আপনার। শিল্পের জন্ম টাকা চাইছেন, আর একদিকে শ্রমিককে বলচেন কাজ করতে হবে না, চমৎকার বিচার।

আপনারা তাহলে শিল্প কিভাবে করবেন? আপনাদের হাতে যে সমস্ত শিল্প রয়েছে তাতে যে নোকসান দিচ্ছেন তার কারণ কি, কেন আপনারা স্থপরিকল্পিতভাবে চালাতে পারছেননা? একটু আগে এখানে যে আলোচনা হচ্ছিল তাতে জানা গেল আমাদের যে সমস্ত পর্যটন স্পেটার রয়েছে সেখানে প্রচুর টাকা লোকসান হচ্ছে। আমরা দেখছি শুধু ওগানেই নয়, সরকার পরিচালনাধীন যতগুলি সংস্থা রয়েছে প্রতিটি ক্ষেত্রে লোকসান হচ্ছে। এর কারণ হচ্ছে, কাকর কোন চোতনা নেই, সিদ্ছাল নেই, কিভাবে লোকের উপকার করব সেই চিস্তাধারা নেই। এই ভাষণের মধ্যে অর্প সত্য এবং অসত্য তথ্য পরিবেশন করা হয়েছে এবং সেটা করে আপনারা নিজেদের নিকৃষ্ট করেছেন। আপনারা শুধু কতগুলি গালভরা কথা বলে রাজ্যপালের এই ভাষণ উপস্থিত করেছেন কাজেই এই ভাষণ আমি সমর্থন করতে পারছিনা।

শ্রীদেবীপ্রসাদ বস্তু: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আজকে বলবার জন্ম প্রস্তুত ছিলাম না, তাহলেও বলছি। তাষণটা পাঠ করবার সময় রাজ্যপালের বার বার আটকে গিয়েছিল বলে ওঁরা বোধংয় ভাষণটা ভালভাবে বুক্কতে পারেননি। ছদিনের যে আলোচনা আমি শুনলাম তাতে দেখছি বিরোধীপক্ষ যে ছটি বিষয়ের উপর গুরুত্ব দিয়েছেন তার একটি হচ্ছে আইন-শুদ্ধলা—এটি প্রধান এবং বিতীয়টি হচ্ছে উন্নয়নের কাজ এমন কিছু হয়নি—বরং বার্থ হয়েছে।

আজ একথা অস্বীকার করে লাভ নেই যে, আমাদের সমস্ত সমাজের ভেতরে উশৃংখলতা এবং অপরাধ প্রবর্ণতা বাড়ছে। তবে এটা শুধু পশ্চিমবাংলায় নয়, দারা ভারতবর্ষেই বিপুলভাবে উশংখলতা এবং অপরাধ প্রবণতা বাড়ছে। পশ্চিমবাংলাকে ভারতবর্ষ থেকে আলাদা করে দেখা যায়না কাজেই বলা যায় এথানে ও ওই মনোভাব বাডছে। বাজীর ছেলেদের সম্বন্ধে যদি গার্জিয়ানদের জিজ্ঞেদ করেন তাঁদের কথা শোনে কিনা তাহলেই বুঝতে পারবেন অবস্থাটা কোথায় গিয়ে দাঁড়িয়েছে। আজকে এই হচ্ছে সমাজের ভেতরের অবস্থা। কিন্তু প্রশ্ন হচ্ছে, কেন এই অবস্থা, এর প্রতিকার কি, রোগটা কি, কে এরজন্ম ঔষধ ঠিক করবে ? দেশবাসী সকলেই এই সমস্তায় ভূগছে। সমাজ-বিরোধী শ্রেণীর জন্ম হয় তুটো কারণে ক্ষয়িষ্ণু ধনতম্ববাদী সমাজে তার অপজাত সন্তান হয় সমাজ-বিরোধী শ্রেণী এবং দিতীয় কারণ হচ্ছে, গভীর নৈরাশ্য এবং হতাশার ভূগে ভূগে সমাজবিরোধী শ্রেণীর স্ট হয়। ধনতান্ত্রিক রাষ্ট্র এই যুবক শ্রেণীকে যাতে বিদ্রোহ স্বাষ্ট্র করতে না পারে এবং ধনতান্ত্রিক কাঠামো যাতে ভেঙে দিকে না পারে তারজন্য তদন্ত স্থকৌশলে তাদের ওই উশুংখলতার দিকে ঠেলে দেয়, অত্যন্ত নিরুষ্ট শ্রেণীর সংস্কৃতির মধ্যে নিয়ে যায়। আধকাল দেখবেন অত্যন্ত কুতসিৎ যৌন চিত্রের ক্যাসেট পাওয়া যায় এবং সেগুলি টেলিভিসনের মধ্যে ঢ়কিয়ে দেওয়া হয়েছে। প্রচুর কুতসিৎ হিন্দী ছবি আজকাল বেকচ্ছে এবং বিভিন্ন পত্র পত্রিকায়, ম্যাগাজিনে বিভিন্ন রক্ম যৌন ছবি ছাপিয়ে সেগুলি স্টলে স্টলে ছড়িয়ে দেওয়া হচ্ছে। এটাই হচ্ছে ধনতন্ত্রণাদের চরিত্র এবং যারজন্মই এগুলি হচ্ছে, হবে। আমাদের এখানেও এগুলি হচ্ছে ঠিক কথা, তবে এক্ষেত্রে তুলনা করতে হবে অত্যান্ত জায়গার সঙ্গে।

#### [ 6-30—6-40 P. M. ]

এটা পুলিশের ব্যাপার নয়, আমাদের ঘরের ব্যাপার। আমার মেয়ে বন্ধুর মঙ্গে বেরিয়ে চলে গেল—এদে বললো বন্ধুর বাড়ী গিয়েছিলাম। অনেক রাত করে ফি.লো, কিন্ধু বলপার কোন উপায় নেই। এগুলি কিন্ধু পুলিশের ব্যাপার নয়। এটাই বর্তমানে আমাদের সমাজের সামগ্রিক চরিত্র। এ ব্যাপারে আমাদের ভাববার অবশ্যই আছে এবং এটা ভাববার ব্যাপার। তাই বলে কি সরকার সবাইকে জেলে ভরে দেবে? কাজেই এর প্রতিকার হচ্ছে এই গগ্রিষ্ণু ধনতন্ত্রবাদ সমাজ যাতে ভেঙে পড়ে যায় তার চেষ্টা করা, যেটা ভক্তিবাবু, অমলেন্দ্রবাবু বললেন। অবশ্য তাতে জিজ্ঞাসা এসেছে যে তাহলে আপনারা এর মধ্যে চুকলেন কেন। উত্তর আছে। আমরা এসেছি এই সামগ্রিক নগ্ন চিত্রটা জনসাধারণের সামনে তুলে ধরবার জন্য। না হলে লোকের ধারণা অন্য রক্ম থেকে যাবে। এ সম্বন্ধে লেলিন একটা কথা বলেছিলেন। যথন রাণিয়া বিপ্লব হয়ে গেছে—ক্ষমতা দখল হয়ে গেছে, তথন ঘূটো ডিগ্রী ঘোষণা করতে হবে। একটা হচ্ছে সিজ ফায়ার, আর একটা হচ্ছে ল্যাণ্ড টু দি টিলার। কিন্ধু লেলিন বললেন এটা ডুমোর ভেতর দিয়ে ব্যবন্ধা করতে হবে। তথন পার্টির অন্য লোকরা বললো আমাদের ক্ষমতা তো দখল হয়ে গেছে, তবে আর ডুমোর ভেতরে যাবার দরকার কি আছে। লেলিন বললেন যে এর পরে প্রচণ্ড গৃহ যুদ্ধ বাধ্বে এবং ধনিক শ্রেণী যে হিংম্ম আক্রমণ করবে তথন নিপীড়িত মান্থ্যরা ভাববে যে লেলিন যদি এটা ডুমার

থেকে পাশ করিয়ে নিতো তাহলে এই হিংম্রতা হোত না। স্থতরাং ডুমো সম্পর্কে সাধারণ মাহুষের মোহ ভেঙে দেবার প্রয়োজনীয়তা আছে। সেইজন্ম তিনি ডুমোর স্বাষ্ট করেছিলেন। এবং সেই ডুমোয় পার্টির প্রতিনিধিদের পাঠিয়ে দিলেন। স্মালোচনা স্থক্ত হোল ২৪ ঘণ্টা আলোচনা চললো এবং সেই আলোচনার সংবাদ গ্রাম থেকে গ্রামাস্তরে পৌছে দেবার বাবস্থা ছিল—তার মাধ্যমে দেশের সমস্ত লোক সেই আলোচনা শুনছে। ২৪ ঘণ্টা আলোচনাতেও কিছ হোল না ৩৬ ঘণ্টা চলে গেল কিছু হোল। তার পর যথন ৩৮ ঘণ্টা এলো তথনও সিদ্ধান্তে এলো না. এদিকে ড়মোর খবর প্রতি মুহূর্তে গ্রাম থেকে গ্রামাস্করে পৌছে দেওয়া হচ্ছে। তথন লোকে অধৈর্য্য হয়ে বললো আর ডুমোকে সহ করা যায় না। তথন লেলিন হকুক দিলেন ডুমো ভেঙে দাও, মেন-দেবিকদের গ্রেপ্তার কর। এই পথ নিয়েই আমরা সংসদীয় রাজনীভিতে এসেছি। আমরা লোককে দেখাতে চাই যে এ দিয়ে কিছু করা যাবে না, করা সম্ভবও নয়। আমাদের এখানে পুলিশ যা নেমেছে, আরও নেমে যাবে। তবুও এখনও অন্ত প্রদেশের চেয়ে ভাল। আমি জানি পার্টনায় আমার এক আত্মীয়ের বাড়ী আছে। সেই বাড়ীর পাশে একজন বাস করেন। ঘটনাটি পাটালিপুত্র থানার। দ্রগাপ্রসাদ আগরওয়াল ভত্রলোকের নাম, আমাদেরই প্রতিবেশী। তার চেলে মোটরবাইকে একটা মোধের বাচ্ছাকে ধান্ধা দেয়। আগারওয়ালার ছেলে তার জন্ম তাকে টাকা দেয়। কিন্তু ঐ থানার সেকেণ্ড অফিনার সেই গোয়ালাকে ধললে যে তুমি একটা কেন করে দাও তোমাকে অনেক টাকা পাইয়ে দেবো। এই বলে তাকে দিয়ে কেস করিয়ে দিল। তাতে আগারওয়ালার ছেলেকে এক মোটর বাইকটিকে থানা আটক করলো। দরগাবাবু ছেলেকে জামিন করিয়ে নিম্নে এলো। কিন্ধু মোটর বাইকটিকে কিছুতেই পাওয়া গেল না। বিহারের আই. জি. পি-বাবু পাটালিপুত্র থানার ও. সিকে চিঠি পাঠালেন যে জামিনে মোটর বাইকটিকে ছেড়ে দাও।

স্থোনে ঐ দারোগা কি বলছে জানেন ? বলছে, আমি ভূঁইহার, আমি রাজপুত আই. জি.'র অঙার মানবোনা, আমি ছাড়বোনা। এখন ওর বাড়ির পাশে মঞ্জয় গাদ্ধী যে বাড়িতে আসতো, সেই বাড়ির মালিক ভূঁইহার, তিনি একজন এম. এল. মি., তিনি বাড়ি ছিলেন না, প্রামের বাড়ি থেকে পাটনার বাড়িতে গিয়েছিলেন। তিনি যখন এলেন, তাঁকে নিয়ে যাওয়া হলো সেই দারোগার কাছে, তিনি দারোগার নাম ধরে ডেকে বললেন, ছেড়ে দাও। তপন ভূঁইহার কঠা বলেছেন বলে গাড়ি ছেড়ে দেওয়া হলো। এটা কিন্তু আমাদের পশ্চিমবাংলায় কথনও হয়নি। একজন স্থপারিনটেওেট অব পুলিশ ওয়েট বেশল কেডারের, কিন্তু তাঁর বাড়ি উত্তরপ্রদেশে—আমি নাম বলব না, পাছে তার চাকরির ক্ষতি হয়, আমি যখন তাকে বললাম যে এইভাবে গোলমাল হচ্ছে, সমাজবিরোধীরা এইসব করছে, আপনি ইনএাাকটিত হয়ে বসে আছেন কেন ? উনি আমাকে বললেন দেবীবারু, আপনি জানেন না পশ্চিমবাংলা অনেক ভাল আছে। বেশীদিন আগে নয় মাত্র দেড় বছর আগের ঘটনা জানেন ? আমাদের দেশে কি হচ্ছে জানেন, বড় বড় নাম করা ডাকাতরা এম. পি., এম. এল. এ. হচ্ছে। আমি বললাম, বলেন কি ? উনি বললেন ইা। আমি তথন তাকে জিন্তানা করলাম কংগ্রেসের নমিনেসন পাছে ? উনি বললেন ইা।

নমিনেসন দিচ্ছে, তার পিছনে ব্যাকিং আছে। ভোট দিচ্ছেন লোকে ? বলল, না। ওরা সার্ভে করছে—একটা লোকসভা কেন্দ্র সাতটা বিধানসভা কেন্দ্র নিয়ে, ওরা সার্ভে করে নেয় ক'টা কেন্দ্রে ভোট পাবে। ৬/৮টা কেন্দ্রে হয়ত ভোট পাবে, তার বেশী পাবে না, ভোটের দিন সেইসব কেন্দ্রে নাম করা ভাকাতরা পাগভী মাথায় দিয়ে, লাঠি নিয়ে গ্রামে গ্রামে ত'দিন আগে থেকে বলে আছে। গ্রামবাসীরা ভয় পেয়ে গেছে, তারা বলছে যে তুমি কেন এখনে আছ ? তথন ঐ সব ডাকাতরা উত্তর দিচ্ছে ভোটের সময় পাছে গোলমাল হয়, তোমাদের অস্থবিধা হয়, কাজেই তোমাদের থাতে ভোট দিতে যেতে না হয় তার জন্ম বসে আছি। তারা ভোট দিতে যায় না। এইরকমভাবে ৫/৬টা ৮টা গ্রামের ভোটে তারা এম. এল. এ. হয়ে যাচ্ছে। আমি মেদিন সিং সাহেবের কথা বিশ্বাস করিনি। কিন্তু কালকে টেনে আসতে আসতে এবারের সানডে সংখ্যায় দেখলাম এই কথা প্রতিদ্ধনিত হয়েছে। এই জায়গায় আমরা এসে পৌছইনি। আর উন্নয়নের কথা বলছেন? উন্নয়নের কথা বলে লাভ আছে কিছু? পুরনো প্রসিডিংসগুলো খুলে পড়ুন, তথন যে অভিযোগ-গুলো বিরোধীপক্ষ আমাদের বিক্লন্ধে করেছেন ঠিক এই অভিযোগগুলোই ওঁরা যথন সরকার পক্ষে ছিলেন, পুরনো লোক কেউ নেই, একমাত্র ডাঃ জয়নাল মাবেদিন আছেন—ঠিক এই অভিযোগ-গুলোই আমরা করেছি ওখান থেকে, আরও শাস্ত, আরও অনুতেজিত এবং নিস্তন্ধ কক্ষে এবং তগন এত কোলাহল হোতোনা, কিন্তু আরও তীব্র এবং আরও শাস্ত ভাষায় একই অভিযোগ আমরা করেছি। স্বই এক। তাহলে ব্যাপারটা কি, এই রক্ষ হচ্ছে কেন? সেই টাকা খরচা করতে পারিনি, টাকা ফেরত গেছে, আমরা বার বার বলেছি এই কথা, এখন ওঁরা আমাদের বলছেন। ছটোই সত্যি কথা। আমরা ওঁদের বিক্লে যখন বলেছিলাম, সেটাও সত্যি আর ওঁরা আমাদের বিৰুদ্ধে বৰ্তুমানে যেটা বলছেন দোটাও সত্যি। কেন সত্যি ? পত্যি এইজগ্য যে—নবৰীপের বিষ্টু কুমোরের কথা এই প্রদক্ষে মনে পড়ে। নবদ্বীপে রাগ পূর্ণিমা হয়, এবং সেখানে হাজার রক্ম ঠাকুর হয়। সব কুমোরই বায়না নিয়ে নিয়েছে ৩/৪ খানা করে ঠাকুরের। হঠাৎ একটা ক্লাব বলল তারা ভারতমাতার ঠাকুর করবে। কিন্তু কুমোর খুঁজে পাওয়া গেল না। একমাত্র শুধু বিষ্টু কুমোরের হাতই কিছুটা খালি ছিল। যেখানে সব ঠাকুরের মুঞ্ তৈরী হয় সেগুলো সাধারণতঃ ছাঁচেই তৈরী হয়। বিষ্টু কুমোর এ মুঞ্ ভারতমাতা ঠাকুরের এ মুঞ্ ছাঁচে তৈরী করে চোথ, মুগ লাগিয়ে, রং, টং করে দিয়েছে, লোকে তা দেখে বলছে এটা তো হত্নমানের মুখ। তথন তারা বিষ্টু কুমোরের কাছে গেল, আমার কাছেও এল, আমিও গেলাম বিষ্টু কুমোরের কাছে, গিয়ে জিজ্ঞাসা করলাম এই রকম হল কেন ? আমি মাঠে গিয়ে দেখলাম ভাল করে, হাাা হত্যানের মুখ, তথন বিষ্টু কুমোর বললে আমার একটাই ছাঁচ আছে যাতে শুধু হতুমানেরই মুখ হয় আর কিছু হয় না।

#### [6-40-6-50 P.M.]

এই ধনতান্ত্রিক রাষ্ট্র কাঠামো যারা তৈরী করে এসেছিলেন সেই বুটিশের কাছ থেকে এরা উত্তরাধিকারস্ত্রে তা পেয়েছেন। তারা হহুমানের মুথের কাঠামো তৈরী করে এসেছেন।

তারাও মূপ তৈরী করছেন, আমারাও করছি, কিন্তু সেই হতুমান হচ্ছে। আমরা মাতুষের মূখ করার চেষ্টা করছি, তফাৎ এইটুকু। স্বতরাং এই কথা বলে কোন লাভ নেই। বিহাৎ উৎপাদন ঐ সময় বেশী হয়েছিল, এখন আরো বেশী হচ্ছে, কিন্তু চাহিদা এখন আরো অনেক বেশী বেডে গেছে। বিদ্যাতের ব্যবহার আরো বেশী হচ্ছে। খাদ্য উৎপাদনের কথা বলছেন—তথনও বৃষ্টির উপর নির্ভরশীল ছিল, এখনো বৃষ্টির উপর নির্ভরশীল আছে। সিন্ধ নদের বরফ গলা জল পেয়ে ভাকরা নাঙ্গাল সব চেয়ে বেশী সেচ সেবিত এলাকা বলে চিহ্নিত। সেথানে বলা হয়েছিল আমরা সবুজ বিপ্লব করে ফেলেছি এবার স্বেভ বিপ্লব করব, ত্বধ করব। গত বছর সেই সবুজ বিপ্লব মুখ থুবড়ে পড়ে গেল। তথন যা এখনো তাই—মাইনর ইরিগেসন করবেন ? আপনারা কেউ খবর রাথেন ? গঙ্গা আমাদের একমাত্র বরফ গলা জলের নদী। তার বেশীর ভাগ জলই উত্তরপ্রদেশ, বিহার টেনে নিচ্ছে, এখন জল আদে না। ফারাক্কার প্রথম দিকে যখন জল আস্চিল তথন খাল বিল দিয়ে সল চলে থাচ্ছিল, রিভার লিফ্টের স্থবিধা হয়েছিল। ওয়াটার লেভেল নেমে গেলে কোথায় করবেন ? মাইনর ইরিগেসনেয় ব্যাপারে ওয়াটার বোর্ডের থবর কেউ রাখেন কি ? গ্রামের কুয়ো, টিউবওয়েলগুলির কেউ থবর রাখেন কি ? ওয়াটার বোর্ডের থবর হচ্ছে ওয়াটার লেভেল নেমে থাছে। কোথায় মাইনর ইরিগেসন করব ? ফসল ফলাবেন কি করে ? এটা তো সম্ভবপর নয়। স্বতরাং তারা আজকে যে কথা বলছেন দেটা দেখে আমরা ভাবছি। আয়নায় দাঁড়িয়ে ক্যারিকেচার করবার আগে যেমন মাত্রয় মুখ-ভঙ্গী করে—ভাই দেখে মাত্রয় বলে বাহুবা বাহবা ঠিক হচ্ছে। আর ওদের বক্তব্যও সেই আয়নায় দাঁড়িয়ে নিজেরাই নিজেদের দেখে বাহবা বাহবা করে ক্যারিকেচার করছেন, তার বেশী কিছু হচ্ছে না। এথানে আর কেউ নেই, ও পক্ষের জয়নাল আবেদিনই এই কথা একমাত্র বুঝতে পারছেন। আর কেউ এটা জানেন না। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীভূপেন্দ্রনাথ শেঠঃ মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, ১৯৮৪ সালে রাজ্যপাল বেভাবে তার ভাষণ পেশ করেছেন এবং তার উপর ধয়্যবাদ স্থচক প্রশ্ন যেভাবে উত্থাপিত হয়েছে আমি তাকে ধিকার জানাছি। কারণ বাস্তবের সাথে এর কোন মিল নেই। রাজ্যপালের ভাষণ বামফ্রন্ট সরকার যেভাবে তৈরী করেছেন এবং যেভাবে তা রাজ্যপালকে দিয়ে পাঠ করানো হয়েছে তা সম্পূর্ণ উদ্দেশ্যপ্রণোদিত এবং মহামান্য রাজ্যপাল এই ভাষণের কিছু অংশ নিজে থেকেই সংশোধন করার জন্ম অন্থরোধ রেখেছিলেন—আমাদের কাছে খবর আছে, সংবাদপত্রের মাধ্যমে তা বলা হয়েছে। এই রকম অসত্য কথা তিনি কিন্তু পাঠ করতে চান নি, তাঁর ইচ্ছার বিরুদ্ধে তাঁকে দিয়ে এটা পাঠ করানো হয়েছে।

আইন শৃংথলা পশ্চিমবঙ্গে ভালো একথা আপনারা বলেছেন এবং আপনাদের তরফ থেকে যারা বক্তৃতা করেছেন তারা সে কথার সমর্থন করে বলেছেন যে পশ্চিমবাংলার বুকে আইনশৃন্ধলা বিরাজ করছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই প্রদক্ষে বলতে গিয়ে আমি প্রথমেই এই সভার

মাননীয় সদস্যদের বনগাঁতে আসবার জন্ম আমন্ত্রন জানাচ্চি। রাতি ৯॥ টার টেনে আপনারা বনগাঁতে আস্কন, দেখি আপনাদের কত সাহস। আমি জানি স্থার, আমি যদি ওদের আহ্বান করি বনগাঁতে আসবার জন্ম তাহলে ওরা বলবেন, "না, না, ভাই, বনগাঁতে যাব না, এখানে খুন, ভাকাতি, ছিনতাই, রাহাজানি হয়।" দেখানকার খনের পরিসংখ্যান যদি দেখেন তাহলে দেখবেন খুন কি হারে সেথানে বাড়ছে। মাননীয় মন্ত্রী রামনারায়ণবাবু বলেছেন, খুনীদের নাম দিন। আমি দে লিষ্ট দিতে পারি। ৪-১০-৮৩ তারিথ থেকে এখন পর্যান্ত ৩৯ টা খনের বিস্তারিত খবর **আমি দিতে** পারি। দেখানে কে, কোথায়, কোন ভেটে খন হয়েছে তার বিস্তারিত তথ্য আমি দিতে পারি। খন হয়ে রাস্তায় মামুষ পড়ে আছে, কারুর পায়ে মাথা ঠেকছে কারুর পায়ে হাত ঠেকছে এই হচ্ছে অবস্থা। আনন্দবাজার, ষ্টেটসম্যান প্রতিটি সংবাদপত্তে এইসব খুনের পরিসংখ্যান বেরিয়েছে এবং প্রতিদিনের খুনের খবর বেরিয়েছে। এই অবস্থায় আপনারা বলছেন দেশে আইন-শংখলা রয়েছে। তাই যদি হয় তাহলে আস্ত্রন বনগাঁতে, দেখবেন দেখানে কি জন্মলের রাজ্য চলছে। দত্তফলিয়ার রঞ্জন ভটাচার্য্যকে মারা হ'ল, তার চোথ উপড়ে নেওয়া হ'ল। চাকদায় একজন পঞ্চায়েত নির্বাচনে হাত চিঞে ভোট দিয়েছিল বলে তার হাত কেটে নেওয়া হল। এইভাবে পশ্চিমবাংলায় ৭ হাজারের উপর মাত্রয় খুন হয়েছেন, সে পরিসংখ্যান আমাদের কাছে আছে। তারপর চারিদিকে ডাকাতি বাড়ছে। প্রতিদিন ডাকাতি বাড়ছে। গ্রামের মান্ত্র্য ভয়ে শহরে চলে আসছে। স্বাইপুর গ্রামে এক রাত্রে ১১টি বাড়ীতে ডাকাতি হয়ে গেল। শুধু গ্রামে, গঞ্জে ডাকাতিই বাড্ছে না শহরেরও ছিনতাই বাড্ছে। আপনাদেরই দদস্য মলিন ঘোষের মলিদা যে ছিনতাই হয়ে গেল সেকথা কি অম্বীকার করতে পারেন ? কাজেই আপনাদের বলব, বাস্তব অবস্থা যেটা সেটাকে স্বীকার করুন এবং তা যদি করেন তাহলে আমবাও সেটা সমর্থন করতে পারি। এ সম্পর্কে জিজ্ঞাসাবাদ করার জন্ম পুলিশের কাছে যান সেথানে দেখবেন পুলিশ চুপ করে থাকবে। খুন হয়ে যাবার পর পুলিশ যাচ্ছে এবং সেথানে তারা অসহায় বোধ করছে। স্থার, আমার নির্বাচনী কেন্দ্র বনগাঁতে ৩ লক্ষ ৭৬ হাজার লোকের বাস অথচ সেখানে থানাতে মাত্র ৭ জন দারোগা, ৪ জন এ. এস. আই. এবং ১১ জন কনস্টোবল আছেন। ৫৬ কিলোমিটার সীমান্ত এলাক। এই বনগাঁতে রয়েছে এবং দেখান দিয়ে অন্তপ্রবেশকারীর। এ দেশে আসভে এবং ডাকাতি করে চলে যাছেে। সকাল ৮॥/৯ টার সময় একজনকে ২০০ হাজার লোকের সামনে গুলি করে মেরে দিল এ ঘটনাও আমাদের জানা আছে।

( ভয়েদ :—বি. এদ. এফ. কি করছে ? )

বি. এম. এফ. তো দীমান্তে আছে। সেই দব অন্প্রবেশকারীদের আপনারা রেশনকার্ড দিচ্ছেন, সিটিজেনশিপ দিচ্ছেন এবং তাদের এখানে বসাচ্ছেন।

#### [ 6-50-7-00 P. M. ]

সেখানে আপনারা প্রশ্রেষ দিয়ে চলেছেন। বাস্তদেব বাগ বলে একজন পুলিশ অফিসার তিনি সমাজ বিরোধীদের বিরুদ্ধে কিছু করতে চেয়েছিলেন তাকে শাস্তি দেওয়া হল। একজন তাল

অফিসার তাকে ট্রান্সফার করা হল বাঁরড়ায়। এটা ডিউ টাইমের ট্রান্সফার নয়, শাস্তি হিসাবে তাকে ট্রান্সফার করা হল। সেথানে যথন সি. পি. এম পার্টির মস্তান, এ্যান্টিসোসাল ধরা পড়ছে, বামফ্রণ্টের অন্য সরিক দলের কেউ ধরা পড়ছে তথন পার্টি অফিস থেকে টেলিফোন যাচ্ছে যে ছেড়ে দিন। পুলিশ কি করবে ? পুলিশের কিছু করার নেই। পুলিশ সেখানে অসহায় অবস্থা বোধ করছে। তাদের পক্ষে কোন এ্যাক্সান নেওয়া সম্ভব হচ্ছে না। তারা যদি এনাকসান নেই তাহলে সংগে সংগে পার্টি অফিস থেকে টেলিফোন করা হচ্ছে। ভয় দেখান হচ্ছে। এর কোন প্রক্বত প্রতিকার নেই। সেই সব কথার কোন উল্লেখ নেই। রঞ্জন ভট্টাচার্য্যের চোথ তুলে নেওয়া হল। দেথানে আদামীকে গ্রেপ্তার করা হয়নি। তার কোন উল্লেখ এখানে নেই। তারপরে এই বিষয়ে প্রধান মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করা হয়েছিল। সেই সময়ে সংবাদপত্রে এই সব ঘটনা বের হয়েছিল। আজকে পশ্চিমবাংলার যেথানেই যান না কেন এই ধরণের জিনিস দেখতে পাবেন। আজকে যারা গ্রাম থেকে নির্বাচিত হয়ে এসেছেন, তাদের বলবো যে আপনার। গ্রামের কথা একটু চিন্তা করুন এবং গ্রামের সব ঘটনা ঘটছে সেগুলি হাউসে তুলে ধরুন। মেনশনের সময়ে, প্রশ্নের সময়ে দেখা যাচেছ বিভিন্ন সদস্য বলছেন যে এথানে খুন হচ্ছে, ওথানে রাহাজানি হচ্ছে, পুলিশ কিছু করতে পারছে না। তা সত্ত্বেও রাজ্যপালের ভাষণের মধ্যে তার কোন স্বীকৃতি নেই, তাকে ধন্যবাদ দেওয়া হচ্ছে। আজকে রাজনৈতিক উদ্দেশ্য চরিতার্থ করার জন্য আপনারা দেশকে কোথায় নিয়ে যাচ্ছেন তা জানেন না।

আপনারা ভূমি বন্টনের কথা বলেছেন। আমার কাছে ভূমি বন্টনের ফিরিন্তি আছে। ১৯৭৬ সালে যে সমস্ত লোককে পাট্টা দেওয়া হয়েছে, তাদের মধ্যে যারা কংগ্রেস সমর্থন বলে পরিচিত তাদের কাছ থেকে পাট্টা কেড়ে নেওয়া হছে। আমি নাম করে বলতে পারি। বনগাঁ থানার অস্তর্গত অরবিন্দ চৌবেড়িয়া, জগন্দু মিধা, ফরতপুর, হলাল মণ্ডল, হুটিয়া, অধির বিশ্বাস, হুটিয়া ইত্যাদি লোকের কাছে থেকে পাট্টা কেড়ে নিয়ে সি. পি. এম-এর যারা সমর্থক তাদের হাতে তুলে দেওয়া হয়েছে। এইভাবে আপনারা ভূমি বন্টন করেছেন। রাজ্যপালের ভাষণে উল্লেখ আছে যে ক্ষুদ্র সেচ প্রকল্পে দেশের ফসল উৎপাদনের পক্ষে সহায়ক হয়েছে। আপনি থবর নিয়ে দেগবেন যে রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে কোন কোন এলাকাকে ওয়াটার বোর্ড থেকে ব্লাক বলে ঘোষণা করা হয়েছে। সেথানে এগ্রিকালচারাল প্রোডাকশান-এর জন্য কিছু করা হয়নি।

সেখানে কোন প্রকল্প নেওয়া হয়নি। ১৯৮১/৮২ সালে প্রোডাকশান বাড়াবার জন্ম কোন চেষ্টা করা হয়নি। এই সব স্কীমে কেন্দ্রীয় সরকার থেকে কোটি কোটি টাকা আসছে কিন্তু প্রকৃত চামীরা কোন সাহায্য পাচ্ছে না। তারা মহাজনের কাছ থেকে টাকা নিয়ে এগ্রিকালচারাল প্রডাকশান বাড়াবার চেষ্টা করেছে। সেখানে যে সমস্ত এক ফসলী জমি আছে সেই জমিতে বেকার ছেলেরা যারা কর্মসংস্থান করতে পারেনি, তারা আজকে চায় করছে। কাজেই এতে আপনাদের কোন কৃতিছ নেই।

বেকার ছেলেরা সব বোরো চাষে এনগেজড় হয়ে গেছে, তারা ধারে ছোট ছোট পাষ্প মেশিনে নিয়ে গিয়ে গ্রামাঞ্চলে জমি চাষ করছে। অথচ আজকে আপনারা বলেছেন, আপনাদের চেষ্টায় ফসলের উৎপাদন বেডেছে, কিন্তু এ কথা সম্পর্ণ অসত্য। প্রচণ্ড থরার পরে গ্রামাঞ্চলের মামুষ ভীষণ সংকটের মধ্যে পড়ে ব াঁচার তাগিদে ফসলের উৎপাদন বাডাবার জন্ম প্রচেষ্টা চালাচ্ছে। আন্তকে আপনারা পরিসংখ্যান নিয়ে দেখন, আপনারা ফিনানসিয়াল এ্যাসিসটেন্স দিয়ে, ডি. আর. ডি. স্কীম চালু করে, চাষীদের অফুদান দিয়ে, ভরত্কি দিয়ে যে সমস্ত স্কীমগুলি ফসল উৎপাদন বাড়াবার জন্ম চালু করেছেন সেই স্কীমগুলি কডটুকু কার্যকরী হয়েছে। কোন এলাকায় কতটকু কার্যকরী হয়েছে। বিশেষ কিছুই হয়নি। অবশ্র আপনার। এখানে পরিসংখ্যান দেবেন, এত হয়েছে, অত হয়েছে। আমি এখানে শুধু ২৪ পরগণা জেলার বনগাঁ মহকুমার কথা বলছি। সেখানে মাটির নীচে জল নেই. অতএব সেখানে ডি. আর. ডি স্কীমে কাজ হবে না। আমরা যথন ডিষ্টেক্ট কো-মর্ডিনেন্স কমিটির মিটিং'এ এবং বিভিন্ন মিটিং'এ প্রকাশ্যে বলি যে, আমরা দেখছি এখানে প্রাইভেট স্থালো কিনে একটা পাইপ আর ছটো ফিল্টার দিয়ে অনেকে জল ওটাচ্ছে, তথন সরকারের পক্ষ থেকে বলা হচ্ছে এথানে মাটির नीरह जल तन्हें, এটা ব্লাক এরিয়া স্থতরাং এখানে ডি. আর. ডি স্কীম চলবে না। পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে প্রায়ই বলা হয়, এখানে ব্যাক্কগুলি ক্রষিক্ষেত্রে ঋণ দিচ্ছে না, তাদের ঋণ দিতে প্রচণ্ড অনীহা। অথচ আমরা আনন্দবান্ধার পত্রিকায় ষ্টেট ব্যাঙ্ক অফ ইণ্ডিয়ার ম্যানেজারের স্টেটমেন্ট দেখলাম, তাতে তিনি বলেছেন, আমাদের ঋণ দেওয়ার মত ক্ষমতা নেই, কারণ পঞ্চায়েত ইতিপূর্বে যে সমস্ত মায়কুদের ঋণ দেবার জন্ম রেকমেণ্ড করেছিল সে সমস্ত মাত্রুষদের আমরা থুঁজে পাচ্ছি না। ফলে ইতিপূর্বে আমর। ঐ যে সমস্ত মাত্রুষদের লোন দিয়েছি—ইতিমধ্যে যে টাকা ইনভেষ্ট হয়েছে—দে সমস্ত রিকভারি করা সম্ভব হচ্ছে না বা আমাদের কোন ক্ষমতা নেই। ২৪ প্রগণা জেলার বনগাঁ, গাইঘাটা প্রভৃতি অঞ্চলের পঞ্চায়েত সমিতি ইতি-পূর্বে যাদের নাম ব্যাক্ক ঋণের জন্ম স্থপারিশ করেছিলেন তাদের শতকরা ৮০ ভাগই ভূয়ে। চাষী। এটা আমাদের কথা নয়, ষ্টেট বাাংকের ম্যানেজারের কথা। ১৯৮২-৮৩ দালে ষ্টেট ব্যাংক অফ ইণ্ডিয়া ২৫০ কেস করেছিল, তারমধ্যে ২০০ ভুয়া। এই যদি অবস্থা হয়, তাহলে ব্যাংক কি করবে ? আই. আর. ডি. পি.'র যে সমস্ত কমিটি আছে সেই কমিটি গুলি যে রেকমেণ্ডেসন দিয়েছে তাতে দেখছি দলীয় ক্যাডার, দলীয় লোকেদের মধ্যেই সমস্ত স্থযোগ স্থবিধা বিতরণ করা হয়েছে। ফলে ব্যাক্কগুলি অসহায় অবস্থায় পড়েছে। সরকার দাবী করেছেন, তাঁরা ঢালাওভাবে মিনি-কীট বিলি করেছেন, কিন্তু আমরা জানি মার্জিনাল ফার্মার এবং পাটা হোল্ডারদের মধ্যে যে পরিমাণ মিনিকীট দেওয়া হয়েছে তা পর্য্যাপ্ত নয়। সামান্ত কিছু মিনিকীট, ৭০০/৮০০ বস্তা বিতরণ করা হয়েছে। তাতে কভজন মার্জিনাল ফার্মার, কভজন প্রকৃত চাষী উপকৃত হয়েছে? অধিকাংশ চাষীই মিনিকীট পায়নি। একটু আগে মাননীয় সদস্য তারাপদবাবু বলেছেন, এমন সব মাফুষ মিনিকীট পেয়েছে যারা চাষী নয়, তারা তা বেচে-বুচে খেয়েছে, তা দিয়ে কোন উচ্চ ফলনশীল रीष धान रमनि । উচ্চ फलनशील रीष धान এবং मात উচ্চ फलनशील फमल फलाटा প্রয়োজন,

তা মান্থবকে বাজার থেকে অধিক মূল্য দিয়ে কিনতে হয়েছে, ফলে আজকে চাষের উৎপাদন থরচ বাড়ছে। চাষীরা যদি ঠিক ঠিক ভাবে ব্যাক্ষ এবং সরকারের কাছ থেকে সাহায্য পেত তাহলে এই ভাবে ফসলের মূল্য বৃদ্ধি হত না। আজকে এই অবস্থায় আমি রাজ্যপালের ভাষণে প্রতিবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ কর্মি।

## [7-00-7-12 P.M.]

শ্রীবন্ধিমবিহারী মাইভি: মাননীয় উপাধক্ষ্য মহাশয়, রাজপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে আজকে তারই দ্বিতীয় দিন। মাননীয় রাজ্যপাল বরাবরই বাজেট অধিবেশনের আগে তাঁর ভাষণ দিয়ে বিধানসভার কাজ আরম্ভ করেন। ১৭৬ ধারা অমুযায়ী রাজ্যপাল যে ভাষণ দিয়েছিলেন সেই ভাষণকে মাননীয় সদত্য স্বত্রতবাবু কালকে বলেছিলেন যে এটা অবৈধ। মিঃ স্পীকার তাঁর ফলিং দিয়ে নাকচ করে দিলেন। তারপর থেকে আলোচনা চলছে। আমি এই প্রসঙ্গে ওনাদের একটু শ্বরণ করতে বলি—। ১৯৬৯ সালে যখন ওঁরা বিরোধী পক্ষে ছিলেন তথন মাননীয় রাজ্যপাল ধরমবীরার ভাষণ নিয়ে কি অবস্থার সৃষ্টি করেছিলেন. কোর্ট-কাছারি পর্যস্ত থেতে হয়েছিল। একথা জয়নাল সাহেব জানেন। সেদিনও ধরমবীরাকে তাঁরা চেষ্টা করেছিলেন আর এখন যিনি রাজ্যপাল আছেন তাঁকেও চেষ্টা করলেন যদি কিছ অচল অবস্থা সৃষ্টি করা যায়। সেইজন্ম সান্তার সাহেব রাজ্যপাল যথন তার ভাষণ পাঠ করছিলেন তথন তিনিও পাণ্টা ভাষণ পাঠ করতে লাগলেন। স্থতরাং এই ইতিহাস ওদের প্রথম নয়, এই রকম নজীর বহু আছে। আইন-শৃন্ধলা সম্পর্কে যা বলেছেন সেই সম্পর্কে ত্ব-একটি কথা বলি। আইন-শৃঙ্খলা আছে কি নেই সেটা একটু চিস্তা করে দেখুন। আমি আপনাদের পুরানো দিনের কথা বল্ডি। ১৯৬৯ সালে পুলিশকে নিয়ে এসে এই বিধানসভায় কি তাণ্ডব করেছিলেন সেটা একবার সেইদিন সমস্ত ভাঙচুর করেছিলেন। তথন যুক্তফ্রন্ট সরকারের রাজত্ব ছিল। ভাঙচুর করার পর সেদিন জয়নাল সাহেব তাঁর বক্তব্যে বলেছিলেন "মাননীয় অধ্যক্ষ মহাশয়, কালকে গণতন্ত্রের পবিত্র মন্দিরে যথন দানবের আবির্ভাব, তথন আমি আমার কর্তব্য স্থির করেছি, এই মন্দিরের পুরোহিতের মর্য্যাদা রক্ষা করার জন্ম আপনার চেয়ারের পাশে ছুটে গিয়েছিলাম, পরে আপনার ঘর পর্যান্ত গিয়েছিলাম"। সিদ্ধার্থবারু কি বলেছিলেন— "কালকে বিধানসভা ভবনে যে ঘটনা ঘটেছে তাতে সারা বিশ্বের কাছে বাংলাদেশের মূথে কালিমা লেপন করা হয়েছে। পৃথিবীর প্রত্যেকটি কাগজে এই ঘটনার বিবরণ দেওয়া হয়েছে। বাংলা-দেশের রাজনৈতিক চেতনা সম্পন্ন মামুষের মুথে কালিমা লেপন করা হয়েছে"। সিদ্ধার্থবাবু আরোও বলেছেন "কালকে যে ঘটনা ঘটে গিয়েছে তার তীত্র নিন্দা আমরা গতকাল করেছি"। স্থতরাং এরজন্য সিদ্ধার্থবাবুদ্ধ আপনাদের নেতাদের ক্ষমা চাইতে হয়েছিল ও নিন্দা করতে হয়েছিল। স্থতরাং আইন-শৃঞ্জা অবনতির কথা আপনাদের মূথে মানায় না। ১৯৬৬ সালে আপনারা ছিলেন। ১৯৬৭ সালে যুক্তক্রণ্ট সরকার হলো এবং এই ১৯৬৭ সালের মাঝামাঝি

ধরমবীরা ডঃ ঘোষকে নিয়ে মাইনোরিটি মন্ত্রীসভা গঠন করলেন। তারপর আপনার ধরমবীরাকে নিম্নে অচল অবস্থা স্পষ্ট করেছিলেন। সেইজন্ম আমি একট্ পূর্বের কথা শরণ করিয়ে দিলাম।

আইন-শৃষ্খলা নিয়ে ওনারা আবার কথা বলেন। ১৯৭৪ সালে পুলিশমন্ত্রী ছিলেন স্থত্রতবাবু। দেই দিন তিনি তঃথ করে বলেছিলেন আমলাতম্ব আমাদের কিছু শুনছে না। আমাকে সরকার পক্ষ এবং বিরোধী পক্ষ যদি সহযোগিতা করেন তাহলে আইন-শৃঙ্খলা রক্ষিত হবে। তা না হলে হবে না। স্বত্রতবাবুকে দেই দিন পুলিশমন্ত্রী থেকে দরে যেতে হয়েছিল। ওনারা আবার আইন-শৃষ্ণলার কথা বলেন। সেই দিনকার সেই তথ্যের মধ্যে আছে শয়ে শয়ে লোক থুন হয়েছিল। আপনারা ভূলে যাবেন না ১৯৭০ সালে যথন রাষ্ট্রপতি শাষণ জারি হয়েছিল সেই দিন শয়ে শয়ে যুবক ছেলেকে আপনার। নির্মম ভাবে হত্যা করেছিলেন। ১৯৭২-৭৪ সালে আপনারা কি করেছেন সেই কথা জনগণ ভূলে যায়নি। সেই জন্ম জনগণ আপনাদের শ্বৃতি থেকে মুছে ফেলেছে। ১৯৭৭ সাল যে পেটো-কেমিক্যাল হলদিয়ায় হবার কথা ছিল, ১৯৮৪ সালেও কেন্দ্র ভার অন্তমোদন দেন নি। এখানে জাহাজ মেরামতের কারখানা হবার কথা ছিল তাও করতে দেন নি। আপনাদের কংগ্রেস অধিবেশনে শ্রীমতী ইন্দিরা গান্ধী এসেছিলেন। এই কলিকাতায় আপনাদের একটা বিরাট সম্মেলন হয়ে গেল, আপনারা দেখানে কি কোন সিদ্ধান্ত নিতে পেরেছেন ? আপনারা এই বিধানসভায় যাই বলুন না কেন পশ্চিমবাংলার শ্রীবৃদ্ধি করার ব্যাপারে আপনারা কোন সিদ্ধান্ত নিয়েছেন? দেশের শ্রীবৃদ্ধির ব্যাপারে অনেক সিদ্ধান্তই হয়েছে। এথানে যাতে কিছু করা যায় তার জন্য আপনারা ইন্দিরা গান্ধীকে চাপ দেবেন না? ১৯৭৭ সালে কেন্দ্রীয় সরকার যেটার অন্থযোদন দিয়েছিলেন উনি ক্ষমতায় আসার পর সেটা আটকে রেখেছেন। এই জিনিষ চলতে পারে না, এই দিদ্ধান্তের কথা বলা উচিত ছিল। আপনারা কৃষির কথা বলেছেন। এর আগে আমাদের মাননীয় সদস্য সাঁধুৰ্থ। মহাশয় বলে গেলেন যে সবুজ বিপ্লব এথানে নাকি হয় নি। দেশ স্বাধীন হবার পর ১৯৬৬ সালে আপনারা সবুজ বিপ্লবের কথা চিস্তা করেছেন ? জয়নাল সাহেব তো তথন মন্ত্রী ছিলেন? বামফ্রণ্ট সরকার আসার পর ২ ফস্লী জমি, ৩ ফস্লী জমির কথা চিন্তা করলেন। সেই দিন আপনার সবুজ বিপ্লবের কথা ভাবেন নি, এই বামফ্রণ্ট সরকার সবুজ বিপ্লবের কথা ভেবেছেন। এই ব্যাপারে আপনারা কি করেছেন? এই ব্যাপারে আপনারা কোন চেষ্টাই করেন নি। দেশের অগ্রগতির পথে বাধা দিচ্ছেন আপনারা। আপনারা আবার অগ্রগতির কথা বলছেন। আপনারা শিক্ষার কথা বলছেন। অমরা জানি ১৯৭২ সাল থেকে ১৯৭৬ সাল পর্যস্ত একটা প্রাইমারী স্থল আপনার। করেন নি। সেই সময় একটা ছেলেকেও চাকুরী দেন নি। একবার আপনার। প্যানেল করেছেন, আবার সেইটাকে নিয়ে হাইকোর্টে গেছেন। এই ভাবে কোন প্রাইমারী স্থল করতে দেন এবং কোন ছেলেকেও চাকুরী দেন নি। হলদিয়ার স্থতাহাটা এবং সন্টলেকে ছটি কলেজ স্থব্ৰতবাবু করতে দিতে চান না। এই কথা যে কি করে ওনারা বলতে পারে বুঝতে পারছি না। এই ব্যাপারে ওনাদের ত্রদর্শিতা থাকা উচিত ছিল। সন্টলেক একটা টাউন গড়ে উঠছে, হলদিয়া একটা শিল্পনগরী গড়ে উঠছে। এখানে কলেন্স হওয়া উচিত। এই

ব্যাপারে আপনাদের ধিকার দেওয়া উচিত। এই চিস্তাধারা নিয়ে আপনারা নেতৃত্ব দিচ্ছেন ওনাদের নেতারা কলেজ করতে বারন করছেন।

( এই সময় লাল বাতি জ্ঞালিয়া উঠিল )

আমার আর সময় নেই, আমার অনেক কিছু বলার ছিল। আমি একটা কথা বলে আমার বক্তব্য শেষ করবো। আমাদের এখানে স্বাস্থ বিভাগের অনেক উন্নতি হয়েছে। একটা কথা ওনাদের শারণ করিয়ে দিতে চাই ১৯৭৪ সালে ২২-২-৭৪ তারিথে কালশনী দেবী নামে এক ভস্ত্র-মহিলা অগ্নিদম্ব অবস্থায় হাসপাতালে গিয়েছিলেন। তাঁর চিকিৎসা পর্যস্ত করেননি আপুনারা।

আজকে এঁরা স্থ্যাস্থ্যের কথা বলেন কি করে ? অজিতবাবু ছিলেন তৎকালীন স্থাস্থ্যমন্ত্রী।
সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছিলেন তাঁরা। এই ব্যর্থতা শুধু এথানেই নয়, পশ্চিমবাংলার গ্রাম-গঞ্জেও
সমস্ত স্থাস্থ্য-পরিকল্পনা ব্যর্থ হয়েছিল। আর এইভাবেই তথন তাঁরা দেশ চালিয়েছেন! আজকে
আমাদের বিরুদ্ধে তাঁরা বক্তৃতা করছেন! সরকারের ব্যর্থতার সমালোচনা নিশ্চয়ই করবেন।
সঙ্গে আমাদের সরকারের উল্লয়নমূলক কাজের প্রসংশাও আশা করতে পারি। তাই আমি
মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন এবং তার উপর যে ধন্যবাদস্টক প্রস্তাব এসেছে তাকে
সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

(এখানে সন্ধ্যা ৭-১২ মিনিটে সভার কাজ প্রদিন ১-৩-৮৪ তুপুর ১-০০ পর্যস্ত ম্লতুবি হয়ে যায়।)

#### Adjournment

The House was then adjourned at 7-12 P. M. till 1 P. M. on Thursday, the 1st March, 1984, at the "Assembly House", Calcutta.

# Proceedings of the West Bengal Legislative assembled Assembly under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly Legislative Chamber of the House Calcutta, on Thursday, the 1st March 1984 at 1 p. m.

#### Present

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 16 Ministers, 11 Ministers of State and 149 Members.

[ 1-00 -1-10 P. M. ]

# STARRED QUESTIONS

(To which oral answars were given)

# পশ্চিমবজে খুনের ঘটনা

\*৭৩। (অনুমোদিত প্রশ্ন নং \*১১।) **শ্রীদেব প্রসাদ সরকার**ঃ স্বরাষ্ট্র (পুলিস)
বিভাগের মন্ত্রিমহাশন্ত্র অনুগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) ১৯৮১, ১৯৮২ এবং ১৯৮৩ সালে পশ্চিমবঙ্গে কতগুলি খুনের ঘটনা ঘটেছে (বছর-গুয়ারী হিসাবে); এবং
- (খ) উক্ত খুনের সঙ্গে জড়িত কতজন ব্যক্তিকে এপর্যস্ত গ্রেপ্তার করা হয়েছে ?

**শ্রীজ্যোতি বস্ত্রঃ** (ক) পশ্চিমবঙ্গে থ্নের ঘটনার থতিয়ান—

7245 — 789A

>>> - > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > > < > <

(খ) উক্ত খুনের দক্ষে জড়িত নিম্নলিখিত সংখ্যক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে—

>>>> — 0024 >>>> — 29>>

>>> -- 0650

**এলিকেবপ্রসাদ সরকার :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই খুনের জন্ম বাদের গ্রেপ্তার করা হয়েছে তার মধ্যে কত জন শাস্তি পেয়েছে ? **শ্রীজ্যোতি বস্ত্রঃ** আপনি তো এই ব্যাপারে জিজ্ঞাস করেন নি, এই ব্যাপারে নোটিশ দেবেন বলে দেব।

(Shri Satya Ranjan Bapuli rose to speak)

Mr. Bapuli, I am on my legs. When I am on my legs you should take your seat and you cannot proceed on. When the Speaker is on his legs the Member should sit down.

(Noise)

Shri Satya Ranjan Bapuli: Sir, there were number of occasions when the Speaker was on his legs and the members also were on their legs.

(Noise)

Mr. Speaker: Mr. Bapuli, this House has got past experience. This is not new. This is not the first time.

(Noise)

The other day Mr. Subrata Mukherjee made an allegation against Shri Sachin Sen. Was there any noise? They did not make any noise. They did not ask you why you made an allegation? They why are you making noise to-day?

#### (Noise)

Dr. Zainal Abedin: Sir, you are defending the members of the ruling party.

#### (Noise)

Mr. Speaker: I am not defending anybody. In this House this thing has taken place. I an not defending anybody. I did not defend Mr. Mukherjee for making allegations against Shri Sachin Sen. So, I adjourn the House till 4.30 P.M. We will meet at 4.30 P.M.

(At this stage the House was adjourned till 4.30 P.M.)

[4-30-4-40 P. M.]

#### ( After adjournment )

Mr. Speaker: Honourable Members, today during the answer to question hour the Hon'ble Chief Miniter made certain statements affecting Mr. Subrata Mukherjee. Yesterday Shri Subrata Mukherjee made some allegations during discussion on the Governor's Address with regard to honourable member, Shri Sachin Sen. As such I expunge both the statements and, I hope, in future all honourable members all keep in mind that no personal allegation is made against any member in the House. This should not be done. Decorum of the House should be maintained and I expect all members will give due respect to the Chair and to other members while making their speeches because this involves the prestige of the House. Hon'ble Chief Minister will now make a statement on this point.

**ত্রীজ্যোতি বস্তু:** স্পীকার মহাশয়, আপনাকে ধল্যবাদ যে উচ্জল থুন সম্বন্ধে যেসব আলোচনা এথানে হয়েছে সেসব আপনি এক্সপান্ধ করে দিয়েছেন। এবং সংবাদপত্রে যাতে বের না

AP(81-1/84)-34

হয় সে কথাও বলেছেন। আমি ব্যক্তিগতভাবে ছংখিত যে আমি স্থ্রত মুখার্জীর নাম করেছিলাম। তিনিও বলেছিলেন সি. পি. এমের লোকেরা লুকিয়ে রেখেছে। এসব কথা অস্ততঃ এই মামলায় করবেন না, যে কোন সময়ে যা খুশী করুন—এটা বরাবরই বলছি।

শ্রীস্তব্যত মুখার্জীঃ স্থার, প্রথমে আমি আপনাকে ধন্তবাদ জানাই। আমাদের দলের পক্ষ থেকে যেসব সিনিয়র মেম্বাররা আজকের এই ঘটনা নিয়ে পরবর্তী পর্যায়ে আপনার সংগে আলোচনা করে ঠিক করেছেন যে আমাদের এই ঐতিহ্যমূলক হাউসকে আরও ভালোভাবে পরিচালনা করার জন্ম, তার ইতিহাসকে রক্ষা করার জন্ম সচেষ্ট হওয়া উচিত। ম্থামন্ত্রী তাঁর মন্তব্য করেছিলেন তার পরবর্তী পর্যায় আপনার টেবিলের সামনে যে ঘটনা হয়েছিল তাঁর জন্ম আমি ছঃথিত। আমি আশ্র করবো সকলের উল্লোগে, আপনার নেত্ত্বে হাউস স্থন্দর এবং স্থামুছালভাবে চলবে।

নিঃ স্পীকারঃ আমি শুধু মেম্বারদের মনে করিয়ে দিতে চাই যাতে হাউপেয় মান সম্মান বজায় থাকে তার চেষ্টা আপনারা করবেন। হাউদে আমরা কেউ চিরকাল থাকব না, কিন্তু হাউদ চিরকাল থাকবে। স্থতরাং আমরা চেষ্টা করবো যাতে হাউদের ভিগনিটি, ভেকোরাম মেনটেও হয়। এখন ডাঃ মানস ভূঁইয়ার যে কলিং 'Reported assau!t of one doctor in S S. K. M. Hospital on 28 2.84.—Attention called by Dr. Manas Bhunia'. The Minister-in-Charge will please make a statement today, if possible or give a date তার উত্তর কবে দেয়া হবে পরিষদীয় মন্ত্রী বলুন।

**এপিডিত পাবন পাঠকঃ** ৮ তারিখে।

মিঃ স্পীকারঃ আজ কোন মেনসান হবে না, এখন ডিসকাসান অন গভর্ণর ফ্রাড্রেস হবে।

# DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

শ্রীসভ্যরপ্তন বাপুলীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ বিধানসভায় বহু জিনিস ঘটল এবং তার সমাপ্তি হল। আগনি বিধানসভার প্রারপ্তে কিছু দামী এবং নামী লোকেদের মৃত্যুর জন্ম শোক প্রস্তাব নিয়েছেন। কিন্তু যে সমস্ত লোক গত বিধানসভার নির্বাচনের পর এবং গত হাউস হবার পর থেকে আজ পর্যন্ত মারা গেছে তাদের জন্ম কোন শোক প্রস্তাব আপনি নেননি। যেমন মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন লোকসভায় এবারে পাঞ্জাবের ঘটনা নিয়ে ঘাঁরা মারা গেছেন তাঁদের সকলের জন্ম শোক প্রস্তাব নেওয়া হয়েছে এবং লোকসভার অনেক দৃষ্টান্ত আপনি অন্ত্করণ করছেন, স্তরাং আমি আশা করেছিলাম উজ্জ্বন, তীর্থকের, সঞ্জীব ঘারা মারা গেছে তাদের জন্ম শোক প্রস্তাব নেবেন। সেই রকম আর এস পি, ফরওয়ার্ড ব্লক, কংগ্রেস, দি পি এম'র বছ

সমর্থক মারা গেছে, কিন্তু থেহেতু তারা নামী দামী লোক নয় তাই তাদের জন্য কোন শোক প্রস্তাব নেওয়া হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বিবেকের তাড়নায় আমি অস্ততঃ আমার বক্ততা দেবার আগে সকল সদস্যকে অন্থরোধ করব তাঁরো যেন যে ধাঁর আসনে দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন করেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সকলকে অন্থরোধ করছি, কিন্তু সকলে যদি না দাঁড়ান তাহলে আমাদের দলের লোকেরা দাঁড়াবে।

Mr. Speaker: Mr. Bapuli, this is not according to the rules of the House. So, I will request you to act according to the rules.

**শ্রীসভ্যরঞ্জন বাপুলী**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জানিয়ে দিলাম নীরবে একটা প্রতিবাদ যে হাউদ চলছে কিন্তু তাদের জন্ম যাদের জন্ম আপনারা বড় বড় কথা বলেন কোন শোক প্রস্তাব করার মানসিকতা বামফ্রণ্ট সরকারের নেই। এটা খুব হুংথের বিষয়। আপনারা মাঠে ময়দানে গিয়ে ক্ষেতে খামারে থেটে খাওয়া মজুরদের কথা বলেন, কিন্তু তারা মারা গেছে তাদের জন্ম শোক প্রস্তাব নেবার ক্ষমতা আপনাদের নেই। আমরা সেই প্রস্তাব নিলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়; এই সরকারের বাজেট ভাষণ ষেটা রাজ্যপাল করেছেন এটা চরম ছ্রনীতি-গ্রস্ত একটা সরকারের প্রশাসনহীন অবস্থায় তাদের ছুর্নীতিকে চাপা দেবার জন্ম ব্যর্থতাকে ঢাক। দেবার জন্ম রাজ্যপালের মুখ দিয়ে একটা প্রশংসার বাণী এখানে পাঠ করান হয়েছে। এই বিধান সভায় রাজ্যপাল যে বক্তব্য রেথেছেন তার প্যারাগ্রাফ ওয়াইজ যদি আলোচনা করতে চাই তাহলে অনেক সময় লাগবে। সেজন্য অল্প কথায় আমার বক্তব্য রাথছি। স্থার, আপনি জানেন কিছুদিন আগে কলকাতার ময়দানে আমাদের মৃথ্য মন্ত্রীর আমন্ত্রণে কিছু অকংগ্রেসী মৃথ্যমন্ত্রী এবং কিছু বিরোধী দলের নেতাদের একটা সম্মেলন হয়ে গেছে যার কথা রাজ্যপালের ভাষণে নেই, কিন্তু থাকা উচিত ছিল যে এথানকার মৃথ্যমন্ত্রী অকংগ্রেসী মৃথ্যমন্ত্রীদের এবং বিরোধী দলের নেতাদের আহ্বান করে মিয়ে এসে কেন্দ্রের বিরুদ্ধে একটা চক্রান্ত করেছেন, একটা ষ্ড্যন্ত্র করেছেন এবং কেন্দ্রের বিরুদ্ধে একটা চক্রান্ত করে তাঁদের গ্রেট ইষ্টার্ণ, গ্রাণ্ড হোটেলে থাকতে দিয়েছেন। একদিন জয়প্রকাশ নারায়ণ যেমন করেছিলেন তেমনি পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর নেতৃত্বে যে সম্মেলন হল তার কথা রাজ্যপালের ভাষণে নেই এবং তারজন্ম যে খরচ হয়েছে তার কথাও রাজ্যপালের ভাষণে নেই। তাঁদের রাথার জন্য দমস্ত পাঁচতলা হোটেল পর্যন্ত বুক করা হয়েছিল, লক্ষ লক্ষ টাকা তারজন্য থরচ করা হয়েছে ব্রিগেড প্যারেড গ্রাউণ্ডের ময়দানে কেন্দ্রের বিরুদ্ধে একটা অণ্ডভ অঁণতাত তৈরী করার জন্ত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মৃ্থ্যমন্ত্রী যিনি হাউদে একটু আগে ছিলেন, এথন চলে গেছেন, এই রক্ম একটা অপদার্থ মুখ্যমন্ত্রীর ধপ্পরে পড়ে অন্তান্ত মুখ্যমন্ত্রীবা যে এগিয়ে আসতে পারেন এটা আমার ধারণা ছিল না।

[4-40-4-50 P·M.]

বিরোধী নেতৃরুন্দ ঘারা এথানে এসেছিলেন তাঁদের কারুর কারুর হয়ত প্রচ্ছন্নভাবে একটা বাসনা থাকতে পারে নিজেদের নেতৃত্ব ঠিক রাখার জন্ম। তবে স্থথের বিষয় ওই বিরোধী নেতৃবুন্দ যাঁরা এখানে চক্রান্ত করতে এসেছিলেন তাঁরা এখন বুকতে পেরেছেন, ভারতবর্ধের মাত্র্য বুকতে পেরেছেন ইন্দির। গান্ধীর বিরুদ্ধে চক্রাস্ত করে কিছু করা যাবে না। ইন্দিরা গান্ধীর বিরুদ্ধে ইতিপূর্বে চক্রান্ত হয়েছিল, জ্বয়প্রকাশ নারায়ণ ইন্দিরা গান্ধীর বিরুদ্ধে চক্রান্ত করেছিলেন এবং সেই সময় ইন্দিরা গান্ধীকে হটিয়ে তাঁরা ভারতবর্ষকে ১০ বছর পিছিয়ে দিয়েতেন। মৃখ্যমন্ত্রী যদি ভাবেন কেন্দ্রীয় সরকারকে তুর্বল করলে তাঁর উদ্দেশ্য শিদ্ধ হবে তাহলে বলব তিনি মুর্থের স্বর্গে বাদ করছেন। এইভাবে কেন্দ্রীয় সরকারকে তুর্বল করা যাবে না। ব্রিগ্রেড প্যারেড গ্রাউণ্ড-এ লক্ষ লক্ষ টাকা খরচ করে তাঁরা মিটিং করলেন, কিন্তু দেশের মাহ্ব তাঁদের প্রত্যাখ্যান করেছে। জনসাধারণ প্রত্যাখ্যান করেছে জ্যোতি বস্থর নেতৃত্ব। এই সমস্ত কথা রাজ্যপালের ভাষণে থাকা উচিত ছিল। তারপর, রাজ্যপালের ভাষণে বিহ্যুৎ সম্পর্কে কোন কথা নেই। রাজ্যপালের ভাষণে বলা হয়েছে স্থালে। টিউবওয়েল, ডিপ টিউবওয়েল ইত্যাদি হবে। গতবার আলোচনার সময় এই হাউদে বলা হয়েছিল যতগুলি ডিপ টিউবওয়েল, রিভার লিফ্টিং ছিল তার ফিফ্টি পার**দেউ অকেজো হয়ে** গেছে বিছ্যুতের অভাবে। ত্বংথের বিষয় এই সমস্ত কথা রাজ্যপালের ভাষণে নেই। স্থার, আমরা লক্ষ্য করেছি এঁরা প্রথম থেকেই আর্থিক স্বচ্ছলতার জন্ম কন্দ্রীয় সরকারের বিরুদ্ধে কথা বলতে স্কন্ধ করেছেন। সি পি এম সদস্য কমল বাব এখানে থাকলে তাঁকে জিজ্ঞেদ করতাম বামফ্রন্ট দরকার দেশের অর্থনীতিকে কোথায় নিয়ে গেছে সেটা একবার দেখুন। এই প্রশাসনের বিরুদ্ধে, অনেক মন্ত্রীর বিরুদ্ধে আমাদের নানা রক্ম অভিযোগ রয়েছে। আপনারা গ্রামে তুর্নীতিগ্রস্ত পঞ্চায়েত স্কৃষ্টি করে কতগুলি চোর স্কৃষ্টি করেছেন। ১০০ কোটি টাকা পঞ্চায়েতের জন্ম গ্রামে গিয়েছে এবং বামফ্রণ্ট সরকার পঞ্চায়েতকে নানারকম স্থযোগ দেবার ফলে গ্রামের সাধারণ মাতুষ আজ চোর হয়ে গেছে। আগেকার পঞ্চায়েত মন্ত্রী (আর এস পি-র সদস্তা) বলেছেন, ত্র্নীতির জন্তা ৫৬ জন সি পি এম পঞ্চায়েত প্রধানের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা বেরিয়েছে। বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলাকে ছর্নীতিগ্রস্ত করেছেন। মুখ্যমন্ত্রী চীৎকার করছেন পুলিশ প্রশাসন যন্ত্র ঠিকভাবে ব্যবহার করা যাচ্ছে না। পুলিশ প্রশাসনকে যদি পার্টির কাব্দে লাগান হয় তাহলে পুলিশের যোগ্যতা থাকে না। পুলিশকে যদি বারবার গণতান্ত্রিক আন্দোলন দমন করার কাজে লাগান তাহলে পুলিশ নিচ্চিয় হতে বাধ্য পুলিশ যথন সি পি এম-এর কথামত কাজ করে না তথনই আমাদের বিরুদ্ধে অভিযোগ আদে। তবে এই অভিয়োগ তথু আমাদের বিক্দ্ধেই নয়, ফরওয়ার্ড ব্লক, আর এস পি এবং এস্ ইউ সি-র লোকেরাও এর হাত থেকে রেহাই পান না। জ্যোতিবাবুর দল আন্দোলন করলে পুলিশ সেখানে যায় না কারণ পুলিশ প্রশাসন তাঁর নিজের হাতে। আজকে তিনি পুলিশের বিরুদ্ধে অভিযোগ এনে পার্টি ক্যাভারদের রক্ষা করবার ব্যবস্থা করছেন। ভারতবর্ষের ইতিহাসে এমন

কোন রাজ্য অচেছ যেখানে পুলিশ মন্ত্রী প্রশাসনকে বিশ্বাস না করে নিজের দলের লোক দিয়ে প্রশাসন চালায় ? ভারতবর্ষের কোথাও এই জিনিস নেই। কোটি কোটি টাকা থরচ করে পুলিশ প্রশাসন রাথা সত্ত্বেও পার্টি ক্যাভারদের দিয়ে যদি প্রশাসন চালান হয় তাহলে দেশের ত্রবস্থা হবে না কেন ? আজকে এথানে যদি মৃথ্যমন্ত্রী এবং অশোক মিত্র উপস্থিত থাকতেন তাহলে তাঁদের ছজনকেই বলতাম, আপনারা আজকে পশ্চিমবাংলাকে দেউলিয়ার থাতায় নাম লিথিয়েছেন।

কারণ সমস্ত পরিকল্পনাহীন খাতে কোটি কোটি টাকা খরচ করে দেশের কি উন্নতি হয় ? সম্পদ না বাড়িয়ে, দেশে বেকারত্ব দূর করার ব্যবস্থা না করে গুধু ভাতা দিয়ে ভোট কেনার ব্যবস্থা করে দেশের উন্নতি হয় না। এতে আপনাদের পার্টির উন্নতি হতে পারে। আমি মাননীয় সদস্যদের আপনার মাধ্যমে জ্ঞাতার্থে একটি কথা বলতে চাই। এই পশ্চিমবাংলার উন্নতি হবে কি করে ? খদি এই রকম ব্যবস্থা চলে। ভারতবর্ষের অন্যান্ত রাষ্ট্রের উন্নতি হয় আর এখানকার উন্নতি হয় না কেন? আপনারা তো অক্যান্য রাজ্যের কথা বলেন এবং এ কথাও বলেন যে আমাদের রাজ্যের চেয়ে আমাদের রাজ্যের অবস্থা থারাপ। আপনি দেখন উন্নয়ন থাতে মহারাষ্ট্রে ব্যয় হয় ১০০ টাকার মধ্যে ২২ টাকা, ইউ পি তে বায় হয় ২৭ টাকা আর আমাদের এই পশ্চিম-বাংলার উন্নয়ন থাতে ব্যয় হয় ১০০ টাকার মধ্যে ১৭ টাকা। তাহলে পশ্চিমবাংলার অর্থনৈতিক অবস্থা থারাপ হবে না তো কি ভাল হবে ? তার সবচেয়ে বড় কারণ হচ্ছে পশ্চিমবাংলার অর্থ দপ্তরে বসে রয়েছেন একজন অপদার্থ অর্থমন্ত্রী ডাঃ অশোক মিত্র। তিনি পরিকল্পনাহীন থাতে বেশী অর্থ ব্যয় করছেন। এটা কি হওয়া উচিত ? আর একটা কথা বলতে চাই। রাজ্যপলের ভাষণে বলেছেন যে হাসপাতালের উন্নতি হয়েছে। এটা একটা সম্পূর্ণ অসত্য কথা। গ্রামে গিয়ে দেখন অধিকাংশ হাসপাতালে ঔষধ নাই, ডাক্তার নাই—সেখানে চিকিৎসা ব্যবস্থা একেবারে ভেঙ্গে পড়েছে। আর যদি মাননীয় মুখ্যমন্ত্রীর বা কোন মন্ত্রীর অস্তথ করে তিনি মস্কোয় চলে যান. রাশিয়ায় চলে যান। আবার মন্ত্রী এথানে ছঙ্কার দিয়ে ডাক্তারদের বলেন বেয়নেট দিয়ে এদের জব্দ করে দিতে হবে। একথাটা রাজ্যপালের ভাষণে থাকা উচিত ছিল। রাজ্যপালের ভাষণে একটা জিনিস খুব বড় করে বলা হয়েছে যে কেন্দ্র দিচ্ছে না। এই কথাটা জ্যোতিবার যে দিন থেকে মুখ্যমন্ত্রী হয়ে এলেন সেই দিন থেকে গুনছি যে কেন্দ্র দিচ্ছে ন। কিন্তু কেন্দ্রেরই অক্যান্য রাষ্ট্র হরিয়ানা, পাঞ্চাব, বিহার, উড়িক্সা ইউ-পি. উন্নতি করে আর পশ্চিমবাংলা উন্নতি করতে পারে না। এরা কেবলই বলে যাচ্ছে যে রাজ্যের হাতে অধিক ক্ষমতা দাও যাতে এরা দল বাড়াতে পারে এবং অক্যান্য মুখ্যমন্ত্রীদের সঙ্গে আতাত করে কেন্দ্রের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করতে পারে। এই অপদার্থ মুখ্যমন্ত্রীর হাতে অধিক ক্ষমতা দেওয়া কি উচিত হবে ? এই বিধান সভায় কি অবস্থা হচ্ছে—তাহলে বাইরের কি অবস্থা? মাননীয় পরিবহন মন্ত্রী তো জানেন। কৈ রাজ্যপালের ভাষণে বললেন না তো এম. টি. সি. সংস্থার কি অবস্থা। ৫০০ বেশী বাস গ্যারেজে পড়ে আছে। আর তারজ্ঞ যে সমস্ত কর্মী নিযুক্ত আছে তাদের বসিয়ে বসিয়ে মাইনে দিচ্ছেন। স্থার এই কলকাতার মাত্র্য এবং অক্সান্ত জায়গার মাত্র্য দুর্ভোগ ভোগ করছে। শিবেনবাবু যা

বলেছেন তা প্রমাণ করতে পারবেন কি? রাস্তায় কি ঐ সংখ্যক গাড়ী বেরোয়। রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে এই সব কথা বলিয়ে পশ্চিমবাংলার মান্ন্যকে বোকা বানানো যাবে না।

# [ 4-50-5-00 P. M. ]

পশ্চিমবাংলার মাত্র্ম তারা বুঝতে পেরেছে। তাই ছুছ্টো নির্বাচন হয়ে গেল এখানে, আপনারা বড় বড় কথা বলছিলেন, নদীয়ায় ভোট হয়ে গেছে, আপনারা জিতেছেন ? কালিয়াচকে নির্বাচন হলো, আপনারা জিতেছেন ? পশ্চিমবাংলার মাত্র্য আপনাদের অবস্থা চিনতে পেরেছে। পশ্চিমবাংলার মাত্রুষ বুর্বেছে, ১৯৭৭ সালে যথন যাঁরা এথানে এসেছিলেন, তথন এক রকম কথা বলেছেন, আজকে আর এক রকম কথা বলছেন। তার একটি কারণ পশ্চিমবাংলার মান্ত্য বুদ্ধিমান, বিবেচক এবং পশ্চিমবাংলার মান্ত্র্য আগামী দিনেও—এই মুখ্যমন্ত্রীর যা দন্ত, পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী ষেভাবে আচরণ করেন. তার উপযুক্ত জবাব দেবার জন্ম তারাও প্রাপ্তত হচ্ছে এবং একট। কথা জেনে রেখে দিন মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণে কতকগুলো অসত্য কণা বলে, কতকগুলো অর্থ সত্য কথা বলে পশ্চিমবাংলার মানুষকে বোঝানো যাবে না। গ্রামে আজকে কাজ নেই, হাহাকার, বেকারত্ব দিনের পর দিন বেড়ে গেলেও বেকারদের চাকরি নেই। এদিকে বলা হচ্ছে, জুটকে তাশাতালাইজ করতে পারলে ভাল হয় ত্র্ভাগ্যের বিষয়, আজকেই মুখ্যমন্ত্রী একটি প্রশ্নের **জবাব দিচ্ছিলেন, ম্নাফাথোর, মজুতদারে**র বিক্দে তারা নাকি ব্যবস্থা নিচ্ছেন। 'এসমা' ব্যবহার করবেন না, অন্য কিছু ব্যবহার করবেন না, কিন্ত তুর্ভাগ্যের বিষয় সরষের তেলের দাম ২০ টাকা থেকে ২৬ টাকা হয়ে গেল ছ দিনের মধ্যে। ছজন ম্নাফাথোর, ছজন মজুতদারকে কি গ্রেপ্তার করা যেত না-? আমি গ্রেপ্তার করবো না, দিনের পর দিন জিনিসপত্তের দাম বাড়বে আর ১৪/১৮ টা জিনিসের দাম বেঁধে দিতে হবে, সেই ব্যবস্থাকে করবে? না, কেন্দ্র করবে। আলু কি কেন্দ্র রাজভবন থেকে বিক্রি করবে? সরষের তেল কি গ্রামে গ্রামে গিয়ে কেন্দ্র থেকে বিক্রি করে আসবে? আপনাদের রাজ্য সরকারের কোন দারিত্ব নেই ? আপনাদের দায়িত্ব আছে কেরোসিন তেল বণ্টনের, কিন্তু এই রাজ্য সরকার কি বন্টন করতে পেরেছেন? বাংলাদেশে আপনাদের নাকের ডগা দিয়ে চলে যায় মৌডীগ্রাম থেকে। ব্যবস্থা নিতে পেরেছেন ? পশ্চিমবাংলায় আজকে ম্নাফাথোর, মজুতদারদের স্বর্গ রাজ্য তৈরী হয়ে গেছে এই বামফ্রন্টের রুপায়। ভারা জানে ম্নাফাথোর, মজুতদার হলে, তার বিরুদ্ধে কিছু করা হবে না। বিনা বিচারে আটক করতে আমরা বলি না। কিন্তু তাদের বিরুদ্ধে ব্যবস্থা ষদি না নেওয়া হয়, তারা যদি জানে, ওদের স্বর্গ রাজ্য তৈরী হয়ে গেছে, কারণ বামফ্রন্ট আছে, এই দেশের লোকের ওদের বিরুদ্ধে কিছু করবার কোন ক্ষমতা নেই, তাহলে নিশ্চয়ই দাম বাড়বে। লাফিয়ে লাফিয়ে দাম বেড়ে গেল সরষের তেলের, তারপর আবার নেবে গেল, কেন্দ্র দায়ী? কেন্দ্র ষে টাকা দিচ্ছে, গত বছরের ১৫ কোটি টাকা আপনারা থরচ করতে পারেন নি।

বিভিন্ন প্রকল্পে. তা ফিরে গেছে. অম্বীকার করতে পারেন ? এখানে বড় বড় করে বলেছেন. আমরা থরার সময় বহু সাহায্য করেছি। থরার সময় আমরা ছু হাতে দিয়েছি। অর্থ কে দিয়েছিল ? আজ পর্য্যন্ত ১৫৬ কোটি টাকার হিসাব কেব্রুকে দিতে পারছেন না। প্রত্যেক পঞ্চায়েতের টাকা অডিট করে দিতে পেরেছেন? কেন্দ্রের টাকা এসেছে, তুহাতে লুটে পুটে থেয়েছেন। কিছু কিছু বিধানসভার সদস্য মোটা হয়েছে, কিছু কিছু পঞ্চায়েতের সদস্য মোটা হয়েছে, আর পার্টি অফিসে প্রচুর টাকা গেছে। তাই তো আলিম্দিন খ্রীটে এত বড় বাড়ি, তাইতো দিল্লীতে ৮০ লক্ষ টাকা থরচ করে আরও বড় বাড়ি তৈরী হবে, তারজতা পরিকল্পনা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই একটা কথা আপনার মাধ্যমে রাথতে চাই, বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর পশ্চিমবাংলাকে অর্থনীতিতে একেবারে শেষ করে দিয়েছে। কারণ পশ্চিমবাংলায় যে উন্নয়নমূলক কাজ হওয়া উচিত ছিল, তা হয়নি। সম্পদ স্বাষ্ট করবার যে কথা ছিল, তা স্বাষ্ট হয়নি এবং পরিকল্পনামাফিক কাজ হলে, বেকারম্ব দূর হতো, তা আজ হয়নি। আজকে সব জায়গায় পরিকল্পনাহীন কাজ করা হয়েছে। অর্থকে নয় ছয় করে দিয়ে পশ্চিমবাংলার অর্থনীতিকে আজকে চরবস্থায় দাঁড করিয়ে দিয়েছেন। আজকে বাজেট কিভাবে পেশ করা হবে ভাবতে পারছেন না। অশোক মিত্র মহাশয় ভাবছেন— আমি জানি অশোক মিত্র মহাশয়ের ঘুম চলে গেছে। এর পরে সি. পি. এম. এর লোক তার গায়ে থ্যু দেবে, বলবে যে পশ্চিমবাংলায় রাছ ঢুকেছে, পশ্চিমবাংলায় ধুমকেতুর আবিন্ডাব ঘটেছে, পশ্চিমবাংলা আজকে শশ্মান হতে বসেছে। কেন্দ্র টাকা দিয়েছে, ভোট নেবার জন্ম আপনার জালিয়াতি করেছেন, বিধবা ভাতা, বেকার ভাতা, এম. এল. এ দের মিথ্যা সার্টিফিকেট নিয়ে যে বিধবা নয়, সেও বিধবা হয়ে গেছে, এই ভাবে তারা টাকা পাচ্ছেন। এই বিধবা ভাতা, বেকার ভাতা দিয়ে সমস্তার সমাধান করতে পারলেন কি ? আমরা হয়তো জানতে পারবাে, এবারই যে বেকার ভাতা তুলে দেওয়া হলো, কারণ আর তারা চালাতে পারছেন না।

এই হয়ত দেখব একটা চলছে—পরিকল্পনামাফিক কাদ্ধ চলছে কি ? না।
বিশ্ববিভালয়ের ভাইস-চ্যান্দেলরকে নিয়ে একটা খেলা চলেছে। তারজন্য আবার
হয়ত শিক্ষামন্ত্রী মহাশয় একটা বিল আনবেন। কি আনবেন ? না, রাজ্যপাল আচার্য হবেন
না। আমরা আচার্য হব না। কেন না গণতান্ত্রিক পদ্ধতিতে কেউ বেশী ভোট পেয়ে জিতেছে
এটা বলা যাবে না, এই শিক্ষাই আমরা বামক্রণ্ট আমলে মুখ্যমন্ত্রী জ্যোতি বস্তুর কাছে শিখলাম।
মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা চাই না, মুখ্যমন্ত্রীকে পছল করি না, কিন্তু মেনে নিতে হয়েছে—
এই অপদার্থকে মানতে হয়েছে একটি কারণে যে, উনি বেশী ভোট পেয়ে জিতেছেন। আমরা
পছল করি আর না করি, এতগুলি সি. পি. এম. সদস্ত আছেন তিনি চালিয়ে যাবেন, মুখ্যমন্ত্রীর
কিছুই এসে যায় না। উনি যে ক্ষমতা-বলে বসে আছেন, সেখানেও সেই একই ক্ষমতা বলে বসে
আছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বক্তৃতার শেষ সময়ে আমি বলি, "বিচারের বাণী নীরবে নিভৃতে
কাঁদে"। এখানে বিচার নেই, আইন নেই, পুলিশ নেই, প্রশাসন নেই, আছে শুধু একটা ছ্র্নীতিগ্রস্ত বামক্রণ্ট সরকার এবং এই সরকার পশ্চিমবাংলার বুকে জগদল পাথরের মত বসে আছে। এই

বামক্রণ্ট সরকারের জয়গান সোচ্চারে গাওয়ার জন্ম রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন আমি তার সম্পূর্ণ বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ্ বন্দেমাতরম্।

**এবিমলানন্দ মুখার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি। বিরোধী পক্ষ সমালোচনা করার জন্মই কতকগুলি সমালোচনা করেছেন। একটা জায়গায় বোধ হয় তাদের এই প্রথম কিছুই বলার থাকছে না। বিছ্যুৎ সম্পর্কে তারা প্রতিবারই খুব সোরগোল করে থাকেন, অন্ধকার ইত্যাদি সব বলে থাকেন। বিদ্যুতের স্থরাহা করার প্রশ্নটা খুব জটিল। দীর্ঘদিন ধরে কংগ্রেস আমলে যে অব্যবস্থা রাথা হয়েছিল, প্ল্যান্টগুলিতে ওভার ওয়ার্কড, হবার ফলে নতুন প্রকল্প স্থাপন করার দিকে তাড়াতাড়ি নজর দেননি। কাজেই এটাতে একট সময় লাগবে, সেটা আমরা প্রথমেই বলেছিলাম। এখন অবস্থা থানিকটা সহজ হয়ে আসতে। স্বভাবতঃই এটা আমরা লক্ষ্য করছি যে এখন তারা আর খুব বেশী বাডাবাডি করতে পারছেন না। কোলাঘাট স্পূর্ণ হলে সমস্থা সম্পূর্ণ দূর হবার আশা আমরা করছি। আজকে আইন শন্ধলা নিয়ে থব জোর কথা বলছেন। আইন শৃঙ্খলার কথা যার। বলেন তাদের নিজেদেরও আইন শঙ্খলা মাফিক সর্বক্ষেত্রে চলা উচিত। বিধানসভার বাইরে এবং বিধানসভার ভিতরে উভয়ক্ষেত্রেই তাদের আইন শহ্মলা মেনে চলা উচিত। 'আপনি আচরি ধর্ম অপরে শিক্ষাও' এটা তাদের মানা উচিত। কার্যক্ষেত্রে সেটা আমরা দেখছি না, বাইরেও দেখছি না, বিধানসভার ভিতরেও দেখছি না। এটা খুবই তুঃখন্ধনক ব্যাপার। আমবা জানি আইন শুঙ্খলার মঙ্গে একটা সামাজিক, অর্থ-নৈতিক ব্যবস্থা অঙ্গাঞ্চিভাবে জডিত। বেকার সমস্থা বাডছে। কিন্তু কেন বাডছে ? মনোপলি ক্যাপিটাল, পুঁজিবাদী ব্যবস্থায় একচেটিয়া পুঁজিপতিদের অতিরিক্ত মুনাফা লাভের জন্মই প্রোডাকসান কমছে, জিনিস ব্যবহার করার সম্ভাবনা কমছে, সঙ্গুচিত হচ্ছে। মানুষের ক্রয় ক্ষমতা কমে যাওয়ার ফলে অতি বেশী মুনাফা করতে গিয়ে শোষণ বাড়ছে। স্বভাবতঃই প্রোডাকসান কমছে। সারা ভারতবর্ষে একই পুঁজিবাদী কাঠামোর জন্ম প্রোডাকসান কমছে এবং শ্রমিকের সংখ্যা কমে গিয়ে বেকারের সংখ্যা বাড়াচ্ছে। এই বিরাট বেকার বাহিনীকে কিভাবে ব্যবহার করা হচ্ছে এই অর্থ নৈতিক ব্যবস্থায় ? থাদের হাতে টাকা পয়সা আছে, পু<sup>\*</sup>জি আছে তারা বেকারদের . বেকারত্বের স্থযোগ নিয়ে তাদেরকে মস্তান আকারে ব্যবহার করছে।

# [ 5-00-5-10 P. M. ]

অসৎ কাজে তাদের লিপ্ত করছে। যাদের হাতে টাকা আছে তারা যদি এইসব করেন তাহলে মৃশকিল। তারপর প্রশাসন ব্যবস্থার মধ্যে যে পুলিশ রয়েছে সেই পুলিশের এক অংশকেও তারা টাকা দিয়ে প্রলুদ্ধ করছে। অল টাক্ায় না হলে বেশী টাকার ফাঁদে পুলিশকে ফেলে তাদের অসৎ কাজগুলি সম্পন্ন করছে। এই দারিদ্র এবং বেকারীর স্থযোগ নিয়ে যে সমস্ত অসৎ কাজ করা হয় এবং সেথানে যথন সেটাকে কোন রাজনৈতিক দল সমর্থন করে, প্রশ্রেষ্ঠ তথনই মৃশকিল হয়। তৃদল সমাজবিরোধী হয়ত পরম্পর মারামারি করে কেউ মরলো তথন দেখি সেই সমাজবিরোধীকে

ক্রেস (ই) দলের কর্মী বলে প্রচার করা হল। তাকে নিয়ে শোক মিছিল করা হল, শোকসভা হল ইত্যাদি। তাহলে বুঝুন মূল্যবোধটা কোখায় গিয়েছে। বুঝুন, কতথানি নীতিভ্রষ্ট হলে তবেই সমাজবিরোধীদের এইভাবে প্রশ্রেয় দেওয়া যায়। কতথানি লক্ষাহীন হলে একজন সমাজবিরোধী মরলে তাকে নিয়ে মিছিল করা যায়. তারজন্ম শোকসভা করা হয়। এইভাবে তাদের প্রশ্রার দেওয়া হচ্ছে। হাতে যাদের টাকা আছে তারা সমাজবিরোধীদের সাহায্য নিয়ে অসং কাজগুলি করে যাচ্ছে। এই অবস্থাতেই গণতম্ব বিপর্যন্ত হয়ে যায়, ভাঙ্গচুর হয়ে যায় যথন বিরোধীদল গণতম্বের রীতিনীতি ভূলে গিয়ে শুধু বিরোধিতার জন্মই বিরোধিতা করে যায়। বিশেষ একটি শ্রেণী যার। যে কোনভাবেই হোক চোরাকারবারী করে বা ভেজালই দিয়েই হোক বা ওয়াগন ব্রেকারদের সাহায্য নিয়েই হোক অতি মুনাফা অর্জন করে সেই শ্রেণীকে যথন কোন রাজনৈতিক দল আশ্রয় দেয়, প্রশ্রম দেয় তাদের লাভের কিছুটা অংশ পাবার জন্ত, তাদের দালালের মতন কাজ করে তথনই সমাজের আইন শৃষ্ণলার প্রশ্না আরো কঠিন হয়ে দাঁড়ায়। এই জায়গার উপর দাঁড়িয়েই বামফ্রন্ট সরকার যতটা সম্ভব আইন শৃঙ্খলাকে একটা আয়ত্বের মধ্যে নিয়ে আসার চেষ্টা করছেন এবং সেই কাজে অনেকাংশে সফল হয়েছেন। মনে করে দেখুন সেই ১৯৭১/৭২ সালের কথা—সেই সময় রাস্তাঘাটে চলা যেত না, হু পাশে বোমা পড়ছে সেই অবস্থার মধ্যে দিয়ে গিয়ে আমাদের কান্ধ করতে হয়েছে। অপেনারা জানেন, সেই সময় অফিস টফিস ঠিকমত করা যেত না, ট্রেড ইউনিয়ান আন্দোলন করা যেত না, বামপস্থীরা কোন আন্দোলন করতে পারতেন না, আজকে কিন্তু অবস্থাটা অন্ত রকম। মাত্র্য আজকে স্বচ্ছন্দে রাস্তাঘাটে চলতে পারে, কাজকর্ম করতে পারে। আজকে কংগ্রেস সহ সমস্ত বিরোধীদল তারা আন্দোলন করতে পারেন, বিক্ষোভ করতে পারেন, অনশন করতে পারেন, সব কিছু করতে পারেন। গনতম্বের উপর আমাদের শ্রদ্ধা আছে বলেই গনতান্ত্রিক থে সমস্ত কাজকর্ম তা আমরা করতে দিই সে যে দলই করুক না কেন।

সমাজ বিরোধীদের যে কাজ তাকে কি সহু করতে হবে ? একজন সমাজ বিরোধী রাজনৈতিক কর্মী বলে, নেতা বলে তাকে যদি প্রশ্রের দেওয়া হয় তাহলে সেটা কি সহু করতে হবে ? সেটা সহ্য করা যায় না। কিন্তু দেখা যাচ্ছে যে আইন-শৃন্ধলাকে রক্ষা করতে গিয়ে সমাজ বিরোধীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হচ্ছে তথন চিৎকার হচ্ছে। এই চিৎকার বাইরেও হচ্ছে এবং ভিতরেও হচ্ছে। আমি আশা করবো বিরোধী দলের যারা প্রধান দল তাদের বিন্দুমাত্র যদি গণতন্ত্রের প্রতি শ্রন্ধা থাকে তাহলে তারা এই জিনিসকে প্রশ্রের দেবেন না। অনেক জায়গায় দেখা যায় যে কংগ্রেস দলের অনেক সদস্য এদের নিয়ে রাস্তাঘাটে ঘোরেন, তাদের সঙ্গে নিয়ে গাডী করে ঘোরেন। এই জিনিস যদি মাহার দেখে তাহলে তারা কি ভাববে ? যে দেশের সব চেয়ে বড় দল, যারা সারা ভারতের শাসন ক্ষমতায় আছে, তারা যদি সমাজ বিরোধীদের নিয়ে ঘোরেন, গাড়ী চড়িয়ে নিয়ে বড়ান তাহলে সাধারণ মাহারের সেই রাজনৈতিক দলের প্রতি বিন্দুমাত্র আস্থা থাকে না এবং এর ফল কিছুটা আমাদের ঘড়ে এসে পড়ে। কারণ এরা সমাজবিরোধীদের নিয়ে আইন-শৃত্বলা ভক্ত করেন, আর এথানে এদে আইন-শৃত্বলা নিয়ে চিৎকার কববেন। তারা যেথানে নিজেরা

আইন শৃত্যলা রক্ষা করবেন, সেটা না করে যদি আইন-শৃত্যলা ভঙ্গ করেন, আইন-শৃত্যলা ভঙ্গ করার জন্ম মস্তানদের ব্যবহার করেন তাহলে স্বভাবতঃই গণতন্ত্র থাকে না, গণতন্ত্রকে নস্তাৎ করার জন্ম, আইন শৃংথলাকে বিপন্ন করার জন্ম হাতিয়ার হয়ে ওঠেন। কাজেই তাদের যথন সমর্থন করবেন তথন নিজেদের দিকে একটু তাকিয়ে দেখবেন যে কি বলছেন আর কি করছেন। তারা বিধান-সভায় ভাল ভাল কথা বলেন আর বাইরে গিয়ে উন্টো কথা যেন না বলেন। আমরা বারে বারে বলেছি যে বিশাল কিছু করতে পারবো না। আমাদের সীমাবদ্ধতার কথা বারে বারে উল্লেখ করতে হয়। কারণ কেন্দ্রের বাজেটের ফলে আমাদের বাজেটের যে চেহারা দাঁড়াবে তাতে সেটা আরো সঙ্কৃচিত করতে হবে এবং সেই ভাবে ব্যবস্থা নিতে হবে। আমরা যা চেয়েছিলাম সেটা আমরা পাচ্ছি না। কাজেই আমাদের বাজেটে আরো ছাঁটাই করতে হবে। আজকে কয়লার দাম গত ১• বছরে ৪॥ শতাংশ কেন্দ্রীয় সরকার বাডিয়েছেন। এতে অবস্থাটা কি দাঁডাচ্ছে ? সাধারণ মাহ্রত্ব এসব বোলে না। তারা বলেন বামক্রণ্ট সরকার পশ্চিমবাংলায় রয়েছে এখানে কয়লার দাম বাড়বে কেন? ঘরের হাড়ি চড়াতে গেলে কয়লার প্রয়োজন হয়। কারখানা চালাতে গেলে কয়লার দরকার। আজকে কয়লার দাম বাড়ার সংগে সংগে উৎপাদনের খরচ বেড়ে যাচ্ছে। এর ফলে সাধারণ মাহ্নষ বলবে যে আমাদের সীমাবদ্ধ আয়ে কয়লার দাম বাড়লে মুসকিল হয়। এগুলি কি আমরা বাড়াচ্ছি ? এটা কেন্দ্রীয় সরকার বাড়াচ্ছেন। গুধু কি তাই—সরকার যা বাড়াচ্ছেন তার সংগে আরো কিছু বেড়ে গিয়ে সাধারণ মাহুষের কাছে হাজির হয়।

গত বছর এবং তার আগের বছরে দেখা গেছে এক বছরে ৫ বার পেটোলের দাম বাড়ান হয়েছে। সাধারণ মাহ্য বোঝেনা। তারা ভাবে পেটোল দিয়ে বড় লোকেরা গাড়ী চলে। পেটোল দিয়ে বড় লোকেরা গাড়ী চলে। সেই টাকে করে যে মাল আসে তাতে জিনিসের দাম বেড়ে যায়। এমনিতে যা বাড়ে তারপরে ব্যবসায়ীরা আরো কিছুটা বাড়িয়ে দেয়। এই ভাবে সব জিনিসের দাম বাড়ে। বামফ্রন্ট সরকার মাহ্যের কাছে সত্যি কথা বলেছেন। এই দিক থেকে বাজেটকে সমর্থন করুন বা না করুন, রাজ্যপালের ভাষণকে সমর্থন করুন বা না করুন, এটা জেনে রাখুন যে এই ভাবে আপনারা সমস্ত জিনিসটাকে জাহায়ামে দিছেন।

### [5-10-5-20 P.M.]

তাঁরা কেন্দ্রীয় সরকারে আছেন, তাঁরাই আজকে দেশটাকে জাহান্নামে পাঠাচ্ছেন এবং মান্থবের যে ভ্যাপুন, মৃল্যবোধগুলি, সেগুলিকে শেষ করে দিচ্ছেন। তাঁরা নিজেদের আচরণ দিয়ে মান্থবের সামনে কোন আদর্শ স্থাপন করতে পারছেন না। বরং উন্টো জিনিষ দেখছি, কুৎসিত জিনিষ দেখছি। গোটা দেশে আমরা এই জিনিষ দেখছি এবং এর বিরুদ্ধে আমরা লড়াই চালাচ্ছি, ষতটুকু সম্ভব ততটুকু আমরা করছি। আমাদের বেটুকু আর্থিক সামর্থ আছে সেটুকু দিয়ে আমরা গ্রামের মাহ্নবের জন্ম, গরীব মাহ্নবের জন্ম পরিকল্পনা গ্রহণ করে তাদের সাহায্য করার চেষ্টা করছি। আমরা বিছতের জন্ম থকা ধরচ করছি, কৃষির জন্ম টাকা খরচ করছি, দেচের জন্ম টাকা খরচ করছি, রহং এবং ক্ষ্ম সেচের দিকে আমরা জোর দিয়েছি। তিন্তা প্রকল্পের জন্ম ১০০ কোটি টাকা বামক্রণ্ট সরকার খরচ করেছে, বাকি পার্টের জন্ম কেন্দ্রীয় সরকারের টাকা দেওয়ার কথা, কিন্ধ কোথায় কেন্দ্রীয় সরকার ? তাঁরা আমাদের বঞ্চিত করছেন। আমরা দেশের মাহ্নবের উন্নয়নের জন্ম কাজ করব, কেন্দ্রীয় সরকার সেই কাজের পথে অন্তরায় হচ্ছেন। সে কারণেই আমরা বলি সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে আমাদের গরীব মাহ্নবের কল্যাণে কাজ করতে হচ্ছে। এত-কাল কংগ্রেসীরা অতি-বড়লোকদের স্বার্থেই শুধু কাজ কর্ম করেছেন, তাদের মুনাফা করতে সাহায্য করেছেন। আমরা অন্তত গরীব মাহ্নবদের জাগ্রত করার চেষ্টা করছি। তাই-তো ওঁদের আজকে এত রাগ। সে রাগের প্রতিফলন বাইরে হচ্ছে এবং এখানেও হচ্ছে এবং এখানে উন্টো-পান্টা সমালোচনা করে নিজেদের হুর্বলতা প্রকাশ করছেন। আজকে ওঁরা কোথায় দাঁড়িয়ে আছেন! ওঁরা আজকে পশ্চিমবাংলায় এমন একটা জায়গায় এসে হাজির হয়েছেন যে, ওঁদের এই চেহারা, ওঁরা ভাঙছেন, আরো ভাঙবেন। এই কথা বলে রাজ্যপালের ভাষণকে আর এক বার ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করেছি।

শ্রীঅভীশচন্দ্র সিংহঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের ওপরে যে ধত্য-বাদস্মচক প্রস্তাব এমেছে আমি তার বিরোধিতা করছি। আমি আমার প্রধান বক্তব্য শুরু করার আগে মাননীয় সদস্য বিমলানন্দবাবু যে ত্' একটি কথা বললেন তার জবাব দিতে চাই। উনি বললেন যে, '৭২ সালের পর থেকে পশ্চিমবাংলায় কেউ রাস্তায় বেরতে পারত না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি কলকাতার মাত্রুষ, আপনি নিশ্চয়ই জানেন যে, নকশাল আন্দোলন এখানে শুরু হয়েছিল '৬৭ সালের পর থেকে এবং '৭১ সাল পর্যস্ত নকশাল আন্দোলনে তথ্যকার জনজীবন বিপর্যস্ত হয়েছিল। কিন্তু তারপরে '৭২ সালে কংগ্রেস সরকার ক্ষমতায় আসার পরে খুব কঠোর হস্তে সেই আন্দোলনকে দমন করে জনসাধারণের জীবনে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনা হয়েছিল। তথন গোটা পশ্চিষবাংলায় স্বাভাবিক জীবন যাত্রা বিরাজ করছিল। কাজেই বিমলানন্দবাবু যে কথা বললেন, দে কথা ঠিক নয়, তা অসত্য কথা। বিতীয় কথা আমি যেটা বলতে চাই, সেটা আমাকে খুবই ত্বংথের সঙ্গে বলতে হচ্ছে যে, সেই সময়ে বিধানসভায় – যত দূর আমার শ্বরণ আছে—১৩ জন সি. পি. এম. এবং ৩ জন আর. এস. পি. সদস্ত নির্বাচিত হয়ে-ছিলেন। তিন জন আর. এম. পি. সদস্ত বিধানসভায় যোগ দিয়েছিলেন, কিন্তু অত্যন্ত হুংথের বিষয়, সাজান বিধানসভা বলে একটা অপবাদ দিয়ে দি পি. এম. সদস্তরা বিধানসভায় যোগ দেননি। বেহেতু তাঁর। ১৩ জন নির্বাচিত হয়েছিলেন অতএব গণতত্ত্বে বিশ্বাস হারিয়ে, বিধান-সভায় যোগ দেওয়ার মত সভ্য আচরণ-টুকুও পালন করেননি। আমরা বার বার তাঁদের অহুরোধ

করেছিলাম, ততকালীন মৃথ্যমন্ত্রী শ্রীদিদ্ধার্থশংকর রায় বার বার তাঁদের ডাক দিয়েছিলেন, আমরা অন্ধরোধ করেছিলাম ধে, আপনারা আহ্বন হাউদে, বিধানসভায় যোগ দিন, আপনাদের বক্তব্য রাখন। তাঁরা তথন সেই ডাকে সাড়া দেননি। আমরা বলেছিলাম, তাঁদের বিধানসভায় যোগ দিতে, তাঁদের বক্তব্য রাখতে। অতএব উনি বললেন, ওঁরা মিটিং মিছিল সে সময়ে করতে পারেননি, তা সম্পূর্ণ অসত্য কথা। আমরা ওঁদের আহ্বান জানিয়েছিলাম, আপনারা আম্বন, বিধানসভায় যোগ দিন, আপনারা আন্দোলন কন্ধন, আপনাদের বক্তব্য জনসাধারণের সামনে তুলে ধন্ধন। ওঁরা নিজেরা তয়ে ইত্রের গর্তে চুকেছিলেন, আমরা মোটেই দায়ী নই। এ কথা আমি পরিকার-ভাবে ওঁকে বলতে চাই। তৃতীয় কথা হচ্ছে, উনি বললেন কেন্দ্রীয় সরকার পেট্রোলের দাম বাড়িয়েছে। উনি মন্ত্রী এক্সাইজ দপ্তরের চার্জে আছেন, ওঁকে নিশ্চয়ই সারণ করিয়ে দিতে হবে না যে, কি কারণে কেন্দ্রীয় সরকার পেট্রোলের দাম বাড়াতে বাধ্য হয়েছেন। আমাদের দেশ পেট্রোলে স্বয়ংসম্পূর্ণ নয়, একলা নিশ্চয়ই মন্ত্রী মহাশয়ের জানা আছে। "ওপেক্" কার্ট্রিগুলি থেকে পেট্রোল এবং পেট্রোল জাতীয় স্তব্য আমাদের আমদানি করতে হয়। তারা তহু করে দাম বাড়িয়ে দেওয়ার কলে আমাদের কেন্দ্রীয় সরকারের এত ক্ষমতা নেই যে, দাম এক জায়গায় রেণে—ওথানে ধরা যতই দাম বাড়াক না কেন—যত থুনী তরতুকী দিয়ে চালাবেন।

কাজেই শারণ করা দরকার কেন্দ্রীয় সরকার ইচ্ছা করে দাম বাড়ায়নি। আপনাদের মনে করিয়ে দিতে চাই এই সরকার ডিজেলের দাম বাড়িয়েছে, সেল্স ট্যাকস বাড়িয়েছে। স্বতরাং একমাত্র কেন্দ্রীয় সরকার দায়ী নয়, আপনারাও দায়ী ডিজেলের দাম বাড়ানোর জন্ম। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এবার আমার বক্তব্যে আসতে চাই, সেটা অত্যস্ত লক্ষাকর ঘটনা, ১৯৭৭ সালে এই বামক্রণ্ট সরকারের রাজত্বে দার্জিলিং-এর সামবিয়াং চা-বাগানে কি মর্যান্তিক দুর্ঘটনা ঘটেছিল— সেথানে চায়ের জাতাকলে অর্থাৎ যেথানে পাতা কাটা হয় সেথানে কংগ্রেসী শ্রমিকদের পুরে ক্টি-কুটি করে কাটা হয়েছিল— আজ সে কথা ভূলে যাবেননা। বিজন সেতুর উপর ১৭ জন আনন্দ্রমার্গীকে পুজিয়ে মারার ঘটনা থেকে আরম্ভ করে…

# (নয়েজ এণ্ড ইনটারাপদান)

তারপর উজ্জ্বল হন্ডার ব্যাপার নিয়ে তৃঃখন্তনক ঘটনা সারাদিনই তো ঘটে গেল। এইরকম একটির পর একটি ঘটনা ঘটছে। ১৯৭৭ সালের পর থেকে আজ অবধি পশ্চিমবাংলার ইতিহাস এক কলঙ্কময় অধ্যায় হয়ে পরিচিত হয়ে থাকবে এ বিষয়ে কোন সন্দেহ নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার পাশে এক মাননীয় সদস্য শ্রীকাশীনাথ মিশ্র বসে আছেন। তাঁকে পিটিয়ে কিভাবে হাত ভেঙে দেওয়া হয়েছিল সেকথা ভূলে ঘাইনি। তারপর স্থভাষ মাহাতোকে কিভাবে পিটানোর চেষ্টা হয়েছিল, তার সিকিউরিটি গার্ডকে খুন করে দেওয়া হয়েছে, কারণ এরা নাকি ভাকাত এই সন্দেহে। সেই জীপ গাড়ীতে স্বত্রত মুখার্জীর যাওয়ার কথা ছিল কিছ্ক তার প্রোগ্রাম পাশেট বাওয়ায় ভাগিয়স সেই জ্বীপেতে বাননি, গেলে স্বত্রত মুখার্জীকে আর চেঁচামেচি করতে হোত না,

তাঁর প্রাণ নাশ হয়ে যেত। মানস ভূ ঞা আর একজন সদত্ত, তাঁর বাড়িতেও পঠ করা হয়েছে এবং তার উপর অত্যাচার করা হয়েছে। জয়নাল আবেদিন সাহেব বিনি আমাদের একজন শ্রন্ধেয় নেতা—বিধানসভার একজন পুরানো সদস্য—তাঁর বাড়ী ঘেরাও করে অহরহ ভীতি প্রদর্শন করা হয়েছে—সে কথা আপনারা সকলেই জানেন। স্থতরাং বিধানসভার সদস্যদের আজকে যদি এই অবস্থা হয় তাহলে কি করে পশ্চিমবাংলার জনসাধারণ আশা করতে পারেন যে দেশে শাস্তি আছে। অথচ আমরা দেখছি এই স্পীচে রাজ্যপাল মহাশন্ত বলেছেন পশ্চিমবাংলায় শাস্তি আছে। আর দেখছি, এখানে কোন কিছ ঘটনার কথা বললেই এনারা বিহারে কি হয়েছে, ইউ পি-তে কি হয়েছে দেখান। আশ্চর্যোর ব্যাপার, আমরা বিহারে কি হয়েছে. ইউ. পি-তে কি হয়েছে সেই নিয়ে বা**ন্ধ** থাকবো না পশ্চিমবাংলার বিষয় নিয়ে ব্যস্ত থাকবো ? আশ্চর্য্য লেফ ট ফ্রন্ট গভর্ণমেন্ট কি আরগু-মেউ ? আরোও গুনলে আপনি আশ্র্যা হয়ে যাবেন, পাটনীলে কি চ:ভার্যাজনক ঘটনা ঘটে গেছে, লজ্জান্ধর কাহিনী। ওথানে স্থানীয় একজন মাননীয় সদস্য এবং কিছু সি. পি. এম লোকের উশ্ধানিতে সেখানে গশ-ধর্ষণ হয়েছে। সেখানে কংগ্রেসের একজন নেতা শ্রীমুকল হদার ভাইকে মর্মান্তিকভাবে খুন করা হয়েছে। বোলপুরের এস. ডি. পি. ও সাহসের সাথে সি. পি. এমের লোককে এই ব্যাপারে গ্রেপ্তার করেছিলেন, ফলে তাঁকে ট্রান্সফার করে দেওয়া হলো। স্থতরাং নিদেদের অন্তরকে জিজ্ঞাস। করে দেখুন, এরফলে কি পুলিশ প্রশাসন নিরপেক্ষ থাকতে পারবে ? প্রশাসন সং থাকতে পারবে ? আপনাদের দলের কেউ যদি কোন দূর্নীতি করে, অন্তায় করে তার বিক্তমে কি কোন এয়াক্ষান নিতে পারবে ? শুধু তাই নয়, আমি আরোও একটি ঘটনার কথা বলবো, মাননীয় সদস্য শ্রীঅবস্তী মিশ্র মহাশয়ের এলাকায়—মেদিনীপুরের পটাশপুর গ্রামে কি মর্মান্তিক ঘটনা ঘটে গেছে। কানাই জানা নামে একজন কংগ্রেসী কর্মীকে থুন করেছিল এবং ১১টি বাড়ী সি. পি. এমের লোকেরা লঠ করেছিল।

## [5-20-5-30 P. M.]

সেথানে প্রামপঞ্চায়েতের প্রধান নামু রায়, কৃষক সভার সম্পাদক তগবত রায়। সেথানে এস. ডি. পি. ও'র সাহস ছিল, ২০ জনকে গ্রেপ্তার করলেন এবং সেই তৃষ্কৃতকারীদের বাড়ী থেকে ৬টি চোরাই, লুঠ করা মাল উদ্ধার করলেন। এস. পি.-র ও সাহস ছিল, সেজক্য এস. পি'কেও বিতাড়িত করে তাড়িয়ে দেওয়া হল। আজকে প্রশাসন যদি এইভাবে কাজ করে আপনারা চিন্তা কঙ্গন কিভাবে পশ্চিমবঙ্গের মামুষ এই সরকারের কাছ থেকে নিরপেক্ষ বিচার আশা করতে পারবে পূমাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার নিজের জেলা মুর্শিদাবাদের একটা ঘটনার কথা বলব, পুলিশের ঘটনা নয়। রাণীনগর ২নং ব্লক, দেথানকার পঞ্চায়েত সমিতি সি. পি. এমের দখলে। আরু বরকত সিদ্দিকি সেথানকার পঞ্চায়েত সমিতি সভাপতি। ভারা বি. ডি. ও.-কে যা বলবে চোথ বুজে তাই মেনে নিয়ে কাজ করতে হবে। সেথানকার বি. ডি. ও'র সাহস ছিল তারা যা বলেছে তা মানতে রাজী না হওয়ার জন্ম বি. ডি. ও.-কে ঘেরাও করে মারধর করা হয়েছে। সেই মার-

ধরের প্রতিবাদে অফিসার্স এ্যাসোসিয়েশন থেকে ডি. এমের কাছে প্রতিবাদ করা হয়, ডি. এমের সাহস ছিল, তিনি সঙ্গে এয়াকসন নিয়ে কয়েকজনকে গ্রেপ্তার করার ছকুম জারী করেন। তারপর একটা বিরাট গুজব শোনা যাচ্ছে যে ডি.এম. কে ট্রান্সফার করে দেওয়া হবে। চুক্কতকারীদের বিরুদ্ধে এয়াকসন গ্রহণ করার জন্ম ডি. এম.-কে ট্রান্সফার করা হবে ? আজকে প্রশাসন কত নীচু স্তরে নেমে গেছে। দেখান থেকে কোন কিছু তাল জিনিষ আশা করতে পারা যায় না। অথচ এই বামফ্রণ্ট সরকার প্রতিশ্রুতি দিয়েছিলেন যে একটা নিরপেক্ষ প্রশাসন পশ্চিমবঙ্গে করা হবে। নিরপেক্ষর 'ন' ও নেই। গুধু দলবাজী। আপনারা জানেন পুলিশ থেকে আরম্ভ করে সকল সরকারী কর্মচারীদের আপনারা যা বলবেন তাই তাদের মেনে নিতে হবে। নাহলে ট্রাম্পফার করা হবে, তাদের মাইনে রুথে দেবেন, দাসপেও করা হবে, নানাভাবে তাদের উপর অত্যাচার করা হবে। আজকে প্রশাসন পঙ্গু হয়ে গেছে। পুলিশ সম্পূর্ণ নিক্রিয় হয়ে গেছে। তারা বলছে কি করব বাবা যা খুশী কর। আমার নিজের এলাকার একজন, তার নাম সেথ আনন্দ, ডাক নাম সায়েদ, আমাদের সমর্থক, গত ১৪-২-৮৪ তারিথে তার বাড়ীতে আগুন দেওয়া হয়েছে। এই অবস্থা যদি চলতে থাকে তাহলে পশ্চিমবঙ্গের শাস্তি শৃষ্খলা ফিরে আসবে না, ফিরে আসতে পারে না সেজন্য যথন রাজ্যপাল মহাশয় এই হাউদে আস্ভিলেন তথন আমরা তাঁর কাচে অন্পরোধ করেছিলাম যে আপনি পশ্চিমবঙ্গে যেসব ঘটনা দেখছেন তার কথা বলন। আমরা জানি এগুলো রাজ্যপালের নিজের কথা নয়, আপনাদের সরকার যা লিখে তাঁর হাতে তুলে দিয়েছেন, সংবিধানের নিয়ম অনুসারে উনি তা পাঠ করতে বাধ্য তবুও উনি কিছু কিছু জায়গায় ইন দি ওপিনিয়ন অফ মাই গভর্ণমেন্ট বলে উল্লেখ করেছেন। তারপর আপনারা আই. এম. এফ. এর কথা বলেছেন। আই. এম. এফের লোনের কথা বলে চীৎকার করেছিলেন। ত্ব-তিন বছরের মধ্যে আমরা এমন স্বয়ং সম্পূর্ণ হয়ে গেছি যে আই. এম. এফের শেষ কিস্তির টাকার আর প্রয়োজন বোধ করিনি। ্ আপানারা শুনলে আশ্চর্যা হবেন, প্রায় এক হাজার দশ কোটি টাকার ইয়ারলি পরিকল্পনার মধ্যে বাইরের সাহায্য যেটা, সেটা মাত্র শতকরা সাত পারসেট।

স্থতরাং আই. এম. এফ. বা আই. ডি. পি. অর্থাৎ বাইবের যা সাহায্য এসেছে, তার সমস্ত-গুলো ধরলে হবে ৭ পারসেউ। স্থতরাং এই ৭ পারসেউ সাহায্যের জন্ম আপনারা মনে করেছেন ভারতবর্ধ বিদেশের কাছে মাথা সুইয়ে দেবে ? আজকে সারা পৃথিবীর কাছে ভারত মাথা উ চু করে চলচে। আজকে রাশিয়া, আমেরিকার প্রতিনিধিরা ভারতে ছুটে আসছেন, বিভিন্ন আন্তর্জাতিক সম্মেলন ভারতে হচ্ছে। আপনারা যদি মনে করে থাকেন যে আই. এম. এফ.-এর ঋণ নিয়ে ভারত বিদেশের কাছে তার সব নীতি বিসর্জন দিয়েছে তাহলে ভুল করবেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের এই ভাষণে আসল ঘটনার কোন প্রতিফলন ধটেনি। তুঃথের দক্ষে লক্ষ্য করেছি যে এতে কেন্দ্রীয় সরকারের প্রতি কটুক্তি এবং দোষারোপ করেছেন মাত্র। কিন্তু এথানে কেন্দ্রীয় সরকারের কটি বিউশনের দিকটা আপনারা সম্পূর্ণ চেপে গেছেন। আমি একটি উদাহরণ দিচ্ছি। প্যারাগ্রাফ ৮-এ আপনারা বলেছেন, "A record

quantity of 29.30 lac matric tonnes of food grains was distributed through the public distribution system during the year." এই রেকর্ড কোয়ানটিটি কোথা থেকে এলো তার উল্লেখ নেই। আপনাদের এক পয়সাও কটি বিউশন নেই এতে। এই যে রেকর্ড কোয়ানটিটি কথা গর্ব করে বলছেন, সমস্তটাই কেন্দ্রের কাছ থেকে এসেছে। আজকে আপনারা এখানে বলছেন যে খাগুণস্থের উৎপাদন অনেক বেড়ে গেছে। কিন্তু মাননীয় প্রফুল্ল সেন মহাশয়ের আমলে—এখন থেকে দশ পনেরে বছর আগে—পাচ লক্ষ মেটিক টন থাছাশয় প্রকিওর-মেণ্ট হয়েছিল। আজকে আপনারা প্রকিওরমেণ্টের টার্গেট ঠিক করেছেন ১ লক্ষ ২৬ হাজার মেটিক টন এবং সেক্ষেত্রে প্রকিওর করতে পেরেছেন মাত্র ৪০ হাজার মেট্রিক টন। ওঁরা নিজেরা কিছুই করবেন না, স্বটাই কেন্দ্রকে দিতে হবে । এখন আবার ১৪টি পণ্য এর সঙ্গে জুড়েছেন। এগুলোও नांकि क्ख्यक्टे योगार् रत तल वनह्न। ज्वापृता वृद्धित जग क्ख्यक नाग्नी कतह्न। কিন্তু আমি বিনয়ের সঙ্গে জিজ্ঞাসা করছি যে এখানে আলুর দাম কেন বাড়ছে ? আলুতো কেন্দ্রীয় সরকার সাপ্রাই করেন। এই আলু নিয়ে মাননীয় ক্ষিমন্ত্রী অনেক কথা বললেন। কিন্তু মাছের দাম কেন বাড়ছে ? এর সঙ্গে তো কেন্দ্রীয় সরকার জড়িত নয়। এই যে এথানে দাম বাড়ছে এবং মাঝে মাঝে জিনিষপত্র বাজার থেকে উধাও হয়ে যাচ্ছে—এক্ষেত্রে কি আপনাদের সরকারের কোন দায়িত্ব নেই ? সর্ব ক্ষেত্রে ধোয়া তুলদীপাতা হয়ে বদে থেকে সব দায়িত্ব কেন্দ্রের ঘাড়ে চাপিয়ে দেবার চেষ্টা করছেন আপনারা। আপনাদের এই আচরণ অত্যন্ত অন্যায় বলে মনে করি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষা-ক্ষেত্রে আজকে কি চলছে? ওঁরা গণতম্ব গণতম্ব বলে চিৎকার করেন। কিন্তু সেনেট-এর ভোটে যে রমেন পোন্ধার মহাশন্ন হেরে গেছেন তাঁকেই আবার উপাচার্য করতে হবে বলে বামফ্রণ্ট চিৎকার করেন। অবশ্য আমরা জানি যে আপনাদের ফ্রন্টের কিছু লোক চাননি মে তিনি আবার উপাচার্য হোন। একমাত্র সি. পি. আই. (এম) চেমেছিল যে আবার রমেনবাবুকে উপাচার্য করে তাঁকে দিয়ে ইউনিভার্সিটিতে যা ইচ্ছা তা করাবেন। আমি বিষদভাবে বলতে চাইনা, কারণ কেপটা দাব-জুডিদ। তবে রমেন পোদ্ধার মহাশয় ৮ জন ম্পেশাল অফিসার নিয়োগ করেছিলেন তাঁর আমলে। কিন্তু নতুন উপাচার্য মাত্র তু'জন স্পেশাল অফিসার নিয়োগ করেছেন। এই নিয়োগকে কেন্দ্র করে আজকে তাঁবা কোর্টে গেছেন। কিন্তু আজকে হেরে যাওয়া একজনকে কি ভি. দি. করতে হবে ? যেহেতু দেনেট এবং দিণ্ডিকেটে তাঁদের সংখ্যাগরিষ্ঠতা রয়েছে, সেই শক্তিতে বলিয়ান হয়ে আজকে তাঁরা চেষ্টা করছেন যাতে নতুন ভি. সি. কোন কান্ধ করতে না পারেন এবং পদত্যাগ করতে বাধ্য হন। একেই কি আপনারা গণতম্ব বলেন ? আপনারা নিজেদের অন্তরকেই জিজ্ঞাসা করুন যে আপনারা সত্যিই গণতম্বকে বিশ্বাস করেন কিনা ৷ পাইকপাডায় আমার নিজম্ব পৈত্রিক আমলের একটি স্কুল আছে যেথানে আপনাদের লক্ষ্মী দেন মহাশয় প্রার্থী হয়েছিলেন। আপনারা আসার ১৯৭৮ সালে ইলেকশান না করে এ্যাডমিনিষ্টেটর বদালেন। কিন্তু তার পর ৬ বছর কেটে গেছে, আজও তাঁকেই বদিয়ে রেখেছেন।

5-30 - 5-40 P.M.]

সেখানে কিন্তু নির্বাচনের কোন ব্যাপার নেই। আমরা শেষ পর্যস্ত হাই-কোর্টে গিয়েছি। হাই-কোর্টের অর্ডার নিয়ে আমরা সেথানে নির্বাচনের ব্যবস্থা করি। জানিনা এই থবরে আপনারা আনন্দিত হবেন না তৃঃথ পাবেন—এই নির্বাচনে আমরা জন্মলাভ করেছি। ৬ তারিথে সম্ভবত আমি সেথানে সম্পাদক নির্বাচিত হতে চলেছি। আপনারা সেথানে ৬ বছর নির্বাচন করেন নি। আপনারা আবার বলেন আমরা গণতন্ত্র বিশ্বাস বিশ্বাস করি। যেথানে আপনারা জানেন যে জিতবেন নেই সেথানে আপনারা নির্বাচন করতে চান না। আর যেথানে আপনারা জানেন যে জিতবেন সেথানে নির্বাচনের সময় ২/১ বছর বেশী হয়ে গেলেই বলেন গণতন্ত্র ধ্বংস হয়ে গেল। যেথানে আপনাদের জেতবার সম্ভবনা নেই সেথানে ৬ বছর এ্যাডমিনিসট্রেটর বহাল তবিয়তে বসে থাকবে, তাতে গণতন্ত্র কিছু মাত্র বিশ্বিত হয় না।

# ( এই সময় লাল আলো জলিয়া উঠিল )

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বলার অনেক কিছু ছিল, আমাকে ২ মিনিট সময় দেবেন। সময় অল্প বলে আমি বক্তব্য সংক্ষেপ করে ছ-একটা কথা বলে আমার বক্তব্য শেষ করবো। আপনারা বার বার একটা কথা বলেন যে কেন্দ্রীয় সরকার বর্ত্তমানে বাজেট এমন ভাবে তৈরী করেন যাতে রাজ্যগুলি বঞ্চিত হয়। এই ব্যাপারে আমি একটা তথ্য আপনার সামনে তুলে ধরছি। ১৯৬০-৬১ সালে টোটাল সেন্টাল রেভিনিউ রিসিপ্ট হচ্ছে ১৮৯৭ কোটি টাকা। আর ট্রান্সফার টু দি দেউট হচ্ছে ৪৭১ কোটি টাকা। অর্থাৎ পারসেণ্টের হিমাব করলে ২৫ পারসেণ্ট হয়। সেখানে ১৯৮২-৮৩ সালে সেটা বেড়ে ৩৫০০০ কোটি টাকা, আর ট্রান্সফার টু দি স্টেটস হচ্ছে ১২৮২২ কোটি টাকা। পারসেন্টটেজ ওয়াজ হিসাব করলে দাঁডায় ৩৬'৬ পারসেন্ট। ১৯৬০-৬১ সালে যেথানে ছিল ২৫ পারসেন্ট সেথানে ১৯৮১-৮২ সেটা গিয়ে দাঁডলো ৩৭ পারসেন্টের মতো। এর পরেও কি আপনারা বলবেন কেন্দ্র সব কিছু কুক্ষিগত করে রেখেছে ? রাজ্য গুলোকে কি কিছুই দিচ্ছে না ? চিন্তা করে দেখন এই ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৩৫০০ কোটি টাকা দেওয়া হয়েছিল। আর আপনারা ৪ চছরে থরচ করতে পেরেছেন মাত্র ১৩০০ কোটি টাকা। আর এই বছরে ৭৪৮ কোটি টাকা না কত ব্যয় করবেন সেটা ১ই মার্চ জানতে পারবো। ৩৫০০ কোটিতে আপনারা পৌছোতে পারবেন না। এই অবস্থায় এসে পৌচেছেন আপনারা। ষষ্ঠ পঞ্চ বার্ষিকি পরিকল্পনায় যেটা কেন্দ্রীয় সরকার বরান্দ করেছেন তার মধ্যে যে টাকা এর মধ্যে খরচ হয়েছে সিংহ ভাগ কেন্দ্রীয় সরকার দিয়েছেন। তাতে এই সরকারের কনট্রবিউসান অতি নগন্য। আজকে এই সরকার দেউলিয়ার সরকারে পরিণত হয়েছে। সরকারী কর্মচারীদের প্রোভিডেণ্ট ফাণ্ডের উপর হাত দিয়েছেন। স্থতরাং এই সরকারকে কি করে সফল সরকার বলবো ? আজকে রাজ্য-পালের ভাষণের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব আনা হয়েছে তাকে কি করে সমর্থন জানাই ? রাজ্যপালের ভাষনের যে ধন্মবাদ জ্ঞাপক প্রস্তাব আনা হয়েছে তার বিরোধীতা করছি এবং সেই সঙ্গে সংশোধনীগুলি মৃভ করচি।

শ্রীসরল দেবঃ মাননীয় অধ্যক্ষ মহাশন্ত্র, আমি বছক্ষণ ধরে বিরোধী দলের নেতাদের বক্তব্য শুনলাম। বিরোধী দলের ওপেনিং ব্যাটসম্যান স্করতবাবু যা বলেছেন সেটা আমি শুনেছি। এই ভাষণ শুনে আমার এক মনীষির নাম মনে পড়ে যাছেছ। তিনি হলেন স্বামী বিবেকানন্দ। তিনি যা বলতেন সেটা আমি উল্লেখ করছি।

"সাহস নাই, মনে বল নাই, অপমান দ্বনা নাই দাসত্বে অক্লচি নাই আর একাস্ত ইচ্ছা আর বলবানে কুক্কুরবৎ পদলেহনে অভ্যস্ত"

আমাদের এথানেও অনেককে পদলেহন অবস্থায় দেখেছি। তাঁরা বলেছেন "রাজীব, আমাদের এথানে এসো বাপ, পশ্চিমবাংলার কংগ্রেসকে বাঁচাও"। এই হচ্ছে ওঁদের চেহারা। আত্মমর্থাদা জ্ঞান নেই। ভারতবর্ধ একটা যুক্তরাষ্ট্রীয় কাঠামো। এথানে স্থাভাবতই বার বার বলেছি আমরা বিপ্লব করে আসিনি। স্বাভাবিক ভাবেই সমাজ ব্যবস্থার প্রতিফলন এথানেও পড়বে। আমাদের প্রতিবেশী রাজ্য বিহারের ৩ মাদের চিত্র আমি এথানে তুলে ধরছি। তাহলে দেখতে পাবেন খুন, রাহাজানি এথানে কি ভাবে চলছে। ৩ মাসে বিহারে ডাকাতি হয়েছে ১৮৫২টি, লুট হয়েছে ১৬৭২টি, রাহাজানি হয়েছে ১৬০০০ এবং চুরি হয়েছে ২৫২টি। এই হলো ৩ মাসের হিসাব।

চক্রশেথর বিহারে এক সময়ে মৃথ্যমন্ত্রী ছিলেন। ওদের কেউ সেথানে ৫ বছরের টার্ম শেষ করতে পারে না। কংগ্রেসী শাসনে ওদের দলের কেউই রাজ্যগুলোতে পুরো সময় মন্ত্রীছে থাকতে পারে না। যাইহাক, বিহারে ওদের একজন গদশ্য বলছেন যে, সেথানে প্রতি ৫ ঘণ্টায় একজন খুন হয়, উত্তর প্রদেশে প্রতি ৫ ঘণ্টায় একজন খুন হয়, উত্তর প্রদেশে প্রতি ৫ ঘণ্টায় একজন খুন হয়। ওঁরা এথানে আইন-শৃষ্কালা নিয়ে কথা বলেন, এথানে সরকার নাকি আইন-শৃষ্কালার ব্যাপারে কিছু করতে পারছেন না। কিছু কিছু বিচ্ছিন্ন ঘটনা পশ্চিমবালাতে ঘটেছে। পশ্চিমবালার রাজ্যপাল যে বয়ান এথানে পড়েছেন, স্বীকার করতে বাধা নেই, তা রাজ্য সরকারেরই বক্তব্য। রাজ্যপালের ভাষণের বয়ানে যে সমস্ত বিশিপ্ত ঘটনা ঘটেছে তা রাজ্যসরকার প্রতিহত করবার চেষ্টা করছে বলা আছে। কিছু ক্ষণ আগে মাননীয় অতীশবার বলেছেন যে কেন্দ্র জনেক বেশী বেশী টাকা রাজ্যকে দেয়। এই বক্তব্য শুনে মনে হয়, টাকা যেন পুরোপুরি কেন্দ্রের। কিছু টাকা তাঁরা আমাদের দেন স্ত্য। কিন্তু এই হার কেমন দাঁড়িয়েছে তা বলছি। স্থার, পঞ্চাশের দশকে এই দেয় টাকার পরিমাণ যেথানে ছিল ৫০ ভাগ, সেথানে আজ তা কমে দাঁড়িয়েছে ৩০ ভাগে। কেন্দ্র আজ মৃদ্রাফ্রীতির কথা বলছেন। প্রথম ৪ বছরের ঘাটতির পরিমাণ ৫ হাজার কোটি টাকা হবে বলে ওঁরা বলেছিলেন। অথচ আমরা দেথলাম তা বেড়ে গিয়ে দাঁড়িয়েছে ৭,৪৯০ কোটি টাকায়। মুদ্রাফ্রীতিত হয়েই চলেছে। ১৯৮০ সালে

ইন্দিরা গান্ধী যথন ক্ষমতায় এনেছিলেন, তথন তিনি বলেছিলেন, আমাদের বে মুন্তাফীতি হচ্ছে, তা রোধ করতে হবে। কিন্তু আমরা দেখলাম, ইন্দিরা গান্ধীর ৪ বছরের শাসনকালে ভারতবর্ষে ১০.৭ শতাংশ মূল্য বৃদ্ধি ঘটেছে। রাজ্যগুলির দিকে একবার তাকিমে দেখুন। স্থার, গ্রামদেশে একটা প্রবাদ আছে—আপনি হয়ত তা শুনে থাকবেন—'পাঁচীর ছেলে ম্যাজিষ্ট্রেট হয়েছে, সে বেতন পায় না'। আমরা ২০ কোটি টাকা ব্যয় করে সন্টলেকে এশিয়ার বুহত্তম স্টেডিয়াম তৈরী করেছি, এরজন্য ওঁরা সাধুবাদ দিতে পারল না। ওঁরা ভাল কথা বলতে জানেন না। আমাদের এখানে পেটো কেমিকেল কমপ্লেক্স করতে চাই—ওঁরা তার অমুমোদন দিতে চান না। একে আমরা মাদার ইণ্ডাব্রী বলে থাকি, অথচ এর অমুমতি ওঁরা দিতে চান না। ওঁরা ঘতই বলুন না কেন, দেশ প্রেমিক ওঁরা নন। ওঁরা কেবল পদলেহনই করতে জানেন। তাই ১৯৭৮ সালে এই পেটো কেমিকেল কমপ্লেক্স ঘথন আমরা করতে চেয়েছিলাম, তথন বায় হিসাবে ৪২৮ কোটি টাকা ধার্য করেছিলাম। কিন্তু ওঁদের ডিলি-ড্যালিয়িং প্রাকটিসের জন্য তা আজ ৮৪০ কোটি টাকায় এসে দাঁড়িয়েছে। আমি শুনেছি, স্থনীতিবাবু নাকি এম. এ. পাশ করেছেন এবং এ্যাড-ভোকেটও হয়েছেন —জানিনা, কোণায় উনি প্রাকটিদ করেন ? আমি স্থনীতিবাবকে জিজ্ঞাসা করতে চাই, গুজুরাট সীমান্তে কি পাকিস্থান আছে ? বাংলাদেশ আমাদের ভারত রাষ্ট্রের বন্ধ রাষ্ট্র। অথচ এখানে কোন পেট্রো কেমিকেল কমপ্রেক্স কারখানা করা যাবে না। স্থনীতিবাবুর দেশপ্রেম বলে যদি কিছু থাকে তিনি কেব্রুকে কিছু বলুন। যথন কেব্রের মন্ত্রী ছিলেন স্বর্গত শ্রামাপ্রসাদ মুখার্জী এবং কে.সি. নিয়োগী, তখন সাম্রজ্যবাদী রুটিণ সরকার এথান থেকে হুল ও রেল পথের সমস্ত হেড্ কোয়ার্টারকে তুলে নিয়ে প্রথম আক্রমণ শুরু করলে তার বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছিলেন। এই আক্রমণ স্বাধীনতার পরেও চলছে। ১৯৬০ সালে দমদম বিমান বন্দরে যেথানে ১৫টা ইন্টার ক্যাশানাল ফাইট চলাচল করত, আজ তা কমে দাঁডিয়েছে মাত্র ৭টিতে। সে তুলনায় ঐ সময়ে বোম্বাইতে যেখানে ছিল ৭টি, আজ তা বেডে দাঁডিয়েছে ১৭-তে। দিল্লীতে চলে ১০টি। এর কারণ কি দিল্লী কনজেস্টেড্ বা ওভার ক্রাউডেড্ রাজ্য ? সেই জন্ম ও দের কাছে আবার দাবী জানাই, কেন্দ্র রাজ্যগুলির মধ্যে সম্পর্কের পুনর্বিক্যাস করুন। জানি, একথা বললে গায়ে বড় জালা ধরে ওঁদের এবাবের বাজেটে নাকি ওঁরা ব্যাপক টাকা দিয়েছেন রাজ্য-গুলিকে। গতকাল প্রণববাবু লোকসভায় নির্বাচনী বান্ধেট পেশ করেছেন। তাতে তিনি ১৭৬২ কোটি টাকার ঘাটতি দেখিয়েছেন। এই ঘাটতি দেখিয়ে তিনি কনলেশন দিয়েছেন জনগণকে, ঠিক নির্বাচনের আগে। বাজেট আমরা দেখেছি, তাতে তিনি বড় লোককে অনেক কন্দেশনের ব্যবস্থা রেথেছেন। সার চার্জের টাকা রাজ্যগুলির পাওয়ার কথা। রাজ্যগুলির ক্ষমতা কেডে নিয়ে গিয়ে সেগুলি দেবার ব্যবস্থা করেছেন বড় লোকেদের। কোম্পানীগুলির উপরে সারচার্জ ধার্য করে নিয়ে যাচ্ছেন। অথচ, এগুলি রাজ্যগুলিরই পাওয়ার কথা বা পাওয়া উচিত। ওঁরা তা হতে দিচ্ছেন না। আমাদের ভাষ্য পাওনা বা ভাষ্য সম্বত দাবী করলে ওঁদের গাত্রদাহ হয়।

[5-40-5-50 P. M.]

অতীশবার পশ্চিম বাংলার বেকারের কথা বলেছেন। ৩৭ লক্ষ বেকার ওভার নাইট হয়নি। জয়নাল সাহেব যিনি মন্ত্রী ছিলেন তাঁকে জিজ্ঞাসা করি ডাঃ রায় মারা যাবার পর পশ্চিমবাংলায় কেন্দ্রের কোন কোন প্রকল্প হয়েছে। চটকলের শ্রমিকরা ১ মাস ১৩ দিন ধরে ধর্মঘট করে আছে। সেখানে চটকলের মালিকরা কিছ করছে না। কারণ তারা আপনাদের নির্বাচনে তহবিলে টাকা দেন। বিজ্ঞার্ভ ব্যাক্স থেকে তাঁরা যে টাকা নিয়েছিল সেই টাকা অন্য থাতে ভাইভারদান করেছে. আধনীকিকরণ করেনি। আপনারা দে টাকা আদায় করার চেষ্টা করছেন না কেন ? তারা প্রভিডেন্টের কোটি কোটি টাকা আত্মসাৎ করেছে। চটকলের যে ৫।৬ টা পরিবার মালিক তারা এখান থেকে টাকা নিয়ে পশ্চিম উপকলে যেখানে ৪০০% লাভ হয় সেখানে তারা টাকা ইনভেষ্টমেন্ট করেছে। ঠিক যে সময়ে পশ্চিমবাংলার পেটো কেমিক্যাল কমগ্রেক্স এর জন্ম এষ্টিমেট প্ল্যান তৈরী করে দিল দে সময়ে গুজরাটে ২টা কমিশনত হল। ইলেকট্রনিক্সদেরও অমুমতি দেয়া যাবেনা। জল বিদ্যুত কেন্দ্র এখানে স্থাপন করলে পরিবেশ দৃষিত হবে, অথচ থারমাল প্ল্যান্ট করলে দ্বিত হবে না। পশ্চিমবাংলার প্রতি তৎকালীন বৃটিশ সাম্রাজ্যবাদ যে দৃষ্টিভংগী নিয়েছিলেন ঠিক একইভাবের বিমাতস্থলভ আচরণ কেন্দ্রীয় সরকার করে চলেছেন। এরই ফলপ্রস্থ হিসেবে আজকের এই পশ্চিমবাংলা। উত্তরপ্রদেশে বাগপতে মায়া ত্যাগী পুলিশের দ্বারা ধর্ষিতা হয়েছিল। তা নিয়ে কানপুর, এলাহাবাদের রাস্তায়, রাস্তায় বই বিক্রি হচ্ছে "ম্যায় ইচ্ছত গিয়া"। এথানে হেমেন মণ্ডলের মত মামুষ রাজনৈতিক আশ্রয় নিচ্ছে, পুলিশের আশ্রয়ে আছে। কোন কোন সমাজ বিরোধী এই রকমভাবে আছে সেটা আমারা জানতে চাই। আমরা তাদের বিরুদ্ধে, জনসাধারণের সমর্থনে মিছিল করছি। আপনারা কটা এই রকম মিছিল করেছেন ? এয়ারপোর্টের দেয়ালে দেয়ালে দেখা আছে শ্রমিক নেতা হেমেন মণ্ডল যুগ যুগ জিও। আমরা বলি দলের চেয়ে দেশ অনেক বড়। একটা ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থায় খন সন্ত্রাস হবে। কিন্তু আমি আপনাদের বলি যারা সমাজ বিরোধী, যারা অপরাধ করে তাদের আপনারা আত্ময় দেবেন না। তারপর ক্রষিতে ইতিমধ্যে উৎপাদন বেড়েছে ২০%। তবুও আপনারা বলেছেন ক্বযি উৎপাদন বাড়েনি। একটা রাজ্যে যদি শিল্প তৈরী করতে হয় তাহলে কেন্দ্রের অত্নমাদন ছাড়া হবে না। ডা: রায় মারা যাবার পর কটা শিল্পে কেন্দ্রীয় সরকার টাকা ইনভেষ্ট করেছেন ? নেহেরু বলেছিলেন বাংলা থেকে যেসব ছিন্নমূল উদ্বাস্থ আসবে তাদের দায়িত্ব আমাদের। কিন্তু তুলনামূলকভাবে পশ্চিম পাকিস্তান থেকে যারা এসেছে তাদের প্রতি কেন্দ্র কি ব্যবহার করেছে এবং ওপার বাংলা থেকে যারা এসেছে তাদের প্রতি কিরপ ব্যবহার করেছে ?

হলিষায় জাহাজ নির্মাণের কারথানা করবার জন্ম যে বিশেষজ্ঞ কমিটি নিয়োগ করেছিলেন সেই বিশেষজ্ঞ কমিটি নিয়োগ করেছিলেন কেন্দ্রীয় সরকার। তাঁরা রিপোর্টে বলেছিলেন হলিষ্বা জাহাজ নির্মাণের কারথানা হিসাবে গড়ে ওঠার ক্ষেত্রে ভারতবর্ষের মধ্যে একটা উৎক্লপ্ত জারগা। কিন্তু তুর্ভাগ্যের বিষয় কেন্দ্রীয় সরকার হলিষ্মাতে জাহাজ নির্মানের কারথানা তৈরী করার

অহুমোদন দিলেন না। তাই পশ্চিমবংগের লক লক বেকার যুবক কোন কাজ পায়নি। আপনারা বলেছেন বেকারদের ভাতা দিয়ে আপনারা বেকার স্বষ্ট করেছেন, সেজ্য বামফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু পদত্যাগ করুন। স্বত্রতবাবু বলেছেন কলকাতায় ২৩ টি খুন হরেছে। এরমধ্যে ১৭টি তো কংগ্রেসের আন্তর পার্টি দলীয় খুন হয়েছে। আমাদের মুখ্যমন্ত্রী তো এই কথা পরিষ্কার বলেছেন। আপনারা সেদিন নকদাল নেতা নাগ ভূষণের কথা উদ্ধৃত करत तत्नत्नन, जामात्मत मृथामन्त्री टा तत्नहान जामात्मत कमरत्र हमात्तर यमि काउँक थून করে থাকে এবং সেটা যদি প্রমাণ করে দিতে পারেন তাহলে আমরা পদত্যাগ করব। কাশীপুরে একদিনে কত খুন হয়েছিল, কত মৃত দেহ সেদিন বরানগরে গন্ধার ঘাটে ফেলে আপনার। তো দেদিন ক্ষমতায় ছিলেন। আপনাদের আমলে দিয়েছিলেন ? আপনাদের এম এল এ চণ্ডী মিত্রকে আপনাদের দলের লোক খুন করল, সেই রঘুপতি সাহাকে আপনারা মহাজাতি সদনে আশ্রয় দিলেন, পুলিশ তার কেশাগ্র স্পর্শ করতে পারল না। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্যের ঘরে কি ঘটনা ঘটেছিল ? আজকে আপনাদের এই কথা ভাবতে হবে। স্থার, ওদের আমলে আপনি দেখেছেন ওরা বাজেটে একটা কথা বলেন আর ধ্যন অধিবেশন না চলে সেই সময় একটার পর একটা অর্ডিক্যান্স জারি করেন। ওদের রেলমন্ত্রী গণি থান চৌধুরী চার চারবার রেলের ভাড়া বাড়ালেন। প্ল্যাটফরম টিকিট ৮ আন। ছিল খুচরার অভাব এই অজুহাতে সেটাকে বাড়িয়ে এক টাকা করলেন। এইভাবে একটার পর একটা করভারে দেশবাসীকে জর্জরিত করছেন, জিনিসপত্তের দাম আকাশচ্মী হয়ে যাচ্ছে। অতাশ বাবু পড়াশুনা করা লোক, আমি তাঁকে জিজ্ঞাসা করি মূল্যবৃদ্ধি কি একটা রাজ্য সরকারের এক্তিয়ারে পড়ে। যুক্ত রাখ্রীয় কাঠামোয় একটা রাজ্য সরকার কি মূল্যবৃদ্ধি রুথতে পারে ? আইন শৃষ্ট্রলা সম্বন্ধে বিরোধী দলের নেতা বলেন আইন শৃংথলা রোধা সম্ভব, আপনারা সহযোগিতা করুন, সমাজ বিরোধীদের নিয়ে মিছিল করবেন না। কিন্তু আমি দেখেছি আমার এলাকায় যারা নামকর। কুখ্যাত সমাজ বিরোধী তারা ১৫ জন নেতা, আমি কয়েকজনের নাম বলতে পারি, যেমন একজনের নাম রতন মল্লিক ইত্যাদি, তারা এক বছরে ১টা খুন করেছে। ওরা তাদের টাকা দিয়ে রেখেছে। তাদের বিরুদ্ধে কথনও কি চার্জনিট হয়েছে? দিন ইজ এ ল্যাপন অন দি পার্ট অব দি পুলিশ। এক বছরে তারা ৯টা খুন করল তথচ তাদের চার্জদিট দেওয়া হয়নি। তারা কংগ্রেদ ( আই ) এর লোক। আমরা তাদের বিরুদ্ধে ডিমন্সট্রেদান দিয়েছি। কিন্তু পুলিশের বড় বড় অফিদার, আমলারা তো আমাদের আমলে নিয়োজিত হয়নি, আপনাদের আমলে নিয়োজিত হয়েছে, তাঁরা পুরান লোকদের ফিরিয়ে আনতে চাইছে, আপনাদের পক্ষপুটে আশ্রয় নেবার চেষ্টা করছে। সেজন্ত মাননীয় রাজ্যপাল যে ভাষণ এই সভায় পেশ করেছেন আমি সেই ভাষণকে সমর্থন করছি এবং সঙ্গে সঙ্গে বিরোধী দল যে সংশোধনী প্রস্তাব এনেছেন আমি তাঁদের সমস্ত প্রস্তাবগুলির বিরোধিত। করে আমার বক্তব্য শেষ করছি।

[5-50-6-00 P. M.]

**জ্রীগাণোচন্দ্র মণ্ডলঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমাদের এখানে মহামান্ত রাজ্যপাল যে ' ভাষণ দিয়েছেন তার উপর বিরোধী পক্ষের বক্তবা আজ কয়েকদিন ধরে শুনছি। তাঁদের এই বক্তব্য আমার কাছে মুতন কিছু মনে হয়নি। সেই পুরান কথা ঘুরিয়ে ফিরিয়ে বারবার এথানে বলার চেষ্টা করেছেন এবং একটা নির্বাচিত সরকারকে কেন্দ্র করে এই সমস্ত কথা বলে জনমত বিভ্রাস্ত করার চেষ্টা করেছেন। বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর গ্রাম বাংলায় যে ২টি বিষয় নিয়ে বিরোধ স্পষ্ট হয় তার মধ্যে একটি হচ্ছে ভূমি বন্টন বাবস্থা এবং আর হচ্ছে পঞ্চায়েত। এই ২টির সংগেই গ্রামের স্যধারণ মাত্র্য ওতপ্রেতেভাবে জড়িত। ভূমি সম্পর্কে মাত্র্যের ক্ষা দীর্ঘদিন ধরেই চলে আসছে। ভূমি আন্দোলন বুটিশ আমল থেকেই স্থক হয়েছে এবং সেই আন্দোলনের ফলে সাধারণ মান্ত্রয় যে সমস্ত অধিকার পেয়েছিল সেই অধিকার এবং জমির উপর অধিকার সেই তুটিকেই প্রতিষ্ঠিত করবার জন্য মাসুষ আপ্রাণ চেষ্টা করছে। কিন্তু দেক্ষেত্রে দেখা যাচ্চে গ্রামের জোতদার শ্রেণী, যাদের সমর্থক হল কংগ্রেস (আই), তারা আইনের বিভিন্ন বন্ধন দিয়ে গ্রাম-বাংলার সাধারণ মামুষের উপর বিভিন্ন রকম চাপ সৃষ্টি করছে। গ্রামের বড়লোকেরা সাধারণ মামুষকে তাদের স্বার্থের থেকে বঞ্চিত করবার জন্ম বিভিন্ন কোর্টে এবং হাইকোর্টের দারস্থ হচ্ছে— এবং ২২৬ ধারা অমুযায়ী হাইকোটের ইনজাংশন নিয়ে গ্রামের মামুষ যে সমস্ত জ্বমির উপর দথল নিতে চায় বা দখল পেয়েছে তাদের সেখান থেকে উৎখাত করবার চেষ্টা করছে। গ্রামের সাধারণ মামুষ শহরে এসে হাইকোর্টে মামলা লড়তে পারেনা এবং তার ফলে তারা একদিকে মার থাচ্ছে এবং অন্যদিকে এই সমস্ত ইনজাংসনের বলে তাদের হাত থেকে জমিগুলো চলে যাচ্ছে। এই সমস্ত মামলা যত তাড়াতাড়ি নিশ্পত্তি হওয়ার কথা তত তাড়াতাড়ি নিশ্পত্তি হয় না এবং তার ফলে সাধারণ মান্ত্যকে তাদের অধিকার থেকে বঞ্চিত করা হচ্ছে। যে সমস্ত জায়গায় এই ভূমি নিয়ে আন্দোলন হয়েছে দেখানেই দেখেছি বিভিন্ন কোর্ট এবং হাইকোর্টের ইনজাংসান দিয়ে জমিগুলি আটকে রাখা হয়েছে। রাজ্যপালের ভাষণে দেখেছি রাজ্য সরকার স্বীকার করেছেন ১ লক্ষ ৮০ হাজার একর জমি বিভিন্ন মামলায় আটকে রয়েছে। কিন্তু আমার মনে হয় এর চেয়েও বেশী জমি বিভিন্ন রকম আইনের জন্য এবং হাইকোটে র ইনজাংসনের জন্য আটকে রয়েছে। আমরা লক্ষ্য করেছি অনেক আগে থেকে যারা বর্গাদার হিসেবে, পাট্টাদার হিসেবে এবং দথলকার হিসেবে রয়েছে তাদের ক্ষেত্রে এই অবস্থা চলছে। কংগ্রেস ( আই )-এর সদস্খ ভূপেনবাবু বললো তাদের ৩।৪ জন পাট্টা-দারকে উৎখাত করা হয়েছে। এটা হতে পারে। এই প্রসঙ্গটি আমি একটু ব্যাথ্যা করে বলতে চাই, ১৯৬৪ সালে একটা ল্যাণ্ড এ্যাডভাইসরি কমিটি হয়েছিল এবং সেথানে মেম্বার হিসেবে ছিলেন অঞ্চল পঞ্চায়েতের প্রধানরা এবং কিছু সরকারী অফিসার ছিলেন সেই কমিটির সদস্য। ইমারজেন্সীর সময় দেখেছি যাদের জমির উপর অধিকার রয়েছে এবং যারা পাট্রাদার তাদের ঐ কংগ্রেস সমর্থকদের স্বার্থে এক তরফাভাবে ইমারজেনসীর দোহাই দিয়ে জমি থেকে উৎথাত করা হয়েছে। একদিন বারা ক্রমিতে প্রতিষ্ঠিত ছিল তাদের বেখেছি কংগ্রেস ( আই )-এর লোক এবং তৎকালীন সরকার

ভাদের উৎথাত করে দিয়েছে। আজকে অবস্থার পরিবর্তন হয়েছে, তাই বর্তমান আমলে এই সমস্ত ক্ষেত্রে কিছু কিছু উৎথাতের ঘটনা ঘটতে পারে। অতীতে এই সব ব্যাপারে কোন প্রতিকারের ব্যবস্থা ছিল না, কিন্তু আজকে থাদের উপর এক সময় অন্যায় অত্যাচার হয়েছিল সেই অন্যায়কে ত্বর করার ব্যবস্থা করা হচ্ছে। কিন্তু অপর দিকে কংগ্রেস ( আই )-এর ভূমিকা কি ? যারা গরীব মাহুষ, যারা জমির উপর টিকে রয়েছে তাদের বন্দুকের সাহায্যে জমি থেকে উৎথাত করবার চেষ্টা করছে।

এই রকম হাজার ঘটনা বিভিন্ন গ্রামে ঘটছে। আমার কাছে একটা উদাহরণ আছে। আমার এলাকায় গোসাবা কেন্দ্রে গত ২৬শে নভেম্বর, ১৯৮৩ সালে দেখলাম একজন রেক্ডেড বর্গাদার তার জমিতে ধান কাটতে যাচ্ছিল সেই সময় তাকে বন্দক দিয়ে তাকে হত্যা করা হোল—আর সেই জ্বোতদারকে ওরা প্রশ্রয় দিল। এই হচ্ছে বাস্তব ঘটনা। এইভাবে কংগ্রেস-আই দলের লোকেরা গ্রামে বিম্ন ঘটাবার চেষ্টা করছে। আইন শৃন্ধলার প্রশ্ন ওঁরা বারবার তোলেন। আইন শৃংখলার প্রশ্নের সংগে জমির ব্যাপার কিছুটা জড়িত আছে। সাধারণ মানুষ জমিতে ন্যায়সংগতভাবে তার অধিকার প্রতিষ্ঠিত করতে যাচ্ছে জ্বোতদাররা সেখানে সংঘর্ষ বাধাচ্ছে যারা হচ্ছে ঐ কংগ্রেস আই দলের সমর্থক এবং তার সংগে সমাজবিরোধীরাও জড়িত আছে। কি সহরে কি গ্রামে বিভিন্নভাবে ওঁরা সমাজবিরোধীদের নিয়ে সংঘর্ষ চালিয়ে যাচ্ছে এবং তাতে সাধারণ মাচুযুই বিপর্যন্ত হচ্ছে। ওঁরা **কি** বলতে পারেন যে কংগ্রেস দলের মধ্যে সমাজবিরোধী নাই। একথা কলকাতার মাহুষের কাছে প্রকটভাবে প্রমাণিত হয়ে গেছে। এবং আমরা গ্রামের মাত্রষ আমাদের কাছেও প্রমাণ আছে যে গ্রামে যে সব ডাকাতি হচ্ছে তার সঙ্গে কংগ্রেস আই দলের বিশিষ্ট লোকও জড়িত আছে তারাই এই দব গ্রামের ডাকাতি রাহাজানি কাজে অন্তপ্রেরণা যোগাচ্ছে। আজকে পুলিশ কিছুটা শক্ত হাতে তাদের ধরতে আরম্ভ করেছে। আজকে একথা পরিষার হয়ে গেছে যে ঐ সব সমাজবিরোধী লোকেদের একটা বিশিষ্ট রাজনৈতিক দলের প্রশ্রম আছে। তা না হলে এই রকম ভাবে ঐ সমাজবিরোধীদের সাহস বাড়তো না। এই রক্মভাবে তারা যদি তাদের মদত যোগায় তাহলে আইনশৃংথলার অবনতি হবে না ? আমরা দেখছি যথনই তাদের স্বার্থে যথন কোন আঘাত পড়ে তথনই ঐ সমস্ত গরীব মাত্রুষদের উপর অস্ত্র ধারণ করে জেহাদ ঘোষণা করে। এরা কোন দিন সমাজের বন্ধ হতে পারে না। একবার উত্তর ভারতের দিকে তাকিয়ে দেখুন দেখানে ওঁদের রাজ্য। পাঞ্চাব হরিয়ানা সেথানে পরস্পর পরস্পরের সংগে সংঘর্ষ বাধিয়ে দিয়েছে। তারাই সেথানে সাম্প্রদায়িকতার বীজ বপন করেছে। তারা সমাজবিরোধীদের উদ্ধানি দিয়ে এই সব কুকর্ম করে চলেছে। পশ্চিমবাংলায় এই ধরণের সাম্প্রদায়িকতা নাই। এখানে যা কিছু আইন শৃংথলা ভঙ্গ হচ্ছে তা ওদেরই উন্ধানিতে, এ কথা আজ স্বাই জানে। ওদেরই গোষ্ঠার লোক গুণ্ডা স্মাজ-विरताथी अथात थून अथम ताराजानि करत ठरनेट । जारे अथात अरे जिनिम तरा पाए । व्यवका পুলিশবাহিনী দক্রিয় হচ্ছে এবং এর মোকাবিলা করছে। ওঁরা বলছেন বে কেন্দ্রীয় সরকার বে টাকা দিচ্ছে আমরা তা থরচ করতে পারছি না কেন্দ্রে সেই টাকা ফিরে বাচ্ছে।

কিন্ত কেন্দ্রীয় সরকার সেই টাকা পাবার ব্যাপারে ষেসব শর্ত আরোপ করে তা মেনে শেষ পর্যন্ত সেই টাকা ব্যয় করা যায় না। এই আজকেই আমি রাইটার্স বিভিন্নে গিয়েছিলাম একটা স্কীমের জন্ম টাকার ব্যাপারে। সেথানে শুনলাম এথনও টাকা আসেনি। যথন দেথবা সেই টাকা আসবে তথন আর সময় থাকবে না, তাদের যে সর্ত সেগুলি পূরণ করে সেই টাকা গ্রহণ করার। অতএব সেই টাকা আর ব্যয় করা সন্তব হবে না। আই আর ডি পির যে লোন স্থাংসন করার ব্যবস্থা আছে—যা আমি এর আগে বলেছিলাম—তপশীলী আদিবার্সী স্বযোগ যে আছে ব্যাক্ষ থেকে টাকা পাবার ব্যবস্থা আছে তাতে তারা কিভাবে বঞ্চিত হচ্ছে। রাষ্ট্রায়ত্ব ব্যাক্ষণ্ডলি নানারকম কারণ দেখিয়ে সেই সব স্কীম স্থাংসন করে না। এবং তাদের উপর অটোনমাস পাওয়ার দেওয়া আছে। আমরা যে সমস্ত দ্বীম তৈরী করছি বা যেগুলি অথরিটি স্থাংসন করেছে ঐ সমস্ত ব্যাক্ষণ্ডলি দেগুলি কার্যকরী করতে দিচ্ছে না এবং আই ডি পির দ্বীকণ্ডলি সম্পূর্ণভাবে তারা বিফিউজ করছে।

# [6-00 -6 10 P.M.1

তাদের যুক্তি হচ্ছে কি, তারা ঠিক ঠিক ভাবে সেই সমস্ত স্কীমগুলো সাবমিট করতে পারেন নি । প্রামের মামুষ, গ্রামের পঞ্চায়েতের লোকের। এই স্কীমগুলো তৈরী করে। টেকনিক্যালি তাদের হয়তো ভূল ত্রুটি থাকতে পারে, কারণ তারা টেকনিক্যাল লোক নয়। সাধারণতঃ যে ভাবে তাদের বুঝিয়ে দেওয়া হয়, যে ভাবে স্কীমগুলো তৈরী করতে বলা হয়, সেই ভাবে তারা স্বীমগুলো তৈরী করেন। তারপর ব্যাঙ্কের যথন স্কীকগুলো যায়, যারা ম্যানেজার আছেন, তারা নিশ্চয়ই বৃদ্ধিমান, তারা নানা কায়দায় এই সমস্ত আবেদনকারীর কাছে প্রশ্ন রাখেন, বিভিন্ন প্রশ্ন এমন ভাবে করেন, যার ফলে গ্রামের সাধারণ মান্তুষ, তারা ঠিক ভাবে উত্তর দিয়ে পারে না। এই ভাবে দর্থাস্তপ্তলো বাতিল করা হচ্ছে। আমরা দেখেছি, গোসাবার স্টেট ব্যাংক অব ইণ্ডিয়া, मत्मन्यथानित रेखेनारेटिए व्याश्क खत रेखिया, वामखीत रेखे. वि. बारे, এर मन व्याश्टक नाना तकम ভাবে স্বীমগুলো নানা অজুহাতে কার্য্যকরী হতে দিছেন না। যত স্বীম দেওয়া হছে, তারা নানা ভাবে স্কীমগুলোকে বিলম্বিত করছে এবং এই বাবদে টাকা ব্যাংককে অগ্রীম দেওয়া হয়েছে, তা সত্তেও স্টেট ব্যাক্ক অব ইণ্ডিয়া. ইউ. বি. আই. কিন্তু যথাযথ ভাবে ঋণ দেবার চেষ্টা করছে না। এর ফলে সাধারণর মাহুষের ভাল করার যে মহৎ উদ্দেশ্য ছিল সেটা ব্যাহত করছে ব্যাংক। স্বতরাং সাধারণ ভাবে ব্যাংকের যে ভূমিকা সেটা নিশ্চয়ই থ্ব ভাল নয়, সেটা সাধারণ মাস্ক্ষের পক্ষে কার্য্যকরী হচ্ছে না বলে আমরা মনে করি। সেই জন্ম আমরা এই সভায় আপনার মাধ্যমে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি, যাতে ক্যাশকালাইজ ড ব্যাক্কগুলো ঠিক ঠিক ভাবে আই, আর, ডি. পি.-র এই দরথান্তগুলো দেন এবং দাধারণ মাহুষের বরান্দক্ষত ঋণ দিতে পারেন তার দিকে দদা জাগ্রত দৃষ্টি রাথবেন। অপর দিকে আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করতে চাই যে প্রশাসনিক সংস্কার কমিটির যে রিপোর্ট আছে, সেই রিপোর্টের ভিত্তিতে ধীরে ধীরে বিভিন্ন পর্য্যায়ে আমাদের জেলা, মহকুমা বা প্রশাসনের বিভিন্ন ক্লেত্রে তারা মুতন করে চেলে সাঞ্জানোর চেষ্টা করছেন। ৰার ফলে মাথাভারী প্রশাসন ভধু শহর কেন্দ্রীক না থাকে, সেটা গ্রামবাংলায় ছড়িয়ে পড় ক—এই

জন্ম আমরা লক্ষ করলাম, ষেটা প্রত্যেকটি গ্রামের ক্ষেত্রে প্রযোজ্য, সেই ল্যাণ্ড রেকর্ড এবং লায়ণ্ড রিফর্মন অফিনগুলি বিভিন্ন গ্রাম পঞ্চায়েত এলাকায় প্রতিষ্ঠা করার চেষ্টা করছেন, এটা একটা শুভ প্রচেষ্টা এবং গ্রামের মাহ্ন্য, তারা অতি সহজে, তাদের যে সমস্ত দৈনন্দিন সমস্ত্যা রয়েছে, ভূমি রেকর্ড করার ব্যাপারে এবং অন্যান্থ যে সমস্ত সমস্তা রয়েছে, তারা গ্রামে বসেই সেই সমস্ত সমস্তার সমাধান করতে পারবেন।

এত স্বল্প সময়ে এবং স্থানীয় ভাবে বিবাদ এবং প্রকৃত তথ্য তারা উদ্যাটন করতে পারবে, এই প্রচেষ্টাকে আমরা সাধবাদ স্থানাই। কিন্তু সেই সঙ্গে সঙ্গে আমাদের একটা প্রতিবাদ আছে, ২৪ প্রগ্না জ্বোকে প্রকৃত ভাবে তু ভাগে ভাগ করে উত্তর এবং দক্ষিণ, প্রশাসনিক ভাবে সম্পূর্ণ ভাবে ছটো জেলাকে ভাগ করার একটা দাবী অনেকদিন ধরে আছে এবং সেই দাবী বা সেই চেষ্টা এখন বাস্তবে রূপায়িত হতে যাচ্ছে, সেটা শুনেছি। এই ক্ষেত্রে আমরা জানতে পেরেছি, দক্ষিণ ২৪ প্রগনার বাক্তইপুরকে তুতন ভাবে একটা মহকুমা তৈরী করে, দক্ষিণ দিকের কিছু কিছু থানাকে যক্ত করা হচ্ছে। কিন্তু এই সঙ্গে দক্ষে জানতে পেরেছি, বর্তমানে বসিরহাট মহকুমার অধীনে গোসাবা থানা এবং সদুর মহকুমা আলিপুরে অবস্থিত বাসন্তী থানা। এই ছুটো থানাকে বারুইপুরের সঙ্গে যুক্ত করার ব্যবস্থা হয়েছে। আমরা এই ব্যাপারে আমাদের প্রতিবাদ দড়ভাবে রাথতে চাই, কারণ বারুইপুরের সঙ্গে এই থানাকে জুড়লে কোনও স্থরাহা হবে না, বরং যে তিমিরে তারা ছিল, তার চাইতে আরও বেশী তুর্গতি হবে। সাধারণ ভাবে যারা প্রশাসনে আছেন এবং সাধারণ প্রশাসনের মন্ত্রীমহাশরের দৃষ্টি এই ব্যাপারে আকর্ষণ করছি। ইতিপূর্বে এই ব্যাপারে আমাদের লিথিত প্রতিবাদও জ্ঞাপন করেছি। তাই বিষয়টা মন্ত্রীসভা বিশেষ ভাবে চিস্তা করুন, এই বা্যাপরটা নিয়ে চড়াস্ত সিদ্ধান্ত নেবার আগে প্রকৃত ভাবে অবস্থাটা অমুধাবন করে তারপর চড়ান্ত সিদ্ধান্ত নেবেন। এথানে প্রশ্ন উঠেছে যে পশ্চিমবাংলার স্বাস্থ্য ব্যবস্থা ভেঙ্গে পড়েছে, হাসপাতালগুলোর কোথাও কিছু নেই। বিরোধী পক্ষের বক্তব্য শুনে মনে হয়, পশ্চিমবঙ্গে আর কিছু নেই, যা কিছু ছিল সব শেষ হয়ে গেছে। খালি আমরা কিছু লোকজন, প্রশাসন, এম. এল. এ. এবং মন্ত্রীরা হাওয়ার উপর দাঁডিয়ে আছি। কিন্তু বাস্তব অবস্থাটা কি ? হয়তো ক্রটি আছে, যত সমস্তা আছে তার সব সমাধান হয়নি, সমাধান করাও যাবে না, এটা সকলেই জানেন। আমরা সকলেই জানি এবং ওরাও জানেন।

স্থতরাং সমালোচনা করার জন্মই তারা সমালোচনা করছেন। আমি সর্ব ভারতীয় কিছু কিছু তথ্য আপনাদের সামনে তুলে ধরছি, এর আগেও এই সভায় সর্ব ভারতীয় বিভিন্ন তথ্য দিয়ে ভারতবর্ধের অবস্থাটা বোঝানোর চেষ্টা করা হয়েছে। কাজেই পশ্চিমবন্ধ তার ব্যতিক্রম নয়। আরতবর্ধের অবস্থাটা বোঝানোর চেষ্টা করা হয়েছে। কাজেই পশ্চিমবন্ধ তার ব্যতিক্রম নয়। আরতবর্ধের আস্থোন তেইবাটা কি? সারা ভারতবর্ধে এ পর্যন্ত এ্যালোপ্যাথি, কবিরাজী, হোমিওপ্যাথি, হেকিমী, ঝাড়ফুক ইত্যাদি সব মিলিয়ে ৬০ জন লোক চিকিৎসার স্থযোগ পায়, আর শতকরা ৪০ জন লোক চিকিৎসা নামক বে কোন জিনিস আছে তাই তারা জানে না। তাদের কাছে চিকিৎসার স্থযোগ পৌছায় না।

এই হচ্ছে গোটা ভারতবর্ষে গড় স্বাস্থ্যের অবস্থা। গোটা ভারতবর্ষের গড় ডাক্ডারের হিসাব হচ্ছে প্রতি হাজারে ২.৩ এবং কেন্দ্রীয় সরকারের স্বাস্থ্য থাতের বাজেট বরান্ধের হার হচ্ছে ১.২—এই হচ্ছে অবস্থা। এই অবস্থা দিয়ে তারা গোটা ভারতবর্ষ শাসন করছেন। স্থতরাং তারা বলতে চাচ্ছেন যে আমরা রাজাগুলির জন্ম অনেক কিছুই করে দিছি, কিন্ধু রাজ্য সরকার কিছুই করতে পারছেন না। দেখানে অনেকগুলি কমিটি করা হয়েছিল। ভার কমিটি, মৃদালিয়র কমিটি গঠন করা হয়েছিল। এই সমস্ত কমিটি স্থপারিশ করেছিলেন কিভাবে গোটা ভারতবর্ষের স্বাস্থ্য নীতি পরিচালনা করতে হবে। কিন্ধু সামগ্রিকভাবে বিগত ৩৭ বছরের মধ্যে কেন্দ্রীয় সরকার একটা স্বষ্ঠ্যু স্বাস্থ্য নীতি ঘোষণা করেন নি। নমো নমো করে গোটা ভারতবর্ষের স্বাস্থ্য দপ্তর চলছে এবং এই ভাবেই তারা স্বাস্থ্য দপ্তর পরিচালনা করছেন। যার কলে প্রক্বত পক্ষে ভারতের জনস্বাস্থের উন্নতি ছচ্ছে না। আবার এই যে ১.২ ভাগ টাকা বরান্ধ করা হচ্ছে এর একটা মোটা অংশ পরিবার পরিকল্পনার জন্ম চলে যাছে। কাজেই বাস্তব ক্ষেত্রে চিকিৎসার জন্ম কোথাও অর্থ ব্যয়িত হচ্ছে পশ্চিমবঙ্গে কোটি লোকের বাস। বিত্তর আমাদের ভাবত্রর্ষের প্রক্রত রাজনৈতিক, অর্থনৈতিক প্রস্থায়র চেহারা স্থতরাং যে ধন্যবাদ স্টেক প্রস্তাব এখানে এসেছে আমি তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করিছি।

তাঃ অম্বিকা ব্যানর্জিঃ মিঃ স্পীকার, স্থার, রাজ্যপালের ভাষণের উপর বক্তৃতায় অংশ গ্রহণ করতে গিয়ে প্রথমেই আমি এই কথা বলতে চাই যে, রাজ্যপালের এই ভাষণ ভাষার জাগলারি ছাড়া আর কিছুই নয়। এই ভাষার জাগলারি দিয়ে তিনি সারা পশ্চিমবাংলার মান্তবের কাছে একটি ভিন্ন রূপ তুলে ধরতে চেয়েছেন, তার সঙ্গে এক মত না হয়ে আমি আমার সংক্ষিপ্ত বক্তব্য রাখছি। আজকে প্রথমেই আইন শৃন্ধলার প্রশ্ন উঠছে—এই আইন শৃন্ধলার প্রশ্নে সামগ্রিক ভাবে তিনি বলেছেন, 'পশ্চিমবঙ্গের পরিস্থিতি শাস্তিপৃণি ছিল'—কিন্তু বাস্তবে আমরা ডিফারেন্ট চিত্র দেখতে পাচ্ছি। প্রতিদিনই আমরা বিভিন্ন পত্র পত্রিকা, সংবাদপত্রে দেখতে পাচ্ছি চারিদিকে খ্ন, ডাকাতি, রাহাজানি, ছিনতাই, মাস রেপ, মাস মার্ডার হচ্ছে, একটা সেন্স অব সিকিউরিটির অভাব পরিলক্ষিত হচ্ছে। মাসের পর মাস, বছরের পর বছর আমরা এই চিত্র দেখে ঘাছি। পশ্চিমবঙ্গের মাহ্ববের মনে একটা করুণ চিত্র ফুটে উঠছে। আজকে আমরা বিরোধী পক্ষে বসে কনসট্যান্ট এই নিমে বলছি এবং অপর পক্ষ থেকেও প্রতিদিন অন্যান্থ মেম্বরা এই একই কথা, একই কমপ্লেন আপনার সামনে তুলে ধরছেন। শুধু আমরা কেন, স্বয়ং ম্থামন্ত্রী থেকে আরম্ভ করে লেফ্ট ফণ্টের চেয়ারম্যান সর্বোজবাবু, যাকে আপনারা মাওসেত্ং-এর আসনে বিসিয়েছেন, তিনি পর্যন্ত আর্তব্যরে চীৎকার করে সামগ্রিক পুলিশের অপদার্থতার কথা বলছেন।

[6-10-6-20 P.M]

তিনি পুলিশের এক অংশের ব্যর্থতার কথা বলেছেন। তিনি বলেছেন, পুলিশের সঙ্গে বোগসাজনে বহু জায়গায় এই ধরণের অঘটন ঘটানো হচ্ছে। তিনি তাদের অপদার্থতার কথাও

বলেছেন। তুর্নীতি এবং অপরাধমূলক ঘটনার দঙ্গে পুলিণ দক্রিয়ভাবে যুক্ত থেকে সমাজবিরোধী-দের যে সাহায্য করছে দেকথাও তিনি বলেছেন। এটা ভধু ভার, কোলকাতায় নয়, এই ঘটনা গ্রামে গঞ্জেও ঘটে চলেছে। পঞ্চায়েতে হুর্নীতির মধ্যে দিয়ে গ্রামে যে ফ্যাসিষ্ট মনোভাব ওদের গড়ে উঠেছে তার ফলে আমারা দেখেছি সেথানে নানান অত্যাচার চলছে, বাড়ীঘর ধ্বংস করা হচ্ছে. এমন কি নারী ও শিশুরাও ওদের ফ্যাসিষ্ট স্থলত অত্যাচারের হাত থেকে রেহাই পাচ্ছে না। তারা দেখানে নিরাপতার অভাব বোধ করছে। গ্রামবাংলায় ফ্যাসিষ্ট স্থলভ যে অভ্যাচার চলছে তা বন্ধ করতে হবে এবং দেখানে নিরাপতা ফিরিয়ে আনতে হবে, তা না হলে গ্রামবাংলার উন্নতি হতে পারে না। সেন্স অব সিকিউরিটির অত্যন্ত দরকার, এটা না থাকলে উন্নতির কোন সম্ভবনাই নেই। 'স্তার, আমার নিজের কনসটিটিউয়েন্সী, হাওড়া সেওঁ লি, সেথানে দেখলাম ৬ মাসের ভেতরে তিনটি খুনাইরে গেল। এর মধ্যে একটি খুন নিয়ে অনেক আলোড়ন হয়েছিল, সেটা হচ্ছে, একজন সমাজদেবী শ্রীসত্যেন কর তাকে নুসংশভাবে হত্যা ক ব হয়েছিল। আজও দেথানে খুনীরা ঘুরে বেড়াচ্ছে অথচ পুলিশ দেথানে কোন ষ্টেপসূ নিতে পারছে না। কিছু কিছু সমাজবিরোধী যার। স্বদিচ্ছায় ধরা দিয়েছে পুলিশ তাদের দেথিয়ে ক্তিব নেবার চেষ্টা করছে। স্থার, আমরা দেখেছি পুলিশ থাতে প্রতি বছর থরচ বেড়েই চালছে। স্বন্ধান্ত থাতে যত পারসেন্ট থরচ বেড়েছে পুলিশ খাতে তার চেয়ে বেশী পারদেউ খরচ বেড়েছে, সেই অমুযায়ী কিন্তু কাজ হচ্ছে না। আমরা জানি. লোকসংখ্যা বাড়ছে, ক্রাইম বাড়ছে সেজন্ম আরো পুলিশের দরকার, তাদের আরো স্থযোগস্থবিধা দেওয়া দরকার কিন্তু তবুও আমি বলব, শুধু টাকা দিয়ে এদের এফিসিয়েন্দী বাড়বে না, এরজন্য তাদের প্রপারলি শিক্ষা দিতে হবে এবং তাদের মধ্যে মানবিকতা বোধ ফিরিয়ে আনতে হবে। ইনভেষ্টিগেসানের ব্যাপারে আমরা জানি পুলিশ আসামীদের ধরে তাদের উপর নানান রকমের অত্যাচার করে এবং এইজাবে তাদের কাছ থেকে কথা বার করার চেষ্টা করে। এটা কিন্ধ বেআইনী। উদাহরণম্বরপ আমি বলতে পারি হাওড়ার লক আপে কমল ঠাকুর নামে একজনের উপর অত্যাচার করা হয়েছিল, তার গায়ে ছাাকা দিয়ে এবং নানান অত্যাচার করে তাকে মারা হয়েছিল। এ সম্পর্কে সরকার কোন ব্যবস্থানেন নি, পরে তার পিতা আইনের আশ্রয় নেন এবং তথন জজ্ঞ দোষী পুলিশ অফিসারকে নন বেলেবেল সেকসানে গ্রেপ্তার করে করে জেলে পাঠাবার নির্দেশ দেন। পুলিশ কিন্তু তাকে অন্ত কোর্ট থেকে বের করে নিয়ে যায় এবং সেই অফিসারকে প্রশেসান করে বাজনা বাজিয়ে ফিরিয়ে নিয়ে যায়। এই ষেথানে অবস্থা সেথানে মান্তবের মধ্যে নিরাপতাবোধ ফিরে আসতে পারে কি? তারপর স্থার, বামক্রণ্ট সরকার বর্গা অপারেশনে বিরাট সাফলা লাভ করেছেন বলে দাবী করেছেন। এ সম্পর্কে আমার বক্তব্য হ'ল, বর্গা অপারেশানের নাম করে আমরা জানি জোর করে সাধারণ মাহুষকে জমি থেকে উচ্ছেদ করে তারা নিজেদের পার্টির লোকেদের সেথানে বসাচ্ছেন।

হাওড়ায় তো হচ্ছেই, সারা পশ্চিমবাংলাতেও নিশ্চয়ই হচ্ছে। বর্গা অপারেশানে কোন সাফল্য লাভ করতে পারেনি। কারণ মানুষ দেখানে নিরাপত্তা বোধ করতে পারছে না, মানুষের কোন

নিরাপতা নেই। বর্গা অপারেশানের নামে দেখা গেছে যাদের পাট্টা দেওয়া হয়েছে আইদার মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির সঙ্গে নাম লেখাতে হয়েছে তা নইলে তারা জমি পাচ্ছে না। আজকে সরকার লেভি নিতে পারছে না। লেভি মুক্ত চাল বাজারে বিক্রয় হচ্ছে। রেশনিং সিসটেম ফেইলর হয়ে গেছে বন্টন ব্যবস্থার জন্ম। লক্ষ লক্ষ ভূয়া রেশন কার্ডে ভর্ত্তি হয়ে গেছে। সেই রেশন কার্ড ধরবার কোন বাবস্থা হচ্ছে না। সেই রেশনের চাল বাইরে বেরিয়ে যাচ্ছে এবং মাহুষকে অনেক বেশী দামে কিনতে হচ্ছে। গ্রামীন উন্নয়ন সম্পর্কে প্রলয়বাব টেলিভিশনের মাধ্যমে বেতারের মাধ্যমে অনেক কথা বলেছেন। তিনি বলেছেন যে ৮৬ জন লোককে এই সম্পর্কে অর্থ-নৈতিক স্বযোগ-স্ববিধা দেবার জন্ম কতকগুলি ইউনিট করেছেন। তিনি এর জন্ম থব গর্ববোধ করছেন। কিন্তু তারা সাধারণ শিষ্টার হলনা, তিনি একবার প্রধানমন্ত্রী নামও করলেন, যিনি বেকার সমস্যা সমাধানের জন্ম প্রতিশ্রুতি দিয়েছিলেন। এর প্রতিটি টাকা সেণ্টাল গভর্ণমেন্ট দিয়েছেন। এর ৬০ ভাগ সেন্টাল গভর্ণমেন্ট্ 🚉 য়েছে এবং ৪০ ভাগ ব্যাঙ্ক দিয়েছে এবং সেই টাকাও মেন্ট ল গভর্ণমেন্টের গ্যারানটেড। এখানে বামফ্রন্ট সরকার তার সার্বিক ব্যর্থতা ঢাকবার জন্ম দিল্লীর এবং রাজ্যপালের বিরুদ্ধে অভিযান করছেন। সেণ্টাল গভর্ণমেণ্টের টাকায় এগুলি হয়েছে অথচ তারা ক্রতিত্বের দাবী করছেন। আজকে স্পোর্টস-এর নম্ম্ম একটা বিরাট ষ্টেডিয়াম এগানে করা হয়েছে। এই ষ্টেডিয়ামের ব্যাপারে যে সোদাইটি করা হয়েছে, দেই দোদাইটির যারা মেম্বার তাদের সঙ্গে থেলাধুলার কোন সম্পর্ক নেই। এরা জীবনে কথনও থেলাধুলা করেনি। একটা রাজনৈতিক উদ্দেশ্যে প্রণোদিত হয়ে এই ষ্টেডিয়াম করা হয়েছে। একটা ইনকমগ্লিট ষ্টেডিয়ামে তাদের জিদ রাখার জন্ম দেখানে থেলানো হল। বহু টাকা খরচ করে এক্সটা চেয়ার এনে থেলাতে হল এবং এর জন্ম বহু টাকা থরচ করতে হয়েছে। আমরা দেখেছি যে বিভিন্ন জায়গা থেকে চেয়ার এসে কোন রকমে থেলাটা শেষ করা হল এবং তার সাফল্য সম্পর্কে এখানে বড়াই করছেন। আজকে ফুটবলের জন্ম লক্ষ টাকা থরচ করা হচ্ছে কিন্তু গ্রামাঞ্চলে একটা খেলার ব্যবস্থা আজ পর্যন্ত তার। করে দিতে পারেন নি। এই কথা বলে রাজাপালের ভাষণের বিরোধিতা করে আমার বরুবা শেষ করছি।

শ্রীমতী অপরাজিতা গোষ্ঠীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে রাজ্যপালের ভাষণের উপর সমর্থন জানিয়ে আমি কয়েকটি কথা এখানে বলতে চাই। আজকে তিন দিন ধরে রাজ্যপালের ভাষণের উপরে যে আলোচনা হয়েছে সেটা আমি শুনেছি এবং বিরোধী দলের সদস্তদের আলোচনাও আমি মন দিয়ে শুনেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই আলোচনা শুনে বারবার আমার যে মনে হল সেটা আমি এখানে ব্যক্ত করতে চাই। আজকে মাননীয় সদস্ত শিশিরবার্ এখানে নেই, তিনি থাকলে ভাল হত। কারণ তার বক্তৃতা শুনতে শুনতে আমারও ইতিহাসের পাতা একটু খুলতে ইচ্ছা হচ্ছিল, অতীতের দিকে যেতে ইচ্ছা হচ্ছিল। কারণ অতীতের দিকে না গেলে আজকে বর্তমানকে, বর্তমান পরিস্থিতিকে বোঝা যাবেনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের

ভাষণের উপরে যে বক্তব্যগুলি আছে, আমি দেখলাম বিরোধী দলের সদস্ভরা সেই সমস্ত বক্তব্য সম্পর্কে বিশেষ কোন আলোচনা করেন নি।

# [6-20-6-30 P.M.]

ওঁদের আলোচনা কেন্দ্রীভূত ছিল আইন-শৃঙ্খলাজনিত বিষয়ের মধ্যেই। মাননীয় স্পীকার মহাশয়. ওঁদের বক্তব্য শুনতে শুনতে আমার গোটা ভারতবর্ষের দিকে তাকাতে ইচ্ছে কর্ছিল এবং আমার বার বার মনে হচ্ছিল, রোম যথন পোড়ে নীরো তথন বীণা বাজায়। কেন বলছি জানেন, আমরা রান্ধনীতি করি, আমরা একটা আদর্শে বিশ্বাস করি, খণ্ডিত ভারতবর্ষের বুকের ওপর দাঁড়িয়ে আমরা আগামী দিনের সমাজতন্ত্রের কথা বলি। আজকে শিশিরবাবু আসেননি, এলে ভাল হ'ত, উনি কালকে হাউসে একটা বই নিয়ে এসেছিলেন, উনি পণ্ডিত ব্যক্তি তাতে কোন সন্দেহ নেই এবং ওঁর মত পণ্ডির ব্যক্তির। দীর্ঘ ৩৬ বছতু ধরে শীততাপ নিয়ন্ত্রিত কক্ষে বঙ্গে ভারতবর্ষে সরকার পরিচালনা করছেন। ওঁদের সঙ্গে সাধারণ মান্থবের কোন যোগ নেই, তাই পাণ্ডিত্য নিয়ে এখনো ওঁরা এখানে বক্ততা রাগেন। কৈন্তু আমাদের ছঃখ শিশিরবাবু স্থভাষ চক্র বস্তর ঘর থেকে এসেছেন, ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনে স্ভাষ চন্দ্র বস্থ যে আত্মত্যাগ করেছিলেন তাতে শিশিরবাবু তাঁকে সহযোগিত। করেছিলেন। স্থভাষ চন্দ্র বস্ত যথন নিজ আদর্শে গৃহ ত্যাগ করেছিলেন তথন শিশিরবাবু সে কাজে তাঁকে সহযোগিত। করেছিলেন। আর সেই শিশিরবাবু কালকে এখানে একটা বই এনে 'প্যারাডাইস লষ্ট' উল্লেখ করে বক্তব্য রাখলেন। আজকে ওঁর কাছে আমার জিজ্ঞাসা, উনি তো নেতাজী রিসার্চ ব্যুরোর ভিরেক্টর, নেতাজী স্থভাষ চন্দ্র বস্থ যথন কংগ্রেস সভাপতি ছিলেন তথন 'ভাসনাল প্ন্যানিং' বলে যে বইটি বেরিয়েছিল সেই বইটি কি উনি পড়ছেন ? আমার মনে হয় সেই বইটি ওঁর পড়ার সময় হয়নি। যদি উনি পড়তেন তাহলে কালকে ঐ সারগর্ভ রক্তৃতা দিতে পারতেন না। মাননীয় স্পীকার মহাশয়, এই প্রদক্ষে আমি একটু অতীত ইতিহাস বলব। আমরা দেখেছিলাম নেতাজী স্থভাষ চন্দ্র মস্থ কংগ্রেসের সভাপতি পদে থাকাকালীন অাসনাল প্লানিং করে আগামী দিনের ভারতবর্ষের ছক করেছিলেন, তিনি আশা করেছিলেন সেই ছকের ওপর স্বাধীনোত্তর ভারতবর্ষ প্রতিষ্ঠিত হবে। তার প্রতিটি ছক ঐ বইটির মধ্যে আছে। ঐ বইটি না পড়ে, উনি অন্য একটা বই নিয়ে এসে এখানে পাণ্ডিত্য প্রকাশ করে গেলেন। অথচ ঐ বইটি পড়বার ওঁর বোধ হয় সময় নেই। উনি যে বইটি এনেছিলেন সেই বইটি পড়ে, আইন-শৃৰ্কার কথা, বেকার সমস্তার কথা বার বার বলে গেলেন। মাননীয় স্পীকার ষহাশয়, স্থামরা জানি নেতাজী স্থভাব চক্র বস্থ কংগ্রেস সভাপতি থাকাকালীন বার বার বলেছিলেন, আজকে দেশের সামনে ছটো প্রধান সমস্তা দাসত্ব এবং দারিক্র। তাই তিনি পরিকল্পনা দিল্লে-ছিলেন, স্বাধীনোত্তর ভারতবর্ষ সমাজ্বতান্ত্রিক রাষ্ট্রের দিকে এগিন্নে বাবে এবং তার প্রধান কাব্দ হবে বেকারত্ব, নিরক্ষতা এবং দারিজ দূর করা। মাননীয় স্পীকার মহাশয়, আজকে আমি বলি বে, ভারতবর্ব ৬৬ বছর স্বাধীন হয়েছে, কিন্তু আজও ঐ সমস্তা গুলির সমাধান হয়নি। ভারতবর্বের শাসন ক্ষ্মতায় থাঁর। আছেন তাঁরা তা করতে পারতেন, কিছু করেননি। তাই আজকে আমরা

তাকিয়ে দেখচি গোটা ভারতবর্ষে আগুন জলছে, বিচ্ছিন্নতাবাদের আগুন জলছে। মাননীয় স্পীকার মহাশয়, আমি আজকে অত্যন্ত ত্বংথের সঙ্গে বলছি, সাম্প্রদায়িকতার ভিত্তিতেই ভারতবর্ষ খণ্ডিত হয়েছে এবং দেই ভারতবর্ষের বুকের ওপর দাঁড়িয়ে আমরা সমাজতন্ত্রের কথা বলি, আমরা পুঁজিবাদকে ধ্বংস করতে চাই, ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থার বিরুদ্ধে কথা বলি, অথচ যাঁরা ইংরেজের সঙ্গে চক্রাস্ত করে ভারতবর্ষকে সাম্প্রদায়িক ভিত্তিতে ভাগ করেছিলেন, যাঁরা নেতাঙ্গী স্থভাষ চক্র বস্তুকে কংগ্রেম থেকে চক্রান্ত করে বিতাডিত করেছিলেন, বটিশের সঙ্গে চক্রান্ত করে ভারতবর্ষকে খণ্ডিত করে পুঁজিপতিদের হাতে ভারতবর্ষকে তলে দিয়েছিলেন এবং গোটা ভারতবর্ষের কেন্দ্রীয় ক্ষমতার দ্বারা গোটা দেশে পু<sup>\*</sup>জিবাদ প্রতিষ্ঠা করেছেন, আজকে তাঁরা এথানে আইন-শৃৰ্মলার কথা বলছেন। আজকে পাঞ্জাব থেকে আরম্ভ করে বিভিন্ন রাজ্যে বিচ্চিন্নতাবাদ মাথা তুলে দাঁডাচ্ছে। কেন ? কেন ৬৬ বছর দেশ স্বাধীন হবার পরেও বিচ্ছিন্নতাবাদী আন্দোলন হচ্ছে ? কারণ অসম উন্নয়ন, অসম বন্টন। আজকে মাতুম ক্ষর। পতকরা ৭০ ভাগ মাতুষ স্বাধীনতার ৩৬ বছর পরেও দারিত্র সীমায় দাঁড়িয়ে আছে, তাদের কোন সমস্তার সমাধান হয়নি। তাদের আজকে বেঁচে থাকবার জন্ম লড়াই করতে হচ্ছে। এই বি) স্বাধীন ভারতবর্ষ ? এই ভারতবর্ষের ষপ্প কি আমাদের সামনে ছিল ? এই ভারতবর্ষের ষপ্প কি নেতান্দ্রী স্থভাষ চন্দ্র বস্থ দেখেছিলেন ? ন্যাসনাল প্ল্যানিং কমিশনের মধ্যে এই স্বপ্লের কথা নেতাজী স্বভাষ চন্দ্র বস্ত্র বলেননি। তিনি তথন জাতীয় কংগ্রেসের প্রেসিডেন্ট ছিলেন, তিনি স্বাধীনোত্তর ভারতবর্ষের পরিকল্পনা দিয়েছিলেন, তিনি বলেছিলেন ভারতবর্গ স্থানর হবে, দেখানে শোষণ থাকবে না, বেকারত থাকবে না, দারিদ্র থাকবে না. শিক্ষার মাধ্যমে গোটা ভারতবর্ষ স্থনির্ভর হয়ে উঠবে এবং তাঁর নিজস্ব সন্থা প্রকাশ করবে। তার স্থাসনাল প্ল্যানিং বইটির ছত্তে ছত্তে সে কথা রয়েছে।

কোথায় গেল সে কথা? আর আইন-শৃঙ্খলার কথা বলেন- — বীজিকে পশ্চিমবাংলা ছাড়া ভারতবর্ধের অন্য জায়গায় আইন-শৃঙ্খলার কথা যথন আপনাদের কাছে বলি তথন আপনাদের শুনতে থারাপ লাগে। কিন্তু পশ্চিমবাংলা তো ভারতবর্ধের মধ্যে, বাইরের রাজ্য নয়, যে জন্ম আমি বলেছিলাম রোম পোড়ে নিরো বীণা বাজায়, কেন বলেছি? গোটা ভারতবর্ধের কথা চিস্তা করেছেন? সাম্প্রদায়িক আন্দোলন, বিচ্ছিন্নতাবাদী আন্দোলন গোটা ভারতবর্ধে আজকে চলছে, আজকে বিচ্ছিন্নতাবাদ আন্দোলন, সাম্প্রদায়িক আন্দোলন-এর বিরুদ্ধে কেন্দ্রীয় নেতৃত্ব যদি সঠিক-ভাবে পরিচালনা না করতে পারেন তাহলে ভারতবর্ধ কোথায় যাবে সে কথা চিস্তা করেছেন কি? একথা আজকে চিস্তা করেছে হবে। চিস্তা যদি না করেন তাহলে আপনারা আপনাদের দায়িত্ব পালন করেছেন না, অবশ্য আপনারা বে সেই দায়িত্ব পালন করেন না সেটা আমরা জানি, ইতিহাস একথা বলছে। এদিকের সদস্য যারা রয়েছেন তারা কি সেদিন দায়িত্ব পালন করেছেন? আমার মনে হয় না, যদি করতেন তাহলে এই দ্বি-থণ্ডিত ভারতবর্ধে এমনভাবে দারিদ্রের সন্দেল লড়াই করতে হতো না, হ্নীতির সাথে লড়াই করতে হতো না। স্ক্তরাং এই প্রিজবাদী সমাস্প

ব্যবস্থার আইন-শৃঙ্খলা কোখায় যেতে পারে তা আমরা উপলব্ধি করতে পারছি। অনেকে অনেক তথ্য দিয়েছেন আমি সেই তথ্যের মধ্যে যাবো না। আপনারা যে পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলার অবনতির কথা বলভেন সেই প্রসক্তে বলতে পারি নিশ্চয়ই বামপন্থী দলের সদস্তদের আত্মপ্রসাদ লাভ করার কোন কারণ নেই, কিছু কিছু ক্ষেত্রে আইন-শৃঙ্খলার অবনতি ঘটেছে, তারজন্য আমরা আত্মপ্রসাদ লাভ করি না। কিন্তু আমরা জানি মূল বাধা কোথায় ? সেই মূল বাধা অর্থনৈতিক সমস্থা, সেই মূল বাধা পুঁজিবাদী সমাজ ব্যবস্থা। এই পুঁজিবাদী সমাজ ব্যবস্থা বারবার সেই পথে নিয়ে যাচ্ছে। তাকিয়ে দেখন দিল্লীর দিকে—এথানে আমার কাছে দিল্লীর আইন-শৃঙ্খলার পরিস্থিতি কি রকম সেই সম্পর্কে একটা বই আছে। তার থেকে আমি একট পড়ে শোনাই. ভারতের প্রধান বিচারপতি শ্রীচন্দ্রচুড় ২৩শে ফেব্রুয়ারী, ১৯৮০ সালে পার্টনার এক সভায় বলেন "দাম্প্রতিককালে দিল্লীতে আইন-শৃঙ্খলা পরিস্থিতির এতই অবনতি হয়েছে যে, কোন লোকের পক্ষে বিশেষ করে মহিলাদের পক্ষে প্রভাতী ভ্রমণে বেরু হওয়া অসম্ভব হয়ে পড়েছে"। এটা আমার বক্তব্য নয়, বিচারপতি চক্রচুড়ের বক্তব্য। স্থতরাং জাইন-শৃঙ্খলার কথা বললেই স্বভাবতই এইকথা এমে যায় যথন পশ্চিমবাংলায় প্রণ-প্রথা জ্বা মহিলাদের আত্মহত্যা করতে হয়, মহিলাদের পুড়িয়ে মারা হয় তথন কোথায় আপনাদের সমাজব্যবন্ধা, এইদব প্রতিরোধ করার ব্যবস্থা কোথায় ? যথন শিশুকে হত্যা করা হয় কেন তার প্রতিবাদ করেন না? আমরা জানি কেন এই ঘটনা ঘটছে। যেখানে স্বাধীন ভারতবর্ষের মাটিতে বেকার সমস্রায় জীবন জর্জরিত, যে দেশে নারী সমাজকে দেহ বিক্রি করে থেতে হয় তার প্রতিবাদ আপনার। করেন না। কেন আজ নারীদের দেহ বিক্রি করতে যেতে হয় ? তাই আন্ধ বিভিন্ন রাজ্যে সাম্প্রাদায়িক দাঙ্গা, বিচ্চিন্নতাবাদ আন্দোলন মাথা চাড়া দিয়ে উঠেছে। সব শেষে আমি আমার কবিতার শেষ লাইন দিয়ে শেষ করতে চাই। আমি বারবার এই কথা বলি যদি এই সমাজ ব্যবস্থার পরিবর্তন করতে হয়, তাহলে পুঁজিবাদি ধনতন্ত্রকে শেষ করে উল্লেল ভারতবর্ষের দিকে এগিয়ে চলুন, যারক্ষন্ত আমার বারবার মনে পড়ে,—

"কোলকাতা—কত রাত্রি অন্ধকারে প্রতিদিন কত নারীর যৌবন নিয়ে বেসাতির প্রতিযোগীতায়— বিজ্ঞাপনে উলঙ্গ চিত্র নিয়ন লাইটের তলে শ্রীল হয়ে জেগে ওঠে।"

আজকে যদি কিছু করতে হয় তাহলে আইন-শৃঙ্খলার সমালোচনা আপনাদের বক্তব্যে সীমাবদ্ধ রেথে পরিবর্তন করা সম্ভব নয়। তাই আমি রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[6-30-6-40 P.M.]

শ্রীসামস্থাদিন আনেদঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ১০ মিনিট সময় বলব, অনেক আলোচনা হয়ে গেছে। আমি একটা জিনিধের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয়

গভর্গরের মুথ দিয়ে বলান হল Because of constant vigil exercised during the year, the overall law and order situation in the state continued to be by and large peaceful. ওভার অল পিসফুল কথাটা যে বলা হয়েছে, মাননীয় গভর্গর বললেন। মাননীয়া সদস্যাও অনেক কথা এথানে বললেন, আমি তাঁকে সমীহ করে বলছি যে এই কথাটা বলার কোন দরকার ছিল না। আমি মাননীয়া সদস্যাকে প্রশ্ন করছি যে তিনি একলা একবার রেড রোড দিয়ে ইটুন তো। আপনি যেসব জায়গার কথা বললেন আমাদের, সেইসব জায়গায়— উত্তর প্রদেশ, দিল্লী,—প্রভৃতি জায়গায় আপনাদের যদি সংগঠন থাকে এথানে যে আবেদন আপনি রাখলেন সেগুলো সেখানে জানাবেন আপনার বক্তবাকে। আর একটি কথা, বীরেনবাবু তো ইেটে যান, আপনি আপনাদের সিকিউরিটি ছাড়া যদি ইটিতে পারেন তথন গর্ব করে বলবেন কাজেই এই পিসফুল কথাটা একেবারে হাস্তাম্পদ হয়েছে। আর এক জায়গায় উনি বলেছেন Sporadic acts of crime and violence were dealt with and necessary preventive measures taken. In general West Bengal continued to be a peaceful State to live in. এইসব অস্ত্রী কথাগুলি বলান হয়েছে। মাননীয় রাজ্যপাল কি করবেন, কনষ্টিটিউরেনসির নিয়ম অনুসারে তিনি পড়তে বাধ্য ছয়ছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিষয়টি নিয়ে এখানে বিশ্বেষ আলোচনা হয়নি। সেদিক দিয়ে আমি যাছি না, আমি যাছি প্রাথমিক শিক্ষার দিকে। এই পশ্চিমবঙ্গে প্রাথমিক শিক্ষার কতগুলি ষ্ট্যাটিসটিক দেওয়া হল। কিন্তু প্রাথমিক আপনারা জানেন যে ক্লাশ ফোর পর্যন্ত পড়ানোর পরে একটা ফাইনাল পরীক্ষা হোতো কংগ্রেম শাসনের সময়ে সেই প্রীক্ষাটা তুলে দিয়ে তার ফলাফল খারাপ হছে দেখে আবার প্রবর্তন করা হয় এবং এ বি. সি. ডি. করে ফোর থেকে একটা পাশ সার্টিফিকেট দেওয়া হয়। ক্লাশ ফোরে পাশ করে স্কুলে ভর্তি হবার সময় ফর্মে নিজের নাম দর্বশান্ত করতে পারে না। তাহলেই বৃন্ধুন শিক্ষার মান কোথায় যাছে । হুতরাং আজকে ছোট ছোট কিচি শিশুকে খালি ক্লাশের তকমা চাপিয়ে দিয়ে তার বৃদ্ধিয় তার যে বিকাশ সেই স্থ্যোগ থেকে তাদের বঞ্চিত করা হছে। শিশুকে ভুল সংশোধন না করে তারা ভ্লই শিথে রাথে। স্থতরাং আপনি শুনলে আশ্বর্য হবেন আজকে গ্রামের অশিক্ষিত গার্জেন মিতিভাবকরা ভাবল আমার ছেলে হাই স্কুলে গোল, কিন্তু হাইস্কুলে দেখা গেল যে তারা গিয়ে কিছুই করতে পারছে না।

আজকে এই শিক্ষায় শিক্ষিত হয়ে যথন তারা উচ্চশিক্ষা ক্ষেত্রে যাবে—আপনার। নকল করা নিয়ে যাই বলুন না কেন—তারা নকল করবেই। কারণ এই শিক্ষার মাধ্যমে তাদের ধারণ করবার শক্তি আসছে না, কিন্তু উচ্চ শিক্ষাক্ষেত্রে বড় বড় বছ পড়তে হবে। যার গোড়াই শক্ত হ'ল না সে কি করে এটা পারবে ? আমি বুঝতে পারছি না, বামক্রণ্ট সরকার এই ধরণের শিক্ষানীতি কেন এনেছেন! আজকে আপনাদের ছেলেমেয়েরা কোথায় পড়ছে ? ইংলিশ মিডিয়াম ক্ষুলে তারা পড়ছে, তাদের স্ট্যাণ্ডার্ড বাড়ছে। কিন্তু ইংলিশ মিডিয়াম ক্ষুলে পড়াতে গেলে পয়সা এত বেশী লাগে যে গাঁয়ের সাধারণ মান্থযের পক্ষে তাদের ছেলেমেয়েকে সেগানে পাঠান অসম্ভব। আজকে

আপনারা ইউনিভার্স লি এডুকেশনের কথা বলছেন। ১৯৯০ সালে নাকি আপনারা ইউনিভার্স লি এডুকেশন চালু করবেন। কিন্তু আপনারা যে শিক্ষা-ব্যবস্থা চালু করবেন তাতে গরীব ঘরের ছেলেরা, যারা ইংলিশ মিডিয়াম স্কুলে পড়াগুনা করলো় না, তাঁরা উচ্চশিক্ষাক্ষেত্রে গিয়ে ইঞ্জিনিয়ারিং, মেডিক্যাল, এ্যাডমিনিষ্ট্রেটিভ বা অ্যান্য হাই একজামিনেশন যা আছে তার কোথায়ও দাড়াতেই পারবে না। পারবে কারা ? আপনারা যাদের বলছেন পুঁজিপতি, ধনীক শ্রেণী তারাই এডমিনিষ্ট্রেশনে বসবে, ডাক্তার হবে, ইঞ্জিনিয়ার হবে, সাধারণ ঘরের ছেলেরা ডাক্তার ইঞ্জিনিয়ার হতে পারবে না। আর একটা জিনিষ দেখতে পাছিছ। সেটা হচ্ছে, শিক্ষা পরিচালনার ব্যাপারে জেলা স্কুল বোর্ড গুলি আজ কি অবস্থায় এসে পৌছেছে ? সবগুলোই এড়-হক্। এড্-হক-এর অর্থ হোল সামিষিক একটি ব্যবস্থা। আজকে এই স্কুল বোর্ডের এড্-হক্ কমিটিতে এত বেশী চুর্নীতি রয়েছে যে তার সীমা পাওয়া মৃশকিল। যদি নিরপেক্ষ তদস্ক করা যায় তাহলে দেখবেন এড্-হক্, বোর্ড থাকবার ফলে আজকে সেখানে যা খুণি তাই হছেছ। অধুমি বলতে চাই যে "প্রাইমারী এডুকেশন বিল" পাশ হয়ে পড়ে আছে। কিন্তু গনতান্ত্রিক পদ্ধতিতে জেলা স্কুল বোর্ডে গঠন করছেন না। আজকে এই প্রশ্ন গুড় আমার মনেই নয়, প্রতিস্বাংলার সমস্ত মাহুষের মনে এদেছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এঁদের প্রবর্তিত শিক্ষা-ব্যবস্থায় ক্লাশ ফাইভ পর্যস্ত ইংরেজি তুলে দেওয়া হয়েছে। কিন্তু ক্লাশ সিক্স থেকে ক্লাশ টেন পর্যস্ত সিলেবাসের চিস্তা-ভাবনা এখনও করা হোলনা। আমি জানি সিলেবাস কি হবে তা ঠিক করা হয়নি। স্বতরাং আজকে তার কি ব্যবস্থা হবে ? শিক্ষা-জগতে একটা নৈরাজ্য স্বষ্টি করে আজকে লক্ষ লক্ষ ছাত্র শিশুকে আপনারা বোকা বানিয়ে রাখতে চান! যদি তারা উচ্চ-শিক্ষা, নিতে পারে, পড়াশুনা করে, তাহলে তো তারা আপনাদের দলের হয়ে ইনক্লাব জিন্দাবাদ করেবে না—ফলে আপনাদের দলেও চলবে না এবং সেই কারণেই তাদেরকে জজ্জানতার অন্ধকারে রাখবার জন্মই আপনারা এই ধরণের শিক্ষা-ব্যবস্থা চালু করেছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে কোন কলকারখান। পশ্চিমবঙ্গে হচ্ছে না। ইরিগেশনের দিকে লক্ষ করলে দেখা যাবে যে সেচ-ব্যবস্থা বিপর্বস্তা। ডিপ্ টিউবওয়েল, খালো টিউবওয়েল যা পূর্বে তৈরী করা হয়েছিল সেগুলো ধ্বংস হয়ে গেছে। এগুলো রিপেয়ারের কোন ব্যবস্থাই এঁরা নেয়নি। অথচ বলছেন নতুন ডিপ্টেউবওয়েল, খালো টিউবওয়েল করছি! তবে আমার জিজ্ঞাসা এগুলো কি দিয়ে চালাবেন? বিহাৎ কোথায়? এথানে বলেছেন যে সব কিছুই আপনারা পঞ্চায়েতের মাধ্যমে করবেন। কিন্তু পঞ্চায়েত তো আজ ঘুর্নীতির আথড়া করে তুলেছেন। এই ঘুর্নীতি রোধে কোন এভমিনিট্রেটিভ একশন নেওয়া হচ্ছে না। তাই মাননীয় রাজ্যপাল মহোদয়ের অসত্য ভাষণ যা তিনি কন্টিটিউশন অসুষায়ী এখানে দিতে বাধ্য হয়েছেন তার নিন্দা করছি এবং এর উপর আমাদের যে এ্যামেগুমেণ্টগুলো আছে তা সমর্থন করে বক্তব্য শেষ করছি।

[ 6-40-6-50 P. M. ]

**ত্রীবনমালী দাসঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এমেছে তাকে সমর্থন করে ত্র-একটা কথা বলতে চাই। আমি যে কথা বলতে চাই সেটা হলো আপনারা জানেন যে আজকে ভারতবর্ষের বিভিন্ন জামগাম—বিহার, উত্তর প্রদেশ—সেথানকার रतिकनरमत श्रृष्टिस माता श्रष्ट । रमथार मध्या नच् मध्यमास्त्रत मारूसरक रुजा कता হচ্ছে। আজকে পাঞ্চাবে, আসামে বিচ্ছিন্নতাবাদ সাম্প্রদায়িক শক্তি মাথা চাড়া দিয়েছে। আমাদের এই পশ্চিমবাংলার বিধানসভায় যে জিনিষটা বেশী করে লক্ষ্য করছি সেটা হলো আইন-শৃংখলা নিয়ে বিরোধী সদস্তরা সোচ্চার হয়ে উঠেছেন। একটা বিষয়কে কেন্দ্র করে ওনারা বেশী করে বলছেন, সেট। হলে। আমাদের এলাকার পাটনীল গ্রামের ঘটনার ব্যাপারে। এই ঘটনাকে কেন্দ্র করে ওনারা বেশী সোচ্চার হয়ে উঠেছেন।, গত ১৪ই নভেম্বর তারিথে এই গ্রামের ত্জন বর্গাদার ফসল কাটতে গিয়েছিল। সেই সময় ॐত্রেস ( আই )-এর গুণ্ডা বাহিনী তাদের তয় দেখায় এবং ধান কাটতে বাধা দেয়। সেই গুণ্ডা বাহিনী কিছু বো । নিয়ে যায় এবং ক্রষকদের উপর আক্রমণ করে। এর ফলে সেথানে অনেক ক্ববক জমে যায় এবং গুণ্ডা বাহিনীকে বাধা দেয়। এর ফলে একটা সংঘর্ষ বাঁধে। এই সংঘর্ষে কিছু মাতুষ আহত হয় এবং তুজন কৃষককে তারা মাঠ থেকে তুলে নিয়ে চলে যায়। দেখানে তাদের মেরে ফেলবে বলে আটকে রাখে। গ্রামের বর্গাদার যথন এক হয়ে তাদের বাধা দিয়েছিল এবং যথন তাদের বোমা ফুরিয়ে গিয়েছিল তথন তারা পিছু হটে যেতে বাধ্য হয় এবং তারপর সেই ছুই ব্যাক্তিকে তারা উদ্ধার করে আনে। এই হচ্ছে আসল চিত্র। যথন এই অবস্থার সৃষ্টি হয়েছে তথন এই ঘটনার বিক্লতি ঘটানো হয়েছে। থবরের কাগজে দেখা যায় সেথানে গ্রামের লোক এফ. আই. আর করে। তারপর সেথানে আনন্দবাজার, যুগান্তর, স্টেটসম্যানের রিপোর্ট রিরা যান রিপোর্ট নিতে। তারা সেই রিপোর্ট কাগজে লেখেন। পরবর্তীকালে দেখা যায় তেসরা ডিসেম্বর থেকে কাগজে লেখা পান্টে গেল। তেসরা ডিসেম্বর তারিথে আনন্দ গোপাল মুধার্জী, ফিনান্স মিনিষ্টার প্রণব মুধার্জী মহাশয় সেথানে গিয়েছিলেন। তারপর থেকে এই ঘটনার একটা গল্প বানানো হলো। কংগ্রেস গুণ্ডারা এই ব্যাপার নিম্নে একটা গল্প বানাতে বলে। এই ঘটনা দেখানে ঘটানো হয়েছে। এই ঘটনা ঘটবার পর যে রিপোর্ট সংগ্রহ করা হয়েছিল সেই রিপোর্টের মধ্যে নারী ধর্ষণের কথা ছিল না। এখন দেখা গেল সব পার্লে গেছে। এরা সব আনন্দ গোপাল বাবুর কথা বলছে। পশ্চিমবাংলার সচেতন মাত্র্য এই সব লক্ষ্য করেছেন।

আমি এই বিধানসভায় এই কথা বলতে চাই ষে, ফলটা হয়েছে অন্য রকম। মাননীয় জয়নাল সাহেব একথা জেনে রাখুন, ওথানকার সমাজকে আপনারা অপমান করেছেন। আপনি মাইনরিটির কথা বলেন। সেথানকার মাহ্মষ কি বলছে জানেন? সেথানকার মাহ্মষ বলছে, তাদের সমাজকে, সমস্ত গ্রামের মাহ্মষকে আপনারা অপমান করেছেন গণ ধর্ষণের কথা বলে।

আপনাদের আনন্দগোপাল বাবু এবং সেই সাথে অক্সরা এক স্থরে স্থর মিলিয়ে গ্রামের সমস্ত মাত্রুকে তথা তাদের সমাজকে আপনারা অপমান করেছেন। ওথানে গ্রামের মাত্রুষ তাই আজ কংগ্রেসীদের জায়গা দেবে না। আপনাদের দকে তারা মিশতে চায় না। একথা ওনলে আপনাদের মাথা হেঁট হয়ে যাবে। সেজ্ঞ আমি বলব, গ্রামবাদীদের সঙ্গে একই দাথে বলব, আপনারা দেখানে তাদের অপমান করবার জন্ম, তাদের সমাজকে অপমান করবার জন্ম গিয়ে-ছিলেন। তাই মাত্র্য আজ আমাদের সঙ্গে। তারা বলছে, বহু ঘটনা এখানে ঘটেছে. এর বিরুদ্ধে তারা প্রতিরোধ গড়ে তুলবে। তারা তাদের ন্যায্য অধিকার রক্ষার জন্য লড়াই করবে। তারা তাদের জমিতে চাষ করতে চায়। সেই জমিতে নানা ধরণের মামলা—মোকর্দমা থাকতে পারে, কিন্তু সেটা হচ্ছে সম্পূর্ণ আলাদা ব্যাপার। ঘটনা আসলে তা নয়। ওথানে আপনার। এক বিষাক্ত আবহাওয়া সৃষ্টি করেছেন, তাদের সমাজকে আপনার। অপমান করেছেন। যে রাজ-নৈতিক উদ্দেশ্য প্রবণতা নিয়ে এই ঘটনাকে বিকৃত করতে চেয়েছিলেন, তা করতে পারেন নি। এটা কথনই হয় না। কথনও করা যায়ও না। কথায় ত্থায় মাহুষকে উদ্ধানি দিয়ে যে ঘটনা আপনারা দেখানে স্বাষ্ট করতে চেয়েছিলেন—নিজেদের মধ্যে যে ভাবে মারামারি করে চলেছেন— মানুষকে যে ভাবে বিভ্রাস্ত করবার চেষ্টা করেছিলেন, তা পারেন নি। এই কথাগুলো আপনাদের জেনে রাখা প্রয়োজন। আজ সেথানে মাত্রুষ যে কথা বলছে, সেই পরিপ্রেক্ষিতে আপনারা সেখানে প্রবেশ করতে চাইলেও যেতে পারবেন না। সেখানে যাবার কোন ক্ষযতা আপনাদের নেই। সমাজকে অপমান করেছেন সেথানে। নুরপুর গ্রামে একটা জমিকে কেন্দ্র করে বিরোধী দলের ষ্ড্যন্ত্রে সেখানে স্কণ্ডা বেধেছিল। এটাকে থামাতে আমরা আপনাদের সাহায্য চেয়েছিলাম, কিন্তু তা না করে সেখানে একটা সাম্প্রদায়িক দান্দা যাতে বাধে তার জন্ম চেষ্টা করেছিলেন।

শ্রীমোসলেউদ্দিন আমেদ ঃ ২৪ তারিখে মাননীয় রাজ্যপাল এই সভায় যে ভাষণ দিয়েছেন, তার পরিপ্রেক্ষিতে যে ধল্যবাদ স্ফচক প্রস্তাব এসেছে তার বিরোধিতা করে আমি ত্-একটি কথা বলতে চাই। রাজ্যপালের ভাষণের মধ্যে আমরা দেখতে পাচ্ছি, এ ভাষণ রাজ্যপালের নয়, এই ভাষণ হচ্ছে জ্যোতিবাবুর ভাষণ। এর মধ্যে বাস্তবের কোন যোগস্ত্র নেই। বহু তথ্যের উল্লেখ করে আসল ক্রটিগুলোকে চেপে দেবার চেষ্টা করেছেন। এক্সাইস্ নিনিষ্টারকে বলি—'আপনি আচরি ধর্ম অপরে শেখাও।' এখানে "আপনি" বলতে তিনি কাকে বলতে চেয়েছেন?

# [ 6-50--7-00 P. M. ]

Where there is a will, there is a way. আপনি বলতে কংগ্রেসকে বুরিয়েছেন।
কিন্তু আপনি বলতে আমরা বলবে। এই সরকার। একটা সংসারে বাপের চরিত্র, সংস্কৃতি এবং
কৃষ্টি যা হবে ছেলেরাও সেইভাবে তৈরী হবে। এই রাজ্যে এই সরকার এই পরিবারের একজন
কর্তা যাদের প্রশাসন তুর্বল তারা তৃত্বতকারীদের সাহায্য করে। আপনাদের ঠিক এক
অবস্থা এবং তার ফলে আইন শৃখলা বিশ্বিত হচ্চে। আমাদের এক্সাইজ মন্ত্রী যে কথা বললেন

এর মধ্যে দিয়ে সেটা প্রমাণিত হচ্ছে। গ্রামের যে কি অবস্থা সেটা আপনারা জানেন না। সেখানে সমাজবিরোধীরা দিনের বেলায় ঘুরে বেড়ায় আর রাত্রিবেলায় চুরি, ডাকাতি, রাহাজানি করে। যারা সমাজবিরোধী কাজ করে তারা সব সি. পি. এমের লোক। তাদের বিরুদ্ধে থানায় ইজাহার করলে পুলিশ কোন এ্যাকসান নেয় না। এইরকম বহু ঘটনা আমি জানি। বিগত পঞ্চান্নেত ইলেকসানের সময় জন্মনাল সাহেবের উপর আক্রমণ হয়েছিল। কিন্তু সৌভাগ্য বে গ্রামবাদীরা ছিল বলে তাকে রক্ষা করতে পারা গেছে। যেদিন ইলেকসান হয় দেদিন দীপক নামে একটি ছেলেকে হত্যাকরা হয়েছিল—এটা সি. পি. এম করে। কিন্তু তার এখনও পর্যন্ত কিছু হল না। সেই ইলেকসানে বহু সংখ্যক লোক আসতে পারেনি, তবুও আমরা জিতেছি। হাটের উপর আক্রমণ হল, দোকান লুঠ হল। কিন্তু কোন পুলিশ এাাক্সান হল না। নওয়াপাড়া গ্রামে একটি লোককে রাত্রিবেলা খুন করলো তা নিয়ে থানায় ইজাহার করা হল, এম. পিকে বলা হল কিন্তু তার কোন প্রতিকার হল না। এর পরেও কি আপনারা বলবেন যে দেশের আইন-শৃঙ্খলা বিদ্নিত হয়নি? সিদ্ধার্থ শ্রীয়ের আমলে চুরি, ডাকাতি, খুন কত হয়েছিল এবং এই ৭ বছরে আপনাদের আমলে কত হয়েছে তার ফিগার দেখলেই বুঝতে পারবেন সে সময় খুব কম হোত। এর দ্বারা কি প্রমাণিত হয়না 'যে আপনারা ছম্বুতকারীদের সাহায্য করছেন। দেশে অশাস্তি আপনারা চাইছেন এবং তাহলেই দেশের লোঁক ক্ষেপে যাবে এবং আপনাদের স্ববিধা হবে। আপনারা চাইছেন এবং তাহলেই দেশের লোক ক্ষেপে যাবে এবং আপনাদের স্থবিধা হবে। আপনারা জনসাধারণের মঙ্গল চান না। আপনারা বলছেন আমাদের ইচ্ছা থাকলে আমরা গরিবের উপকার করতে পারিনা। কিন্তু আমি বলবো হোয়্যার দেয়ার ইজ এ উইল দেয়ার ইজ এ ওয়ে। আপনারা গরিবের উপকার না করে তাদের ভাওতা দিয়ে ভোট নেবার চেষ্টা করছেন। আপনারা নিজেদের প্রগতিশীল সরকার বলে মনে করেন। কিন্তু প্রকৃতপক্ষে উন্টো দিক দিয়ে চিম্ভা করলে দেখতে পাই আপনারা গরিবের উপকার চান না।

অপরপক্ষে আপনার। উপকার করেন বড়লোকদের। এটা কি আপনার। ভূলে যাছেন আমাদের সময়ে ঐ জোতদারদের উপর আমরা ধানের লেভি করেছিলাম ? আমরা কর্তন করেছিলাম যাতে জোতদাররা ধান পাচার করতে না পারে। আপনারা বুকে হাত দিয়ে বলুন তো লেভি আপনার। করেছেন কিনা ? আপনারা লেভি করেনি, কারণ বড়লোকদের ভোট নিতে হবে। আপনারা বলেছেন ১, ১॥ লক্ষ একরের বেশী জমি আপনারা বিলি করতে পারেনিন। কোটে ইনজাংকসান হচ্ছে যারজন্ম জমি বিলি করতে পারেনিন। আমি আমার কনিষ্টিউয়েদির কথা বলতে পারি, নাম উল্লেখ করব না, যারা কংগ্রেসের লোক ছিল আজ তারা দি পি এম হয়ে গেছে। কিসের জন্ম হয়েছে, না, জমি রক্ষা করার জন্ম হয়েছে। আমি প্রমাণ দিয়ে দেব যারা জমি রক্ষা করছে তাদের গায়ে হাত দিছেন না যেহেতু তারা দি পি এম হয়ে গেছে। তাদের জমি বিলি হছে না। আমাদের ওথানে কতকগুলি জোতদার আছে তারা হাইকোটে ইনজাংকসান

করেছে। আপনারা কিন্তু সেই ইসজ্ঞাংকদান মানেননি। তারা ক্যগ্রেদ করে বলে আপনারা হাইকোর্টকে পর্যস্ত অবমাননা করলেন।

( এই সময় নির্দিষ্ট সময় অতিক্রান্ত হওয়ায় বক্তা বাধ্য হইয়া আসন গ্রহণ করিলেন।)

**জ্রীস্থর্যেন্দু খ**াঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল বে লিখিত ভাষণ এই সভায় পাঠ করেছেন এবং সেই ভাষণের উপর সরকার পক্ষ থেকে যে ধল্যবাদস্যুচক প্রস্তাব গ্রহণ করা হয়েছে তাকে আমি সমর্থন করছি এবং বিরোধী পক্ষ থেকে যে সংশোধনী প্রস্তাব আনা হয়েছে তার আমি সম্পূর্ণ বিরোধিত। করছি। আজ তিন দিন হল এই সভায় রাজ্যপালের ভাষণ রাখা হয়েছে, তার সমর্থনে সরকার পক্ষ থেকে বক্তব্য রেখেছেন এবং বিরোধী পক্ষ থেকে তার বিরোধিতা করে বক্তব্য রাখা হয়েছে। আমার অভিজ্ঞতা রাজ্যপালের ভাষণে যদি লেখা থাকত সূর্য্য পূর্ব-দিকে উঠে তাহলে বিরোধী পক্ষের সদস্তরা বলতেন যে কোক্দেশ থেকে পশ্চিমবঙ্গের সর্বনাশ হয়ে ষাবে, স্থ্য পূর্বদিকে উঠে না পশ্চিম দিক থেকে উঠে। আমরা জানি ১৯৪৭ সালে নেহেরু-লিয়াকত চুক্তি অন্থ্যারে বাংলাদেশ থেকে পর্তিমবদে ৭০/৭৫ লক্ষ উদ্বাস্ত এসেছে, তাদের পুনর্বাসন করার দায়িত্ব ছিল কেন্দ্রীয় সরকারের। ক্রিন্ত তাঁরা সেই দায়িত্ব পালন না করে পশ্চিম পাকিস্তান থেকে যে উদ্বাস্ত এসেছে তাদের সমস্তা সমাধানের জন্ম কোটি কোটি টাকা দিয়েছেন। পশ্চিমবঙ্গের উদ্বাস্থ সমস্থা সমাধানের জন্ম কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছেন না, তাই পশ্চিমবঙ্গের বামফ্রণ্ট সরকার তার দীমিত ক্ষমতা দিয়ে উদ্বাস্ত সমস্থার মোকাবেলা করছেন। বামফ্রন্ট দরকার উদ্বাস্ত পুন-বাসনের জন্ম ৭৫০ কোটি টাকা চেয়েছেন, কেন্দ্রীয় সরকার সেই টাকা দিচ্ছেন না। সেই টাকা ষদি পাওয়া যেত তাহলে পশ্চিমবাংলার অর্থনীতি যে সমস্তার সম্মধীন হয়েছে দেটাকে কিছুটা চাঙ্গা করা যেত।

# [ 7-00-7-06 P.M. ]

স্থার, আপনি জানেন বিদ্যুৎ নিয়ে এখানে কথা উঠেছে, ইলেকট্রিক লাইন যা গেছে সেগুলো কে চুরি করে সেটা আমি জানাছিছ। বিদ্যুৎ বিভাগের একজন অফিসার, যার নাম হচ্ছে সঞ্জয় ব্যানার্জী, যিনি কংগ্রেসের সঙ্গেদ যুক্ত তিনি এই কাজ করছেন। বিরোধী পক্ষ থেকে বলা হয়েছে সি. পি. এম.-এর লোকেরা কংগ্রেসের লোকদের খুন করছে। এই প্রসঙ্গে আমি একটা ঘটনা এখানে উল্লেখ করছি। কুখাত ডাকাত এবং কংগ্রেসের আশ্রয় পৃষ্ট মনসা রাম কুণ্ডু শাস্তি রাম মাঝি বড়লোছিপুর গ্রামের মটর গরাই এবং মোহন গরাইকে খুন করে ২১ নভেম্বর, ১৯৮৩ সাল এবং পরে উড়িয়্মার পুলিশ তাদের অ্যারেষ্ট করে।

# মিঃ স্পীকারঃ আপনি নামগুলি বাদ দিয়ে বলবেন।

শ্রীস্থান খান ঃ ভার, বিরোধী মুখ্যমন্ত্রীদের সম্মেলন করার জন্ম যে টাকা থরচ হয়েছে সেই প্রসঙ্গে কংগ্রেস ( আই )-এর পক্ষ থেকে আমাদের মুখ্যমন্ত্রীর বিক্লন্ধে এথানে কথা বলা হয়েছে, আমি তাঁদের কাছে জিজ্ঞেদ করছি, ইন্দিরা গান্ধি ৪০ কোটি টাকা থরচ করে কিছুদিন পূর্বে ষে কমনগুরেলথ্ সম্মেলন করলেন তাতে কভ লোকের চাকুরী হভ সেটা একবার বলবেন কি? আমাদের পশ্চিমবাংলায় জনসংখ্যা ৫॥ কোটি এবং এখানে ভূমির আয়তন হচ্ছে ১০ লক্ষ একর। শুক্তরাটের জনসংখ্যা ৩॥ কোটি এবং দেখানে: ১ লক্ষ ৮৮ হাজার একর জমি রয়েছে এবং তাছাড়া ওখানে একটি বন্দর রয়েছে। আমি শুজরাটে গিয়ে দেখলাম দেখানকার মালুষের জীবনযাত্তার মান আমাদের চেয়ে অনেক থারাপ, দেখানে একটি হোটেল মিল চার্জ ১০ টাকা, অথচ আমাদের এখানে ও টাকায় মিল পাওয়া যায়। স্বরমতী নদীর উপর ৩টি বীজ হয়েছে অথচ আমরা এখানে একটি বীজও করতে পারছি না। স্থার, কিছুদিন আগে একজন কংগ্রেস নেতা একজন গরীব লোককে জিজ্ঞেদ করছেন গত ৫ বছরে বামফ্রণ্ট সরকরার জিনিসপত্রের দাম কমিয়েছে কি? তখন আমাদের একজন কমরেড তাঁকে বললেন হাওড়া বীজ বহু বছর আগে তৈরী হয়েছে কাজেই তার নাট বোন্টগুলি এখন আলগা হয়ে গেছে। জ্যোতিবাবু এখন সেগুলি আটকাবার চেষ্টা করছেন, কাজেই একটু সময় লাগবে, স্থার, তাঁদের নেতা হচ্ছে হেমেন মণ্ডল, উজ্জল হত্যার নায়ক, ফাটা কেই ইত্যাদি বড বড গুগুরা।

আর একটা কথা বলছি যে প্রাথমিক শিক্ষার সঙ্গে জনশিক্ষার মান উন্নত করার জন্ম এই বামক্রস্ত সরকার গ্রামীন পাঠাগার ও সহরের বিভিন্ন জায়গায় পাঠাগার নির্মাণ করেছেন। এবং এর ফলে আজকে মাছবের মধ্যে রাজনৈতিক চেতনার মান দিনের পর দিন উন্নত হচ্ছে। এর ফলাফল হচ্ছে আমাদের সোনামূখী টাউন লাইবেরীর যে সম্প্রতি নির্বাচন হয়ে গেল তার পরিচালন কমিটিতে কংগ্রেস ছয়টি আসনে প্রতিধন্দিতা করে একটি আসনও দখল করতে পারে নি। আর আমার সময় নেই। আমি পুনরায় রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

The House was then adjourned at 7.06 P.M. till 1 P.M. on Friday the 2nd March. 1984, at the "Assembly House", Calcutta.

করেছে। আপনারা কিন্তু সেই ইসজ্ঞাংকদান মানেননি। তারা ক্যগ্রেদ করে বলে আপনারা হাইকোর্টকে পর্যস্ত অবমাননা করলেন।

( এই সময় নির্দিষ্ট সময় অতিক্রান্ত হওয়ায় বক্তা বাধ্য হইয়া আসন গ্রহণ করিলেন।)

**জ্রীস্থর্যেন্দু খ**াঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল বে লিখিত ভাষণ এই সভায় পাঠ করেছেন এবং সেই ভাষণের উপর সরকার পক্ষ থেকে যে ধল্যবাদস্যুচক প্রস্তাব গ্রহণ করা হয়েছে তাকে আমি সমর্থন করছি এবং বিরোধী পক্ষ থেকে যে সংশোধনী প্রস্তাব আনা হয়েছে তার আমি সম্পূর্ণ বিরোধিত। করছি। আজ তিন দিন হল এই সভায় রাজ্যপালের ভাষণ রাখা হয়েছে, তার সমর্থনে সরকার পক্ষ থেকে বক্তব্য রেখেছেন এবং বিরোধী পক্ষ থেকে তার বিরোধিতা করে বক্তব্য রাখা হয়েছে। আমার অভিজ্ঞতা রাজ্যপালের ভাষণে যদি লেখা থাকত সূর্য্য পূর্ব-দিকে উঠে তাহলে বিরোধী পক্ষের সদস্তরা বলতেন যে কোক্দেশ থেকে পশ্চিমবঙ্গের সর্বনাশ হয়ে ষাবে, স্থ্য পূর্বদিকে উঠে না পশ্চিম দিক থেকে উঠে। আমরা জানি ১৯৪৭ সালে নেহেরু-লিয়াকত চুক্তি অন্থ্যারে বাংলাদেশ থেকে পর্তিমবদে ৭০/৭৫ লক্ষ উদ্বাস্ত এসেছে, তাদের পুনর্বাসন করার দায়িত্ব ছিল কেন্দ্রীয় সরকারের। ক্রিন্ত তাঁরা সেই দায়িত্ব পালন না করে পশ্চিম পাকিস্তান থেকে যে উদ্বাস্ত এসেছে তাদের সমস্তা সমাধানের জন্ম কোটি কোটি টাকা দিয়েছেন। পশ্চিমবঙ্গের উদ্বাস্থ সমস্থা সমাধানের জন্ম কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছেন না, তাই পশ্চিমবঙ্গের বামফ্রণ্ট সরকার তার দীমিত ক্ষমতা দিয়ে উদ্বাস্ত সমস্থার মোকাবেলা করছেন। বামফ্রন্ট দরকার উদ্বাস্ত পুন-বাসনের জন্ম ৭৫০ কোটি টাকা চেয়েছেন, কেন্দ্রীয় সরকার সেই টাকা দিচ্ছেন না। সেই টাকা ষদি পাওয়া যেত তাহলে পশ্চিমবাংলার অর্থনীতি যে সমস্তার সম্মধীন হয়েছে দেটাকে কিছুটা চাঙ্গা করা যেত।

# [ 7-00-7-06 P.M. ]

স্থার, আপনি জানেন বিদ্যুৎ নিয়ে এখানে কথা উঠেছে, ইলেকট্রিক লাইন যা গেছে সেগুলো কে চুরি করে সেটা আমি জানাছিছ। বিদ্যুৎ বিভাগের একজন অফিসার, যার নাম হছে সঞ্জয় ব্যানার্জী, যিনি কংগ্রেসের সঙ্গে যুক্ত তিনি এই কাজ করছেন। বিরোধী পক্ষ থেকে বলা হয়েছে সি. পি. এম.-এর লোকেরা কংগ্রেসের লোকদের খুন করছে। এই প্রসঙ্গে আমি একটা ঘটনা এখানে উল্লেখ করছি। কুখ্যাত ডাকাত এবং কংগ্রেসের আশ্রয় পৃষ্ট মনসা রাম কুণ্ডু শাস্তি রাম মাঝি বড়লোছিপুর গ্রামের মটর গরাই এবং মোহন গরাইকে খুন করে ২১ নভেম্বর, ১৯৮৩ সাল এবং পরে উড়িয়্মার পুলিশ তাদের অ্যারেষ্ট করে।

# भिः **भीकातः** आश्रीन नामखन् वाम मिस्स वनस्यन ।

শ্রীস্থান খান ঃ ভার, বিরোধী মুখ্যমন্ত্রীদের সম্মেলন করার জন্ম যে টাকা থরচ হয়েছে সেই প্রসঙ্গে কংগ্রেস ( আই )-এর পক্ষ থেকে আমাদের মুখ্যমন্ত্রীর বিক্লন্ধে এথানে কথা বলা হয়েছে,

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative chamber of the Assembly House, Calcutta, on Friday the 2nd March 1984 at 1 P.M.

#### Present

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 15 Ministers, 12 Ministers of State and 165 Members.

Mr. Speaker: Theoe will be no question and answers to-day.

# ADJOURNMENT MOTION

Mr. Speaker: Today, I have received three notices of adjournment motion. I he first one is from Shri Sekh Anwar Ali which deals with the subject of strike in jute industry in West Bengal. The second one is from Shri Kashinath Misra which deals with the subject of deterioration of law and order situation at Mejia in Bankura District last one is from Shri Somendra Nath Mitra and Shri Abdul Mannan which deals with the subject of strike in jute industry in West Bengal.

Regarding the first motion, the same Member Shri Sekh Anwar Ali tabled a notice of adjurnment motion on the same subject on 1-3-1984 which I disallowed. So, in the instant case also, I withhold my consent. Regarding the second motion, the Member will have the opportunity of raising the matter during the discussion on the Governor's Address. I, therefore, withhold my consent to this motion also. The third motion is also the same as the first one. Therefore, I also withhold my consent to this motion.

One Member of the party may, however, read out the text of his motion, as amended.

Shri Abdul Mannan: Mr. Speaker, Sir, this Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence viz. the situation arising out of the persistent refusal of the Jute Millowners to fulfil their commitments regarding the revision of the minimum guaranteed wages, grades and scales of pay for the jute workers and/or their refusal to consider the other legitimate demands of over 2.40 lakhs of jute workers to resort to continuous strike commencing from the 16th January, 1984.

#### CALLING ATTENTION

# To Matters of Urgent Public Importance

Mr. Speaker: I find that honourable members are giving two notices of Calling Attention—fone in his individual name and the other along with another honourable member. I inform the honourable members that one member will have to table only one notice of Calling Attention for a single day. I do not want to reject any of the motions toeay but, I think, the honourable members will make a note of it that they should table only one motion for Calling Attention for any day. Today, I have received 13 notices of Calling Attention on the following subjects, namely:—

- Lock-out in Basanti Cotton Mills from 29-2-1984 by Shri Gopal Krishna Bhattacharyya.
- 2. Apprehensive dead lock in the Hospitals of West Bengal by Shri Kashinath Misra and Shri Asok Ghosh.
- 3. Tension id Karimpur area due to oppression by the B-S-F- by Shri Chitta Ranjan Biswas.
- Incident of dacoity in Bulbulchandi on 31-1-1984 by Shri Shamsuddin Ahmed and Shri Jokhilal Mondal.
- 5. Chash between the supporters of two oposite Police Associations at Lalbazar on 29-2-1984 by Dr. Manas Bhunia.
- Acute problem of students' admission in Class V and Class IX by Shri Jayanta Kumar Biswas.

- 7. Non-availability of mathematics text books for class IX by Shri Abdul Mannan.
- 8. Continuous Jute strike in West Bengal by Shri Sekh Anawar Ali,
- Controversy over apointment of two special officers by the new Vice-Chancellor of Calcutta University by Shri Abdul Mannan and Shri Deoki Nandan Poddar.
- 10. Remission of water areas by Shri Somendra Nath Mitra.
- Hunger strike by Primary Teachers at Esplanade East on 1-3-1984
   by Shri Satya Ranjan Bapuli.
- 12. Poor performance of Panchayat Samities in respect of Integrated Rural Development Programmes by Shri Suniti Chattaraj.
- 13. Setting of Police Camp on fire at Bally, Howrah on 2-3-1984 by Shri Ambica Banerjee.

I have selected the notice of Shri Abdul Mannan on the Subject of non-availability of mathematics text book for Class IX.

The Minister-in-Charge will please make a statement today, if possible, or give a date.

# Shri Patit Paban Pathak: On the 13th, Sir.

শ্রীবারেন্দ্রনারায়ণ রায় ঃ মিঃ স্পীকার, স্থার, আপনার মাধ্যমে আমি এই সভায় একটি গুরুত্বপূর্ব এবং চমকপদ ঘটনার উল্লেখ করছি। সম্প্রতি কয়েকদিন আগে মুর্শিদাবাদ জেলার লালগোলা থানার পণ্ডিতপুরে এক ভয়াবহ বাস ডাকাতি হয়ে গেছে। পুলিশ থোঁজ করে এক ছয়্বর ডাকাত দলকে ধরে। এই দলের নেতা হচ্চে ফারুক। চুরি, ডাকাতি, নার্নী বর্গণ, সীমাস্তে চোরাকারবার ইত্যাদি বিভিন্ন কেসে পুলিশ একে খুঁজছিল। সে এযাবসকণ্ড করেছিল। এই ফারুক হচ্ছে বিরোধী কংগ্রেস দলের নেতা আবহুস সান্তারের আপন ভাইপো। এ এতই সমাজবিরোধী যে সান্তার সাহেব ও তাঁর দলবলেরা এই কথা বলতে পারছেন না যে কংগ্রেস কর্মীর বিরুদ্ধে পুলিশ লেলিয়ে দেওয়া হচ্ছে। সেই কথা বলার ওদের আর মৃথও নেই।

প্রীক্ষত্বিকা ব্যানার্জী: মি: স্পীকার, স্থার, আমি আপনার মাধ্যমে একটি গুরুতর বিষয়ে মাননীয় ম্থামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। র্যাগিং এমন একটা পোদাল ইভিল যে গুধু পশ্চিমবঙ্কেই নয়, সারা ভারতবর্ষের বিভিন্ন জায়গায় ক্রমাগত এটা বেড়েই চলেছে। বিভিন্ন কাগজের মাধ্যমে রোজই আমরা কোথাও না কোথাও কোন না কোন ব্যাগিং-এর ঘটনা ঘটতে দেখতে পাচ্ছি। কিছুদিন আগে বিভিন্নপুল্র পত্রিকায় একটি থবর বেরিয়েছিল যে গন্ধায় ভূবে বি. ই. কলেজের

ছাত্রের মৃত্যু ঘটেছে। এই মৃত্যু সম্বন্ধে নানা প্রশ্ন উঠেছিল। আমাদের প্রত্যেকেরই ছেলে মেয়ে কোন না কোন কলেজ হটেল, স্কুল হটেলে থাকে এবং এই বিধানসার সদস্যদের ভিতর অনেকেরই ছেলে মেয়ে এই রকম হষ্টেলে থেকে পড়ান্তনা করছে। কাজেই প্রত্যেকেই এই ব্যাপারে কিছ না কিছু ঘটনা জানেন। গত ২৪-৯-৮৩ তারিখে শিবপুর বি. ই. কলেজের ভিতর খড়াপুরের এক প্রাক্তন হেড মাষ্টারের পুত্র প্রথম বর্ষের ছাত্র কৌস্তব ভট্টাচার্য্যের মৃতদেহ দকাল বেলায় পাওয়া যায়। বি. ই. কলেজের এই ছাত্র র্যাগিং-এর জন্য এমন উত্যক্ত হয়ে পড়েছিল যে, এই বিষয়ে দে প্রিন্সিপ্যালকে বহুবার বলেছে এবং এই সমস্ত কথা তার বাবা. মাকেও বলেছে। মারা ঘাবার কিছুদিন আগে সে তার একটা শেষ চিঠি লিখে রেখে দিয়ে যায় এবং সে কিভাবে এই র্যাগিং-এ ভূগছে সেটা তার বাবাকে লিখে জানায়। ঘটনার দিন রাত্রিবেলায় ভারত পাকিস্তানের ক্রিকেট থেলা চলাকালীন সকলে বসে থেলা দেখছিল। সারা রাত্রি থেলা দেখেছে। ছু একটি উচ্চুন্ডল ছেলে মাঝ রাতে প্রায় ২ টার সময় প্রিন্সিপ্যালকে তুলে ছুটি দেবার কথা বলে। এই ভাবে চারিদিকে গণ্ডগোল চলছিল। তথন দেখা গেল কৌন্তব তার ঘরে নেই। পরে হৈচৈ পড়ে যায়। কিছু স্নানার্থী সকালবেলায় স্নান করছিল তারা কৌস্তবকে জলে ডুবে যেতে দেখে বাঁচাবার জন্ম ঝাঁপিয়ে পড়ে। কিন্তু বহু চেষ্টা করেও তাকে বাঁচাতে পারল না, সকলের চোথের সামনে সে জলে पुरव (भन । आभात वक्तवा रहम्ह को खरवत छे भत मिरनत भत मिन त्याभिः कता रिम्हन । करन रम ক্রমশঃ উত্তপ্ত হয়ে উঠছিল। আমি শিবপুর এলাকার বাদিন্দা, এই বিষয়ে খে<sup>\*</sup>জি খবর রাখি। কিছু ছেলে কৌস্তবকে গঙ্গার জল কতটা ঠাণ্ডা সেটা বোঝাবার জন্ম গঙ্গার ধারে নিয়ে যায় এবং তাকে জলে ঠেলে ফেলে দেয়। কৌন্তব সাঁতার জানত না। সে আত্মহত্যা করেছে, না তাকে ডবিয়ে মারা হয়েছে — সেটাই হচ্ছে বড় প্রশ্ন। এই প্রশ্নটা ওথানকার পুলিশ প্রাকটিক্যালি এনকোয়ারি না করেই রায় দিয়ে দিল, ধেমন সব সময় রায় দিয়ে যাচ্ছে আত্মহত্যা করেছে। সরকারের কাছে আমার রিকোয়েই এই সোসাল ইভিল বন্ধ করার জন্ম আপনারা এমন একটা নিদর্শন রাখুন যাতে অন্ততঃ পশ্চিমবাংলায় এই র্যাগিং বন্ধ হয়।

## [1-10-1-20 P. M.]

শ্রীসাধন চট্টোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার ক্ষুল বোর্ড পোষ্ট অফিদের মাধ্যমে ত্ হাজারের বেশী প্রাথমিক শিক্ষককে নদীয়া জেলা ক্ষুল বোর্ড প্রতি মাদে বেতন দেন। সেথানকার ক্ষুল বোর্ডের সভাপতি, মহাশয়ও প্রাথমিকের বিদ্যালয় পরিদর্শক মহাশয় বারবার সেথানকার পোষ্টাল স্থপারিনটেনডেন্টকে বলা সক্ষেও সেথানে পোষ্ট অফিদে প্রয়োজনীয় অতিরিক্ত কর্মী দেওয়াইছে না, ফলে ত্ হাজারেরও বেশী প্রাথমিক শিক্ষক পরিবার সময়ে বেতন না পাওয়ায় প্রতি মাদে বিশেষ একটি অস্থবিধার মুখে পড়ছেন। তাই আপনার মাধ্যমে মাননীয় পরিবহণ মন্ত্রীকে অন্ধরোধ করছি, ডাক ও তার বিভাগের তথা উচ্চতর, কর্ত পক্ষের

সঙ্গে এই বিষয়টি নিয়ে আলাপ আলোচনা করে পি, এম, জি যাতে জ্রুত স্কর্চ, সমাধান হয় তার ব্যবস্থা করুন।

শ্রীক্তশোক ছোষঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয় এবং এই হাউদের দৃষ্টি আকর্ষণ করছি। স্থার, আজকে সকালে 'যুগাস্তর' পত্রিকাতে প্রথম পাতায় দেখেছেন যে হাওড়ায় পুলিশের সঙ্গে জনতার খণ্ডযুদ্ধ হয়েছে। বৃদ্ধরংবলি গার্ডেন, যেটা পতিতবাবুর এলাকার মধ্যে পড়ে, আমার এলাকার পাশেই দেখানে অনেক অদাধু ব্যবদায়ী আছে এবং পুলিশের দক্ষে যোগসাজদে দেই অদাধু ব্যবসামীরা দীর্ঘদিন ধরে সেথানে তাদের কাজকারবার চালিয়ে যাচ্ছে। পতিতবাবুর চেষ্টায় সেথানে ভাদের কাজকারবার চালিয়ে যাচ্ছে। পতিতবাবুর চেষ্টায় সেথানে ৬ মাস আগে একটি পুলিশ ক্যাম্প হয়েছিল কিন্তু তা সত্ত্বেও সেই সমস্ত চোরাকারবারী এবং অসাধু ব্যবসায়ীরা তাদের কাজ চালিয়ে যাচ্ছে। সেখানে ঠেলা পিছু হু টাকা এবং লরি পিছু ৫ টাকা করে তারা নিচ্ছে পুলিশকে দিতে হবে বলে। কালকে বেলা একটার সময় মাত্রা ছাড়িয়ে যায় এবং সেথানে জোর করে ঠেলাওয়ালাদের কাছ থেকে টাকা নেবার চেষ্টা করা হয়, এতে স্থানীয় জনদাধারণ উত্তেজিত হয়ে যান এবং তারা পুলিশের কাছে এর প্রতিবাদ করেন। প্রতিবাদ করা সত্তেও সেথানে হাওড়ার পুলিশ স্থপার স্থলতান সিং-এর নেতৃত্বে এক পুলিশ বাহিনী গিয়ে যথেচ্ছভাবে লাঠিচার্জ করে এবং ৬ রাউণ্ডের উপর গুলি চালায়। এতে বহু লোক ইনজিওর্ড হয়। রাত্রিবেলায় বালি থানাতে ৮৫ জনকে এ্যারেষ্ট করে নিয়ে যাওয়া হয়। স্থার, যাদের ধরা হয়েছে তাদের মধ্যে সমাজবিরোধীরা নেই, আছে গরিব মাহ্য--বিভিওয়ালা, ঠেলাওয়ালা ইত্যাদি। পুলিশ তাদের পাতায় দেথাবার জন্ম ৮৫ জনকে আসামী করে ধরে নিয়ে যায়। স্থার, বজরংবলিতে ঘটনা ঘটলো আর গুলি চললো ত্ব মাইল দূরে গিরিশ ঘোষ লেনে। আমি স্থার, এই ঘটনার ব্যাপারে বিচার বিভাগীয় তদস্ত দাবী কর্ছি।

শ্রীদেবপ্রসাদ সরকার: মাননীয় অধাক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুক্ত বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্থার, বিভিন্ন বিছালয়ে কর্মরত আড়াই শতাধিক এ্যাডিশন্তাল প্রাথমিক শিক্ষক কলকাতায় তারা তাদের চাকরির অন্থমোদনের দাবীতে গত ১লা মার্চ থেকে এসপ্লানেড ইট্টে অনশন করছেন। সবকারী নির্ধারিত সময় ৩০-৬-৭৭, তার মধ্যেই এরা সকলে ম্যানেজিং কমিটি কর্তৃ কি নিয়মিত এ্যাপয়েন্টমেন্ট পেয়েছিলেন। এদের মধ্যে অনেকের কার্যকাল ৭ বছর, ১০ বছর, এমন কি ১৫ বছরের উর্দ্ধে। এরা বিনা পারিশ্রমিকে দীর্ঘদিন ধরে কাজ করে ঘাছেন। কংগ্রেস সরকারের আমলে প্রতি বছর এদের অন্থমোদনের একটা কোটা থাকতো এবং সেইভাবে অন্থমোদন দেওরা হ'ত কিছু কোটার অপ্রত্নতার জন্ম সেই সময় সকলে অন্থমোদন পায়নি। বিগত ৭ বছর ধরে বামক্রন্ট সরকারের আমলে কিছু এদের আর অন্থমোদন দেওরা হছে না যদিও কোলকাতা জেলার যে এ্যাডভাইদারি কমিটি আছে তারা

বারবার সর্বগন্মত ভাবে এদের অন্থনোদনের জ্ব্য প্রস্তাব নিয়ে স্থপারিশ করেছেন ডি. আই-এর মাধ্যমে সরকারের কাছে। ছজন মাননীয় শিক্ষামন্ত্রী শ্রীকাস্তি বিশ্বাস এবং আবহুল বারি মহাশয় তাঁরাও একাধিকবার এ ব্যাপারে আশাস দিয়েছেন, এদের অন্থমোদনের ব্যাপারে, কিন্তু ছ্রভাগ্যের বিষয় তাদের অন্থমোদনের কোন ব্যবস্থা আজ্ব পর্যান্ত হয়নি। মানবিক দৃষ্টিভঙ্গী নিয়ে বিষয়টি বিবেচনা করার জন্য আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করিছি, আশা করি অবিলম্বে তিনি তাদের অন্থমোদনের ব্যবস্থা করবেন এবং সে সম্পর্কে এই হাউসে একটি বিবৃতি দিয়ে আমাদের আশস্ত করবেন।

শ্রীচিত্তরপ্তান বিশ্বাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে সংশ্লিষ্ট দপরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার করিমপুর থানা এলাকায় ইদানিং বর্গাদার উচ্ছেদ ব্যাপকভাবে দেখা দিয়েছে। এই ব্যাপারে একটা বৈশিষ্ট দেখা যাচ্ছে যে আগে কায়েমী স্বার্থের জোভদাররা প্রভ্যক্ষভাবে বর্গাদারদের উচ্ছেদ করতো। কিন্তু এখন দেখছি কংগ্রেসের নেতৃত্বে ঐ এলাকার কায়েমী স্বার্থের লোকেরা সমাজ বিরোধীদের সাহায্যে এই বর্গাদারদের উচ্ছেদ করছে। এই ব্যাপারে আমার মনে হয় পুলিশের এক অংশের মদত আছে এবং প্রশাসনের এক অংশের মদত আছে । এটা যদি চলতে থাকে তাহলে বর্গাদাররা হয়ত প্রতিরোধ আন্দোলনে যেতে বাধ্য হবে এবং এর মধ্যে দিয়ে গ্রামাঞ্চলে অশাস্তির পরিবেশ স্বষ্টি হবে। তাই, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে যথোপযুক্ত ব্যবস্থা নেওয়া হয়।

শ্রীনীরদ রায়চৌধুরী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা জরুরী বিষয়ের উপরে স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত ২ দিন ধরে হাবডা থানার গোবরডাক্ষা শহণ গুণ্ডাদের অধিকারে চলে গেছে। সেথানে গুণ্ডারা তাণ্ডব চালাচ্চে, শত শত বোমা মারছে। সমস্ত বাজার-ঘাট বন্ধ হয়ে গেছে। ষ্টেশানে ছই দিন ধরে লোক নামতে পারছে না। পরশু দিন বিকাল ৫টা পেকে রাত্রি ১২টা পর্যন্ত গাড়ী ষ্টেশানে দাঁড়াতে পারেনি গুণ্ডাদের অত্যাচারে। গুণ্ডারা ষ্টেশান এলাকা বেছে নিয়েছে। রেল বাজার, ষ্টেশান এলাকা, গোবরডাক্ষাহারড়া এলাকায় তাণ্ডব চালাচ্ছে। ঘটনায় প্রকাশ যে বাস্থাদেব ভট্টাচার্য ওরফে হেডু, তিনি হচ্ছেন স্বত্রতবাবুর সাগরেদ। ওথানকার যুব কংগ্রেসের সভাপতি তাকে সোমেন বাবুর লোকেরা ষ্টেশান এলাকায় ধরে মারে এবং তার জামা-কাপড় ছি ডে দেয়। এই ঘটনাকে কেন্দ্র করে ওথানকার জনজীবন ২ দিন ধরে বিপর্যন্ত হয়েছে। সাধারণ মাহুষের দাবী হচ্ছে, আগেও গোবরডাকায় কতকগুলি খুন হয়েছে, আবার কতকগুলি খুন হবে, তারা চলাকেরা করতে পারবে না। যারা নিত্য যাত্রী তারা অফিস যেতে আসতে থারছে না। তাদের সারা রাত্রি অন্ত জায়গায় থাকতে হচ্ছে। কাজেই এই গুণ্ডাদের বিরুদ্ধে যাতে সরকার ব্যবস্থা গ্রহণ করেন এবং গোবরডাকায় যাতে শাস্তি ফিরে আসে তার জন্ম স্বরাষ্ট্র মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Abdur Rauf Ansari: Mr. Speaker, Sir, I want to draw the attention of the Hon'ble Chief Minister through you about the political epidemics that have developed in Calcutta and in West Bengal. In the city of Calcutta peace committee and citizens' committee are creating havoc on the one hand and on the other, the police administration has been paralysed. Congress workers are tortured. Police are being dictated by these committees. In most of the places power of this committee goes to the hands of criminals against whom many criminal cases are pending. They are the members of this so called peace committee and citizens' committee. If such committees are allowed in the name of peace committee and citizens' committee of the city that will definitely destroy the actual peace of the citizens, because in the garb of these committees—
I find the C. P. M. supporters and the anti-socials and they are moving in the city—they are creating havoc. So, I would request the Hon'ble Chief Minister to stop this for the cause of peace and tranquility of the city.

[1 20—1-30 P.M.]

শ্রীআবস্থল মাল্লান ঃ মি: স্পীকার স্থার, আমি যে বিষয়টি মেনশন করতে চেয়েছিলাম সেটা হচ্ছে ক্লাশ নাইনের ছাত্র-ছাত্রীরা অঙ্কের বই পার্চ্ছে না এবং সে জত্য ভারা গুবই সমস্থায় পড়েছে। আমি এ ব্যাপারে একটা কলিং এ্যাটেনসন মোশান তুলেছিলাম, আপনি অন্ত্রহ করে সেটা এ্যালাও করেছেন, সেইজন্ম এ ব্যাপারে আমি এখন আর কিছু বলছি না, ১৩ ভারিখ উত্তর পাওয়ার পর আমি আবার বলব।

শ্রীশচীন্দ্রনাথ হাজরাঃ মাননীয় স্পীকার মহাশয়, গ্রামাঞ্চলে এখন আলু উঠেছে, কিন্তু ক্ষকরা আলু বাজারে বিক্রি করতে পারছে না। কারণ তারা অতিরিক্ত বেশী দামে সার কেনার ফলে তাদের চাষের থরচ বেশী হয়েছে। এই অবস্থায় খাতে পঞ্চায়েতের মাধ্যমে তাদের কাছ থেকে আলু কেনা যায় তারজন্ম সংশ্লিষ্ট বিভাগকে বিশেষ ব্যবস্থা গ্রহণ করতে আমি অন্পরোধ করছি।

**জ্রীযোখীলাল মণ্ডলঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্ব-পূর্ণ বিষয়ের প্রতি স্বরাষ্ট্র (পূলিশ) মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্থার, গত ২১ তারিখ মালদহ জেলার বুলবুল-চণ্ডী গ্রামের এক বাড়িতে ডাকাতি হয়েছে। যথা সময়ে পুলিশকে থবর দেওয়া হয়েছিল, কিন্তু পুলিশ সেথানে গিয়ে পৌছয়নি। এর ফলে ডাকাতদের গুলিতে বাড়ির মালিক নিহত হয়েছেন। পরের দিন পুলিশ সেথানে গিয়ে পৌছলে সেথানকার জনতা উত্তেজিত হয়ে পড়ে এবং পুলিশ সেথানে জনতার ওপর গুলি চালায়। ফলে পুলিশের গুলিতে সেথানে চারজন মুবক প্রাণ হারিয়েছেন। আমি বিষয়টির প্রতি মাননীয় য়রায়্ট-মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং তাঁকে অন্থরোধ করছি তদস্ত করার জন্ম যে, পুলিশ কেন সেথানে গুলি চালায় এবং ঠিক সময়ে থবর দেওয়া সত্তেও কেন তারা সময়-মত সেথানে যায়নি।

শ্রীজাতাহার রহমানঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জঙ্গরী বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করিছ। সম্প্রতি ভগবানগোলা থানার কোলান গ্রামের ওপর কিছু ত্বু ও মারাত্মক অস্ত্র-শস্ত্র নিয়ে আক্রমণ করে, ঘর বাড়ি লুঠপাট করে এবং একজন মহিলাকে তীরবিদ্ধ করে। এই রকম অবস্থায় বৈখনাথ পাল এম. পি.'কে থবর দেন দে, ওথানে তাদের দলের মানে কংগ্রেম (ই) দলের আবত্বল হালিমকে সি. পি. এম-এর লোকেরা খুন করেছে এবং লাস গায়ের করেছে। পুলিশ সেথানে সরেজমিনে তদন্ত করতে এসে দেখে হালিম সাহেব যথারীতি শুণ্ডা দলকে সংগঠিত করে ঐ গ্রামে লুঠ-পাট করছে। এই অবস্থায় পুলিশ তাকে তাড়া করলে, সে দল-বল নিয়ে পালিয়ে যায় এবং এখন সে বহাল তবিয়তে ঘুরে ফিরে বেড়াচ্ছে, শুণ্ডা দলকে সংগঠিত করার চেষ্টা করছে। মাননীয় স্পীকার মহাশয়, অত্যন্ত আশ্চর্যের বিষয় যে শুণ্ডা বাহিনী গ্রাম লুঠপাট করল, একজন মহিলাকে জথম করল সেই শুণ্ডা বাহিনীর একজনকেও আজ পর্যন্ত পুলিশ গ্রেপ্তার করেননি। তাই আমি আপমার মাধ্যমে বিষয়টির প্রতি স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করিছে, শুণ্ডাদের গ্রেপ্তারের দাবী করছি এবং অবিলম্বে এলাকায় শাস্তি যাতে ফিরে আসে তার ব্যবস্থা করার জন্ম অন্তর্যাধ করিছ।

শ্রীক্তয়ন্তর্কুমার বিশ্বাসঃ মাননীয় স্পীকার মহোদয়, আপনি নিশ্চয়ই গত পরশু দিনের থবরের কাগজে দেখেছেন যে, লালবাজারে ত্'দল পুলিশ কর্মচারীর মধ্যে ( তু'টি ইউনিয়নের মধ্যে ) সংঘর্ষ হয়েছে। ঘটনাটি রাজ্য পুলিশ প্রশাসনের পক্ষে অত্যন্ত মারাত্মক এবং রাজ্য পুলিশ প্রশাসন যেতাবে চলছে তাতে আমাদের মনে হয় তবিদ্যুতে আরো বড় রকমের ঘটনা ঘটার ক্ষেত্রে এই ঘটনা একটা স্ত্রে মাত্র। কারণ আজকে বিভিন্ন জেলায় যেতাবে পুলিশ প্রশাসন চলছে—পুলিশ এগাসোসিয়েসন এবং নন্-গেজেটেড কর্মচারী এ্যাসোসিয়েসন তাদের ত্তি পক্ষের মধ্যে যে রেষারেষি এবং প্রতিযোগিতা চলছে তাতে প্রতিটি জেলায় এস. পি রা এবং অন্যান্ম কর্তারা সার্কাসের দড়ির খেলার মত রোপ্ ডাঙ্গান্ধ করে পুলিশ প্রশাসন চালাছেন।

কনষ্টেবল থেকে শুরু করে সমস্ত বদীলির ক্ষমতা এ্যাসোসিয়েসনগুলির এবং তাদেরই নির্দেশ অন্থ্যায়ী এস. পিকে নির্দ্ধারণ করতে হয়। স্বভাবতই এক মারাত্মক পরিস্থিতির দিকে অগ্রসর হচ্ছে। এ বিয়য়ে আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি। আঞ্চকে তাদের রেষারেষি এমন একটা পর্যায়ে চলে গেছে যে এর ফল ভবিষ্যতে মারাত্মক হতে পারে। লালবাজারের ঘটনটা বিক্ষিপ্ত ঘটনা নয়, প্রত্যেক জেলায় সদরে এই ঘটনা ঘটছে। শুধু তাই নয়, প্র্লিশ এ্যাসো-সিয়েসানকে গাড়ী দিতে হয়, সরকারী ভিহিকিল তারা দাবী করে এবং এই দাবী শূএম. পি. কে মঞ্জুর করতে হয়। তারা যেসব সভা-সমিতি করবে তারজন্ম তারা ছটে দাবি করে এবং তা মেনে নিতে হয়। এই ধরনের ব্যবস্থা পুলিশ প্রশাসনের অভ্যন্তরে চলছে। এটা একটা মারাত্মক ঘটনা। এই কারণে আমি মাননীয় মৃখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, অবিলম্বে যদি সভর্কতামূলক ব্যবস্থা না নেওয়া হয় তাহলে ভবিশ্বতে মারাত্মক ঘটনা ঘটতে পারে।

ডাঃ মানস ভূঁইয়াঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আমার পূর্ববর্তী বক্তা শ্রীজয়ন্ত কুমার বিশাস মহাশয় যে পরিস্থিতির উল্লেখ করলেন সেটাকে যদি গ্রামের দিকে টেনে নিয়ে যাই তাহলে দেখবো মেদিনীপুর জেলার প্রত্যেকটি মহকুমার বিশেষ করে সদর সাউথ এবং ঘাটাল মহকুমার প্রতিটি থানায় পূলিশ ইউনিয়ানের এই দলবাজি প্রচণ্ডভাবে চলছে। এর ফলে প্রশাসন পঙ্কু হয়ে পড়ছে। আপনি শুনলে অবাক হয়ে যাবেন, মেদিনীপুর সদর সাউথ সাব-ডিভিসানে ৫১ হাজার গ্রেপ্তারী পরোয়ানা পড়ে আছে থানাগুলিতে, তারমধ্যে আমার বিধানসভার নির্বাচন কেন্দ্রে সবং থানায় সাড়ে ৯ হাজার গ্রেপ্তারী পরোয়ানা পড়ে আছে। ৬ নং অঞ্চলে একজন নির্বাচিত পঞ্চায়েত সদস্য তিনি একজন প্রাথমিক শিক্ষক তিনি যথন সবং বাজারে বাজার করতে যাচ্ছিলেন তখন তাকে ৫ কেজি মাছ চুরি করেছে এই অপরাধে জড়িয়ে দিয়ে গ্রেপ্তার করা হলো অথচ থানায় সাড়ে ৯ হাজার গ্রেপ্তারী পরোয়ানা পড়ে আছে। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। মেদিনীপুর ক্রমি প্রধান জেলা, এখানকার শান্তি শৃংখলা গ্রামীন উন্নয়নের কাজ বজায় রাখতে গেলে এই ধরনের সমন্ত সমাজবিরোধী এবং তৃস্কৃতিকারীদের যাদের বিকদ্ধে গ্রেপ্তারী পরোয়ানা আছে বিশেষ করে যারা মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির সঙ্কে যুক্ত তাদেরকে অবিলম্ব গ্রেপ্তার করার জন্ম মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে অন্তরোধ করিছি।

শ্রীলক্ষণচন্দ্র শেষ্ঠ ঃ মাননীয় স্পীকার স্থার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। বেশ কিছুদিন ধরে দেখছি বাঙ্গারে খৃচরে। পরসার সংকট দেখা দিয়েছে এবং এতে করে ক্রেতা সাধারণের খুব অস্কবিধা হচ্ছে। মাননীয় রেলমন্ত্রী খুচরে। পরসার সংকট হয়েছে এই অস্কুহাতে রেলের ভাড়া ৫০ পরসা থেকে ১ টাকা করলেন। আমাদের এইভাবে চাপ স্বষ্টি করে বেশী দামে জিনিষপত্র কিনতে বাধ্য করা হচ্ছে। কেন্দ্রীয় সরকার ব্যবসায়ীদের কাছে আত্মসমর্পন করছে। আমি অবিলম্বে এর প্রতিকারের জন্ম আপনার দৃষ্টি আকর্ষণ করেছি।

প্রিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৮২ সালে ১ আগষ্ট নরঘাটে মাতঙ্গিনী সেতু উদ্বোধন করা হয়েছে এবং এতে করে দীঘা থেকে কলকাতার ত্রম্ব ৮৫ টু ১০ কিঃ মিঃ কমে গেছে। কিন্তু সঠিক-

ভাবে বাস চলাচল-এর জন্ম রুট পারমিট দেওয়া হচ্ছে না। এক শ্রেণীর মালিক মিটিং করে এইসব করেছেন। কংগ্রেস নেতারা যাচ্ছেন, তাদের সঙ্গে মিটিং করছেন যাতে বাস না চলে। এমন অবস্থা হয়েছে যেগুলির টেম্পোরারী পারমিট আছে সেই বাসগুলির সঠিক শাস্তি বিধান না থাকায় সেই বাসগুলি সময় মত চলাচল করছে না। এমনকি মেছেদা থেকে দীঘা এবং দীঘা থেকে মেছেদার বাস সন্ধ্যা ৭টার পর বন্ধ হয়ে যাচ্ছে।

#### [ 1-30-1-40 P. M. ]

সেথানে একটা জটিলতা স্কৃতির চেষ্টা চলছে। স্থানীয় কংগ্রেস নেতারা এই সব করছেন। সেথানে যাতে স্কৃত্র্বাবে বাস চলাচল হয় সেইজন্ম আমি পরিবহন মন্ত্রীমহাশয়ের দৃষ্টি এই বিষয়ে আকর্ষণ করচি।

শ্রীনটবর বাগদীঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি সোনার ব্যাপারে মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পুকলিয়ার কুমারী নদীতে দৈনিক প্রায় ২/৩ হাজার লোক সোনা সংগ্রহের কাব্দে ব্যন্ত থাকে। আমি শুধু এইটুকু বলতে চাই যে সরকারের তরফ থেকে যথাযথ অহুসন্ধান চালিয়ে দেখা হোক কি পরিমাণ সোনা নদীর জলে আছে। এটা অহুসন্ধান যদি করা হয় তাহলে আমার মনে হয় জাতীয় অর্থনীতির ক্ষেত্রেও সেটা একটা প্রচণ্ড লাভজনক ব্যাপার হবে। তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি।

**ত্রীকাশীনাথ মিত্রাঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটা হল, এই বামফ্রন্ট সরকার ৭ বছর হল, এবং বাঁকুড়া জেলায় এই ৭ বছরে যে উন্নয়নমূলক কাজগুলি অব্যাহত নাই। সেথানে প্রশাসনিক গাফিলতীর ফলে সরকারী ঘোষিত যে কাজগুলি সেগুলি আজ পর্যান্ত কার্য্যকরী হচ্ছে না। এক নম্বর হচ্চে থাতরাকে মহকুমা করার কথা ছিল, সেই বিষয়টি আজ পর্য্যন্ত কার্যকরী করা হল না। ২ নম্বর হচ্ছে ছাতনা, ছাতনায় একটা ইয়ুথ হোষ্টেল করার কথা ১৯৭৮ সাল থেকে ঘোষণা করা হয়েছিল, কিন্তু সেটা কোন অদুশ্য চাপে বন্ধ আছে। এটা এখন পর্যান্ত উপলব্ধি করতে পারছি না যে কেন সেটা হচ্ছে না ৷ আপনি শুনলে অবাক হয়ে যাবেন, দ্বারকেশ্বর নদীতে রাজগ্রাম সেতু যেটা কেন্দ্রীয় সরকার পৌর এলাকাগুলিতে যে টাকা দিচ্ছেন সেই টাকা এবং রাজ্য সরকারের ৫২ লক্ষ টাকা পাওয়া সত্ত্বেও এখন সেই কান্ধ আরম্ভ করা হলনা। আরও অবাক হবেন-এখানে মাননীয় মন্ত্রীমহাশয় তাঁর ভাষণে বলেছেন—নবানা জয়ক্বফপুর এবং ছাতনা কেজাকুড়ার ১৫ কিলোমিটার রাম্ভাটি মাত্র ৫ কিলোমিটার পীচ হয়েছে যেটা সব রাম্ভাটা পীচ হবার কথা ছিল। রাস্তাটির জন্ম ইতিমধ্যে ৪ লক্ষ ৬ হাজ্কার টাকা থরচা হয়েছে, সেটি অর্থসমাপ্ত হয়ে পড়ে আছে। আমি দেখছি সরকার যেসব উন্নয়নমূলক পরিকল্পন। গ্রহণ করেছিলেন বাস্তবে প্রশাসনিক গাফিলতীর জন্ম টাকা থরচ করেও কার্য্যকরী হচ্ছে না। তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীবলাই বন্দ্যোপাধ্যায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, ছগলী জেলায় প্রায় লক্ষাধিক ক্ষেত্রমজুর কাজের অভাবে উপবাদে দিন যাপন করছে। তগলীতে অন্যান্য বছর এই সময়ে বোরো চাষ হয়ে থাকে ডি. ভি. সি.-র জল নিয়ে। এবারে ডি. ভি. সি. মাত্র ২৫ হাজার একরে জল দিতে পেরেছে। কাজেই এখন চাষ বাসের কোন কাজ নেই। তারা উপবাদে দিন যাপন করছে। সরকারকে অনতিবিলম্বে উদ্যোগ গ্রহণ করতে হবে কোন না কোন প্রকল্পের মাধ্যমে। এখন পঞ্চায়েতের হাতে কোন টাকা নেই। ওভার ড্রাফটের যে নীতি কেন্দ্রীয় সরকার গ্রহণ করেছেন তাতে পঞ্চায়েতের হাতেও বিশেষ টাকা পয়সা না থাকায় তারা তাদের টাকা দিতে পারছে না।

এই রকম কঠিন অবস্থার মধ্যে পড়ে গ্রামাঞ্চলের ঐ সমস্ত ক্ষেত্মজুররা অশেষ তুঃথ ভোগ করছে। সেইজন্ম আমি সরকারকে বলবো যাতে প্রতিটি পরিবারকে এক কেজি থাল্যশশু বিনামূল্যে দেওয়া যায় তারজন্ম কেন্দ্রীয় সরকারের কাছে দাবী জানান হোক। তা নাহলে ঐ সমস্ত ক্ষেত্তমজুররা মারা যাবে। আজকে একটা ভয়াবহ অবস্থা চলছে সেথানে। আশা করি রাজ্য সরকার এ বিষয়ে দৃষ্টি দেবেন।

**্রীঅনিল মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় খালমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে রেলের নীতির ফলে মালদহ এবং পশ্চিম দিনাজপুর জেলায় থাত্য-সংকট ভয়াবহ আকার ধারণ করেছে। এর কারণ হোল, ঐ এলাকায় রেলওয়ের রেক পৌছোচ্ছে না। ওথানে একটা এফ. সি. আই-এ গোডাউন আছে। দেখানে মালদহ রেলওয়ে স্টেশন থেকে রেক্ যেতো। কিন্তু কিছুদিন পূর্বে রেলওয়ে কত্র্পক্ষ দেখানে রেক্ যাওয়া নিষিদ্ধ করেছে রেল লাইন রিপোয়ার করবার অজুহাতে। কিন্তু তারপর ২ মাস অতিক্রান্ত, আজও সেই লাইন রিপেয়ার হোলনা। ফলে রেলের রেক্ও যাচ্ছে না। এর ফলে সেথানে থাত্য সরবরাহের ক্ষেত্রে একটা বিরাট সঙ্কট দেখা দিয়েছে এবং যে অবস্থা স্পষ্ট হয়েছে তাতে যেসব কর্মচারী রয়েছেন উাদের কর্মচাত হবার একটা সম্ভাবনা দেখা দিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর পেছনে রাজনীতি আছে। সেই রাজনীতি হোল—আগে ওখানে আই. এন. টি. ইউ. সির ইউনিয়ন ছিল। বর্তমানে ওখানকার কর্মচারী যারা কংগ্রেসের রাজনীতি গ্রহণ করেনি তাঁদের একটু সমধে দেবার জন্ম ওখানকার কংগ্রেসী নেতা, বর্তমানে কেন্দ্রে মন্ত্রী হিদাবে যিনি আছেন, তিনি রেল লাইন সাড়াবার অজুহাতে রেক বন্ধ করে এই থাত্য সঙ্কট স্পটি করেছেন। আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অমুরোধ করছি বিষয়টির প্রতি গুরুত্ব দিতে।

মিঃ স্পীকার ঃ অচিস্কাবাব্, এই বিষয়ের উপর কোন ষ্টেটমেন্ট কি আজকে রাথরেন ?
A P(81-1/84)—40

**ঞ্জিঅচিন্ত্যকৃষ্ণ রায়:** আজ আমি এর উপর কোন ষ্টেটমেণ্ট রাধছিনা, আগামী ৮.৩.৮৩ তারিখে আমি উত্তর দেবো।

**এউপেন্দ্র কিছু** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একট্টি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় সেচ-মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

বিষয়টি হচ্ছে—গতকাল থেকে কংসাবতী জলাধার থেকে জল দেওয়া বন্ধ করে দেওয়া হয়েছে, যার ফলে রায়পুর, শিমলাপাল, রাণীবাঁধ, গোয়ালতোড় প্রভৃতি এলাকার ৬ হাজার একর বোরো ধানের ফসল নষ্ট হবার আশক্ষা দেখা দিয়েছে। তাই আপনার মাধ্যমে দাবী করছি যে এই সিদ্ধান্ত পুনর্বিবেচনা করা হোক। সেচ বিভাগ থেকে বলা হয়েছে যে ক্যানেল রিপেয়ারের কারণে জল দেওয়া যাছে না। কিন্তু গত বছরও আমরা দেখেছি যে মার্চ-এপ্রিল পর্যন্ত জন দেওয়া হয়েছে এবং তারপর রিপেয়ার করা হয়েছে। কাজেই এ-বছরের এই সিদ্ধান্ত ঠিক হয়নি। এই সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্ম দাবী জানাছিছ।

শ্রীস্থভাব গোস্থামী । মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষাদপ্তরের মন্ত্রী মহাশয়কে ধন্তবাদ জানাচছি। কারণ এ বছর প্রাথমিক স্তরে যে সমস্ত পাঠ্য পুস্তক স্কলে সরবরাহ করার কথা তা বেশিরভাগ জায়গায়ই পৌছে গেছে, ঘাটতির পরিমাণ খুবই নগতা। এই সক্ষে একটি বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে— ষষ্ঠ শ্রেণীর ইংরেজী বই এবং নবম শ্রেণীর গণিত বই যা এ বছর মধ্যশিক্ষা পর্ষদ প্রকাশ করেছে— সেগুলো পাওয়া যাছে না। সেগুলো কলেজ স্ত্রীট মার্কেটে অনেক বেশী দামে ছেলেদের কিনতে হচ্ছে। ষষ্ঠ শ্রেণীর বইটি যার নির্ধারিত দাম ৪ টাকা, সেটা ৭.৫০ পয়সায় বিক্রী হচ্ছে।

#### [1-40-1-50 P.M.]

আর নবম শ্রেণীর গণিত বই যেটার মূল্য ৭.৮০ টাকা, সেটা কিনতে হচ্ছে ১১ টাকা দাম দিয়ে। সবচেয়ে মজার কথা হলো এই বই প্রকাশ হতে দেরী হওয়ায় নবম শ্রেণীর গণিত বই এর বিকল্প বই "গণিত সমাধান" নামে বাজারে বেরিয়ে গেছে এবং কিছু কিছু স্কুলে সেই বই পড়ানো হচ্ছে। সেই সম্বন্ধে কোন ব্যবস্থা করা হচ্ছে না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং দাবি করছি যাতে সত্তর হোলসেল কনজিউমারের মাধ্যমে জেলায় জেলায় এই বইগুলি সরবরাহের ব্যবস্থা করা হয়।

শ্রীদীনবন্ধু মণ্ডলঃ নাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে কিছু বক্তব্য রাথতে চাই। আপনি জানেন বৈ হলদিয়া একটা গুরুত্বপূর্ণ জায়গা, এথানে নানা কল-কারথানা আছে। সেইজন্ম হলদিয়ায় জল সরবরাহ করার প্রয়োজন আছে। হলদিয়ায় জল সরবরাহ না করলে সমস্ত শিক্ষপ্তলি সংকটের মূথে পড়বে। পশ্চিমবাংলার এই সরকার জল

সরবরাহের একটা বিরাট প্রকল্প গ্রহণ করেছেন। এই প্রকল্পের কাজ রূপনারায়ণ এবং গেঁয়থালি থেকে সরবরাহ করা হবে। এরজন্ম ৪টি মৌজা সরকার অধিগ্রহণ করেছেন কাজ শুরু করার জন্ম। কিন্তু অত্যন্ত হৃংথের সংগে বলতে হচ্ছে এই প্রকল্পের কাজ যাতে তাড়াতাড়ি না হয় সেইজন্ম কংগ্রেস বন্ধুরা সেথানে সন্ধাস স্বাধী করছে। আমি উল্লেখ করে বলতে পারি এইখানকার গ্রাম পঞ্চায়েতের যিনি সদস্য কমরেড অমিয় প্রামাণিক তার বাড়ি তছনছ করে এবং আমাদের পার্টি অফিস ভাঙ্গচুর করে। যাতে সেখানে সন্ধাল বন্ধ হয় সেইজন্ম আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই এবং আমি জানি অনেক কং (ই) এম. এল. এ. এই কাজ করার জন্ম ওখানে গিয়েছিলেন এই কাজের উৎসাহ দেবার জন্ম।

শ্রীকজনে আজিম মোলা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুষপূর্ণ বিষয়ের আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সাউথ ক্যালকাটায় সাধারণত নেদাস ডিসট্রিবিউটার্স এবং অমর এনটারপ্রাইজ কুকিং গ্যাস সরবরাহ করে থাকে। পার্কসার্কাস থেকে স্থক্ষ করে দেশপ্রিয় পার্ক পর্যন্ত হাজার হাজার কনজিউমার এই কুকিং গ্যাস ব্যবহার করে। কিন্তু তৃংথের বিষয় ইউ. টি. ইউ. সি ১৪ই ক্ষেক্রয়ারী থেকে ঘেরাও করে রেথেছে। ফলে সেখানকার কনজিউমাররা কুকিং গ্যাস পাছে না। যে কুকিং গ্যাসের সিলেনডার ৫২.৬৩ টাকায় পাওয়া যেত তার দাম এখন ৭০ টাকায় পৌছে গেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে নিবেদন করবো যেন সরকার এই বিষয়ে পদক্ষেপ নেন।

শ্রীথামিনী ভূষণ সাহ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বেলা আড়াইটার সময় প্রায় কয়েক হাজার স্থতাকল শ্রমিক এসপ্ল্যানেড ইট্রে জমায়েত হচ্ছে। এটা কেন্দ্রীয় সমস্ত টেড ইউনিয়ানের ভাকে তারা আসছে। ২ বছর ধরে তাদের দাবি মালিক পক্ষ মানছে না। ভট্টাচার্য কমিসানের রিপোর্ট সরকার পক্ষ থেকে শ্রমমন্ত্রী স্থপারিশ করা সত্ত্বেও সেই দাবি তারা মানছে না। স্থতরাং সরকারের কাছে অন্থ্রোধ করবো এবং শ্রমমন্ত্রীকে কাছে অন্থ্রোধ করছি যাতে মালিক পক্ষ তাদের দাবি মেনে নের তারজন্ত ব্যবস্থা অবলম্বন করা হোক।

প্রীস্থবেত মুখার্জী: মাননীয় সদস্য যামিনী সাহা মহাশয় যা বললেন সেই ব্যাপারে আমি একমত। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। এখন ক্যাবিনেটের কোন মন্ত্রী নেই, সেইজন্ম আপনার দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই ব্যাপারে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হয়। এটা সর্ব দলের সেন্ট্রাল ট্রেড ইউনিয়ানের মিটিং। এই ব্যাপারে আপনি শ্রমমন্ত্রীকে খবর দিন তিনি যেন ট্রাইপাটাইড মিটিং করে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেন।

**্রিসরল দেব:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্ত উল্লেখ পর্বে যে কথা আপনার সামনে রেখেছেন সেই ব্যাপারে আমি বলতে চাই। হাজার হাজার স্থতাকল শ্রমিক আজকে এসপ্ল্যানেড ইটে জমায়েত হচ্ছে। ২ বছর ক্রমাগত চেষ্টা করা সত্ত্বেও মালিক পক্ষ তাদের সিদ্ধান্তে অনড় বলে তাদের দাবি মিমাংসিত হচ্ছে না। সেইজন্ম আমি আপনার মাধ্যমে শ্রম দপ্তরের ষ্টেট মিনিষ্টার যিনি আছেন তাঁর কাছে আবেদন জানাচ্ছি যেন অবিলম্বে তৃপাক্ষীয় মিটিং ডাকা হয়। এর যদি ফয়সালা না হয় তাহলে সর্বদলীয় কর্মচারী অনির্দিষ্ট কালের জন্ম ধর্মঘটের ডাক দিতে বাধ্য হবে। সেটা যাতে না হয় তারজন্ম আশা করছি আমাদের সরকারের পক্ষ থেকে চেষ্টা করা হবে। বিশেষ করে সরকার পরিচালিত এবং এন. টি. সিমিল পরিচালিত যে সব স্থতাকল আছে সেইগুলি যাতে করে ভট্টাচার্য কমিশনের রিপোর্ট কার্যকারী হয় সেই ব্যাপারে চেষ্টা করবেন।

শ্রীকামাখ্যা চরণ ঘোষঃ মাননীয় সদস্য যামিনী সাহা স্তাকল শ্রমিকরা তাদের বিভিন্ন দাবী-দাওয়ার মীমাংসার জন্ম জমায়েত হচ্ছেন বললেন। এই প্রসঙ্গে আমিও দাবী করছি, ইউনিয়নের সঙ্গে ত্রিপক্ষীয় কমিটির একটা বৈঠকে বসে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় যেন যথায়থ মীমাংসার ব্যবস্থা করেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশান্তি রপ্তন ঘটকঃ এ ব্যাপারে আমরা আগেই গুরুত্ব দিয়েছি। গত ২৯শে ফেব্রুয়ারী তারিথে একটা মিটিং ডাকা হয়েছিল। কিন্তু যেহেতু ঐ তারিথে দেন্ট্রাল গতর্গমেন্টের বাজেট প্রেদের দিন ছিল, সেজতা ওঁরা আগেই জানিয়ে দিয়েছিলেন আসতে পারবেন না। আগামী ৫ই মার্চ তারিথে এই ব্যাপারে আবার একটা মিটিং এর ব্যবস্থা হয়েছে। স্কুতরাং বৈঠক বসবে।

**্রীস্থত্ত মুখার্জী**ঃ আপনাদের পক্ষ থেকে চাপ সৃষ্টি করে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের চেষ্টা করুন। টেক ইট ভেরী সিরিয়াসলি।

মিঃ স্পীকারঃ ই্যা, ব্যবস্থা নেওয়া হবে।

শ্রীসভীশ চন্দ্র বিশাসঃ মাননীয় স্পীকার স্থার, আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে, বিশেষ করে রেলওয়ে মন্ত্রকের কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্থার, প্রাক স্বাধীনতাকালে শিয়ালদহ—গেদে লাইন ছিল পূর্ব ভারতের সঙ্গে যোগাযোগের একমাত্র লাইন। তুংথের বিষয়, আজ পর্যন্ত শিয়ালদহ—গেদে লাইনে বৈছাতিকরণের ব্যাপারে রাণাঘাট পর্যন্ত বৈছাতিকরণ হয়ে পড়ে আছে। শিয়ালদহ ডিভিশনে বৈছাতিকরণের কাজ আজ সমাপ্ত প্রায়। কিন্তু তুংথের বিষয় স্থার, রাণাঘাট থেকে গেদে পর্যন্ত অঞ্চল একাধারে যেমন সীমান্তবর্তী ও উবাস্ত্র অধ্যুষিত, ঠিক তেমনি একটি গুরুত্বপূর্ণ অঞ্চল হিদাবে চিহ্নিত। এথানে সীমান্তের ওপার হতে বহু লক্ষ মান্তব আশ্রম নিয়ে বসবাস করছেন। রাণাঘাটের পর হাঁসথালি, কেন্টগঞ্জ প্রভৃতি অঞ্চলের সরাসরি গেদে লাইনের উপর দিয়েই যোগস্ত্র রয়েছে বিভিন্ন অঞ্চলের সঙ্গে। আমাদের মনে স্থভাবতই তুংথ রয়েছে কেন্দ্রীয় সরকারের উপর। শ্রীমতী

ইন্দিরা গান্ধী নির্বাচন কালে তপশীল জাতি ও উপভাতিদের জন্ম অশ্রু বিসর্জন করেন। উল্লিখিত তিনটি অঞ্চল তপশীলী জাতি ও উপজাতি অধ্যুষিত বলে চিহ্নিত। অথচ এই অঞ্চল উপেন্ধিত রয়েছে। সেজন্ম বলতে হয়, শ্রীমতী ইন্দিরা গান্ধীর ঐ অশ্রু কুন্তীরাশ্রু ছাড়া আর কিছু নয়। রেলওয়ে দপ্তরের তরকে অন্মান্ম বছ অঞ্চলে উন্নয়নমূলক কাজ হয়েছে। কিন্তু রাণাঘাটের পর ইাস্থালি, কেইগঞ্জ প্রভৃতি অঞ্চল আজও উপেন্ধিত। শ্রীমান আনন্দবাবু এখানে বদে আছেন। তিনিও ভাল ভাবে জানেন অঞ্চলটি তপশীল জাতি ও উপজাতি অধ্যুষিত। স্তাকল শ্রমিকদের প্রতি যেমন ভাবে গুরুত্ব দেওয়ার কথা এগানে উঠেছে, ঠিক তেমনি ভাবে যেন এই অঞ্চলে রেলওয়ে লাইনকে বৈছুতিকরণের ব্যাপারে গুরুত্ব দেওয়া হয়। আমি আনন্দবাবুকে অন্থরোধ জানাবো, তিনি যেন আমার মত কেন্দ্রীয় সরকারকে এ বিষয়ে অবহিত করেন। স্বাধীনতার এত বছর পরেও কেন আজ পর্যন্ত এই অঞ্চল অবহেলিত রয়েছে, এর উত্তর কি ওঁরা দিতে পারবেন ? আমি কাগজের লোকেদের কাছে আবেদন করব, অন্যান্থ বিষয় সম্পর্কেও যেন তারা কাগজে ছাপাবার ব্যবন্থা করেন। বিরোধী পক্ষের কেউ চীৎকার করলে কাগজে ছাপা হয়, অথচ এই রকম একটি গুরুত্বপর্ণ বিষয় থবরের কাগজে ছাপা হয় না।

**্রীস্থত্তত মুখার্জী**ঃ অন এ পরেণ্ট অব অর্ডার, স্থার, এখানে খবরের কাগজে কোন সংবাদ ছাপাবার বিষয় নিয়ে বলা যায় কি ?

মিঃ স্পীকারঃ না, তা বলা যায় না। এবারে মোসলেদ্দিন আমেদ বলুন।

[1-50-2-00 P.M.]

শ্রীমসলেদ্দিন আমেদ ঃ স্থার, আপনার মাধ্যমে অমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিম দিনাজপুর জেলার বংশীহারী থানার সংলগ্ন শিবপুর মহীপার রোডটি খুব গুরুত্বপূর্ণ এজন্ম যে এই রাস্তা দিয়ে রায়গঞ্জ এবং বালুঘাটে লোক সরকারী ও অন্যান্ম কাজে যাতায়াত করে। এই রাস্তাটি দৈর্ঘে ২২ কিলোমিটার। এই রাস্তাটি অর্থ সমাপ্ত অবস্থায় পড়ে আছে। ছুংথের বিষয় আজ ১০ বছর হল এই রাস্তা শেষ হল না। এই রাস্তার মাঝ্বখানে একটা বীজ ছিল সেটা বন্ধায় তেঙে যায়। এর ফলে যানবাহন এবং সাধারণ মান্থ্যের দ্র্গতির সীমা নেই। সরকারের গাফিলতির জন্ম এই রাস্তাটি আজ পর্যন্ত শেষ হল না। তাই আপনার মাধ্যমে পূর্ত-মন্ত্রীকে অন্থরোধ করবো জনসাধারণের স্থবিধার জন্ম অবিলম্বে এই রাস্তাটির দিকে দৃষ্টি দিন।

**এ নিবপ্রসাদ মালিকঃ** স্থার, গোঘাটের ভিকদাস জগদ্ধাত্রী স্বরূপনগর উন্নয়ন হিমদরটি আলু মরশুমে বন্ধ করে দেয়া হয়েছে। যাতে অবিলম্বে খোলা হয় এবং আগামী মরশুমে যাতে এসপ্ল্যানেড ইটে জমায়েত হচ্ছে। ২ বছর ক্রমাগত চেষ্টা করা সত্ত্বেও মালিক পক্ষ তাদের সিদ্ধান্তে অনড় বলে তাদের দাবি মিমাংসিত হচ্ছে না। সেইজন্ম আমি আপনার মাধ্যমে শ্রম দপ্তরের ষ্টেট মিনিষ্টার যিনি আছেন তাঁর কাছে আবেদন জানাচ্ছি যেন অবিলম্বে তৃপাক্ষীয় মিটিং ডাকা হয়। এর যদি ফয়সালা না হয় তাহলে সর্বদলীয় কর্মচারী অনির্দিষ্ট কালের জন্ম ধর্মঘটের ডাক দিতে বাধ্য হবে। সেটা যাতে না হয় তারজন্ম আশা করছি আমাদের সরকারের পক্ষ থেকে চেষ্টা করা হবে। বিশেষ করে সরকার পরিচালিত এবং এন. টি. সিমিল পরিচালিত যে সব স্থতাকল আছে সেইগুলি যাতে করে ভট্টাচার্য কমিশনের রিপোর্ট কার্যকারী হয় সেই ব্যাপারে চেষ্টা করবেন।

শ্রীকামাখ্যা চরণ ঘোষঃ মাননীয় সদস্য যামিনী সাহা স্তাকল শ্রমিকরা তাদের বিভিন্ন দাবী-দাওয়ার মীমাংসার জন্ম জমায়েত হচ্ছেন বললেন। এই প্রসঙ্গে আমিও দাবী করছি, ইউনিয়নের সঙ্গে ত্রিপক্ষীয় কমিটির একটা বৈঠকে বসে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় যেন যথায়থ মীমাংসার ব্যবস্থা করেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশান্তি রপ্তন ঘটকঃ এ ব্যাপারে আমরা আগেই গুরুত্ব দিয়েছি। গত ২৯শে ফেব্রুয়ারী তারিথে একটা মিটিং ডাকা হয়েছিল। কিন্তু যেহেতু ঐ তারিথে দেন্ট্রাল গতর্গমেন্টের বাজেট প্রেদের দিন ছিল, সেজতা ওঁরা আগেই জানিয়ে দিয়েছিলেন আসতে পারবেন না। আগামী ৫ই মার্চ তারিথে এই ব্যাপারে আবার একটা মিটিং এর ব্যবস্থা হয়েছে। স্কুতরাং বৈঠক বসবে।

**্রীস্থত্ত মুখার্জী**ঃ আপনাদের পক্ষ থেকে চাপ সৃষ্টি করে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের চেষ্টা করুন। টেক ইট ভেরী সিরিয়াসলি।

মিঃ স্পীকারঃ ই্যা, ব্যবস্থা নেওয়া হবে।

শ্রীসভীশ চন্দ্র বিশাসঃ মাননীয় স্পীকার স্থার, আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে, বিশেষ করে রেলওয়ে মন্ত্রকের কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্থার, প্রাক স্বাধীনতাকালে শিয়ালদহ—গেদে লাইন ছিল পূর্ব ভারতের সঙ্গে যোগাযোগের একমাত্র লাইন। তুংথের বিষয়, আজ পর্যন্ত শিয়ালদহ—গেদে লাইনে বৈছাতিকরণের ব্যাপারে রাণাঘাট পর্যন্ত বৈছাতিকরণ হয়ে পড়ে আছে। শিয়ালদহ ডিভিশনে বৈছাতিকরণের কাজ আজ সমাপ্ত প্রায়। কিন্তু তুংথের বিষয় স্থার, রাণাঘাট থেকে গেদে পর্যন্ত অঞ্চল একাধারে যেমন সীমান্তবর্তী ও উবাস্ত্র অধ্যুষিত, ঠিক তেমনি একটি গুরুত্বপূর্ণ অঞ্চল হিদাবে চিহ্নিত। এথানে সীমান্তের ওপার হতে বহু লক্ষ মান্তব আশ্রম নিয়ে বসবাস করছেন। রাণাঘাটের পর হাঁসথালি, কেন্টগঞ্জ প্রভৃতি অঞ্চলের সরাসরি গেদে লাইনের উপর দিয়েই যোগস্ত্র রয়েছে বিভিন্ন অঞ্চলের সঙ্গে। আমাদের মনে স্থভাবতই তুংথ রয়েছে কেন্দ্রীয় সরকারের উপর। শ্রীমতী

তাঁরা এই বড়যন্ত্রের নায়ক, তাঁরা আজকে ভারতবর্ষকে টুকরো টুকরো করার পরিকল্পনা করেছেন. তাঁর। বিচ্ছিন্নতাবাদের মন্ত্রে ভারতবর্ষের মহামন্ত্রকে ভেকে থান থান করে দেবার পরিকল্পন। করেছেন। সেই মহান নায়ক মুখ্যমন্ত্রীর যে ভাষণ গভর্ণর এনেছেন সংবিধানের ধারা অফুসারে সেই সংবিধানের অবমাননার কোন প্রতিবাদ তাঁরা করেননি। আমি সারকামসট্যানসিয়াল এভিডেন্স দেবার চেষ্টা করছি আমাদের অছিকা ব্যানার্জী এই হাউসে এ্যাডজোর্নমেন্ট মোশান এনেছিলেন, আমরা আশা করেছিলাম যে জ্যোতিবাবু দংবিধান পড়ানর প্রতিবাদ করবেন। কিন্তু তিনি তা করেননি। কিন্তু যথন কিছু এস এফ আই-এর উপর পুলিশ লাঠি চার্জ করে তথন মুখ্যমন্ত্রীর গায়ে জ্ঞালা ধরে, তিনি পুলিশের কাজের প্রতিবাদ করেন। তিনি প্রতিবাদ করতে জানেন, তবে নিজের দলের লোক যদি হয় তাহলে তিনি প্রতিবাদ করেন, কিন্তু অন্যদের বেলায় তা করেন না। এই সারকাম্স্টানসিয়াল এভিডেন্সে আমার মনে হচ্ছে এই নায়করা আজকে ভারতবর্ষকে তেঙ্গে খান খান করে দেবার চেষ্টা করছেন। তাই মাননীয় রাজ্যপাল যে ভাষণ এই সভায় বামফ্রন্ট মরকারের ভাষণ রূপে উপস্থিত করেছেন সেই ভাষণকে আমি সমর্থন করতে পারি না। কারণ, এই ভাষণ অসত্যে পরিপূর্ণ, রামফ্রণ্টের পক্ষে একটা ডিফেন্স উইটনেস ছাড়া আর কিছু নয়, সেজতা এই ভাষণকে সমর্থন করা যায় না। সেই ভাষণ সমন্ধে কিছু বলার আগে মুখ্যমন্ত্রীকে একটা কথা জ্বানিয়ে দিতে চাই যে সমাজ বিরোধী সমাজ বিরোধী বলে আপনারা ज्यत्मक िम्न थरत िष्कात कतरहम। ज्यापनाता रहरमम मण्डलक भमांक विरतांथी वलरहम। তর্কের থাতিরে আমি এটা মেনে নিচ্ছি। কি কারণে বলছেন—হেমেন অর্থ করেছে এবং মাস্কুষের উপর অত্যাচার করছে। এই যদি আপনাদের যুক্তি হয় তাহলে দি পি এম যে পার্টি ফাণ্ড ৩ শো কোটি টাকা করেছে, পশ্চিমবঙ্গের মান্নবের উপর যে অত্যাচার চালাচ্ছে দেই মাননীয় জ্যোতি বোস তো পশ্চিমবঙ্গে সব চেয়ে বড় সমাজ বিরোধী। এতবড় সমাজ বিরোধী মুখ্যমন্ত্রী পশ্চিমবঙ্গে আর কোনদিন আমেনি।

# ( নয়েজ এণ্ড ইন্টারাপসান )

**জ্রীননী করঃ** মি: স্পীকার, স্থার, উনি এখানে কি বলছেন ? স্থনীতিবাবু যা বললেন এইভাবে কি বলা চলবে ?

শ্রীস্থনীতি চট্টরাজ: I know what is parliamentary word and what is unparliamentary—I know better than you. মি: স্পীকার, স্থার, এতক্ষণ আমি যা বললাম আমি প্রমাণ করে দেবার চেষ্টা করব যে বর্তমানে জ্যোতি বস্থর সরকার সি পি এম সরকার আজকে মাহুষের উপর কতটা সঠিক বিচার করছে। স্থার, আমাব কথা বললে ওদের গায়ে অত্যন্ত জ্ঞালা ধরছে, সেজন্য আমার কথায় আসছি না, আমি ওদেরই শরিক ফরওয়ার্ড রকের সাধারণ সম্পাদক অশোক ঘোষের কথায় আসছি।

[2-00-2-10 P·M.]

আমার কথা বলবো না—আমি হয়তো অক্যায়, অসত্য কথা বলতে পারি। অশোক ছোষ মহাশয় পরিষ্কার বলৈছেন যে অক্য প্রদেশে……

( এ ভয়েস: আনপার্লামেন্টারী কথা বলছে স্থার )

আনপার্লামেন্টারী কথা আমি বলি নি। আমি জানি কোন কথা পার্লামেন্টারী, কোন কথা আনপার্লামেন্টারী এবং সেটা আপনার চেয়ে বেশী জানি।

( শ্রীদীপক সেনগুপ্ত বলিতে উঠেন )

মিঃ স্পীকারঃ যদি কোন আনপার্লামেণ্টারী কথা কেউ বলেন সেটা I will expunge this.

শ্রীদীপক সেনগুপ্ত: স্থার, আপনি কলিং দিয়েছেন যে হাউসের মেম্বার নন এমন কোন লোকের সম্পর্কে এথানে রেফারেন্স করা হবে না। He will have no defence. He should not be referred here.

মিঃ স্পীকারঃ এটা তো রুলসেই আছে যে যিনি হাউসের মেম্বার নন, তার বিষয়ে আলোচনা করা উচিত নয় because he is not in a position to defend himself. এটা আমি এই হাউসে বার বার বলে দিয়েছি।

শ্রীস্থনীতি চট্টরাজঃ স্থার, আমি খ্ব বিনয়ের দঙ্গে বলছি যে ফরোয়ার্ড ব্রকের জনৈক বিশিষ্ট নেতা বহরমপুরে পরিকারভাবে বলেছেন যে শুধু পশ্চিমবাংলা নয় সমস্ত ভারতবর্ষে যথন দ্রব্যমূল্য বৃদ্ধি হছে তথন লেফটিষ্টরা আন্দোলন করছে শুধু পশ্চিমবাংলায় তারা তাদের তহবিল বৃদ্ধি করার ব্যবস্থা করছে—তারা চুপ করে বদে আছে। এই কথা বহরমপুরে ফরোয়ার্ড ব্রকের যে সম্মেলন হয়ে গেল তাতে তিনি বলেছেন। দেখনে বলা হয়েছে যে এই পশ্চিমবাংলায় লেফটিষ্ট গভর্পমেন্ট যেরকম কুশাসন, অপশাসন চালাচ্ছে, তা বরদান্ত করা যায় না। আর. এস. পি.-র টিচারস সেল পরিকারভাবে বলেছেন যেটা আমি কাগজে পড়েছি—আমি সেটা আর এখানে পড়ছি না রেফারেক্সম্বরূপ বলছি যে বর্তমানে পশ্চিমবাংলায় ভাইস-চ্যান্দেলার নিয়োগ সম্পর্কেশিক্ষা মন্ত্রী যেসব কথা-বার্তা বলছেন তা আমরা সমর্থন করি না। আমি আপনাদের বোঝাবার চেষ্টা করছি যে সি. পি. এম.-এর ক্ষাজ ফরোয়ার্ড ব্রক সমর্থন করে না, আর. এস. পি. ফরোয়ার্ড ব্রকের কাজ সমর্থন করে না। এতো গেল ওদের কথা, আমি সি. পি. এম.-এর কথায় আসছি। আজকে হাউসের মধ্যে দেখলাম যে ফলিং পার্টির এম. এল. এ. বলছেন এই বিধানসভায় যে

পুলিশ নিজ্জিয়। ওরা বলছে কংগ্রেস খুন করছে, আমরা বলছি সি.পি.এম খুন করছে। আর খোদ মুখ্যমন্ত্ৰী জ্যোতি বস্থ বলছেন পুলিশ অপদাৰ্থ। অপদাৰ্থ মুখ্যমন্ত্ৰী-- তিনি নিজে কিনা বলছেন পুলিশ অপদার্থ—তিনিই মাষ্টার ইন অপদার্থতা। এটা এক দিনের ঘটনা নয়। স্থার, আপনি জানেন বুটিশ যথন ভারতবর্ষের শাসন ক্ষমতায় ছিল—তাদের নীতিই ছিল ডিভাইড এণ্ড রুল। কিন্তু তৎকালীয় কংগ্রেস বলিষ্ট হাতে এখানে শায়ত্বশাসন প্রতিষ্ঠা করেছে এবং সেটা করেছিল বৃটিশ সরকারকে উৎথাত করার জন্য। সি. পি. এম. আজকে কি আরম্ভ করেছে ? বেকিং ফ্রম উইদিন, আজকে সি. পি. এম. এ্যাডমিনিষ্ট্রেশনটাকে ভেতরে ঢুকে সর্বনাশ করে দাও, ভেকে খান খান করে দাও, পঙ্গু করে দাও, খুন করার চেষ্টা হচ্ছে, এর একটা উদ্দেশ্য আছে। ওুদের সম্পাদক বলছেন, বিপ্লব চাই। কোন বিপ্লব ? যে বিপ্লবে ৭ বছরে ৩০০ কোটি টাকা নিচ্ছেন— সাত বছরে আমারা কোটি কোটি টাকার যে পার্টি ফাণ্ড করতে পারি। কোন বিপ্লব চাই, ষে বিপ্লবে গ্রামের গরীব মাত্র্য, আসল বর্গাদার উচ্ছেদ হবে, বিচার হবে না। কোন্ বিপ্লব চাই, ষে বিপ্লবে গ্রামের মধ্যবিত্ত চাষী, থেটে পাওয়া চাষী, যার জমির ধান যে বাড়িতে তুলতে পারবে না, যার ফদলের উৎপাদনের অংশ সে পাবে না, এই বিপ্লব ওরা চাইছেন। আমি যে কথাটা বলছিলাম, এই বিপ্লব কার্য্যকরী করতে গেলে—কি করে করতে হবে ? যে প্রশাসন এই ভারত-বর্ষের বুকে ব্রীটিণ শাসন ব্যবস্থার পর আন্তে আন্তে তৈরী হচ্ছিল, সেটাকে ভেঙ্গে দিতে হবে। তার জন্ম কি দরকার? প্রশাসনটাকে ভেঙ্গে দেবার জন্ম কি দরকার? এাাজিটেশন। পাবলিককে এ্যাজিটেটেড করতে হবে। পাবলিককে এ্যাজিটেটেড করতে হলে, কি করতে হবে ? আমরা দেখতে পাচ্ছি পরিকার চিত্র, সময় অল্প, সেই জন্ম শুধু আমি পয়েণ্টগুলো টাচ করে ষাচ্ছি। কি এ্যাজিটেশন এরা করছেন? জনগণের মধ্যে স্তৃত্ত্বড়ি দিছেন। যে মিঃ একা সমাজবিরোধী. মি: এক্স এই, মি: ওমাই এই, - কিন্তু ডিরেক্টলি বলছেন না, বলছেন না, মি. পি. এম. এর বিরোধী এরা। ইনডিরেক্টলি পিপলকে এ্যাজিটেট করার চেষ্টা করছেন এরা। পিপলকে এ্যাজিটেট করে পেনিট্রেট করছে। এ্যাডমিনিষ্ট্রেশনে, পুলিশ যথন সি. পি. এম. এর কথা মত কাজ করছে না, সি. পি. এম. এর কথা মত যগন নিরপেক প্রশাসন ব্যবস্থাকে ভাঙবার জন্ম চেষ্টা হচ্ছে না, তথন কি করছে, জ্যোতিবাবু বলছেন অপদার্থ। জ্যোতিবাবু কি বলছেন। তিনি বলছেন যে পুলিশ রিপোর্ট-Every police report from evry corner should come after proper scrutiny by the local leader এই কথা তিনি বলেছেন। পুলিশ রিপোর্ট আজকে পশ্চিম-বাংলার যে কোন কর্ণার থেকে হোক না কেন, আগে জ্যোতিবারর কাছে আসবে। সেটা কি ভাবে আসছে, কোথায় আসছে জ্রুটিনাইজ হয়ে আসছে কি না, জ্যোতিবাবুর এটা অলিথিত নির্দেশ নয়, এটা তাঁর ডাইরেক্ট নির্দেশ আছে, তিনি বল্রছেন যে কোনও পুলিশ রিপোর্ট আসবে যে কোন কর্ণার থেকে, যে কোন ঘটনার পরিপ্রেক্ষিতে, দেগানে আমাদের কমরেডরা তার মধ্যে ইনভলভ হচ্ছে কি না, আমাদের কমরেডরা এই রিপোর্ট দম্বন্ধে ওয়াকিবহার হয়েছে কি না, সেটা জ্যোতিবাবুকে জানতে হবে। Otherwise that report with not be accepted,

ভূরি ভূরি এই রকম রিপোর্ট আমার কাছে আছে স্থার। হাউদের মধ্যে আমরা কলিং এ্যাটেনশন করেছি, পশ্চিমবাংলার পুলিশ আমাদের কলিং এ্যাটেনশনের পরিপ্রেক্ষিতে যে রিপোর্ট পাঠিয়েছে, জ্যোতিবার সেই রিপোর্ট নাকচ করে দিয়ে ফেরৎ পাঠিয়েছে। এই ঘটনা এই হাউদের মধ্যে আমরা ভূরি ভূরি দিয়েছি এবং দৃষ্টান্ত রাখবার চেষ্টা করেছি। রেজান্টটা কি হবে ? আজকে রাজ্যপালের ভাষণের উপর বিতর্কে এরা এই রকম ভাবে চিৎকার করার চেষ্টা করছেন। किन्द्र जानिर्टिपरिनि तिकारिरो कि रूप्त ? अन्तियवाःना भागान रुप्त घारत । स्मर्टे भागात्मत प्रस्था এরা বিপ্লব আনার চেষ্টা করবেন। পশ্চিমবাংলার আদল কোনও কান্ধ হবে না। এবার আমি কাজের কথায় আসি। পুলিশ এ্যাডমিনিষ্টেশন সম্পর্কে বেশী কথা বলে কোন লাভ নেই। অনেক কথা বলার আছে। এবার আমি কাজের কথায় আসি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে বল্ডি. ১৯৭৭ সাল থেকে ১৯৮৩ সাল পর্য্যন্ত আপনি নিশ্চয়ই লক্ষ্য করে দেখেছেন, আপনি একজন পণ্ডিত লোক, আপনি নিশ্চয়ই অমুধাবন করেছেন, কিন্তু আপনি প্রতিবাদ করতে পারেন নি, যেহেতু সরকার পক্ষে আপনি আছেন। আপনি লক্ষ্য করেছেন, এদের টেণ্ডেন্সিটা কি। কোনও প্রভাকটিভ, উৎপাদন মুখী যে ডিপার্ট মেন্ট, সেখানে এদের কিন্তু কোন থরচ করার পরিকল্পনা নেই। উপযক্ত থরচ করার পরিকল্পনা নেই। এগিয়ে যাওয়ার কোন পরিকল্পনা নেই। আমি এই কথা কেন বলছি স্থার ? আপনি ১৯৭৭ সালে দেখবেন, এগ্রিকালচার ডিপার্ট মেন্ট, স্টেট ইলেকটিসিটি ডিপার্ট মেন্ট, যে সমস্ত উৎপাদন মুখী ডিপার্ট মেন্ট আছে, সেইগুলোতে যে টাকা খরচ হয়েছে বাজেটে, ১৯৭৭/৭৮ সালে, ১৯৭৮/৭৯ সালে যে টাকা ধরা হয়েছিল, তার চেয়ে কম টাকা থরচ করা হয়েছে। এরা থরচ করতে পারছেন না। স্টেট ইলেকট্রিসিটি বোর্ড, ষেটা আগে অটোনমাস বডি ছিল, ষেটা বর্ত্তমানে ডিরেক্টলি কনটোল্ড বাই দি লেফ ট ফ্রন্ট, তার আগে অটোনমাস ছিল, এখন অটোনমি সিজ ড হয়ে গেছে, সেই ডিপার্ট মেন্টেও যেহেতু এই বামক্রণ্ট সরকারের হাত পড়েছে, সেন্ট লৈ ইলেক্ট্রিসিট বোর্ড অথরিটি গ্রামীণ বৈত্বতিকীকরণের জন্ম যে কোটি কোটি টাকা দিয়েছিলেন, তার এরা ওয়ান ফোর্থ খরচ করতে পারেন নি। বাকি টাকা ফেরৎ চলে গেছে। টাকা যদি খরচ করতেন তাহকে গ্রামে বৈত্বতিকীকরণ হতো, লিফ্ট ইরিগেশন হয়ে যেত, ডিপ টিউবওয়েল হয়ে যেত, গ্রামের চাষীর স্থবিধা হতো। গ্রামে তাহলে গণ্ডগোল হতো না। এই জন্ম স্থার, এরা তো চায় না গ্রামের উন্নতি হোক। চেয়ারম্যান মহাশয়, আপনি লক্ষ্য করুন, আমি বোঝাবার চেষ্টা করছি।

# [2-10-2-20 P.M.]

এই সরকার গণম্থী নয়, উৎপাদনম্থী নয়। এই সরকার কি ম্থী ? এই সরকার ধ্বংস স্পষ্টি কারী সরকার, এই সরকার মাহুষের স্বনাশ স্পষ্টিকারী সরকার। এই সরকার জনগণের নিরাপত্তা বজায় রাথতে পারে না, সমাজের শান্তি শৃষ্থলা বজায় রাথতে পারে না, স্বাধীনতার পর কংগ্রেস আমলে গরীবের সংগে মধ্যবিত্তের যে সদ্ভাব বজায় ছিল এই সরকার সেই সন্ভাব বজায় রাথতে পারেনি। এই সরকার গ্রামের থেটে থাওয়া মাহুষের স্থ-

নিজাটুকু বন্ধায় রাখতে পারেনি, গ্রামের চাষী, মধ্যবিত্ত, নিয় মধ্যখিত্ত চাষীদেয় উৎপাদিত ফসল ঘরে তোলার নিরাপত্তা দিতে পারেনি এই সরকার। যে সরকার মাঞ্চযের নিরাপত্তা দিতে পারে না. সেই সরকার কি করছেন ? যে সমস্ত আনপ্রোডাকটিভ ডিপার্টমেন্ট আছে, যেখানে থরচ করলে ভাস্ট ওয়েষ্টেজ হবে, সেথানে খরচ করছেন। এই থরচের মধ্যে এদের একটা উদ্দেশ্য আছে। বিগিনিং থেকেই এদের উদ্দেশ্য হল কি করে পার্টি ফাণ্ড বাড়ানো যায়—সেইজগ্যই আনপ্রোড়াকটিভ ডিপার্টমেন্টে খরচ বাড়িয়ে যাচ্ছেন, যে ডিপার্টমেন্টগুলি উৎপাদনমূগী নয়, দেখানে ক্রমাগত খরচ বাড়িয়ে যাচ্ছেন। স্থার, আপনি পণ্ডিত লোক, এটা আপনি একটু লক্ষ্য করে দেখবেন। স্থার, আমি ১৯৬৭/৬৮ সালের কথা বলচি না। ১৯৭৭ সাল থেকে ১৯৮৩ সাল পর্যস্ত এই কয়েক বচর আপনি একটু লক্ষ্য করে দেখলে দেখনে, যেখানে বাজেটে ৬৭ কোটি টাকা ধরা হয়েছিল সেখানে তার চেয়ে অনেক বেশী টাকা থরচ হয়েছে। এর রিজন কি Y রিজন খুব পরিষ্কার. ৩০০ কোটি টাকার পার্টি ফাণ্ড সৃষ্টি করা –আলিমুদ্দিন ষ্ট্রীটের বিভিন্ন শহরে সহরে সি. পি. এম. বিল্ডিং, গ্রামে গঞ্জে এল. সি. বিল্ডিং ষে তৈরী হচ্ছে, এই টাকা আসবে কোণা থেকে ? তাই ঐ আনপ্রোডাকটিত ডিপার্টমেন্ট, ওতারভাফট, পাবলিক প্রতিডেন্ট ফাণ্ড নয়, স্কুল মাষ্টারদের প্রতিডেন্ট ফাও ইত্যাদি নিয়ে পার্টি ফাও বাড়ানোর চেষ্টা করা হচ্ছে। মাননীয় চেয়ারম্যান মহাশয়, রাজ্যপাল তাঁব ভাষণের মধ্যে কি বলেছেন সেটা আমি বোঝাবার চেষ্ট। করছি, মাননীয় রাজাপাল তাঁর ভাষণের মধ্যে বলেছেন, 'আমি বলতে পার্ছি না আমার সরকার, ইন দি ওপিনিয়ান অব মাই গভর্ণযেন্ট'—এই রকম আমি আগে দেখিনি। রাছাপাল এখানে ভাষণ দিতে এসে বলেছেন, আমার সরকার এই করেছে, ঐ করেছে। কিন্তু এবার বলছেন ইন দি ওপিনিয়ন অব মাই গভর্ণমেন্ট। --আই. এম. এফ. লোন সম্বন্ধে যে কথা বলছেন--আমি একট প্রিষ্কার করে বলি—পলিটিক্যাল ক্রক্তে হয়েছিল, ভারতবর্ষকে ভাঙ্গবার ষড্যন্ত্র হয়েছিল এবং আই. এম. এফ লোন নিয়ে একটা যভযন্ত্র করার পরিকল্পনা ওঠে। কিন্তু বর্তমান ভারতবর্ষের অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেই বাজেটে আই. এম. এফ লোনের কোন ইমপ্যাক্ট নেই। দেয়ার ইজ নো কন্ডিগ্ন ইম্পার্টেড ইন দি আই. এম. এফ লোন। এটা সারো একট পরিন্ধার বলি—রাজ্যপাল এটা জানতে পেরেছিলেন বলেই উন্নিজের ওপিনিয়ন না বলে ইন দি ওপিনিয়ন অব মাই গভর্ণমেন্ট বলেছেন।

অর্থাৎ রাজ্যপাল নিজের মত ব্যক্ত করতে পারছেন না, সরকারের মত ব্যক্ত করছেন আমরা যারা বিরোধী পক্ষে আছি, আমাদের যে মত ব্যক্ত করছি সেট। কি সরকার পক্ষ গ্রহণ করবেন । এটা বাঞ্চনীয় হবে ? বাঞ্চনীয় নম্ন, গ্রহণ করবেন না। ১৯৭২ থেকে ১৯৭৭ সাল আমবা বোঝবার চেষ্টা করিনি। আমরা ভেবেছিলাম কনটিনিউ করে হাব। আমাদের মধ্যে সেদিন কিছু মাহ্য আমরা ভূল করেছিলাম। সেদিন আমরা এটা চিন্তা করিনি। কিন্তু এদের মধ্যেও কিছু মৃথের দল আছেন যারা ভাবছেন আজ মন্ধী আছি, চিরকাল মন্ধী থাকব, সরকারে থাকব। ঐ মৃথের দল হয়ত আরো ভাবছেন মন্ধী হয়ে জয়েছি, মন্ধী হয়েই প্রত্যেকবার সরকার পক্ষে থাকব। তাই আমরা সরকারের যেসব ক্রিটিসিজম করছি, পুলিণ ব্যবস্থার যে ক্রিটিসিজম করিছি ক্লিং পার্টির

সেই সমস্ত এম. এল. এ. রা চুপচাপ বসে শুনছেন, ক্রিটিসিজম করছেন না, আর আনন্দমার্গী পুড়িয়ে যারা চুপচাপ বসে আছেন তারা কিন্তু চীৎকার করছেন, যারা সমাজবিরোধীদের প্রশ্রম দিচ্ছেন তারা কিন্তু চুপচাপ বসে আছেন। আসল বন্ধু যারা তাঁরা জানেন সরকারের উপকার করতে হলে সমালোচনা করা দরকার। তারা কিন্তু সরকারের সমালোচনা করছেন। কেন না সমালোচনার মধ্য দিয়েই ভাল মাহ্যম তৈরী হয় এবং সমালোচনার মধ্য দিয়েই ভূলগুলি সংশোধন করে নিতে হয়—এই হচ্ছে নিয়ম। কিন্তু এরা সংশোধন করবেন না। স্থার, আমি ত্রবার একটু অন্ত কথায় আসছি। স্থার, নৌকা বিলাদের কথা আপনি নিশ্চয় জানেন। ক্রম্বু রাধিকা সহ গোপিনীদের পার করছেন।

কৃষ্ণ ঘথন রাধিকা সহ স্থীদের পার করছিলেন তথন বললেন, আমার খিদে পেয়েছে। সেকথা ভনে এ বলছে আমার হাতে থেতে হবে, ও বলছে আমার হাতে থেতে হবে, সে বলছে আমার হাতে থেতে হবে, সে বলছে আমার হাতে থেতে হবে, সে বলছে আমার হাতে থেতে হবে, সব ভনে কৃষ্ণ একটি কথাই বলেছিলেন, 'আমি যার তার হাতে থাই না সই।' আজকে কলির কেন্তু জ্যোতিবাবৃত্ত পশ্চিমবাংলায় সেই একই কথা বলছেন, 'আমি যার তার হাতে থাই না সই। আমি ভধু সি. পি. এম-এর হাতে থাই। ফরোয়াড রকের হাতে থাই না, আর. এস. পি. র হাতেও থাই না। ভার, এই কথাটা আজকে পরিদ্ধারভাবে পশ্চিমবাংলার মাহুয়ের কাছে ফুটে উঠেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের এই ভাষণ তাঁর ভাষণ নয়, এটা বামক্রণ্ট সরকারের ভাষণ, এই ভাষণে যে কথাটার উল্লেখ নেই সেটা হচ্ছে নিরপেক্ষ পুলিশ অফিসার ও প্রশাসনের অফিসারদের কথা। যারা আজকে মাথা উ চু করে দাঁড়াবার চেষ্টা করছেন এবং তা করে জনগণের পক্ষে কাজ করবার চেষ্টা করছেন—ডিপ টিউবওয়েল, হেল্থ সেন্টার করবার চেষ্টা করছেন—ডিপ টিউবওয়েল, হেল্থ সেন্টার করবার চেষ্টা করছেন, হেথানে ভাক্তার নেই সেথানে ডাক্তার পাঠাবার চেষ্টা করছেন, সি. পি. এম-এর এম. এল. এ যদি খুনের আসামী হন তাহলে তাকে গ্রেহার করার চেষ্টা করছেন তাদের কথা নেই। সেথানে কি রেজান্ট হচ্ছে ৪

যে অফিসার নিরপেক্ষ হবার চেষ্টা করছেন, জনগণের পক্ষে হবার চেষ্টা করছেন তাকে ট্রান্সফার করে দেবার চেষ্টা করা হচ্ছে। পাটনীলের ঘটনার পর আমরা দেখলাম বোলপুরের ঘটনার পর দেখলাম বোলপুরের এস. ডি. ও কে তিন মাসের মধ্যে ট্রান্সফার করে দেওয়া হল। বহরমপুরের ঘটনার পর ডি. এমকে ট্রান্সফার করার পরিকল্পনা করা হল, আর মেদিনীপুরের এস. পি. র ঘটনা তো আপনি জ্ঞানেন ত্যার। মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে এইসব কথার উল্লেখ নেই। আমরা দেখছি, এথানে নিরপেক্ষ কোন প্রশাসন ব্যবস্থা বা পুলিশ যাবস্থা থাকতে পারবে না। তারপর বিহাত ব্যবস্থা যে ভেক্ষে পড়েছে, স্বাস্থ্য ব্যধস্থা যে ভেক্ষে পড়েছে, শিক্ষা ব্যবস্থা যে তেকে পড়েছে সে কথার ও উল্লেখ নেই। শিক্ষার ব্যাপারে আমি বেশী কথা বলব না, আমার বন্ধুরা বলেছেন, আমি শুধু অল্প কয়েকটি কথা বলব। আমি ডিসপ্যারিটির কথা বলব। ওদিকে আমাদের বন্ধু, প্রিজিপ্যাল মহাশয়, পণ্ডিত লোক, তিনি বন্ধে আছেন, তিনি জ্ঞানেন, একটা কলেক্ষে প্রিজিপ্যাল এ্যাপয়েন্ট করতে গেন্সে তারজক্ত কন্ত পারন্ধন্ট মার্কম লাগে। সেখানে কলেজ

সার্ভিস কমিশন ঠিক করে দিয়েছেন কত পারসেন্ট মার্কস এম. এ. তে কত পারসেন্ট মার্কস বি. এ-তে এবং অনার্সে লাগবে। আমি প্রিন্সিগ্যাল মহাশয়কে আপনার মাধ্যমে স্থার, জিজ্ঞাসা করছি, তিনি কি জানেন না রামপুরহাট কলেজের যিনি প্রিন্সিপাল হয়েছেন তিনি এম. এ. তে ৪২ পারসেন্ট মার্কস পেয়েছেন এবং পাশ কোর্স-এ বি. এ পাশ করেছেন, অনার্স নেই? এই অবস্থায় তিনি রামপুরহাট কলেজের প্রিন্সিপাল হয়েছেন। আবার অপর দিকে সিউড়ির বিহ্যাসাগর কলেজের জন্ম কলেজ সার্ভিস কমিশন শ্রীফান্ধনী মুখার্জীর নাম পাঠানো সত্ত্বেও সি. পি. এম-এর গভর্নিং বিভ যেহেত্ তিনি ছাত্র পরিষদ করতেন সেইহেত্ তাকে এাপরেন্টমেন্ট দিলেন না। স্থার, ক্যালকাটা ইউনির্ভার্সিটির ভাইস চ্যান্সেলারের ব্যাপারে একটি কথা বলতে চাই, এ ব্যাপারে আর. এস. পির টিচার্স্রাণ্ড আমাকে সমর্থন করেছেন। এই ভাইস চ্যান্সেলারের পোইটা একটা প্রফিটেবল পোই এবং সি. পি. এম এটাকে পারার জন্ম উঠে পড়ে লেগেছিল। শিক্ষার মান আন্ধকে নেমে গিয়েছে। কোলকাতা বিশ্ববিদ্যালয়ে যে ঐতিহ্য তা আজ ভূলুন্টিত। কেন স্থার ?

## [ 2-20-2-30 P. M. ]

যে শতরার্ষিকী ভবন আছে, সেই শতরার্ষিকী রেনোভেশানের জন্ম যেথানে থরচ হওয়া দরকার ছিল মাত্র ৪ লক্ষ টাকা, সেখানে সেই শতরার্ষিকী ভবন রেনোভেশানের জন্ম ৫০ লক্ষ টাকায় নিজের আন্মীয় কন্টাক্টরকে দেওয়া হয়েছে। আজকে ঐ ৫০ লক্ষ টাকার বাকী টাকাটা কোথায় গেল এবং কেন গেল ? আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে বলছি যে বর্তমান সরকার রাজ্যপালের মাধ্যমে যে ভাষণ রেখেছেন, কি শিক্ষা ক্ষেত্রে, কি কৃষি ক্ষেত্রে, কি স্বাস্থাক্ষেত্রে, কি আইন-শৃঙ্খলার ক্ষেত্রে, কি জেনারেল প্রশাসনের ক্ষেত্রে, সব দিক থেকে ব্যর্থ হয়েছে। এটা আমার কথা নয়, এটা শরিকী দলের কথা। এটা আমার কথা নয়, ওদেরই মাননীয় ম্থামন্ত্রী, যিনি অপদার্থতার সঙ্গে পশ্চিম বাংলাকে চালাছেন, তাঁর নিজের কথা। তার ডিপটমেন্টের কর্মীরা অপদার্থ হয়ে গেছে। আজকে লালবাজার ছেডকোয়ার্টারের মধ্যে পুলিশে পুলিশে সংঘর্ষ হছে এবং পুলিশ মন্ত্রী সেখানে কোন ব্যবস্থা করছেন না। তিনি কো-আর্ডিনেশান ক্মিটিকে সমর্থন করছেন। আমি আপন্যর মাধ্যমে অতি বিনয়ের সঙ্গে জানাতে চাই যে বামক্রণ্ট সরকারের নিজেদের অপদার্থতা, কৃকীর্তি ঢাকবার জন্ম রাজ্যপালের মাধ্যমে যে ভাষণ এখানে উপস্থিত করেছেন, সেই ভাষণকে আমি সমর্থন করতে পারছি না। জয়হিন্দ। বন্দেমাতরম্।

**জ্রীগোপালকৃষ্ণ ভট্টাচর্য ঃ** মাননীয় সভাপতি মহাশয়, আমাদের মাননীয় সদস্য শচীন সেন কর্ত্ব আনীত রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবকে সমর্থন করতে গিয়ে ত্ব' একটি কথা বলতে চাই। প্রথমে বলতে চাই, আজকে যিনি আমার আগে এখানে বক্তৃতা করলেন, তার কথা শুনে বলবাে যে পাগলে কি না বলে, আর ছাগলে কি না থায়। কাজেই তার

কথার কোন উত্তর দেওয়ার প্রয়োজনীয়তা আছে বলে মনে করিনা। উনি যে কথা বললেন তাতে এটাই দাঁড়ায় যে বক্ততা দিলেন রাজ্যপাল, আর আসামী হবেন মুখ্যমন্ত্রী। রাজ্যপালকে ওরা আসামীর কাঠগড়ায় দাঁড় করাতে চান না, সেজ্বল্য ওরা এই কাজ করছেন। বক্ততা দিলেন রাজ্যপাল, তার অপরাধের জন্ম দায়ী হবেন মুখ্যমন্ত্রী। এই জিনিস কখনও হয়না, এটা ওদের বোঝা উচিত ছিল। ওর বোঝায় যে ঘাটতি আছে সেটা প্রমাণিত হল। আমি সেজন্য ওর কথার কোন জবাব দিতে চাইনা। আমি শুধ এই কথা বলতে চাই যে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি বা বামপম্বীরা নীতিগত দিক থেকে তারতম্য করেন। আমি একটা ছোট উদাহরণ দিতে চাই। ১৯৬০ সালে যথন এই বিধানসভাতে কমরেড জ্যোতি বস্তকে চীনের দালাল বলে আখ্যা দেওয়া হয়েছিল এবং সেদিন জ্যোতিবাবু বলেছিলেন, 'আমাদের পার্টির যে সিদ্ধান্ত সেই সিদ্ধান্ত আমরা ঘরে এবং বাইরে মর্বত্র বলি এবং এটাই হচ্ছে আমাদের নীতি। এর জন্ম হাজার গুলি তোমরা আমাকে মানতে পার কিন্তু আমার মুখের ভাষা বন্ধ করতে পারবে না'। সে জন্ম আমি এই কথা বলি যে আমরা বামফ্রণ্ট সরকার করেছি নানা রক্ম প্রতিবন্ধকতা, সীমাবদ্ধতার মধ্যে দিয়ে। আমরা বলেচি যে সীমাবদ্ধতা আমাদের আচে। ওরা কথায় কথায় বলেন যে সরকার বারেবারে সীমাবদ্ধভার কথা বলছে। আমি স্থাণ করিয়ে দিতে চাই যে মার্ক্সবাদী কমিউনিষ্ট পার্টি নীতি বিরুদ্ধ কাজ করে না। বামফ্রন্ট জন্ম হওয়ার ১৩ বছর আগে ভারতের কমিউনিষ্ট পার্টির মার্কসবাদী কর্মস্টীতে একথা বলেছে যে পার্টিযদি এমন পরিস্থিতির সম্মুগীন হয় যে জনগণের আন্ত সমস্তাবলি প্রশমনের জন্ম নিরপেক্ষ কোন সরকার প্রতিষ্ঠার স্বযোগ আসে তাহলে নিশ্চয়ই সেই স্কাষোগের সন্ধানহার করবে। এই ধরণের সরকার গঠনের ফলে শ্রমিকশ্রেণীর মধ্যে বৈপ্লবিক আন্দোলনের বিরাট প্রেরণা সঞ্চারিত হবে এবং গণতান্ত্রিক মোর্চা গঠনের জন্ম প্রয়াসী হবে। কিন্তু এই ধরণের সরকার জাতীয়, অর্থ নৈতিক ও রাজনৈতিক সমস্থাবলির গুণগত সমাধান করতে সক্ষম হবে না। স্তত্ত্বাং জনগণের আঞ্চ সমস্যাবলি প্রশমন করতে এবং গণ-আন্দোলনকে শক্তিশালী করতে পারে এমন একটি সরকাব গঠনের সমস্ত স্বযোগকে কাজে লাগিয়ে এই পার্টি বর্তমান বৃহৎ বুর্জোয়া পরিচালিত বুর্জোয়া সরকারের অপসারণ সম্পর্কে জনসাধারণকে শিক্ষিত করতে থাকরে।

মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি এই কথা বলতে চায় যে, একটা সংবিধান সম্মত বৃহৎ বুর্জোয়াদের দ্বারা পরিচালিত রাষ্ট্রকাঠামোর মধ্যে একটা রাজ্য সরকার পরিচালনা করে আলাদা কোন নীতিতে সেই সরকারকে পরিচালনা করতে পারা যায় না। কিন্তু আমরা জনগণের আস্থ-সমস্থার সমাধান করার জহ্য যেটুকু কাজ করা উচিত সেটুকু করার চেষ্টা করছি। তার সাথে সাথে নতুন করে গোটা ভারতবর্ষের জনগণের সমস্থার সমাধান করার জহ্য যেভাবে অগ্রসর হওয়া উচিত সেভাবে সে পথের নির্দেশ দেওয়ার জহ্য মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি এবং বামপন্থী দলগুলি মিলিতভাবে বামক্রন্ট সরকারকে কাজে লাগাচ্ছে। তার জন্মই আজকে আমরা শ্লোগান হিসাবে বলছি যে, কেন্দ্র-রাজ্য সম্পর্কের পুনর্বিস্থাস করতে হবে জনগণের সমস্থার সমাধান করার জন্য। কিন্তু শ্রীমতী গান্ধী তা

করছেন না। ওঁরা ওটা সমর্থন করতে পারছেন না। এ ব্যাপারে আমরা দেখছি 'ইণ্ডিয়া-টুডে' পত্রিকায়—এটি মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির কাজ নয় —ডিসেম্বর '৮৩-তে লিথেছে, গত চার বছর শ্রীমতী ইন্দিরা গান্ধী ক্ষমতায় আগার পর টাটা বিড্লার সম্পদ কি পরিমান বেড়েছে। ১৯৭১ সালে টাটার সম্পদ ছিল ২৪৩০ কোটি ৮৩ লক্ষ টাকা, আর ১৯৮২ সালে সেই সম্পদ বেড়ে হয়েছে ২৮৮৩ কোটি ১৫ লক্ষ টাকা। বিভলার সম্পদ ১৯৭৯ সালে ছিল ২০০৪ কোটি ৭৮ লক্ষ টাকা, আর ১৯৮২ সালে সেই সম্পদের পরিমান বেড়ে দাঁড়িয়েছে ২৩৬৭ কোটি টাকায়। আর তারা প্রফিট কত করেছে ? ৬১৫% প্রফিট করেছে। এনা এমনি হয়নি, শ্রীমতী ইন্দিরা গান্ধী করতে দিয়েছেন, তাই হয়েছে। আমরা পশ্চিমবাংলায় বহুদিনের সংগ্রামের মধ্যে দিয়ে বামক্রণ্ট সরকার গঠন করেছি। কংগ্রেমী অপশাসন, তাদের জনস্বার্থ বিবেধী নীতির বিরুদ্ধে সংগ্রাম করে আজকে বামপন্থীরা সরকারে এনেছি এবং আজও কেন্দ্রীয় সরকারের ঝুটা নীতি, জনস্বার্থ বিরোধী নীতির বিরুদ্ধে লড়াই কর্ডি, সংগ্রাম কর্ডি। মাননীয় সভাপতি মহাশ্য়, আমি শুধ একটা কথা বলতে চাই যে, কেন্দ্রীয় সরকার আই, আর, সি, আই, নামে একটি পদার্থ তৈরী করেছে পশ্চিমবঙ্গের রুগ্ন শিল্পগুলিকে ঠিক করার জন্য এক দিকে গোটা ভারতবর্ষে রুগ্ন শিল্পের সংখ্যা হচ্ছে ২৫০০০, তার মধ্যে পশ্চিম বাংলায় ৭০০০ এবং ৩১৫টি বিগ ইণ্ডাঞ্টিও রুগ্ন হয়েছে। অন্ত দিকে একচেটিয়া পুঁজিপতি, বিদেশী পুঁজিপতিরা মেকানাইজেদন, মডার্গাইজেদনের নাম করে একটা প্রচণ্ড সংকট স্ষ্টি করছে। প্রথমে ধরুন ফার্মাদিউটিক্যাল ইণ্ডাষ্ট্রির কথা। এই ইণ্ডাষ্ট্রির ক্ষেত্রে আমাদের পশ্চিম বাংলার একটা অতীত ঐতিহ্য ছিল, শত শত কোটি টাক। এখানে লগ্নী হ'ত। স্বাধীনতার পর সমস্ত ইণ্ডাষ্টিটাকে নিয়ে যাওয়া হলো মহারাষ্টে এবং দেখানে একচেটিয়া পুঁজিপতিদের নেতত্ত্ব এই শিল্পের প্রসার ঘটান হচ্ছে। অথচ এই শিল্পের আভান্তরীণ উৎপাদন ব্যবস্থাকে জোরদার না করে বিদেশী পুঁজিপতিরা ১৫০ কোটি টাকার সমস্ত বাইরের বাজে ওযুধ আমাদের দেশে আমদানী করার চেষ্টা করছে। কেবল মাত্র ২৭৯ কোটি টাকার ওয়ব আমদানী করছে। শ্রমতী ইন্দিরা গান্ধী যে নিউ লাইদেন্সিং সিপ্টেম করেছেন তাতে আলো বেশী করে এই শিল্পে সংকট স্বষ্ট হচ্ছে। এখানে ছোট ছোট শিল্প মার খাচেছ। উনি নীতি গ্রহণ করলেন যে, বড় বড় একচেটিয়া পুঁজি-পতিরা যে সমস্ত বড় ইণ্ডাষ্ট্র করেছে সে সমস্ত বড় ইণ্ডাষ্ট্রিগুলিতে উৎপাদন কমিয়ে দিয়ে তারা নিজের।ই ছোট ছোট জায়গাতে ঐ কোম্পানীবই ওয়ুব উৎপাদন করতে পারবে। অর্থাৎ তিনি তাদের ২/৪/৮ বছর করে ঐভাবে উৎপাদন করার ব্যবস্থা করে দিয়েছেন। ফলে সে সমস্ত ছোট ছোট জায়গায় কম প্রদা দিয়ে তারা শ্রমিক থাটিয়ে, মেকানাইজেনন করে ওয়ুধ উৎপাদন করে বাজারে বিক্রি করছে। এইভাবে তারা সমস্ত বাজে ওয়ুব উৎপাদন করে বাজারে বিক্রি করছে। এই ব্যবস্থা শ্রীমতী ইন্দিরা গান্ধী আজকে তাদের করে দিয়েছেন। এর পরে আমি আই. আর. সি. আই.-র কথায় আসচি।

### 2-30-2-40 P. M.]

আই. আর. সি. আই আমাদের এই পশ্চিমবাংলায় ১৯৮০ সালে ৫৫ ইউনিট আর ১৯৮২

কথার কোন উত্তর দেওয়ার প্রয়োজনীয়তা আছে বলে মনে করিনা। উনি যে কথা বললেন তাতে এটাই দাঁড়ায় যে বক্ততা দিলেন রাজ্যপাল, আর আসামী হবেন মুখ্যমন্ত্রী। রাজ্যপালকে ওরা আসামীর কাঠগড়ায় দাঁড় করাতে চান না, সেজ্বল্য ওরা এই কাজ করছেন। বক্ততা দিলেন রাজ্যপাল, তার অপরাধের জন্ম দায়ী হবেন মুখ্যমন্ত্রী। এই জিনিস কখনও হয়না, এটা ওদের বোঝা উচিত ছিল। ওর বোঝায় যে ঘাটতি আছে সেটা প্রমাণিত হল। আমি সেজন্য ওর কথার কোন জবাব দিতে চাইনা। আমি শুধ এই কথা বলতে চাই যে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি বা বামপম্বীরা নীতিগত দিক থেকে তারতম্য করেন। আমি একটা ছোট উদাহরণ দিতে চাই। ১৯৬০ সালে যথন এই বিধানসভাতে কমরেড জ্যোতি বস্তকে চীনের দালাল বলে আখ্যা দেওয়া হয়েছিল এবং সেদিন জ্যোতিবাবু বলেছিলেন, 'আমাদের পার্টির যে সিদ্ধান্ত সেই সিদ্ধান্ত আমরা ঘরে এবং বাইরে মর্বত্র বলি এবং এটাই হচ্ছে আমাদের নীতি। এর জন্ম হাজার গুলি তোমরা আমাকে মানতে পার কিন্তু আমার মুখের ভাষা বন্ধ করতে পারবে না'। সে জন্ম আমি এই কথা বলি যে আমরা বামফ্রণ্ট সরকার করেছি নানা রক্ম প্রতিবন্ধকতা, সীমাবদ্ধতার মধ্যে দিয়ে। আমরা বলেচি যে সীমাবদ্ধতা আমাদের আচে। ওরা কথায় কথায় বলেন যে সরকার বারেবারে সীমাবদ্ধভার কথা বলছে। আমি স্থাণ করিয়ে দিতে চাই যে মার্ক্সবাদী কমিউনিষ্ট পার্টি নীতি বিরুদ্ধ কাজ করে না। বামফ্রন্ট জন্ম হওয়ার ১৩ বছর আগে ভারতের কমিউনিষ্ট পার্টির মার্কসবাদী কর্মস্টীতে একথা বলেছে যে পার্টিযদি এমন পরিস্থিতির সম্মুগীন হয় যে জনগণের আন্ত সমস্তাবলি প্রশমনের জন্ম নিরপেক্ষ কোন সরকার প্রতিষ্ঠার স্বযোগ আসে তাহলে নিশ্চয়ই সেই স্কাষোগের সন্ধানহার করবে। এই ধরণের সরকার গঠনের ফলে শ্রমিকশ্রেণীর মধ্যে বৈপ্লবিক আন্দোলনের বিরাট প্রেরণা সঞ্চারিত হবে এবং গণতান্ত্রিক মোর্চা গঠনের জন্ম প্রয়াসী হবে। কিন্তু এই ধরণের সরকার জাতীয়, অর্থ নৈতিক ও রাজনৈতিক সমস্থাবলির গুণগত সমাধান করতে সক্ষম হবে না। স্তত্ত্বাং জনগণের আঞ্চ সমস্যাবলি প্রশমন করতে এবং গণ-আন্দোলনকে শক্তিশালী করতে পারে এমন একটি সরকাব গঠনের সমস্ত স্বযোগকে কাজে লাগিয়ে এই পার্টি বর্তমান বৃহৎ বুর্জোয়া পরিচালিত বুর্জোয়া সরকারের অপসারণ সম্পর্কে জনসাধারণকে শিক্ষিত করতে থাকরে।

মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি এই কথা বলতে চায় যে, একটা সংবিধান সম্মত বৃহৎ বুর্জোয়াদের দ্বারা পরিচালিত রাষ্ট্রকাঠামোর মধ্যে একটা রাজ্য সরকার পরিচালনা করে আলাদা কোন নীতিতে সেই সরকারকে পরিচালনা করতে পারা যায় না। কিন্তু আমরা জনগণের আস্থ-সমস্থার সমাধান করার জহ্য যেটুকু কাজ করা উচিত সেটুকু করার চেষ্টা করছি। তার সাথে সাথে নতুন করে গোটা ভারতবর্ষের জনগণের সমস্থার সমাধান করার জহ্য যেভাবে অগ্রসর হওয়া উচিত সেভাবে সে পথের নির্দেশ দেওয়ার জহ্য মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি এবং বামপন্থী দলগুলি মিলিতভাবে বামক্রন্ট সরকারকে কাজে লাগাচ্ছে। তার জন্মই আজকে আমরা শ্লোগান হিসাবে বলছি যে, কেন্দ্র-রাজ্য সম্পর্কের পুনর্বিস্থাস করতে হবে জনগণের সমস্থার সমাধান করার জন্য। কিন্তু শ্রীমতী গান্ধী তা

করার পর ১৯৮১ সালে লস কমে হলো ১৫ লক্ষ টাকা আর ১৯৮২ সালে হলো ৬ লক্ষ টাকা। তারপর যথন এই লস কমতে লাগলো তথন বলা হলো ডি-নোটিফিকেসান করতে হবে, ছেড়ে দিতে হবে। এইভাবে ডিনোটিফিকেসানের ব্যবস্থা হচ্চে। ই. এস. আই., প্রভিডেও ফাও, এল. আই. সি, আই. ডি. বি. আই. ব্যাঙ্ক প্রভৃতি কেন্দ্রীয় সরকারের অধীন। এদের উপর কোন ব্যবস্থা রাজ্যসরকারের পক্ষে করা সম্ভব নয়।

শ্রীমতী গান্ধী ওটা করবেন না। আজকে লক্ষ্ণ লক্ষ্ণ, কোটি মান্থবের জীবনের বিনিময়ে একচেটিয়া পুঁজিপতিদের স্বার্থ রক্ষা করাব চেষ্টাই িএনি করছেন। যেথানে ক্যাটারপুলার থেকে তিনি ২ লক্ষ ১৩ হাজার টাকা একসাইজ ডিউটি, সেলসট্যাক্সে ১ লক্ষ ৪৮ হাজার টাকা, ১৯৮১ সালে ৯৪ হাজার টাকা একসাইজ ডিউটি এবং ১ লক্ষ ২৫ হাজার টাকা সেল্স ট্যাক্স — এই তুটোয় মিলিয়ে সাড়ে সাত লক্ষ্ণ টাকা পেলেন, সেখানে মাত্র ৬ লক্ষ্ণ টাকা লগের জন্ম আজকে সেই ক্যাটারপুলারকে ডি-নোটিফিকেসন করার চেষ্টা করেছেন শ্রীমতী গান্ধী। ওঁরাই আবার বলেন যে বামফ্রন্ট সরকার কিছুই করতে পারছেন না।

আমি একথা বলতে যে ব্যাংক কনটোল করেন কি শ্রীমতী গান্ধী ? বাবদা বাণিজ্ঞা করতে হবে কি তাঁর পকেটের টাকা দিয়ে ৮ ব্যবসা করার জন্ম আই. ডি. পি. আইয়ের লোন নিতে হবে, ব্যাংক লোন নিতে ধবে। কিন্তু সাজকে ব্যাংকের আমানত দিনের পর দিন কমিয়ে দেওয়া হচ্ছে। ব্যাংক সাহায্য করছে না। আমি জোর দিয়ে বলতে পারি, আজ ব্যাঙ্ককে দিল্লী থেকে নির্দেশ দেওয়া হয়েছে পশ্চিমবঙ্গে কোন শিল্প করার জন্ম কোন রকম সাহায্য দেবে না। এঁদের আর একটা নীতি হচ্ছে যারা আগের লোন শোধ দিতে পারবে না, তাদের ইনডাঞ্জি করার জন্ম নতুন কোন লোন দেওয়া হবে না। খাঁরা লোন শোধ করতে পারবেন তাঁদেরকে দেওয়া হবে, অর্থাৎ টাটা। বিভুলাকে দেওয়া হবে। আমি চ্যালেঞ্জ করে বলতে পারি, ছোট বা মাঝারি শিল্প বাডাবার জন্ম কোন লোন দেওয়া হবে না। এই হচ্ছে ইন্দিরা গান্ধীর সরকার। এই কথা ওঁরা বার বার বলেন যে শিল্প প্রসারে বামফ্রণ্ট সবকারের কোন প্রচেষ্টা নেই। কিন্ধু আমি বলতে চাই, আজকে যে আন্দোলন, যে দংগ্রাম এখানে স্থক হয়েছে পেটো কেমিকেল কমপ্লেকদের জন্ম, ইলেকটোনিকদ ফ্যাক্টরীর জন্ম, সেদিকে কি শ্রীমতী গান্ধী কর্ণপাত করেছেন ? করেন নি। এটা এঁদেরই কথা। সংবাদপত্তের মাধ্যমে আমরা দেখেছি যে মাননীয় রাজ্যপাল জ্রী এ. পি. শর্মা মহাশয় এ বিষয়ে বলার চেষ্টা করেছেন। আমরা তাঁকে ধন্যবাদ দিচ্চি যে এঁদের আপত্তি সত্ত্বেও উনি সংবিধানের মর্যাদা রক্ষা করেছেন, উনি বামফ্রণ্ট সরকারের বক্তব্যকে হাজির করেছেন। আমি এই কথা বলব যে ব্যাংক, আই. আর. মি. আই., আই. ডি. পি. আই. প্রভৃতি যে সমস্ত আমানত সংস্থা আছে. আজকে সর্বদাবীসমত প্রস্তাব নিয়ে বলুন যে এই সমস্ত ফাইনানসিয়াল ইনষ্টিটিউসনসের সাহায্য, লোনের স্থযোগ সারা ভারতবর্ষে এক করতে হবে।

AP(81-1/84)-42

আমি এই কথা বলার চেষ্টা করছি যে রাজ্যপাল মহাশয় মৌলিক সমস্থার ব্যাপারগুলির কথাই বলেছেন। জিনিসপত্রের দাম বাড়ার দায়িত্ব কেন্দ্রীয় সরকারকেই বহন করতে হবে। আজকে ১৪টি নিত্যপ্রয়োজনীয় পণ্য একই দামে সারা ভারতবর্ষে বন্টনের দায়িত্ব কেন্দ্রকেই নিতে হবে। প্রয়োজন হলে ভর্ত্ত্বলী দিয়ে, উৎপাদন এবং বন্টনের দিকটা স্থনিশ্চিত করতে হবে। একদিকে যথন পশ্চিমবন্ধ চরম অর্থসংকটে ভূগছে, অর্থাভাবে যথন উন্নয়নমূলক কাজ কিছুই করা যাচ্ছে না—দেই অবস্থায় জাতীয় সম্পদের স্বটাই নিয়ে যাচ্ছেন কেন্দ্রীয় সরকার। আমি একটা উদাহরণ দিয়ে বলছি, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মহাশয় বিশেষ আপ্যায়ণ ভাতা বাবদ বছরে যেখানে মাত্র ৯ হাজার টাকা খরচ করেন, দেখানে বোম্বের কংগ্রেস সরকারের মধ্যমন্ত্রী মহাশয় বছরে ৭ লক্ষ টাকা থবচ করেন কি ভাবে ? সেখানে তো কোন সংকট দেখতে পাচ্ছি না। সমস্ত ব্যবস্থাই তো দেখানে স্বশংখনভাবে চলছে। আসলে ওঁদের বক্তব্য হচ্চে "এলো মেলো করে দে'খা লুটে পুটে খাই।" আর সেই ব্যবস্থা পশ্চিমবঙ্গে হচ্ছে না বলেই ওঁরা এই বিধানসভায় নানারকম চীৎকার করছেন। আঙ্গকে পশ্চিমবঙ্গের বামফ্রণ্ট সরকার দাবী তুলেছেন যে জাতীয় সম্পদের ৭৫ ভাগ সমস্ত রাজ্যে সমানভাবে বন্টন করতে হবে. নিতাপ্রয়োজনীয় সামগ্রীর সর্বভারতীয় সরবরাহের দায়িত্ব কেন্দ্রকে নিতে হবে: পশ্চিমবংগের ন্যায়া পাওনা যে হাজাব হাজার কোটি টাকা তা আমাদের দিতে হবে। এই দাবী পশ্চিমবঙ্কের দাবী। এই দাবী নিয়েই জ্যোতিবস্ত মহাশয়ের নেততে এই বামফ্রণ্ট সরকার চলছে।

## [2-10-2-50 P. M.]

একটি কথা বলতে চাই—এই দাবী শুবু পশ্চিমবাংলার বামফ্রণ্টের বা পশ্চিমবাংলার মান্থবের নয়, যে দাবী আমরা তুলেছি তা ভারতবর্ষের ৭০ কোটি মান্থবের দাবী। আমাদের যে দাবী সেটা গোটা ভারতবর্ষের মান্থযকে আজ উদ্বুদ্ধ করেছে। বিরোধী দলগুলো ১৯৮০ দাল পর্যস্ত দি. পি. আই. (এম) পার্টিদহ বামপদ্ধী দলগুলোকে গালাগাল করতো। আজকে তাঁরা সবাই এক জায়গায় এসে দাঁড়িয়েছেন। যাঁরা স্কন্থ সম-মনভাবাপন্ন রাজনীতিবিদ, যাঁরা মান্থবেক বোন্দেন, মান্থবের স্বার্থের কথা বলতে চান, তাঁরা আজকে শ্রীমতী গান্ধীর সৈরতান্ত্রিক শক্তির বিরুদ্ধে এক জায়গায় দাঁড়িয়েছেন এবং যার জন্ম সৃষ্ঠি হয়েছে কনক্রেভ্। আজকে সমস্ত বিরোধীপক্ষ এবং বামপদ্ধীরা একসাথে মিলে স্বৈরতন্ত্রের বিরুদ্ধে, কেন্দ্রীয় সরকারের হাত থেকে ক্ষমতা ছিনিয়ে নিয়ে আসার জন্ম এক বাপক আন্দোলন সৃষ্ঠি করেছে। আজকে এই কনক্রেভ্ আন্দোলনে জ্বাতীয় সংহতি নতুন করে সৃষ্ঠি হয়েছে, দেশের মান্থবের জন্ম নতুন পথ সৃষ্ঠি হয়েছে। ঐ আজকে যারা সংবিধান পোড়াচ্ছে, তারাই আজকে আসামে গণ্ডগোল পাকাবার চেট। করছে। এই হছে শ্রীমতী গান্ধীর চরিত্র। ওঁরা এইভাবেই চন্মতে চান। ডিভাইড্ করে। এবং রুল করো—বিদেশী কায়দাতে, ইংরেজের কায়দাতে শ্রীমতী গান্ধী চলতে চান কিন্তু আজ্ব আর তা সন্তব নয়। ওঁরা যতই চিৎকার করুন না কেন, আজ্ব আর তা সন্তব নয়। আজকে দেশে নতুন সন্তাবনার সৃষ্ঠি হয়েছে। কনক্রেভের মধ্যে দিয়ে, ঐ ন্যাশনাল ক্যাম্পেন কমিটির মধ্যে দিয়ে গোটা ভারতবর্ষের

শ্রমিক শ্রেণী শ্রীমতী গান্ধীর সৈরতান্ত্রিক শক্তির বিরুদ্ধে, তাঁর জনস্বার্থবিরোধী নীতি এবং শ্রমিকদের প্রতি অত্যাচারের বিরুদ্ধে দোচচার হয়েছে। আর এটাই হচ্ছে আজকে ওঁদের আক্রোশ, এটাই হচ্ছে ওঁদের ভয়, ভিতি। ওঁরা জানে এইভাবে চলতে থাকলে আর বেশী দিন এই বিধানসভায় আসতে পারবেন না, শ্রামতী গান্ধীও দিল্লীতে ক্ষমতা চালাতে পারবেন না। তাই আজ ওঁরা আতঙ্কিত। সেইজন্ম, মাননীয় রাজ্যপালের ভাষণ এবং তার উপর ধন্যবাদস্চক প্রস্তাবেদ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

### रेनक्राव-जिन्मावाम।

শ্রী আবস্থল মাল্লান ঃ মাননীয় ডেপ্রটি স্পীকার স্থাব, এতদিন পর্যন্ত ৭টি আশ্চর্য্যের কথা শুনে আস্চিলাম, এখন বেড়ে ৮টি আশ্চর্গ্যের কথা শুনতে হচ্চে আমাদের। পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপালের ভাষণ **সম্বন্ধে আমি কোন** মন্তব্য কর্ছি না। মাননীয় মৃথামন্ত্রী জ্যোতিবাবু যে মন্তব্য মাননীয় রাজ্যপাল সম্বন্ধে করেছেন - যা গত ১৩ই জান্তয়ারী সরকার কর্তৃক প্রাকাশিত "পশ্চিমবঙ্গ" পত্রিকাতে বেরিয়েছে—আমি সেটাকে পড়ছি। আজকে যে রাজ্যপালের দেওয়া ভাষণকে ধল্যবাদ জানিয়ে প্রস্তাব এনেছেন, তাঁর বিরোধীতায় তিনি যা বলেছেন মেই কথাই আমি বলবো। মাননীয় উপাধাক মহাশয়, গত ১৩ই জাতুয়ারী ১৯৮৪ 'পশ্চিমবদ্ধ' পত্রিকার ৬১১ পাতায় বেরিয়েছে "রাজ্যপাল রীতিভঙ্গ করেছেন বলেই এই সিদ্ধান্ত—জ্যোতি বস্তু" এই শিরোনামে। এথানে বলা रुखरू - वित्वांगीरम्त गर्मानातत श्रीकाल भन्नवात भराकता माश्वामिकरम्त गाए এक माका -কারে ম্থ্যমন্ত্রী জ্যোতি বস্থ বলেন: ভবিয়াতের জন্ম শতর্কতামূলক ব্যবস্থা হিদাবে আমরা আমাদের মন্ত্রী, এম. পি. এবং এম. এল. এ-দের রাজ্যপালের অন্তষ্ঠানগুলি বয়কটের আহ্বান জানিয়েছি। বস্থ বলেন: কলকাতা বিশ্ববিভালয়ের উপাচার্য নিয়োগের বামফ্রণ্ট সরকারের স্তপারিশ গ্রহণ না করে রাজ্যপাল রাতি ভঙ্গ করেছেন। বামফ্রণ্ট বিষয়টি নিয়ে একটু বাড়াবাডি করছে না কি ?— এই প্রশ্নের জবাবে বস্থ বলেন: না, রাজ্যপালের কাজের প্রতিবাদের জন্ম আমরা। সম্মানজনক রাস্তা বেছে নিয়েছি। অপর একটি প্রশ্নের জবাবে মৃথামন্ত্রী বলেন কতদিন এই বয়কট চলবে তা তিনি বলতে পারেন না। তিনি জানান, আমাদের পরিস্থিতির উপর নজর রাথতে হবে।" বামফ্রণ্ট সরকারের ম্থ্যমন্ত্রী যেথানে বলেন "রাজ্যপালের অনুষ্ঠান বয়কট করাটা সম্মানজনক", সেথানে ও পক্ষের মাননীয় সদস্তরা, মাননীয় মন্বীরা কি করে আজকে রাজ্যপালের পঠিত ভাষণকে ধন্যবাদ জানিয়ে প্রস্তাব আনেন—এটাই আমার কাচ্ছে ৮ম আশ্চর্য্য ! মাননীয় রাল্যপালের বিরুদ্ধে কেন এই জেহাদ দেটা পরে বলবো আগে বলি, মরকার পক্ষের প্রবীনতম কম্যুনিষ্ট সদস্য দেবীবাবু বত্তৃতা রাখতে গিয়ে বলেছেন যে ওঁরা নাকি যথন এদিকে বলতেন তথন একইভাবে বঞ্তা রাখতেন।

আমি জানিনা দেবীবাবু কি মিন করতে চাইছেন। আজকে যদি সরকার পক্ষের সদস্তর। বলেন যে আমরা যা বলছি সব অসত্য রলছি, আমরা যা বলছি সেটা সত্য ভিত্তিক বলছি না— দেবীবাবু কি সেটাই মিন করতে চাইছেন? সেইদিন যথন তাঁরা বিরোধী পক্ষে ছিলেন তথন

তাঁরা যা বলেছিলেন সেইগুলি কি সবই অস্ত্য কথা ? দেবীবাবু কটাক্ষ করে বলেছেন যে হত্তমান থেকে মামুষ তৈরী করার চেষ্টা করছেন। আমি বলি মামুষ তৈরী করতে পারলে আনন্দিত হতাম। কিন্ধু এই হতুমান রামভক্ত হতুমান নয়, এইগুলি হচ্ছে সব রাবন ভক্ত হতুমান। এই হতুমানগুলোকে মাত্র্য করা যাবে না। দেবীবার এই ব্যাপারে ভূল করেছেন। আবার আক্র্যা লাগলো, বামফ্রণ্টের অনেক সদস্ত আছেন, অনেক মন্ত্রী মহাশয় আছেন তারা নাকি ট্রেড ইউনিয়ান করে এসেছেন, অনেকে নাকি বহু শ্রমিক আন্দোলনের সংগে জড়িত ছিলেন। আজকে ক্ষমতায় থেকে তারা এমন শ্রমিক আন্দোলন করছেন যাতে সারা পশ্চিমবাংলায় চটকল শ্রমিকরা ৪৬ দিন হলো না থেয়ে না দেয়ে মরছে। কি কারণে চটকল শ্রমিকদের ধর্মঘটের কথা রাজ্যপালের ভাষণে মধ্যে এক লাইনও লেখা নেই? দেখান তো শ্রমিক বন্ধুরা আপনারা চটকল শ্রমিকদের জন্ম একট ছঃগ প্রকাশ করেছেন, তাদের জন্ম আপনারা মর্মাহত, তাদের জন্ম আপনারা চিস্তা করছেন। এই কথা কোথাও রাজ্বাপালের ভাষনের মধ্যে নেই। অথচ ওনারা বাইরে বলে বেড়ান, বিভিন্ন কার্থানার শ্রমিকদের সভায় বলে বেডান যে ওঁরা নাকি শ্রমিক দর্দী সরকার । রাজ্যপালের ভাষণের উপর মালোচনায় একবারও দেখলাম না এই চটকল শ্রমিকদের ধর্মঘট নিয়ে ওনারা কিছু বলতে চাইছেন। চটকল শ্রমিকদের স্বার্থে ওনারা কিছু বলছেন এই কথা শুনতে পেলাম না। কেন এই রাজ্য সরকার বলবেন যে তাঁরা শ্রমিকদরে স্বার্থে লড়াই করছেন? বহু সংগ্রামের কথা গোপালবাবু বললেন। তাঁর প্রশ্নের উত্তর আমি দেব। আমাদের মাননীয় সদস্য শ্রীস্থনীতি চট্টবাজ কে উনি পাগল হয়ে গিয়েছেন। আমি জানি কেন ওনারা মাজকে উল্টো পান্টা কথা বলছেন। আমরা সেই গরু হারানোর গল্প জানি। একজন লোকের গরু হারিয়ে গিয়েছিল। সে গরু যথন খুঁজে পাইনি তথন সে তার ছেলেকে বলছে "ভাই এক গ্লাস জল দে তো রে"। তথন পাশে তার স্ত্রী বসে ছিল। সে তথন বলছে, সেকি তুমি তোমার ছেলেকে ভাই বলছো? তারপর সেই লোক তার প্রীকে বলছে "মা তুমি এক প্লাস জল দাও তো"। সেই কথা শুনে তার প্রী বললো তুমি তোমার স্ত্রীকে মা বলছো ? তার উত্তরে লোকটি বলেছিল গরু হারালে এই রকমই অবস্থা হয়। আমরা জানি কোরগর এবং বালি পৌরসভার নির্বাচন, বালুরঘাটের নির্বাচন, নদীয়ার কুষ্ণ গঞ্জের নির্বাচন এবং মালদহের কালিয়াচকের নির্বাচন। এই নির্বাচনই ওঁদের মাথা থারাপ করে দিয়েছে তাই গোপালবাবু উন্টো-পান্টা কথা বলছেন। যেমন গরু হারালে ছেলেকে ভাই বলে, স্ত্রীকে মা বলে ঠিক তেমনি ভাবে স্থনীতি চট্টরান্ধকে ওঁরা নির্বাচনে হেরে যাবার পর পাগল বলে আখ্যা দিচ্ছেন। আমরা এটা জানি, এতে আশ্চর্য্য হবার কিছু নেই। আজকে অবাক লাগলো পশ্চিমবাংলায় রাজ্যপালের ভাষনের উপর ওনারা বক্তব্য রাখতে এসে পশ্চিমবাংলার সার্বিক চিত্র তলে না ধরে পশ্চিমবাংলায় যে সমস্ত পটনা ঘটছে তা তুলে না ধরে গুধু বিরোধী পক্ষের দিকে এবং কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে কটাক্ষ করা হয়েছে। আমরা নাকি সব অন্তায় বলি, অসত্য কথা বলি। বামফ্রন্ট সরকার কলিকাতা বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নিয়োগ করার জন্ম কি কাজ করেছেন ? কলিকাতা বিশ্ববিদ্যালয়ে উপাচার্য্য নিয়োগ করার জন্ম সেনেটে বে ভোট হয়েছিল সেই ভোটে দেখা

গেছে ১২৪ জন ভোট দিয়েছেন। তার মধ্যে মাত্র ৩৫ জন ভোট দিয়েছেন অধ্যাপক রমেন পোদারকে, ৭১ জন তাঁকে ভোট দেন নি। তারপর আমরা কি দেখি ? শিক্ষামন্ত্রী নিজে একটা নতন করে হস্ ট্রেডিং স্থক্ষ করলেন। হঠাৎ আবার সেথানে সেনেটের মেম্বাররা আচার্য্যকে বলছেন যে না আমরা সব রমেন পোদারের দল। আমরা জানি ১৯৬৯ সালে যথন কিছু কিছু কংগ্রেস সরকারের পত্ন হয়েছিল তথন দেখেছিলাম হর্স ট্রেডিং স্বরু হয়েছিল। কিছু কিছু বিরোধী পক্ষের এম. এল. এ. কিনে নিয়ে যুক্তফ্রণ্ট সরকার গঠিত হয়েছিল বিভিন্ন জায়গায়। সেই প্রতি কলিকাতা বিশ্ববিত্যালয়ে স্থক করলেন শিক্ষামন্ত্রী। তিনি নতন করে কনক্লেভ স্থক করলেন যাতে এই সেনেট মেম্বাররা আবার আচার্য্যকে গিয়ে বলেন যে, না তাঁরা আবার রমেন পোদারকে চান। আজকে যেই রমেন পোদারকে উপাচার্য্য করতে পারলেন তথনই আপনারা সারা পশ্চিমবাংলায় আচার্য্য বিরোধী শ্লোগান দিচ্ছেন, রাজ্য-পালের বিরুদ্ধে বক্তব্য রাথছেন। শিক্ষা ক্ষেত্রে নৈরাজ্য তুর হয়েছে বলে অনেক কথাই আপনারা বলেন। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অবস্থা আজকে কি হয়ে রয়েছে ? কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য নিজে বলেছেন কলিকাতা বিশ্ববিদ্যালয় অচল অবস্থার শৃষ্টি হয়েছে। সরকারী দলের পৃষ্ঠপোষক ষ<sup>\*</sup>ারা রয়েছেন তাঁরা সব জায়গায় উপচার্য্যকে অসহযোগিতা করার জন্ম আজকে তিনি কাজ চালাতে পারছেন না। এটা তো আমাদের কথা নয়, এটা কলিকাতা বিশ্ববিচ্ছালয়ের উপাচার্যোর কথা। আমরা জানি এই সব কথা বলতে গেলেই বিরোধীতা করা হয়ে যাবে। শিক্ষার ক্ষেত্রে কেমন নৈরাজ্য দূর হয়েছে তার কয়েকটি উদাহরণ আমি তুলে ধরছি। অনেক বামফ্রন্ট সরকারের সদস্য আছেন যাঁরো শিক্ষকতা করেন, অনেককে ক্লাস সিক্সে পড়াতে হয়। এই ব্যাপারে অনেককে হয়ত ট্রেনিংও নিতে হয়েছে। ক্লাস সিক্সে যে ইংরাজী পড়ানো হয় সেই ইংরাজী পড়ানোর যে পদ্ধতি –প্রথমে আবার ক্লাস সিক্স থেকে এ, বি, সি, ডি শেখানোর কথা–সেখানে যে পদ্ধতি প্রয়োগ করা হয়েছে সেই পদ্ধতি কতটা কার্যকারী হবে সেটা একটু ভেবে দেখুন। আজকে যে বই আছে তাতে ক্যাপিটেল লেটারের এ, বি, সি, ডি শেখানো হচ্ছে না। সেখানে ছাত্রদের শেখানো হচ্ছে স্মল লেটারে এ, বি, পি, ডি। আশ্চর্ষ্যের বিষয় বইটার প্রথমে ক্যাপিটেল লেটারের কোন পরিচয় দেওয়া হোল না, একেবারে বইটার শেষ দিকে ক্যাপিটাল লেটারের পরিচয় দেওয়া হলো। কোথায় কোথায় হয়ত এম, ও, ওয়াই ছ-একটা দেওয়া আছে। সেনটেন্স-এ কিন্তু ক্যাপিটেল লেটারের ব্যবহার আছে এবং প্রয়োগ করা হয়েছে।

## [ 2-50-3-00 P. M. ]

স্থার, আমি আপনাকে অন্তরোধ করব, আপনি একবার ভেবে দেখুন ছাত্ররা স্থলে গিয়ে কি
শিখবে। এখানে অনেক মাননীয় সদস্য স্থলের শিক্ষক আছেন, তাঁরা বলুন তো ছাত্ররা স্থলে গিয়ে
কি শিখবে? মাষ্টার মহাশায়দের কাজের জন্ম টেনিং দেওয়া হয়, সট পিরিয়ড টেনিং এর ব্যবস্থা
হয়ত তাঁদের আছে। তাঁরা হয়ত কিছু কিছু ছাত্রকে শেথাতে পারবেন ধরে নিলাম, কিন্তু বেশীর
ভাগ ছাত্রই স্থলে কিছুই শিথতে পারছে না। তাদের বাড়ীতে গিয়ে বাবা মায়ের কাছে নতুন

করে শিখতে হচ্ছে। আমরা জানি, স্কুলে ৩/৪ ঘণ্টায় বিশেষ কিছু শেখা যায় না, সেজন্য বাড়ীতেই তাদের শিথে নিতে হয়। কিন্তু যে পদ্ধতি আপনারা প্রবর্ত্তন করেছেন, তাতে ঐ সমস্ত ছাত্ররা কি করে তাদের পড়া শিগবে ? কি করে ছাত্ররা তাদের শিক্ষাকে সায়ত্ব করবে, সে সম্বন্ধে নাননীয় বামফ্রণ্টের মন্ত্রীমহাশয়রা ও নেতারা বললে আমি থুশী হব। প্রাইমারী স্কলের শিক্ষক এখানে অনেক মাননীয় সদস্য আছেন। তাঁরা বলুন তো, ক্লাস ওয়ানে অনেক স্কুলে এখনও পর্যন্ত কোন বই যায় নি, অনেক স্কুলে হয়ত পূজার পর পাঠ্য বই তাদের দেওয়া হবে, এই অবস্থায় এ বাচ্চা বাচ্চা ছেলেমেয়েরা কি করে লেখাপড়া শিখবে ? আমি হিমাব করে দিচ্ছি, কোন কোন স্কলে এখনও পর্যন্ত বই পাঠানো হয় নি ছাত্রদের মধ্যে বিতরণের জন্ম। কৈ, দেকথা তো কোন মাননীয় সদক্ত বা নেতার মুখে শুনলাম না ? দেখলাম না তো রাজ্যপালের ভাষণের মধ্যে ছাত্রদের মধ্যে এখনও বহু স্থলে বই বিভরণ করা হয় নি। বভরের শেষে পজার পর হয়ত স্কলে ক্ষুলে বই দেওয়া ২বে পড়াশুনার জন্ম। আমার প্রশ্ন, তাহলে ছাত্র-ছাত্রীরা বই পড়বে কবে? পরীক্ষাই বা হবে কবে ? এবারে দেখছি, ক্লাস নাইনেব ছাত্র-ছাত্রীরা এখনও পর্যন্ত অনেক স্কুলে বই পায় নি। পশ্চিমবাংলার বুকে আইন-শৃংখলা বজায় আছে বলে আপনারা বলেন। রাজ্য-পালের ভাষণের মধ্যে একই কথা যখন দেখি, তখন আমরা অবাক হয়ে যাই। রাজ্যপাল হিসাবে যিনি একটা মিটিংয়ে যেতে পারেন না, সমাবর্তন উৎসবে যোগ দিতে গিয়ে যেথানে তার উপব আক্রমণ আসে, যেখানে শাশের রাজ্য বিহারের রাজ্যপালকে নিয়ে মিটিংয়ে গিয়ে আক্রাস্ত হয়ে ফিরে আসতে হয়, সেথানে রাজ্যপাল তার ভাষণে উল্লেখ করেন, এখানে আইন-শৃংখলার অবস্থা অক্সাক্ত রাজ্যের তুলনায় ভাল। এই ভেবে আমরা গর্ববোধ করি। আমরা শুধু অবাক হয়ে যাই। গর্ববোধ কি সত্যিই আপনারা কণতে পারেন ? পারেন জ্যোতিবারু উত্তর দিতে ? অথচ, আমবা যথন দমদম বিমান বন্দরে কালো পতাকা দেখাতে গিয়েছিলাম ডাঃ ফারুক অবতল্লাব বিরুদ্ধে তথন আমরা যারা দেখানে ছিলাম তাদের বিরুদ্ধে অনেক ব্যবস্থা নেওয়া হবে বলে ভংকার শুনেছিলাম। পুলিশকে দিয়ে আমাদের ৪ জনের বিরুদ্ধে এফ. আই. আর. পর্যন্ত করা হয়েছে। আমরা কিন্তু সেই ভ্যকিতে ভন্ন পাই না। আমরা ভন্ন পাই না কোন কেসের। আমরা যদি কোন অপরাধ সেদিন করে থকবো, তাহলে তো আমাদের বিরুদ্ধে কেম করা হলে কোটে। কৈ. কোন কেস তো এখনও পর্যন্ত করছেন না ? তাহলে কি ধরে নেব কোন প্রমাণ আপনারা দিতে পারছেন না বলেই কেস করতে ভয় পাচ্ছেন? কোন মিথ্যা মামলায় আমরা ভয় পাই না। আমরা সেদিন ডাঃ ফারুক আবহুলার বিক্তমে যথন শাস্তিপূর্ণ ভাবে কালো পতাকা দেখাতে গিয়েছিলাম, তথন কয়েকজন পুলিশের কনেষ্ট্রবল সেগানে উপস্থিত ছিল। সংখ্যায় তারা ছিল অতি অল্প, কয়েকজন মাত্র মোটর বাইকে বদা ছিল। পুলিশের পক্ষ থেকে বলা হয়েছে, আমরা নাকি সেদিন কয়েক হাজার উপীশ্বিত ছিলাম। আমরা যদি সত্যিই কয়েক হাজার থাকতাম এবং আক্রমণ করাই যদি আমাদের উদ্দেশ্য হত, তাহলে তো দামান্ত কয়েকজন পুলিশের উপস্থিতিতে অনেক ক্ষতি সেদিন আমরা করতে পারতাম। আমরা সেথানে গিয়েছিলাম ডাঃ

ফারুক আবছন্তার বিরুদ্ধে শাস্তিপূর্ণ বিক্ষোভ দেখাতে। অহা কোন উদ্দেশ্য আমাদের মধ্যে ছিল না। আমরা ডাঃ ফারুক আবহুলার কাছে কাশ্মীরে ভোটে হেরে যাওয়ার জন্ম বিক্ষোভ দেখাতে সেদিন সেথানে যাই নি। কাশ্মীরে রিগিং হয়েছিল এবং যে কোন কারণেই হোক ভোটে প্রাক্তিত হয়েছি বলে বিক্ষোভ দেখাতে দেখানে দেদিন ঘাই নি। মৌলবী ফারুক চিরকালই বলে এসেছেন. কাশ্মীর পাকিস্তানের অবিচ্ছেত্ত অংশ—বিচ্ছিন্নবাদকে যে প্রশ্রের দেয়, তার বিরুদ্ধে বিক্ষোভ জানাতেই আমরা দেদিন সেথানে জমায়েত হয়েছিলাম। সেথু আবছলা, যিনি চিরকাল বিচ্ছিন্নতা-বাদের বিকল্পে ছিলেন, আমরা ক্ষমতার দ্বন্দে হেরে গিয়েও সম্মান দিয়ে এসেছি। যথন তার দলে নিরংকশ সংখ্যা গরিষ্ঠতা ছিল না, তথন আমাদের একজন এম. এল. এ.-কে পদত্যাগ করিয়ে, তাঁর দলের একজনকে নির্বাচনে জিভিয়েছিলাম। তবেই তিনি সেই সময়ে মথামন্ত্রীতে বসতে পেরেছিলেন। স্থতরাং ক্ষমতার লোভ আমাদের মধ্যে নেই। তাহলে কিন্তু আমরা দেখ আবহুল্লাকে ঐ ভাবে সম্মান জানাতে পারতাম না। কিন্তু ডাঃ ফারুক আবহুল্লা, যিনি বিচ্ছিন্নতা-বাদী শক্তির সঙ্গে মিটিং করেন, তার বিরুদ্ধে বিক্ষোভ আমাদের থাকবেই। বিচ্ছিপ্নতাবাদের বিহুদ্ধে অপজিশন পার্টির সদস্তরা যথন কথা বলেন, তথন বিচ্ছিন্নতাবাদী এক শক্তি আকালীদলের সঙ্গে কি করে বৈঠক করেন বুঝতে পারি না। যারা আজ সংবিধানের একটা অংশ দিল্লীর বুকে পোড়ায়, তাদের বিচ্ছিন্নতাবাদী শক্তি ছাড়া আর কি বলা থেতে পারে ? ডা: ফারুক আবদুলা এদের সঙ্গে মিটিংয়ে বসেন। ফারুক আবছুলার সঙ্গে গ্রেট ইটার্ণ হোটেলে বসে সন্মেলন করেন বিরোধী দলের সদস্তরা। শুধু তাই নয়, রাজ্য সরকারের বহু টাকা তছরূপ করে এই সম্মেলনে ব্যয় করা হয়। আপনারা বুকে হাত দিয়ে বলুন তো, ডাঃ ফারুক আবছুলা বিচ্ছিন্নতাবাদের পঞ্চে আছেন কিনা ? আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে বলব, আপনি তে। বিচ্ছিন্নতাবাদের বিরুদ্ধে অনেক কথাই বলেন, তাহলে আপনারই দলের নেতা স্থরজিত সিং বারনালা কলকাতায় বসে, গ্রেট ইষ্টার্প হোটেলে কি করে একসঙ্গে সম্মেলন করলেন ? বামফ্রণ্ট নেতাদের কাছে আমি একথা জিজ্ঞাসা করি। শরীকদল ফরোয়ার্ড ব্লকের অবস্থা এখানে বড়ই করুণ। ওঁরা এখানে ক্ষমতার লোভে এক রকম কথা বলেন, আবার বাইরে অন্য রকম বলেন। কুচবিহারে অবস্থা কি চলছে তা ওঁরা ভাল ভারেই জানেন। দেখানে একটা কোল্ড ফৌরেজ আছে। গতকাল আমি এ বিষয়ের উপরে একটা মেনশান দেব ভেবেছিলাম, কিন্তু তুর্ভাগ্যজনক ঘটনার কারণে তা হয় নি। যাইহোক, কোল্ড স্টোরেজটির নাম হচ্চে স্বরূপ নারায়ণ জগধাত্রী। সেই কোল্ড স্টোরেজে সি. পি. এম. বলছে তাদের লোক সেথানে কাজ করবে, আবার ফরোয়ার্ড ব্লকের পক্ষ থেকে বলছে, তাদের লোক কাজ করবে। আজকে সি. পি. এম. এর লোকেরা ফরোয়ার্ড ব্লক কর্মীদের উপর দেখানে আক্রমণ চালাচ্ছে। সি. পি. এম. দলের লোকের অত্যাচারে ফরোয়ার্ড রকের কর্মীরা কিছু করতে পারছেন না। যাই হোক, দেখানকার ডি. এম. দেখানে গেলে সি. পি. এম. এর লোকেরা ফরোম্বার্ড ব্লক কর্মীদের এবং ফরোয়ার্ড ব্লক কর্মীরা সি. পি. এম. কর্মীদের উপর দোষ দেয়। সি. পি, এম. দলের পক্ষ থেকে তাঁকে জানানো হয় যে, তাদের দলের লোক নাকি সেখানে আগে

থেকে কাজ করতো। লেবার কমিশনারের কাছেও তারা এই দাবী জানিয়েছে। তথন লেবার কমিশনার জানান, 'তা কি করে সম্ভব—আপনারা যে সময় থেকে আপনাদের কমীরা কাজ করছেন বলে দাবী করছেন, সেই সময় কোল্ড স্টোরেজটি আদৌ তৈরী হয় নি।' কুচবিহারে আজ দেখছি, সি. পি. এম. এবং ফরোয়ার্ড রক দলের মধ্যে লড়াই সমানে চলছে। ওথানকার অবস্থা মাননীয় রুষিমন্ত্রী ভাল ভাবেই জানেন। কুচবিহারে ফরোয়ার্ড রক দলের কর্মীরা সি. পি. এম. দলের কাছে মার থেয়ে সি. পি. এম. নেতাদের কাছে ছুটে আসছেন। মন্ত্রীত্বের লোভে এখানে কিছু বলতে পারছেন না। আমরা দেখছি, ওঁরা সি. পি. এম.-কে এখানে সাপোর্ট করছেন। আমাদের কাছে এটা সভ্যিই বড় ছ্র্ভাগ্যের। এই রকম একটা অবস্থা চলছে রাজ্যের প্রতিটি জেলাতে। তব্ও বিরোধীদলের পক্ষ থেকে আইন-শৃষ্ট্রলার অবস্থা ভাল বলে শ্লোগান তুলছেন। আমরা বিচ্ছিন্নতাবাদের বিক্লমে যথন কালো পতাকা দেখাতে গিয়েছিলাম, সেই ঘটনাকে কেন্দ্র করে নানা রকম শ্লোগান ওঁরা তুলছেন। শাস্তিপূর্ণ বিক্লোভের ঘটনাকে অন্য ভাবে তুলতে চাইছেন।

পাতাল রেলের জ্বন্ম রেলমন্ত্রী যে কত উৎসাহ নিয়ে কাজ করছেন সে কণা একবারও বললেন না। পশ্চিমবাংলায় চক্ররেলের কথা কোন মন্ত্রীই বলেন নি। একমাত্র গণি খান চৌধুরীই এ নিয়ে বলছেন এবং কাজ করছেন। পার্লামেণ্টে যে ৩৮ জন এম. পি. আপনাদের আজেন তাঁরা তো রেলমন্ত্রীকে এজন্য একবারও সাধুবাদ জানাননি। আমরা জানি আপনাদের শুধ কেন্দ্র বিরোধী ছাড়া আর কোন শ্লোগান নেই। যথনই তিনি বিভিন্ন জায়গায় লাইনের কথা চিন্তা করছেন তথনই আপনারা বলছেন পাতাল রেলের কাদ্ধ মন্তর কেন ? আপনাদের পরিবহনের কথায় যতীনবাবু যেশব মন্তব্য করেছিলেন সেগুলি সম্বন্ধে তো বললেন না। এর বিরুদ্ধে শ্রামলবাবু, রবীনবাবু এবং প্রশাস্ত শূর মহাশয়রা তো বিক্ষোভ দেখালেন। আপনারা পরিবহনের কোখায় স্বার্থকতা দেখিয়েছেন ? আপনারা এখন আর ট্রামে, বাদে চড়েন না। সেখানে মান্তবের তুঃখকষ্ট কি করে জানবেন ? কংগ্রেস আমলে যে কটা বাস ছিল এখন আর তা নেই। আপনার বিশ্ব-ব্যাক্ষের টাকাগুলি নিয়ে তছরূপ করলেন। ছগলী জেলার জেলা পরিষদের টাকা তছরূপ করলেন, তার কোন হিসাব দিতে পারলেন না। এরজন্ম কি কেন্দ্র আপনাদের টাকা দেবে ? পঞ্চায়েত নির্বাচনে এত রিগিং করে, এত টাকা দিয়েও নির্বাচনে আপনারা সমস্ত জায়গায় জিততে পারলেন না। ষেগুলি আপনাদের পঞ্চায়েত নয় সেগুলির সঙ্গে আপনারা বিমাতস্থলভ আচরণ করছেন। ত্র্গলী জেলার যে ৩টি পঞ্চায়েত সমিতি মাছে এবং ৫টি গ্রাম পঞ্চায়েত আছে কংগ্রেদ পরিচালিত তারা জেলা পরিষদের কাছ থেকে অনেক অস্থবিধা ভোগ করছে। আমি যথন জিজ্ঞাসা করলাম টাকা দিচ্ছেনা কেন তথন তারা বলে যে জেলা পরিষদ থেকে নির্দেশ এসেছে যে আগেকার পঞ্চায়েত সমিতি যে টাকা খরচ করেছে সেই টাকার হিসেব আগে দিতে হবে। আমরা হিসেব নিতে গিয়ে দেখছি যে কোন স্বায়গায় কিছু নেই। আমরা ডি. এমকে বললাম যে যেদিন থেকে আমরা এমেছি, কার্যভার গ্রহণ করেছি সেদিন থেকে হিসাব দেবো, আগেকার হিসেব আমরা কিভাবে দেবো। কারণ দেসব তো আলিমুদ্দিন ষ্ট্রীট এবং শ্রীরামপুরে গেছে। এইভাবে ডি.

এমের কাছ থেকেও আমরা বিশেষ স্থবিধা পাচ্ছি না। পঞ্চায়েতের মাধ্যমে যে কৃষি উল্লয়নের কথা বলা হয়েছে এটা কেন্দ্রের পরিকল্পনা। আপনারা যদি কেন্দ্রীয় সরকারের ২০ দফা কর্মসূচী রূপায়ন করতেন তাহলে কৃষি উল্লয়ন হোত। সেই ২০ দফা কর্মসূচী নিয়ে যদি কাজ করতেন তাহলে গ্রামে যে মান্লয় দারিজ সীমার নীচে আছে তাদের দারিজ সীমার উর্দ্ধে নিয়ে যেতে পারতেন। অথচ এরজন্ম ইন্দিরা গান্ধী আপনাদের লক্ষ্ণ লক্ষ্ণ টাকা দিচ্ছেন।

## [ 3-00 -3-35 P. M. including adjournment ]

আমরা তো বামফ্রণ্ট সরকারকে দেখি ইন্দিরা গান্ধীর ২০ দফা কর্মস্থানীর এক পঞ্চায়েত ছাড়া।
আর কিছু করতে পারেননি। আপনাদের কাজ শুধু ইন্দিরা গান্ধীর বিহ্নদ্ধে কথা বলা, কংগ্রেমের
বিহ্নদ্ধে কথা বলা। আপনারা সব সময় বলেন আমরা বিপ্লব করে ক্ষমতায় আসিনি, আমরা
সমাজ ব্যবস্থার কি করে পরিবর্তন করব। আমরা বলি আগে বিপ্লব করে সমাজ ব্যবস্থার পরিবর্তন
করার ব্যবস্থা করুন, তারপর ক্ষমতায় আসবেন। আপনারা বলেন বিপ্লব করে ক্ষমতায় আসবে
শতকরা ৮০ জন পুলিশ কর্মচারী ছাঁটাই হয়ে যেত। আপনাদের তো ক্ষমতা দেওয়া হয়েছে।
পুলিশ যদি সংবিধান বিরোধী কাজ করে, পুলিশ কর্মচারী যদি রাজ্য সরকারের বিহ্নদ্ধে বড়র
করে তাহলে তাদের বিহ্নদ্ধে শান্তি দেবার ক্ষমতা তো আপনাদের দেওয়া হয়েছে। কিন্তু সেই
পুলিশকে আপনার যদি আপনাদের দলীয় স্বার্থে লাগান তাহলে পুলিশ নির্ভীকভাবে কাজ করতে
পারে না। কালকে যেটা উত্তর দিতে গিয়ে বলেছেন অনেক ছর্নীতিগ্রস্ত লোক নির্বচনে জিতে
আসে। এটা বাস্তব সত্য কথা। এটা বাস্তবিকই কালকে স্বীকার করেছেন। তাহলে কেন
পশ্চিমবঙ্গে কালোবাজীকে গ্রেপ্তার করা হয়নি বলুন তো ? বলুন তো আজকে আপনাদের পার্টি
ফাণ্ড কোথা থেকে এল ? এর উত্তর দিতে পারবেন না। আজকে আপনাদের প্রয়াত নেতা
প্রযোদ দাশগুপ্রের ২০ লক্ষ টাকা নিয়ে আপনাদের নেতাদের মধ্যে গোলমাল চলছে। একটা
সাপ্রাহিক পত্রিকায় বেরিয়েছে প্রযোদ দাশগুপ্রের ২০ লক্ষ টাকা নিয়ে প্রাতনান

মিঃ তেপুটি স্পীকার ? মিঃ মান্নান, আমি আপনাকে কাগন্ধ পড়তে দেব না। আই ক্যান নট এ্যালাও ইউ ট রিড দি জ্লীপ্টস।

শ্রীআবস্থল মাল্লানঃ স্থার, আমি রেফার করছি জান্ট একটা রেজিষ্টার্ড পেপার যা লিখেছে সেটা। এই পেপার যদি কোন রকম অসত্য কথা লিখে তাহলে তার বিরুদ্ধে মান হানীর কেস করবে। কিন্ধ যেহেতু কেস করেনি সেজন্ম ঘটনাটি সত্য, সেজন্ম আমি ঘটনাটি উল্লেখ করছি। একটা সংবাদ বেরিয়েছিল যে সি পি এম'র প্রয়াত নেতার নামে ২০ লক্ষ টাকা থাকার জন্ম পার্টির নেতাদের মধ্যে ক্ষণড়া হয়েছে যে সেই টাকাটা কে নেবে। ২০ লক্ষ টাকা কি ২০ কোটি টাকা, আলিম্দিন স্ত্রীটের পার্টি অফিসের ভাাল্যেশান কত সেই প্রশ্নে আমি যাচ্ছি না, আমার প্রশ্ন হছেছ সর্বহারা দলের সর্বহারা নেতা যাঁর গুধু জামা কাপড় ছাড়া আর কিছু ছিল না বলে

পশ্চিমবঙ্গের মানুষ জানে তিনি সেই টাকাটা কোথা থেকে পেলেন? যদি জ্যোতিবাব্ এই প্রশ্নের উত্তর দেন তাহলে খুনী হব। আজকে দি পি এম'র পার্টি ফাণ্ড কোথা থেকে এল এই প্রশ্নের যদি জ্যোতি বস্থ উত্তর দেন তাহলে খুনী হব। ফরওয়ার্ড ব্লক এম এল এ-দের সম্বন্ধে কি বলব—
ওঁদের ৪ জন মন্ত্রীকে রাখতে হবে, দি পি এম'র ঘাড়ে চড়ে নির্বাচনে জ্বিততে হবে, অতএব দি পি এমকে সমর্থন করতে হবে। দি পি এম যদি পার্টি অফিস তৈরী করে তাহলে নিজেদের পার্টি অফিস তৈরী করে তাহলে নিজেদের পার্টি অফিস তৈরী করে তাহলে নিজেদের পার্টি অফিস তৈরী করতে পারব, সেজক্য দি পি এমকে সমর্থন করতে হবে। তাই রাজ্যপালের ভাষণে পশ্চিমবঙ্গের সার্বিক চিত্র তুলে ধরা হয়নি বলে আমি সমর্থন করতে পারছি না। পশ্চিমবঙ্গে ব্যাপক হর্নীতি হচ্ছে, কালোবাজারী চলছে, শিক্ষা ক্ষেত্রে নৈরাজ্য চলছে, আইন শৃঙ্খলার চরম অবনতি ঘটেছে, বহু পাটকল শ্রমিক অনাহারে দিন কাটাছে, এইসব কথা রাজ্যপালের ভাষণে নেই বলে আমি রাজ্যপালের ভাষণকে সমর্থন করতে পারছি না।

### [3-35-3-45 P.M.]

**এতানিল মুখার্জি:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি চার দিন ধরে বিরোধী দলের এবং আমাদের পক্ষের সদস্তদের বক্তব্য মন দিয়ে শুনছিলাম। বিরোধী দল গত ১৯৭৭ সাল থেকে যে সব কথা ওনারা বলে আসছেন ঠিক সেই সব কথাই ওনারা পুনরায় বলেছেন। অর্থাৎ সেই একই কথা আইন শৃষ্খলা নেই, বিহ্যুতের কথা, শ্রমিকদের কথা—এই সব হচ্ছে না, এ সব হচ্ছে না, এবং তার মধ্যে অনেক অসত্য কথা দিয়ে তাঁদের ভাষণকে পরিপূর্ণ করেছেন। কিন্তু যেসব কাজ হয়েছে পশ্চিমবাংলায় সে সম্বন্ধে একটি কথাও উল্লেখ করলেন না। কারণ ওনারা চোগ বন্ধ করে বসে আছেন। আমার গান্ধীজীর একটি কথা মনে পড়ে যায়। তিনি স্বাধীনতা পাবার পর বলেছিলেন যে কংগ্রেস তুলে দাও জমি ক্লষকদের হাতে দিয়ে দাও, শ্রমিকদের মধ্যে কো-অপারেটিভ করে শিল্প তাদের হাতে তুলে দাও। উনি ঠিকই বলেছিলেন। তিনি একজন মহান ব্যক্তি, তাঁর দূরদৃষ্টি ছিল। তিনি বুঝতে পেরেছিলেন। স্বাধীনতার পরে কংগ্রেস যে রূপ নেবে, দেই রূপ অসুমান করেই তিনি এই কথা বলেছিলেন। যা হোক ওনারা যে কণা বললেন আইন শৃদ্ধলার প্রশ্নে, তাতে আমি বলতে চাই যে সর্বভারতীয় যে চিত্র তাতে দেখা যায় অক্সান্ত রাজ্যের তুলনায় পশ্চিমবাংলা অনেক ভাল। ইউ. পি., বিহার, রাজস্থান, মধ্যপ্রদেশ এথানকার চেয়ে জনেক বেশী খুন জ্বম রাহাজানি হচ্ছে ডাকাতি হচ্ছে। মাননীয় মুধ্যমন্ত্রী বলেছেন ই্যা, খুন হচ্ছে। ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থায় অপরাধ বাড়বে, এ আর নৃতন কথা কি। কিন্তু একথা ঠিক ষে অন্সান্ত রাজ্যের তুলনায় অনেক কম-এথানকার পরিস্থিতি অনেক ভাল। স্থার, আমি আপনার কাছে একটি তথ্য পরিবেশন করতে পারি যাতে সহজেই বুঝতে পারবেন কিভাবে সর্বভারতীয় ক্ষেত্রে কমিউন্যাল রায়ট, সাম্প্রদায়িক দাদাহাদামা বেড়েছে এবং পশ্চিমবাংলায় গত ১৯৮২ সাল থেকে কোনও কমিউত্যাল রায়ট হয় নি—একেবারে নীল। অত্যান্ত রাজ্যে এই রকম অনেকগুলি ঘটনা ঘটেছে।

শ্রমিক অসম্ভোষ ১৯৭৭ সালে সর্বভারতীয় ক্ষেত্রে দেখা যায় ১১% পার্সেন্ট, শ্রমিক অসম্ভোষ বা তাদের দাবী দাওয়াকে কেব্রু করে যে সব ঘটনা ঘটেছে ১৯৭৮ সালে সেটা বেড়ে দাঁড়ালো ১২.৬. ১৯৭৯ माल प्राची रहना ১৫.१ जर ১৯৮० माल प्राची (बएफ फ्रांखाला ১१.৯। वर्षाए সর্বভারতীয় ক্ষেত্রে আমরা লক্ষ্য কর্ত্তি বিভিন্ন প্রদেশে বাড্ডে। কিন্তু পশ্চিমবালোর চিত্র অন্ত রকম। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার সামনে আর একটি চিত্র তুলে ধরছি। নাম্বার অব কমিউন্সাল ইনসিডেন্স সর্বভারতীয় ক্ষেত্রে যদি দেখেন ভাহলে দেখতে পাবেন, ১৯৭৮ সালে নাম্বার অব কমিউন্সাল ইন্সিডেন্স হয়েছিল ২৩০, ১৯৭৯ সালে ৩০৪, ১৯৮০ সালে হয়েছিল ৪২৭টি এবং ১৯৮১ সালে ৩১৯, ১৯৮২ সালে হয়েছে ৪৭৪টি, সর্বভারতীয় ক্ষেত্রে। কিন্তু পশ্চিমবাংলায় এই রকম ঘটনা নিল। অক্যান্ম রাজ্যের অবস্থা দেখন ইউ. পি., বিহার, বিহার শরীফে বিভিন্ন রকমভাবে সাম্প্রাদায়িক ঘটনা ঘটছে। কিছু দিন আগে থবরের কাগজে বেরিয়েছিল, কিভাবে তপশীলীদের উপর অত্যাচার হয়েছে এবং এখনও সেই সব ঘটনা ঘটছে। কিছুদিন আগে আনন্দবাজার পত্রিকায় একটা রিপোর্ট বেরিয়েছিল 'থুনে ভরা দিল্লী'। ১৯৮২ সালে একটা রিপোর্ট বেরিয়েছিল, সেই রিপোর্টে দেখা যায়, এখানে সেই রিপোর্ট রয়েছে, তাতে বলছে ইউ. পি. তে প্রতি ছ মিনিটে একটি করে অপরাধ হয়, ১০ মিনিটে একটি করে রাহান্ধানি হয়, প্রতি ১৫ মিনিটে একটি করে চরি হয়, প্রতি ৩০ মিনিটে একটি কবে সশস্ত্র দাকা হাকামা হয়, প্রতি ৪৫ মিনিটে একটি করে লুঠ হয়, প্রতি ৩১ মিনিটে একটি করে খুন হয়। প্রতিদিন তিনটি করে নারী নির্যাতন হয়, এই হচ্চে দর্বভারতীয় চিত্র, এটা ইউ. পি.'র চিত্র। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সর্বভারতীয় ক্ষেত্রে আজকে দেখা যাচ্ছে যা অবস্থা, তাতে দেখা যাচ্ছে আইন শৃঙ্খলার দিক থেকে পশ্চিমবাংলার অবস্থা অনেক অনেক ভাল। ছাত্র আন্দোলন থেকে শুরু করে, শ্রমিকের ঘটনা থেকে শুরু করে এবং অক্যান্ত অপরাধ যে সমস্ত হচ্ছে, সেই তথ্য দিয়ে বিচার করলে, পশ্চিমবাংলায় ঐ সব ঘটনা অন্য রাজ্যের থেকে অনেক কম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনারা আজকে যা বলছেন, সেটা ঠিক নয়। ভারতবর্ষের অর্থনীতিকে বাদ দিয়ে পশ্চিমবাংলাকে বিচার করা যায় না। আজকে সারা ভারতবর্ষের অবস্থা কি ? উনারা ওভার ড্রাফটের কথা বলেছেন, ইন্দিরা গান্ধীও ওভার ডাফটের কথা বলেছেন, যথন তিনি এখানে সভা করতে এনেছিলেন, কেন্দ্রীয় অর্থমন্ত্রীও এই ওভার ডাফটের সমালোচনা করেছেন, মাঝে মাঝে তিনি থবরদারীও করেন এই ওভার ছাফট নিয়ে। আজকে সারা ভারতবর্ষে ৬০ হাজার কোটি কালো টাকা আছে এবং ভুধু তাই নয়, আজকে বিদেশী ঋণে সারা ভারতবর্ধ জর্জরিত। আজকে ভারবর্ধের বিদেশী এবং আভাস্তরীণ ঋণের পরিমান হচ্ছে ৫৮ হাজার কোটি টাকা। এর মধ্যে ২৫ হাজার কোটি টাকা বিদেশী ঋণ। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এখানে একটা চিত্র উপস্থিত করছি তাহলে সহজেই বুঝতে পারবেন যে ভারতবর্ষ আজকে কোন অবস্থায় রয়েছে। কেন্দ্রীয় অর্থ মন্ত্রকের হিসাব অমুযায়ী ৩১শে মার্চ পর্য্যস্ত ভারতীয় এবং বৈদেশিক ঋণের পরিমাণ হচ্ছে ২৫ হাজার ৪৫৮ কোটি ৫৪ লক্ষ টাকা। এর মধ্যে বিভিন্ন জায়গায় এই সমস্ত ঋণ রয়েছে. যেমন জার্মানী, ইউরোপ, ফ্রান্স

এবং অন্তান্ত জারগায়, সমস্ত জায়গা থেকে ঋণ নেওয়া হয়েছে। এমন কি আন্তর্জাতিক অর্থ সংস্থা, আই. এম. এফ., সেথান থেকেও ঋণ নেওয়া হয়েছে। তার পরিমান হচ্ছে ৫৫৫ কোটি ২ লক্ষ্ণ টাকা।

[3-45 -- 3-55 P.M.]

অথচ আমরা কি লক্ষ্য করি? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ভারতবর্ষকে বন্ধক দিয়ে ঋণ নেওয়া হয়েছে। ভারতবর্ষের স্বাধীনতা, অর্থনীতি, রাজনীতিকে বন্ধক দিয়ে কেন্দ্রীয় সরকার বিদেশের কাছ থেকে এই ঋণ নিয়েছেন এবং তারজন্য আজকে বিপুল স্থদ দিতে হচ্ছে। তাই আজকে ১৮০০ কোটি টাকার মত কেন্দ্রীয় ডেফিনিট বাজেট তৈরী করা হয়েছে। ইনফ্রেসান মুদ্রাফীতি রোধ করার যে সব ব্যবস্থা বাজেটে রাথা হয়েছে তার দ্বারা মুদ্রাফীতি রোধ করা যাবে না, এতে মুদ্রাফীতি বেড়েই চলবে। ৬০ হাজার কোটি কালো টাকা দমন করার জন্ম কেন্দ্রীয় সরকার যে ব্যবস্থা গ্রহণ কবেছিল তার দ্বারা এটা রোধ সম্ভব হয়নি। সেই কালো টাকার পরিমাণ ক্রমশঃ বেডেই চলেছে। কাগজে কিছু কিছু দেখা যায়—ওরা বলেন পশ্চিমবাংলায় বেকার নাকি বেড়েই চলেছে, আর কোথাও বেকার নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে একটি চিত্র তলে ধরতে চাই যে, ভারতবর্ষে কিভাবে দিনের পর দিন বেকার সংখ্যা বেড়ে চলেছে। এই বেকার সংখ্যা বাডার জ্ঞা কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা, যোজনা দায়ী। এরজন্ম পশ্চিমবাংলার বামফ্রণ্ট সরকার দায়ী নন এবং বামফ্রণ্ট সরকারের নীতির জন্ম বেকার বাড়ছে না, জিনিসের দাম বাড়ছে না। কেন্দ্রীয় সরকারের অর্থনৈতিক নীতির জন্মই এটা হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৭৭/৭৮ সালের মধ্যে কর্মপ্রার্থীর সংখ্যা প্রায় ৬৫ লক্ষের মত বৃদ্ধি পেয়েছে। এই সময়ে ১২ শতাংশের মত সংগঠিত শ্রমিক কাজ পেয়েছে, আর বাকি অংশ অসংগঠিত থেকে বেশী বেকারের কলেবর বৃদ্ধি করেছে। যোজনা কমিশনের দলিল এটা স্বীকার করে বলেছে যে বেকারের সংখ্যা ব্যাপক ও সামগ্রিক বৃদ্ধিই তথু ঘটেনি, কাজের ক্ষেত্রও ক্রমে সংকৃচিত হয়েছে সারা ভারতবর্ষে। এই রাজ্যে শিল্প এবং অন্যান্ত ক্ষেত্রে শ্রমিক ধর্মঘট কমেছে এবং এথানে ২% মাত্র শ্রমিক অসন্তোষের জন্য কলকারথানা বন্ধ হয়, আর বাকি ১৮ ভাগ কল-কারথানা বন্ধ হয় অর্থ লগ্নীর অভাবে। কেন্দ্রীয় সরকারের নীতির জন্মই পশ্চিমবাংলা এবং ভারতবর্ষের মাননীয় উপাধ্যক মহাশয় ১৯৮২/৮৩ সালের কল-কারখানা বন্ধ হয়ে যাচ্ছে। কেন্দ্রীয় সরকারের একটি রিপোর্ট বেরিয়েছে, তাতে বিভিন্ন রান্দ্রোর লক আউটের হিসাব দেওয়া হয়েছে। সেথানে দেখা যাচ্ছে বিহারে ১২২টি লক আউটের ঘটনা ঘটেছে, গুজরাটে ২০১টি মহারাষ্ট্রে ১৭৬টি, তামিলনাড় তে ১৮৭টি, উত্তরপ্রদেশে ১২৯টি এবং পশ্চিমবাংলায় ১২৪ টি ঘটনা ঘটেছে। সারা ভারতবর্ষের লকআ্উটের অবস্থাটা একটু তাকিয়ে দেখুন—পশ্চিমবাংলা স্বার নীচে রয়েছে। এথানে ধর্মঘট এবং লক আউটের ঘটনা অনেক কম ঘটেছে। গুজরাট, মহারাষ্ট্র তামিলনাড়ুতে ধর্মঘট এবং লক্ষ আউটের ফলে অনেক প্রমিক হাঁটাই হয়েছে, সেই তুলনায় পশ্চিম-বাংলায় কম হয়েছে। এটা আমাদের রিপোর্ট নয়, কেন্দ্রীয় সরকারের রিপোর্ট এবং এই রিপোর্টে

লেবারদের অবস্থা বলা হয়েছে। শুধু তাই নয়, কেন্দ্রীয় সরকার বলছেন পার ক্যাপিটা ইনকাম বেড়েছে। কোথায় বেড়েছে? বরং পার ক্যাপিটা ইনকাম ফল করেছে। ১৯৭৮/৭৯ সালকে বেস ইয়ার ধরলে দেখা যাচ্ছে ২০৫% পার ক্যাপিটা ইনকাম ফল করেছে।

কিন্তু পিছনের দিকে অর্থাৎ ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্য্যস্ত যদি দেখেন তাহলে দেখা যাবে ষে পুরো অর্থনীতিকে গরমিল করে উন্টো হিদাব দেখিয়ে জাতীয় আয় বাড়ানো হয়েছে। তারপর এরা বলেছেন, এথানে শিল্পের কোন উন্নতি হয়নি স্থোতিবাবুর আমলে। কিন্তু আমি বলব, আপুনারা যদি হিদাব নিমে দেখেন তাহলে দেখবেন, প্রয়াত শিল্পমন্ত্রী ডঃ কানাইলাল ভট্টাচার্য্য মহাশয়ের আমলে বিগত কয়েক বছরে ১৯৮১ ৮২ সাল পর্যান্ত এই বামফ্রণ্টের আমলে এথানে শিল্পে বিনিয়োগ হয়েছে ১৬০৭ কোটি টাকা। তারপর এরা শিক্ষার কথা বলেছেন। লজ্জা লাগে না এদের শিক্ষার কথা বলতে ? এদের অনেক নেতা আছেন যাদের টুকে পাশ করার জন্য দারভাকা হলে আলাদা সিট করে দেওয়া হয়েছিল। যারা সেদিন টছে পাশ করেছিলেন ওদের সেই রকম নেতা হয়ত এই হাউদে এলনও আছেন। এমন কি সর্বভারতীয় ওদের নেতা হয়েছেন তাদেরও দারাভাঙ্গা হলে, আশুতোষ হলে আলাদা রুম করে দিতে হয়েছিল ভাইস চ্যানসেলারকে ল প্রীক্ষায় টকে পাশ করার জন্ম। সেই টুকে পাশ করা ছেলে আজকে সর্বভারতীয় কংগ্রেসী নেতা। এই যাদের অবস্থা তারা আবার শিক্ষার কথা বলেন। এরা শিক্ষাক্ষেত্রে নৈরাজ্যের কথা বলেছেন। এরা তো সেকথা বলবেনই কারণ আজকে আর কলেজে কলেজে মদের দোকান বদে না, বিশ্ব-বিল্যালয়ে অসম্ভোষ নেই, অধ্যক্ষকে গুলি করে মারা হচ্ছে না, ভাইস-চ্যানসেলারকে হত্যা করা হচ্ছে না, এম, এল, একে খুন করা হচ্ছে না কাজেই শিক্ষাক্ষেত্রে ওদের মতে নৈরাজ্য চলছে। ঐ তো এথানে আনন্দবাব বসে আছেন, তিনি হয়ত জানেন, বলতে পারবেন, ওর এলাকায় চণ্ডি মিত্রকে কেন খুন করা হয়েছিল। উনি তথন বিধানসভার সদস্ত ছিলেন কাজেই উনি ব্যাখ্যা করতে পারবেন চণ্ডি মিত্রকে কেন খুন করা হয়েছিল এবং কে তাকে মেরেছিল। ওদের আমলে বর্ধমান বিশ্ববিদ্যালয়ে অথিলেশকে মারলো এক ছাত্রপরিষদ। এক ছাত্র পরিষদ আর এক ছাত্র-পরিষদকে গুলি করে মারলো। আজকে আর বিশ্ববিদ্যালয়ের অলিন্দে এক ছাত্র আর এক ছাত্রকে গুলি করে মারছে না, কলেজে কলেজে মদের দোকান নেই, কলেজে কলেজে, স্কুলে স্কুলে চুরি হচ্ছে না ভাই ওদের মতে শিক্ষাক্ষেত্রে নৈরাক্ষা চলছে। এই না হলে কংগ্রেদী রাজনীতি। স্থার, আশ্চার্য্য হয়ে যাই যথন শুনি ওরা শিক্ষা ক্ষেত্রে নৈরাজ্য চলছে এ কথা বলেন। স্থার আমরা দেখলাম মা যথন দিল্লীতে ক্ষমতায় এলেন ১৯৮০ সালের জামুমারীতে তথন থেকেই বিপদটা এল। ১৯৭৮/৭৯ সাল প্র্যান্ত ওদের মুখে বিশ্বযিত্যালয়ে কোন গোলমালের থবর শুনিনি যেই মা দশপ্রহরণ-ধারিণী দিল্লীতে আর্বিভূতা হলেন তথনই ঐ লুঠেরার দল বিশ্ববিলালয় এবং কলেজে কলেজে গিয়ে গোলমাল করতে আরম্ভ করলো। মায়ের বলে বলিয়ান হয়ে সন্তানের দলরা পশ্চিমবাংলায় লুঠের রাক্তম্ব, গোলমালের রাজস্ব এবং সেই ১৯৭২ থেকে ১৯৭৭ দালের অক্ষকারের রাজস্ব কায়েম করার

চেষ্টা করতে লাগলেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একথা ঠিকই যে এক শ্রেণীর পুলিশের মধ্যে এরা রাজনীতি চুকিয়ে দিয়ে গিয়েছেন। আমরা অভিযোগ করছি, আমাদের ম্থ্যমন্ত্রী মহাশম্বও অভিযোগ করেছেন যে পুলিশের এক অংশের ওদের সংগে থেকে আজকে আইনশৃঙ্খলার অবনতি ঘটাছে।

### [ 3-55-4-05 P. M. ]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে একটা চিত্র তুলে ধরতে চাই। এই চিত্রটি একটা টেলিগ্রাফ কাগজে বেরিয়েছিল। সেই চিত্রটি হচ্ছে, 'হু ব্যাকড হেমেন মণ্ডল'। এই সম্পর্কে এতে একটা আর্টিকেল বেরিয়েছিল। আমি আপনার অন্তমতি নিয়ে তার চুটো লাইন কোট করতে চাই। এখানে মাননীয় সদস্য অজিতবাবু আছেন, তিনি হেমেন মণ্ডল সম্পর্কে যে কথা বলেছিলেন সেটা বলতে পারবেন।

#### (গোলমাল)

**শ্রীস্থনীতি চট্টরাজঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশন্ত্র, উনি কাগজ থেকে পড়ছেন। উনি কাগজ থেকে পড়তে পারেন না। আপনি কি এটা এ্যালাউ করছেন ?

মিঃ ডেপুটি স্পীকারঃ স্থনীতিবাবু, কাকে কি এ্যালাউ করতে হবে সেটা আমি জানি। আপনাকে বলতে হবে না। আপনি বস্থন। Mr. Mukheree, you cannot read from tht newspaper.

**্রীক্সনিল মুখার্জী**ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা আর্টিকেলের কোটেশান এখানে দিচ্ছি।

Hemen has always been loyal to the Congress. Earlier he was patronised by a former Minister and at present Congress (I) MLA from North Calcutta. After the local people of Gouribari ransacked Hemen's house on January 26, the WBPCC (I) President Mr. Ananda Gopal Mukherjee described it as an attack by CPI (M) workers on Congress (I) supporters.

#### (Noise)

Shri Suniti Chattaraj: Sir, he is reading from the paper.

Mr. Deputy Speaker: Mr. Mukherjee you cannot display any newspaper in the House.

**শ্রীঅনিল মুখার্জীঃ মান**নীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা কোটেশান কি এথানে দিতে পারিনা ?

মিঃ ডেপুটি স্পাকার: I have given my ruling. It cannot be displayed in the House, please follow my ruling.

**্রীঅনিল মুখার্জীঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা আর্টিকেলেব কোটেশান এখানে দিতে পারিনা যেটা টেলিগ্রাফ কাগজে বেরিয়েছিল। আমি একটা পেপার কাটিং থেকে পদতে পারিনা। আমি একটা রেফারেন্স পদতি।

**এ স্থনীতি চটুরাজ:** স্থার, উনি আবার পড়ছেন।

মিঃ তেপুটি স্পাকার: I know this. He is not reading the newspaper. He is only giving the reference.

**শ্রীঅনিল মুখার্জী**ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ঐ টেলিগ্রাফ কাগজে বেবিয়েছিল যে ছ ব্যাক্ড হেমেন মণ্ডল। কংগ্রেস এই হেমেন মণ্ডলকে ব্যাক করেছিল।

শ্রীসভ্যরঞ্জন বাপুলী: Sir, on a point of order.

মিঃ ডেপুটি স্পাকার: I shall allow. Your point of order after the speach of Shri Mukherjee. Now let him speak.

শ্রীঅনিল মুখার্জীঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ঐ টেলিগ্রাফ কাগজে বেরিয়েছিল যে কংগ্রেস হেনেন মণ্ডলকে ব্যাক করেছে। উত্তর কলকাতার একজন প্রাক্তন মন্ত্রী, তিনি এগন কংগ্রেস (আই)-এর এম. এল. এ, তিনি হেমেন মণ্ডল-এর সমর্থক ছিলেন। কংগ্রেসের প্রাদেশিক সভাপতি সেখানে তার সমর্থনে বলেছিলেন যে সি. পি. এম-এর লোকেরা এদের বাড়ী ছাড়া করেছে এবং র্যানসকেড করেছে। অজিতবাবু বলেছিলেন, না। তিনি বিরোধিতা করেছিলেন এবং তারপরে বলা হয়েছিল যে না, এটা হয়নি। আজকে এগানে অজিতবাবু আছেন, তিনি বলতে পারবেন। আজকে যদি এরা হেমেন মণ্ডলকে নিয়ে রাজনীতি করে তাহলে আইন-শৃঙ্খলা কোথায় যাবে সেটা বুঝতে পারেন। পশ্চিমবাংলায় ওরা একদিকে বলবে যে আইন-শৃঙ্খলা বিশ্বিত হছে, আর বাইরে গিয়ে হেমেন মণ্ডলের মত গুণ্ডাদের আজারা দিছেন, অতায় তাবে প্রশ্রম দিছেন। আজকে যদি এই জিনিস ওরা করে তাহলে আইন শৃঙ্খলার অবনতির জন্ম কারা দায়ী? আজকে কংগ্রেস এই সব লোকেদের আন্ধারা দিছেন, যারা আইন-শৃঙ্খলাকে পদদলিত করছে, গুণ্ডামী করছে, দলবাজী করছে এবং সারা পশ্চিমবাংলাকে লুঠেরাদের হাতে, গুণ্ডাদের হাতে তুলে দিছে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বলতে চাই যে, আঞ্চকে ভারতবর্ধের অর্থনীতি যে জায়গায় এসেছে এই জায়গায় আসার জন্ম দায়ী হচ্ছে ইন্দিরা কংগ্রেস। তাদের তৈরী অর্থনীতি গোটা দেশটাকে আঞ্চকে বিক্রি করে দিছে, বিদেশের কাছে বন্ধক রাথছে। দেশের স্বাধীনতাকে ক্ষুর্ম করে দেশটাকে আঞ্চকে ওরা এই জায়গায় নিয়ে এসেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমি এই কথা বলতে চাই যে, পাঞ্চাবে আঞ্চন জলছে, আসামে আঞ্চন জলছে, কেন্দ্রশাসিত অঞ্চলতে আঞ্চন জলছে, স্বতরাং আজকে এই অবস্থায় শ্রীমতী ইন্দিরা গান্ধীর পদত্যাগ করা উচিত। আজকে আমি প্রধান মন্ত্রীর পদত্যাগ দাবী করছি, কারণ কংগ্রেদী বন্ধুরা রোজই বলেন, জ্যোতি বস্থ পদত্যাগ করুন। আমি বলি, ইন্দিরা গান্ধী পদত্যাগ করুন, পাঞ্চাবে, আসামে, সব দিকে আশুন জলছে, স্বতরাং তাঁর এবং তাঁর দলের (ইন্দিরা কংগ্রেসের) আজকে কোন নৈতিক অধিকার নেই ক্ষমতায় থাকবার। এই কথা বলে আমি রাজ্যপালের ভাষণের ওপর যে ধন্যবাদস্যচক প্রস্তোব এসেছে তাকে সমর্থন করে তার ওপরে যে সমস্ক সংশোধনী প্রস্তাব এসেছে তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শীসভ্যরঞ্জন বাপুলী ঃ ভার, অন এ পয়েণ্ট অফ অর্ডার, মাননীয় সদস্য অনিলবাবু বক্তব্য রাথবার সময়ে কতগুলি লোকের নাম বলেছেন যারা হাউসের মেম্বার নয়। আপনি জানেন যে, এই হাউসে ইতিমধ্যে শীকার মহাশয় একবার কলিং দিয়েছেন যে, যারা এই হাউসের মেম্বার নয় তারা এই হাউসে নিজেদের ডিফেণ্ড করতে পারবে না, নিজেদের কথা বলতে পারবে না, সেসমস্ত লোকের কথা এথানে যদি কোন সদস্য বলেন তাহলে সে কথাগুলি এক্সপাঞ্জ হবে। এথন আমার প্রশ্ন হচ্ছে অনিলবাবু যে নামগুলি বললেন সেগুলির কি হবে ?

প্রীদীপক সেনগুপ্তঃ স্থার, ব্যাপারটা হচ্ছে, যারা এথানে ডিভেও দিতে পারবেন না । । । মাননীয় সদস্থ সত্য বাপুলী পয়েণ্ট অফ অর্ডার তুলে বললেন যে, অনিলবাবু হেমেন মণ্ডলের নাম এথানে উল্লেখ করতে পারেন না। তা আমি সত্য বাপুলীকে জিজ্ঞাসা করছি, হাজ হি টেকেন্ হিজ্ কেস ?

মিঃ ডেপুটি স্পীকারঃ মি: বাপুলী, আই স্থাল লুক্ ইনটু দি ম্যাটার।

শ্রী স্থাবস্থল মাল্লানঃ স্থার, সত্য বাপুলী একটা পয়েণ্ট অফ অর্ডার তুলেছিলেন, আপনি তার ক্ললিং দিয়েছেন। আপনি বলেছেন, অনিলবাবু কারো নাম বলে থাকলে তা আপনি বাদ দেবেন বলেছেন। তার জ্বন্থ আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। স্থার, এর আগে স্পীকার মহাশয় এবং আপনি ক্লিং দিয়েছেন যে, কোন সাবজুভিস্ ম্যাটার এথানে আলোচনা করা যাবে না।

মিঃ ডেপুটি স্পীকার: মি: মান্নান, প্লিজ্ টেক ইন্নোর সিট। দেরার ইজ্নোজ প্রেন্ট অফ্ অর্ডার। শ্রীক্ষজিত কুমার পাঁজা: মাননীয় উপাধ্যক মহাশয়, মাননীয় সভ্য অনিল ম্থার্জী আমার নাম করে কতগুলি কথা তাঁর বক্তভার মধ্যে বলেছেন এবং তিনি 'ডেইলি টেলিগ্রাফ' নামে একটা কাগজ এথানে তুলে ধরে বলেছেন আমি নাকি কোথায় কোন একজন এয়াণ্টি-সোসালকে সাপোর্ট করেছি। আমি ঐ রকম ধরনের কথা কোথাও বলিনি।

শ্রীঅনিল মুখার্জীঃ আমি বলেছি, আপনি কনট্টাডিক্ট করেছেন। আপনাদের প্রেপিডেন্ট সাপোর্ট করেছিলেন, আপনি কনট্টাডিক্ট করেছেন।

শ্রীঅজিত কুমার পাঁজোঃ আপনি কথাটা হাত নেড়ে এমন ভাবে বললেন যে আমি মনে করলাম আপনি এ্যালিগেসন করছেন। আমি তাহলে ভুল শুনেছি।

[4-05-4-15 P.M.]

**এতানন্দমোহন বিশ্বাসঃ** মাননীয় উপাধ্যক মহাশয়, আপনি জানেন, সংসদীয় গণতম্বে রাজ্যপালের ভাষন অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং তাৎপর্বপূর্ণ, কারণ সরকারের কার্য্যপদ্ধতি এবং ভবিষ্যৎ কর্মস্থচী রাজ্যপালের ভাষণের মধ্যে প্রতিফলিত হয়। আমরা অত্যন্ত পরিতাপের দঙ্গে লক্ষ্য কর্রাছ, রাজ্যপালের এই ভাষণ বিশেষ করে প্রাক-বাজেট ভাষণ একটা ধারাবাহিকতার ঐতিহ ক্ষুন্ন করছে বিশেষ করে এই ভাষণের মধ্যে অনেক কিছু তথ্য গোপন করা হয়েছে, অনেক কিছু পতা গোপন করা হয়েছে এবং **অনেক জনস্বার্থ সংশ্লিষ্ট বিষয় এর ভিতরে উল্লেখ নেই।** এই প্রসঙ্গে আমি বলতে পারি এথানে সমবায় সম্বন্ধে কোন কথা বলা নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই পশ্চিমবাংলায় ৩৮ হাজার গ্রাম আছে। এই ৩৮ হাজার গ্রামে শতকরা ৭০ জন ক্লয়ক প্রত্যক্ষ-ভাবে এবং পরোক্ষভাবে ক্লষির উপর নির্ভরশীল এবং এই সমবায় বিশেষ করে গ্রাম বাংলায় ক্লষির ক্ষেত্রে অর্থ বিনিয়োগকারী সংস্থা হিসাবে কাজ করে। আমরা জ্বানি, গোটা পশ্চিমবাংলায় দ্রব্যমূল্য বৃদ্ধি হচ্ছে—একথা অস্বীকার করে লাভ নেই। নিত্য প্রয়োজনীয় দ্রব্যের সরবরাহের মাধ্যম হিসাবে সমবায় কাজ করে। কিন্তু অত্যন্ত ত্রথের সাথে লক্ষ্য করছি, আজকে এই সমবায় সমিতির কি অবস্থা? আগামী দিনে এক ভয়ঙ্কর অবস্থার স্বাষ্ট হবে। আমি চ্যালেঞ্জ করে বলছি মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে কোন স্থান লাভ করেনি। জানিনা রাজ্যপাল মহাশয় এই ব্যাপারটা ইচ্ছাক্বতভাবে উপেক্ষা করেছেন কিনা? তথু সমবায় নয়, এখানে উচ্চ শিক্ষার কথা বলা হয়েছে। বর্তমান সিভিলাইজেদান সম্পূর্ণভাবে নির্ভর করছে ইনডাসট্রিয়ালাইজেদান এবং কর্মাশিয়ালাইজেদানের উপরে। আজকে সভ্যতার ক্রমবিকাশের ক্ষেত্রে গবেষনা এবং কারিগরি শিক্ষার যথেষ্ট গুরুত্ব আছে। অথচ মাননীয় রাজ্যপালের ভাষণে টেকনিক্যাল এড়-क्यात्मत्र कथा वला त्नरे, गरवयनात कथा वला त्नरे, এशात्म श्रयुक्ति विद्यात कथा वला त्नरे। আজকে যে শিক্ষা ব্যবস্থা চলছে সেটা জাত্যস্ত জঘন্য শিক্ষা ব্যবস্থা চলছে। এছাড়া বয়ন শিল্পের কথা বলা নেই। ক্ষুদ্র কুটির শিল্পের কথা বলা আছে। একশ্রেণীর মামুষ আছেন যাদেরক

টয়লিং মাসেস অর্থাৎ আমরা যাদেরকে ওয়ার্কিং ক্লাস বলি। নদীয়া, শাস্তিপুর, চগলী, ধনেথালি, মূর্শিদাবাদ, মালদা, মেদিনীপুর এবং বাঁকুড়ায় হাজার হাজার লক্ষ লক্ষ মাহ্ন্য আছেন যারা বয়ন শিল্পের উপর জীবন-জীবিকা নির্বাহ করে। আজকে সেই বয়ন শিল্পের কি বাজার, কোথা থেকে কাঁচা মাল পাচ্ছে, সরকারী পৃষ্ঠপোষকতা কি লাভ করছে সে সম্বন্ধে কোন কথা বলা হয়নি।

আজকে আপনার। বলেন যে আপনারা না'কি অবহেলিত মামুষের সরকার। আমি অত্যন্ত পরিতাপের সাথে লক্ষ করি—এখানে শম্বু মাণ্ডি মহাশম্ব বসে আছেন – শতকরা ৩০ ভাগ মামুষ যারা তপশীলি এবং আদিবাসী, যারা নিরক্ষর এবং নিরন্ন যাদের ভিতর এথন আলোক পৌছায় নি, বর্তুমান সভ্য সমাজ্ব থেকে ধারা অনেক দূরে আছে সেই মাতুষদের সম্বন্ধে এই বাজেট স্পীচের ভিতর কোন কথা বলা নেই। আজকে এথানে কয়েকটি স্তবকের ভিতর তপশীলি আদিবাসীদের কয়েকটি বাড়ী করে দেওয়ার কথা বলা আছে। আজকে আমরা সত্য কথা বলার চেষ্টা করলে আপুনারা আমাদের কণ্ঠ রোধ করার চেষ্টা করবেন, আমরা জানি, অমুগ্রহ করে সেটা করবেন না। আদিবাসীদের তপশীলিদের সম্বন্ধে কোন কথা এখানে বলা নেই। আদিবাসী, তপশীলিদের यिन करम्रकि वाड़ी करत रमध्या दम्र ठाररल ठारमत वर्षरेनिष्ठिक चनिर्धतमीनका वारम ना। বিগত সরকারের কথা না বলে পারছি না, আমি ঐ দপ্তরের মন্ত্রী ছিলাম। শভু মাণ্ডি মহাশয়কে বলছি আমরা Scheduled Castes Development and Finance Corporation করে গিয়েছিলাম, ৪০ লক্ষ টাকা ছিল দেখানে ক্যাপিট্যাল। Scheduled Castes Development and Finance Corporation-এর মধ্যে দিয়ে সেখানে সমাজের যারা তুর্বল শ্রেণীর মাত্র্য বিশেষ করে তাদের ঘরে যে সমস্ত ছেলে যারা ট্রাডিশ্রন্তাল এ্যাণ্ড ভোকেসন্তাল ট্রেডের শিক্ষায় শিক্ষিত তারা যাতে সীড মাণি পায়. ছোট ছোট উল্লোগের মধ্যে দিয়ে যাতে নিজেদের পায়ে দাঁডাতে পারে সেইসব ব্যবস্থার কথা সেথানে বলা হয়েছিল। আজকে সেথানে Scheduled Castes Development and Finance Corporation-এর কথা বলা হয় নি। আজকে ভারতবর্ষের সংবিধানে সমাজের তুর্বলতর শ্রেণীর মামুষ, ঐ তপশীলি আদিবাসীদের জন্ম চাকরির সংরক্ষণের ব্যবস্থা আছে, ৩০ বছরের সরকার তাদের সেই অধিকারকে কোন আইনে লিপিবদ্ধ করেন নি। বিগত সরকার দেখানে সিভিউল কাষ্টের রিজারভেষণ অফ পোষ্টস ইন দার্ভিসেস যে আইন করা হয়েছিল সেই আইনকে কতটুকু কার্য্যকরী, কতটুকু মূল্যায়ণ করা হয়েছে আমরা কিন্তু এর ভিতরে তা দেখতে পাচ্ছি না। ওথানে শস্তু মাণ্ডি মহাশয় বসে আছেন, তিনি ভালভাবে জানেন, আজকে বনডেড লেবার ঐ মেদিনীপুর, বাঁকুড়ার আদিবাদী ভাইয়েরা—আমরা জানি—তারা বক্ত সম্পদ সংগ্রহ করে, ইনটার মিডিয়ারী সিসটেমে তাদেরকে দিয়ে সেই সমস্ত জন্দলে সম্পদ সংগ্রহ করিয়ে তাদের একসপ্রয়েট করা হয়েছে। বিগত সরকার সেথানে ট্রাইব্যাল কো-আপারেটিভ করেছিলেন. এদের নাম দেওয়া হয়েছিল ল্যাম্প।

অর্থাৎ দেখানে কো-অপারেটিভের মাধামে ঐ আদিবাসী ভাইয়েরা যাতে নিজেদের পায়ে দাড়াতে পারে দে কথা বলা হয়েছিল, আঙ্গকে আমরা এই বাজেট ভাষণের ভিতর তাদের সম্বন্ধে কিছু দেখতে পাচ্ছি না। এখানে পাবলিক আণ্ডারটেকিংসের কথা কিছু বলা হয় নি। আপনাবা বলেন যে আপনাদের চিন্তাধারা, আপনাদের পলিটিক্যাল কনভিক্সন মার্কশীয় দর্শনের ভিতর নিবদ্ধ। আপনারা চিরদিন বলেন আপনারা পুঁজিবাদের বিরুদ্ধে, ক্যাপিটালিষ্টদের, মনোপলিষ্টদের বিরুদে বলেন, আজকে যে দমন্ত রাষ্ট্রায়ত্ত শিল্প আছে সেই রাষ্ট্রায়ত্ত শিল্পের প্রতি আপনাদের অত্যস্ত শ্রদ্ধা। আমরা জানি আজকে এাগ্রো ইণ্ডাসট্টিজ, কল্যাণী স্পিনিং মিল ইত্যাদি পাবলিক আগুারটেকিংসের কেন্দ্রগুলো কোনটা মৃথ থ্বড়ে পড়ে আছে, কোনটা হাঁটি হাঁটি পায় পায় করে যাচ্ছে তাদের ইকনমিক ভাইটালিটির সম্বন্ধে কোন কথা কিন্তু বলা হয় নি। এখানে আজকে মুদ্রাফীতির কথা বলেছেন, বার বার কেন্দ্রীয় সরকারের ফিসক্যাল পলিশিকে দায়ী করেছেন। ইন্টার মাণিটারী ফাণ্ডকে আপনারা দায়ী করেছেন। এথানে মানন।য় অর্থমন্ত্রী মহাশয় নেই, আমি আপনাদের প্রশ্ন করতে চাই, আজকে ননপ্ল্যাণ্ড এক্সপেনডিচারে কত টাকা থরচ করেছেন, সে কথা কিন্তু বলেন নি। যদি সে কথাটা আপনারা বলেন তাহলে মুদ্রাফীতি জনিত সাধারণ মান্তবের যে কষ্ট তাতে শুধু কেন্দ্রীয় সরকারই দায়ী নয়, সেই দায় ভাগ আপনাদেরকেও বহন করতে হয়। এখানে ল্যাণ্ড রিফর্মনের কথা বলেছেন, কোথায় জমি, কোথায় সংস্কার ? ল্যাও রিফর্মস মানে ভধু অপারেশন বর্গা নয়। ল্যাও রিফর্মস বলতে সেখানে জমি চাষের উপযোগী করে তোলা, ল্যাণ্ড রিফর্মস শুধু চাষের কথা বলে? ল্যাণ্ড রিফর্মস এর ভিতর চাষীর কথা বলা হয়। এথানে শুধু অপারেশন বর্গার কথা বলেছেন। একটা পাট্টা ডিসট্রিবিউ-সনের তালিকা দিয়েছেন, কিন্তু আমি জানতে চাই—মাননীয় অধ্যক্ষ মহাশয়—ল্যাণ্ড ডিমট্রিবিউসন যে করা হয়েছে, ভূমিহীন কৃষক জমি পেয়েছে, সেই জমির উপযোগীতা কতটুকু তারা গ্রহণ করতে পেরেছে ? ফ্র্যাগ্মেনটেসন এ্যাণ্ড সাব্ডিভিসন অফ ল্যাণ্ড সে সম্বন্ধে আপনাদের রাজ্যপাল মহাশয়ের ভাষণের ভিতর কোন ইঙ্গিত আমরা পাচ্চি না।

## [4-15-4-25 P.M.]

বিশেষ করে কম্প্রিহেন্সিভ্ এরিয়া ডেভেলপমেন্ট, জমি একত্রীকরণ, কালেকটিভ ফার্মিং এবং এগ্রিরিয়ান পলিসি—এগুলো সম্বন্ধে কিন্তু কোন কথা এথানে দেখাতে পাছিছ না। আজকে শুধু দেখতে পাছিছ 'অপারেশন বর্গা'র কথা। অপারেশন বর্গায় এখানে মাত্র ১ কোটি ৩৮ লক্ষ একর জমি পাওয়া গেছে। পার্ ক্যাপিটা ২৪ শতক দাড়াছেছ মাত্র। আমরা লক্ষ করছি যে একর জমির অধিকার আপনারা ভূমিহীন ক্বয়কদের দিছেন অর্থাৎ চারজনের একটি পরিবার পিছু ১ একর চাষের জমি দিছেন। কিন্তু আপনারা একবারও ভাবলেন না যে সভিত্রকার সেই জমির উপযোগিতা দে কতটুকু গ্রহণ করতে পারবে। আমি মনে করি, আবার আমরা ফিউডালিজ্ম্-এর দিকে ফিরে যাছিছ। এখানে একটি শ্রেণী তৈরী করা হয়েছে, যে শ্রেণী জমি পাবে, যে শ্রেণী আপনাদের দাক্ষিণ্যের দিকে তাকিয়ে থাকবে, যে শ্রেণী আপনাদের বদাত্যতার উপর

নির্ভর করবে। আমি মনে করি আজকে একটি নিও-সার্ভ সিষ্টেম এখানে তৈরী হয়েছে। আপনাদের দলের ক্রীভদাস শ্রেণী তৈরী হয়েছে। কিছু বদান্সতা, কিছু বর্গাদার রাইট পাইয়ে দিয়ে আপনাদের দলের উপর নির্ভরশীল একটি নতন শ্রেণী তৈরী করছেন। এথানে আপনারা রিলিফ আগুরটেকিংয়ের কথা বলেছেন। এ-ব্যাপারে আমরা আপনাদের সমর্থন করি। রিলিফ আণ্ডারটেকিংয়ের মধ্যে দিয়ে ৫০ হাজার মাহাধকে চাঁটাই, লে অফ-এর হাত থেকে বাঁচাতে চেয়েছেন-এটা হচ্ছে একটা সাইড। কিন্ধ ৫০ হাজার মান্তবের কর্ম-সংস্থানের কথা চিন্তা করে গত সাত বছরে যে ৪৪টি সংস্থাকে রিলিফ আগুরেটেকিংয়ের আগুরে নেওয়া হয়েছে—ওথানে কে ডাইরেকটর, কি কারণে তাঁদের এই পতন, কি কারণে তাঁদের এই দুর্বলতা—দে সম্বন্ধে কোন অন্তুসন্ধান কিন্তু আপনার। করেন নি। মাননীয় মুখ্যমন্ত্রী এবং তাঁর সরকার হয়তো ভেবে থাকেন যে আমরা ওঁদের বিরোধী পক্ষ, স্থতরাং আমরা মুখ্যমন্ত্রীকে সমর্থন করি না। নিঃসন্দেহে আমরা মুখ্যমন্ত্রীর ভাল কাজকে সমর্থন করি। তথনই আমরা মুখ্যমন্ত্রীকে সমর্থন করি, যখন আমরা দেখি আসামের বিচ্ছিন্নতাবাদের বিরুদ্ধে, হরিয়ানা পাঞ্চাবে যে উগ্র সাম্প্রদায়িকতাবাদ আজকে ভারতবর্ষের ঐক্য এবং সংহতি বিনষ্ট করছে তার বিরুদ্ধে শ্রীমতী গান্ধীর স্তরে স্কর মিলিয়ে ন্যাশনাল ইনটিগ্রিটির কথা বলছেন, আমরা বলি—বাহবা, বাহবা জ্যোতিবার। কিন্তু চংখের সঙ্গে জানাচ্ছি যে শুধু ন্যাশনাল ইনটিগ্রিটিই নয়, কেন্দ্রকে তুর্বল করবার জন্ম ঘথন কনক্লেভ্ তৈরী হচ্ছে, তথন মাননীয় মুখ্যমন্ত্রী গোপনে পশ্চিমবাংলার মাটিতে কনক্রেভের একটি পরিবেশ স্বষ্ট করে দিচ্ছেন. সরকারের লক্ষ লক্ষ টাকা থরচ করে আজকে কেন্দ্রের বিক্তমে বড়যন্ত্রে লিপ্ত হচ্ছেন। মাননীয় রাজ্যপালের সরকারের এই যে মুথমন্ত্রী, তাঁর এই যে ডবিয়াস ক্যারেকটার, এই যে ডাব ল ষ্ট্রাণ্ডার্ড — এটা অত্যক্ত মারাত্মক বলে মনে করি। ইট ইজ ডেটিমেন্টাল ট আওয়ার ভাশনাল ইনটিগ্রিটি। আজকে আমরা জানিনা আর কতদিন এই জিনিস তিনি চালাবেন। আমরা জানিনা তিনি এই স্লযোগ নিয়ে হাউ লং হি উইল ক্যাচ ফিল ইন দি ট্রাব লড ওয়াটার ? তিনি আজ ঘোলা জলে মাছ ধরবার চেষ্টা করছেন এবং হাউ লং ইট উইল কনটিনিউ ?

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এথানে আমি আইন-শৃন্ধলার কথা আর তুলছি না, যদিও রাজ্যপাল মহোদয় আইন-শৃন্ধলার কথা দিয়েই স্থক্ষ করেছেন। তবে আমি জানি আইন-শৃন্ধলার কথা বললে মধুর চাকে ঢিল মারা হবে এবং আপনারা চিৎকার করে উঠবেন; বলবেন কোথায় আইন কোথায় শৃন্ধলা? হয়তো আমার স্থপনীয় সদস্যদের কেউ কেউ বলে থাকবেন আইন-শৃন্ধলা নেই। আমি বলছি ল আছে, অর্ডার আছে। কিন্তু সেই ল তো আমাদের এই পবিত্র বিধান-সভার তৈরী করা হয়নি, সংসদে তৈরী করা হয়নি! আমরা দেখতে পাচ্ছি 'নাগরিক কমিটি' নামে শহরে শহরে, রকে রকে, অঞ্চলৈ অঞ্চলে যে সমস্ত পয়েণ্ট তৈরী হচ্ছে—সেথানে পার্টি ক্যাভারদের স্থার্থে যা হওয়া উচিত, সেটাই হচ্ছে আইন। আর অর্ডার ? এ্যাভমিনিষ্ট্রেটিভ অর্ডার তো অর্ডার নয়! এথানে লক্ষ লক্ষ যে সমস্ত পলিটবুরো তৈরী হয়েছে এবং তাতে বে সমস্ত ক্ষ্পেদ নতা তৈরী হয়েছে আপনাদের দলের, তারা বে সমস্ত আদেশ দিচ্ছে—সেগুলোই হচ্ছে

সত্যিকারের অর্ডার। আব্দকে নদীয়ায় ৭২টি রাজনৈতিফ খুন হয়েছে। স্থক্মার বাবু এখানে আছেন। তাঁর বাড়ীর কাছেই হাঁসখালী থানা। সেখানে একদিনে ৯ জন প্রাণ হারিয়েছে। আব্দকে তদন্ত করলে সেখানে অনেক কিছুই বেরিয়ে যাবে। আব্দকে দিনের পর দিন খুন রাহাজানি চলছে সর্বত্ত। আব্দকে পশ্চিমবঙ্গে আইন-শৃংখলা কোখায় ? মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় নিশ্চয়ই সেদিকে দৃষ্টি রাখবেন। খুন সব সময়েই নিন্দনীয়। যদি খুনীকে এয়ারেট করতে না পারেন, খুনকে যদি রেজিট্ট করতে না পারেন, আইনের অন্ধশাসন যদি প্রবর্তন করতে না পারেন তাহলে এই সরকার বার্থ সরকার। আব্দকে আমরা মাননীয় রাজ্যপালের ভাষণের পর বলতে পারি এটা একটা স্বর্ণমুগ, ইট ইজ এ গোল্ডেন এজ্। আব্দকে গোল্ডেন এজ কাদের কাছে ? ব্যবসায়ীদের গোল্ডেন এজ্।

মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির লোকের। ধরা ছোঁয়ার বাইরে থেকে গোপনে ব্যবসাদারদের স্থযোগ করে দিছে। গোপনে রাতের অন্ধকারে নিজেদের জাত বাঁচিয়ে তাদের সংগে অাঁতাত করছে। কত জন কালোবাজারী ব্যবসাদারদের আপনারা গ্রেপ্থার করেছেন? সরকার পক্ষের একজন সদস্ত বলেছেন ব্যবসাদাররা সারের সংগে মাটি মেশাচ্ছে, সর্বের তেলে ভেজাল দিছে, তারা এইভাবে কাজ চালিয়ে যাছে। এরমধ্যে কজন কালোবাজারীকে আপনারা গ্রেপ্তার করেছেন? প্রা তো দিব্যি তাদের কাজ চালিয়ে যাচ্ছে।

# ( এই সময় লাল বাতি জ্বলে উঠল )

আমার আর সময় নেই, আমার বলার অনেক কিছু ছিল, মাননীয় স্পীকার লাল বাতি জালিয়ে দিয়েছেন। রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন এটা অসত্য ভাষণ এবং মিথ্যায় ভরা। তাই এই ভাষণেক সমর্থন করা যায় না। তাই এই ভাষণের বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করিছি।

# 34th Repor of the Business Advisory Committee

Mr. Speaker: I beg to present the 34th Report of the Business Advisory Committee which at its meeting held on 2nd March, 1984 recommended the following Programme of Business and Allocation of Time from 7th March to 16th March, 1984:

Wednesday, 7.3.84 (i) The Calcutta University (Amendment) Bill, 1984.

(Introduction, Consideration & Passing) 2 hrs.

1 hr.

- (ii) (a) The Gangasagar Mela (Amendment)
  Bill, 1984.
  (Introduction)
  - (b) Discussion on Statutory Resolution
    Notices given by Shri Satya Ranjan
    Bapuli, Shri Suniti Chattaraj and 1 hr.
    Shri Kashinath Misra
  - (c) The Gangasagar Mela (Amendment)
    Bill, 1984.
    (Consideration & Passing)
- (iii) The Motor Vehicles (West Bengal Amendment) Bill, 1984 (Introduction, Consideration and Passing)
- (iv) The Motor Vehicles (West Bengal 1 hr. Second Amendment) Bill, 1984 (Introduction, Consideration and Passing)
- Thursday, 8.3.84 (i) Resolution on the development of the Coal Mines area —Notice given by Shri Bijoy Pal
  - Haldia Oil Refinery—
    Notice given by Dr. Omar Ali 1 hr.

(ii) Resolution on the expansion on

(iii) Resolution on the nationalisation of the Jute Industry—

Notice given by Shri Umapati
Chakravorty 1 hr.

Friday, 9.3.84 Presentation of the Annual Financial
Statement of the Government of West
Bengal for the year 1984-85.

Tuesday, 13.3.84	General Discussion on Budget	4 hrs.
Wednesday, 14.3.84	General Discussion on Budget	4 hrs.
Thursday, 15.3.84	General Discussion on Budget	4 hrs.
Friday, 16.3.84	General Discussion on Budget	3 hrs.

- (1) The House will sit at 3-00 p.m. on Friday, the 9th March, 1984.
- (2) The House will sit at 12-00 noon on Friday, the 16th March, 1984, and there will no questions for Oral Answers or Mention Cases on that day.

On 5th, 6th and 12th there will be no session. I would now request Hon'ble Minister for Parliamentary Affairs to move the motion for acceptance of the House.

ত্রীপতিত পবন পাঠকঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কার্য উপদেষ্টা কমিটির ৩৪ তম প্রতিবেদন এই সভায় গ্রহণ করা হোক।

মিঃ স্পীকার: আশা করি এই ব্যাপারে সকলেরই মত আছে। স্থতরাং এটা গ্রহণ করা হলো।

শ্রীস্থত্রত মুখার্জীঃ এই ব্যাপারটা মিটিং-এ বলা উচিত ছিল। তবুও আমি বলতে চাই এই কলিকাতা বিশ্ববিদ্যালয় এ্যমেগুমেণ্ট বিল এটা এই হাউদে পরে পেস করা যায় না? এটা অত্যম্ভ জটিল ব্যাপার এবং অত্যম্ভ গুরুত্বপূর্ণ। আমি অন্থরোধ করছি এটা পেছিয়ে দেওয়া হোক।

মিঃ স্পীকারঃ এই ব্যাপারে মন্ত্রীর দক্ষে আলোচনা করেই করা হয়েছে। অন্ত সময় করলে তিনি থাকতে পারবেন না। তাঁর সময় অন্ত্রধায়ী সময় স্থির করা হয়েছে।

**এস্থিত্তত মুখার্জীঃ** তাহলে তো উনি ফিরে আসার পরেই এই বিল আনা যেতে পারে।

মিঃ স্পীকার: হয়ত এটা পেছোনো সম্ভব হবে না। তবে এই নিয়ে মন্ত্রীমহাশয়ের সঙ্গে আলোচনা করে পরে জানাবো।

ভাঃ ভয়নাল আবেদিন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১ তারিপের বাজেট লেসটা ১ টার সময় করা বায় না ? মিঃ স্পীকার: বাজেট প্লেস ১ টার সময় করা একেবারেই সম্ভব নয়। অনেক আগে থেকেই বাজেট প্লেস ৩ টার সময় হয়ে আসছে। এই ব্যাপারে অনেক নিয়ম কাহন আছে, পান্টানো সম্ভব নয়। আপনাদের হাওড়া পৌছানোর ব্যাপারে গাড়ির ব্যবস্থা করা হবে।

**ডাঃ জয়নাল আবেদিনঃ বাজেটটা পড়ে আমরা একটু** আলোচনা করবো, এই জন্ম ১ টার সময় প্লেদ করতে বলছি।

মিঃ স্পীকারঃ বাজেট প্রেস করার সমন্ন হলোও টায়। এই ব্যাপারে ব্যবসায়ী মহলে জনেক রীতি নীতি আছে, এটা পান্টানো যায় না। কারণ কনভেনসান যা চলে আসছে তা বদলাতে গেলে নানা অস্থবিধা দেখা দেবে। আপনাদের এম. এল. এ-দের যেখানে যাবার কথা সেই ব্যাপারে বাসের এ্যরেজমেন্ট করা হবে।

Dr. Jainal Abedin: Sir, we will have to inform the Press about our reaction in regard to Budget but we are not getting time.

Mr. Speaker: I will discuss the matter with the Finance Minister and the Chief Minister whether it is possible to change the time.

# [4-25—4-35 P.M.]

ভ্রীজ্যোৎস্পা কুমার গুপ্তঃ মাননীয় শ্লীকার স্থার, রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়ে এবং তার বিরুদ্ধে যে সমস্ত সংশোধনী এসেছে, তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য পেশ করছি। রাজ্যপালের ভাষণে আছে আমাদের সরকার গত বছরে কি করেছেন বা করতে পারেন নি এবং আগামী বছরে কি করা হবে, কি তার প্রোগ্রাম, তার একটা সারমর্ম। এখানে এই বাজেটে দেখা ঘাছে যে, সেচের ব্যাপারে, ক্ষুত্র সেচের ব্যাপারে কতটা কাল্ল রাজ্য সরকার করেছেন,—জয়নাল আবেদিন সাহেবের কনষ্টিটিউয়েশীতে কতটা করতে পেরেছেন, তা অবশ্য আলাদা ভাবে বলা হয়নি—এই সমস্ত কথাই আছে। যাইহোক, শিক্ষা থাতে সরকার কি করেছেন, ভূমি বন্টন, থাস জমি কতটা ভূমিহীনদের মধ্যে বন্টন করেছেন, সেগুলো ভাষণের মধ্যে উল্লেখ করা আছে। স্বত্রাং সেগুলোর উল্লেখ এখানে নিস্পোয়জন বলে আমি মনে করি। আর একটা বক্তব্য, যেটা খ্ব স্পষ্ট ভাবে রাজ্যপাল তাঁর ভাষণের মধ্যে বলেছেন তা হচ্ছে, অতি প্রয়োজনীয় কমোভিটিস্কে কেন্দ্রীয় সরকার যেন দাম বেধে দেন যাতে অল্প দামে সাধারণ মান্থবের কাছে সেগুলো পাঁছতে পারে। ভাষণের মধ্যে গত ছ বছরের খরার সময়ে সরকার কি করেছেন তার বিষয়েও উল্লেখ আছে। তার আরত্রান ধরার ব্যাপারে কেন্দ্র সাহায্য দিয়েছে। সাহায্য দিজেছে। সাহায্য দিজে কেন্দ্র বাধ্য। কেন তা বলছি। তাঁদের আমলে ম্থ্যমন্ধী ছিলেন ডঃ স্বর্গক বিধানচন্দ্র রায়—

তিনি অবশ্য আমাদেরও মুখ্যমন্ত্রী ছিলেন—১৯৪৮ সালে দেশ বিভাগের পর যথন আমরা বলেছিলাম পাটের চাষ আমরা আর করব না, ধানের চাষ করবো, তথন পণ্ডিত নেহেন্দর সঙ্গে একটা এগ্রিমেন্ট হয়েছিল। তাতে বলা হয়েছিল, পশ্চিমবাংলার খাছে কম পড়লে কেন্দ্র তা দেবে। স্থতরাং ওঁরা সাহায্য যাকে বলছেন, সেটা কথনই দ্য়া করে নয়। কেন্দ্রের সঙ্গে থেহেতু তথন চুক্তি হয়েছিল, সেই হেতু কেব্রু দব সময়েই দিতে বাধ্য। দেশ বিভাগের পর পাটের জমির বেশীর ভাগ চলে গেছে বাংলাদেশের মধ্যে এবং প্রায় সমস্ত পাট কলগুলি পড়েছে পশ্চিলবাংলার মধ্যে। এবারে আদি মূল্যবুদ্ধি প্রসঙ্গে। এসেন-শিয়াল কমোডিটিসের দাম যদি কোন রকম ভাবে বেধে ना (म.७য়) याम्र—एंत्र। वलाइन, किन्दीम मत्रकांत (तर्ध मिरम्राइन- जाश्रल आधारमत हायीरक शाह বিক্রি করতে হবে কম দামে এবং তার প্রয়োজনীয় সার ইউরিয়া এবং পাম্প চালাবার জন্ম ডিজেলের দাম কে. জি. প্রতি বেশী দিতে হবে। ক্রযককে তার সংসারের প্রয়োজনে সরিযার তেলের দাম বেশী দিতে হবে। ডিজেল ওঁরা ৩০ পয়সা বেশী দামে বিক্রি করবেন, বেশী লাভ করবেন, চাষীর কাছ থেকে পাট অল্প দামে কিনবেন, তা কথনই হতে পারে না। শিক্ষার ব্যাপারে প্রায়ই ওঁদের বলতে শোনা যায়, নৈরাজ্য চলছে। ক্লাস ফাইভ পর্যন্ত কেন আমরা বাংলায় পড়াচ্ছি ইত্যাদি বলছেন। একজন কংগ্রেদী বন্ধু বললেন, ক্লাস সিক্স'এ মা ছেলেকে 'এ' 'বি' 'দি' 'ডি' যথন পড়াতে যান, তথন তিনি ঠিকমত বুৰুতে পারেন না। এই অবস্থায় শিক্ষাকে যদি সার্বজনীন করা হয়, তাহলে বাঁদের ক্লয়কের জন্ম এত ভাবনা দেখা দিয়েছে, তাদের কি হবে ? একজন ক্লয়ক ঘরের মা 'এ' 'বি' 'দি' 'ডি' দূরে থাকুক, 'অ' 'আ' 'ক' 'থ' কি তিনি জানেন বলে মনে করেন ?

বাংলায় অ, আ, ক, খ, সেই ক্রমক বাবা মা জানেন। সেটাকে সার্বজনীন করার জন্য শিক্ষা ক্ষেত্রে ক্লাস ফাইভ পর্যন্ত বাংলায় পডবার বাবস্থা হয়েছে যাতে সাধারণভাবে ভাবা শিক্ষা লাভ করতে পারে। গ্রামের কজন ছেলে ক্লাস ফাইভ পর্যন্ত বাংলায় পডে ক্লাস নিজ্যে ভর্টি হয়েছে গুকাডেই শিক্ষা ক্ষেত্রে নৈরাজ্য ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত ওরাই এনেছিলেন। বর্ধমান ইউনিভাসিটিতে সেক্রেটারী ঘরেই বসে থাকতেন এবং তাঁকে ১০ টাকা না দিলে ফর্ম পাওয়া মেত না। সেথানে আমরা বছর বছর পরীক্ষার ব্যবস্থা করেছি। ওরা আজকাল খুব নেতাজী নেতাজী করছেন। কিন্তু আমরা ১৯০৮ সালের কথা ভূলব না। যেদিন নেতাজী স্থভায় ছিলেন সভাপতি সেদিন আপনাদের নেত্রীর বাবা সহ ১২ জন রেজিকনেশান দেন একজিকিউটিভ কমিটি থেকে। ডাঃ রায়ের বাড়ীর উল্টো দিকে এ. আই. সি. সি.-র মিটিং হছে যেটা মোষ্ট আনকষ্টিটিউসানাল। সেদিন সরোজিনী নাইডুকে সভাপতি করে সভা স্থক্ত হল, তথন সর্বাল সাহ্ ল সিং করিশের আপত্রি করে বললেন যে এটা কিভাবে হবে, আনকষ্টিটিউসানাল মিটিং হতে পারে না। সেখানে প্রয়াত নেহেক তাঁকে বসিয়ে দিয়েছিলেন। তথন অমরদা সেখানে ছিলেন। তথন আমরা ওয়ার্কার ছিলাম। কাজেই আজ আপনাদের নেতাজীর নাম উচ্চাবন করা উচিত নয়। সেদিন গান্ধীজী বলেছিলেন—পট্রভীস ডিফিট ইজ মাই ডিফিট। সেমব ওদের ভোলা উচিত নয় ডারপর আর একটা জিনিষ নিয়ে খুব চেচামেচি করছেন সেটা হছে আইন শুন্ধনা।

[4-35-4-45 P.M.]

আধা গণতন্ত্র, আধা রাজতন্ত্র, আধা দামস্ভতন্ত্র, আধা ধনতন্ত্র এই রাজত্বে চুরি থাকবে, জোচ্চ্রের থাকবে। কারণ, যে কাঠামো তৈরী হয়েছে সেই কাঠামোকে একদিনে বা ৭ বছরে বদলে দেবার মত ম্যাজিক আমাদের মুখ্যমন্ত্রীর বা কোন মন্ত্রীর বা কোন এম এল এ'র নেই। আজকে ভাবন ক্রমওয়েলের কি অবস্থা হয়েছিল। ক্রমওয়েল বোধ হয় পৃথিবীর প্রথম ডেমোক্রেসির প্রবক্তা। কিন্তু যথন তিনি স্বৈরাচারী হলেন তথন তাঁকে ইমপ্রিচমেন্ট ফেন করতে হয়েছিল। শেই ইমপ্রিচমেন্ট কি, না, ফাঁসি। তবে তাঁর ভাগ্য ভাল যে তিনি তার ভেতরেই মারা যান। নেপোলিয়ান ক্রান্সে ডেমোক্রেসি আনলেন, এনে বললেন আমি সম্রাট। এই বে সম্রাট। এই ষে সম্রাট, সাম্রাজ্ঞী, যুবরাঞ্জ এইভাবে যদি ভারতবর্ষের ক্ষেত্রে গড়ে উঠে তাহলে বিচ্ছিন্নতাবাদ কেন গড়ে উঠবে না? কেন শিথরা বলবে না আমাদের দেশের অর্থনীতি আমরা কটোল করব, আমরা সব কিছু করব? কাজেই আজকে ওদের মুথে আমরা ভূতের মুথে রাম নাম শুনব। কেননা, ওরাই তো রাজতম্ব প্রতিষ্ঠিত করতে চলেছেন। রাজতম্বে কি হয়েছিল—বুটিশ রাজতম্ব দেখুন, দেখানে ওয়েলদে ঝগড়া হয়েছে, আয়ারল্যাণ্ডে কগড়া হয়েছে, আইরিশরা অর্ধেক বেরিয়ে চলে এনেছে, আর বাকি অর্ধেক বলছে আমরা বেরিয়ে চলে যাব। আমি বলছি না রাতারাতি সমাজতান্ত্রিক কাঠামো তৈরী হবে, যদি প্রকৃত গণতান্ত্রিক কাঠামো তৈরী হত তাহলে আজকে ভারতবর্ষে এই যে চরি রাহাজানি হচ্ছে এটা অনেকাংশে কমে যেতে পারত। কাজেই ওদের মুখে এই রকম বানী এগুলি স্বামার কাছে মনে হয়েছে এগুলি যেন বিরোধিতা করব বলে বিরোধিতা করে চলেছেন। স্থার, ওরা আবার ওথানে এ তকতায় বসবার ধান্ধা করছেন। তাহলে স্থার, ঐ তক্তা ভেঙ্গে যাবে, ঐ তক্তা ওদের ভার সইতে পারবে না। আজকের দিনে আমাদের এটা ভাবতে হবে যে জনসাধারণ এই বিধান সভায় আমাদের সকলকে নির্বাচিত প্রতিনিধি করে পাঠিয়েছে, আমরা সবাই মিলে যদি আগামী বছরে আমাদের সরকার যে প্রোগ্রাম নেবেন সেই প্রোগ্রামকে স্থসংহতভাবে কার্যকরী করতে পারি তাহলে দেশের মংগল হবে। একটা নতুন জিনিস আরম্ভ করেছেন আমাদের ওয়েলফেয়ার মন্ত্রীমহাশয় শিশুর মৃত্যু হার কমাবার জন্ম বাড়ীতে বাড়ীতে গিয়ে মায়েদের এই ব্যবস্থা শেখাবে। এগুলি ওরা বৃশ্বতে পারছেন না। ওরা খালি বলছেন খুন হচ্ছে, জথম হচ্ছে। ইকনমিকদের যে থিওরী তাতে উন্নয়নশীল দেশে এই রকম খুন জ্বম হবে, পুলিশের ক্ষমতা নেই সরকারের ক্ষমতা নেই এটা বন্ধ করার।

একেবারে সম্পূর্ণ কাঠামো বদলাতে পারবো, দেশে গণতন্ত্র নয়, প্রাক্তত সমাজতন্ত্র যেদিন হবে সেদিন এই সব ঘটমা আর ঘটবে না সেদিন খুন জ্বম, ছেলে চুরি, নারী হত্যা, বন্ধ হবে, তার আগে আমার মনে হয় বন্ধ হবে না।

**্রীস্থত্তত মুখার্জীঃ** স্থার, ওনার লাল বাতি **জলে উঠেছে.** ওনাকে বক্তৃতা বন্ধ করতে বনুন।

শ্রীজ্যোৎস্পা গুপ্ত ঃ লাল বাতি জলেছে, আমি নিশ্চয় বদবো। তবে স্থ্রতবার্কে বলি যে তিনি কাগজে নাম বার করবার জন্য শীকারের মাইক ভেঙ্গে দেয়, তাতে কাগজে নাম উঠতে পারে কিন্তু তার জীবনে ঐ লালবাতি চিরকালের জন্য জলে যাবে। অনেক ছেলেমাস্থ একটু সোবার হবার চেষ্টা করুন। যা হোক এই কথা বলে রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়ে এবং যেসব সংশোধনী এসেছে তার বিরোধীতা করে আমার বক্তব্য শেষ কয়ছি।

Shri Abdur Rauf Ansari: Mr. Speaker, Sir, Governor's Address is such a thing that in this House and outside this House the people of West Bengal about 4½ crores are anxiously waiting to know what this Government is going to give them, what they have done for them, what is their performance and what they are going to do in future to redress the grievances and problems of the people. Sir, it is a very lamentable thing to say that nothing has been said in this Address. Though this House is held in Calcutta but nothing has been said for its improvement Urban Development Department deals with 103 Municipalities, but nothing has been mentioned in the Address about their problems, and about what they are going to do. Sir, in the Address nothing has been said about the election when it will be held. গভর্ণরের এাডেনে এই দব কথা থাকবে বলে আশা করেছিলাম বাট নাথিং ওয়াজ ফাউণ্ড। কলকাতা করপোরেশনকে ওনার। ক্যালকাটা মিউনিসিপ্যাল করপোরেসন করে দিলেন। আমি জানি একটা কারচুপি করা হয়েছে। যেখানে ১০০ জন কাউন্সিলার ছিল সেখানে ১৪১ জন কাউন্সিলার করা হোল। এবং এর সংগে গার্ডেনরীচ যাদবপুর বেহালাকে ঢুকিয়ে দেওয়া হোল। গার্ডেনরীচে একজন এম. এল. এ ২৫ জন কাউন্সিলার ছিল। সেথান ১টা ওয়ার্ড করে দেওয়া হোল। যাদবপুরে কোন কমিশনার ছিল না একটা এম এন. এ আছে। সেখানে ১৪টা ওয়ার্ড করে দেওয়া হয়েছে। বেহালায় ২টি এম. এল. এ ২৬টি ওয়ার্ড ছিল সেথানে ১৮টি ওয়ার্ড করে দেওয়া হয়েছে। ৪টি এম. এল. এ এর এরিয়ায় ৪১ ওয়ার্ড করে দেওয়া হোল। আর ২১ জন এম. এল. এ এর জায়গায় ১০০ জন কাউন্সিলার করা হয়েছে। This 21-MLA area has been given only 100 wards while the 4 MLA area has got 41 wards. This 21 MLA area has got 26 Municipal Commissioners and 100 wards. The idea behind this is that they are in favour of the people of Calcutta urban area and of the villages. They said they will hold election. They have added 41 councillors making it from 100 to 141 councillors. There is no mention what they will do.

The Minister in charge of this department opened a boosting station at Raja Subodh Mullick Square on 30th May.

সহরে জল সরবরাহ সমস্তা চিরকালই আছে। রাজা স্থবোধ মল্লিক স্কোয়ারে বৃষ্টিং ষ্টেশন ওপেন করলেন ৩১শে মে তারিখে মিনিষ্টার ইন চার্জ অব দি ডিপার্টমেন্ট এবং তিনি বললেন বক্তৃতায় যে তু মাসের মধ্যে জল দেবো। তাঁর ছবি বেকলো কিছ্ক জল বেরোলো না। Lakhs and Lakhs of people of Calcutta are suffering. There is accumulation of garbage of 2300 metric tons. The lorries are in deplorable condition. The entire environment is damaged. There are national and international agencies for the development of the conditions of the lorries. If you go to the central garage you will find that most of the lorries are in deplorable condition and are not working properly. There are corruption and nepotism and what not?

#### [ 4-45—4-55 P.M. ]

আপনি দেখুন, কলকাতা শহরের যেথানেই বেরোবেন, সেথানেই দেখবেন যে গার্বেজে কি অবস্থা হয়ে রয়েছে। এনভায়ার্ন মেণ্টের মন্ত্রী করা হয়েছে, কিন্তু কলকাতার এন্টায়ার এনভায়ারন-মেন্টটা ড্যামেজ হয়ে গেছে। ইন্টার ন্যাশন্যাল এন্ধেন্সি থেকে টাকা আসছে ফর দি ডেভেল্লমেন্ট. কিন্তু কিছুই হচ্ছে না, ক্যালকাটা কর্পোরেশনে করাপশন এয়াও নেপোটিজ ম ছেয়ে গেছে। আমাদের সময়ে ক্যালকাটা কর্পোরেশনে ২০ কোটি টাকার বাজেট করেছি. সেই টাকার মধ্যেই শহরের রাম্ভা ঘাট তৈরী করেছি ফুটপাথ তৈরী করেছি। কিন্তু আজকে Calcutta Corporation is going to have a budget for Rs. 110 crores, But what amenities they are giving? They have completely failed. It is the document of the failure of the Government. প্রশাস্ত শূর মহাশয়, উনি একজন মন্ত্রী ডিপার্টমেন্ট অব আবান ডেভেলপমেন্টের মন্ত্রী তিনি নিজে বক্তৃতা করেছেন, অন দি লাষ্ট নাইনটিন্থ ফেব্রুয়ারী, টিউবার-কিউলোসিস রিলিফ এ্যাসোশিয়েসনের এক মিটিং-এ তিনি বলেছেন, আই হ্যাভ কম্পলিটলি ফেল্ড টু গিভ সিভিক এ্যামিনিটজ। আমরা এখান থেকে যথন নো কনফিডেন্স মোশন করি, জাষ্ট টু রেজ দি কজেদ অব দেয়ার ফেলিয়োর, তথন তাঁরো চটে যান। কিন্তু এই গভর্ণমেণ্ট কলকাতার মান্তুষকে কোন সিভিক এ্যামিনিটিজ দিতে পারেননি, কিন্তু ট্যাক্সের পর ট্যাক্স বাডিয়ে যাচ্ছেন। what right they have got to remain in power and what right the C.P.I.(M) and all the ruling parties have got to run this Government. They have completely failed in all branches to give civic amenities. Frens ma fen They have increased the establishment cost uneconomically. ফিপটি ফাইভ পাসে 'ট অব দি

এসটাবলিশমেণ্ট কস্ট বাডিয়ে দেওয়া হয়েছে. কিন্তু এই হাবে মানুষ কিছুই স্থবিধা পাচ্ছে না। ডিংকিং ওয়াটার পাওয়া যায় না, গার্বেজ ইজ নট রিম্ভিং, আনফিলটার্ড ওয়াটার পাওয়া যায় না। মাঝে মাঝে শহরে আগুন লাগে, ফায়ার ব্রিগ্রেড গেছে, কিন্তু জল পায়নি, দেয়ার ইজ হাইড্রানট এ্যাণ্ড ইটস ষ্টাফ, জ্যোতিবাবুর এই গভর্ণমেন্টের ষ্টাফ আছে, দব কিছু আছে, কিছ জল পাওয়া যায় না. ড্যামেজ কনডিশনে আছে, বাডি পুড়ে গেল, শেষ হয়ে গেল। ফায়ার সার্ভিস কি কাজ করবে ? প্রত্যেকটি জায়গায় এই জিনিস চলছে। এাম্বলেনস সাভিসে দেখুন,— এভবি ডিপার্টমেন্ট ইজ বাডলি কোলাপস্ড এবং ফায়ার সার্ভিসের মাত্মুষকে মিনিমাম এ্যামিনিটিজ যা দেওয়া উচিত, তা দিতে পারেন নি। তারপর আরও একটা কারচপি ওরা করেছেন, একটা নিষম ভিলু যেটা আমুবা করেছিলাম ১৯৭২ সালে, সেখানে বলা হয়েছিল, কর্পোরেশনের ইলেকশন যদি না হয়, সাধারণ মাত্রষ যাতে সিভিক এ্যামিনিটিজ পায়, তাদের স্থপ স্থবিধার, মাত্রষের অস্ত্রবিধা জানানোর জন্ম প্রতিটি এম. এল. এ. কে অধিকার দেওয়া হয়েছিল, যতদিন ইলেকশন না হয় তজনকে নমিনেশন তারা দিতে পারবে, ১৯৭২ সালেও এই জিনিস চলেছিল, ১৯৭৭ সাল পর্যস্ত এই জিনিস চলেছিল। ১৯৭৭ সালে এরা ক্ষমতায় এসেছিলেন, তারপর ১৯৮২ সালেও এসেছেন। ১৯৮২ সালে যথন দেখলেন যে মেজরিটি হচ্ছে কংগ্রেসের, ভেরি গুড নাম্বার অব সিটস কংগ্রেসের, তারা করলেন কি, ঐ নিয়মটা তুলে দিলেন। প্রায় ছ বছর হতে চললো, এরা এম. এল. এ.-র নমিনী তুলে দিলেন। তারা এ্যাপয়েন্টমেন্ট করছেন না। তারা চুপ করে বনে আছেন। Why this undemocratic procedure have been adopted by your Government? You have adopted undemocratic process in all branches of life.

ल जां ७ वर्षातत कथा वामता श्राप्तर छनि, कांनरक ७ रहि म — किकन कि राल्टिन— एक लाश के कफन में यह लिखा हुआ मिला, काविक ही पहरेदार है, होशियार दोस्तों।

একটা ডেড বডির কাপড়ের উপর লেখা ছিল, দেখ, বন্ধু সাবধান থাকবে, আমার যে প্রটেকটার আছে, আমার বডিকে যে গার্ড করছে, সেই আমাদের কিলার। সেই আমার কিলার যে আমার বডিকে গার্ড করছে।

এই যে সরকার, এই তার মহাস্মা, সে'ই কাজ করে চলে যাচ্ছে। সে পাহারাদারী করে, সে ছিনতাইও করে মাঝে যাঝে শুনি পুলিশও মারে, There is growing indiscipling in the police force. There is growing corruption, There should not be only political interference in the police. How the police is functioning? There is a Crime Detection Department in the Calcutta Police. আজকে সেই

কাজই এরা করাছে, পুলিশ গেল কোথায় ? আজকে মার্কসবাদী পার্টির আলিম্দিন স্ট্রীট থেকে পুলিশ কন্টে ল হয়, সেথান থেকে সমস্ত থানা কনটোল করা হচ্ছে।

তাদের কাজ হল ক্রাইম ডিটেক্ট করা। We are proud of this Department This is one of the finest organisations

আজকে ডি. ডি. কি হয়ে গেছে দেখুন। ল এগণ্ড অর্ডার মেনটেন করা যাচ্ছে না। Who has deteriarated the Condition?

আজকে people do not got to the thana কেন যায় না? থানার উপর তাদের কোন কনফিডেন্দ নেই। তারা মনে করে থানায় গেলে হয়ত আরো কমপ্লিকেদন বেড়ে যাবে। জ্যোতিবাবু বলছেন এতগুলো ষ্ট্যাবিং হয়েছে, কিলিং হয়েছে। I say his figure is wrong. A good number of people have no confidence on thana and they do not go to thana due to complication and lack of confidence. তারপর ডিপার্ট মেন্ট ল্যাগিং হছেছে। রাত ১২টায় ফোন করুন ওয়ারলেদ ভ্যান নেই। ভ্যান থারাপ হয়ে পড়ে আছে। ভ্যান ড্যামেজ হয়ে গ্যারেজে পড়ে আছে, দেখবার লোক নেই। পুলিশ ভ্যান ড্যামেজ অবস্থায় পড়ে আছে।

The whole machinery is damaged and it is now remaining in a most deteriorated condition. You gave assurances to the people that these are meant for the services of the people of this state when they are paying their taxes. আপনারা জাের করে টাকা আদায় করেন Corruption and nepotism are being developed in the name of Peace Committee, so called Citizen Committee. সুতরাং parallel organisation develop করছে। Most of the citizen committee members তাদের থানায় হাজিরা দিতে হয়। থানায় তাদের নাম আছে and criminal cases are pending against some of them. Why they are spending money for the police? Then there is another problem. দেখা মাডে from Sub-Inspector to D. C. এদের promotion নিয়ে litigation আছে। এই litigation থাকৰে অথচ service স্থেব from the rank of Sub-Inspector to the D. C এটা ঠিক নয়। Regarding promotion একটা ৰূগড়া লাগিয়ে দেওয়া হয়েছে। Where is the seniority in services? These are going on. Everywhere a disturbing situation is going on. So the people have no faith in this Government. People are fade up. আপনারা গায়ের জোরে চালিয়ে যাচ্ছেন। You are collecting a good amount of money from the public by hook or by crook, C.M.D.A.

সি. এম. ডি. এ একটা ভাল জায়গা পেয়েছেন। ওথান থেকে টাকা কালেক্ট করা হচ্ছে যত খুশী টাকা নিয়ে যান। আলিম্দিন ষ্ট্রীটের কথা ওনেছেন। কত লক্ষ টাকা থরচ করে বাড়ী করা হয়েছে। আর একটা জায়গা ৭০, এম. এন ব্যানার্জী রোডে সি. পি. এম. এর নর্থ ২৪ পরগণার হেড কোয়াটার তৈরী করা হয়েছে প্রায় ৭ লক্ষ টাকা থরচ করে। এই হচ্ছে গরীবের পার্টির নম্না। এই বাড়ী কিনল কি করে? সৌভাগ্যবশতঃ এটা আমার কনষ্টিটিউএনিসর ভিতর পড়েছে। ফরোয়ার্ড ব্লকণ্ড অফিস কিনেছে। They have purchased nice and palatial building.

এই কয়েকদিন আগে ওয়াটগঞ্জে কি হয়ে গেল ? একজন সাইকেল আরোহী চাপা পড়ল and the police opened fire. তারপর বলা হল টাফিকের গোলমাল। বলা হচ্ছে Wagon breakers are there? Lorry breakers are there? I tell you, Sir, it has happened in collusion with the Rulling Party-Marxist Party, Forward Block.

ফরোয়ার্ভ ব্লকের নেতারা যারা থিদিরপুর অঞ্চলে বাস করেন তাদের সাথে ওয়াগান ব্রেকার-দের ভেক্টেড ইন্টারেষ্ট আছে। They want to continue this business. Wagon breakers are there. C.P.M. leaders are there. Forward Bloc leaders are there. Sharerers are there There is another problem.

জ্যাকারিয়া ষ্ট্রীটের আশপাশে গুড়দ ক্যারিয়ার আছে। এটা একটা লরীর আড়োখানা হয়ে দাঁড়িয়েছে। আর দে অথারাইজড় ? কোনায় দিল্লী বহে হাই রোডের কাছে একটা জায়গা আছে। প্রিভিয়াদ গভর্ণমেন্ট সেই জায়গাটা ঠিক করেছিল। এথানে জ্ঞানী সিং ভাই বদে আছেন। এটা তিনি ঠিক করেছিলেন। ৭ বছর হয়ে গেল আছ পর্যস্ত সেই জায়গা দিছে না, এমনকি পড়ে আছে। ওরা চাইছে আমরা এথান থেকে চলে যাব। কেন ওদের জায়গা দেবেন না ? টাকার ব্যাপার এর সংগে জড়িত আছে।

If they do not remain in Calcutta, then your police, your party. How they will collect money from them? So you wouldn't allow them to go. You are creating corruption. You are creating nepotism. You are deteriorating the standard of the administration and the people are badly suffering. That is why I find this document is a hopeless document disappointing document and for the interest of the people of West Bengal I cannot support this. Thank you.

[4-55--5-05 P.M.]

**শ্রীঅজিত কুমার পাঁজাঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা গভর্ণার এ্যাড়েসের...

Mr. Speaker: Mr. Panja, do you like to speak just before the Chief Minister.

Shri Ajit Kumar Panja: Yes, Sir. That is the Party decision.

Mr. Speaker: Now, Shri Prabodh Purkait.

**এপ্রাধ পুরকায়েতঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে ধক্যবাদ-জ্ঞাপক প্রস্তাব এসেছে সেই প্রস্তাবের উপর আলোচনার আজকে শেষ দিন। স্থার, গত কয়েক-দিনের আলোচনায় সরকার পক্ষের বহু মাননীয় সদস্য বলবার চেষ্টা করেছেন যে রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গের একটি সার্বিক চিত্র ফুটিয়ে তোলার চেষ্টা করা হয়েছে। তাঁরা বলেছেন, পশ্চিমবঙ্গ সরকারের সীমাবদ্ধতা কোখায়, কেন তাঁরা পারছেন না সেইসব কথা ভাষণের মধ্যে দিয়ে ফুটিয়ে তুলে জনগণকে বোঝাবার চেষ্টা করা হয়েছে। তারা বলেছেন, ভারতবর্ষের এই রাষ্ট্র কাঠামে। এটা একট। ধনতান্ত্রিক কাঠামো, এর মাঝখানে দাঁড়িয়ে একটা রাজ্যসরকার সেই রাজ্যের মাত্র্যের সার্থিক উন্নয়ন করতে পারেন না, সেটা সম্ভব নয়, তাই শোষন বন্ধ করা যাবে না। তাঁরা বলেছেন, সমাজে যে আইনশৃঙ্খলার প্রশ্ন দেখা দিয়েছে সেট। এই পুর্ণজিবাদী ব্যবস্থার ফল। তাঁরা বলেছেন, আমরা তো বিপ্লব করে আসে নি তাই এসব অনিবার্য। আইনশৃঙ্খলার ব্যাপারে সরকারপক্ষের সদস্তর। বলেছেন, এখানে আইনশৃঙ্খল। ঠিকই আছে অথচ স্থার, মেনশানের সময় দেখি এই আইনশৃভালার প্রশ্নটাই তাঁরা বারবার তলেছেন। এই আইনশৃভালার বিষয়টা সরকার-পক্ষের সদস্যদের কাছে একটা স্পর্শকাতর ব্যাপার হয়ে দাড়িয়েছে। পশ্চিমবঙ্গে যে আইনশৃঙ্খলা ঠিকই আছে সেটা প্রমাণ করার জন্ম ওঁরা বারবার ভারতবর্ষের অন্যান্ম রাজ্যের ষ্টাটিসটিক্স দিয়েছেন। কিন্তু পশ্চিমবঙ্গের মান্তবের নিরাপত্তা কতথানি আছে এবং এখানে আইনশৃন্ধলা কি ভাবে চলছে সেটাই হচ্ছে বিচার্ঘ বিষয়। পশ্চিমবঙ্গের জনগণের রায়ে তাঁরা ক্ষমতায় এসেছেন কাজেই এখানে বিচার করতে হবে পশ্চিমবঙ্গে আইনশৃঙ্খলার অবস্থাটা কি –তার উন্নতি হয়েছে, না, অবনতি হয়েছে ? এথানকার অর্থ নৈতিক অবস্থারই বা কতথানি উন্নতি হয়েছে সেটাও বিচার করতে হবে। এইসব মূল প্রশ্ন এড়িয়ে গিয়ে বাস্তব অবস্থাটাকে চাপা দেবার জন্ম ওঁরা অন্যান্য রাজ্যের ফিরিস্তি দিয়েছেন এবং তুলনা করেছেন। উজ্জ্বল হত্যা নিয়ে এথানে অনেক হৈ চৈ হয়েছে। একটা শিশু, তার ব্যাপারে কয়েকদিন ধরেই পুলিশ ষ্টেটমেন্ট দিয়ে আসছিল যে তাকে জীবস্ত অবস্থায় তার মা বাঝার কাছে ফিরিয়ে দেওয়া হবে অথচ দেখা গেল তার বেশ কিছুদিন আগেই তাকে হত্যা করা হয়েছিল। সঙ্গীব, তীর্থংকরের ব্যাপারেও দেখলাম যথাযথ তদস্ত করে হৃষ্কৃতকারীদের শাস্তি দেবার পরিবর্তে তারা আইনগত প্রশ্ন তুলে সেটাকে এড়িয়ে যাবার চেষ্টা করছেন।

এই রকম বহু ঘটনা আছে। আমি শুধু একটি ঘটনার কথা এখানে বলছি। এখানে রাজ্য-পালের ভাষণে তারা বলেছেন যে পূর্ববর্ত্তী কয়েক বছরের তুলনায় এই বছরে চাষ এবং ফসল কাটার সময়ে ভূমি সংক্রান্ত সংধর্ষ কম হয়েছে। এই যে কম হয়েছে বলে বলা হয়েছে, এই সম্পর্কে আমি এই কথা বলতে চাই যে বহু জায়গায় যারা প্রকৃত চাষী, তারা ফদল ঘরে তুলতে পারেনি। যদিও বামফ্রণ্ট সরকার বারেবারে ঘোষণা করেছেন যে যারা চাষ করেছেন সেই রুষকরা সেই ফ্রন্সল কাটবার অধিকারী। কিন্তু জ্বেলায় জ্বেলায় কি দেখা যাচ্ছে? দক্ষিণ ২৪ প্রগনা জ্বেলার জ্বেলাশাসক সমস্ত রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে মিটিং ডেকেছিলেন। সেই মিটিংয়ে ঠিক হয়েছিল ্য ফসল কাটার সময়ে যেখানে সংঘর্ষ হতে পারে, চাষীর ফসল যেখানে অন্তরা তুলে নিতে পারে সেই সব জায়গায় পুলিশ ক্যাম্প বসান হবে। কিন্তু দেখা গেল, আমার নির্বাচনী কেন্দ্র, কুন্তলীর মেরীগঞ্জ রাজ পঞ্চায়েত. সেই গ্রামপঞ্চায়েত এলালার মেরীগঞ্জ থালপার গ্রামের কুথ্যাত জোতদার হেদায়েত ঘরামী এবং ঐ ঘরামী পরিবারের অক্যান্ত লোকেরা, যারা ঐ এলাকার কুথ্যাত জোতদার, গত বছরে ওদের ৫॥ শত বিঘা জমি সরকারে থাস হয়ে যায়, বামফ্রন্ট সরকারের প্রশাসনিক নির্দেশে সেই জোতদারের বাড়ীতে পুলিশ ক্যাম্প বসান হল। সেই পুলিশ ক্যাম্পে কুন্তলী থানার সেকেও অফিসার, স্থনীল সাহা ক্যাম্প অফিসার-ইন-চার্জ হয়ে এলেন। সেই ক্যাম্প অফিসার-ইন-চার্জের তত্ববধানে ৪২৬ জন চাষীর মধ্যে রায়তী পাট্টা বিলি হয়ে যায়। দেখানে বেশীর ভাগ রায়তি জমির ধান জোতদাররা বনুক দেখিয়ে তুলে নিয়ে যায়। তুরু এটা করেই তারা ক্ষান্ত হন না। তারা অসংখ্য গরীব চাষী, ভাগ চাষী, ছোট চাষীর শতশত বিঘা ধান লুঠ করে। এমন কি তাদের জমির ধান যেটা বাড়ীতে ছিল সেটাও লুঠ করে নিয়ে যায় এবং বাড়ীর মেয়েদের শ্লীলতা হানী করা হয়। একই রাত্তে মেরীগঞ্জ জেলেপাড়ায় ১৮টি পরিবারকে লুঠন করা হল। গ্রাম-পঞ্চায়েতের উপ-প্রধান, ফ্রকির নম্করের বাড়ীতে ডাকাতি করা হয় এবং একই রাত্রে গ্রাম-পঞ্চারেতের সদস্ত, গোলাম মোল্লার বাড়ীতে ডাকাতি করা হয়। আমরা বারবার এই কথা ক্যাম্পে জানিয়েছি কিন্তু তার কোন প্রতিকার হয়নি। শতশত মামুষ গৃহহারা হয়ে আছে। এক মাস ধরে এই ধরণের গুণ্ডামী হয়েছে। আমরা জেলা শাসকের কাছে এসেছি, এস. পি'র কাছে এসেছি, স্বরাষ্ট্র সচীবের কাছে বারে বারে বলেছি কিন্তু কিছুই করা হয়নি। শেষ পর্যন্ত নানা ভাবে প্রতিরোধ গড়ে তোলার পরে কিছুটা প্রশমিত হয়। সেথানে কংগ্রেস এবং জোতদার মিলিত ভাবে এই আক্রমণ করে এবং থানায় গিয়েও কোন রকম প্রতিকার পাইনি। এই হচ্ছে বর্তমান আইন-শৃন্ধলা। তবুও বলতে হবে যে বামক্রণ্ট সরকার শাস্তিপূর্ণ ভাবে তারা ধান কাটার মরশুম পার করেছেন। এই হচ্ছে আইন-শৃদ্ধলার নমুনা এবং শতশত নমুনা আছে। একটা হাডির ভাত যদি পরীক্ষা করতে হয় তাহলে একটা ভাত টিপলেই বোঝা যায় যে হাড়ির ভাতের কি অবস্থা। সারা পশ্চিমবঙ্গে আন্ধকে হত্যাকাণ্ড চলছে। আন্ধকে সঞ্জীব-ভীর্থংকরের এই রকম অবস্থা, সোমেনের এই রকম ঘটনা, আজকে উজ্জল হত্যার ঘটনা এবং এই রকম বহু ঘটনা ঘটছে। আজকে পুলিশ ক্যাম্প জোতদারের বাড়িতে বসছে। এগুলি দেখলে বিচার করা যায় যে সারা পশ্চিমবাংলায় আইন-শৃন্ধলার অবস্থা কি চলছে। স্থন্দরবন এলাকার বিভিন্ন জায়গায়—গোসাবা,

সন্দেশখালি, বাসন্তী, কুন্তলী, পাণর প্রতিম ইত্যাদি বিভিন্ন জায়গায় একই দিনে ৮/১০টা লুঠ হয়ে যায়। দক্ষিণ ২৪ পরগণায় প্রকাশ্য দিনের বেলায় ১০টার সময়ে খুন হয়। নিকটবর্ত্তী থানা যেটা রায় দীঘির দিকে গেছে, সেই লালপুর গ্রামে প্রকাশ্যে বেলা ৮টার সময়ে বাস দাঁড় করিয়ে মারপিট করে, বোমা ছুড়ে, পিন্তল দেখিয়ে সমস্ত লুঠ করে নিয়ে গেল। অথচ দেখা যাছে যে মাত্র ১৫ মিনিটের পথ থানা থেকে কিন্তু পুলিশ আসেনি। এই হছে ঘটনা। আজকে সারা পশ্চিমবাংলায় বিভিন্ন জায়গায় বাস দাঁড় করিলে লুঠ করা হছে, ছিনতাই করা হছে। এই হছে আইন-শৃঞ্জার বাস্তব চিত্র। এই চিত্র কেন তুলে ধরা হলনা দেশের মাহুবের কাছে।

#### 「5-05-5-15 P⋅ M. ]

বামফ্রন্ট সরকার দাবী করছেন, তারা ক্লবি ক্লেত্রে অগ্রগতি ঘটিয়েছেন, যার ফলে এবারে ক্লবি ক্লেত্রে ফলন বেড়েছে, বাম্পার ক্রপ হয়েছে। তার পরে আরো বলছেন যে, প্রচর পরিমানে মিনি-কিট বিলি করার ফলেই ফলন বেড়েছে। কিন্তু বাস্তব অবস্থাটা কি ? মিনি-কিট প্রচুর পরিমানে বিলি করা হয়েছে ঠিকই, কিন্তু যে সময়ে বীজ বোনার কথা, যে সময়ে বীজ বুনলে তার থেকে ভাল কাজ পাওয়া যায় সে সময়ে চাষীদের কাছে বীজ যায়নি। পর পর তু'বছর থরায় বন্তায় প্রচণ্ড মার থাবার পরে চাষীরা নিজস্ব উদ্যোগে বীজ যোগাড করে বেশী ফলন ফলিয়েছে। ফলন বেশী হয়ে থাকলে. তা চাষীদের নিজম্ব উচ্চোগের ফলেই হয়েছে। সরকারী উচ্চোগের ফলে হয়েছে বলে আমরা মনে করি না। ফলন বেড়েছে, কিন্তু সংগ্রহের লক্ষ্য মাত্রা কি হয়েছে ? বামফ্রন্ট সরকার সংগ্রহের লক্ষ্য মাত্রা ধার্য করেছেন মাত্র ১'২৬ মেটিক টন। ওঁরা বলছেন, বাম্পার ক্রপ হয়েছে. অথচ এখন পর্যন্ত সংগ্রহ করেছেন মাত্র ৫০ হাজার মেটিক টন। সংগ্রহের এই লক্ষ্য মাত্রাই সরকারী বার্থতা প্রমান করে। সরকার বড় বড় জোতদার, ধনী চাষী এবং চাল-কল মালিকদের লেভি থেকে মৃক্ত করে দিয়েছেন। ফলে আজকে গোটা পশ্চিম বাংলায় বামফ্রণ্ট সরকার ধান চালের ব্যবসাটা পুরোপুরি জোতদারদের হাতে ছেড়ে দিয়েছেন। এই সরকার ঢাকঢোল পিটিয়ে সংগ্রহ মাত্রা ঘোষণা করেছিলেন এবং বলেছিলেন চাষীরা অভাবে পড়ে কম দামে যাতে ফসল বিক্রি না করে তার জন্ম, চাষীদের কাছ থেকে পঞ্চায়েতের মাধ্যমে ফসল ন্যায়া দামে নিজেরাই কিনে নেবেন। কিন্তু বাস্তবে আমরা কি দেখছি ? চাষীরা অভাবে পড়ে ফড়ে বা দালালদের কাছে সমস্ত ফসল বিক্রি করে দিয়েছে। আমরা দেখেছি গ্রামাঞ্চলে সাড়ে চার টাকা পর্যন্ত চালের দাম উঠেছিল। প্রথম থেকেই কেন কেন্দ্রীয় সরকারের কাছে চাইতে হবে, রাজ্যের অভ্যন্তরে জ্বোতদার, জমিদার, মজুতদারদের কাছ থেকে আগে তো সংগ্রহ করতে হবে, সেটা করার পরে কেন্দ্রের কাছে দাবী করতে হবে। তথন যদি কেন্দ্র না দেয় তাহলে সংগঠিত আন্দোলনের ভিত্তিতে তথন তা কেন্দ্রের কাছ থেকে আদায় করতে হবে 🕻 সরকার রুষির অগ্রগতির কথা বলছেন, কিছ্ক রুষির অগ্রগতির জন্ম প্রধান কাজ হচ্ছে সেচ ব্যবস্থার উন্নতি। সেই ক্ষেত্রে আমরা দেখছি ডিপ টিউবওয়েল, স্থালো টিউবওয়েল, রিভার লিফট ইত্যাদি নতুন নতুন বদান হচ্ছে না, এবং দেগুলি আছে সেগুলিও তদার্যকির অভাবে নষ্ট হয়ে গেছে। আমাদের কুলতলি থানায় পিয়ালী নদীতে

পিয়ালী ক্লোজার কোটি কোটি টাকা ব্যয় করে তৈরী করার কথা ছিল, দেখানে নতুন পাম্প সেট বসান হয়েছিল, কিন্তু কিছু দিন পরে দেখা গেল সেই রিভার লিফট তদারকির অভাবে নষ্ট হয়ে পড়ে আছে, সমস্ত নষ্ট হয়ে গেছে, ধ্বংস হয়ে গেছে। সারা পশ্চিম বাংলায় এরকম ঘটনা যে কত ঘটছে, তার কোন হিসেব নেই। এই তো হচ্ছে ক্ষরির অগ্রগতির অবস্থা। অপর দিকে সরকার বেকার ভাতা দিচ্ছেন সেই বেকার ভাতার ক্ষেত্রে কি অবস্থা হচ্ছে দেখুন। শিক্ষিত বেকারদের কথা না হয় ছেডেই দিলাম। গ্রামে গ্রামে লক্ষ লক্ষ বেকার ক্ষেত-মজুর রয়েছে, তাদের জন্য কোন ভাতার ব্যবস্থা নেই, তারা দারিন্ত্র্য সীমার নীচে বাস করছে। চাষের সময়ে ধান কাটা ছাড়া তাদের সারা বছর আর কোন কাজ নেই, ফলে গ্রামে গ্রামে লক্ষ লক্ষ ক্ষেত্মজুর কর্মহীন হয়ে বদে আছে। তাদের কর্মসংস্থানের জন্ম সরকার পঞ্চায়েতকে যে টাকা দিচ্ছে তা দিয়ে ক্ষেতমজুরদের জন্ম কতটুকু কাজ স্বষ্টি হতে পারে ? আর ক্ষেত-মজুরদের যে নিমতম মজুরীর হার ১৩ টাকা ৯১ পয়দা যেটা দরকারী তরফ থেকে নির্ধারিত করা হয়েছে দেই মজুরী বাস্তবে কি ক্ষেত-মজুররা পায় ? পায় না। এই সরকার আজে ৭ বছর ধরে ক্ষমতায় আছে কিন্তু এই মজুরী যাতে ক্ষেত-মজুররা পায় তার জন্ম কোন ব্যবস্থা করেননি। স্থতরাং গ্রামের গরীব মান্নুষের জন্ম আপনারা কি কাজ করছেন ? আসলে কংগ্রেস রাজত্বে যে অবস্থা ছিল এগনও সেই অবস্থা চলছে। অপরদিকে যানবাহনের অবস্থা দেখন, সরকার যত সংখ্যক বাসের কথা ঘোষণা করছেন তার চেয়ে বেশী অকেজো হয়ে বদে আছে। কর্মচারীরা বদে বদে বেতন নিচ্ছে আর মানুষেরা বাছড় ঝোলা হয়ে টাম বাসে করে যাতায়াত করছে। রাস্তাঘাটের অবস্থাও শোচনীয়। অপরদিকে বেসরকারী বাস মালিকদের হাতে পরিবহন ব্যবস্থা চলে যাচ্ছে। স্বাস্থ্য বিভাগের দিকে তাকিয়ে দেখন. শহরের যে হাসপাতালগুলি আছে তার অবস্থা তো তর্বিসহ। আর গ্রামে যেসব সাবসিডিয়ারী হেলথ সেন্টার, রুরাল হাসপাতাল, প্রাইমারী হেলথ সেন্টার আছে সেইসব হেলথ সেন্টারের অবস্থা আরোও শোচনীয়। সেথানে থালি বিচ্ছিৎগুলি পড়ে আছে, ডাক্তার নেই, ওমুধপত্র নেই। এই জিনিষ ৭ বছর ধরে চলে আসছে। আপনারা গ্রামাঞ্চলের হাসপাতালে ডাক্তারদের নিয়োগ করতে পারেন না। এথানে নির্বাচিত প্রতিনিধিরা তাদের নির্বাচনী কেন্দ্রের হাসপাতালে ডাক্তার নেই ডাক্তার নেই বলে। এই জিনিষ আজ ৭ বছর ধরে শুনে আসছি। তাই আমি বলছি. মাননীয় রাজ্যপাল মহাশয় যে ভাষণ দিয়েছেন সেই ভাষণের মধ্যে বাস্তব চিত্র নেই, কোন সামাজিক অর্থ নৈতিক অগ্রগতির চিত্র নেই। তাই আমি এই ভাষণের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ কর্নছি।

শ্রীবোষীলাল মণ্ডলঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিগত কয়েকদিন ধরে অনেক বিষয় নিয়ে আলোচনা করা হচ্ছে, কিন্তু আমি রাজ্যপালের ভাষণের মধ্যে উল্লেখ করা হয়নি এমন কয়েকটি জিনিষ সম্বন্ধে ত্-একটি কথা বলতে চাই। আমাদের নর্থ বেঙ্গল অনুনত এলাকা। সেখানে নর্থ বেঙ্গল ডেভেলপমেন্ট ফাণ্ড নামে একটি ফাণ্ড আছে। সেই ফাণ্ডে কত টাকা বরাদ্দ হয়েছে তার কোন উল্লেখ দেখতে পেলাম না। স্ক্রুবনের কথা আছে কিন্তু নর্থ বেঙ্গল ডেভেলপমেন্ট ফাণ্ডের

কোন কথা নেই। এবার শিক্ষা ক্ষেত্রে কিছু বলছি। বোর্ড অফ সেকেগুরী এড়ুকেশানের যে বই দেয় সেই বই সময় মত পাওয়া যায় না। আমি শিক্ষকতার সক্ষে জড়িত আছি, মার্চ মাস হয়ে গেল এখনও বই পাওয়া যাচছে না। গতবারে মনে আছে সেপ্টেম্বর মাস অবধি সরকারী প্রকাশিত বই পাওয়া যায়নি। সরকারের বই প্রকাশের লক্ষ্য ভাল কিন্তু যথন দিতে পারবেন না, সময় মত বই পৌছবে না, ছেলেরা পড়তে পাবে না, যথন সময় মত পাঠাতে পারবেন না তাহলে বই প্রকাশ করে লাভ কি ? সরকারী তরফ থেকে বই দিয়ে কি লাভ ? ওপরদিকে পরীক্ষা ব্যবস্থা তুলে দেওয়া হলো, কাভারে কাভারে ছেলেরা পঞ্চম শ্রেণীতে টেট্ট পরীক্ষা দিতে এলো। এর ভিতরে প্রচুর ছেলে ক্লাস ফাইভে ভর্তি হতে পারলো না। এই সমস্ত ছেলেরা যাবে কোথায় ? মাধ্যমিক স্কল তো কম আছে অথচ সবাই ভর্তি হতে চায়। এবারে এগ্রিকালচারের কথায় আসি। এথানে বলা হয়েছে এগ্রিকালচারের উয়তি হয়েছে। কোথায় উয়তি হয়েছে ? মিনিকিট সময়মত পৌচাচ্ছে না। যাদের জমি নেই অধিকাংশ তারাই মিনিকিট পাচ্ছে এবং এই মিনিকিট বাজারে বিক্রি হয়ে যাচ্ছে। স্বতরাং কৃষি উৎপাদন কিছুই বৃদ্ধি হচ্ছে না।

#### [5-15-5-25 P. M.]

আর. এল. আইয়ের কথা বলা হয়েছে। আমাদের সময়ে যে সমস্ত আর. এল. আই. করা হয়েছে তার সমস্তগুলিই অকেজো হয়ে পড়ে আছে । এইগুলিকে কাজে পরিণত করার কোন ব্যবস্থা এখন নেওয়া হয়নি। তারপর হাসপাতালের কথা। হাসপাতালের সম্বন্ধে ভাষণে কোন উল্লেখ নেই। আমার এলাকায় যেখানে ৫০ হাজার লোক বাস করে সেখানে যে সাবসিডিয়ারী হেলথ সেন্টারটি আছে সেথানে দীর্ঘদিন ধরে কোন ভাক্তার নেই, অথচ শুনছি অনেক ছেলে ডাক্তারী পাশ করে বদে আছে, তাদের এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হচ্ছে না। এমপ্লয়মেন্ট একটা প্রবলেম, অথচ এই গুরুত্বপূর্ণ বিরাট বিষয় সম্বন্ধে রাজ্যপাল মহাশয়ের ভাষণে কোন উল্লেখ নেই। তারপর আইন-শন্ধলার কথা বলব, মালদাতে গত ৩১শে জামুয়ারী তারিথে একটা ডাকাতি হয়, ডাকাতি করে চলে গেল, থানায় ধথন থবর দেওয়া হল তথন দেথানে একজন হোমগার্ড ডিউটিতে ছিল, পুলিশ সময় মত পৌছায় নি, বাড়ীর মালিক ডাকাতদের গুলিতে নিহত হন, পরের দিন পুলিশ গেলে উত্তেজিত জনতা বাদাহ্যাদ করায় পুলিশ দেখানে কয়েক রাউণ্ড গুলী চালায়, তার ফলে চার জন যুবক ঘটনাম্বলে মারা যায়। কাজেই আইন শৃষ্খলার উন্নতি হচ্ছে না অবনতি হচ্ছে সেটা আপনারাই বিবেচনা করবেন। আর জমির কথা ? আমাদের ওথানে তিন বছর ধরে আমরা লক্ষ্য করছি কিছু জমি গঙ্গা গর্ভ থেকে উঠেছে। দেখানে এক শ্রেণীর চুষ্কুতকারী এবং কিছ পার্টি সমর্থিত লোক প্রকৃত মালিককে বঞ্চিত করে ফদল লুঠ করছে। বিহার এবং বাংলার দীমানা চিহ্নিত করন নিয়ে আজ পর্যান্ত কার মালিকানা দেটা ঠিক হয়নি, দেজন্য কিছু ত্বন্ধতকারী লুটে পুটে থাছে। চুরি ডাকাতি, রাহাজানী, ছিনতাই দিনের পর দিন বাড়ছে, এজন্য সরাকারী তরফথেকে কোন প্রয়োজনীয় ব্যবস্থাদি নেওয়া হচ্চে না। প্রত্যেকটি জিনিষে যদি এই রকম হয় তাহলে যে সমস্ত ব্যাপারে সাক্সেসফুল হওয়ার কথা বলছেন তা কি করে হয় ?

বিগত দিনে রাস্তা কতট্টুকু হয়েছে দটা কথা নয়, আগামীদিনে কত কিলোমিটার রাস্তা তৈরী এই সমস্ত কিছুই রাজ্যপাল মহাশয়ের ভাষণের মধ্যে নেই। ভাষণে দাবী করা হচ্ছে রাম্ভার কথা করা হবে তারও কিঞ্চিত আভাষ এর মধ্যে নেই। রাস্তাঘাটের উন্নতি না হলে কিছুরই উন্নতি হতে পারে না। যেসব জায়গায় হাজার হাজার লোক বাস করে সেথানে কোন ভাল রান্তা নেই. আর ষেটুকু আছে সেটাও সংস্থারের অভাবে অকেজো হয়ে পডেছে, এ জিনিষ চলতে পারে না। কেন্দ্র রাজ্য সম্পর্কের কথা বলছেন। কেন্দ্র দেবে তবে আপনারা করবেন ? সমস্ত কেন্দ্রের ঘাড়ে চাপাবার যদি চেষ্টা করেন তাহলে কি করে জনসাধারণ লেফ টফ্রণ্ট সরকারকে সমর্থন করবে দ আরও অন্যান্ত জিনিষ যদি আলোচনা করতে চাই তাহলে অনেক কিছুই দেখতে পাব। কো-অপারেশন সম্বন্ধে কোন উল্লেখ নেই। কো-অপারেশন ডিপার্টমেণ্টের বহু টাকা লোন অনাদায়ী হয়ে পড়ে আছে। জমির থাজনা বহুদিন থেকে আনদায়ী পড়ে আছে, আদায় করার কোন প্রচেষ্টা নেই। প্রতিডেণ্ট ফাণ্ড সম্বন্ধে সন্দেহ প্রকাশ করা হচ্ছে। টাচাররা প্রতিডেণ্ট ফাণ্ডে টাকা রাখতে ভয় পাচ্ছেন। যেভাবে ডেফিসিট বাজেট হচ্ছে, সব টাকা থরচ হয়ে যাচ্ছে। যে সমস্ত গভর্ণমেণ্ট টীচাররা রিটায়ার করবেন ঐ সময় প্রকৃত টাকা হাতে পাবেন না। তাই তাঁরা সিস্টেম অনুষায়ী পোষ্টঅফিসে রাথছেন যাতে সঙ্গে সঙ্গে তুলে নিতে পারেন, কারণ সরকারী কোষাগারে গেলে ডেফিসিট বাজেটের জন্ম সেই টাকা তাদের হাতে আসবে বলে আমাদের ধারণা तिहै। काष्ट्रिके आंक्रांक यिन गिका जुला तिख्या हम जाहरता जाएन सार्थित हानि हरत। এहे কথা বলে রাজ্যপাল মহাশয়ের ভাষণের বিরোধিতা করে এবং আমি যে সংশোধনটি এনেছি তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ কর্ছি।

শ্রীঅজিত কুমার পাঁজাঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা চার দিন ধরে গভর্পর এ্যাড়েসের উপর অনারেব ল মেম্বারদের আলোচনা শুনলাম। আমরা, কংগ্রেস পক্ষ, সর্বমোট ৪৪৮টি সংশোধনী প্রস্তাব এনেছি। চার দিন ধরে বক্তৃতায় সরকার পক্ষের কেউই কোন একটি সংশোধনী তুলে ধরে কেন সেটা হওয়া উচিৎ নয় তা বলেন নি। ৪৪৮টি সংশোধনী প্রস্তাব এনেছেন ১৮ জন অনারেব ল মেম্বার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার দপ্তর মাধ্যমে সভার কাছে পার্ট ওয়ান, পার্ট টু, পার্ট থ্রি—তিনটি বই আকারে প্রত্যেক মেম্বারের কাছে বিলি করা হয়েছিল। আজকে আমাদের পক্ষের শেষ বক্তা হিসাবে আমি অপেক্ষা করছিলাম অস্ততঃ পক্ষে একজন মাননীয় সদস্যও সরকারের পক্ষে উঠে দাঁড়িয়ে বলবেন কোন্ সদস্যের কোন্ সংশোধনীটি কেন বাতিল হওয়া উচিৎ। সেটা কিন্ধ তাঁরা বক্তৃতায় বললেন না। স্থতরাং আমি ধরে নিতে পারি, তাঁরা মাম্লি বক্তৃতার মাধমে সাধারণভাবে বক্তব্য রেথে গেছেন। কিন্ধ এই হাউসের কাজ চলে কতগুলো নির্দিষ্ট প্রথায়, যে প্রথা অন্ধুয়ায়ী আপনারা সংশোধনী প্রস্তাবগুলি মাননীয় সদস্য এনেছেন— তার বিক্রম্বে কারো কোন বক্তব্য নেই স্থতরাং সেগুলো গ্রাহ্ হবে। সাধারণভাবে আউটরাইট রিজ্ঞেকশন আমরা একজিকিউটিভ অফিসারের কাছ থেকে পাই।

আউটরাইট রিজেকশনের ক্ষেত্রে একজিকিউটিভ অফিসার বিরুদ্ধে নোট দেন। কিন্তু আমরা এখানে আলোচনা করতে এসেছি। আমরা সবাই জনসাধারণের প্রতিনিধি। তাই আমি নিশ্চয়ই কোন রক্ষে বক্তৃতা আরম্ভ করে মামুলি আলোচনার মধ্যে গিয়ে হাউসে ঘেটা আমার মূল বক্তব্য হওয়া উচিত সেটা সম্বন্ধে ভূলে যেতে পারি না। আমি প্রথমে আইন-শৃন্ধলা, পাওয়ার ইত্যাদির আগে এই সভায় এডুকেশন সম্পর্কে আমাদের পশ্চিমবাংলায় কতদ্র কি হচ্ছে সে সম্বন্ধে আলোচনা করি। আমি আশা করবো মাননীয় সদস্তগণ যথন চার দিন ধরে নানা বক্তৃতা শুনেছেন, তথন আর একট ধর্ষ্য ধরে আরও কিছুক্ষণ শুনবেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে অনিলবাবু বলেছেন শিক্ষা সম্বন্ধ আমরা কথা বলি কোন্
লক্ষায়! আমি তাই ভাবলাম যে রাজ্যের জনসাধারণের কাছে এ-বিষয়ে কতগুলো তথ্য তুলে
ধরবো। এডুকেশন সম্বন্ধে গভর্ণর্গ এয়াডুেসে যে করেকটি লাইন দেওয়া রয়েছে সেটা আপনারা
সবাই দেখেছেন। কিন্তু আপনারা যে যে এলাকা থেকে এসেছেন, আপনারা নিজেরা সারা
পশ্চিমবাংলা এবং নিজের এলাকা দেখে বল্নতো আমাদের জাতির ভবিষ্ণৎ যে শিশু — তাদের
জন্ম সঠিক পথের নিশানা, সঠিক শিক্ষা দিতে পেরেছেন কিনা ? আপনারা হয়তো বলবেন
এখানে যে কাঠামো—যেটা আপনারা প্রায়ই বলেন—সেই কাঠামোর মধ্যে এর চেয়ে বেশী কি
করবো ? আমরা জানি যে আপনারা কাঠামো সম্বন্ধ নানা রক্ষ কথা বলেন। কিন্তু কাঠামো
যেটা আছে সেটা আপনারা নিজেরা এয়াকসেপ্ট করেছেন, যথন ভোটের মধ্যে দিয়েই এই হাউসে
এসেছেন এবং যথন এই দেশের নিয়ম অন্থ্যায়ী গভর্ণর্প এয়াডুেস রচনা করেছেন, তথন জানা দরকার
আমরা শিক্ষাক্ষেত্রে কতদ্ব এগোলাম।

#### [5-25-5-35 P.M.]

প্রথমে আপনার বিরুদ্ধে ১ নং অভিযোগ হলো শিক্ষা ব্যবস্থাটাকে আপনারা কার বৃদ্ধিতে জানিনা একটা রাজনৈতিক দলের মতবাদের দিকে নিয়ে যাবার চেটা করছেন। যদি বলেন যে এই জিনিষ আমরা করি না তাহলে আমি আমার বক্তব্য শিক্ষা সম্বন্ধে রাখবো না। আর যদি বলেন যে হাঁয়া করেছি তাহলে পরে জানা উচিত আপনাদের নিজেদের রাজনৈতিক বক্তব্য, আদর্শ বোঝাতে গেলে পরে একটা শিশুর চেতনাকে অনেক বিস্তৃতি লাভ করাতে হয়। যদি বিস্তৃতি লাভ না করান তাহলে আপনারা যে আদর্শে বিশাস করেন সে কিন্ধু সেই আদর্শ বুঝতে পারবে না। আমাদের সারা বিশ্বের ইতিহাস এই শিক্ষাই শিথিয়ে দেয়। যদি বলেন হিটলারের পদ্ধতিতে শিক্ষা ব্যবস্থা আনবাে তাহলে আমার কিছু বলার নেই। আপনারা যদি বলেন আপনাদের মতবাদ বিশাস করেন এমন লােককে আনবেন তাহলে জনসাধারণ এবং ছাত্র-ছাত্রীদের মধ্যে তাদের উপর কোন আস্থা, কোন সম্মান, কোন মর্যদা থাকবে না। তাহলে পরে বাস্তবিক্ই শিশুর মধ্যে আশা, শিশুদের দেশ সম্বন্ধে, জাতি সম্বন্ধে, আদর্শ সম্বন্ধে কোন প্রেরণা আনতে পারবেন না। কয়েকটি উদাহরণ আপনাদের সামনে তুলে ধরছি। পরে মাননীয় ম্থ্যমন্ত্রী বক্তব্য রাখবেন, তাঁর কাছ থেকে আশা করবাে এই গুলির উত্তর তিনি দেবেন। আমরা দেখছি

শুধ কতকগুলি কলেজ নয়, আমাদের এথানে প্রথম জিনিষ যেটা, হায়ার এড়কেসান ইউনিভার-সিটির ক্ষেত্রে—৫ বছর সরকারে ছিলেন এবং আরো ছ-বছর কাটিয়ে গেলেন, আপনারা গণতম্ব বিশ্বাস করেন আরু আমাদের সৈরভন্তী সৈরভন্তী বলে চিৎকার করেন—আপনারা দেখন তো ৬টি ইউনিভারসিটি বাতিল করে দিয়ে কাদের দিয়ে চালাচ্ছেন? কোন কোন ইউনিভারসিটি? ক্যালকাটা ইউনিভারসিটি, কল্যাণী ইউনিভারসিটি, রবীক্স ভারতী ইউনিভারসিটি, যাদবপুর ইউনিভার্সিটি, নর্থ বেক্সল ইউনিভার্সিটি এবং বিভাসাগর বিশ্ববিভালয় যেটা সবে মাত্র স্বর্গ হয়েছে. সেখানে তো প্রশ্নই ওঠে না। সমস্ত বিশ্ববিদ্যালয় গুলির উপর আপনারা আঘত হানলেন। নির্বাচনের যে পদ্ধতি, যার মাধামে মান্ত্র আসবে—আপনারা যেটা বিশ্বাস করেন বলে দেওয়ালে লেখেন, যেটা বিশ্বাস করেন বলে মথে বলেন—কিন্তু এখনও পর্যন্ত এই গুলিতে আপনারা নিজেদের হাতের তৈরী মাক্সযগুলোকে রেখে দিয়েছেন। বলতে পারেন কেন? আপনারা সরকারে রয়েছেন, নিশ্চই করতে পারেন। কিন্তু কাদের নিয়ে আসছেন সেটা কি ভেবে দেখেছেন। আমি আপনাদের কাছে অমুরোধ রাখবো এটা একট ভেবে দেখুন। রাজনৈতিক মতবাদ থাক। মানেই শিক্ষার ক্ষেত্রে এমন মামুষগুলোকে নিয়ে এলেন—যেথানে আমাদের ছেলেরাও পড়তে যাবে—যারা এমন কতকগুলি জিনিষ শেখাবে যাতে শিশুর পরিপূর্ণ মন্বয়তের বিকাশ, যেটা না হলে যে কোন সমাজবাদ বা আদর্শ তার মনে আঁচড় কাটতে পারবে না। সেই দিকে আপনারা একটু নজর রাখবেন। উদাহরণ চান উদাহরণ আমি দিতে পারি। আপনারা বিনা কারণে কয়েকজন প্রিনসিপ্যালকে সরিয়ে দিলেন। রানাঘাট কলেজ নদীয়ার ডাঃ অনিল বোদ, তমলক কলেজ মেদিনীপুর সেখানে মিঃ পি. এন. গান্ধলি, মাজদিয়া কলেজ নদীয়ার গোষ্ট বিহারী মাইতি, শ্রামাপ্রসাদ কলেজ কলিকাতার ডাঃ এস. কে. ঘোষ এমনি করে ২০টি উদাহরণ আপনাদের সামনে তুলে ধরতে পারি। সময় কম বলে আমি বলতে পারলাম না, তবে আমার কাছে লিষ্ট আছে সেটা আমি টেবিলে রাখছি। শুধু তাই নয় জাঁরা যথন হাই কোর্ট থেকে ইনজাংদান আনলেন তথন তাদের উপর যে কি অকথ্য অত্যাচার চালানো হয়েছে সেটা বলার নয়। মাননীয় শিক্ষা মন্ত্রী বাজেট বক্ততার সময় নিশ্চই পরিষ্কার করে বলবেন কেন এটা করা হলো। এর পরে আরো মজার ব্যাপার আপনাদের সামনে তুলে ধরছি। মাননীয় ফরোয়াভ ব্লক এবং আর. এম. পি-র সদস্থরা হয়তো জানেন না মার্কসবাদী কমিউনিষ্ট মানেই সরকার নয়। কাঁচডাপাডা কলেজে গভর্ণমেণ্ট নমিনি হিসাবে জগদীশ চন্দ্র দাসকে আনা হলো তাঁর কোয়ালিফিকেসান ম্যাটিকলেট। কাকে সরালেন ? সরালেন ডাঃ হরিদাস গুপ্ত, যাঁর কোয়ালিফিকেসান এম. এস. সি.. পি. এইচ. ডি. এবং প্রিনসিপ্যাল, রবীক্র ভারতী কলেজ নৈহাটি।

ষিনি ছিলেন এম. এস. সি., পি. এইচ. ডি. তাঁকে সরিয়ে আপনারা নিয়ে এলেন জগদীশ চন্দ্র দাস, বাঁর কোয়ালিফিকেশন মাত্র মেট্রিকুলেট। আমি জানি না, কেন এ রকম হল। শিক্ষার উন্ধতি আপনারা করতে সত্যিই যদি চান, তাহলে আপনারা এই জিনিষগুলো করবেন না। ইউনিভার্সিটির ক্ষেত্রে, কলেজের ক্ষেত্রে এই জিনিষগুলো আপনাদের করা উচিত নয়। কাঁচরা-

পাড়া কলেজে নবকুমার নন্দী, তিনি লেকচারার অফ ফিলোজফি, একজন শিক্ষিত মাহুষ হিসাবে তাঁকে নিয়ে এলেন। কিন্তু সরিয়ে দিলেন কাকে? যাঁকে সরিয়ে দিলেন সেথান থেকে. তাঁর কিছ শিক্ষায় ডিগ্রি চারগুন বেশী ছিল। তাঁর নাম ডঃ জি. কে. মালা, এম. এস. সি., পি. আর. এস. ডি. ফিল.. ডি. এস. সি.. এফ. এন. এ.. সায়েন্স প্রফেসর এয়াও হেড অফ দি ডিপার্টমেন্ট অব জলজি, ডীন অফ দি ফ্যাকালটি, কল্যাণী ইউনিভার্সিটি। তাঁকে সরিয়ে দিলেন। একবার চিন্তা করে দেখন। কি হয়েছে, কি হয়েছে বলে কয়েকজন তরুণ সদস্য এখানে চেঁচাচ্ছেন। আমি আশা করব—আপনাদের মধ্যে অনেকে শিক্ষিত ও বয়সে যাঁরা প্রবীন আছেন—আপনারা যারা এখানে একটা বিশাল মেজরিটি নিয়ে এসেছেন, তাঁরা একটা বিরাট রথচক্র চালিয়ে যাবার চেষ্টা করবেন না। আপনারা যা ইচ্ছা তাই করবেন, আর পশ্চিমবাংলার মামুষ চপ করে বলে থাকবে, তা কিন্তু কথনই সভব নয়। আমি হাউসের মধ্যে এই তথা তলে ধরলাম, এটা নিয়ে আলোচনা করা উচিত। ছজন নাম করা প্রফেসরকে সরিয়ে নিয়ে চলে গেলেন নিজেদের থেয়াল খুশী মত। শিক্ষা ব্যবস্থাকে ডে-ট্-ডে কোথায় নিয়ে চলেছেন আপনারা, একবার ভেবে দেখুন। হাইকোর্টে আমার সাথে প্রাকটিস করেন—সকাল ৭—১টা পর্যন্ত ক্লায়েন্টের সঙ্গে কাটান, ১০—৫টা কাটান কোর্টে এবং সন্ধ্যে ৬॥-->১টা পর্যস্ত ক্লায়েন্টের সঙ্গে কাটান শ্রীসোমনাথ চ্যাটার্জী মহাশয়। এঁকে আপনার। ফুল এ্যাডমিনিষ্ট্রের নিযুক্ত করেছেন। ইনি হয়ে গেলেন একজন এ্যাডমিনিষ্ট্রের, একদিনের জন্মও কলেজে গিয়েছেন কিনা জানি না। মিঃ সোমনাথ চ্যাটার্জী মহাশয় একদিনের জন্ম বীরভূমের লাভপুর কলেজে গিয়েছেন কিনা জানি না। বীরভূম থেকে আসা অনেক মাননীয় এম. এল. এ. এখানে আছেন, আপনারাই বলুন না, তিনি কোনদিন দেখানে গিয়েছেন কিনা? আর একজন আছেন এই রকম। তার নাম হচ্ছে অরুণ প্রকাশ চ্যাটার্জী। তিনি হয়ে গেলেন একজন মেম্বার। তিনি কোথাকার মেম্বার হলেন জানেন? তিনি আশুতোষ গ্রুপ অফ কলেজেস-থ্রি কলেজেস-ক্যালকাটা ইউনিভার্সিটির অন্তর্গত, সেথানকার প্রেসিডেন্ট এ্যাও গভর্ণমেণ্ট নমিনি হলেন এ্যাডমিনিষ্টেশন চালাবার জন্ম। আপনাদের মধ্যে তো শিক্ষিত মান্ত্রষ আছেন অনেকেই। আপনাদের মধ্যে কি এমন কেউ নেই যিনি এম. এ. বি. টি. এবং দৈনন্দিন কাজের তদারকি করতে পারেন? আপনারা চেয়েছিলেন ইতিহাসের দিলেবাস তৈরী করতে. যার মধ্যে দিয়ে ছেলে-মেয়ের। একটা মতবাদ জানতে পারবে। এথানে ফরোয়ার্ড ব্রকের সদস্যর। বসে আছেন। আপনার। জানেন ক্লাস নাইন ও টেন'এ নেতান্ধী স্বভাষ চক্র বস্তুর আই. এন. এ.'এর ব্যাপারে '৭৭ সাল সাল অবধি যেখানে ২৫ পাতা পড়ানো হ'ত বাচ্চাদের, তা এখন এসে দাঁডিয়েছে ১ পাতায়। আপনারা এটা নিশ্চয়ই লক্ষ্য করেছেন। এর মানেটা কি ? নেতাজী সম্বন্ধে আমাদের ছেলেমেয়ের। জানবে না বা পড়বে না। সে জায়গায় চীনের ইতিহাসের জন্ম স্থান প্রেয়েছে ২৫ পাতা, রাশিয়ার জন্ম ৪৫ পাতা। আর ভারতবর্ষের ইতিহাস এসে দাঁড়িয়েছে মাত্র ৫ পাতায়। পরবর্তী ঘটনা আপনাদের জানা আছে, এটা নিয়ে হাইকোর্টে যাওয়া হয়েছে এবং হাইকোর্ট সেটাকে রদ করে দিয়েছেন।

[5-35—5-45 P·M.]

হাইকোর্ট রায় দিয়েছেন যে আপনারা যে সিলেবাস তৈরী করেছেন সেটা আমাদের সংবিধান বহিভূ তি সেজন্য নাকচ এবং তারপর আপনারা স্থপ্রীম কোর্টে নিয়ে গিয়েছিলেন কিন্তু আপীল থেকে উইথ ডু করে নিয়ে আসেন। তারপর আপনারা আবার আর একটা এমেণ্ডমেণ্ট আনতে চাইছেন। তারপর আপনারা চিস্তা করুন কতকগুলি সংস্থা আছে যেগুলির উপর আস্থা না থাকলে আধুনিক যে ব্যবস্থা আছে সেই ব্যবস্থার মধ্যে দিয়ে এ জিনিষগুলি আনতে হবে শিক্ষা দপ্তর থেকে। ভি. সি সম্বন্ধে বলতে চাই না কারণ কাগজে আপনারা দেখেছেন যে ভি. সির বিরুদ্ধে, চ্যান্সেলারের অর্ডারের বিরুদ্ধে আপনারা হাইকোট করেছিলেন সেটা হাইকোটে র রায়ে নাকচ হয়ে গেছে। আপীল করতে আপনারা গিয়েছিলেন আপীল কোর্ট'ও সেগুলি নাক্চ করে দিয়েছে। আপনারা এমন একটা কাজ করুন যাতে শিক্ষা দপ্তর আস্থাপূর্ণ হবে। আমি জানি সেটা করা আপনাদের পক্ষে থ্ব কষ্টকর। কেননা পার্টি ম্যাণ্ডেট আছে, পার্টির ডিরেকসান আছে, বিদেশ থেকে নানা রকম বিজ্ঞপ্তি আছে। তবুও তারমধ্যে থেকে আপনারা চেষ্টা করবেন যাতে শিশুরা মাস্কুষের সামাজিক কল্যাণ করতে পারে। সামাজিক মূল্যায়ন যদি না শেখে তাহলে আপনাদের শোষণ মুক্তিব কাজ তারা শিখবে কোথা থেকে ? মাহুষ কিভাবে হতে হয় সেটা যদি না শেখে তাহলে কি শিথল ? সব জায়গাতে দলবাজী করা উচিত নয়। অবশ্য আপনাদের মতে এটা যদি না শেণে তাহলে কি হবে ? তারপর রাজ্য রাজনীতি আইন শৃষ্থলার কথা অনেক সদস্য বলেছেন। আইন শৃঙ্খলার কথা বলতে গিয়ে শ্রীমতী ছায়া ঘোষের কথা মনে পড়ে। ৩২ দফা কর্মস্টীতে মাপনাদের বক্তব্য যে পুলিশকে কোনদিনই শ্রমিক আন্দোলনের উপর ব্যবহার করা হবে না। কিন্তু একজন ভন্ত মহিলাকে এম. এল. এ হোস্টেলের মধ্যে চুকে পুলিশ নিগৃহ করে। সেই পুলিশ অফিসারের বিরুদ্ধে কিন্তু কোন ষ্টেপ নেওয়া হল না। তিনি শুধু সেথানকার ষ্টাফ যারা আছে তাদের কতকগুলি দাবী দাওয়ার কথা বলেছিলেন এবং তাদের কেন ছাঁটাই করা হয়েছে সেকথা বলেছিলেন। কিন্তু সংগে সংগে শ্রীমতী ঘোষের বিরুদ্ধে অ্যাকসান নেয়া হল। গৌরীবাড়ী অঞ্চলের ১৯৭৭ সাল থেকে আরম্ভ করে সমাজবিরোধীদের একটা বিরাট দল অত্যাচার চালিয়ে আস্ছিল। তাদের বিরুদ্ধে অ্যাকসান কোন সময়ে নেয়া হল না যথন পর্যস্ত না সেথানকার মা বোনেরা নেবে এসেছিলেন।

আপনারা চার দিন ধরে কুথ্যাত সমাজ বিরোধীর নাম ম্থে ম্থে বলে গেলেন, হাউদের মধ্যে এই ভাবে ত্'পক্ষের মধ্যে একদিকে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি আর একদিকে কংগ্রেস তার নাম করে আলোচনা করলেন অথচ একবারও বৃক্তে পারলেন না যে এই প্রোসিভিংস এই কুথ্যাত সমাজ বিরোধী হাইকোটে নিয়ে গিয়ে বলবে যে আমি রাজনৈতিক শিকার হয়েছি, আমাকে বেল দিন, আইন অন্থয়ায়ী জর্জ সাহেব তাকে বেল দিতে বাধ্য হবেন। এটা একবারও মনে পড়ে না আপনাদের প্রতি যে আপনারা জেনে শুনে তাকে বেল মৃক্ত করবার জন্য এথানে রাজনৈতিক মৃনাফা পেটার জন্য কাজ করছেন একবার

শাস্ত মনে ভেবে দেখুন যে এই রকম আলোচনা আপনারা করতে শুরু করলেন। আজকে কি বলতে পারেন ১৯৮০ সালে যে বোম মারে পার্লামেন্টারী প্রসেসানের উপর, যাকে বোম মারা হয়েছিল তিনি তারা কারা ২৪ জনের নাম, তাদের বাড়ীর ঠিকানা পর্যন্ত দিয়ে চিঠি লিখে মাননীর মুখ্যমন্ত্রীকে জানান, ১৯৮০ সাল থেকে ১৯৮৪ সালের ২৬শে জামুয়ারী পর্যস্ত কোন এ্যাকসান কেন নেওয়া হল না এটা জিজ্ঞাসা করতে পারবেন না আপনারা আপনাদের মুখ্যমন্ত্রীকে ? এটা আপনাদের পাটি কৈ জিজ্ঞানা করতে পারবেন না ? তাহলে কি মার্কনবাদী পাটি ? শোষণ মুক্ত সমাজের আওয়াজ তুলেছেন, নির্বাচনে বিশাস করেন না নিজেরা বলেন, অথচ নির্বাচনে অংশ গ্রহণ করেন। পশ্চিমবঙ্গের মাত্র্য আপনাদের বুঝতে পেরে গেছে। আপনাদের জানা উচিত যে আপনারা এখানে আছেন মাহুষকে ফুল প্রোটেকশান দেবার জন্ম। এই চার দিন ধরে ঐ কুখ্যাত সমাজ বিরোধীর নাম করে চলে গেলেন এক এক করে কিন্তু একবারও প্রশ্ন তুললেন না যে কেন এতদিন তার বিরুদ্ধে এাকসান নেওয়া হল না। আমি এই কথা বলতে চাই যে আপনারা দেশে আইন শৃষ্ণলা আনার জন্ম ব্যবস্থা নিচ্ছেন, অথচ আশ্চর্যের বিষয় যে পুলিশ অফিনারের বিরুদ্ধে আজকে পরিষ্কার আঙ্গুল দেথিয়ে গৌরী বাড়ীর মা-বোনেদের অভিযোগ সেই পুলিশের সঞ্চিয়িতার ডাইরেক্টরকে এ্যারেষ্ট করে নিয়ে আসছে কোন হোটেল থেকে সেই **চ**বি বেরিয়েছে। এর কোন দরকার আছে? কোন দরকার নেই। হোটেল থেকে সেই ছবি বেরিয়েছে। এর কোন দরকার আছে? কোন দরকার নেই। কারণ, আমরা জানি আপনারা ভধু এ্যারেষ্ট করবেন সেথানে ঘেথানে আপনাদের দরকার লাগে। আমি এও জানি আপনারা ভগুমাত্র পুলিশী এ্যাকসান নেবেন এবং তার বিরুদ্ধে সমস্ত শাসন ষন্ত্রকে ব্যবহার করবেন ঘথন সেটা পার্টির পক্ষে লাগে, জনসাধারণের জন্ম নয়। গৌরীবাড়ী অঞ্চলে শাস্তি কমিটি তৈরী হল, আপনারা মিটিং করে বললেন আমরা নাগরিক কমিটি খুব ভাল ভাল কাজ করি। নাগরিক কমিটি বলে আপনারা লিফলেট বের করে দিলেন। বিরাটভাবে শেটা চালু করলেন চতুর্দিকে। নাগরিক কমিটির লিফলেট চতুর্দিকে আলোচনা হল, বললেন সমাজ বিরোধীদের বিরুদ্ধে আমরা। তাহলে এতদিন কি আপনারা ঘুম্চ্ছিলেন ? নাগরিক কমিটি করলেন, কলকাতার ৩২টি ওয়ার্ডের নাম দিয়ে দিলেন। নাগরিক কমিটির কে কোন নাগরিক, কলকাশার নাগরিক কি বিদেশের নাগরিক, কে এটা বের করেছে, খুঁজে খুঁজে জানতে পারলাম যে গণশক্তি প্রিন্টার্স কলকাতার একমাত্র নাগরিক যে নাগরিক কমিটি তৈরী করে ফেললেন। আপনাদের যদি সাহস থাকে তাহলে নাম দিন। এই বইএর মধ্যে রয়েছে কতজনকে আপনারা নাম করে করে কাজ করে দিয়েছেন তাংলে কেন নাগরিক কমিটিতে নাম থাকতে পারছে না ? শাস্তি কমিটি গৌরীবাড়ীর জনসাধারণের নিজস্ব কমিটি। আপনাদের কাছে আমার অন্তুরোধ আপনারা এথানে রাজনীতি আনবেন না। মাননীয় মৃধ্যমন্ত্রীর কাছে যাবার পর তিনি কতকগুলি পুলিশী ব্যবস্থা নিয়েছেন। আপনারা যদি রাজনীতি নিয়ে আসেন এবং প্রতিদিন কংগ্রেস এবং সি পি আই ( এম ) এর মধ্যে লড়াই করেন তাহলে কোনদিনও পশ্চিমবন্ধকে সমাজ

বিরোধী মৃক্ত করতে পারবেন না। আমার অন্থরোধ আপনাদের মধ্যে অনেক বিজ্ঞ আছেন, বয়স্ক আছেন, আপনারা নিজেরা আলোচনা করে দেখুন, এতে রাজনৈতিক প্রশ্রম্ন পাছে না. কোন রাজনৈতিক দল সাপোর্ট করে না। গৌরীবাড়ী অঞ্চলের মা-বোনেরা বেরিয়ে এসে একসাথে তারজন্ম কাজ করতে পেরেছেন। এই কয়েকটি কথা বলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জানতে চাই যে ৪৪৮টি এ্যামেগুমেন্টের প্রত্যেকটিকে আমি সাপোর্ট জানাচ্ছি। কারণ, প্রত্যেকটি এ্যামেগুমেন্ট একটার পর একটা যদি তুলে ধরেন তাহলে দেখতে পাবেন লেখা রয়েছে তিন্তা ব্যারেজে টাকা দেয়নি অথচ ৪৮ কোটি টাকা তিন্তা ব্যারেজের জন্ম দেওয়া হয়েছে। তাই আমি বলি কাশীনাথ মিশ্র. শ্রীস্করত মুখোপাধ্যায়, শ্রীস্কনীতি চট্টরাজ যে এ্যামেগুমেন্টগুলি এনেছেন সেই এ্যামেগুমেন্টগুলি আপনি নিজের চোথে দেখেননি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই আপনার মাধ্যমে সরকার পক্ষের সমস্ত সদস্যদের কাছে আমার অন্থরোধ আপনারা এগুলি নিজেরা দেখুন এবং নিজেরা দেখে সংশোধনীগুলির মধ্যে যেগুলি প্রয়োজন দেগুলি নিশ্চিৎ আপনারা পাশ করাবেন এই আশা রেথে আমার বক্তব্য শেষ করছি।

**এলৈজ্যাতি বস্ত্রঃ** স্পীকার মহাশয়, মাননীয় রাজ্যপালের বক্তৃতার ধন্যবাদস্যুচক প্রস্তাবের উপর বিরোধী পক্ষ থেকে যেসব বক্তব্য এখানে রাখা হয়েছে, আমাদের সরকারী পক্ষ থেকে সদস্তরা তার অনেক জবাব ইতিমধ্যে দিয়ে দিয়েছেন। আমি পরে যেভাবে ব্রেছে বিশেষ করে বিরোধী দলের কথা সেগুলি আমি বলবার চেষ্টা করবো। আমি প্রথম থেকেই দেখলাম, এতজন বক্ততা দিলেন এবং অনেকগুলি সংশোধনী প্রস্তাবও আছে, এখানে তিন চারটি বই আছে, তাতে সব লেখা হয়েছে তার মধ্যে বেশীরভাগই দেখলাম আইনশন্ধলা সম্বন্ধে ওঁরা বিশেষ কিছু বললেন না। আর সংশোধনীগুলি এমনই যা উত্তর আমি কি দেবো? বলা হচ্ছে এটা নাই এটা নাই —এই সব। এখন তো আর সেইসব কথা রাজ্যপালকে দিয়ে বলানো যায় না। আমি দেথবো বাজেটের সময় সে সহস্কে কিছু বলা যায় কিনা। আর যা বলা হয়েছে তা কিছুটা অর্ধ সত্য, কিছুটা অসত্য। ভাহলে আমি কি জবাব দেবো? এই সবের কিছুই জবাব দেবার নাই। ৪০০, না কত সংশোধনী আছে - কি তার চেয়ে বেশী—আমি মনে করি এই সবের জবাব দেবার প্রয়োজন নাই। আমি শুধু মনে করিয়ে দিতে চাই যে রাজ্যপালের বক্তৃতায় যে কতকগুলি বিষয় আছে সেগুলি সম্বন্ধে বিরোধী পক্ষ থেকে কোন উল্লেখ আমি দেখলাম না। আমাদের এ পক্ষ থেকে দে সম্বন্ধে কিছু কিছু বক্তব্য রেথেচেন। কিন্তু বিরোধী পক্ষ থেকে একটি কথাও বলেননি। সে সম্বন্ধে তাঁদের অন্য কোন কিছু বক্তব্য আছে কিনা, কিছু আরও পয়েণ্ট আছে কিনা তা কিছুই শুনলাম না। ধকন, কেন্দ্রীয় সুরকার সম্বন্ধে রাজ্যপালের বকৃতায় বলা হয়েছে যে আমাদের এথানে শিল্পে পুঁজি নিয়োগ হচ্ছে না। কেন্দ্রীয় তাদের কর্তব্য পালন করছে নাসে দম্বদ্বেও বলা হয়েছে। উন্টোপথে তারা গিয়েছেন। এ সম্বন্ধে কংগ্রেদ সদস্তদের কি বক্তব্য সেদিকে তারা যান নি। আর এটা তো আজকের ব্যাপার নয়। আমাদের সময়েই এটা তথু হয়নি। ১৫।২০ বছর ধরে দেখছি যে

এখানে এই পশ্চিমবাংলায় আধুনিক শিল্প কিছুই নাই। এই রাজ্য শিল্প প্রধান রাষ্ট্র হিসাবে প্রথম স্থানে ছিল। এখন আমরা কোথায় তলিয়ে গিয়েছি। এবং এতে পশ্চিমবাংলার মামুষের কোন অপরাধ নাই। এথানে পুঁজি নিয়োগ হয় নি। পরিকল্পনা কমিশন আমাদের দিকে একবার ফিরেও তাকায়নি। আমাদের মত উদ্বাস্ত সমস্তা কোন প্রদেশে নাই। १० লক্ষ বাস্তহারা এখানে এসেছে ওপার থেকে এবং তাদের পুর্নবসতি সেইভাবে কিছুই হোল না—সেইভাবে টাকাও খরচ করা হোল না। এ সম্বন্ধে ওঁদের কিছু কি বলার নেই ? আমরা এখানে বলেছি যে আধুনিক শিল্প আমাদের এখানে একটিও নাই। পেটো-কেমিক্যাল কোথায় ? আপনারা খালি প্রশ্ন করেছেন আর আমরা জবাব দিচ্ছি। অথচ চার বছর আগে থেকে এই দব বলা হচ্ছে যে কেন্দ্রীয় সরকার এবং আমরা ছজনে মিলে ওঁরা ৪০ ভাগ এবং আমরা ৪০ ভাগ—আর যাদের থেকে টাক। নিতে হবে, যারা আমাদের রয়েছেন অক্সভাবে সাহায্য করবেন তাদের থেকে ২০ ভাগ, এইভাবে একটা কোম্পানী তৈরী করে এটা করতে চাইছি। রাজ্য সরকার এটা তো করতে পারে না। কেউ কি করছে ভারতবর্ষের অন্যান্য রাজ্য সরকার ? ওঁরা এটা নীতিগতভাবে মেনে নিয়েছিলেন। কিন্তু আজও এর কিছু হোল না কবে হবে জানি না। জিম্ দব পড়ে আছে হলদিয়ায়। হাজার হাজার লক্ষ লক্ষ লোকের চাকুরী সংস্থান হোত। কারণ তার পাশাপাশি অনেক কারখানা হোত। কারণ যদি হয়ে যায়, ওঁরা মনে করছে ওঁদের ক্ষতি হবে। ওঁরা টাকা দিলে তো করবো—আর তাতে তো আপনাদের স্থবিধাই হবে। কিন্তু এতে ওঁদের কিছু বলার নেই। এমনই ভীত সম্ভস্ত পশ্চিমবাংলার মাহুষ হয়ে যে যদি কোন উন্নতি পশ্চিমবাংলার হয়ে যায়। ঠিক সেইভাবে ইলেকট্রনিকস। কতবড় অপমানকর কথা। আমরা তারজন্ম হরতাল ডেকেছিলাম, বন্ধ করেছিলাম। ইলেকট্রনিক্স ব্যাপারে শ্রীমতী ইন্দিরা গান্ধী আমাকে পড়ে শোনালেন, ওঁর অফিদার লিগছেন যে পশ্চিমবাংলা হচ্ছে বর্ডার ট্লেট।

সেইজন্ম সন্টলেকে হবে না, ১০০ একর জমি সেথানে দেওয়া হয়েছিল। কোনও অপমান বোধও নেই, চূপ করে বসে আছেন, এই ব্যাপারে একটা কথাও তো বলছেন না ?

## ( शानमान )

আমি ইন্দিরা গান্ধীকে বলেছিলাম, আপনি কি এটা মেনে নিয়েছেন? উনি বললেন—
ইন্দিরা গান্ধী বললেন যে আমি এটা একেবারেই মেনে নিই নি। কিন্তু বলার পর, এক বছর যেতে
না যেতে এই ইলেকট্রনিকদ চলে গেল উত্তরপ্রদেশে, কংগ্রেদের কোন একটা জায়গায় দেখানে চলে
গেল। আর একটা চলে গেল হরিয়ানায়। তখন আমি ইন্দিরা গান্ধীকে বললাম যে মৃদ্ধ বিগ্রহ
অস্ত্রশস্ত্র, এই বিষয়ে আমি বিশেষ কিছু বৃধি না, কিন্তু এইটুকু বৃধি যে এফ ১৬ দিল্লীতে পৌছবে
আগে বা হরিয়ানায় পৌছবে আগে পশ্চিমবাংলার দন্টলেকে পৌছবার আগে, এইটুকু আমি জানি।
বিপদ তো বাংলাদেশ থেকে নয়, বিপদ হচ্ছে পাকিস্তান থেকে। কারণ মার্কিন সাম্রাজ্যবাদরা
ভাদের সাহায্য করছে। তিনি চুপ করে গেলেন তখন। কিন্তু এক বছর যেতে না যেতেই

দেখলাম যে তিনি সেটা নিয়ে চলে গেলেন, কিছু বলার নেই। অথচ ওথানকার আর একজন মন্ত্রী আমাকে বলেছেন—

### (शानमान)

### (Noise & interruptions)

(Several members rose to speak)

Mr. Speaker: Honourable members, please do not disturb. Mr. Panja, please take your seat, please take your seat. Mr. Panja for the last time I would request you to please take your seat. Mr. Chattoraj. what is this? Please take your seat. Please maintain decorum of the House.

**এতিজ্যাতি বস্তুঃ** আমাদের এধানে জাহাজ মেরামত কারথানা করবার কথা ছিল হলদিয়ায়, সেটা হলো না। কেন হলো না, কিছু বক্তব্য আছে ? কিছু বক্তব্য নেই। একটা ট্রাক ম্যাহ্নফ্যাকচারিং ইউনিট করার কথা ছিল, হলো না, কেন হলো না, কোন কথা নেই। এই গুলো রাজ্যপালের ভাষণে আছে। এই সংগে সংগে যেটা নেই, সেটাও আমি বলছি যে কেন্দ্রীয় সবকারকে বারেবারে আমরা বলছি. ইম্পাত কারখানাগুলো, অন্ত জায়গায় যা আছে, সেইগুলোর জন্ম অনেক টাকা খরচ করছেন, পুঁজি নিয়োগ করেছেন। আমাদের তুর্গাপুরেরটা তো আপনাদেরই কারখানা, সেথানে কেন করছেন না? অবশ্য ওঁরা বলছেন যে আমরা এটা করবো। ৪০০/৫০০ কোটি টাকা ওঁরা এখানে নিয়োগ করবেন বলছেন, আধুনিকীকরণ করার জন্ম, এক্সপানশান ইত্যাদির জন্ম। কিছু আজ পর্যন্ত সেটা হয়নি। সেটা সম্বন্ধেও তু একটা কথা বললে ভাল হতো আমাদের। আমরা গিয়ে কথাবার্তা এখানে বলতে পারতাম, ওরা হয়তো করতেন, উন্নতি হতে। পশ্চিমবাংলার, আপনাদের হয়তো অপকার হতো। সেই রকম আমরা বলেছি, এখানেও কয়েকজন সদস্থ বলেছেন বে কয়েকটা নিত্য প্রয়োজনীয় জিনিস যাতে রেশন দোকানের মাধ্যমে নিয়ন্ত্রিত দরে পাওয়া যায়, দেই রকম ব্যবস্থা করুন। কেন্দ্রীয় সরকার যদি সহযোগিতা না করেন, দেইস্ব জ্বিনিস সরবরাহ করা যায় না, এটা আমাদের ন্যাশন্তাল ডেভেলাপমেণ্ট কাউন্সিলে আলোচন। হয়েছে। কথা হয়েছে এবং কেন্দ্রীয় সরকার নীতিগতভাবে মেনে নিয়েছেন, কিন্তু আজ প্র্যান্ত সেটা হলো না।

#### (গোলমাল)

**এজ্যাতি বস্তুঃ** স্পীকার মহাশয়, আপনি দেখছেন তো ওদের ব্যবহারটা ?

भिः ज्लोकांद्र: Mr. Sattar, I would request you to control your members.

🔊 জোতি বস্তুঃ তারপর হচ্ছে, জিনিসের দাম বাড়া—এটাও আমরা বলেছি, রাজ্য-পালের ভাষণে এটা আছে। জিনিসের দাম কেন বাড়ে, মুদ্রাফীতি কেন হয় ? এটা কোন রাজ্য সরকারের অপরাধ নয়। এটা মূলতঃ দায়ী হচ্ছেন কেন্দ্রীয় সরকার। এটা সকলেই জানেন এবং ওখানে যদি পাঁচটা জিনিসের দাম বাড়িয়ে দেওয়া হয়, রেলওয়ে ফ্রেট, রেলওয়ে ফেয়ার, ডিজেলের দাম বাডানো হয়, অন্যান্য জিনিসের দাম বাডানো হয়, তাহলে রাজ্যগুলোতে অনেক জিনিস আছে যা খাভাবিকভাবে বেড়ে যায় এবং এটাই বর্তমানে হচ্ছে। সেই সম্পর্কে কি বক্তব্য, কিছু শুনলাম না বিরোধী দলের কাছ থেকে। আমরা বলেছি, আমরা কতকগুলো আইন এথানে প্রণয়ন করছি, সেইগুলো দিল্লীতে পাঠিয়েছি অন্নমোদনের জন্ম সংবিধান অনুযায়ী, কিন্তু ১৫টা বিষয় সেখানে পড়ে রয়েছে. একটা যেটা ভমি সংশ্বার আইন, সেটা তিন বছর ধরে পড়ে রয়েছে, বাতিলও তো করে দিতে পারেন। তিন বছর ধরে পড়ে রয়েছে। শ্রমিকদের একটা আইন ১০ বছর ধরে পড়ে রয়েছে. অনেক কষ্ট করে ওদের দিয়ে আনিয়ে রিজেক্ট করিয়েছি। আমি বলেছি, আপনাদের কিছু করতে হবে না, শুধু রিজেক্ট করে দিন, তা নাহলে সংবিধান অফুযায়ী শ্রমিকদের জন্ম আর একটা আইন আনতে পারছি না। ভূমি সংস্কার আইনটাও ঐ অবস্থায় পড়ে রয়েছে, এটা সম্বন্ধে ওঁদের কি বক্তব্য আমি জানি না। এই সমস্ত সত্ত্বেও এটা বোঝার দ্রকার, জিনিসের দাম যদি বাডে. সব জিনিসের দামই উধ্যুখী, কিন্তু এখনও ভারতবর্ষের বড় বড় শহরগুলো যদি ধরেন তাহলে দেখবেন, পশ্চিমবাংলায় সব থেকে কম এখন জিনিসের দাম।

### [5-55-6-05 P.M.]

বেশীর ভাগ জিনিসের দাম এটা হচ্ছে—আমরা দেখছি। তারপর রাজ্যপাল তার বক্তৃতায় বলেছেন, নিশ্চয় সবাই শুনেছেন যে, আমাদের যে রাজম্ব আদায় হত—ধরুন ১৯৫০ সালে কেন্দ্রীয় সরকার যে রাজম্ব আদায় করতেন তার শতকরা ৫৫ ভাগ রাজ্যগুলিকে দেওয়া হত ভাগ করে, এখন সেটা শতকরা ৩০ ভাগে এসে দাঁড়িয়েছে। আমাদের অস্থবিধা হচ্ছে, একটু বলা দরকার। তারপর একটা অভুত কথা শুরুন—শুধু এখানকার কথা বলছি না, বাইরের কংগ্রেসীরাও পুস্তিকা ইত্যাদি বের করেছেন। তাতে আমাদের খাল্ল ইত্যাদি সম্বন্ধে পরিসংখ্যান দেওয়া হয়েছে। সেই পরিসংখ্যানের মধ্যেও গোলমাল দেখা যাচ্ছে। যেমন ওরা বলেন লাই ইয়ার অব দি কংগ্রেস—এই বছর আমাদের লাই ইয়ার হচ্ছে, সেটা ওরা বলে থাকেন। চাষাবাদের কথাই ধরা যাক। চাষ বাস কথন হয় সেটা আপনারা সকলেই জানেন। ১৯৭৬/৭৭ সাল ওদের লাই ইয়ার। আমাদের জিনিসগুলিকে নিজেদের উপর নেবার জন্ম, নিজেদের কৃতিত্ব দেখাবার জন্ম ওদের মতে ওরা ১৯৭৭/৭৮ সালকে লাই ইয়ার বলে থাকেন। আমরা কিন্তু জুন মাসের আগেই এসে গেছি। এপ্রিল মে মাসের মধ্যে এপ্রিকালচারাল অপারেশন বিশেষ কিছু হয় না, এটা সকলেই জানেন। ওরা সেটা দেখাতে গিয়ে বলছেন ৮৯৭০ লক্ষ টন খাল্য উৎপাদন হয়েছে। আসালে ওদের লাই ইয়ারের পরিসংখ্যান অন্থায়ী দেখা যাচ্ছে ৭৪৭৩ লক্ষ টন খাল্য উৎপাদন হয়েছে। আমাদের সময়ে ৮৯৭০

টন হয়েছে। আর ওদের প্রস্তিকায় এইসব মিথা খবর ছাপিয়ে সমস্ত ভারতবর্ষের বিভিন্ন জায়গায় ছড়ানো হচ্ছে। তারপর এই রকম কথা তো বলেন নি যে ১০০ বছরের মত এই রকম বন্যা কেউ দেখেনি। তারপর ছ-ছবার যে ধরা হয়ে গেল, এই রকম থরা আগে কেউ দেখেনি, তারতবর্ষব্যাপী এই রকম থরা কেউ দেখেনি। শুধু এখানে নয়, ভারতবর্ষব্যাপী সেই জন্ম উৎপাদন কমে গেছে। কিছুদিন আগে শ্রীমতী গান্ধী বক্ততা দিলেন, টেলিভিসনে আমি দেখছিলাম—সৌভাগ্যবশতঃ তিনি এটা বললেন, স্বীকার করলেন। স্বীকার না করে উপায় কি আছে? উনি বললেন কয়েক বছর আমরা ভাল ফলল করে উঠতে পারিনি। উনি ঠিকই বলেছেন। তুবছর যদি ক্রমাগত থরা হতে থাকে যা আগে আমরা কেউ দেখিনি তাহলে কি করে হবে ? উনি ঠিকই বলেছেন উৎপাদন কম হয়েছে। ভারতবর্ষের সেই পরিসংখ্যান ট্রাটিসটিক্সের মধ্যে পশ্চিমবাংলাও আছে। এবারে আমরা দেখানে প্রায় ১০ লক্ষ টন হবে বলে বলছি। সেই হিসাবটা কেন্দ্রীয় সরকারের কাছেও আছে। সেটা ধরে নিয়েই ভারা বলছেন এবারে রেকর্ড হারভেস্টিং হয়েছে। আমাদের এথানেও রেকর্ড হয়েছে এবং সেই কথাই রাজ্যপালের বক্ততায় আছে। এই সমস্ত অক্টের হিদাব কেন্দ্রীয় সরকারের কাছে আছে, আমাদের কাছেও আছে, ডিপার্টমেন্টে আছে। সেই সম্বন্ধে যদি এ রকম ভাবে কারচুপি করেন তাহলে মুস্কিল হবে। ঠিক সেই ভাবেই সেচ ব্যবস্থার কথা ধরুন। ওরা বলছেন সেচ ব্যবস্থার হয়ত কিছু উন্নতি হতে পারে, কিন্তু আপনারা ব্যবহার করেন নি। আমি বলছি ষেটুকু সেচ ব্যবস্থা হয়েছে সেটাকে আমর। পূর্ণ মাত্রায় ব্যবহার করেছি এবং আগের থেকে কিছু বাড়িয়েছি এবং তার পূর্ণ সদ্মবহার করেছি এই বিয়য়ে কোন সন্দেহ নেই। এই মাত্র তিন্তা সম্বন্ধে একটি কথা ভনলাম। তিন্তা সম্বন্ধে রাজ্যপাল কি বলেছেন ? তিনি বলেছেন এই সরকার প্রায় ১০০ কোটি টাকার উপর ধরচ করেছে এবং সেই অমুপাতে কেন্দ্রীয় সরকারের যা সাহায্য করার কথা ঠিক সেই ভাবে তা হয়নি। ওরা কিছু দেয়নি, কিছু করেনি, এই রকম তো কোন কথা নেই। তিস্তা হলে উত্তরবঙ্গের থুব উপকার হবে। সেই জন্ম আমি নিজে প্রধানমন্ত্রী, অর্থমন্ত্রীর দক্ষে তুবার দেখা করেছি। উনি মেনে নিয়েছেন। উনি বলেছেন বাংলাদেশের ওদিকে তিস্তা নিয়ে নানা রকম পরিকল্পনা করছেন। আমি বলেছি টাকাটা যদি একট ভাডাভাডি দিয়ে দেন ভাহলে এই কাজটা থব ভাডাভাডি সম্পূর্ণ করতে পারি। উনি মেনে নিয়েছেন। কয়েকদিন আগে থবর পেলাম এই বছরের জন্ম ৫ কোটি টাকা দিয়েছেন, এটা আর একটু বেশী দেবার কথা ছিল। ঘাই হোক, সেটা পরে আমরা দেখব। এখন সময় থব কম। এর পরে বাজেটে আরো বেশী টাকা ধার্যা করবেন। আমরা যাতে আরো বেশী কবে রাখি এই কথা আমার সঙ্গে আলোচনা হয়েছে।

এটাতে একমত হয়ে বলা যায়। এতে সমস্ত উত্তরবঙ্গের অনেক উপকার হবে যদি এটা সম্পূর্ণ করতে পারি। বিদ্যুৎ পরিকল্পনা হতে পারে, অনেক কিছু হতে পারে। এসব কথা ওঁরা বলবেন না। তারপর শিল্প সম্বন্ধে ওঁরা বলেছেন, এখানে উৎপাদন কমে গিয়েছে। ঠিকই তো, কমে গিয়েছে। আমি একটা হিসাবে দেখছিলাম, ১৯৬৫ থেকে ১৯৭৫ সালের মধ্যে শিল্পের ক্ষেত্রে

পশ্চিমবাংলায় শতকরা ৪৫ ভাগ উৎপাদন কমে গিয়েছে। এক সেথানে মহারাছে প্রায় ৪০ ভাগ বেভেছে। এটাও পশ্চিমবাংলার মামুষের অপরাধে হয়েছে নাকি ? এথানেও সেই একই কথা— ইনভেষ্টমেন্ট হয়নি, পু<sup>\*</sup>জি নিয়োগ হয়নি, রাষ্টায়াম শিল্প, ব্যাক্ষ এইদৰ থেকে তারা ব্যবস্থা করেন নি, অনেক মালিককে নানান পরামর্শ দিয়ে বাইরে পাঠানো হয়েছে, তারা এথানে পুঁজি নিয়োগ করেন নি. এইসব নানান কারণে এটা হয়েছে। এখন তার থেকে খানিকটা উন্নতি হয়েছে তবে ষে ভাবে চলছে তাতে আমরা কখনই সম্ভষ্ট হতে পারি না। আবার উল্টো দিকে কুটির শিল্প যেটা, ছোট শিল্প তাতে এখানে অনেক উন্নতি হয়েছে, সেটা ভারতবর্ষের যে কোন রাজ্যের তুলনায় বেশী হয়েছে দে বিষয়ে কোন সন্দেহ নেই। দেশৰ কথা ওঁরা কিন্তু বলেন নি। তারপর আর একটা কথা ষেটা বলেছেন সেটা থানিকটা সত্য যে সরকারের পক্ষ থেকে বা রাষ্ট্রের পক্ষ থেকে যে রাষ্ট্রায়ত্ব শিল্পগুলি চালানে। হয় সেথানে ওঁরা বলছেন, সুবগুলিতেই লোকসান হচ্ছে। এসব বলার দরকার কি ? লোকদান তো হচ্ছে। আপনাদের সময়ও হ'ত, আমাদের সময়ও হচ্ছে, কেন্দ্রীয় সরকারের তো অনেক হান্তার কোটি টাকা লোকসান হচ্ছে। কিন্তু এ ক্ষেত্রে যেগুলিতে কিছু উন্নতি করতে পারা গিয়েছে দেগুলিও বলা দরকার। যেমন গ্রেট ইষ্টার্ন হোটেল, এখানে লাভ হচ্ছে। আপনারা যথন সরকারে ছিলেন তথন এর ম্যানেজমেন্ট নিয়েছিলেন, আমাদের সময় আমরা জাতীয়করণ করেছি, আপনারা সমর্থন করেছেন। তারপর ইষ্টার্ন ডিস্টিলারী, সেটা আমর। জাতীয়করণ করেছি, সেথানে লাভ হচ্ছে। সরস্বতী প্রোস যেটা নেওয়া হয়েছে সেথানেও লাভ হচ্ছে। আরো তিনটি যেগুলি আমরা জাতীয়করণ করবো, বিল আসছে সেগুলিতেও এথনও ঠিক লাভ হয়নি তবে কাছাকাছি এসে গিয়েছে। কাজেই যেগুলিতে লাভ হয়েছে সেগুলির ব্যাপারে বলা দর হার আবার যেগুলি হয়নি সেগুলির ব্যাপারেও আমাদের চেষ্টা করা দরকার যাতে লাভজনক করতে পারি। উদ্বুত্ত জমি বিলির ব্যাপারে বলা হয়েছে। ৭'৬ লক্ষ একর জমি সেখানে প্রায় ১৫ লক্ষ লোকের মধ্যে বিলি করা হয়েছে। অবশ্য এরমধ্যে কংগ্রেস আমলে যেটক করা হয়েছিল তার হিসাবও আছে। এখানে একটা কথা বারবার বলা হয়েছে এবং প্রধানমন্ত্রীও লিপেছেন যে এইরকম শোনা যাচ্ছে যে কংগ্রেস দল যাদের দিয়েছিল ঐ গরিব ক্ষেতমজ্বর ইত্যাদি যাদের প্রাপ্য তাদের অনেককে বিতাডিত করে অন্যদের আমরা দিয়েছি। এইরকম কেস আমাকে দিলে আমি সেগুলি দেখে বাজেটের মধ্যে থবর নিয়ে বলে দিতে পারবো। ১৪/১৫ লক্ষের মধ্যে ২/৫টি যে হতে পারে না তা আমি বলছি না তবে আমার কাছে রিপোর্ট না এলে এবং আমি সেটা না দেখে এখনই বলতে পারবো না। প্রধানমন্ত্রীকে আমি লিখেছি যে আপনি আমাকে ক্রয়েকটা লিখে পাঠিয়ে দিন কিন্ধু আজ পর্য্যস্ত তিনি আমাকে লিখে পাঠান নি।

**ত্রীস্তরত মুখার্জী:** আমি আপনাকে তুটির কথা বলেছি।

প্রীব্দ্যোতি বস্তঃ স্থান্ত বিকৃত। প্রাসদে কালকে না কবে ছটির কথা বলেছেন, আমি বলছি, সে ছটো আমাকে দিন আমি দেখবো যে সতিয় হয়েছে কিনা। এখন ১৪/১৫ লক্ষের মধ্যে ছটি যে হতে পারে না সেকথা আমি বলছি না কিছু তার কোন হিসাব আমার কাছে নেই।

[6-05-6-15 P.M]

১ লক্ষ একরে এখনও মামলা হচ্ছে, ইনজাংশান হয়ে পড়ে আছে। আমরা সেগুলি চেষ্টা করছি। শিক্ষার ব্যাপারে কংগ্রেদীরা বক্তব্য রেখেছেন, যারা শিক্ষার সর্বনাশ করেছেন। ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যস্ত কোন পরীক্ষা হতনা, পরীক্ষা ভণ্ডুল হয়েছিল। সেথানে চাঁদা নেওয়া হত, মাষ্টার মশাইদের মারধর করা হত, ইনভেজিলেটরকে থাকতে দেওয়া হতনা, একটা নকারজনক অবস্থা ছিল। একজন ডাক্তার হতে হলে ৮ বছর লাগতো ৫ বছরের জায়গায়। ২ বছর সেথানে কোন ডাক্তার তৈরী করা যায়নি, এম. এ. পাশ করতে পারেনি। এর কারণ হছে সেথানে একটা অরাজকতার স্বাষ্টি হয়েছিল। এমন কি সিদ্ধার্থ শংকর রায়ের বিবৃতি আমি দেখেছি। এই যে ল' হোক্টেল আছে, সেথানে নাকি গুণ্ডাদের আছে। আছে, বন্দুক, বোমা ইত্যাদি এই সব রেখেছে। এটা আমাদের থালি করতে হবে।

# **শ্রীস্থত্রত মুখার্জী**ঃ কোয়েশ্চেন।

**জ্রীজ্যোতি বস্ত্রঃ** কোয়েশ্চেন করে লাভ কি হবে। কাগজে আছে, সংবাদ পত্রে আছে। দলের ঝগড়ার জন্ম তিনি কিছু করতে পারেন নি। তারপরে আমরা এসে সেটাকে খালি করে দিয়েছে। আজকে সেথানে পরীক্ষা শুরু হয়েছে। আগে পরীক্ষা হত ? আজকে ২ লক্ষ, ২॥ লক্ষ ছেলে মাধ্যমিক পরীক্ষা দিচ্ছে, বি. এদ. সি., বি. এ., বি. কম. ইত্যাদি সমস্ত ব্রক্ম পরীক্ষা দিচ্ছে। সেথানে ডাক্তারী পরীক্ষা দিচ্ছে। সেথানে যাতে গুণ্ডামী না হয় তার জন্ম ব্যবস্থা করা হয়েছে। যারা শিক্ষক, যারা ছাত্র, অভিভাবক, সকলের সহযোগিতা নিয়ে আমরা এটা করতে পেরেছি। এর পরেও কংগ্রেসের কাছ থেকে আমাদের শিক্ষার কথা শুনতে হচ্ছে। একজন বললেন যে শিক্ষার জন্ম আপনারা অনেক খরচ করেছেন কিন্তু কোয়ালিটি অব এড়কেশান কি হচ্ছে ? সেটা হু'চার বছরে বোকা ধাবেনা। আমাদের দেখতে হবে যাতে মানটা উন্নত হয়। কিন্তু আমি একথা বলবো যে আজকে টুকে কেউ পাশ করছে না। আগেকার দিনে টুকে ডবল এম. এ. হয়েছে, আলাদা ঘরে বদে পরীক্ষা দিয়ে টুকে পি. এইচ. ডি. হয়ে বেরিয়েছে এবং এই রকম বহু ঘটনা আছে। সেই সব অসভ্যতা, বর্বরতা আমরা বন্ধ করতে পেরেছি, এই বিষয়ে কোন সন্দেহ নেই। মাছুষ সেই সব জিনিস জানে। সেটা আর ছুতন করে বলবার কিছু সেই। তারপরে এথানে বলা হয়েছে যে বিশ্ববিদ্যালয়গুলি আছে. সেগুলি সব আপনার। নিয়েছেন। ঠিকই তো। ১৯৭৭ সালে এসে যথন দেখলাম যে সমস্ত বিশ্ববিচ্ছালয়গুলিতে অরাজকতা চলচে. বিশ্ববিদ্যালয়কে আর বিশ্ববিদ্যালয় বলা যায় না তথন আমরা সেগুলিকে হাতে নিয়েছিলাম স্নতন আইন করার জন্ম, গণতন্ত্রী করণের জন্ম। সেই আইন আমরা করে ফেলেছি। ক্যালকাটা ইউনিভার্সিটিতে সমস্ত ব্যবস্থা হয়েছে এবং সেই আইন অমুসারে অন্যগুলিতেও একটা একটা হচ্ছে। এর আগে গণতান্ত্রিক আইন বলে কিছু ছিল ? কিছু ছিলনা। একটা রিপ্রেক্তেনটেশানও ছিলনা. আইন তো দূরের কথা। তাদের কাছ থেকে এই সব কথা শুনতে হচ্ছে । ওরা জানে কি না

আমি জানি না, ৬টা ইউনিভার্দিটি তাদের থেকে আমাদের হাতে আনা নয়। এই বিধানসভা থেকে আইন পাশ হয়েছে। এই সব আইন পাশ করে ব্যবস্থা নেওয়া হয়েছে। তারপরে আর একটা কথা বলা হয়েছে যে ২/৪টি জায়গায় এয়ডমিনিসটেটর করা হয়েছে। ওদের পছন্দ মত এয়ডমিনিসটেটর আমরা করতে পারিনা। আমাদের পছন্দ মত করতে হবে। কিন্ধ এতে অন্যায়টা কি হয়েছে, অপরাধ কি হয়েছে সেটা শুনলাম না। যাই হোক, এই বিষয়ে আমার কিছু বলার নেই। তারপরে ভাইসচ্যান্দেলর ইত্যাদি সম্পর্কে অনেক কথা বলা হয়েছে। আমি সেই সম্পর্কে কিছু বলতে চাইনা। কারণ আমাদের যে আইন আছে সেটা এখানে পাশ হয়েছে এবং তাতে বলা হয়নি যে সর্বোচ্চ ভোট পাবে তাকেই ভাইসচ্যান্দেলর করতে হবে। সেখানে প্রোপারশন্যাল রিপ্রেজনটেশান ছিল। যাই হোক, আমাদের শিক্ষামন্ত্রীর কথা মাননীয় রাজ্যপাল মনে করেছেন যে ঠিক নয়, তিনি তাঁর ইচ্ছা মত করেছেন। আমার সেই বিষয় নিয়ে কিছু বলার নেই। তা যদি হত তাহলে আইনটি ২ত গুধু মেজরিটি দিয়ে যে ভাবে তাকে করা হয়েছে কিন্তু তাতো নয়। কাজেই এই সব নিয়ে আমি বিশেষ কিছু বলতে চাইনা।

শিক্ষা সম্পর্কে বলা হয়েছে যে, আমাদের নাকি ইতিহাসের কোন পাঠ্য পুস্তক নেই ! তা এ নিয়ে আমি একটু খোঁজ করবার চেষ্টা করছিলাম। আমি দেখলাম যে, ক্লাশ এইটের ছেলেমেয়ে-দের জন্ম ইতিহাসের যে সিলেবাস আছে সেটা নিয়ে একটা মামলা হচ্ছে। তারপরে এখানে বলা হয়েছে, দিলেবাদ নিয়ে মামলা হচ্ছে, কারণ ছেলেমেয়েদের খেভাবে শিক্ষিত করা দরকার সেভাবে নাকি ইতিহাস বই লেখা হয়নি। আমি এ সব শোনবার পরে একট থোঁজ নিচ্চিলাম যে. সিলেবাসের কনটেন্ট নিয়ে কোন কেস হচ্ছে কিনা এবং হয়ে থাকলেও তার এখন কি অবস্থা। আমি থোঁজ নিয়ে দেখলাম যে, আসলে সেথানে কেস হচ্ছে সিলেবাস তৈরী করার সময়ে তা বেআইনী-ভাবে হয়েছে কিনা, রুল্স মেনে হয়েছে কিনা, এই সব নিয়ে কেস হচ্ছে। কোটে সিলেবাসের कनटिन्छे ह्यालिश्च रम्नि । এथन ताम्र कि रस्माहः, ज्यातात शत्रवर्जीकाल कि रस्त छ। एमथा रस्त । যাঁরা ইতিমধ্যেই এই সিলেবাস ইনটোভিউস্ড করছেন তাঁরা এটাই এখন প্ডাবেন এবং যেখানে এই সিলেবাস এখনো চালু হয়নি সেথানেও এখন এটাই চালু হবে। তারপরে যা সিদ্ধান্ত হবে, তাই হবে। আসলে রুলস এর ব্যাপারে একটা চ্যালেঞ্চ হয়েছে, কনটেন্ট 'এর ব্যাপারে কিছু হয়নি। কাজেই এই হচ্ছে ইতিহাসের সিলেবাসের ব্যাপার। এটা নিয়ে এখানে অনেক কথা বলা হয়েছে এবং নানাভাবে নানাকথা কাগছে কলমে বেরুছে। এমনভাবে সব সংবাদ প্রকাশিত হচ্ছে তাতে मत्न श्रुष्क रयन कनाउँ निरंत्र जालाहन। श्रुष्क, किन्न कनाउँ निरंत्र कान जालाहन। श्रुमि, श्रुष्क না। ঐ ইতিহাস বই ঘাঁরা লিখেছেন তাঁদের মধ্যে কংগ্রেস পক্ষের একজন প্রফেসর আছেন। ক্লাস এইটের সিলেবাস অনুযায়ী ইংরাজ্মীতে লেখা যে ইতিহাস বই আছে, সেটা তিনি লিখেছেন। তাঁকে আজকে এখানে দেখছি না। আমি ঐ ইতিহাস বইটি পড়ে দেখলাম, তিনি ঐ একই ধরণের সিলেবাস অমুযায়ী বই লিখেছেন। তাহলে কি তিনি দেশদ্রোহী ? এখানে বলা হচ্ছে ঐ

ইতিহাস সিলেবাস নাকি দেশদ্রোহী সিলেবাস। আমি জানি না তাহলে তিনি কি করে কংগ্রেস থাকবেন। ওঁদের মধ্যে ওখানে কি করে থাকবেন জানি না।

চট শিল্প সম্পর্কে রাজ্যপালের ভাষণে অবশ্য কিছু নেই। কিন্তু এখানে একজন মাননীয় সদস্য প্রশ্নটি তুলেছেন বলেই আমি এ সম্পর্কে হ' একটা কথা বলছি। চটকল ধর্মঘটের প্রথম দিক থেকেই আমরা নজর রেথেছি। মালিকরা প্রথমে বলেছিলেন তাঁরা আলোচনায় বদবেন না. তাঁদের কি সব শর্ত আছে। যাইহোক দে-সব বাতিল হয়ে গেছে, তাঁরা আলোচনা করছেন. বোধ হয় আজকেও মিটিং হয়েছে। রোজই মিটিং হচ্ছে এবং আমরা চাই তাডাতাডি মীমাংসা হোক। তা নাহলে আমাদের চট কল শিল্পে অস্তবিধা হবে। এমনিতেই এই শিল্পে অনেক কম্পিটিসন আছে, অনেক কিছু আছে, এসৰ মালিকদের বুঝতে হবে। কিন্তু ওঁরা কিছুই মানছেন না। আমরা এখান থেকে চটকল শিল্পকে জাতীয়করণ করার জন্ম রেকমেণ্ডেসন পাঠিয়েছি. আমরা স্বাই এক হয়ে প্রধানমন্ত্রীর কাচে গিয়েছিলাম এবং প্রধানমন্ত্রী বলেছিলেন, আমি এটা ভেবে দেখছি। তিনি আমাদের দাবী অস্বীকার করেননি এবং স্বীকারও করেননি। অবশ্র এ বিষয়ে মালিকদের কিছু বলার নেই। এমন চট-কল নিয়ে যে সমস্থা দেখা দিয়েছে তা আমরা দেখছি. আমরা এদিকে নজর রাখছি, প্রতিদিন মিটিং হচ্ছে। শ্রমিকদের যাতে স্থবিধা হয়, যাতে সঠিক সিদ্ধান্ত হয় তারজ্ঞ আমরা নজর রাখছি। কিন্তু পাঁচ, ছ'ট মালিক পরিবার অনেক সময়ে খুবই অনমনীয় মনোভাব দেখাচ্ছে, এটা কখনই চলতে পারে না। আমরা বলেছি, এটা কথনই চলতে পারে না। আমরা বলেছি, এটা আপনাদের শুধু পারিবারিক ব্যাপারই নয়, এর সংগে লক্ষ লক্ষ কৃষক ও শ্রমিক জড়িত, স্থতরাং আপনারা যা ইচ্ছে তাই কি করে করতে পারেন, কথনই করতে পারেন না। আর জাতীয়করণের ব্যাপারে আমরা সবাই দিল্লীতে গিয়ে বলে এসেছি, প্রয়োজন হলে আমর। আবার লিখব। আপনাদের অন্নয়াদন নিয়ে লিখতে পারি এবং ক্যাবিনেটের সিদ্ধান্ত নিয়েও লিখতে পারি। আজকে এটা পরিস্কার যে, এই শিল্পকে কয়েকটি পরিবারের হাতে এখন আর রাখার কোন অর্থ হয় না। যেমন কয়লা শিল্প জাতীয়করণ হয়েছে, ব্যাস্ক জাতীয়করণ হয়েছে, তেমন আরো ত্ব' একটি শিল্প জাতীয়করণের জন্ম অপেক্ষা করছে। এটাও এমন একটা শিল্প যে এটা এখনই জাতীয়করণ হওয়া উচিত। জানি না কংগ্রেসীরা কি বলবেন! তবে ইতিমধ্যে ওঁরা এ বিষয়ে আমাদের সংগে একমত হয়েছেন।

আমার শেষ কথা হচ্ছে, বিরোধী দলের বেশীরভাগ সদস্ত যে বিষয়ে কথা বলেছেন সে বিষয়টা হচ্ছে আইন-শৃঝলার বিষয়। আমি তাঁদের জিজ্ঞাদা করছি, রাজ্যপালের বক্তৃতায় এ বিষয়ে কি আছে? আমরা কি বলেছি যে, আমরা শুর্গ রাজ্য তৈরী করেছি ?

「6-15 −6-25 P-M. ]

কি আছে তাতে? আমরা স্বর্গ রাজ্য তৈরী করেছি বলে কিছু নেই। যদি পড়ে দেখেন তাহলে দেখবেন দেখানে একটা তুলনামূলকভাবে বলা হয়েছে তা নাহলে আইন-শৃঙ্খলার কি

আলোচনা হবে ? কি লিখবো তাতে ? আত্মসপ্তষ্টির কোন জায়গা নেই। আমাদের যে পরিবেশ যে অর্থনীতি, যে সামাজিক ব্যবস্থা সমস্ত দিক থেকেই আত্মসম্ভটির কোন উপায় নেই। সেইজন্ম বলা হয়েছে, "এই রাজ্যের সামগ্রিক আইন-শৃষ্খলা পরিস্থিতি সাধারণত: শাস্তিপূর্ণ ছিল"। এটা বলা হয়েছে। তারপর ১৯৮৩ দালে পঞ্চায়েত নির্বাচনের সময় কি হুমেছিল সেটা বলা হয়েছে। তারপর বলা হয়েছে "এ বছর বড় ধরণের কোন সাম্প্রদায়িক হান্ধামা ঘটেনি," ছোটখাট কিছু হয়েছে, আমরা তবে মান্থ্যকে বাঁচাবার চেষ্টা করেছি। তারপর আছে, দেশের অন্যান্ত অনেক অংশের সঙ্গে তুলনা করলে দেখা যাবে, তফসিলী জাতি ও আদিবাসী এবং সমাজের তুর্বলতর শ্রেণীর মাত্রবদের প্রতি নিষ্ঠুরতামূলক আচরণ থেকে পশ্চিমবন্ধ মৃক্ত ছিল"। একথা এখানে আছে। এটা কি অন্তায় ? এটা আমাকে বলেছেন, আমি তাই বলছি এবং পরে আবার বলবো। তারপর বেমন দেখছি, কলকাতা একটা মস্ত বড় শহর। এখানে ১৯৮১ সালে খুন হয়েছে ১০০টি। ১৯৮২ সালে ৭৫টি, ১৯৮৩ সালে খুন হয়েছে ৯৫টি আর দিল্লীতে কত খুন হয়েছে--১৯৮১ সালে ২০০টি, ১৯৮২ সালে ২৩৮টি, ১৯৮৩ সালে ২৮৫টি। যেথানে প্রধানমন্ত্রী আছেন অর্থাৎ যেথানে কংগ্রেস রাজত্ব, যেথানে ওদের কেব্রু সেথানে এই জিনিস ঘটছে। এই হচ্ছে তুলনা। এটা কেন্দ্রীয় সরকারের হিসাব। প্রতি লক্ষ পপুলেশানে কত অপরাধমূলক কাজ হয় সব মিলিয়ে সেটা দেখুন, বাঙ্গালোরে ১ হাজার ৩৫০, কানপুরে ৮০৮, দিল্লীতে ৮০৬, মান্তাজে ৫৭০, বোষেতে ৪৫১, আমেদাবাদে ৬১৭ আর কলকাতায় ৩১২ অর্থাৎ সব মিলিয়ে কম আছে। এইজন্ম এই কথাগুলি সাধারণভাবে বলা হয়েছে। তারপর আমার কথা হচ্ছে আমি জানি নাকেন এথানে আবার হেমেন মণ্ডল, গৌরীবাড়ী এইসব এলো ? আমরা তো ব্যবস্থা করে দিয়েছি যাতে মাননীয় সদস্ত তাঁর এলাকায় একটু ঘুরতে পারেন। আগে তো ঘুরতে পারতেন না। কংগ্রেসের অক্স একটা অংশ তাকে (হেমেন মণ্ডলকে) সমর্থন করছে। এই জিনিস হচ্ছে। এথন নাগরিক কমিটি হয়েছে। নাগরিক কমিটির সঙ্গে আপনিও জড়িয়ে ছিলেন আমি মাননীয় সদস্তকে বলছি। আমরা না থাকলে আপনি বেরুতে পারতেন না। হেমেন মণ্ডল ওনাকে বলেছিলেন, আমরা ক্ত্রেসকে ভোট দেবে৷ কিন্তু আপনি এখানে আসবেন না এবং ওর গায়ে হাত পড়েছিল সেটা আপনি জানেন, সেই সময় উনি গ্রেপ্তার হয়েছিলেন, তারপর বেল পেয়ে আবার আসেন। কাজেই উনি নামটা পর্যস্ত করতে সাহস পাননি। এখন সাহস করে নাম করছেন এবং সেইদিন ওকে চুকতে দেননি। এত ভীত সম্বস্ত যে সেদিন নামটা পর্যস্ত করতে সাহস পাননি ঐ একটা গুণ্ডার কাছে মাথা নত করেছিল কেন ছিল তা আমরা জানি।

## (গোলমাল)

আমরা চাই না কোন রাজনীতি আহক, কিন্তু কিছু কিছু এলাকান্ন আমরা দেখেছি, দেখানে এই রকম দব কথাবার্তা এবং রাজনীতিগতভাবে ব্যবহার করা হচ্ছে এটা আমরা চাই না। আমরা চাই সমাজ-বিরোধীদের দমন করা হোক। কিন্তু কি করে করবো এই রকম ধদি বক্তব্য হয়, এই রকম ধদি আচার-ব্যবহার হয়তো দমন করা ধান্ন না। ওর উচিৎ হচ্ছে আমাদের কাছে ক্তজ্ঞতা

প্রকাশ করা। রাস্তায় বেক্লচ্ছেন, ভয়ে ভিতরে আপনি ঢুকে পড়ুন। (নয়েজ) আইন-শৃঝ্বনা কথনও কথনও ব্যাহত হয়েছে—আমি আগেই বলেছি আমরা লুকাতে চাচ্ছিনা। কিন্তু সেখানে যদি কংগ্রেদ জড়িত হয়ে যায় তাহলে নিঃসন্দেহে পুলিশের অস্থবিধা হয়। মাননীয় সদস্ত স্থত ম্থাজী জানেন ওনার উপর একটা ওয়ারেন্ট ছিল, কোর্ট ওয়ারেন্ট, ৪ মাস থেকে ৬ মাস বোধ হয় লাগলো পুলিশের একজিকিউট করতে।

আমার সংগে ওনার দেখা হয়েছিল, আমি ওঁকে বলেছিলাম যে কিছুই না এটাতো । কিনিটের ব্যাপার। তথন উনি বললেন এ. আই. সি. সি.-র সেসন শেষ হলে পর আবার দেখব। ওটা অনেক দিনের মামলা। এই হচ্ছে কংগ্রেস লীডার, তিনি আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব হল, সেখানে নিজের বাহিনী নিয়ে গিয়ে তচনচ করলেন, পুলিশ তাঁকে কিছুই করল না, তাহলে কি রকম আইন শৃঞ্চলা সেটা বুঝে যান। এই রকম, পুলিশকে উনি চড় মারলেন রাস্তায়, কোর্টে গিয়ে কাগজগত্র—এখানেও যেমন করেছেন, ঠিক তেমনি ব্যাংকশাল কোর্টে গিয়ে এইরকম করেছেন। আজ ওঁদের কাছে আমায় আইন শৃঞ্চলার কথা শুনতে হবে ? তাতে আমি রাজী নই। এইজন্ম আমি সমস্ত সংশোধনী প্রস্তাব বাতিল করে আমার বক্রবা শেষ করলাম।

মিঃ স্পীকার: আমাদের শেষ হবার কথা ছিল ৬-২৪ মিনিটে। অর্ধঘণ্টা সময় বাড়াতে হবে। আশা করি সকলের মত আছে।

শ্রীশাচীন সেনঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপাল মহাশয়কে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাৰ আমিই উত্থাপন করেছিলাম। সেই প্রস্তাবের উপরে ৪ দিন ধরে বিতর্ক হল। শেষ বক্তা কংগ্রেস নেতা মাননীয় সদস্য শ্রীঅজিতকুমার পাঁজা মহাশয় বললেন যে ৪৪৮টি সংশোধনী প্রস্তাব উত্থাপন করেছেন দিন রাত্রি থেটে। একটির সম্পর্কেও কউ কোন বক্তব্য রাথলেন না সরকার পক্ষ থেকে। আমি বলি ওঁদের এই ৪৪৮টির প্রত্যেকটি প্রস্তাবই অসার প্রস্তাব, একটি প্রস্তাবেও বাস্তবের সক্ষেপক নেই, কাজেই আমি প্রতিটি প্রস্তাবেরই বিরোধিতা করছি। কেন করছি সেটার সম্বন্ধে তৃ-একটি কথা বলব।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রস্তাবগুলির মধ্যে নতুনত্ব কিছু নেই, বিগত ৬ বছর ধরে যে বক্তৃতাগুলি শুনছি আমার মনে হয় টেপ রেকর্ডার বাজালে ডাঃ জয়নাল আবেদিন, সাত্তার সাহেব থেকে আরম্ভ করে সকল পুরণো সদস্থই লক্ষা পেতেন। একটা ব্যতিক্রম দেখছি একটি জায়গায়। সেই ব্যতিক্রমটা হচ্ছে ওঁদের বক্তব্যের মধ্যে যা বিভিন্ন সময়ে বিগত ২ বছরে যেটা শোনবার চেষ্টা আমরা করেছি বিশেষ করে আমিও বোঝাবার চেষ্টা করেছি সেটা হচ্ছে ডাঃ শিশির বহু মহাশয় মাননীয় সদস্থ তাঁর কতকগুলি বক্তব্য বোঝবার চেষ্টা করেছিলাম। এবং তাঁর যে বক্তব্য তিনি রেথেছেন আরও কৌতুহলের সহিত লক্ষ্য করেছি উনি প্রতিদিন আসেন শাস্তভাবে বদে থাকেন, ডাইনে, বাঁয়ে, সামনে যে শস্ত্-নিশস্ক্রা নাচছে, প্রতারিত করছে তার কোন প্রতিকার, প্রতিক্রিয়া

নেই। তিনি যেন কি একটা আশার কথা চিস্তা করছেন। এইবারে তিনি বক্তব্য রাখার সময়ে সব বেশী চিস্তিত হয়ে পড়েছেন 'কনক্লেভের' জন্ম। ঐ যে বিরোধী মন্ত্রী সম্মেলনে সেই কনক্লেভের কথা বলতে গিয়ে তিনি তাঁর পাঠ্য জীবনের কথা বলেন, এবং একটি বই আনলেন প্যারাডাইস লষ্ট। পুস্তক আনলেন, পড়েছেন ভিতরে কি আছে। আমি অত বিভাদিগগজ নই, ঐ প্যারাডাইস লষ্ট বা সেক্সপিয়ারের ম্যাকবেথ এখানে আলোচনা করব না। আমি ঈশপ'স ফেবলস পড়েছি, আপনারা সকলেই পড়েছেন। সেই বইয়ের ছোট্ট একটি গল্প বলে আমি শেষ করব।

## [ 6-25-6-34 P. M. ]

দ্বশিপ্স ফেবল্সের গল্পে ছিল বড় একটি সার্কাস পার্টি যেখানে অনেক ধরণের থেলাধূলা হোত। 
ঐ সার্কাস পার্টিতে ফিজিক্যাল বছ কিছু হোত। ঐ দলে অনেক জন্ধ জানোয়ার ছিল। বাঘ ছিল,
সিংহ ছিল, ভালুক ছিল। আবার একটি গাধাও ছিল। রিং মাষ্টার তাকে দিয়ে দিনের পর দিন
সার্কাসের থেলা ছাড়াও নানা কাজ করাতো কিন্ধ থেতে দিত কম। ফলে সে শুকিয়ে গিয়েছিল।
তথন একদিন আর একটি গাধা, যে মাঠে চরে বেড়ায়, সে তাকে জিজ্ঞাসা করে—তুমি কেন এতে
রয়েছ? তথন সার্কাসের গাধা বলে: শুকিয়ে যাছিছ ঠিকই, তবে একটি আশায় এথানে আছি।
আশাটা হচ্ছে—যে মেয়েটিকে দিয়ে রিং মাষ্টার দড়ির উপর থেলা দেখাতো, থেলা দেখাবার সময়
সে মেয়েটিকে বলতো: এ লেড়কী গিরো মৎ, গিরেগা তো এহি গিদ্ধারকি সাথ তোম্হারা সাদি
দে দেগা। আমার মনে হয় সেই আশাতেই ডাঃ বোস বসে আছেন।

মিঃ স্পী কারঃ মিঃ পাজা, আপনি পার্দোনাল এক্সপ্লানেশন কি দিতে চাইছেন বলুন।

শ্রী অঞ্জিতকুমার পাঁজাঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মৃথ্যমন্ত্রী আমার নাম করে এবং আমার দিকে ইঙ্গিত করে বলেছেন যে তিনি ওখানে সমাজবিরোধীদের গ্রেফতার করিয়ে আমাকে ঐ এলাকায় ঢুকতে দিয়েছেন এবং সঙ্গে সঙ্গে ও-পক্ষের সদস্তগণ বাহবা দিলেন। আমি তাঁকে মনে করিয়ে দিতে চাই যে ১৯৮০ সালে জামুয়ারী মাদে ধথন ওখানে বোম মারামারি হয়, তার ৭ দিনের মধ্যে ইলেকশন কমিশনারকে চিঠি লিখে জানিয়েছিলাম, যে ২৪ জনের নামে গ্রেফতারি পরোয়ানা আছে তাদের কাউকেই গ্রেফতার করা হয় নি। স্থনীল মৈত্র মহাশয় সেখানে গেছেন, মিটিং করেছেন কিন্তু আমি সেখানে ঢুকতে পারিনি। তবু ২৫০০ ভোট আমাদের বেড়েছে। ১৯৮২ সালে গৌরী বাড়ীর মাসুষ আপনাদের ৩৫০০ ভোটে হারিয়েছেন।

भिः ज्लीकात्र : All the amendments are in order and taken as moved.

**্রীঅবন্ধী মিশ্রঃ** Sir, I beg to move that উক্ত ধল্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্ন-লিখিত কথাগুলি যোগ করা হউক—কিন্তু ছঃথের বিষয় যে— পশ্চিমবাংলার বহু সংখ্যক তফসিল সম্প্রদায়ের ক্বকদের অমুকূলে দেওয়া পাট্টা ( সরকারী খাশ জমিনে ) বামফ্রণ্ট সরকার বাতিল করেছে তার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাবণে নেই;

পশ্চিমবাংলার যে সব প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের ও উপ-স্বাস্থ্য কেন্দ্রের যেন বিল্ডিং ও স্টাফ কোয়ার্টার মেরামত করা অতি সম্বর প্রয়োজন, এ বিষয়ে বামফ্রন্ট সরকারের উদাসীনতা ও শৈথিল্য সম্পর্কে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

পঞ্চায়েত প্রধানর। মিনিকীট বিতরণের ক্ষেত্রে প্রকৃত চাষীকে না দিয়ে তাদের দলের শক্তি বৃদ্ধির জন্ম দলের কর্মীদের মধ্যে বিতরণ করেছে এবং যেখানে সরকারী সাকুলারে মিনিকীটের ৩০% তফসিল সম্প্রদায়ের কৃষকদের মধ্যে বিতরণ করার নির্দেশ রয়েছে তদম্যায়ী বিতরণ না করে তফসিল সম্প্রদায়ের কৃষকদিগকে বঞ্চিত করেছে এ বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নাই;

পশ্চিমবাংলায় বহু গ্রামে পানীয় জলের নলকৃপগুলি অকেজো হয়ে গেছে, যার জন্ম গ্রামবাংলার মাত্রষ পানীয় জলের অভাবে নিদারুণ কষ্ট পাচ্ছে, ও সংক্রামক ব্যাধি দেখা গেছে, এ বিষয়ে রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই;

আই আর ডি পি ঋণ বিতরণ ক্ষেত্রে পশ্চিমবাংলার শাসক দলভুক্ত একটি বিশেষ দলের প্রধানরা তাদের দলের শক্তি বৃদ্ধির জন্ম দলের কর্মীদের মধ্যে ঋণ বিতরণ করছে এবং যে প্রকল্পে ঋণ মঞ্জুর করা হয়েছে বাস্তব ক্ষেত্রে সে প্রকল্পের কিছুমাত্র কাজ দেখা যাচ্ছে না তার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

পশ্চিমবঙ্গে আইন শৃঙ্খলা পরিস্থিতির যে চরম অবনতি ঘটেছে, তার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

প্রশাসনের উপর দলীয় চাপ স্ষষ্টি করে প্রশাসনকে আইনাম্থায়ী কাজ করতে বামফ্রন্টের সংখ্যাগরিষ্ঠ রাজনৈতিক দল দিচ্ছে না, তার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

জমির মালিক প্রকৃতপক্ষে যে নিজের গরু লান্ধল দিয়ে তার নিজন্ম জমি আবাদ করে আসছে, এমন শ্রেণীর বহু শাস্তিপ্রিয় কৃষকদের উপর বলপ্রয়োগ করে তাকে জমি থেকে উচ্ছেদ করা হচ্ছে, এ বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নাই;

পশ্চিমবাংলায় হাজার হাজার ভূয়া বর্গা শৃষ্টি করে প্রক্বত বর্গাদারকে যে উচ্ছেদ করা হচ্ছে, তাহা রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই;

দীঘা ভারতবর্ষের প্রধানতম পর্যটন কেন্দ্রের মধ্যে অন্যতম, দীঘা পর্যটন কেন্দ্রে ভ্রমণার্থীর সংখ্যা দিনের পর দিন বেড়ে চলেছে, অথচ দীঘা বিদ্যুতের অভাবে অন্ধকারে থাকছে, দীঘায় যে ছোট ছোট কারথানা রয়েছে সেগুলি বিহ্যুতের অভাবে চলছে না, বিহ্যুতের অভাবের জন্ম জন সরবরাহ ব্যাহত হচ্ছে, এ বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নাই;

দীঘা পর্যটনকেন্দ্রের উন্নয়নের জন্ম পশ্চিমবঙ্গ সরকার দীঘা সংলগ্ন বিভিন্ন এলাকায় যে সব জমি অধিগ্রহণ করেছেন বহুদিন পূর্বে, সে সব জমির মধ্যে বহু একর জমি সরকার কোনও কাজে লাগাতে পারছেন না, অথচ বর্তমানে আবার জমি অধিগ্রহণ করতে এগোচ্ছেন, এরজন্ম স্থানীয় জনসাধারণের মধ্যে যে তীত্র অসস্ভোষ দেখা যাচ্ছে, তাহা রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই;

পশ্চিমবঙ্গে পঞ্চায়েতের মাধ্যমে থেটে থাওয়া মাস্থবের অনসংস্থানের উদ্দেশ্যে ফুড ফর ওয়ার্ক এবং এন. আর. ই. পি প্রকল্পে বরাদক্ষত কোটি কোটি টাকা, গম ও চালের অধিকাংশ পরিমাণ পশ্চিমবঙ্গের প্রশাসনে প্রতিষ্ঠিত বামক্রণ্টের একটি শরিক দল আত্মসাৎ করেছে, এর যথেষ্ট প্রমাণও রয়েছে কিন্তু বর্তমান সরকার ঐসব ছ্নীতি পরায়ণ ব্যক্তির বিক্লন্ধে শান্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে ব্যর্থ হয়েছে, এ বিষয়ে কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই;

পশ্চিমবঙ্গের প্রশাসন দলীয় শাসনে পরিণত হয়েছে। বর্তমান সরকারের একটি শরিকদল প্রশাসনের উপর দলীয় চাপ স্বষ্টি করছে ও সেই দলের নির্দেশে সমস্ত রকমের সরকারী ক্ষমতা গণতদ্রে বিশ্বাসী জাতীয়তাবাদী শান্তিপ্রিয় মান্ত্রের বিক্তদ্ধে প্রয়োগ করা হছে। এরফলে পশ্চিমবঙ্গে যে অরাজকতা স্বষ্টি হয়েছে ও সাধারণ মান্ত্র্য শান্তিপূর্ণ পরিবেশের মধ্যে বসবাস করতে পারছে না. পশ্চিমবঙ্গে গণতদ্রের বদলে স্বৈরতন্ত্র চলছে—এ সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নাই;

পশ্চিমবঙ্গের প্রাথমিক শিক্ষান্তরে ফাইনাল পরীক্ষা (শেষ পরীক্ষা) তুলে দিয়ে শিক্ষা ক্ষেত্রে যে চরম অবনতি ডেকে আনা হয়েছে, তার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই;

পশ্চিমবঙ্গের বামফ্রণ্ট সরকার তাঁদের প্রশাসনকালে পশ্চিমবঙ্গের উন্নয়নে গাফিলাতি ক'রে, অফুগ্রহ বিতরণে যে ঢালাও থরচ করেছেন, তার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই;

পশ্চিমবঙ্গের বামফ্রণ্ট সরকার বর্চ্চ পরিকল্পনায় পশ্চিমবঙ্গের তফসিল ও উপজাতি সম্প্রাদায়ের ক্ষমি উন্নয়নের উদ্দেশ্যে বিভিন্ন প্রকল্পে যে টাকা বরাদ্দ করা ছিল পশ্চিমবঙ্গের গরীব দরদী বামফ্রণ্ট সরকার গত তিন বছরে যে হারে থরচ করেছেন তা হতাশাব্যঞ্জক, যথাক্রমে ২ কোটি ৫০ লক্ষ ও ১ কোটি ৩৪ লক্ষ টাকার মধ্যে গত ৩ বছরে যথাক্রমে মাত্র ৬ লক্ষ ৫০ হাজার ও ৩৬ লক্ষ ৫৮ হাজার। পশ্চিমবঙ্গের বামফ্রণ্ট সরকারের গরীব দরদের এই নমুনা চিত্র মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই;

পশ্চিমবঙ্গের বিভিন্ন পরিকল্পিত উন্নয়ন ক্ষেত্রে পরিকল্পনাখাতে বরান্দের চেয়ে ব্যন্ন প্রতি বছরই কম, মাননীয় রাজ্যপালের ভাষণে তার উল্লেখ নাই;

পশ্চিমবঙ্গের বামফ্রণ্ট সরকার তাঁদের শাসনকালের সরকারী জি, ও, না মেনে অবৈধভাবে তাঁদের দলের ক্যাডার বা কর্মী অথবা তাঁদের সমর্থককে চাকুরীতে যে নিয়োগ করেছেন বা নিয়োগ করার জন্ম নির্দেশনামা বিভিন্ন প্রতিষ্টানকে দিচ্ছেন, তার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই:

পশ্চিমবঙ্গে বামফ্রণ্ট শাসনে প্রাথমিক শিক্ষা প্রসারের গতি অন্যান্ত রাজ্যের তুলনায় অত্যন্ত কম অথচ বামফ্রণ্ট শাসনে পশ্চিমবঙ্গে প্রাথমিক শিক্ষকের সংখ্যা অনেক বেড়েছে এর কারণ গ্রামাঞ্চলে পার্টি ক্যাডার তৈরী করার জন্ম সরকারী টাকা থরচ করা হয়েছে। যে হারে প্রাথমিক শিক্ষকের সংখ্যা বাড়ানো হয়েছে সেই হারে পশ্চিমবঙ্গে প্রাথমিক বিদ্যালয় বা ছাত্রছাত্রীর সংখ্যা বাড়েনি। এ বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই;

১৯৭৯-৮০ সনে পশ্চিমবঙ্গে প্রাথমিক শিক্ষান্তরে ছাত্রছাত্রীর সংখ্যা ছিল ৬৩ লক্ষ ১৯ হাজার। শশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার দ্বির করেছিলেন ৬ ঠ পরিকল্পনায় ১৯৮৫-৮৬ সনের মধ্যে প্রাথমিক শিক্ষান্তরে (প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্বন্ত) মোট ছাত্রছাত্রীদের সংখ্যা বাড়িয়ে করা হবে ৮১ লক্ষ ৬৯ হাজার। কিন্তু ১৯৮২-৮৬ সন পর্যন্ত ছাত্রছাত্রীদের সংখ্যা বেড়েছে মাত্র ৫ লক্ষ ৩৪ হাজার, বাকি ছ্বছরে প্রাথমিক ন্তরে ছাত্রছাত্রীদের সংখ্যা বাড়াতে হবে ১২ লক্ষ ৩৬ হাজার। তার মানে পরবর্তী প্রত্যেক বছরে ৬ লক্ষ ১৮ হাজার। ধ্যেণানে তিন বছরে বেড়েছে ৫ লক্ষ ৩৪ হাজার পেথানে পরবর্তী প্রহরে লক্ষ্যমাত্রায় পৌছানো সন্তব নয়। পশ্চিমবঙ্গের বামক্রন্ট সরকারের এ বিষয়ে বার্থতার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

21 - 35

**@াঅনোক যোষ:** Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিথিত কথাগুলি যোগ করা হউক:

কিন্তু তঃথের বিষয় যে-

পশ্চিমবন্ধ সরকার শিক্ষাক্ষেত্রে যে নৈরাজ্য স্থাপন করেছেন তার ফলে ছাত্র-সমাজ আজ বিভ্রান্তির মুখে পড়েছে—এই সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই;

বর্তমান সরকার পুলিস প্রশাসনকে সম্পূর্ণ দলীয় স্বার্থে কাজে লাগিয়ে পদু করে দিয়েছে। এ সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই;

হাওড়ার প্রামাঞ্চলে শাসকদলের একটি বিশেষ দলের কর্মীদের ও কিছু সংখ্যক পুলিসী তাণ্ডবে সাধারণ মাত্ময় আজ দিশেহারা। এর প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই;

বর্তমান সরকার হাওড়া ইমপ্রভমেন্ট ট্রাস্টকে একটি দলীয় আথড়ায় পরিণত করেছে তাহা রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই;

বর্তমান সরকারের পৌর মন্ত্রী একটি অগণতান্ত্রিক বোর্ডের মাধ্যমে হাওড়া করপোরেশনের কান্ধকর্ম চালাচ্ছে সম্পূর্ণ দলীয় স্বার্থে। রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই;

## AP(81-1/84) - 49

পশ্চিমবঙ্গ সরকারের অপদার্থতায় সাধারণ মাতৃষ আজ নিরাপন্তার অভাব বোধ করছে। প্রকাশ্য দিবালোকে একের পর এক খুনের ঘটনাও ঘটে চলেছে। এর প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই;

বর্তমান সরকারের পরিবহণ অব্যবস্থার জন্য যাত্রীসাধারণের অস্থবিধার কথার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই;

বর্তমান সরকারের শ্রমনীতিতে ছোট বড় কলকারথানায় লক-আউট ও ক্লোজার ইতাদির ফলে শ্রমিক শ্রেণী আজ অসহায় অবস্থার মধ্যে দিন কাটাচ্ছে—এর প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই;

বর্তমান সরকারের ত্বন্ধ সরবরাহ ব্যবস্থা সাধারণ মাহুষের কাছে আজ হাস্থকর হয়ে দাঁড়িয়েছে
—এ সম্পর্কে কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই;

উত্তর হাওড়ায় একটি কলেজ স্থাপনের দীর্ঘদিনের দাবীটির দিকে সরকার বিন্দুমাত্র দৃষ্টি দিচ্ছেন না। ফলে ছাত্রছাত্রীদের বিচ্ছালয় গুণ্ডী পার হবার পর উক্ত এলাকার বাইরে পড়ার জন্ম ধর্না দিতে হয়। এ সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই;

প্রথম ডিভিসন ফুটবল লীগের গড়াপেটা খেলা বন্ধ করতে সরকার সম্পূর্ণ ব্যর্থ। এর উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই;

হাওড়া কর্ণোরেশনের অন্তভূক্তি শবদাহের স্থানগুলির সংস্কার দীর্ঘদিন ধরে বলা সত্ত্বেও হচ্ছে না—এর প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই;

হাওড়ার রাস্তাঘাট সংস্কারের কাজ দীর্ঘদিন অবহেলিত—এরপ ব্যর্থতার উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই;

হাওড়া শহরের মান্নুষের জলের জন্ম হাহাকার সত্ত্বেও এই সরকার নীরব—এ সম্পর্কে কোন কথা রাজ্যপালের ভাষণে নেই:

পশ্চিমবঙ্গের বিহ্যুৎ পরিস্থিতিতে শ্রমিক-ক্লয়ক-ছাত্র ও সাধারণ মান্লুষের নাভিশ্বাস উঠেছে— এর প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই।

3 --67

**্রীআবস্থল মান্নানঃ** Sir. I beg to move that উক্ত ধন্মবাদ জ্ঞাপনের প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্তু তঃখের বিষয় যে-

রাজ্যে ভয়াবহ বেকার সমস্তায় জর্জরিত লাখ লাখ যুবক দিশেহারা হয়ে পড়েছেন। বেকার সমস্তার হাঠু সমাধানের পথে রাজ্যসরকার বাস্তবিকই কোনও পরিকল্পনা রূপায়ণ তাঁর প্রাণনাশের ছমকি দেওয়া হচ্ছে। এর কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই;

ছগলী জেলার খানাকুল থানায় রাজহাটী-১নং গ্রাম পঞ্চায়েতের প্রধানের উপর বিগত পঞ্চায়েত নির্বাচনের পর থেকে শাসকদলভূক্ত একটি বিশেষ দলের সমর্থকরা অত্যাচার চালিয়ে ঘাচ্ছে। তাঁর জমির ধান সহ সর্বস্থ লুঠ করা হয়েছে, এবং পদত্যাগ না করলে তাঁর প্রাণনাশের ছমকি দেওয়া হচ্ছে। এর কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই।

পশ্চিমবঙ্গে যেসমস্ত (১) গ্রাম পঞ্চায়েড, (২) পঞ্চায়েত সমিতি ও (৩) জেলা পরিষদ সরকার বিরোধী দল ক্ষমতসীন সেথানে বামফ্রণ্ট সরকার বৈষম্যমূলক আচরণ করে সম্পূর্ণভাবে অসহযোগিতা করার ফলে কোনরকম উন্নতিমূলক কাজকর্ম হচ্ছে না। এর প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই।

আশ্চর্যের বিষয় এই যে কলকাতায় শাসক দলভূক্ত একটি বিশেষ দলের জনপ্রিয়তা হারিয়ে 'শাস্থিকমিটি'ও 'নাগরিক কমিটি'র ছাপ নিয়ে ঠ্যাঙাড়ে বাহিনী দিয়ে গোটা কলকাতায় সম্ভাস স্বষ্ট করে সরকার বিরোধী দলের কর্মীদের উপর পুলিশ নির্যাতন চালাচ্ছে। এ সম্পর্কে কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই;

এই সরকার বিরোধী রাজনৈতিক দলের অন্তিম্ব সহ্য করতে না পারার ফলে বিরোধী রাজ-নৈতিক দলের কর্মীদের উপর নির্যাতন চালাচ্ছে। এর প্রতিকারের উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই;

পশ্চিমবঙ্কের যে সমস্ত শিক্ষায়তনে প্রধান পদে শাসক সম্প্রদায়ভূক্ত গরিষ্ঠ দলের লোককে বসানো যাচ্ছে না সেথানে ঐসব প্রধানদের বিরুদ্ধে চলছে চরম নির্যাতন। এর সম্পর্কে কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই;

এই সরকারের পক্ষপাত্মূলক আচরণের ফলে রাজ্যের প্রত্যেক বিশ্ববিচ্চালয়ে চলছে চরম স্বরাজকতা —এর প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই;

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য দলীয় ব্যক্তিকে নিয়োগ না করায় রাজ্য সরকার উপাচার্যের সঙ্গে সম্পূর্ণভাবে অসহযোগিতা করছে। ফলে কলকাতা বিশ্ববিদ্যালয়ে চলছে চরম অরাজকতা। এর প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই:

রাজ্যে পরিবহন ব্যবস্থা প্রায় ভেকে পড়েছে। ছুর্নীতি, গাফিলতি ও দলবাজীর ফলে পরিবহন ব্যবস্থায় বছরের পর বছর রাজ্য সরকারকে মোটা টাকা লোকদান দৈতে হচ্ছে। এরূপ ব্যর্থতার উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই;

বিগত দিনে আরামবাগ মহকুমায় শাসক দলভুক্ত গরিষ্ঠ দলের সমর্থকদের অত্যাচারের ফলে বহু কংগ্রেস কর্মীসহ সাধারণ মাহ্ম গৃহহীন হয়ে পড়েছে। এর কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই; প্রতিহিংসা চরিতার্থ করতে এই সরকার বিরোধী রাজনৈতিক দলের কর্মী ও নেতৃত্বন্দের বিক্লকে মিথ্যা মামলা দায়ের করে তাঁদের নাজেহাল করে। এমনকি বিধানসভার তুইজন মাননীয় সদক্ষও এই সরকারের ষড়যন্ত্রের বলি হয়েছেন। এই সম্পর্কে রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই;

গত ২০শে সেপ্টেম্বর ১৯৮৩ আরামবাগ মহকুমার থানাকুল থানার কিশোরপুর অঞ্চলে প্রকাশ্য দিবালোকে শাসক দলভুক্ত গরিষ্ঠ দলের কয়েকশ সমর্থক লাঠি, বল্লম, টাদ্দী প্রভৃতি মারাত্মক অস্ত্রশস্ত্র নিয়ে সরকার বিরোধী দলের কর্মীদের প্রচণ্ডভাবে মারধর করে। চুয়াডাদ্দা গ্রামে গ্রাম-পঞ্চায়েতের উক্ত বিরোধী দলের সদস্যের সর্বস্থ লুঠ করে তাঁর ৮৬ বছরের বৃদ্ধা মায়ের উপর নির্মম অত্যাচার চালায়। ঐ গরিষ্ঠ দলের সমর্থকরা শতাধিক বিরোধী দলের সমর্থকদের বাড়ীর সর্বস্থ লুঠ করে তাঁদের পরিবারের লোকদের উপর নির্মম অত্যাচার চালায়। ত্ইশতাধিক সরকার বিরোধী সমর্থক ওদের আক্রমণে আহত হয়ে হাসপাতালে ভর্তি হন। তু হাজারের বেশী সরকার বিরোধী সমর্থক ওদের অত্যাচারের ফলে গৃহহারা হয়ে পড়েন। অপরাধীরা যেহেতু ঐ গরিষ্ঠ দলের সমর্থক তাই পুলিশ আজ পর্যন্ত তাঁদের বিরুদ্ধে কোনও শান্তিমূলক ব্যবস্থা গ্রহণ করে নি। এই সম্পর্কে রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই;

গত ১৮ই ফেব্রুয়ারী ১৯৮৪ রাত্রে হগলী জেলার থানাকুল থানার চকভেত্ন্না গ্রামে আদিবাসী অধ্যুষিত একটি পাড়ায় শাসক দলভুক্ত গরিষ্ঠ দলের একদল সশস্ত্র সমর্থক হামলা চালায়। বাড়ীতে ঐ সময় কোন আদিবাসী পুরুষ না থাকায় ছবু তরা আদিবাসী রমণীদের ধর্ষণ করে। ধ্যিতা ঐ মহিলারা থানাকুল থানায় অভিযোগ দায়ের ও অপরাধীদের চিহ্নিত করলেও পুলিশ এ ব্যাপারে সম্পূর্ণ নিচ্ছিয় থাকে। অপরাধীরা প্রকাশ্য দিবালোকে পুলিশের সামনেই ঘুরে বেড়াচ্ছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই;

মাসাধিক ব্যাপী ধর্মথটের ফলে রাজ্যের চটকল শ্রমিকরা দারুণ তুর্দশার সম্মুখীন। বহু চটকল শ্রমিক আব্দ অধাহারে অনাহারে দিন কাটাচ্ছেন। অভাবের তাড়নায় অনেকে আত্মহত্যা করতে বাধ্য হয়েছেন। রাজ্য সরকার চটকল সমস্থার সমাধানে কোনগুরুপ সক্রিয় প্রচেষ্টা চালায় নি। মাননীয় রাজ্যপালের ভাষণে এ বিষয়ে কোন উল্লেখ নেই;

বিরোধী রাজনৈতিক দলের সম্মেলন করার নামে রাজ্য সরকারের কয়েক লক্ষ টাকা তছরূপ করে এই সরকার ভারতে এক নজীর স্পষ্ট করেছেন। এ বিষয়ে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই;

কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে চক্রাস্তের উদ্দেশ্যে রাজ্য সরকার স্বরকারী ব্যয়ে গত জাহুয়ারি মাদে কলকাতায় বিরোধী রাজনৈতিক দলগুলির এক সমেলন করেন। জনগণ কর্তৃক পরিত্যক্ত ঐসব দলের নেতাদের আপ্যায়নের জন্ম রাজ্যের সাধারণ মাহুষের টাকা তছকপ করা হয়। এ বিষয়ে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই;

গত আলুচাষ মরস্থমে রাজ্য সরকার এবং সরকারী দলের সহায়তায় অসাধু সার ব্যবসায়ীরা রাজ্যে সারের ক্রন্তিম সঙ্কট স্পষ্ট করে। ফলে আলু চাষীদের কালোবাজারে সার ক্রন্ত বাধ্য করা হয়। এতে আলুর উৎপাদনমূল্য বেশী পড়ে। এ সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই;

কেন্দ্রীয় সরকারের প্রাকল্প এন আর ই পি, আই আর ডি পি রপায়নের জন্ম রাজ্য সরকারকে দেয় টাকা তছফপ করে গ্রামীণ উন্নতি সাধন না করে শাসকদলভূক্ত একটি গরিষ্ঠ দলের দলীয় তহবিল বৃদ্ধি করা হয়। এ বিষয়ে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই;

রাজ্য সরকার নিজেদের বার্থতা ঢাকার জন্ম সব সময় কেন্দ্রের উপর দোষ চাপিয়ে নিজেদের দোষমূক্ত করার এক অপচেষ্টা চালিয়ে যাচছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এ বিষয়ে কোন উল্লেখ নেই:

রাজ্য সরকার নিজেদের ব্যর্থতা ঢাকতে কেন্দ্রবিরোধী প্রচার চালিয়ে বিচ্ছিন্নতাবাদীদের হাতকে শক্তিশালী করছে। এ বিষয়ে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই;

বামক্রন্ট সরকারের অন্তর্গলীয় কলহের ফলে রাজ্যের জনজীবন বিপর্যন্ত, মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই;

রাজ্য সরকারের পক্ষপাতমূলক আচরণে মদত না দেওয়ায় কলিকাতা বিশ্ববিদ্যালয়ের আচার্ধের বিরুদ্ধেও রাজ্য সরকার থড়গহন্ত। আচার্ধ বিরোধী প্রচারের ফলে রাজ্যে প্রশাসনিক সংকট দেখা দিয়েছে। এ বিষয়ে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই:

পরিবহণে ব্যাপক ছুর্নীতি ও অব্যবস্থার প্রতি দৃষ্টি আকর্ষণ করায় রাজ্য সরকারের পূর্ত মন্ত্রীরও সমালোচনা করা হয়। এ বিষয়ে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই;

আলিপুরে পুলিশ বিক্ষোভের ফলে পুলিশ প্রশাসন ভেক্ষে পড়েছে, এ সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই;

পুলিশ প্রশাসনে পক্ষপাতমূলক আচরণে রাজ্যসরকার মদত দেওয়ায় সৎ ও দক্ষ পুলিশ অফিসাররা অসহায় হয়ে পড়েছেন, তাদের মনোবল ভেকে পড়েছে ফলে রাজ্যে আইন-শৃন্ধলা পরিস্থিতির চরম অবনতি হয়েছে, এ সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই:

হুগলীতে পুলিশ লাইনে শাসক দলভুক্ত এক গরিষ্ঠ দলের মদতে পুলিশ বিক্ষোভের ফলে পুলিশ প্রশাসনে চরম বিশৃষ্থলা স্বাষ্ট হয়েছে, তার বিস্তারিত রিপোর্ট রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্যসরকারের অবহেলার ফলে নবম শ্রেণীর ছাত্রছাত্রীরা গণিতসহ অন্থান্থ পাঠ্যপুস্তক এখনও পাচ্ছে না, ফলে ঐ শ্রেণীর ছাত্রছাত্রীদের মধ্যে চরম হতাশা স্থান্থ হয়েছে। এ সম্পর্কে বিস্তৃতি বিবরণ রাজ্যপালের ভাষণে নেই;

তফদিলী ও আদিবাদী সম্প্রদায়ের মধ্যে শিক্ষার হার দ্রুত অবনতির দিকে। রাজ্যসরকারের উপেক্ষার ফলে উক্ত সম্প্রদায়ের মধ্যে শিক্ষা বিস্তারে কোনও স্থযোগ স্ঠি হচ্ছে না। এ সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই;

ত্নীতি দমনে এই সরকারের সম্পূর্ণ বার্থতার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

কালোবাজারী, ভেজালদার, মূনাফাথোর ও অসাধু ব্যবসায়ীদের সহিত এই সরকারের গোপন অঁতাতের ফলে রাজ্যের সাধারণ মান্তব অতিষ্ঠ হয়ে পড়েছেন। ঐসব অসাধু ব্যবসায়ীর বিরুদ্ধে সরকার কোনও শান্তিমূলক ব্যবস্থা গ্রহণ করেনি। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই;

শরকারী সমস্ত নিয়মকাত্মন লঙ্ঘন করে কয়েক হাজার দলীয় ব্যক্তিকে প্রাথমিক শিক্ষকপদে নিয়োগ করা হয়েছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই;

বিভিন্ন ব্লক যুব উৎসব উদ্যাপন করার সময় দলীয় স্বার্থসিদ্ধির উদ্দেশ্যে বামফ্রন্ট বিরোধী যুব সংগঠনগুলির প্রতিনিধিদের ব্লক যুব উৎসব কমিটি থেকে অন্যায়ভাবে বাদ দেওয়া হয়েছে। এ সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই;

68-81

**শ্রীত্মাবত্বল ওয়াহেদ:** Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিমলিখিত কথাগুলি যোগ করা হউক:

কিন্তু ছ:থের বিষয় যে—

- (ক) রাজ্যে আইন-শৃদ্ধালা সম্পূর্ণ ভেঙ্গে পড়েছে। সে সম্বন্ধে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই
- (খ) প্রশাসনিক ক্ষেত্রে পুলিশের নিজ্জিয়তা, কোন কোন ক্ষেত্রে পুলিশের পক্ষপাতিত্ব, তাহার স্বীকৃতি রাজ্যপালের ভাষণে নেই;

পশ্চিমবাংলায় প্রামে গ্রামে যে রাহাজানি, খুন, চুরি, ডাকাতি হচ্চে তার প্রতিকারের ব্যবস্থার কথা রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই;

বেকারদের বেকারত্ব দূর করার জন্ম কার্যকরী কোন পরিকল্পনার কথা রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই;

পঞ্চায়েতের নামে গ্রামেগঞ্জে যে পক্ষপাতিত্ব চলছে, মিনিকিট নিয়ে যে ছিনিমিনি থেলা হচ্ছে, তাহার উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই;

গ্রামবালোর বহু গ্রাম আজ নদীর ভাঙ্গনে নদীগর্ভে। সেইসব গ্রামবাসীদের পুনর্বাসনের কথা রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই:

বিহ্যুতের অভাবে কৃষি মার থাছে। শিল্প কলকারথানাগুলি কার্যত বন্ধ হয়ে পড়ছে, উৎপাদন ব্যাহত হচ্ছে, রাজ্যপালের ভাষণে তার কোন উল্লেথ নেই:

শিক্ষা জগতে যে নৈরাজ্য চলছে সে সম্বন্ধে কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই;

সেচ ব্যবস্থায় প্রকৃত তথ্যের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই;

ক্রীড়া ক্রেত্রে গ্রাম বাংলার অবস্থা সম্বন্ধে কোনো উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই।

গ্রামবাংলার মান্তবের অর্থনৈতিক অবস্থা শোচনীয় হয়ে পড়ছে। তার প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই;

গ্রামগঞ্জের রাস্তা নির্মাণ এবং মেরামত সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই:

মালদহ জেলার হরিশুস্থপুর থানার ভালুকা বাজার হইতে দিল্লী দেওয়ানুগঞ্জ (ভায়া তেলজালা রাস্তা) এবং তেলজালা হইতে হরিশুস্থপুর রাস্তা মেরামতের অভাবে বাদ চলাচল বন্ধ হইয়া গিয়াছে, ফলে জেলাশহর থানা, রক, স্বাস্থ্যকেক্সের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হইয়া পড়িয়াছে। এলাকার হাজার হাজার লোক মারাত্মক অস্ববিধা ভোগ করিতেছেন, এই রকম জন্দরী রাস্তাগুলির মেরামতের বাবস্থার কথা রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নাই:

চিকিৎসা ক্ষেত্রে গ্রামগঞ্জের স্বাস্থ্যকেব্রগুলি কার্যত প্রায় বন্ধ। সে সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই;

পশ্চিমবাংলার মাহ্নুষের কল্যাণের জন্ম বাস্তবমুখী কোন পরিকল্পনার কথা রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই;

82--96

**্রীসাম্মুদ্দীন আহমেদ:** Sir, I beg to move that উক্ত ধল্যবাদজ্ঞাপক প্রস্তাবের প্রে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক:—

কিন্ত ছঃথের বিষয় যে—

প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষক ও শিক্ষা কর্মীদের প্রভিডেণ্ট তহবিলের টাকা সরকারের অধীনে গেলে, তারা ভীষণ অস্কবিধায় পড়বে। উহার উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই,

পশ্চিমবঙ্গে তথা মালদহ জেলায় বিহাৎবাহি তার লোপাটের ফলে জনগণ অশেষ হুর্গতি ভোগ করিতেছে। ঐ জেলায় জনগণের উপকার ও উৎপাদন বৃদ্ধির জন্ম বিহুৎবাহি তার, খুঁটি প্রাকৃতির পুনঃস্থাপন করার বিষয়ে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নাই;

সমগ্র পশ্চিমবঙ্গে তথা মালদহ জেলার ধ্বংসপ্রাপ্ত গভীর নলকৃপ, অগভীর নলকৃপ, নদী উত্তোলন সেচ ব্যবস্থাদির পুন মেরামত ও চালু করার বিষয়ে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই; এ রাজ্যে বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে বিদ্যুতের অভাব ও শ্রমিক অসম্ভোষের দক্ষণ উৎপাদন ব্যাহত, লক আউট ও ক্লোজার হইতেছে। এই বিষয়ের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই;

প্রাথমিক ও মাধ্যমিক স্তরের ছাত্র-ছাত্রীরা গত শিক্ষা বৎসরে পুরা বই সরকারের নিকট হইতে পায় নাই, এবং বর্তমান শিক্ষা বৎসরে ১৯৮৪-তে তুই মাস অতিবাহিত হওয়ার পরও বই এখনও ছাত্র-ছাত্রীদের নিকট পৌছায় নি, এই গুরুত্বপূর্ণ বিষয়টির কোন উল্লেখ রাজ্ঞাপালের ভাষণে নেই;

ক্ষকদের অ্যাল্য সম্পদি হালের বলদ ডাকাতি ও বাংলাদেশে পাচারের ফলে ক্ষকদের চরম অবস্থার সমুখীন হওয়ার বিষয়টি রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নাই;

রাজনৈতিক হত্যাকাণ্ডের ও তথাকথিত নাগরিক কমিটির দ্বারা পুলিশের ক্রিয়াকলাপ সম্পূর্ণরূপে স্তব্ধ, এই বিষয়ে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নাই;

সমতা পশ্চিমবঙ্গে, পঞ্চায়েতে দৃনীতির ফলে উল্লয়নমূলক কোন পরিকল্পনার সফল রূপায়ণ হয় নাই, ইহার উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই;

পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় প্রাথমিক শিক্ষা পর্বদে অ্যাডহক-এর বদলে নির্বাচন অন্তষ্ঠান করিয়া গণতান্ত্রিক সংস্থার হাতে ক্ষমতা হস্তান্তরের বিষয়ে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নাই;

কলিকাত। বিশ্ববিত্যালয়ে উপাচাথের কাজ পরিচালনায় বাধা স্বষ্টকারীদের সম্বন্ধে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নাই;

মালদহ জেলার ইংলিশবাজার ও কালিয়াচক থানার সংযোগকারী মোহদিপুর ঘাটে ভাগীরণী ও নন্দীগঙ্গা নদার সঙ্গমন্থলে পাকা সেতু নির্মাণের বিষয়ে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নাই;

মালদহ জেলার হবিপুর থানার বুলবুলচণ্ডিতে পুলিশের গুলিতে চার কিশোরের মৃত্যুর বিষয়ে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নাই:

শিক্ষা জগতে অসমতা, নৈরাজ্য, শিক্ষা মানের অবনতি প্রভৃতি বিষয়ে রাজ্যপালের ভাষণে কোন উল্লেই নাই,

সারা পশ্চিমবঙ্গে চরম আইনশৃশ্বলার অবনতির কথা রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নাই;
প্রাথমিক শিক্ষাক্ষেত্রে চরম অব্যবস্থা ও নৈরাজ্য চলিতেছে, তাহার উল্লেখ রাজ্যপালের
ভাষণে নাই।

97 - 118

প্রাপ্ত ইসলাম চৌধুরী: Sir, I beg to move that উক্ত ধন্মবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিমলিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্ত তঃথের বিষয় যে---

প্রীক্তর্মার বিশ্বাস: ভার, আজকে আপনার দৃষ্টি আকর্ষণ করেছিলাম এবং শাপনি ম্যাডমিট করেছেন এবং স্বাস্থ্যমন্ত্রী পরে তার উত্তর দেবেন। আপনি সংবাদপত্রে দেখেছেন বে মেদিনীপুরে ১৭ জন এনকেফেলাইটিজে মারা গেছেন। এই রোগ রাজ্যের সর্বত্ত বিস্তার লাভ করতে পারে। এই রাজ্যে সর্বত্ত মশা প্রচণ্ডভাবে বেড়ে গেছে এবং সাধারণ মাহুম, কৃষক রাভ জেগে কাটাচ্ছে। তাদের মশারী কেনার কত কমতা নেই। স্বাস্থ্য কপ্তরের কোন পরিকল্পনা না থাকার ফলে সব জায়গায় মশা বেড়ে গেছে। আমি আবেদন করছি মশা উচ্ছেদের পরিকল্পনা অবিলম্বে গ্রহণ করা হোক। একদিকে ধেমন মশা বৃদ্ধির ফলে এনকেফেলাইটিজ বেড়ে যাছে, জন্তদিকে সাধারণ মাহুম ঘুমাতে পাছে না। পরবর্তীকালে এ রোগ যাতে আর বিস্তার লাভ না করতে পারে সেদিকে দৃষ্টি আকর্ষণ করে আমি শেষ করছি।

শুক্রনাক খোবঃ তার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি।
গতকাল চুপূর ১২টা, সাড়ে ১২টার সময় হাওড়ার স্টেশানের নিকট বঙ্কিম সেতুর কাছে প্রকাশ দিবালোকে হুগলী ডকিং এর আই, এন, টি, ইউ, সির জেনারেল সেক্রেটারীর উপরে ং/৭ জনছিনতাইকারী ঝাপিয়ে পড়ে। অথচ তার ১০ হাত দ্রেই ট্রাফিক পুলিশ ছিল। এই অবস্থায় তার জিনিষপত্র কেড়ে নেবার চেষ্টা করা হয়। জিনিষপত্র কেড়ে নেবার সময় তাকে ছুরিকাঘাত করার ফলে সে রক্তাক অবস্থায় রাজ্যায় লুটিয়ে পড়ে। পুলিশ তাকে রেকিউ করতে আসেনি।
হাওড়া হাসপাতালে তাকে ১০টা সেলাই করতে হয়েছে। গোলবাড়ী অঞ্চলে রোজ এই রক্ম অবস্থা চলছে। শ্রমিকরা ৮টার সময়ে হখন ডিউটিতে যায় এবং বিকেলবেলা ৫ টার সময় হখন ফেরে তথন ছিনভাইকারীদের কবলে পড়ে। এ বিষয়ে মুধ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

প্রিরবিন মণ্ডল: তার, আমার এলাকার ধরিবাড়ী থেকে পাতিপুকুর ভি. আই. পি হয়ে থারা পর্যন্ত ২১১ বে বাস চলতো সেটা আজ ১০ দিন হল রাস্তার জন্ত বন্ধ হয়ে আছে। এই রাস্তা দিয়ে মাহব তাদের নিতা প্ররোজনীয় জিনিব আরে প্রসং কোলকাতার দিন মন্ত্রী করতে আরে ।

AP(81-1/84)--69

কিছ বাদের অভাবে হাজার হাজার মাত্র্য কট্ট ভোগ করছে। আমি বারেবারে পি. ভত্ত্ব. ডি এবং এবং ট্রান্সপোর্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি। পূর্তমন্ত্রী আগে বলেছিলেন যে তিনি দেখছেন, কিছ আজ পর্যন্ত কিছু হয়নি। বাতে অবিলম্বে রাস্তাটি সংস্কার করে বাস পুনরায় চালু করা বায় সেদিকে পূর্তমন্ত্রী এবং ট্রান্সপোর্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্ৰীস্বত্ৰত মুখাৰ্জী:	[*	*	*
*	*	*	*
*	*	•	*
*	*	*	*

[2-10-2-20 P.M.]

\* ]

মিঃ স্পাকার: Mr. Mukherjee, have you given notice to Hon'ble Minister, Mr. Pravas Roy.

**ত্রীস্থত্তত মুখার্জীঃ** ভার, আমি ফটোস্ট্যাট কপি নিয়ে এসেছি, আপনাকে দেব।

মিঃ স্পীকার: আমার প্রশ্নের উত্তর হল না। Have you given any notice to Mr. Roy,

শ্রীস্থব্রত মুখার্জীঃ আপনি পার্গামেন্টারী প্রোসিভিওর দেখবেন, আমি স্পীকারকে নোটিশ দিয়ে পড়তে পারি। আপনাকে তো বলনাম বে আমি কপি নিয়ে এসেছি, আপনাকে দিছি।

মিঃ স্পীকার: It will not be recorded. I cannot allow it.

শ্ৰীম্বৰত **মুখাৰ্জীঃ** [ \* \*

\* 7

শ্রীপক সেমগুরাঃ মিঃ স্পীকার, স্থার, অন এ পরেন্ট অব অর্ডার। মাননীর সদস্য জনৈক মন্ত্রী বলে কতকগুলি কথা বললেন এবং তিনি বললেন যাদবপুর ইউনিভার্সিটিতে একটা চাকরির ব্যাপারে এটা হয়েছে। এই যাদবপুর ইউনিভার্সিটিতে কাউকে চাকরি দেবার ব্যাপারে জনৈক মন্ত্রী চিঠি লিখেছেন এর থেকে একটা ধারণা হতে পারে বে রাজ্য সরকারের উচ্চ শিক্ষা দপ্তরের মন্ত্রী এর সঙ্গে জড়িত। কারণ, ব্যাপারটা যাদবপুর ইউনিভার্সিটির, মন্ত্রীর নাম তিনি উদ্দেশ করেননি, জনৈক এবং যাদবপুর ইউনিভার্সিটি থাকার ফলে এটার সঙ্খাবনা রয়েছে হয়ত উচ্চ শিক্ষা মন্ত্রী এর সঙ্গে জড়িত। এই সঙ্খাবনা রয়েছে বলে আমি আপনাকে অহুরোধ করিছি আপনি ওর গোটা বক্তব্যটা এক্সপাঞ্চ করে যে পছতি আছে সেই পছতি অহুসারে নোটিশ দিয়ে ওকৈ অভিযোগ আনতে বলুন, তার আগে উনি বেন অভিযোগ না আনেন। কেননা চরিত্র হনন করার জক্য জনৈক মন্ত্রী বলে এই কথা বলা হচ্ছে।

মিঃ স্পীকার: এটা এক্সপাঞ্জড হবে। কারণ, একজন সিটিং মিনিষ্টারের এগেনস্টে যদি কোন অভিযোগ আসে ভাহলে আগে থেকে নোটিশ দিয়ে তা আনতে হবে। সেজভা এটা এক্সপাঞ্জড হয়ে গেল।

শ্রীরদ রায় চৌধুরী: মাননীর অধ্যক্ষ মহাশর, আমি আপনার মাধ্যমে একটি গুরুছ-পূর্ণ বিষয়ে পরিবংশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ৫ তারিখে বনগা—শিয়ালছহ চেননে ট্রেন ৮ ঘটা বন্ধ হয়ে থাকার ফলে বাত্রী সাধারণের কট হয়েছে, অসংখ্যা ছুল ফাইনাল পরীকার্থী ছিল তাদের পরীকা কেন্দ্রে বাওয়ার ব্যাপারে অস্থবিধা হয়েছে। ঐদিন আবার এক শ্রেণীর বাত্রীরা

<sup>\*</sup> Expunsed as ordered by the chair.

বিক্ষোভ করে ৮২ নং, ৯৫ নং এবং ১৯ নং বাস এই তিনটি ফটের বাস বন্ধ করে দেয় বার ফলে ঐ এলাকার জনজীবন বিপর্যন্ত হয়ে পড়ে। লোকে এখনও চলাফেরা করতে পারছে না, পরীকা এখনও চলছে, এই অবস্থা অবসানের জন্ম আজকের দিনে বাতে ঐ তিনটি ফটে বাস চালু হয় তারজন্ম আমি রাজ্য সরকারের পরিবহণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

(Noise and interruption)

[Several members rose to speak]

প্রথানী মুখার্নী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, নির্বাচন বিভাগ প্রায় ১১ জন কর্মীকে ১১৭৯ সাল থেকে ২৪০ দিন কাজ করিয়েছে এবং আজ পর্যন্ত তারা কাজে রত আছে ঐসব কর্মচায়ীরা মহামান্ত হাইকোর্টে একটি মামলা দায়ের করে। এই সামলায় মহামান্ত হাইকোর্ট তাদের বিষয়টি বিবেচনা করার জন্ম রাজ্য সরকারকে আদেশ দিয়েছে এবং ক্রমাগতভাবে তারা ২৪০ দিন কাজ তারা অলরেডি করেছে। তাই সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রীমহাশয়ের কাছে আয়ার আবেদন যে ঐ ১১ জন যে ক্যাক্ত্রেল ওয়ার্কার রয়েছে যারা ৪০০ বছর ধরে যে কাজ করে যাছে তাদের কেসটি তিনি যেন সহায়ভূতির সঙ্গে বিবেচনা করেন।

#### (গোলমাল)

শ্রীরবীন খোব: মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার স্বাধীনতা সংগ্রামী বারা স্বাধীনতা আন্দোলনে বিপ্লবীদের গোপনে গোপনে সাহায্য করেছে, তারা দীর্ঘ দিন বাবত দরধান্ত করেছে পেনসনের জন্ম। এবং এই রকম কয়েক হাজার ব্যক্তি রয়েছেন। তারা কেন্দ্রীয় সরকারের সারক্লার অহ্যায়ীই দরধান্ত করেছে। কিন্তু আজ্ঞ পর্যন্ত তার কোন রকম তদন্ত হচ্ছে না এবং পেনসনও পাছে না। তাই পশ্চিমবন্ধ সরকারের বিভাগীয় মন্ত্রীর কাছে আমার অহ্বরোধ তাদের সম্মানার্থে, তাদের মর্যাদার জন্ম বাতে তাদের দরধান্ত অহ্পাতে অবিলম্বে তদন্ত করে তারা পেনসন পায় তারা ব্যবদ্ধা করুন। যে দপ্তরে দরধান্ত করা হয়েছে, সেই দপ্তরের ফাইলে হাজার হাজার দরধান্ত স্থাকার হরে পড়ে আছে।

#### (গোলযাল)

ৰিঃ ক্ৰীকার: Please take your seat. No point of order can be raised. I have already passed my ruling. So no point of order can be

বিষয়ের প্রতি বিভাগীর মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সরকার বাঁকুড়া জেলার বড়জোড়া, সোনাম্থী থানার ৫ হাজার একর জমিতে জল দেবার কথা ঘোষণা করেছিলেন। এবং সেই অমুপাতে জলও দেওয়া হয়েছে এবং চাবও হয়েছে। কিন্তু ইদানিং গত ২৩-২-৮৪ তারিধ থেকে আজ পর্যন্ত জল বন্ধ হয়ে আছে মেন গেটের কপাট পড়ে ঘাবার জন্ম। সেই গেট তোলার আজ পর্যন্ত কোন ব্যবস্থা করা হছেছে না। মেনটেনেজের অভাবে, প্রশাসনিক গাফিলতির জন্ম এই হ্রাবস্থা চলছে। চাবীরা প্রচুর টাকা থরচ করে চাব করেছিল—এখন তারা খ্বই হরবস্থায় পড়েছে। এবং কোটি কোটি টাকার উৎপাদন নই হতে বসেছে। আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে অমুরোধ জানাচ্ছি অবিলম্বে চাবীদের জল দেবার ব্যবস্থা করা হোক এবং আজকে এই অবস্থার জন্ম যারা দোষী তাদের সম্বন্ধে তদস্ভ করা হোক।

[2-20-2-30 P. M.]

**মিঃ স্পীকারঃ** মিঃ সাভার আপনার কি পয়েন্ট অব অর্ডার আছে বলুন।

শ্রী আবস্থস সান্তার: স্থার, আমাদের চীফ হুইপ স্থপ্রত মুখার্জী প্রথমে নাম করেছিলেন একজন মন্ত্রীর। তথন আপনি বললেন যে নাম করলে নোটিশ দিতে হবে। তিনি বললেন যে তিনি নাম দিয়েছেন। তারপর তিনি 'জনৈক মন্ত্রী' বলে উল্লেখ করেছেন।

মিঃ স্পীকার : 'জনৈক' বললে হবে না। কারণ হি ইজ এ মেম্বার অব দি হাউজ। এ মিনিষ্টার ইজ এ মেম্বার অব দি হাউস।

**জ্ঞাবপ্রস সান্তার:** ব্যাপারটা কি, একটু দয়া করে ভছন। আমাদের স্থত্ত ম্থার্কী নাম করার আগেই; ফরওয়ার্ড রকের দীপক সেনগুপুর নাম করে দিলেন।

মিঃ স্পীকার ঃ আমি গুনিনি। দীপকবাবু কি বললেন না বললেন, আমি শুনিনি এবং ছাট ইজ নট দি পার্ট অব দি পয়েন্ট অব অর্জার।

**জ্রীআবত্নস সান্তার: 'জ**নৈক মন্ত্রী' বলে অভিযোগ এনে—'জনৈক মন্ত্রী', তিনি যাদবপুর ইউনিভার্সিটির ভাইস চানসেলা

मि: न्नीकांत: धरेखलांत कांनेहार सम्हर्के हरन मा. नन अवशाब हरत वारत !

শ্রী আবস্থুস সান্তার: কিন্তু কোন মন্ত্রীর তো নাম করা হচ্ছে না, সেধানে আপনি কেন এক্সণাঞ্চ করবেন ?

মিঃ স্পীকার: I expunge this because no allegation can be raised by any member of the House without prior permission. নোটিশ একটা দেওয়া হয়েছে, কিছু ঠিক যত নোটিশ দেওয়া হয়নি।

**জ্রীজাবত্নুস সান্তার:** স্থবত মুখার্জী আপনার অন্নযতি নিয়ে বলেছেন। স্থতরাং 'ব্যন্তিক মন্ত্রী' বললেন, এটা কলের বাইরে কি করে যায় ?

মিঃ স্পীকার ঃ কলে বলা আছে, এগেনস্ট এ মিনিষ্টার কিছু বলতে গেলে নোটিশ দিতে হবে প্রপারলি।

**জ্রীআবহুস সান্তারঃ 'জনৈক** মন্ত্রী' বলা হয়েছে, এটা যদি এক্সপাঞ্চ করেন—আপনার হাতে প্রচুর ক্সমতা আছে—

**নিঃ স্পীকারঃ** এই ক্ষতা তো স্বাপনারাই দিয়েছেন।

( এটা দিস স্টেব্ধ সেভারেল মেমবার্স অব দি কং-আই পার্টি রোজ টু স্পিক

( এ ভয়েদ—আপনি ক্ষমতার অপব্যবহার করছন )

ডাঃ জয়নাল আবেদিন: অন এ পরেণ্ট অব অর্ডার, আমাদের চীফ হুইপ হ্বেত মুখার্জী, আগ্রার কল ৩৫১-তে মেনশন করতে চেয়েছেন, you have permitted him. Sir, you have received the notice. You have scrutinised it and you have allowed the member to speak. You have received the notice under rule 351.

Mr. Speaker: What was the notice? নোটিশটা হচ্ছে বাদবপুর ইউনিভার্সিটির ভাইস চাবেলনারকে একটা চিঠি দেওয়া হরেছে, This cannot be done.

Dr. Zainel Abedin: Let me make my submission first. Sir, you have received the maction and you have allowed the member to speak.

Mr. Speaker: I have not allowed the member to raise allegation.

Dr. Zainal Abedin: Sir, you have received the notice under rule 351. You have allowed the member to speak. The member made his submission and after his submission you have no right to expunge it on a point raised by some other member of some other party. Sir, you are going beyond your jurisdiction. You have no right to expunge it. If you do so, then it would be painful to pass this comment that you have not carefully examined the notice before allowing the member to make his submission.

Dr: Zainal Abedin: Sir, what you are doing is bad. As a result, it will necessitate us to take further steps. We are entitled to do so. I think you will not allow such happening to occur again. When you have permitted a member to make his submission whatever he has submitted—it should not be expunged.

Mr. Speaker: Notices of mention are given in sheet forms. In those forms details of the contents have not been given. If the contents are not mentioned, it may not be allowed to be mentioned by the Speaker. In the course of the debate, or in course of any speech, or in the course of any statement, if somebody makes some remarks, which is not according to the rule, can it not be expunged? I do not agree with you. Why it will not be expunged? However, I will not allow any further debate.

শ্রীসাত্তিককুমার রায়: মাননীয় স্পীকার, স্থার, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। বীরভূম জেলার রাজনগর থানায় একটি সরকারী কৃষি থামার আছে। এই সিসল ফার্মে দড়ি তৈরী হয়। উক্ত ফার্মের বেশীর ভাগ কর্মীই হচ্ছে আদিবাসী এবং তপসিলী সম্প্রদায়ভূক লোক। তারা গত ও মাস ধরে মাইনে পাছে না। ওথানকার গরীব মাহ্বরা এমনিতেই অভাবের তাড়নায় কর্জিরিত। তাই ঐ সমন্ত গরীব মন্ত্রন্বের অবিলম্বে তালের পাওনা বেতন যাতে দিয়ে দেওয়া হয় সেইজভ্য আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করিছি।

বিষয়ে মাননীয় মৃখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের মাননীয় মন্ত্রী প্রশান্ত শৃর মহাশয় বথন গাড়ীতে যাচ্ছিলেন সেই সময় তার গাড়ীর সিকিউরিটি গিয়ে একজন গাড়ীর ড্রাইভারকে মেরেছে, সেও সরকারী কর্মচারী। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একজন সরকারী কর্মচারী আর একজন সরকারী কর্মচারীতে মেরেছে। তাই নিয়ে রাইটার্স বিক্তিনে হৈচৈ হচ্ছে, আমি সেটার মধ্যে বেতে চাছি না! কিন্তু আমি আপনার কাছে খেটা রাখতে চাইছি তা হচ্ছে এই যে, একজন মন্ত্রী গাড়ীতে বনে থাকা অবস্থায় যদি তার দেহরক্ষী অন্ত একজন লোককে মারধোর করে তাহলে সত্যিই সেই মন্ত্রী অপদার্থ কিনা—কারণ, তিনি খবন গাড়ীতে বসেই ছিলেন তথন যাতে কোন রক্ম গগুগোল না হয় সেটা দেখা তার উচিত ছিল। কিন্তু যেহেতু সে একজন ড্রাইভার তাই মন্ত্রীর দেহরক্ষী তাকে মারল এবং তারজন্ত কোন ব্যবস্থা নেওয়া হল না। আমি তাই আপনার মাধ্যমে মাননীয় ম্খ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, তিনি খেন এই বিষয়ে একটু তদস্ত করেন এবং ভবিন্ততে খাতে আর এই রকম ঘটনা না ঘটে সেদিকে লক্ষ্য রাখতে অন্তর্রোধ করছি।

**এআনন্দমোহন বিশ্বাস:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করছি। উত্তরবঙ্গের ৫টি জেলায় ক্রমবর্ধমান জনসংখ্যা বৃদ্ধির ফলে বিশেষ করে তুর্বল শ্রেণীর উপর অর্থনৈতিক চাপ প্রচণ্ড রকম বেড়ে গেছে। স্থার, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় । আপনি জানেন ১৯৭১ সালের আদম-স্থমারী অনুযায়ী উত্তরবঙ্গের ৫টি জ্বেলায় ৭৩ লক্ষ লোকের বাস ছিল। সেই জনসংখ্যা বাড়তে বাড়তে এখন ১৭ লক্ষে গিয়ে পৌছেছে। অর্থাৎ করেক বছরের মধ্যে ২৪ লক্ষের মত লোক বেড়েছে। ইট ইজ এক্সঞ্জর-বিট্যাণ্টলি হাই ইন কম্প্যারিজন টু আদার ডিষ্ট্রিকটন এবং এই সমস্ত জেলাগুলিতে এখনো পর্যন্ত লোক আসছে। আসামের ইনক্লাক্স ছাড়াও সিকিম, ভূটান, বাংলাদেশ থেকে লোক আসছে। শার ফলে এই ৫টি জেলার দরিত্র মাত্র্য বিশেষ করে রাজবংশী, তপসিলী জাতি ও আদিবাসী সম্প্রদায়ের মানুষদের অর্থনৈতিক অবস্থা অত্যন্ত ধারাপ হয়ে গেছে। বহিরাগত এবং স্থানীয় লোকেদের মধ্যে একটা সংঘর্ষ বাধার সিচুয়েসন দেখা দিয়েছে। এটা একটা এলার্লিং সিচুায়সন। এটা বাতে সিরিয়াস টার্ন নিতে না পরের সেদিকে সর্তর্ক দৃষ্টি দিতে হবে। যে সমস্ভ রাজনৈতিক দল আছে বিশেষ করে পার্টি ইন পাওয়ার বারা আছেন তারা নিজেদের ভোট বাড়ানোর জন্ত এই সমস্ত বহিরাগত লোকদের ভোটারলিটে নাম তুলে দিয়ে ভারতের মাহুষ বলে দাবী করছেন। अवः नतकाती ऋषात्र ऋषिधा अञ्चन कृतह्वन । भाषात छारे वरूपा राष्ट्र এरे विषया अविनास **একেকটিভ মেজা**র নেওয়া হোক এবং এটি দি দেম টাইম বাইরের কোন ফরেন কান্ট্রির মিলিটারী क्रिक्टि चर लाहान्तिः कांच कहरू किना, त्निक्त मुष्टे हिएछ चामि माननीय म्थामबीरक चल्रताथ 

[ 2-30-2-40 P. M. ]

শ্রীদীনেশচন্দ্র ভাকুরা । মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে পশ্চিমবংগ স্রকারের শিক্ষা বিভাগের দৃষ্টি আকর্ষণ করছি। জার, পশ্চিমবন্ধ সরকার বোর্ড অব সেকেগুরি এডুকেশানের মাধ্যমে কিছু কিছু বই কম দামে বিক্রি করার ব্যবস্থা করেছেন। কিন্তু জার, তৃংথের কথা, সরকার এবং বোর্ড অব সেকেগুরি এডুকেশানের সদিচ্ছা থাকা সম্বেও দেখা ঘাচ্ছে কিছু কর্মচারী এমন সব ব্যবস্থা করে রেখেছেন যে অনেক সময় বাইরের বাজারে বই ঘাবার আগেই সেই বই নানান ভাবে কলেজ্মট্রিটে গিয়ে বিক্রি হচ্ছে। এ ব্যাপারে নোট মেকার্স কিছু লোক তারা এই চক্রান্তের সঙ্গে যুক্ত আছে। যে বই-এর দাম ৪ টাকা ১২/১৬ পয়সা সেই বই লোককে নোট সহ ১৮ টাকায় কিনতে বাধ্য করা হচ্ছে। নোটের দামই পড়ে বাচ্ছে ১৪ টাকা। ১৪ টাকা দিয়ে নোট না কিনলে সেই বই কিনতে পাওয়া ঘাচ্ছে না। জার, সরকার এবং বোর্ডের সদিচ্ছা থাকা সম্বেও সেই সদিচ্ছার ফল জনসাধারণ পাচ্ছে না, সেথানে ভেতর থেকে কর্মচারীদের একটা অংশ তারা জ্যাবোর্টেজ করছে। আমি জ্যার, এই ব্যাপারটির প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করিছে।

ঞ্জীনবকুমার রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। স্থার, আপনি পশ্চিম দিনাঞ্চপুরে গিয়েছেন, আপনি জানেন, রায়গঞ্জ মহকুমাটা সম্পূর্ণভাবে বাংলাদেশের বর্ডার এলাকার মধ্যে পড়ছে। আপনি যথন স্থার, সেথানে গিয়েছিলেন তথন আপনাকে বলা হয়েছিল যে রায়গঞ্জ কনষ্টিটিউয়েশী, কালিয়াগঞ্চ এবং কুশমণ্ডি এই তিনটি এলাকা যা বাংলাদেশের বর্ডার এলাকার মধ্যে পড়ছে সেখানে প্রতিটি এলাকায় ভীষণভাবে গরু চুরি হচ্ছে। মাননীয় মন্ত্রীমহাশয়রা যথন গিয়েছিলেন তথন তাঁদেরও এসম্পর্কে বলা হয়েছিল। স্মানন্দবান্ধার পত্রিকার তরফ থেকেও তাদের প্রতিনিধি গ্রামে গ্রামে গিয়ে তথ্য সংগ্রহ করেছিলেন এবং সে বক্তব্য তারা প্রকাশ করেছিলেন। স্থার, আমরা मिथिछि, वारलाहिन (थरकरे हाकि वा स्थान (थरकरे हाक २०/२० अस्तत अक अकि क्ल जाता বোমা, বনুক, ছুরি ইত্যাদি নিয়ে সেকেগুকে আসছে এবং বাড়ীতে বাড়ীতে চড়াও হয়ে গরু চুরি করছে। সেথানে তাদের বাধা দিতে গেলে সঙ্গে সঙ্গে তারা গুলি করছে। এক মাসের ভেডরে তিনজন মারা গিয়েছেন, একজন মহিলাও মারা গিয়েছেন হেমতাবাদ ব্লকের চৈনগর গ্রামে। এ সম্পর্কে আমরা ডি. এম-এর কাছে বক্তব্য রেখেছি, এস. পি. এম. ডি. পি. ও, এস. ডি. ও সকলের কাছেই বক্তব্য রেখেছি কিন্তু কোন স্থরাহা হচ্ছে না। স্থার, গ্রামবাসীদের ধারণা, এর সঙ্গে এক শ্রেণীর পুলিশের যোগসাজ্ঞস রয়েছে এবং বি. এস. এফ-এর যোজসাজ্ঞস রয়েছে। তা বদি ন। হ'ত তাহলে সকালবেলা এইভাবে বন্দুক ইত্যাদি নিয়ে তারা গরু চুরি করে নিয়ে **ছেতে** পারতো না। আর কোন জিনিব তারা নিছে বা কেবল প্রাদি পত তারা নিরে বাজে

ক্ষমকের অন্যতম মূল সম্পদ হচ্ছে গরু, সেই গরু যদি চুরি যার, তা যদি সে রক্ষা করতে না পারে তাহলে মূশকিল। আমি এ ব্যাগারে বথাষণ ব্যবস্থা গ্রহণের জন্ম সংশ্লিষ্ট দপ্তরের মাননীর মন্ত্রী মহাশরের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীনাধন চট্টোপাধ্যার: মাননীর অধ্যক্ষ মহাশয়, গত বছর মার্চ মাসে কৃষ্ণনগর সিটি টেশনে আর একটি নতুন ওভার ত্রীজ করার বিষয়টি নিয়ে এখানে আলোচনা করা হয়। এখন সে সম্পর্কে রেল কর্তৃপক্ষ যে জবাব দিয়েছেন তা রেলের নিত্যঘাত্রী সহ যাত্রীসাধারণ গ্রহণযোগ্য বলে মনে করছেন না। রেল কর্তৃপক্ষের কাছে আমার জিজ্ঞান্ত, (১) এই ট্রেশনের ৫টি প্যাটফর্মের দৈর্ঘ্য কত ? (২) এক একটি প্লাটফর্মের উত্তর অংশের থেকে বর্তমানে যেখানে ওভারত্রীজ রয়েছে তার দূরত্ব কত ? আমার আরো জিজ্ঞানা, (৬) এক নং প্লাটফর্মে মূল গেট থাকা সত্বেও উত্তর অংশে রেল কন্তুপক্ষ আর একটি গেট নির্মান করেছেন কিনা ? (৪) নিত্যঘাত্রী সহ আপ এবং আউনে প্রতিদিন কত যাত্রী যাতায়াত করেন ? স্থার, রেল কর্তৃপক্ষ প্রতিবছর রেলঘাত্রীদের হযোগ হবিধা দেওয়ার নামে ভাড়া এবং মাশুল আমরা দেখছি ক্রমাগত বাড়িয়েই চঙ্গেছেন। এবারেও পূচরার অভাব আছে এই অজুহাতে আবার ভাড়া বাড়ানো হচ্ছে। সারচার্জের নামে বাড়ান হচ্ছে সার, আমার অন্থরোধ, এই বিষয়টি নিয়ে আমাদের মাননীয় পরিবহণমন্ত্রী আবার রেল কর্তৃপক্ষের সঙ্গে কথা বলুন যাতে কৃষ্ণনগর নিটি জংশন ট্রেশনের উত্তরদিকে আর একটি ওভারত্রীজ নির্মাণ করা হয়।

Shri Abdur Rauf Ansari: Mr. Speaker, Sir, I want to draw the attention of the Hon'ble Education Minister to the already deteriorating standards of students at the primary level. Sir, the new education policy of the Government is a wrong policy; it is a disastrous policy. After the introduction of the new education policy students at the primary level are facing difficulties for admission in the post primary schools. There are a good number of schools now but these schools are experiencing much difficulties with the new education policy of the government. In a couple of years the number of students has increased but in comparision with that the number of schools are not getting recognition from Government proportionately. Then, Sir, books and other equipments, as promised by Government have not yet reached those schools which have begun

So, Sir, through you, I would request the Hon'ble Education Minister to revise the new education policy of the government of 'no detention' up to primary level for the betterment of our future generation.

শ্রীস্থভাব বস্তু: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে উল্লেখ করছি। আপনি জানেন যে গত ১৯৮২ সালে কল্যাণী সাবভিভিশন প্রতিষ্ঠিত হয়েছে। কিছু আদ্ধ পর্যস্ত বহু আবেদন-নিবেদন করা সত্তেও সরকারী পক্ষ থেকে এস. ডি. ও., এস. ডি. পি. ও-এর অফিসে টেলিফোন দেওয়া হয়নি। তাই, মাননীয় ম্থামন্ত্রীকে অম্বরোধ করছি যে অবিলম্বে কেন্দ্রের ঘূমিয়ে থাকা যোগাযোগ মন্ত্রীর কাছে চিঠি লিখে, যোগাযোগ করে যাতে এস. ডি. ও, এস. ডি. পি. ও-এর অফিসে টেলিফোন আসে তার জন্ত চেষ্টা করবেন। কারণ কোন রকম ঘটনা ঘটলে এস. ডি. ও, এস. ডি. পি. ও-এর সঙ্গে যোগাযোগ করা যায়না এই টেলিফোনের অভাবে।

**একাশীনাথ নিশ্রঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মন্ত্রীসভা তথা স্বরাষ্ট্র মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আঞ্চকে বাঁকড়া জেলা এবং পশ্চিমবাংলার বিভিন্ন স্থানে যে বিশংখলা দেখা দিয়েছে এবং বিশেষতঃ ভাকাতি. চুরি, ছিনতাই হচ্ছে তাতে জনসাধারণ একটু আশংকাগ্রন্ত হয়ে পড়েছে এবং ভীত সম্ভন্ত হয়ে উঠেছে। গত ২-৩-৮৪ তারিথ রাত্রি বেলায় একজন পুলিশ কর্মচারী, এ. এম. আই, শ্রীতারাপদ মুখার্জী, তিনি তার বোনের বিয়ে দেবার জন্ম বাড়ীতে গিয়েছিলেন। দেখানে তার বাড়ীতে ডাকাত পড়ে। বোনকে ডাকাতের হাত থেকে রক্ষা করার জন্ম তারাপদ মুথার্জী ডাকাতের সামনে আদে এবং তার মাথা দেখানে কাল কাল করে দেওয়া হয়। তাকে বাঁকুড়া জেলা সম্মেলনী মেডিকেল কলেজ হাসপাতালে আনা হয়। সেথানে তার মৃত্যু ঘটে ৪-৩-৮৪ তারিথ ছপুর নাগাদ। আমি এই কথা এই জন্ম বলছি যে পুলিশ মাহ্নযকে ডাকাতের হাত থেকে রক্ষা করবে, সেই পুলিশ ষদি ভাকাতের হাতে নিহত হয় তাহবে জনসাধারণের প্রশাসনের উপরে কি করে আন্থা থাকবে, জনসাধারণের জন্ম কডটুকু শাস্তি শৃংথলার ব্যবস্থা তারা করতে পারবে। কাজেই আজকে এগুলি তদন্ত করার প্রয়োজন। মাননীয় অধ্যক্ষ মহাশন্ন, আজকে বাঁকুড়া জেলায় যে পুলিশ কর্মচারী ভাকাতের হাতে নিহত হয়েছেন, এই ব্যাপারে বে সমস্ত উচ্চ পদস্থ অফিদার আছেন, তারা ব্যবস্থা নিন। আন্তকে বাঁকুড়া জেলায় বে অবস্থা দাঁড়িয়েছে তার একটা বিহিত ব্যবস্থা হওয়া দরকার। আমি সে জন্ম মাননীয় মৃথ্যমন্ত্রী তথা শ্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়কে অফুরোধ করবো যে এই ব্যাপারে অবিলম্বে ব্যবস্থা করার জন্ম।

[ 2-40-2-50 P. M. ]

প্রায়ন্তাব গোমানী: মাননীয় আধ্যক মহাপয়, আমি বে বিষয়টি উল্লেখ করতে চেয়েছি, সেটি ইতিমব্যেই মাননীয় সম্প্র কাশীনাথ মিশ্র অহাপুর এখানে উল্লেখ করেছেন। ত্রুবার আমি বিষয়টির প্রতি জার একবার স্বরাষ্ট্র (পুলিশ) মন্ত্রীমহাশরের দৃষ্টি আকর্ষণ করছি। স্থার, এটা তথু ২/১ দিনের ঘটনা নর, গত সেপ্টেম্বর, জ্যুন্তীবর মাসে বাঁকুড়া জেলার ছাতনা থানা এলাকা ডাকাতির সংখ্যায় রেকর্ড করেছিল। তার পরে কিছু দিন ওথানে ভাকাতি বন্ধ থাকার পরে আবার গত ২৭শে ক্ষেক্রয়ারী থেকে ২রা মার্চ পর্বন্ধ প্রতি দিন ডাকাতি হয়েছে। তথু সোনা-দানা টাকা-পয়সাই ডাকাতি হছেে, তা নয়, ছাগল, গক, হাঁস, মূর্গি থেকে আরম্ভ করে হেঁড়া কাঁথা পর্বন্ধ ডাকাতি হছেে। ফলে ওথানে মাহুবের মধ্যে প্রচণ্ড উবেগ দেখা দিয়েছে। স্থার, এজন্ত তথুমাত্র পুলিশের উপর দোবারোপ করে লাভ নেই আমি বিশেষ করে স্বরাষ্ট্র মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করিছি বে, ছাতনা থানার ১৭২ বর্গমাইল আয়তন, ১৩টি গ্রাম পঞ্চায়েত, অথচ সেখানে মাত্র ১২ জন পুলিশ কর্মচারী রয়েছেন। এই ব্যাপক এলাকার ডাকাতি প্রতিরোধ করা ঐ মাত্র ১২ জন পুলিশ কর্মচারী রয়েছেন। এই ব্যাপক এলাকার ডাকাতি প্রতিরোধ করা ঐ মাত্র ১২ জন পুলিশ কর্মচারী দিয়ে কথনই সম্ভব নয়। সেই জন্তু আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে ওথানকার কমলপুর এবং জ্যোড়হীড়াতে ঘূটি পুলিশ ফাড়ি গঠন করার জন্ত অন্থরোধ করিছি। ইতিমধ্যে ওথানে যে উম্বোজনক ঘটনা ঘটেছে, সেই ঘটনায় পুলিশের এ. এস. আই. তারাপদ মুখার্জী মারাণ্যছেন। এর ফলে তাঁর পরিবার ক্ষতিগ্রন্ত হয়েছে, আমি তাঁর পরিবারবর্গকে থথাযত ক্ষতিপূর্ব দেওয়ার জন্তও অন্থরোধ করিছি।

প্রীসামস্থাদিন আহমেদঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন উত্তরবঙ্গে পাঁচটি অহ্যত জেলা আছে। সেই জেলাগুলির উন্নতির জন্ম এন. বি. জি. বি. এফ-এর মাধ্যমে বিভিন্ন উন্নয়ন্ত্রক কাজ জেলাপরিবদের দারা করা হচ্ছে। কিন্তু ছংগের বিষয় হচ্ছে জেলা পরিবদের কার্যকলাপের জন্ম হোক বা অন্ম বে কোন কারণেই হোক সেই এন. বি. জি. বি. এফ-এর টাকা প্রসা দেওয়া বন্ধ করা হয়েছে। এ বিষয়ে আমি বলতে চাই বে, মালদহ জেলা পরিবদকে গভ ১৯৭৯-৮০, ১৯৮০-৮১ এবং ১৯৮১-৮২ সালে এক কোটি পাঁচ লক্ষ চুন্নান্তর হাজার টাকা এন. বি. জি. বি. এফ- বরাদ্দ দেওয়া হয়েছিল এবং ঐ তহ্বিলে ৪৯৪টি স্বীম নেওয়া হয়েছিল। তার মধ্যে ৪৯৪টি স্বীমের কাজ সম্পূর্ণ করা হয়েছিল ৯৮ লক্ষ ৪১ হাজার ৩৬৩ টাকা ব্যয়ে। অর্থাৎ ৯৩% টাকা ব্যয় করা হয়েছিল। অর্থাৎ ৯৩ তাগ কাজ করা সম্বেও সেখানে পরবর্তীকালে আর টাকা দেওয়া হলো না কেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এটা একটা প্রশ্ন। অধচ বেসমন্ত জেলায় কোন কাজ-কর্ম হছেে না, সেথানে টাকা দেওয়া হছেে। আর মালদা জেলাকে ১৯৮২-৮৩ সালের জন্ম কোন টাকা দেওয়া হয়েনি। আর ১৯৮৩-৮৪ সালের জন্ম নাজে । উত্তরবেল তথা মালদহ জেলা এখনো অহয়ত অবস্থায় য়য়েছে। ইতিমধ্যে কোলাকিকে বে সমন্ত বিভিন্ন কীম নিবেছে দেনমন্ত স্বীমের কাজ করার ছল্ম জাবের জোন টাকা দেওয়া হয়েছিল। জাবের জাবের জোন টাকা করার কাজ করার ছল্ম জাবের জোন টাকা করার করার জন্ম জাবের জোন টাকা করার করার জন্ম জাবের জোন টাকা জাবের জাবের জাবের কোন টাকা জাবের জাবের জাবের জোন টাকা

করেছে। আমি আত্তকে আপনার মাধ্যমে আবার বিষয়টির প্রতি বিভাগীয় মন্তিমহাশরের দৃষ্টি আকর্ষণ করছি

শিল রঞ্জন সুখার্লীঃ শীকার মহোদয়, আমি একটি গুরুত্বপূর্ব বিষয় সদস্তদের অবগতির জন্ত এখানে উল্লেখ করছি এবং আপনার মাধ্যমে বিষয়টি সরকারের কাছে পৌছে দিছি। কিছু দিন ধরে আমরা দেখছি বে, সকাল দশটা, সাড়ে দশটার সময়ে বখন স্কুলগুলি শুরু হয় তখন কিছু লোক বিজির স্কুলের শিশুদ্বের নামারকম প্রলোভন দেখিয়ে—চিড়িয়াখানায় নিয়ে যাব, জুতো কিনে দেব, জামা কিনে দেব ইত্যাদি বলে—লরি বা ঐ আতীয় গাড়িতে তুলে নিয়ে যাছে। গত ২৭, তারিখ আমাদের বেহালার 'কল্লিণী বিদ্ধা মন্দিরের'—এটি একটি খুব বড় প্রাথমিক বিদ্ধালয়—কিছু ছেলেকে তারা গাড়ি করে তুলে নিয়ে যায়। সকাল সাড়ে দশটার সময়ে ছেলে ক'টিকে তুলে নিয়ে যায়, তাদের অভিভাবকরা বিকাল তিনটের সময়ে যখন দেখেন যে তাঁদের ছেলেরা বরে ফেরেনা তখন তাঁরা আত্তিক হ'ন এবং স্কুলের মাটার মশাইদের কাছে জিজ্ঞাসা করেন। মাটার মশাইরা তখন থানায় ডাইরি করেন। থানা থেকে অনুসন্ধান করে বছ চেটায় জানা যায় বে, একটি বিশেষ রাজনৈতিক দল—আমাদের ধারণা ছিল স্থনীতি বাবুদের দল হবে, কিছু তা নয়—ভাদের তুলে নিয়ে গেছে আগ-মার্কা দল ডি. এস. ও. তথা এস. ইউ. সি. আই. এই কাল করছে। তারা বিভিরি জায়গা থেকে বিভিন্ন সময়ে ছেলেদের বিভিন্ন ক্যাংসানে ধরে নিয়ে যাছে।

এর ফলে সমগ্র অঞ্চলে শিশুদের মধ্যে একটা আডক্ক স্থাষ্টি হয়েছে এবং মা-বাবারা ছেলেদের ক্লেলে পাঠাতে ভন্ন পাচ্ছেন। স্বতরাং এর বিহিত হওয়া দরকার। কারণ, শিক্ষকদের না বলে, অভিভাবকদের কাছ থেকে অন্তমতি না নিম্নে শিশুদের নিম্নে ঘাওয়ার এই যে কার্যকলাপ এটা অবিলম্বে বন্ধ হওয়া উচিৎ।

ডাঃ স্কুষার রার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুকলিয়া মিউনিসিপ্যালিটিতে আক্রেকে সর্বস্তরের কর্মচারীরা শিক্ষক থেকে স্বইপার পর্যস্ত বিগত ৬ মাস ধরে রেগুলারলি মাহিনা পাচ্ছেন না। এই কথা হয়তো আপনি জানেন, তব্ও আপনার দৃষ্টি আকর্ষণ করছি এই কারণে, যেভাবে ইরেগুলারলি কর্মচারী, টিচার এবং স্কুশাররা মাহিনা পাচ্ছেন কোঁ। আপনাদের পরিচালিত একটা মিউনিসিপ্যালিটির পক্ষে একটা শৌরবন্ধনক কাল নয়। স্কুজাং সক্ষর বিহিত ব্যবস্থা নেওয়া দরকার। যারা জাহুয়ারী মাসের ক্ষেক্ত পার মার্চ মানে ক্ষেত্রে পার মান্ত্র বিশ্ব মুক্তরাই নির মান্তে ব্যক্তরারলি অস্কুডা মাহিনা পার্চির সাম স্কুজারি না স্কুজারলি অস্কুডা মাহিনা পার্চির নান স্কুজারলি অস্কুডা মাহিনা পার্চির নান স্কুজারলি অস্কুডা মাহিনা পার্চির কার্ড মাহিনা পার্চির নান স্কুজারলি অস্কুডা মাহিনা পার্চির নান স্কুজারলি অস্কুডা মাহিনা পার্চির নান স্কুজারলি স্কুজারলি অস্কুডা মাহিনা পার্চির নান স্কুজারলি স্কুজারলিয়ার স্কুজারলিয়ার স্কুজারলিয়ার স্কুজারলিয়ার স্কুজারলিয়ার স্কুজারলিয়ার স্কুজার স্ক

আর যদি অপদার্থতার জন্ম মাহিনা না পায় তারও ব্যবস্থা নিন যাতে মিউনিসিপ্যাল কমিটি ভালভাবে চলে। যদি আইনের ব্যবস্থা নেবার দরকার থাকে আপনি তাও নিন।

শ্রীস্থভাব লক্ষর ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৭-২-৮৪ তারিখে বাসন্তী থানার সোনাখালী গ্রামে একটা ঘটনার কথা উদ্ধেশ করছি। ঘটনাটি হলো, মনোরঙ্গন মির্ধা ও নিরঞ্জন মির্ধার ঘূটি ঘর রাত্রি ওটার সময়ে আগুন লেগে পুড়ে ষায় এবং এ ব্যাপারে থানায় জানানো হয়। থানা থেকে পুলিশ কর্ত্তপক্ষ এসে মির্ধার কাছ থেকে ঘটনার বিস্তৃত বিবরণ জনলেন। তারা জ্বানতে পারলেন, তার ছোট ছেলে কেরোসিন ল্যাম্প জ্বেলে প্রস্রাব করতে বাহিরে বেরিয়েছিল, সেই আগুনেতে এই ঘটনাটি ঘটে। স্থতরাং এই হচ্ছে ঘটনা এবং এই ঘটনাটিকেই স্বীকার করা উচিং। কিন্তু পুলিশ তার পরের দিন রাত্রিবেলা এসে কয়েকজন মহিলাকে অবমাননা করেছে এবং ঐ গ্রামের ২ জন ভত্রলোককে ধবে নিয়ে গেছে। তারপর প্রত্যেকদিন রাত্রিবেলা গ্রামে গিয়ে মাহ্যর যাতে শান্তিভাবে বসবাস করতে না পারে তারজন্ম ব্যতিব্যস্ত করে তুলছে। অন্তদিকে পুলিশ সেথানে লঞ্চ নিয়ে মন্তান-বাহিনী দিয়ে নদীর বাধ কাটিয়ে নোনা জল ঢোকাবার চেষ্টা করছে, জবৈধ নোনা ফিসারী করার চেষ্টা করছে। অপরদিকে সেখানে প্রতি রাত্রিবেলা ২।১টি ডাকাতি ছচ্ছে। পুলিশের এ ব্যাপারে মেথানে সক্রীয় ভূমিকা পালন করা উচিং সেথানে পুলিশ-এর সেই ভূমিকা পালন করার কোন লক্ষণ দেখা যাছে না। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাই্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে পুলিশ সেখানে যথাযথ ভূমিকা পালন করে তার ব্যবন্থা করুন এবং সেখানে যাতে শান্তি বজায় থাকে তারজন্য উপযুক্ত ব্যবন্থা নিন।

শ্রীভারাপদ সাধ্যুষ্ণ । মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রী এবং মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলী জেলার সিঙ্গুরে সেচ প্রকল্প টেইল-এ্যাণ্ডে গিয়েও পৌছায় না। অন্য বছরে থরার সময়ে জল আনতে গিয়ে রাজনৈতিক প্রতিবন্ধকতার সৃষ্টি হয়েছিল। সি. পি. এমরা সেখানে দলবাজি করেছিল এবং আমায় হেনন্তা করে বলা হয়েছিল দিল্লীতে গিয়ে মায়ের কাছে গিয়ে জল আমদানী করুন। এ বছরেও কাগজে দেখছি বোরো চায়ের জল ইরিগেসানের জল দেওয়া হবে না।

[ 2-50-3-00 P. M. ]

কিন্ত ঘটনা হচ্ছে, নিমূর থানার ভেড়ি অঞ্চলের চাষীরা গত বক্সার সময় ঘিরা এবং জুলকিয়া নদীর বাধ কোন প্রকারে রক্ষা করে কসলের কিছুটা রক্ষা করেছিল, যদিও ফসলের ক্ষতি প্রভৃতই হয়েছিল। গত বছর ঝঞ্চার ওধানকার চারটি অঞ্চল বিধবত হয়েছে। যদি আজকে বোরোতে জীবের, জল না দেওয়া হয় তাহলে তাঁরা শাক্ষবজি পর্বন্ধ চাব করতে পারবেন না। কিন্ত তাঁদেরও

অধিকার আছে চাব করবার। তাই আমি বিষয়টির প্রতি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং বলছি যে সেধানে টেল এপ্তে রাজনৈতিক কারণে জল দেওয়া বন্ধ করবেন না।

শ্রীমতী অভু কর: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় অরাষ্ট্র মন্ত্রী তথা মৃথ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হোল—গত ১০ই ফেব্রুয়ারী রাত ১॥ টার সময় কালনা থানার ভবানীপুর রেল-গেটের কাছ থেকে যথন ৪০ হাজার টাকা মৃলোর লৌহ-সামগ্রী লরিতে করে চোরা পাচার হচ্ছিল সেটা গ্রামের ছেলেরা দেখতে পায় এবং সক্ষে সক্ষে রাস্তায় ভেন কেটে দিয়ে লরিটিকে আটকানো হয়। পরের দিন আর একটি লরি যথন ঐ একই কাজে লিগু ছিল তথন স্থানীয় ছেলেরা পুলিশের সহায়তায় লরিসহ ফুজনকে ধরে ফেলে। এই ফে চুরির ঘটনা, এটা ঘটেছে ধানীগ্রাম গ্রাম পঞ্চায়েতের নেতৃয়ানীয় ইন্দিরা কংগ্রেসের সদস্ত [ \* \* ] নেতৃত্বে। স্থানীয় জনগণ মনে করছে বালী লিলুয়া এবং স্থানীয় সমাজবিরোধীদের সংগঠিত করে এই সমস্ত ক্রীয়াকলাপ চালান হচ্ছে ঐ অঞ্চলে। তাই অবিলম্বে যাতে এই সমস্ত সমাজবিরোধী কাজকর্ম বন্ধ করা হয় এবং দোষীদের ধরে কঠোর শাস্তির ব্যবস্থা করা হয় সেদিকে মাননীয় অরাষ্ট্র তথা মৃথ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করিছি।

মিঃ স্পীকার: শ্রীমতী কর যে নামটি বললেন তা বাদ দেওয়া হবে।

শ্রীস্থনীতি চট্টরাজ: মাননীয় স্পীকার স্থার, আপনার মাধ্যমে মাননীয় দদস্থরা যথন দৃষ্টি আকর্ষণ করছেন, তথন আমি ভাবছি অবস্থ আপনি যদি অনুমতি দেন—অন্থ কিছু আকর্ষণ করি। তার কারণ দৃষ্টি আকর্ষণ করে কিছুই হচ্ছে না।

মাননীয় শ্লীকার মহাশয়, বামদ্রুক্ত সরকারের স্বেচ্ছাচারিত। এবং গণতন্ত্রহীন কাজের নম্না আমি এখানে দিছি। ঘটনাটি হচ্ছে—বীরভূমের আর. টি. এ জনৈক ক্যাডারের একটি বাসকে আনফিট সার্টিফিকেট দেবার জন্ম রেজলিউশন গ্রহণ করে বলে যে দি বাস ইজ নট ফিট ফর দি প্যাসেক্সার্গ। এই আনফিট রেজলিউশন নেবার পরই সি. পি. এম-এর জনৈক নেতা আর. টি. এ অফিসে গিয়ে বলে যে বাসটিকে চালাতে দিতে হবে। মাননীয় শ্লীকার স্থার, আপনি জানেন মাননীয় ম্থ্যমন্ত্রীর প্রশাসন আজ পঙ্গু হয়ে গেছে। সেই পঙ্গু প্রশাসনের আর. টি. এ. বাধ্য হয়েছে সেই বাসটিকে চালাতে দিতে। আনফিট রেজলিউশন নেয়া আর. টি. এ-র সেই বাসটি গত ১৬ই ক্ষেক্রারী সিউড়ী কেঁছুরার মাঝের খালে পড়ে যায়, ফলে ও জন প্যাসেক্সারের মর্মান্তিক মৃত্যু ঘটে। আর ২৭ জন প্যাসেক্সার হাস্পাতালে মৃত্যুর সঙ্গে সংগ্রাম করছে এবনও। আমার জিক্সাস্ক, আর. টি. এ আনফিট সার্টিফিকেট দেবার জন্ম যেখনে রেজলিউশন

<sup>\*</sup> Expunged as ordered by the chair.

নিয়েছে, সেক্ষেত্রে প্রশাসনকে চাপ দিয়ে ঐ বাসটিকে চালান হোল এবং এই মর্মাস্তিক ঘটনা বা ঘটলো এর জবাবদিহী কি বামক্রণট সরকার দেবেন ?

শিষ্ট্রধাং তশেশর মাঝি: মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি একটি বিষয়ের প্রতি মাননীয় সমাজকল্যাণ বিভাগের মন্ত্রীর দৃষ্টি আপনার মাধ্যমে আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে আই. সি. ডি. এক-এ জেলা লেভেল কমিটি আছে। সেই কমিটির চেয়ারম্যান এস. ডি. ও। এই স্কীমে কিছু পদে লোক নেবার জন্ম ঐ কমিটির মাধ্যমে প্যানেল তৈরী করে সিলেকশনের জন্ম ভাইরেক্টর অফ সোন্তাল ওয়েলফেয়ারের কাছে পাঠান হয়েছিল কিন্তু অভাবধি কোন পোষ্টেই কেউ এ্যাপয়ন্টমেন্ট পেলেন না। এ ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করবার পরও আমি দেখেছি তার কোন উত্তর পাওয়া বাচ্ছে না।

আমি কয়েকদিন আগে ৬ ২.৮৪ তারিখে মাননীয় মুখ্যমন্ত্রী এবং কারামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি। কিন্তু তার রিপ্লাই আমি পাইনি। সেইজন্ম আমি আপনার মাধ্যমে বলতে চাই একে এই সময়ে ছেলেরা চাকুরী পাচ্ছে না তার উপর সিলেকদান করার পরও তাদের এ্যাপয়েন্টমেন্ট ও দেওরা হচ্ছে না, এটা অত্যন্ত আশ্বর্য ব্যাপারে। সেইজন্ম আমি বলতে চাই বেদর নাম প্যানেল করা হয়েছে তাদের চাকুরী দেওয়া হাকে। অনেকের পুলিশ ভেরিফিকেদান হয়ে গেছে, তা সত্তেও তাদের এপয়েন্টমেন্ট দেওয়া হচ্ছে না। এইদব ছেলেরা যাতে তাড়াতাড়ি চাকুরী পায় তারজন্ম আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীধীরেক্তনাথ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে প্লিশ মন্ত্রী জ্যোতিবাবুর দৃষ্টি আকর্ষণ করে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বক্তব্য এই হাউদের সামনে রাথতে চাই। আপনি জানেন যে. ২ বছর আগে পশ্চিম দিনাজপুর জেলার ক্সমণ্ডি, বংশিহারী এবং ইটাহার থানায় ৬৭টি বন্দুক লুট হয়ে গিয়েছিল। সেথানে ছয়্বতকারীরা প্রায়ের লোকেদের মারধোর করছে এবং লুট-তরাজ করছে। সেথানে ছয়্বতকারীরা আবার উৎসাহিত হয়ে নতুন করে ঐ ধরনের কাজ করতে শুরু করেছে। গত ২৭.২. ৮৪ তারিথে কুসমণ্ডি থানার বাহ্মদেবপুরে কামেশর নামে এক ব্যক্তির সন্ধ্যা সাতটার সময় এই ছয়্বতকারীরা বন্দুক লুট করে নিয়ে চলে বায়। যাবার সময় সেই নকশালপন্থী ছয়্বতকারীরা তাদের সেই চিরাচরিত শ্লোগান, রক্তক্ষয়ী শ্লোগান দিতে দিতে চলে বায়। এই কুসমণ্ডি থানায় তারা হঠাৎ অয়শয় নিয়ে প্রবেশ করে এবং অনেককে মেরে ফেলবে এই রক্ম ছমকী দিয়ে বায়। কিছু আমার বক্তব্য আরো গভীরে। আমি পরিছার করে জানতে চাই, সেইজন্ম আপনার কাছে আমার জিজান্ত, আপনার মাধ্যমে রাজ্য সরকারের কাছে জিজান্ত হলো এই পশ্চিম দিনাজপুরের মান্থ্রনা বাঁচতে পারবে কি না । তাদের বেঁচে থাকার ক্ষমতা ক্ষাণানার দেবেন কিনা। আল প্রস্ক এর কোন প্রতিকার হয় নি। এই ব্যাপারে একজন

ত্বৃহুতকারীকেও গ্রেপ্তার করা হয়নি। এথানকার মাস্থ্য যাতে বাঁচতে পারে তারজন্ম ব্যবস্থা গ্রহণ করার জন্ম আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের কাছে দাবি রাথছি।

ভাঃ মানস ভূঁইয়াঃ মাননীয় অধ্যক্ষ মহাশর, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এবং সভার সমস্ত সদস্তের দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা দেখেছেন স্থার, ইদানিংকালে কলিকাতা কলেজ হাসপাতাল এবং জেলা হাসপাতালে অরাজকতার স্বাষ্ট হয়েছে। কয়েকদিন আগে পি. জিতে স্বাস্থ্যমন্ত্রী বারে বারে প্রতিশ্রুতি দেওয়া দেওয়া সত্তেও—পি. জি.-র হাউস স্টাফ ডাঃ রতন কর মারা গেলেন। সেথানকার ডাক্তাররা এরজন্য অত্যক্ত কুরু। এর আগে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় বিহিত ব্যবস্থা করবেন বলেছিলেন। আজকে দেখতে পাচ্ছি মেডিকেল কলেজে বিগত সাতদিন ধরে জল পাওয়া যাচ্ছে না। ডাক্তার এবং সারজেন্টরা তাদের হাত গুটিয়ে বসে আছে, তারা অপারেশান করতে পারছে না। স্বাস্থ্যমন্ত্রী এবং পৌরমন্ত্রীকে এই ব্যাপারে বারে বারে বলা সত্ত্বেও এখনও জল সরবরাহ হচ্ছে না। আপনি দেখেছেন স্থার, আর. জি. কর মেডিকেল কলেজে বাড়ি ভেঙ্গে পড়ে গেছে ৩ মাস হলো। এই সরকার এখনও পর্যস্ত দিদ্ধান্ত নিতে পারলো না ৰে কোখায় বাড়ি তৈরী হবে। ছেলেরা ক্লাস করতে পারছে না, পরীক্ষা দিতে পারছে না। বাড়ি তৈরী করার ব্যাপারে কমিটির রিপোর্ট এখনও পাওয়া যায়নি। এই যদি অবস্থা হয় কলিকাতার মেডিকেল কলেকে, আর. জি. কর মেডিকেল কলেজে এবং এদ. এদ. কে. এম হৃদপিটালে তাহলে কলিকাতা ছাড়া অন্যান্ত হাসপাতালে কি ছর্গতি সেটা বুঝতেই পারছেন। দূর-দূরাস্তর গ্রামের হাসপাতালের কি অবস্থা সেটা আমরা বুঝতেই পারছি। তাই আপনার কাছে আবেদন রাখছি এই ব্যাপারে বিবেচনা করার জন্ম। অবিলম্বে এই ব্যাপারে দৃষ্টি দেবার জন্ম আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলার মান্থৰ যাতে অবিলম্বে এই ব্যাপারে স্থবিচার পাই তারজ্ঞ অন্থরোধ জানাচ্ছি। মেডিকেল কলেজে যাতে তাড়াতাড়ি জল সরবরাহের ব্যবস্থা করা হয় এবং অপারে-সানের ব্যবস্থা করা হয় তারজন্য অমুরোধ জানাচ্ছি।

[ 3-00—3-10 P. M. ]

শ্রীমোসলে উন্দীন আমেদ: মাননীয় শ্লীকার স্থার, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ঘটনাটি হচ্ছে এই যে, শিয়ালদহ ষ্টেশলে অতিরিক্ত ভাড়া নিয়ে যাত্রী সাধারণ এবং ট্যাক্ষীওয়ালা ও তাদের দালালদের দৌরাত্ম চলছে। সকাল ৫টার সময় গৌড় এক্সপ্রেস ট্রেন শিয়ালদহ ষ্টেশনে এসে শৌছায়। স্টেশনের বাইরে এসে অধিকাংশ যাত্রীকে তাঁদের ছেলেমেয়েদের নিয়ে বাড়ী পৌছবার জক্ত ট্যাক্ষী ভাড়া করতে হয়। ট্যাক্ষীওয়ালা, দালাল বা ড্রাইভাররা মিটারের পরিবর্ষ্টে অতিরিক্ত ভাড়া যাত্রী সাধারণের কাছে প্রায়্ন প্রতিদিনই চার্জ করছে। এরজন্ত যাত্রীদের সঙ্গে ড্রাইভার ও তার দালালদের সঙ্গে প্রায়ই বাক-বিত্তা হয়

এবং পরিশেষে অন্য উপায় না দেখে অতিরিক্ত ভাড়াতেই তাঁদের গস্তবান্থনে পৌছুতে হচ্ছে। এই ঘটনার প্রতিকারের জন্ম আমি মাননীয় পরিবহন মন্ত্রীমহাশয়ের শুভবৃদ্ধি আকর্ষণ করছি।

**এদেবপ্রসাদ সরকার:** মাননীয় অধ্যক্ষ মহাশ্য, আমি আজ অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলিকাতা বিশ্ব-বিদ্যালয় হচ্ছে এই রাজ্যের একটি ঐতিহ্নপূর্ণ শিক্ষা প্রতিষ্ঠান। এই বিশ্ববিদ্যালয়ে বিগত কয়েক বছর ধরে ফুর্নীতি, দলবাজী, স্বজন-পোষণ এবং অনিয়মিত নিয়োগ ভয়াবহ রূপ নিয়েছে। এই ঘটনা শিক্ষা জগতের ইতিহাদে এক কলংকজনক অধ্যায়ের স্থচনা করেছে। এই ঘটনার ঘদি ষথাষ্থ তদৃষ্ট এরং প্রতিবিধান না হয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ বিধানসভা হচ্ছে এক পবিত্র জায়গা, আশাকরি, এখানে এই ফুর্নীতির বিষয়ে সমস্ত ঘটনা তলে ধরতে পারব তাহলে শিক্ষা ব্যবস্থা সম্পূর্ণ অচল হয়ে পড়বে। এর প্রতিকার হবে বলে আমরা বিগত কয়েক বছর ধরেই শুনে আস্তি। কয়েক বছর ধরে স্পোল অফিসার নিয়োগ অনিয়মিত ভাবেই হয়ে চলেছে, যারজন্ম আদালতে পর্যন্ত কেন হয়েছে। আমি অবশ্য নে প্রদক্ষে যেতে চাই না। কিন্তু আমরা দেখলাম যে, শোশাল অফিমার নিয়োগের ব্যাপারে ইউনিভার্সিটির স্ট্যাটিউট এটাই, অর্ডিকান্স ইত্যাদি ভায়োলেট করা হয়েছে। প্রাক্তন উপাচার্য যথেচ্ছ ক্ষমতা ব্যবহার করেছেন, তা আমি দেখেছি। স্থপন কুণ্ডুকে ১৮৫০ টাকা বেতনে স্পেশাল অফিসার এবং কৌশিক গঙ্গোপাধ্যায়কে স্পেশ্রাল এাদিস্ট্যান্ট হিসাবে নিয়োগ কর। হয়েছিল। এই ছুটি পদে ইউনিভার্দিটি এাক্টকে ভায়োলেট করে, সিনেট ও সিণ্ডিকেটকে কোন রকম পরোয়া না করে এটি দি ফাাগ এণ্ড অফ দি সার্ভিস পিরিয়ড গত ২৩।১২।৮৩ তারিখে নিয়োগ করা হয়েছে। কি মারাত্মক ব্যাপার একট চিস্তা করে দেশুন। এই ধরণের অনিয়মিত নিয়োগ ভধুমাত্র দলীয় স্বার্থেই করা হয়েছে। আমি যেগুলির উল্লেখ এখানে করলাম, তার তালিকা আমি আপনাকে দেব। এছাড়া, ২১জন ক্লাস ফোর স্টাফকে রেগুরালাইজ করা হয়েছে। যাদের দার্ভিদ কারোরই তু বছরের বেশী নয়, অনেকের দার্ভিদ মাত্র কয়েক মাস। অথচ যাদের ৪ থেকে ১০ বছর পর্যস্ত সার্ভিস আছে, তাদের রে**গুরালাইজ** করা হয় नि । कि नार्वे पिरत्र তात्मत त्रश्वतानारेक कता रुन ? त्रशांत **रामत त्रश्वतानारेक क**ता रुरत्राह তাকে পষ্টতই বলা যায় মিসরিপ্রেজেনটেশন অফ দি গভর্ণমেন্ট অর্ডার। ৭১১তে গভর্ণমেন্টের অর্ডার ভায়োনেট করে অমুমোদন দেওয়া হয়েছে। অধচ গভর্ণনেন্ট অর্ডার হচ্ছে সম্পূর্ণ অক্স। শতবার্ষিকী কমিটি সেন্টিনারী হলে বিনা টেণ্ডারে ৪৩ লক্ষ্ণ টাকা খরচ করা হয়েছে। এই সমস্ত অভিযোগ বয়েছে।

অভিযোগ রয়েছে কম্পিউটার মেসিন সহছে। এ বিষয়ে দিল্লীর এক কম্পিউটার কোম্পানীকে লক্ষ লক্ষ টাকা পাইয়ে দেয়া হয়েছে বিনা টেণ্ডারে ? হাজারে ১০০ জন কর্মচারীকে শুধু রাজনৈতিক কারণে সাসপেও করা হয়েছে। এইভাবে বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস স্কৃষ্টি করা হচ্ছে; আমি এ বিবয়ে

উচ্চ ক্ষমতা সম্পন্ন তদন্ত কমিটি গঠন করার কথা বলছি এবং এই মর্মে শিক্ষা মন্ত্রীকে এই হাউসে একটা বিবৃতি দেবার জন্ম বলছি যে উচ্চ ক্ষমতা সম্পন্ন কমিটি তিনি গঠন করছেন কিনা জানান।

ভাঃ জয়নাল আবেদীন ঃ স্থার, আপনি এই হাউদের সর্বোচ্চ চেয়ারে বসে আছেন বলে আপনাকে সরাসরি একটা কথা জিজ্ঞাসা করছি—আমরা আছি কোথায়? Where do we stand? Who are we? আপনি দেখেছেন আপনার দক্ষে একই সঙ্গে একাধিক সেমিনার এটেও করার স্থযোগ আমার হয়েছে। আজকের প্রোসিডিং কালকে সকালে পৌছে যায় লোক-সভায় We follow the Lok Sabha pattern ৭ বছর হতে চললো We have not received the proceedings. How could we get our proceedings ? এই সরকার প্রতি পদে, প্রতি মিনিটে কণ্ট াডিক্সান করছেন—One minister contradicts the other. even a minister what we says today, he alters it in the next day at a কণ্ট াডিক্সান তা কি দিয়ে প্রমাণ করবো ? আপনি কোন ব্লেম নেবেন না। আপনি সর্বোচ্চ চেরারে বনে আছেন। ভার At least I fail in my wisdom to follow where our speeches will be expunged and where not? এইভাবে আমরা পরবর্তীকালে করবো তাতে আমরা অপরাধী হব আইনের চোথে। আমরা কোন রাজ্ব আছি—যে রাজ্ব চলছে না. প্রজা চলছে না, মামুষ চলছে না। কিন্তু বিধানসভার প্রোসিডিংস আমরা পাব না। For more than a score of years we did not get our proceedings এখানে খা আলোচনা হয় আমরা জানতে পারবো তা কারেক্টলি রেকর্ডেড হয়েছে কিনা। আজকে কণ্টা-ডিক্সান ফরোয়ার্ড রকের সঙ্গে সি. পি. এমের, যা লেগেই আছে, আর. এস. পি-র সঙ্গে লেগেই আছে। (গোলমাল) এটা চিৎকারের কিছু নয়। স্থার, বলতে দিতে হবে। I rise on a specific point. I am entitled to have the proceedings আপনি তো ইনঅর্ডিনেট ভিলে করতে পারেন না এবং তা যদি হয় Let there be adjournment to sit with the government. প্রশাসন এখানে বিলুপ্ত। তাই বলে মেম্বাররা প্রোসিডিংস পাবেন না? এদের যে কনটাডিকসান তা আমরা প্রমাণ করবো কি দিয়ে ? আমরা জানি আপনি য়্যালাও করেছেন। বিগত গভর্ণর য়াডেনে আমেগুমেন্ট দিয়েছিলাম। One of the Senior Minister of this cabinet was reprimanded by the High Court. If this is the fact, then he has no right to sit in the House. Therefore, I demand that he should resign. আমি ওনেছি নিজের কানে। Other members have also heard it. তাকে এখন পাব কোথায় ? কি থেকে প্রমাণ করবো ? এবার বাজেট ডিসকাসান স্থানবে—I would like to draw an analogy, I would like to draw a reference. আমাদের কাছে কোন রেকর্ড নেই। অথচ কালকের রেকর্ড আজকের লোকসভায় দেয়া হয়, আর আমাদের এখানে ১২ বছর ধরে কোন রেকড দেয়া হয় না। এই ওদের এফি সিয়েশী? মাত্ৰকে না খাইয়ে মারছেন, রাজ্যে নৈরাজ্য এনে দিয়েছেন। আজকে হাউসের মধ্যে নিরাজ্য চলবে। I charge you. It is my right to have the proceedings. Sir, please explain, why we have been deprived from having the proceedings.

[ 3-10-3-45 P.M. (including adjournment)]

Mr. Speaker: Dr. Zainal Abedin, you had also been a Minister. Those psoceedings have not been printed. The last part of 1975-76 had been printed during my tenure in the office. You were a Minister in 1975. You could not print those proceedings. That is not a deliberate mistake. That is a long standing problem, not a problem of today. It has been accumulated over the years. I am looking into it. I have spoken with the Finance Minister and I have been trying to make arrangements to print the matters as early as possible. I cannot say anything more at the moment. I have taken all the steps. We are negotiating the matter. We are trying to get it done as early as possible. It has not been done in 1975, Dr. Zainal Abedin, when you were a Minister, you know this also. Then why do you raise this question now? It is a long standing arrear case, it is not a question of today. You cannot put the blame on the present regime, you cannot put the blame on the present Speaker or the office. It is continuing for a long time. We are trying to solve this. This is all that I want to sav.

( At this stage, the House was adjourned till 3-45 p.m.)

[3-45--3-55 P.M.]

( After adjournment )

Shri Abdul Mannan: Sir. on a point of privilege.

Mr. Speaker: No privilege. Now, legislation the Calcutta University (Amendment) Bill, 1984.

## (Noise)

( Several members rose to speak )

Shri Subrata Mukherjee: স্থার, হাউদের চারিদিকে এতে। পুলিশ কেন, সিভিস ড্রেনে লবিতে পুলিশ ছেয়ে গেছে। এখানে হোম মিনিষ্টার আছেন। Let the Home Minister say something about it. স্থার, এটা একটা ডিগনিটির প্রশ্ন। আপনি হোম মিনিষ্টারকে কিছু বলতে বশুন।

### LAYING OF REPORTS

Sixth Annual Report and Account of the West Dinajpur Spinning Mills Limited for the year 1980-81.

Shri Patit Paban Pathak: Sir, with your permission I beg to lay the Sixth Annual Report and Accounts of the West Dinajpur Spinning Mills Limited for the year 1980-81.

## **LEGISLATION**

The Calcutta University (Amendment) Bill, 1984.

Mr. Speaker: Shri Sambhu Charan Ghose, Minister-in-charge for Higher Education may now introduce the Bill.

Shri Sambhu Charan Ghose: Sir, I beg to introduce the Calcutta University (Amendment) Bill, 1984.

Mr. Speaker: I have received five notices from Shri Abdus Sattar, Dr. Zainal Abedin, Shri Satya Ranjan Bapuli, Shri Abdul Mannan and Shri Sk. Anwar Ali to make brief explanatory submissions under Rule 73 (1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. Shri Abdus Sattar may now make this submission.

Shri Abdus Sattar: Sir, I have given notice of my intention to oppose under Rule 73(1) of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly the motion which is proposed to be moved by Shri Sambhu Ghosh, i. e. the Calcutta University (Amendment) Bill, 1984 at the present session of the Assembly on the 7th March, 1984. I would request you, Sir, to permit me to make an explanatory statement.

Mr. Speaker: I have already permitted you.

Shri Abdus Sattar: Sir, I am very glad that you have permitted me to say something.

Mr. Speaker: You can make only an explanatory statement, not a speech.

Shri Abdus Sattar: It is very heartening to find that our Minister of Higher Education is learning continuously about democratic principles. First, after the supersession of the Calcutta University Act, he took two full years to bring before us the Calcutta University Act.

Mr. Speaker: Mr. Sattar, are you reading something? Reading is not allowed.

Shri Abdus Sattar: No Sir, I am just glancing over the notes. Mr. Speaker, Sir, after passing that Act in the year 1980 again that Act was amended to make it more democratic. Then Mr. Speaker, Sir, after 1980, in the year 1983, he tried to make it more and more democratic.

Then in the year 1983 another amendment was brought in. Sir, I think, in this year this amendment would not have seen the light of the day if Mr. Ramen Poddar would have been appointed the Vice Chancellor of Calcutta University. Mr. Speaker, Sir, during the last one year the whole University was functioning under this democratic Act of 1979, as amended in 1980 and 1983. Suddenly, in 1984 I do not know why, I do not understand what happend meanwhile, this amendment has come before the House Sir, I will point out some facts which will involve something and which are of public interest.

Mr. Speaker, Sir, the Bill does away with the principle of public accountability. Sir, you know that by this amendmend the power has been vested totally in the Senate and the Syndicate and so far as the appointment of the Vice Chancellor is concerned, this appointment is going to be made not by proportional representation but by simple majority of the votes. Sir, previously the system was that a panel of three persons, elected by preferential votes, was sent to the Chancellor in consultation with the Minister-in-charge of Education Department would have appointed the man. This time, I think December 1983, the Chancellor out of the three names sent by the Syndicate appointed Dr. Santosh Bhatterchargee as the Vice Chancellor for getting the highest number of votes. But Sir what happens is that a Minister is responsible to the Legislature. Even the Acharya, who is the Governor, is also responsible to the President. But the member of the Senate and the Syndicate have no responsibility or public accountability. They can recommend something but the money is given by the State Government and expenditure is incurred from the public exchequer. But the members of the Senate and Syndicate have not got responsibility or public accountability. Sir, who are the electorate?

(A voice: Graduates)

No. They are all party men so far as the electorate is concerned. Sir, the contention that the Senate and the Syndicate should have the

final say in certain matters concerning the Universities as these are predominantly elected bodies, is completely misleading.

[3-55—4-05 P.M.]

Mr. Speaker: Mr. Sattar, according to the rule you can make only an explanatory statement. You cannot make a speech.

Shri Abdus Sattar: I am only consulting the note. I have got certain other things to mention. Sir, I will show that this Bill is not in accordance with the law and this Bill cannot be brought here in the manner as has been brought. Sir, If you take my entire statement as read then I have nothing to say further.

Mr. Speaker: No. I cannot take it as read. I only reminded you that according to the rule you could only make an explanatory statement.

Shri Abdus Sattar: Sir, I know that this Left Front Government and especially the CPI(M) Party given emphasis on the question of minority. As a result, they preferred the preferential voting so that the minority may come. Sir, here is a case, for the first time perhaps, for no reason whatsoever that they want to do away with the preferential system of vote. Supposing, in the Senate or the Syndicate, if 51 persons support a man and 49 persons support another man then the name of the man who will be supported by 51 persons will go to the Governor for his signature only and the name of the man supported by 49 persons will not go to the Governor. Thus, Sir, 49 persons of the Senate or the Syndicate are being ignored; their opinions are being ignored.

( A Voice—The election is conducted by preferential voting system )

This system has been done away with in the present Bill.

প্রেফারেনসিয়্যাল ভোট উঠিয়ে দেওয়া হয়েছে। আমাদের মাননীয় মৃথ্যমন্ত্রী বারে বারে বলেছেন মাইনরিটি ইণ্টারেষ্ট উইল বি প্রোটেকটেড্। এ্যাপয়েণ্টমেণ্ট ইত্যাদি ব্যাপারে সেই কথা পালিত হচ্ছে না। এখন সম্পূর্ণ নির্ভর করছে ডিকটেটরিসিপ অব দি মেজরিটি অব ৫১ পারসনস। এই ৫১ পারসনস-এর ডিকটেরিসিপ চালানো হচ্ছে। ১৯৬৫ সালে আমাদের মাননীয় মৃথ্যমন্ত্রী ও মাননীয় শিক্ষামন্ত্রী এথানে কি বক্তৃতা দিয়েছিলেন ? ডাঃ বিধান চন্দ্র রায় সেই সময় ছিলেন না, এখানে একটা বিল আনা হয়েছিল। সেই সময় মাননীয় মৃথ্যমন্ত্রী এবং বর্তমান উচ্চ শিক্ষামন্ত্রী বলেছিলেন ভাইস-চ্যানসেলর এ্যাপয়েণ্টমেণ্টের জন্ত ৩ জনের নাম যাবে এবং সেখান থেকে এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া হবে বাই দি চ্যানসেলর অর ইন কনসালটেসন উইথ দি মিনিষ্টার-ইন কনসালটেসন উইথ দি মিনিষ্টার এটা উঠিতে দিতে হবে। এটার উপর তারা খ্ব জোর দিয়েছিলেন। শভ্বাব্ পুতুল নাচ দেখেছেন কিনা আমি জানি না। পিছন থেকে দড়ি টেনে পুতুলকে নাচান হয়। আজকে শভ্বাব্ও সেই রোল প্লে করছেন। পিছন থেকে দড়ি টেনে তাকে নাচান হছে। শভ্বাব্র বক্তৃতা আমার কাছে আছে, এই বিষয়ে আজকে আলোচনা হলে আমি দেখাব যে সেই সময় তিনি কি বলেছিলেন এবং আজকে গদিতে যাবার পরে ঠিক তার সম্পূর্ণ উন্টো কথা বলছেন।

স্থার, আমি উইথ এ্যামফ্যাসিস বলছি, এই বিলটি সম্পূর্ণভাবে পলিটিক্যালি মোটিভেটেড বিল। উনি মোর ডেমোক্রাটিক করার নামে যা করতে যাচ্ছেন তা সম্পূর্ণভাবে রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হয়ে করতে চাইছেন। শস্তুবাবু জানেন যে রমেন পোদ্ধার যদি ওথানে যেতেন তাহলে তিনি নিশ্চয় এই বিল আনতেন না। To make the Bill more democratic means to bring a party man. In the instant case, as you know, the party man whom they suggested as a nominee of the Left Front Government was not appointed by the Governor. স্বতরাং এই গভর্নারকে জব্দ করতে হবে এবং ভাইস চ্যানসেলারের হাত থেকে সমস্ত ক্ষমতা নিয়ে নিতে হবে, that is a politically motivated attempt. শস্ত্বাৰু যথন ১৯৭৯ সালে আইনটা নিয়ে এসেছিলেন তথন তিনি বলেছিলেন যে এই আইন গজেন্দ্র গদকর কমিটি এবং ক্যালকাটা ইউনিভার্সিটি যেটা করেছিলেন গণি কমিটি তাদের রেকমেনভেদান অহুযায়ী আনা হয়েছে। স্থার, ঐ ছটি কমিটির রিপোর্ট আমার কাছে আছে, তাতে দেখা যাচ্ছে বে, vice-chancellar to be appointed by the Chancellor. আপনি তথন বিলের অবজেক্ট্রস এয়াও রিম্লনসেও এই কথা বলেছিলেন। এয়াপয়েণ্টথেণ্ট of the Vice-Chancellor or Pro-Vice-Chancellor. যাই হোক না কেন ক্যালকাটা ইউ-নিভার্সিটির ব্যাপারে যে সমস্ত রিপোর্ট আছে এবং ইউ. জি. সি'র যে সমস্ত রিপোর্ট আছে তার প্রতিটি রিপোর্টে বলা হচ্ছে ভাইস চ্যানসেলার to be appointed by the Chancellor. সেটা accepted on principle. কিন্তু আজকে এই ১৯৮৪ সালে বিল নিয়ে এসে you do away with that. আমি সেই সমস্ত রিপোর্ট স্থার, এখানে দেখাতে পারি।

निः जीकांत : Mr. Sattar, I request you to be brief.

শ্রীন্ধাবস্থন সান্তার: আপনারা ১৯৭৯ সালে যে ডেমোক্রাটিক প্রিলিপ্যালের কথা বলেছিলেন সেই ডেমোক্রাটিক প্রিলিপ্যাল আজকে আর নেই। আপনারা বলছেন, to make it more democratic. এটা আপনারা আনছেন। লক্ষার কথা, সেদিন তিনি যে কথা বলেছিলেন আজকে আর সেকথা বলছেন না। এখন বলছেন, Regarding appointment of Vice-Chancellor it would be simply left to the Syndicate or Senate- সমস্ত ক্মিটির রেক্মেনডেসান আজকে আপনারা নস্তাত করে দিছেন। তা ছাড়া এই বিলের ফলে এ্যাভমিনিষ্টেটিভ ডেড লক হবে।

# [4**-0**5—4**-**15 P.M.]

আজকে মনে করুন ভাইস চ্যান্সেলর কথনত এমার্জেন্সিতে কোন একটা এয়াকশান নেন. কোন ডিসিশান নেন এবং তাঁকে অনেক সময়ে নিতে হয়। আজকে মধামন্ত্ৰী আছেন, অন্যান্ত মন্ত্রীরা আছেন, নিশ্চয়ই এমন একটা সময় আসে তথন ডিসিশান নেন। ক্যাবিনেটে আসে এবং ক্যাবিনেটের মাধামে এ্যাপ্রভাল নেন। কিন্ধ এমনও আছে, যারা ভোটার, দোজ হ আর ভোটারস, সিনেট এয়াও সিপ্তিকেট মেম্বার আর দি ভোটারস এয়াও দে উড ইলেক এবং আদ্ধকে যদি হয় যে যারা একটা ডিসিশান নিলেন, তাদের কাছে আবার দৌভে যেতে হয় ফর দেয়ার এ্যাপ্রভাল এবং সাপোন্ধ যদি এ্যাপ্রভ না করে এবং ইতিমধ্যে এয়াকশান হয়ে যায় তথন এয়াড-মিনিস্টেশান কি করে হবে। এ্যাডমিনিস্টেশান চালাতে গেলে ইন এ ডেমোক্রাটিক কান্টি পিপল উইল সেও সাম পারসন্স এবং দি এাডমিনিক্টেশান অন বিহাফ অব দি পিপল তারা সেই ভাবে এাডিমিনিস্টেশান চালাবেন। বেমন আমাদের মধ্যমন্ত্রী এবং আমরা স্বাই ভোটের মাধামে এসেছি। আজকে এ্যাডমিনিক্টেশান আপনাদের হাতে আছে। আপনারা কি চান বে আপনারা যদি কোন এয়াকশান নেন, এয়াকশানের পরে পরে এয়াপ্রভালের জন্ম ইউ গো টু দি ভোটারদ যে তোমরা এ্যাপ্রভ কর। স্বাক্ষকে এই বিলের ব্যাপারে এবং প্রত্যেক ব্যাপারে সিনেট এবং সিণ্ডিকেটকে--সিনেটে বোধ হয় ১৫০-এর কিছু কম মেম্বার আছে, সিণ্ডিকেটে অনেক বেশী মেম্বার আছে—মিটিং ডেকে বলতে হবে যে এ্যাপ্রান্ত কর। আজকে ডেলিগেশান অব দি পাওয়ারস বাই দি ভাইস চ্যান্সেলর এটাও একটা ব্যাপার, বে ব্যাপারটা আগে তিনি করতে পারতেন। লেখানে বলচেন, প্রাইওর এ্যপ্রভাল অব দি সিনেট এ্যাও সিঞ্জিকেট ডেলিগেশান করতে হবে। এই জিনিসকে আপনারা বলছেন যে য়োর ডেমোক্রাটিক। এটা কি ডেমোক্রাটিক হচ্ছে ?

নিঃ জীকার: Mr. Sattar, you should not make a big statement at this stage.


শ্রীজন্মন্তকুমার বিশ্বাস: মন্ত্রীমহাশয় যে কমিটির কথা বললেন, আমি তাঁদের সঙ্গে আলোচনা করে দেখেছি। সে সমস্ত রকে বৈছ্যতিকরণের কাজ সম্পূর্ণ হয়নি অথচ কমপ্রিট্ন বলে ঘোষণা করা হয়েছে, সেসব ক্ষেত্রে কনজিউমার্সরা আবেদন জানিয়েও সাড়া পাচ্ছেন না। তাঁরা বলছেন যে খ্যালো চললেই ইলেকট্রিফিকেশন কমপ্রিট বলে ধরা হবে, সাধারণ কনজিউমার্স দের সবক্ষেত্রেই দেওয়া ঘাবেনা। গ্রামের সাধারণ মান্ত্রের কথা চিস্তা করে এ-ক্ষেত্রে আপনি নতুনভাবে কোন নির্দেশ দিবেন কিনা জানাবেন কি ?

প্রশ্রীর সেনগুপ্ত: আমাদের যে করাল কর্পোরেশন আছে, সেই কর্পোরেশনের হিসাব হচ্ছে—একটি মৌজাতে আলো না জনে বদি শুধুমাত্র স্থালোতে বিভূাৎ সরবরাহ করা হয়ে থাকে তাহলেই বৈভূাতিকরণ হয়েছে বলে ধরা হবে এবং এটাই হচ্ছে সর্বভারতীয় নিয়ম। আজকে আমি যে হিসাব দিচ্ছি, তাও হচ্ছে সেই হিসাব। এরপর গ্রামে যদি কনজিউমারদের বিভূাৎ দিতে হয়, ভাহলে সম্প্রসারণ স্কীম করতে হয় এবং প্রতি বছরই কিছু কিছু স্কীম করতে হয়।

**শ্রীমহ্ববুল হকঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি মৌজা-ভিত্তিক বৈত্যুতিকরণ না করে গ্রাম-ভিত্তিক বৈত্যুতিকরণ করবার কথা চিস্তা করছেন কিনা?

**@প্রবীর সেনগুপ্ত:** এটা একটা সর্বভারতীয় হিসেব। সেধানে মৌজা হিসাবেই করা হয়। পশ্চিমবঙ্গে গ্রাম-ভিত্তিক করা যাবেনা কারণ তাতে হিসাবে অস্কবিধা হবে।

শ্রীসরল দেব: মাননীয় মন্ত্রীমহাশয় যে এডভাইসরী কমিটির কথা বললেন, আমি শুনেছি সেই এডভাইসরী কমিটির সাজেশন নাকি বিদ্যুৎ দগুরের কর্মচারীরা শুনতে বাধ্য নন। তাঁরা যাতে এডভাইস শোনেন এবং এডভাইসরী কমিটি যে সমস্ত কন্ট্রকটিভ সাজেশন দেন তা যাতে তাঁরা কার্যকরী করেন তার জন্ম কোন নির্দেশ দেবেন কিনা? তা নাহলে এই যে কমিটি, ইট ইল্ অফ্নো ইউল্।

**এপ্রবীর সেমগুপ্ত ঃ** এডভাইসরী নেচারের কোন নির্দিষ্ট প্রস্তাব দেওয়া হয়েছে অথচ বিচ্যুৎ পর্বদের অফিসাররা তা গ্রহণ করেন নি— এই ধরণের কোন ঘটনা আমার গোচরে আনলে আমি বিষয়টি দেখতে পারি।

#### কেন্দ্রীয় সরকারের কলিকাভার অফিস স্থানান্তরকরণ

\*১৭৪। (অহুমোদিত প্রশ্ন নং \*১৫৬।) **এঅমলেন্দ্র রায়**ঃ মাননীয় ম্থ্যমন্ত্রী মহাশন্ত্র অহুগ্রহ করে জানাবেন কি, কেন্দীয় সরকারের কোন কোন অফিস কলকাতা থেকে সরিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা শুরু হয়েছে এই মর্মে কোন সংবাদ সরকারের গোচরে এসেছে কি?

**এজ্যোতি বস্তু :** ইঁয়া। যথা—(১) কলিকাতা ফরেণসিক ল্যাবোরেটোরী-কাম-ডিটেকটিভ ট্রেনিং স্কুল কলিকাতা থেকে দিল্লিতে স্থানাস্তকরণ,

- (২) কলিকাতা অর্ডনাব্দ ডিপো তুলে দেওয়া,
- (৩) কোল ডিভিসন এবং অফশোর মিনারাল এক্সপ্লোরেশন এবং জিওলজিক্যাল সার্চ্চে অফ ইণ্ডিয়ার মেরিং জিওলজি ডিভিসন কলিকাতা থেকে স্থানাস্তকরণ,
- (৪) ষ্টিল অথরিটি অফ ইণ্ডিয়ার দেণ্ট্রাল মার্কেটিং অরগানাইজেশনের এক্সপোর্ট ও ইম্পোর্ট বিভাগ কলিকাতা থেকে নয়াদিলি স্থানাস্তকরণ।

#### [1-10-1-20 P.M,]

শ্রী অমতে রায়ঃ আমি জানিনা যে ফরমালি এই সব অফিস তুলে নিয়ে যাবার আগে স্টেট গভর্নমেন্টের সঙ্গে কোন আলোচনা করার কোন বাধা আছে কি না। ফরমালি হোক আর ইনফরমালি হোক এই সব অফিস তুলে নিয়ে যাবার জন্ম অনেক সমস্থার উদ্ভব হয়েছে। এই গুলিকে রাজ্য সরকারকে দেখতে হবে। সেই জন্ম আমি জানতে চাই ফরমালি হোক আর ইনফরমালি হোক এই অফিসগুলি সরিয়ে নিয়ে যাবার আগে তারা কি রাজ্য সরকারের সঙ্গে কোন আলোচনা করেছেন ? যদি করে থাকেন তাহলে রাজ্য সরকারের তরফ থেকে কি বলা হয়েছে?

শ্রীজ্যোতি বস্তু: দিলির এই রকম কোন নিয়ম আছে কিনা আমি জানিনা। খবর পেয়ে আমরা আলোচনা করেছি। আমাদের কিছু জানানো হয় না। আমরা সেই অফিসের এমপ্লয়ীজদের কাছ থেকে, কর্মীদের কাছ থেকে খবর পাই বে এই অফিস অন্য জায়গায় নিয়ে যাওয়া হচ্ছে। আমরা তথন দিন্ধিকে জানাই—এটা কেন করছেন, এটা করা উচিৎ নয়। আমি এই বে ৩-৪টি অফিসের কথা বললাম সেই ব্যাপারে তারা কি রিপোর্ট দিয়েছেন সেটা আমার কাছে আছে। কেন্দ্র বে রিপোর্ট দিয়েছেন আপনি বদি জানতে চান তাহলে আমি জানিয়ে দিতে পারি।

With regard to No. 1, Union Home Minister intimated that there was no move to shift the Central Forensic Science Laboratory, Central Detective Training School and office of the Government of Examiner of Questioned Documents. What was being shifted for purposes of better coordination and operation control was only the office of the Commandant, Central Forensic Institutes and that out of 10 staff there, only there were to be transferred to Delhi.

Regarding No 2, Prime Minister who was requested to allow the Ordnance Depot, Calcutta to continue to function assured me that due consideration would be given before the final decision was taken. This was also discussed with the Prime Minister. The Prime Minister was again requested to take an early decision in the matter so that the state of uncertainty through which the workers of this Depot had been passing might be removed. In reply, the Defence Minister stated that the Ordnance Depot, Calcutta would be disbended for the national interest. In the William Pricas also with which is will not affect the locally controlled employees numbering about 354, as the Government will not remove any locally controlled employees from the Depot. Without providing him with alternative employment within West Bengal. His pay will also be protected.

As regards No. 3 and 4 the Union Minister of Steel and Mines has intimated that there is at present no proposal to shift those organisations from Calcutta-

As regards shifting Diesel Periodical Overhauling Section from Siliguri Junction to Ajmeer and Goldenrock Shri Ananda Pathak M. P. raised the issue in Parliament in 1981. I also requested the Union Railway Minister several times to review the decision of the Railway Board to close down the above organisation but without any result. About shifting of two wings of Central Staff Training and Research Institute, Dasnagar,

Howrah to Bangalore and Kanpur, the Union Minister, Labour who was written to in the matter intimated that decision was taken not to shift those 2 wings to Bangalore and Kanpur. With regard to the decision of shifting the Physiological Research Centre from Darjeeling to Delhi, the then Union Minister for Defence intimated that the matter was being reviewed and that the Ministry would let us know after a final decision was taken.

প্রাথারে প্রায়ঃ মাননীয় ম্থ্যমন্ত্রী যা জানালেন তাতে দেখা যাচ্ছে যে এই সব ব্যাপারে আমাদের মতামত নেওয়া বা মতামতের যথাযোগ্য মর্যাদা দেওয়া তো দ্রের কথা আমাদের সঙ্গে কোন আলোচনাই করেন নি। যেহেতু অন্যান্ত সমস্তা রয়েছে, এই গুলিকে আমাদের ট্যাকেল করতে হয় সেই জন্ম অফিস স্থানাস্তরিত করার আগে আমাদের জানানা উচিত। আপনি ডি. ভি. সি-র ব্যাপারে জানেন কি না জানিনা, পার্শবর্ত্ত্ত্বী একটা রাজ্যের শাসক দলের নেতা ডি. ভি. সি-র সদর দপ্তর স্থানাস্তরিত করার জন্ম চেটা চালিয়ে যাচ্ছেন। এইগুলি যাতে না হয় এবং সর্ব্ব ক্ষেত্রে—যেগুলি তুলে নিয়ে যাবার কথা হচ্ছে— এইগুলি নিয়ে কোন আলোচনা করছেন কি ?

শ্রীক্ষ্যোতি বস্তুঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সঙ্গে কেন্দ্রীয় সরকারের যে চিঠিপত্র আদান-প্রদান হয়েছে. সে সম্পর্কে তাঁরা কি সিদ্ধান্ত নিয়েছেন বা নেন নি, সে সম্বন্ধে জানাবার জন্মই তো এথানে আমি পড়ে শোনালাম। একটা ক্ষেত্রে ধ্ব সমস্যা ছিল। ওঁরা ন্যাশানাল ইনটারেষ্ট্রকে কোথায় নিয়ে যাচ্ছেন—যেথানে ৩০০/৩৫০ জন শ্রমিক-কর্মচারী আছেন, তাঁদের পশ্চিমবালায় অন্টারনেটিভ্ কোথাও সরাবেন ঠিক করেছিলেন। বিশেষ সোর্স থেকে আমরা যথন এই থবর পাই, তথন কেন্দ্রীয় সরকারের সঙ্গে আমরা আলোচনা করি এবং চিঠি লিখি। প্রত্যেক ক্ষেত্রেই আমরা এই ভাবে চলেছি। এখানকার কোন সদক্ষ ডি. ভি. সি-র দপ্তর সরিয়ে নিয়ে যেতে বলেছেন কিনা আমার জানা নেই। কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনায় আমরা কথনও স্থফল পেয়েছি, আবার কথনও পাই নি। তবে এখানকার ইন্দ্রিরা কংগ্রেসের কোন সদক্ষ ডি. ভি. সি-বে শিক্ট করে অন্য কোথাও নিয়ে যাবার জন্ম বলেছেন কিনা আমার জানা নেই। ছি. ভি. সি-বে চেয়ারম্যান আমাদের কাছে ডি. ভি. সি-র দপ্তরের জন্ম হাউস নির্মাণ করবেন বলে জমি চেয়েছিলেন। আমরা কিছু জমি দেখেছি, কিন্তু সিদ্ধান্ত এখনও হয়নি। বিহার সরকারের পক্ষ থেকে দাবী উঠেছিল—একজন মন্ত্রী বলেছিলেন—ডি. ভি. সি-র দপ্তর এখান থেকে সরিয়ে বিহার রাজ্যে বসানো উচিত।

শ্রীসভ্যরপ্তম বাপুলী: মাননীর অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মৃথ্যমন্ত্রীকে বলে দিতে চাই যে, আমরা কেউই চাই না পশ্চিমবাংলাকে তুর্বল করে এথানকার কোন অফিস অন্তর চলে যাক। অমলবাবুর প্রশ্নের উত্তরে মৃথ্যমন্ত্রী হিসাবে স্টেটমেন্ট দিতে চাইলে তা তিনি পারেন। কিন্তু অমলবাবু কোন্টেন করতে গিয়ে কংগ্রেস পক্ষকে এ্যাকুইজিং করে স্টেটমেন্ট দেন কি করে? তিনি বলেছেন এ্যাকুইজিং কংগ্রেস (আই) এ্যাজ ইফ কংগ্রেস হাজ কজন্ড দি শিকটিং অফ দি ডি. ভি. সি.। ক্যাটিগোরিক্যালি তিনি এখানে এই ভাবে বলেছেন।

**জ্রীজমতোক্ত রায়ঃ** তার, আই টেক সিরিয়াস অবজেকশান টু দি স্টেটমেণ্ট মেড বাই জ্রীবাপুলী।

মিঃ স্পীকারঃ না, আপনি এখন বস্থন।

শ্রীক্সন্থিকা ব্যানার্জী: একটু আগে যে কথা এখানে উঠেছে, সে ব্যাপারে আমি বলব, পশ্চিমবন্ধ বিধানসভার বিধায়ক হিদাবে আমরা কেউই চাই না স্থাশানাল ইণ্টারেষ্টের সঙ্গে এখানকার ইণ্টারেষ্টের কোন ক্লাস্ হোক। এই সঙ্গে সঙ্গে ম্থ্যমন্ত্রীকে বলব, এখানে আমরা ইন্দিরা কংগ্রেসের মেম্বার বাঁরা আছি, এই ব্যাপারে আমরা সব সময় সহযোগিতা করব। সর্ব সম্মত কোন প্রস্তাব এখানে এনে কোন রেজোলিউশান আপনি দিতে চান কিনা জানাবেন।

### মেছেদা-দীঘা সড়ক

\*১৭৫: (অন্নাদিত প্রশ্ন নং \*৪৮২।) **এবিভিমবিহারী মাইডিঃ** বিগত ১৮-৪-১৯৮৩ তারিথের প্রশ্ন নং \*৫৫০ (অন্নাদিত প্রশ্ন নং \*২২১৪)-এর উত্তর উল্লেখে মাননীর পূর্ত বিভাগের মন্ত্রিমহাশন্ত অন্তর্গ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) মেছেদা-দীঘা সভকটির নির্মাণকার্য বর্তমানে কি পর্যায়ে আছে ; এবং
- (খ) ঐ বাবত আহুমানিক কত টাকা ব্যয় হবে ?
- রিষ্টান চক্রবর্ত্তীঃ (ক) সড়কটিকে যানবাহন চলাচলের উপযুক্ত রাথিয়া অত্যস্ত
  প্রয়োজনীয় অংশগুলি চওড়া ও পোক্ত (strengthening) করিবার জন্ত ব্যবস্থা
  করা হইতেছে।
- (খ) ১৯,০০,০০০ ( উনিশ লক্ষ টাকা )

শ্রীকামাক্ষা চরণ ছোষ: এই সড়ক দিয়ে অনেক লোক যাতায়াত করে। স্থতরাং সড়কটি তাড়াতাড়ি শেষ করবার জ্বন্য মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি। এই প্রসঙ্গে একটা প্রশ্ন করতে চাই যে, ওথানে কাজকর্ম অত্যস্ত ঢিলে তালে চলছে, এ বিষয়ে আপনি অবগত আছেন কি?

শ্রীষতীন চক্রবর্ত্তী: জামার জানা আছে যে, রাস্তাটি অত্যস্ত গুরুত্বপূর্ণ। বিশেষ করে আমাদের মাতদিনী সেতু খুলে দেবার পর মানবাহন সেথানে যে পরিমাণে চলার কথা ছিল, সে তুলনায় অধিক সংখ্যক মানবাহন চলছে। এত সংখ্যক মানবাহন চলার ফলে রাস্তাটি যতখানি স্ফৌনদেন করা উচিত ছিল, ততথানি আমরা করতে পারি নি। এর কারণ হচ্ছে আমাদের আর্থিক অসংগতি। যে পরিমাণ সন্ধৃতি আমাদের আছে, তাই দিয়ে আমরা ১৯ লক্ষ টাকা মঞ্ব করেছি। কাজ সেখানে এগিয়ে চলেছে।

শ্রীলকণ শেঠঃ উক্ত রাস্তাটি জাতীয় সড়ক হিসাবে গণ্য করার ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছে কোন স্থপারিশ করা হয়েছে কিনা ?

শ্রীষভীন চক্রবর্তীঃ না করিনি, তবে কেন্দ্রীয় সরকারের কাছে জাতীয় সড়ক হিসেবে গণ্য করার জন্ম আরও কয়েকটি রাস্তার কথাবার্তা বলেছি সেগুলি এখনও মঞ্ব হয়নি।

### বীরভূম জেলার পাটনীলে সংঘর্ষ

\*১৭৬। (অন্ন্যাদিত প্রশ্ন নং \*২০৬।) **শ্রীস্থনীতি চট্টরাজ**ঃ স্বরাষ্ট্র (পুলিশ)
বিভাগের মন্ত্রিমহোদয় অন্নগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) ১৪ই অক্টোবর, ১৯৮৩ তারিথে বীরভূম জেলায় পার্টনীল গ্রামে দাঙ্গা-হাঙ্গামার কোন সংবাদ সরকারের গোচরে এসেছে কি:
- (খ) উক্ত ঘটনায় জড়িত থাকার ব্যাপারে কতজনকে অভিযুক্ত করা হয়েছে ; এবং
- (গ) উক্ত ব্যক্তিরা কোন রাজনৈতিক দলের দলভূক্ত কিনা ?

### [ 1-20-2-15 P. M. including adjournment ]

প্রত্যোতি বস্ত : (ক) না, ঐ তারিখে পাটনীলে কোন ঘটনা ঘটেনি। তবে গত ১৪ই নভেম্বর ১৯৮৩ তারিখে পাটনীল গ্রামের হান্দামার ঘটনা নান্র থানায় লিপিবদ্ধ করা হয়েছে।

- (४) २३ জन राक्तिक।
- (গ) অভিযুক্তদের মধ্যে একজন সি. পি. আই. (এম) দলভূক্ত বিধানসভার সদস্থ। অন্তরা সাধারণ ভাবে সি. পি. আই. (এম)-এর সমর্থক বলে কথিত।

শ্রীস্থনীতি চট্টরাজ: ১৪ই নভেম্বর সি. পি. আই ( এম )-এর এম. এল. এ. যিনি গ্রেপার হয়েছিলেন তাতে ঐ ঘটনায় কতজন খুন এবং কতজন মহিলা ধর্ষিতা হয়েছিলেন ?

**এজ্যোতি বন্তুঃ** একজন খুন হয়েছেন এবং কোন মহিলা ধৰ্ষিতা হননি।

. **শ্রীস্থনীতি চট্টরাজ**ঃ যে মহিলা ধর্ষিতা হয়ে মৃথ্যমন্ত্রীর কাছে ডাইরে**ক্ট** এ্যাপ্লিকেশান করেছিলেন সে সম্বন্ধে কোন তদস্ত কি হয়নি ?

শ্রীজ্যোতি বস্তুঃ ধর্ষিতা হয়েছিলেন বলে আমার কাছে কোন খবর নেই, কেউ কোন কমপ্রেন করেন নি। এমন কি দিল্লী থেকে মহিলা এম. পি. যাঁরা এসেছিলেন তাঁরাও কোন অভিযোগ করেন নি পুলিশের কাছে।

ডাঃ জয়নাল আবেদিন ঃ আমার কাছে রিপোর্ট আছে এক্স এম. পি. আমজাদ আলির কাছ থেকে। মাইনরকে রেপ্ করা হয়েছে, even their private parts have been injured. এই রকম অভিযোগ আছে কি ? আপনি বলছেন একজন মারা গেছে, কিন্তু আমার সংবাদ হচ্ছে একজন মহিলা এবং লোকমান নামে একজন গ্রামের মাসুষ মারা গেছে—এটা কি সত্য ?

শ্রীজ্যোতি বস্তু: আমার কাছে এই রকম খবর আছে যে একজন মারা গেছে। জন্ম বেটা বলা হল এটা আশ্চয় যে যিনি শ্বরাষ্ট্র মন্ত্রী তাঁর কাছে রিপোর্ট এলনা, রিপোর্ট গেল জন্মনাল সাহেবের কাছে। একজন কংগ্রেদের খ্ব উচ্চ পর্ধায়ের নেতা আমাকে বলেছিলেন এই রকম সব সংবাদ আছে। আমি বললাম, বলছেন না কেন পুলিশের কাছে ? ২/১ জন না বলতে পারেন। ১১ জন না বলতে পারেন। তিনি বলেন, তাদের এসব কথা বলা শক্ত। পুরুষের কাছে কি ভাবে বলবে ? কিন্তু আপনি তো পুরুষ, আপনার কাছে বললো কি ভাবে ?

শ্রীধীরেক্সনাথ সেন: যে ব্যক্তি খুন হয়েছে তার বিরুদ্ধে কয়েকটি ডাকাতির অভিযোগ আছে কি ? **জ্রীজ্যোতি বন্ধঃ** তাঁর সমাজ বিরোধী বলে পরিচয় ছিল। কিন্তু সমাজবিরোধী হলেও খুন করা যায় না।

( শ্রীস্থনীতি চট্টরাজ্ব বলিতে উঠিলেন। গোলমাল। উনি সমান্ধবিরোধী)

মিঃ স্পীকার: আপনি আবার এই রকম কথা বলছেন? কতবার তুমূল গোলমাল হয়েছে এই রকম কথা নিয়ে, আবার আজকে বলছেন? Mr. Chattaraj, don't behave like this. It is not fair you have to maintain the decorum of the House.

ভাঃ মানষ ভুঁইয়াঃ ঐ ঘটনার পর কেন এস. ডি. পি. ও.-কে বদলী করা হল ?

**জ্রীজ্যোতি বস্তুঃ** তাঁকে বদলী করা হয়েছে কারণ তিনি যে ব্যবহার করেছিলেন জনপ্রতিনিধির সঙ্গে সেটা করা উচিত নয়।

( তুম্ল হটগোল )

( Noise and interruption )

[ Shri Suniti Chattaraj rose to speak ]

Mr Speaker: Mr. Chattaraj, please take your seat. I am on my legs. If you do not take your seat, I will abandon all the questions.

( Again Shri Suniti Chattaraj and other members rose in their seats )

Mr. Speaker: Mr. Chattaraj, for the last time I request you to take your seat.

(Shri Suniti Chattaraj did not take his seat)

( Noise and interruptions )

Mr Speaker: Under Rule 347 I direct you to withdraw from the House for the day. The House stands adjourned for half an hour.

( At this stage the House was adjourned for half an hour )

#### STARRED QUESTIONS

#### (To which answers were laid on the table

### কংগ্রেস ( ই ) দলের অধিবেশনের প্রয়োজনে সরকারী ফ্র্যাট ভাডা

\*১৭৭। (অহুমোদিত প্রশ্ন \*৫১৪।) **জ্রীজগদীশাচন্দ্র দাস**ঃ আবাসন বিভাগের মন্ত্রি-মহোদয় অহুগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) বিগত ৭৭তম কংগ্রেস (ই) র অধিবেশনের জন্ম রাজ্য সরকার কোন বাসস্থান (ফ্ল্যাট) ভাডা দিয়াভিলেন কি:
- (थ) मिग्रा शांकित्न.-
  - (১) কোন স্থানে কতগুলি বাসস্থান (ফ্ল্যাট) ভাড়া দেওয়া হইয়াছিল, এবং
  - (২) উক্ত আবাসনগুলির ভাড়ার হার কিরূপ;
- (গ) ভাড়া বাবত রাজ্য সরকার এ পর্যস্ত মোট কত টাকা পাইয়াছেন ও কত টাকা বাকী স্মাছে; এবং
- (ঘ) বকেয়া ভাড়া, যদি কিছু থাকে, আদায়ের জন্ম সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

### Minister-in-charge of Housing Deptt-

- क) হা।
- খ) ১। সন্টলেক সেক্টর ৩, ব্লক জি, এ তে অবস্থিত পূর্বাচল হাউদিং স্টেটের ৬০০টি ফ্ল্যাট ভাষা দেওয়া হইয়াছিল।
  - ২। ২৫-১২-৮৩ হইতে ৩১-১২-৮৩ তারিখের জন্ম স্ন্যাট প্রতি ভাড়া বাবদ ৫০০ টাকা ও অন্যান্য থরচ বাবদ স্ন্যাট প্রতি ৫০ টাকা অর্থাৎ স্ন্যাট প্রতি মোট ৫৫০ টাকা।
- গ) মোট ৩,৩০, ০০০ টাকা পাইয়াছেন ও কোন টাকা বাকী নাই।
- ছ) প্ৰশ্নই উঠে না।

### বৈছ্যুতিকরণ কর্মসূচী

\*১৭৮। (অহুমোদিত প্রশ্ন নং \*৮৬৮।) **এলিবপ্রসাদ মালিক ঃ** বিহাত বিভাগের মন্ত্রিমহাশয় অহুগ্রহ পূর্বক জানাইবেন কি—

- (ক) ১৯৮৪-৮৫ আর্থিক বৎসরে পশ্চিমবঙ্গের কডগুলি মৌজাকে বৈছ্যতিকরণ কর্মসূচীর অস্তর্ভু ক্ত করা হইয়াছে;
- (খ) তন্মধ্য গোঘাট থানার কতগুলি মৌজা অস্তত্ন হইয়াছে; এবং
- (গ) উক্ত থানার বাকি মৌজাগুলির বৈত্যতিকরণের কাজ কবে নাগাত শুরু হইবে বলিয়া আশা করা যায় ?

#### Minister-in-charge of Power Deptt.

- ক) ১৯৮৪-৮৫ আর্থিক বৎসরে পশ্চিমবঙ্গের অনধিক ২০০০টি মৌজাকে বৈছ্যতিকরণ কর্ম-স্ফীর অন্তর্ভু ক্ত করার পরিকল্পনা আছে।
- এই বিষয়্ম বিশদ কর্মস্ফটী চূড়াস্কভাবে গ্রহণ করা হয় নাই।
- গ) উক্ত থানার অবৈহ্যতিক্বত মৌজাগুলি বৈহ্যতিকরণের জন্ম বর্তমানে কোন অন্থমোদিত পরিকল্পনা নাই।

### অপ্রাপ্তবয়ন্ত বালক / বালিকার নিরুদ্দেশ

- \*১৭৯। (অহুমোদিত গ্রন্থ নং \*৩২৭।) **এত্রিস্তাত মুখোপাধ্যায়**ঃ স্বরাষ্ট্র (পুলিস)
  বিভাগের মন্ত্রিমহোদয় অন্তগ্রহপূর্বক জানাবেন কি—
- (ক) ১৯৮২ এবং ১৯৮৩ সালে পশ্চিমবঙ্গে মোট কডজন অপ্রাপ্তবয়স্ক বালক ও বালিকার নিরুদ্দেশ হওয়ার থবর কলকাতা পুলিস এবং পশ্চিমবন্ধ পুলিশের দপ্তরে এসে পৌচেছিল: এবং
- (থ) তন্মধ্যে এ পর্যস্ত মোট কত সংখ্যক বালক-বালিকাকে উদ্ধার করা সম্ভব হয়েছে? (কলিকাতা পুলিম ও পশ্চিমবন্ধ পুলিমের স্বতন্ত্র হিসাব)

### Minister-in-charge of Home (Police) Deptt.

ক) পশ্চিমবন্ধ পুলিশ কলিকাতা পুলিশ বালক বালিকা বালক বালিকা ১৯৮২ ১৮৩৮ ১৩০৯ ১৪১১ ৭৭৫ ১৯৮৩ ১৯৫৬ ১২৫৫ ১৩৭৮ ৭৩১

খ)		পশ্চিমবন্ধ পুলিশ		কলিকাতা পুলিশ		
		বালক	বালিকা	বালক	বালিকা	
	7245	১৪৬৭	>.4>	৪৮৩	265	
	2200	>>66	p.07	890	২৩৮	

### দামোদর নদের উপর সেতৃ

- \*১৮০। (অন্ন্ৰমাদিত প্ৰশ্ন নং \*৮৬২।) \***এনবনী বাউরি:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয় অন্ত্রহপূর্বক জানাইবেন কি—
  - (ক) বাঁকুড়া জেলায় মেজিয়া ও রাণীগঞ্জ অঞ্চলে দামোদর নদের উপর সেতৃ তৈরী করার কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা; এবং
  - (খ) থাকিলে, কবে নাগাত উহা রূপান্বিত হইবে বলিয়া আশা করা যান্ন ?

Minister-in-charge of Public Works Deptt.

- क) হা।
- খ) বর্তমানে বলা সম্ভবপর নহে।

### Central assistance for strengthening the Police against highway robbery

- \*181. (Admitted question No. \*454.) Shri Deokinandan Poddar: Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—
  - (a) Whether the State Government has received any directive and /or offer of financial assistance from the Centre for strengthening the Police machinery for patrolling the National, State and other highways to check the menace of highway robberies and other highway crimes in West Bengal; and

- (b) if so,—
  - (i) What is the directive and/or offer of the Central Government; and
  - (ii) The steps taken and/or contemplated by the State
    Government in the matter?

#### Minister-in-charge of Home (Police) Deptt-

(a) & (b) A Pilot Scheme on National Highways Patrolling mainly for prevention of road accidents and enforcing traffic discipline has been received from the Govt. of India with an assurance of release of requisite fund for setting up of four Traffic Aid Posts. Though no fund has been received so far, the Scheme has been launched with effect from 14-01-84 on the Calcutta-Durgapur Sector of N, H. 2 from the existing resources of the West Bengal Police.

### ভগবানপুর-পশ্চিমবাড় রাস্তা

\*১৮২। (অন্থ2মাদিত প্রশ্ন নং \*৮৭০।) **শ্রীপ্রশান্তকুমার প্রধানঃ** পূর্ত বিভাগের মন্ত্রি-মহাশয় অন্ত্র্গ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) মেদিনীপুর জেলার ভগবানপুর-পশ্চিমবাড় রান্তার কান্ধ কোন্ দালে শুরু হয়েছিল;
- (খ) এ পর্যস্ত উক্ত রাস্তার কাব্দের কতদ্র অগ্রগতি হয়েছে ; এবং
- (গ) কাজটি শেষ হতে আর কতদিন লাগবে ?

Minister-in-charge of Public Works Deptt.

- क) ১৯৭० माल ७क श्राहिन।
- খ) একটি কালভার্ট সমেত প্রায় ৮<del>১</del> কি: মি: মাটির কান্ধ শেষ হয়েছে।
- গ) অর্থ দপ্তরের অমুমোদন ও প্রয়োজনীয় অর্থ সংস্থানের ওপর রাস্তাটির নির্মাণ কাজ শেষ হওয়া নির্ভর করছে।

### কংগ্রেস (ই) সম্মেলনের জন্ম অভিরিক্ত পুলিস নিরোগ

\*১৮৩। (অহ্যোদিত প্রশ্ন নং ৮৫১।) **এজনিল মুখার্জী:** স্বরাষ্ট্র (পুলিস)
বিভাগের মন্ত্রিমহাশয় অমুগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) কলকাতার জাতীয় কংগ্রেস (ই)-র সাম্প্রতিক সম্মেলনে আইন-শৃৠলা রক্ষার্থে রাজ্য সরকার কোন অতিরিক্ত পুলিস নিয়োগ করিয়াছিলেন কিনা.
- (খ) করিয়া থাকিলে, উহার সংখ্যা কত; এবং
- (গ) উক্ত সম্মেলনের জন্ম রাজ্য সরকারের এ ব্যাপারে কত ব্যয় হইয়াছিল ?

Minister-in-charge of Home (Police) Deptt-

- क) গা।
- খ) মোট ৬,৭৭৬ জন।
- গ) বেষ্টনী ও মঞ্চ নির্মাণের ব্যয় ছাড়া মোট ৬৭,১৬৫ টাকা।

#### মকঃম্বলে প্রাথমিক ও মাধ্যমিক দিক্ষকদের সরকারী আবাসম

\*১৮৪। (অনুমোদিত প্রশ্ন নং \*৮৭৬।) **জ্রীজন্মস্তকুমার বিশ্বাস**ঃ আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অন্ধ্রাহপূর্বক জানাবেন কি—

- (ক) মকংখল শহরের সরকারী আবাসন দপ্তরের বাড়ি / ফ্ল্যাট প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষকরা ভাডা পাওয়ার অধিকারী কিনা:
- (খ) যদি না হন, তার কারণ কি; এবং
- (গ) এ বিষয়ে সরকার কোন বিবেচনা করছেন কিনা?

### Minister-in-charge of Housing Deptt.

ক) মক্ত্র্মল শহরের নিম্ন ও মধ্য আয় সম্পন্ন ব্যক্তিদের জন্ম নির্মিত ক্রাট প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষকরা ভাড়া পাওয়ার অধিকারী। কিন্তু রাজ্য সরকারী কর্মচারীদের জন্ম নির্মিত ক্র্যাট প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষকরা ভাড়া পাওয়ার অধিকারী নন।

- খ) প্রশ্ন উঠে না।
- গ) প্ৰশ্ন উঠে না।

### মূর্লিদাবাদ জেলার অপরাধের ঘটনা

\*১৮৫। (অহমোদিত প্রশ্ন নং \*১০৭।) **জ্রীবীরেন্দ্রদারায়ণ রায়ঃ** স্বরাষ্ট্র (প্রিস)
বিভাগের মন্ত্রিমহোদয় অন্তগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) গত ১লা জান্ত্যারী, ১৯৮৩ হইতে ১৬ই ফেব্রুয়ারি, ১৯৮৪ সাল পর্যস্ত সময়ে মূর্ণিদাবাদ জেলায় কতজন হুর্ব তদের আক্রমণ (১) নিহত, (২) আহত ও (৩) গৃহহারা ইইয়াছে ;
- (খ) উক্ত সময়ে কভগুলি গৃহে আগুন লাগানোর ঘটনা ঘটিয়াছে;
- (গ) উক্ত ঘটনাগুলিতে ক্ষতিগ্রন্থ ব্যক্তিদের মধ্যে বামফ্রণ্টের সমর্থকরূপে বর্ণিত ব্যক্তির সংখ্যা কত;
- (ম) তন্মধ্যে কতজন কোন দলের, এবং
- (৬) উক্ত ঘটনাগুলির সহিত সংশ্লিষ্ট ব্যক্তিদের রাজনৈতিক পরিচিতি কিরূপ ?

### Minister-in-charge of Home (Police) Deptt.

- क) ३। निश्ज-२०
  - ২। আহত-২০৮
  - ৩। গৃহহারা কেহ হয় নাই।
- থ) ১২**টি গৃহে আগুন লাগানো**র ঘটনা ঘটেছে।
- গ) ১৩১ জন।
- মৃত আহত সি. পি. আই ( এম ) ৩ ১০৫ আর. এস. পি ১ ২০ ফরওয়ার্ড রক ১
- উক্ত ঘটনাগুলির সাথে জড়িত সন্দেহে কংগ্রেস ( আই ), সি. পি. আই ( এম ) এবং
   আর. এস. পির সমর্থক বলিয়া পরিচিত সর্বমোট ৭৪ জনকে গ্রেপ্তার করা হয়।
   ৯৯ জন আত্মসমর্পণ করে।

### গ্রামীণ বৈদ্যভীকরণ প্রকল্পে কেন্দ্রীয় সাহায্য

\*১৮৬। (অন্নাদিত প্রশ্ন নং \*২১০।) **এত্রমীতি চট্টরাজ**ঃ বিহ্যৎ বিভাগের মন্ত্রি-মহাশন্ত্র অন্নগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) ১৯৮০-৮১, ১৯৮১-৮২ এবং ১৯৮২-৮৩ সালে গ্রামীণ বৈদ্যুতীকরণ প্রকল্পে পশ্চিমবন্দ বিদ্যুৎ পরিষদ কেন্দ্রের নিকট হইতে কন্ত টাকা পাইয়াছেন; এবং
- (খ) উক্ত বৎসরগুলিতে বরাদ্দক্বত অর্থের—(১) কত গরিমাণ খরচ করা হইয়াছে, ও
  (২) কত টাকা ফেরৎ গিয়াছে ?

Minister-in-charge of Power Deptt.

- ক) পশ্চিমবন্ধ রাজ্য বিদ্যুৎ পর্যদ গ্রাম্য বিদ্যুৎ প্রকল্পে কেন্দ্রের নিকট হইতে সরাসরি কোন
  টাকা পায় না।
- খ) প্ৰশ্ন উঠে না।

#### कजन कांने व जमदा जश्मर्य

- \*১৮৭। ( অন্নাদিত প্রশ্ন নং \*৬১১।) **শ্রীস্থরত মুখোপাধ্যায় : খ**রাষ্ট্র (পুলিস)
  বিভাগের মন্ত্রিমহোদর অন্নগ্রহ ক'রে জানাবেন কি—
  - (ক) ১৯৮২ সালের এপ্রিল মাস থেকে ১৯৮৩ সালের ডিসেম্বর মাস পর্যস্ত সমরে ফসল কাটাকে কেন্দ্র করে মোট কতগুলি সংঘর্গ ঘটেছে ;
  - (খ) উক্ত সংঘর্ষে কডজন ব্যক্তি (১) আহত ও (২) নিহত হয়েছেন; এবং
  - (গ) উক্ত ব্যক্তিরা কোন্কোন্রাজনৈতিক দলের সঙ্গে যুক্ত ছিলেন ?

Minister-in-charge of Home (Police) Deptt.

- क) ७३ है।
- ধ) ঐ সব সংঘর্ষে (১) ২০১ জন আহত এবং (২) ১২ জন নিহত হয়েছেন।
- গ) নিহতদের মধ্যে সি. পি. আই (এম) এবং কংগ্রেস (ই) এর সমর্থক বলে ক্থিত ব্যক্তিরা চিলেন।

### ভমলুক মহকুমায় বৈচ্যুভীকরণ

\*১৮৯। (অহ্নোদিত প্রশ্ন নং \*৪৮৩।) **শ্রীবন্ধিমবিহারী মাইডিঃ** বিহ্যাৎ বিভাগের মন্ত্রিমহাশয় অন্তগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) বর্তমান বৎসরে মেদিনীপুর জেলার তমল্ক মহকুমায় কোন্ কোন্ মৌজায় বৈদ্যুতী-করণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে;
- (খ) ঐ উদ্দেশ্তে আর্থিক বরাদ্দের পরিমাণ কত; এবং
- (গ) নর্বাট মাতজিনী সেত্টিতে বিহাৎ দেওয়ার কোন প্রস্তাব সরকারের নিকট আছে কিনা ?

#### Minister-in-charge of Power Deptt.

- ক) বর্তমান আর্থিক বৎসরে মেদিনীপুর জেলার তমলুক মহকুমায় নন্দীগ্রাম ও মহিষাদল থানার ৫৪টি মৌজা বৈচ্যতিকরণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। মৌজাগুলির নাম দম্বলিত তালিকা সংযোজনী 'ক' সভার টেবিলে পেশ করা হ'ল।
- থ) মৌজাগুলির বৈত্যতিকরণ কাজের অগ্রগতি বিভিন্ন স্তরে রয়েছে। আর্থিক বরাদ্দ কাজের অগ্রগতির উপর নির্ভরশীল। শুধু এই কাজগুলির জন্ম বরাদ্দের পরিমাণ বলা সম্ভব নয়।
- গ) এইরপ কোন প্রস্তাব পাওয়া যায় নাই।

### শালভোড়া থানায় বৈহ্যুতীকরণ

- \*১৯০। (অহুমোদিত প্রশ্ন নং ৮৬৪।) **জ্রীনবনী বাউরি**ঃ বিছ্যুৎ বিভাগের মন্ত্রি-মহাশন্ত্র অহুগ্রহপূর্বক জানাইবেন কি—
  - (ক) বাঁকুড়া জেলায় শালতোড়া থানার তিলুড়ি গ্রামে বৈছ্যতিকরণের কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং
  - (थ) थांकिल, करत नागांच উटा वाखवांग्निच ट्हेरव विनग्न। जांगा करा यांग्न ?

Minister-in-charge of Power Deptt.

- क) मा।
- থ) প্ৰশ্ন উঠে না।

#### ( After adjournment )

(Noise)

Mr. Speaker: Mr. Chattaraj I ask you to withdraw from the House. (Pause) I would again request you to kindly withdraw from the House. (Noise) I name Mr. Chattaraj. I now move a motion under Rule 348 that the honourable member, Shri Chattaraj, may be suspended for the remainder of the Session.

I now put it to vote.

The question that Shri Suniti Chattaraj be supended for the remainder of the Session was then put and agreed to.

The House is adjourned for fifteen minutes.

( At this stage the House was adjourned for 15 minutes )

[2-15-2-26 P.M.]

#### (After Adjournment)

Mr Speaker: I find Shri Suniti Chattaraj is still in the precincts of the Assembly.

( Noise and interruptions )

(Pause)

I direct the Marshal to remove Shri Suniti Chattaraj physically from the House.

#### ( Noise and interruptions )

(Marshal then tried to proceed towards Shri Suniti Chattaraj but was obstructed by some members of the Cong (I) Party who encircled Shri Suniti Chattaraj)

Dr. Zainal Abedin: Sir, I rise on a point of arder.

Mr. Speaker: : No point of order.

( Noise and interruptions )

(Pause)

I again direct Marshal to remove Shri Suniti: Chattaraj physically from the House.

( Noise and interruptions )

(Pause)

I direct the Marshal to use such force as is necessary to remove Shri Suniti Chattaraj from the House.

(Noise)

At this stage, Marshal tried to proceed towards Shri Suniti Chattaraj but he was prevented from doing so as Shri Chattaraj was encircled by several members of the Congress (I) benches.

Mr. Speaker: I direct the Marshal to bring his men to physically remove Shri Suniti Chattoraj from the House.

(At this stage 10 Staff of the Watch and Ward Section assisted the Marshal to carry out the orders of the Speaker. But Shri Suniti Chattaraj

AP(81-1/84)---78

was encircled by some members of the Congress (I) benches. Marshal along with the Watch and Ward staff could not reach him.)

#### (Noise

( Several members of the Congress (I) benches rose in their seats and shouted slogans )

Mr. Speaker: I, under rule 348(1), name Shir Subrata Mukherjee to withdraw form the House.

#### ( Noise and interruptions )

(At this stage, Shri Subrata Mukherjee slong with some other members of the Congress (I) benches were shouting slogans—Marshal Shahi Dur Hato, "Jangi Sahi Dur Hato".)

#### (Noise)

Mr. Speaker: Under rule 348(2), I put the question that Shri Subrata Mukherjee be suspended from the services of this House for the remainder of the Session.

#### ( Voices-AYES )

The motion was then put and agreed to.

#### (Noise)

(Shri Suniti Chattaraj: Mr. Speaker, you are suspended from the House)

#### (Noise)

(At this stage, several members from Congress (I) benches rose in their seats and shouted slogans)

Mr. Speaker: Under rule 348, I put the question that Shri Dhirendra Nath Sarkar be suspended from the services of this House for the remainder of the Session.

The motion was then put and agreed to-

(Noise)

Mr, Speaker: Under rule 348, I put the question that Shri Naba Kumar Roy be suspended from the services of this House for the remainder of the Session.

The motion was then put and agreed to.

(Noise)

Mr. Speaker: Under rule 348, I put the question that Shri Arun Kumar Goswami be suspended from the services of this House for the remainder of the Session.

The motion was then put and agreed to.

(Noise)

Mr. Speaker: Under rule 348, I put the question that Shri Satya Ranjan Bapuli be suspended from the services of this House for the remainder of the Session.

The motion was then put and agreed to.

(Noise)

Mr. Speaker: Under rule 348, I put the question that Dr. Manas Bhunia be suspenden from the services of this House for the remainder of the Session.

The motion was then put and agreed to.

(Noise)

Mr. Speaker: Under rule 348, I put the question that Shri Ashok Ghosh be suspended from the services of this Houses for the remainder of the Session.

The motion was then put and agreed to.

Mr. Speaker: The House is adjourned for the day. The House will meet again at 2.00 p.m. on 9/3/84.

#### Adjournment

The House was accordingly adjourned at 2-26 P.M. till 2-00 P.M. on Friday, the 9th March, 1984, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Friday, the 9th March 1984 at 2 p. m.

#### Present

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 20 Ministers, 18 Ministers of State and 125 Members.

[2-00-2-58 P.M.]

### GOVERNMENT BUSINESS (Financial)

Presentation of the Annual Financial Statement of the Government of West Bengal for the year 1984-85.

(Shri Deba Prasad Sarkar rose to speak)

(Noise)

Mr. Speaker: Now Dr. Ashok Mitra to present the Annual Financial Statement of the Government of West Bengal for the year 1984-85.

ডঃ অশোক মিত্র: মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার অন্তমতি নিয়ে ১৯৮৪-৮৫ সালের রাজ্য সরকারের বাজেট বরান্দের হিসাব উপদ্বাপন করছি। সেই সঙ্গে বর্তমান বছর অর্থাৎ ১৯৮৩-৮৪ সালের সংশোধিত আয়-ব্যয়ের হিসাবও দাখিল করছি।

২। অন্তান্ত বছরের মত এবারও মাননীয় সদ্স্তদের কাছে বাজেট বিবরণীর সঙ্গে একটি আর্থিক পর্বালোচনা (Economic Review) পেশ করা হচ্ছে। এই পর্বালোচনায় এবছর তথা গত বছরের রাজ্যের আর্থিক অবস্থা নিয়ে বিশদ বিশ্লেষণ করা হয়েছে। আমাদের পক্ষে স্কুম্বাদ, গত বছর শতান্দীর ভয়াবহতম ধরার পর এবছর রাজ্যে রুষিপণ্যের ক্ষেত্রে উল্লেখযোগ্য উৎপাদনবৃদ্ধি ঘটেছে। আপাতত বা আভাস পাওয়া যাচছ, ১৯৮৩-৮৪ সালে চালের উৎপাদন

সর্বকালের রেকর্ড ছাড়িয়ে যাবে। খাছাশশ্রের সামগ্রিক উৎপাদন্ও পূর্ববর্তী যে কোনো বছরের উৎপাদনকে অতিক্রম করে যাবে বলে মনে হয়। স্থাম বৃষ্টিপাতের প্রসঙ্গ মনে রেখেও এটা বলা চলে, এই সাফল্য সম্ভব হয়েছে পশ্চিমবঙ্গের কৃষিজীবীদের যুক্ত উদ্যোগ ও পরিশ্রমে। তাঁরা অবশ্য সরকারের বিভিন্ন থাত থেকে ঋণ ও প্রয়োজনীয় উপাদানের ব্যবস্থা তথা বৃহৎ ও ক্ষ্ম সেচের প্রসার থেকে প্রভূত উপকৃত হয়েছেন। সঙ্গে সংক্ষা পঞ্চায়েতের ভূমিকারও উল্লেখ করতে হয়। এই উৎপাদন বৃদ্ধি বিগত কয়েক বছর ধরে রাজ্য জ্বড়ে ব্যাপক ভূমি সংস্কারেরও শুভ ফল।

#### ( At this stage the members of the S.U.C.I. walked out of the chamber )

- ৩। আর্থিক পর্যালোচনায় উল্লেখ করা হয়েছে যে ভূমি সংস্কার এবং সেচ ব্যবস্থার প্রসারের স্থাক্ত শুধু খাছাশশ্রের ক্ষেত্রেই নয়, অন্যান্ত ফানেরে উপরেও সমান প্রভাব ফেলেছে। প্রায় প্রত্যেকটি প্রধান-প্রধান রবিশস্ত ও গ্রীমকালীন শস্তের সামগ্রিক এবং হেক্টরপ্রতি উৎপাদনের হারও উর্ধ্বগতি হয়েছে।
- ৪। ক্রবিক্ষেত্রে প্রাণসঞ্চারের পাশাপাশি রাজ্যের অর্থব্যবস্থার অক্সান্ত কয়েকটি ক্ষেত্রেও অফুরূপ জােয়ার দেখা দিয়েছে। ফলে বর্তমান বছরে রাজ্যের সামগ্রিক উপার্জন বৃদ্ধির হার ১২ শতাংশ অতিক্রম করে ধাবে বলে মনে হয় ; মাথাপিছু আয়ও সম্ভবত ১০ শতাংশ হারের চেয়ে বেশি বাড়বে। মাননীয় সসস্তাগণ জেনে আনন্দিত হবেন, পশ্চিমবঙ্গের সামগ্রিক উৎপাদন তথা মাথাপিছু আয় বৃদ্ধির এই হার বৃদ্ধির জাতীয় গড় হারের চেয়ে অনেকটাই বেশী।
- ে । শিল্প ক্ষেত্রে অগ্রগতি অবস্থা ঈষৎ মিশ্র ধরনের। সারা দেশেই শিল্প উৎপাদনের ক্ষেত্রে নৈরাখ্যের ছায়া, তার প্রতিফলন পশ্চিমবক্ষেও পড়তে বাধ্য। তাহলেও এটা উল্লেখ করা প্রয়োজন আমাদের রাজ্যে তৃ-একটি বিশেষ পরিস্থিতি বিশ্বমান। পাট, চা, কয়লা, ওয়াগন নির্মাণ ইত্যাদি প্রথাগত শিল্পে গত বছর' এবং বর্তমান বছরে অগ্রগতির হার অত্যন্ত মন্থর। বিপরীত চিত্র কয়েকটি নতুন শিল্পের ক্ষেত্রে, যেমন ইলেকট্রনিকসে। শেবোক্ত শিল্পগুলির উন্নতির সম্ভাবনা প্রথাগত শিল্পগুলির থেকে অনেক বেশি, এইটুকু জাের দিয়ে বলা চলে। মালিকানা ও পরিচালনা ব্যবস্থার বিশেষ- প্রকৃতির সঙ্গে প্রথাগত শিল্পগুলির বছদশার অক্যান্ধী সম্পর্ক আছে। উদাহরণ হিসেবে আমি পাট শিল্পের উল্লেখ করতে পারি; কেন্দ্রীয় সরকার জাতীয়করণ করতে সমত না হ'লে এই শিল্পকে বাঁচাবার অন্ত কােনা পথ আছে বলে মনে হয় না। অন্ত কয়েকটি শিল্পের ক্ষেত্রে জাতীয় স্থরে অফুস্তে নীতিই অবস্থা ক্ষরণতির মূল কারণ। যেমন বলা চলে, বর্তমান বছরে কেন্দ্রীয় পরিকল্পনা থাতে হঠাৎ ব্যন্ধ কমানাের শিল্পান্তে পশ্চিমবন্ধে অবস্থিত ইঞ্জিনীয়ারিং শিল্পসমূহ,

বিশেষ করে ওয়াগন নির্মাণ শিল্প, প্রচণ্ড ক্ষতিগ্রান্ত হবে। অক্স যে কথা আমাদের পক্ষ থেকে বছবার বলা হয়েছে, আকর লোহা ও ইস্পাতের মান্তল সমীকরণের নীতি এবং কয়লার ক্ষেত্রে টেলিন্ডোপিক মান্তল প্রয়োগের নীতি এই রাজ্যে ইঞ্জিনীয়ারিং শিল্পের বিপর্যয়ের জক্য প্রধানত দায়ী। যদিও কেন্দ্রীয় সরকার বলছেন যে আকর লোহা ও ইস্পাতের মান্তল সমীকরণের নীতি আন্তে আন্তে বাতিল করে দেওয়া হবে, এ সম্পর্কে এখন পর্যন্ত কোনো কার্যকরী ব্যবস্থা নেওয়া হয় নি। স্বতরাং এই নীতির ফলে পূর্বাঞ্চলের রাজ্যগুলি যে চরম বিপাকে পড়েছে, তা থেকে আপাতত উদ্ধার নেই। আমরা অন্থরোধ করেছি যে যতদিন পর্যন্ত এই নীতি সংশোধিত না হচ্ছে ততদিন বিহার, উড়িক্সা সহ পশ্চিমবঙ্গকে যথোপযুক্ত ক্ষতিপূরণ নিতে হবে। সে ব্যাপারেও কোন সাডা মেলেনি।

- ৬। কৃটির শিল্প এবং ক্রায়তন শিল্পের ক্ষেত্রে কিন্তু এই রাজ্যে গত কয়েক বছর ধরে বিভিন্ন
  নতুন নতুন ব্যবদা নেওয়া সম্ভব হয়েছে। উল্লয়নের সম্ভাবনাও তাই এখানে অনেক বেশি।
  ক্রেশিল্প ইউনিটের সংখ্যা ক্রমাগত বেড়ে চলেছে, আর্থিক পর্যালোচনায় তার উল্লেখ আছে।
  উৎপাদনও সেই সঙ্গে সজ্যোবজনক হারে বাড়ছে। ফলে অতিরিক্ত কর্মসংস্থানের স্থযোগও দেখা
  দিচ্ছে। মোটাম্টি হিসেবে ধরা পড়ছে যে গত তুই বছরে ক্রেশিল্পের মধ্য দিয়ে অন্তত তুই লক্ষ
  মাহুষ বাড়তি কাজের স্থোগ পেয়েছেন।
- ৭। ১৯৮৩-৮৪ সালে ফ্রন্ড উন্নয়নের লক্ষ্য মনে রেখে একটি ক্ষুদ্রশিল্প সমন্বয় সংস্থা শুক করা হয়েছে। এই সংস্থার উদ্দেশ্য, তুই লক্ষ্য টাকা অধিক মূল্যের যন্ত্রপাতি বিনিয়োগ করা হচ্ছে, এ ধরনের ক্ষুদ্র ও মাঝারি শিল্পের জন্ম প্রারম্ভিক ব্যবস্থাগুলি অরাম্বিত করে দেওয়া। প্রতিষ্ঠার আট মাসের মধ্যেই সংস্থাটি ১৬৪টি নতুন শিল্পোত্যোগের ব্যবস্থা নিতে পেরেছে; সব মিলিয়ে তাদের মূলধন বিনিয়োগের হিসেব ২৬ কোটি টাকার মত। মূলধনের প্রায় ১০ কোটি টাকা ইতিমধ্যেই আর্থিক প্রতিষ্ঠানগুলি থেকে মঞ্জুর করা হয়েছে।
- ৮। গত ছই বছরে নির্মাণের ক্ষেত্রেও যথেষ্ট অগ্রগতি ঘটেছে। জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প, স্থানবদ্ধ গ্রামীণ উন্নয়ন কর্মস্থাটী এবং রাজ্য বাজেটে পৌর সভাদির মধ্যবভিতায় নগরোন্নয়নের বে ধরণের নানা পরিকল্পনা গ্রহণ করা হয়েছে, তাদের সম্মিলিত ফলে প্রচুর কাজকর্ম হচ্ছে। স্থানবদ্ধ গ্রামীণ উন্নয়ন কর্মস্থাটীর ব্যাপারে প্রথম দিকে কতকগুলি অস্থবিধা ছিল। রাষ্ট্রায়ত্ত ব্যাক্ষপ্রলির দিক থেকে সামাজিক বৈশিষ্ট্যসম্পন্ন কিছু কিছু প্রকল্প সম্পর্কে থানিকটা অনীহার ভাব ছিল। এই অনীহা সৌভাগ্যবশত ক্রমশ দূর হচ্ছে। প্রাথমিক হিসেব অম্থায়ী, ১৯৮২-৮৩

সালে গ্রামাঞ্চলে বিভিন্ন কর্মস্কচীর মধ্যে দিয়ে আড়াই লক্ষ নৃতন কান্ধ স্পষ্টি করা হয়েছে। বর্তমান আর্থিক বছরে এই সংখ্যা আরও অস্কত ৫০ শতাংশ বাড়বে বলে মনে হয়।

- ১। মাননীয় সদক্ষণণ জেনে খুশি হবেন বে, আমাদের রাজ্যে গ্রামাঞ্চল তথা শহরাঞ্চলে মন্ধ্রীর হার বর্ধমান। চৈত্র থেকে প্রাবণ-ভাদ্র পর্যস্ত বে সময়ে মাঠে বিশেষ কাজ থাকে না, সে সময়েও কিন্তু এবছর কৃষি মন্ধ্রীর হার বেড়েছে। শহরাঞ্চলেও মন্ধ্রী বৃদ্ধির হার এখন পর্যস্ত জীবন্যাতার ব্যায়বৃদ্ধির হারের সঙ্গে সঙ্গতি রাখতে পেরেছে।
- ১০। দেশ জ্ড়ে যে মৃত্রাফীতি ঘটছে পশ্চিমবন্ধ তার প্রভাব থেকে মৃক্ত থাকবে এরকম মোহ অবশ্ব আমাদের নেই। গত এক বছরে পাইকারী মৃল্যস্চক এগারো শতাংশের মত বেড়েছে, খুচরো মূল্যর স্চক এবং জীবনমাত্রা ব্যয়নির্বাহের স্টক বেড়েছে তারও অনেক বেশী। সবচেয়ে বা উদ্বেগের ব্যাপার, দেশের সর্বত্র এবার চমৎকার ফসল হয়েছে, তার কোনো প্রভাবই কিন্তু মূল্যস্তরের উপর পড়ে নি। মূল্যবৃদ্ধির প্রধান কারণগুলি সকলেই জানেন। বিগত চার বছর ধরে কেন্দ্রীয় সরকার বছবার স্রেফ ফতোয়া জারি করে বিভিন্ন নিত্য প্রয়োজনীয় জিনিসের মূল্যবৃদ্ধি ঘটিয়েছেন। এটা ঘটেছে কয়লার ক্ষেত্রে, লোহা ও ইম্পাতের ক্ষেত্রে, আাল্মিনিয়ামের ক্ষেত্রে, পেট্রোলিয়ামজাত ব্রব্যাদির ক্ষেত্রে, ভোজ্য তেলের ক্ষেত্রে। সম্প্রতি কের চাল-গম-চিনির সরবরাহ মূল্য বাড়ানো হয়েছে। তাছাড়া প্রতিনিয়ত বিভিন্ন কেন্দ্রীয় অস্তঃশুক্তের হার উর্ধ্বগতি হওয়ায় জামা-কাপড়, দেশলাই, সাবান ইত্যাদির দামও বেড়ে-বেড়ে গেছে।
- ১১। মূজানীতি, এবং সেই সঙ্গে ব্যবসান্ধিক শ্রেণীর স্বার্থে ব্যাংকগুলির ঋণদানের প্রবণতা, মূল্যবৃদ্ধির গতিকে আরও ধ্রান্ধিত করেছে। ওটাও বলতে হয়, সর্বোচ্চ মহলে আর্থিক অপরাধ সম্পর্কে দয়াশীলতার মনোভাব তথা ছুর্নীতিতোষণের পরিণামে কালো টাকা টাকা বেড়েই চলেছে। এসব কিছুই মূজাক্ষীতিতে আরও ইন্ধন মূগিয়েছে। বিপর্যয়ের আরো বড়ো কারণ, ১৯৮১ সালে কেন্দ্রীয় সরকার আমাদের সতর্কবাণী সন্ত্বেও আন্তর্জাতিক অর্থভাগু থেকে বে শর্তাবলীতে বিপুল ঋণ গ্রহণ করেছিলেন সেই শর্তাবলীর করালরাছ আমাদের এখন গ্রাস করছে। সম্প্রতি অবশ্ব সিদ্ধান্ত নেপ্রয়া হয়েছে ঐ ঋণের শেষ কিন্তি গ্রহণ করা হবে না। ইতিমধ্যেই কিন্তু যা ক্ষতি হবার হয়ে গেছে।
- ১২। অত্যাবশুক পণ্য ও কাঁচামালের দাম যদি বেছে-বেছে বাড়ানো হয় তাহলে মূল্যক্ষীতি ব্যাপক আকার ধারণ করবেই, কোনো জিনিসের দামই আর না বেড়ে থাকবে না। কেন্দ্রীয়

সরকার যদি নিজে থেকে মৃক্রফীতি ঘটান, রাজ্য সরকারের পক্ষে তা হলে সামাল দেওয়া অসম্ভব। রাজ্য সরকার বিগত কয়েক বছরে সরকারী বন্টন ব্যবস্থার প্রসার ঘটিয়ে এবং কাজকর্মের উরতি সাধন করে মূল্যবৃদ্ধির প্রকোপ থেকে সাধারণ মাস্ত্র্যকে কিছুটা স্বস্তি দেওয়ার জন্ম সদা নিরত থেকেছেন। সঙ্গতিসাপেক্ষে রাজ্য সরকার র্যাশন ও ক্রায্যমূল্য দোকান মারকং অত্যাবশ্রক পণ্যাদি সরবরাহ মূল্যে ভতুঁকী দিয়ে জোগানের ব্যবস্থা নিয়েছেন। ১৯৮০ সালে তুঁকোটি ৯০ লক্ষ্ণ টন তণুল সরকারী বন্টন ব্যবস্থার মধ্য দিয়ে বিভরণ করা হয়েছে। এই ব্যাপারে আমাদের প্রশ্নাস অব্যাহত থাকবে।

১৩। মাননীয় সদস্তাগণ জানেন যে, গোটা দেশে সরকারী বন্টন ব্যবস্থা আরও বছল পরিমাণে সম্প্রদারণ, এবং সেই সঙ্গে বারো-চৌদটি ভোগাপণা ও শিল্পোপকরণ সর্বত্র সমান দামে সরবরাহ স্থানিন্ডত করার বিষয়টি নিয়ে ১৯৭৭ সাল থেকে আমরা কেন্দ্রীয় সরকারকে উপরোধ জানিয়ে আসছি। এই পণ্য তালিকায় প্রধান প্রধান থাছাশস্ত, ভোজাতেল, চিনি, হুন, আটপৌরে কাপড়, কেরোসিন, কাগজ, দেশলাই ইত্যাদি অস্তর্ভুক্ত। আমরা এটাও বলেছি, এ সমস্ত পণ্য কেবল সমান মূল্যে সারা দেশে সরবরাহ করলেই চলবে না, ভর্তুকী দিয়ে বাজার দরের চেয়ে কম দামে সরবরাহ করতে হবে। আমাদের প্রস্তাব, এই থাতে ভর্তুকী হিসাবে বছরে এক হাজার কোটি টাকা আলাদা করে রাখা হোক। কেন্দ্রীয় সরকার বড় বড় শিল্পতি ও ব্যবসায়ীদের আরও বহু বেশী পরিমাণ টাকা প্রতি বছর অহ্নদান দিচ্ছেন। স্থতরাং দরিন্ত ও মধ্যবিত্ত শ্রেণীভূক্ত মাহ্যবদের জন্ম এই সামান্য টাকা অহ্নদান দেওয়াতে কোন অস্থবিধা হবার কথা নয়। রাজ্য সরকারের উল্যোগে সম্প্রতি কলকাতায় অহ্নষ্ঠিত মৃথ্যমন্ত্রী ও রাজনৈতিক দলগুলির দম্মেলনে এই প্রস্তাবকে পূর্ণ সমর্থন জানানো হয়েছে।

১৪। সাম্প্রতিক মৃল্যপরিস্থিতি অবশুই ভয়ানক শক্ষার কারণ। কিস্কু অর্থব্যবস্থার গতি-প্রকৃতিও সমান উদ্বেগের হেতৃ। দেশের নানা জায়গায় যদি অশাস্ত অবস্থা চলতে থাকে, তার প্রভাব আর্থিক কিয়াকলাপের উপর পড়তে বাধ্য। ঘ্রিয়ে কিস্কু এটাও বলা চলে যে আর্থিক উয়য়ন যদি রুদ্ধগতি হয়, তাহলে তা-ও রাজনৈতিক অস্থিরতার কারণ হয়ে দাঁড়াতে পারে। দেশের বিভিন্ন অঞ্চলের মধ্যে বিকাশের অসামঞ্জন্ম, ধনী-দরিদ্রের মধ্যে ক্রমবর্ধমান বৈষম্য, কর্মসংস্থান-হীনতা, এসব কিছুই আমাদের দেশের প্রধান সমস্থা। জাতীয় পরিকল্পনার ৩০ বংসর অতিক্রাস্ত হবার পরেও জাতীয় উয়তির হার আদে বাড়ে নি। পূর্বাঞ্চলীয় রাজ্যগুলিতে অগ্রগতির হার জাতীয় গড়ের চেয়ে সব সময়েই কম থেকে গেছে। কৃষি উৎপাদনের বার্ষিক হার ২.৪ শতাংশের বেশি কখনও ওঠেনি। শিল্প উয়য়নের হারও গত দশকে ভয়ক্ষর কমে গেছে: পঞ্চাশের দশকে অথবা যাটের দশকের গোড়ার দিকে যা ছিল, কার্যত তার অর্থেক হয়ে গেছে। শিল্পের ক্ষেত্রে এই ক্রমাবনতির সবচেয়ের বড়ো ভ্রুভভোগী পশ্চিমবক্ষ সহ পূর্বাঞ্চলীয় সব কটি রাজ্য।

১৫। এই আর্থিক অদাফল্যের কাঠামোগত তথা অন্ত কারণগুলি আদে অজানা নয়।
দেশের বেশির ভাগ অঞ্চলে ভূমিশংস্কারে হাত দেওয়া হয় নি। ফলে কৃষির ক্ষেত্রে উৎপাদিকা
শক্তি ব্যাহত। দেচের বাড়তি স্থযোগ স্থবিধা যা স্থষ্ট হয়েছে, কৃষিজীবী সমাজের বিত্তশীল
মান্থবের মধ্যেই তা দীমাবদ্ধ। উপার্জন তথা সম্পতি ব্যবস্থার পরিবর্তন ঘটাতে অনীহাহেতু কি
কৃষির ক্ষেত্রে, কি শিল্পের ক্ষেত্রে জোরাল আভ্যন্তরীণ বাজার তৈরি করা আমাদের দেশে সম্ভব
হয় নি। তাছাড়া যুল্যফীতির ফলে সাধারণ মান্থবের ক্রম্কমতা একটা বড়ো অংশ নিত্য
প্রয়োজনীয় জিদিপত্র সংগ্রহ করতেই ফুরিয়ে যাচ্ছে; শিল্পজাত পণ্যের বাজার তাই আরো বেশি
মার থাচ্ছে। আভ্যন্তরীণ বাজারের বিকল্প হিদাবে রপ্তনী বাড়ানোর যে নীতি, তাও এলোমেলো
অসফল। একমাত্র সমাজতান্ত্রিক দেশগুলিই ভাষামূল্যে আমাদের পণ্য সংগ্রহ করতে উৎসাহ
দেখিয়েছেন। অধিকাংশ পশ্চিমী দেশগুলি কিন্তু নিজেদের বাজারে ভারতীয় পণ্যের অবাধ
প্রবেশাধিকার দিতে অনিজ্বক।

১৬। তৃংথের সঙ্গে বলতে হয়, যাঁরা জাতীয় পরিকল্পনার হাল ধরে আছেন, তাঁরা হয় এসব ব্যাপার বোকেন না, নয় তাঁরা সমাধানের স্থ্র বাতলাতে অপারগ। আমরা বার বার করে কয়েকটি ব্যাপারে তাঁদের দৃষ্টি আকর্ষণের চেষ্টা করেছি। বলেছি কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রত্যক্ষ বিনিয়োগ, কেন্দ্রীয় আর্থিক প্রতিষ্ঠানগুলির বিনিয়োগ, বাণিজ্যিক ব্যাক্ষগুলির ঋণদান নীতি, প্রতিটি ক্ষেত্রেই বিরাট আন্তঃ-আঞ্চলিক ও আন্তঃরাজ্য বৈষম্য আছে। মাননীয় সদস্ত্যগণ প্রাসন্দিক তথ্যগুলি মোটাম্টি জানেন। তাহলেও কয়েকটির পুনরাবৃত্তি প্রয়োজন। দারা দেশে সামগ্রিক জনসংখ্যার শতকরা আট ভাগ পশ্চিম বঙ্গে বসবাস করেন। অথচ ইগুদ্ধিয়াল ব্যাক্ষ অফ ইগ্রিয়া, ইগ্রাম্বিয়াল ক্ষিত্রান্ধ করেপারেশন অফ ইগ্রিয়া, লাইফ ইন্সিওরেন্স করপোরেশন অফ ইগ্রিয়া ইত্যাদি প্রধান প্রধান কেন্দ্রীয় আর্থিক প্রতিষ্ঠানগুলি তাদের সামগ্রিক বিনিয়োগের এমনকি ৪ শতাংশও সাম্প্রতিক বছরগুলিতে এই রাজ্যে বরান্দ করেন নি। ব্যাক্ষগুলির ঋণ-আম্বানতের অন্তপাত, credit-deposit radio, তামিলনাড়্র ক্ষেত্রে ১৫ শতাংশ, মহারাষ্ট্রের ক্ষেত্রে ৮০ শতাংশ, কর্ণাটক ও অন্ধ্র প্রদেশের ক্ষেত্রে ৭৫ শতাংশ। অথচ আমাদের রাজ্যে তা মাত্র ৬০ শতাংশ। কলকাতাকে বাদ দিয়ে যদি হিসেব ক্যা যায়, পশ্চিমবঙ্গের বাকী অংশের ক্ষেত্রে এই অন্তপাত ২৫ শতাংশরেও কম।

১৭। আমরা ব্যাক্ক তথা আর্থিক প্রতিষ্ঠানগুলি থেকে যে আরো বেশি টাকা বরাদ্ধ চাই, তার অক্যতম কারণ কতকগুলি সাংবিধানিক ও অক্য বিশেষ কয়েকটি জটিলতার জন্ম রাজ্যের আর্থিক অসাচ্ছল্য ক্রমশঃ বর্ধমান। কেন্দ্রীয় সরকার কয়লা, লোহা এবং ইস্পাতকে ঘোষিত পণ্য বা ডিক্লেয়ার্ড গুড়স্-ভূক্ত করায় এ সমস্ত জিনিসের উপর আমরা শতকয়া ৪ ভাগের বেশি হারে বিক্রয় কর বসাতে পারি না। আমাদের অক্য ভূটি প্রধান শিল্পপণ্য, পাট ও চা, রপ্তানী দ্রব্য, এবং

রপ্তানীর উপর বিক্রয়কর বসানো যায় না। সংবিধানের যে ৪৬তম সংশোধনী সম্প্রতি গৃহীত হয়েছে তার ফলে রাজ্যে-রাজ্যে পণ্য চলাচল বা কনসাইনমেণ্ট ট্রান্সফারের উপর কর বসানোর আর কোনো বাধা নেই। কিন্তু যতদিন পর্যন্ত না কেন্দ্রীয় সরকার সংবিধানের ২৬১ ধারা অহুযায়ী প্রয়োজনীয় আইন প্রয়োগ করেছেন, ততদিন রাজ্যগুলি এই সংশোধনী থেকে উপরুত হবেন না। এটাও মনে রাথা প্রয়োজন যে, ১৯৬৫ সাল থেকে ১৯৭৫ সাল পর্যন্ত যে গুরুত্বপূর্ণ দশ বছর, সেই দশ বছরে দেশের অন্তর্ত্ত শিলোংপাদন বেড়েছে শতকরা ৪০ ভাগ, পশ্চিমবঙ্গে ওই একই দশকে শিল্পোৎপাদন কমেছে ৪০ ভাগ। এটাও ভোলা চলে না ওই দশকে যথন দেশের বাকী অংশে বিদ্যুতের উৎপাদন ক্ষমতা দিগুণ হয়েছে, পশ্চিমবঙ্গে তথন এক মেগাওয়াটও বাড়তি উৎপাদন ক্ষমতা স্বষ্টি করা হয় নি। শিল্পক্ষেত্র এই চরম বিপর্যয়হেতু আমাদের রাজস্ব সংগ্রহে যে ক্ষতি হয়েছে তা এথনও অপুরণীয়।

- ১৮। এ ধরনের নানা প্রতিবন্ধতা সত্ত্বেও পশ্চিমবঙ্গে সাম্প্রতিক বছরগুলিতে যে অতিরিক্ত রাজস্ব সংগৃহীত হয়েছে, সারা দেশে তা প্রায় সর্বোচ্চ। আমি শ্লাঘার সঙ্গে উল্লেখ করতে চাই, রিজার্ভ ব্যাঙ্ক অফ ইণ্ডিয়ার সাম্প্রতিক এক সমীক্ষা থেকে এটা প্রস্তি যে বিগত কয়েক বছরে পশ্চিমবঙ্গে উন্নয়ন থাতে ব্যয়গু তুলনাগত বিচারে অত্যস্ত উল্লেখযোগ্য। যদি পরিকল্পনা-থাতে ব্যয়ের কথা ধরি, তাহলেও দেগা যায় ১৯৭১-৭২ সাল থেকে ১৯৭৬-৭৭ সাল এই ছয় বছরের তুলনায় ১৯৭৭ ৭৮ সাল থেকে ১৯৮২-৮৩ সাল এই পরবর্তী ছয় বছরে পরিকল্পনা-থাতে ব্যয় প্রায় তিন গুণ বেড়েছে; সামগ্রিক ব্যয়ের অত্নপাত হিসেবে ও পরিকল্পনা-থাতে ব্যয় বৃদ্ধিপ্রাপ্ত হয়েছে। উন্নয়ন তথা পরিকল্পনা থাতে এই ব্যয়বৃদ্ধির প্রসঙ্গেক মনে রাখা কর্তব্য যে সেই তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার সময় থেকেই কেন্দ্রীয় পরিকল্পনা সাহায্যের গড় প্রতি পরিমাণ পশ্চিমবঙ্গের ক্ষেত্রে সর্বনিম্নতম।
- ১৯। এটা অবশ্য অনস্বীকার্য সামনে যে সমাকীর্ণ সমস্যা, তার পরিপ্রেক্ষিতে উন্নয়নমূলক ক্রিয়াকর্ম, তা পরিকল্পনা থাতেই হোক বা তার বাইরেই হোক, আমাদের আরো বহুগুণ বাড়িয়ে যেতে হবে। শুধু পশ্চিমবঙ্গেই নয়, আমাদের প্রতিবেশী যে রাজ্যগুলি, তাদেরও সামগ্রিক বিনিয়োগের মাত্রা প্রচুর বাড়ানো প্রয়োজন। এই প্রতিবেশী রাজ্যগুলি যদি পিছিয়ে থাকে, সেথানেও যদি বেকারীর জ্বালা বাড়ে, তাহলে তার একটা বড় দায় আমাদের উপরই বর্তাবে।
- ২০ 1 বদি জাতীয় সংহতি অক্সারাধা আমাদের প্রধান লক্ষ্য হয়, পূর্বাঞ্চলীয় রাজ্যগুলির আর্থিক উন্নতির সমস্থা নিয়ে হেলাফেলা করা হবে মারাত্মক লীলাবিলাস। উন্নয়নের ব্যাপারে এই রাজ্যগুলি পিছিয়ে পড়লে, পরিকল্পনা-খাতে বিনিয়াগ না বাড়লে, গোটা অঞ্চল বিচ্ছিন্ন চাবাদী ও স্থবিধাবাদীদের শিকার হবে, এরকম আমাদের আশক্ষা।

১)। জাতীয় অর্থ ব্যবস্থার মৌলিক পরিবর্তন যতদিন সম্ভব না হচ্ছে, ততদিন সাধারণ মাহ্মেরে ঈষং স্বস্থি বিধানের জন্যও একটি হ্যানতম কর্মস্টী গ্রহণ তাই প্রয়োজন, যেমন (ক) যে-সমস্ত আর্থিক বিধিব্যবস্থা পূর্বাঞ্চলের রাজ্যগুলির প্রতি বৈষ্যমের প্রধান কারণ এবং যা জাতির দামগ্রিক উন্নতির প্রবাহ থেকে পূর্বাঞ্চলকে বঞ্চিত করছে, সেই বিধিব্যবস্থাগুলি প্রত্যাহার করতে হবে; (থ) আর্থিক প্রতিষ্ঠান এবং ব্যাংকগুলিকে পরিদ্ধার নির্দেশ দিতে হবে যে বিনিয়োগ ও বরান্দের ব্যাপারে পূর্বাঞ্চলের প্রতি কোনো বৈগম্য দেখানো চলবে না; পূর্বাঞ্চলে যাতে বিনিয়োগ বাড়ে সেটা দেখা তাদেরও সমান কর্তব্য; (গ) কেন্দ্রীয় সরকারকে পশ্চিমবঙ্গ সহ গোটা পূর্বাঞ্চলে স্বীয় উল্যোগে বাড়তি বিনিয়োগের ব্যবস্থা নিতে হবে; এবং (ঘ) সামগ্রিকভাবে উন্নয়ন-খাতে ব্যয় তথা পরিকল্পনার পরিমাণ পূর্বাঞ্চলীয় রাজ্যগুলির ক্ষেত্রে যাতে ক্রত উর্দ্ধগতি হয়, পরিকল্পনা কমিশনকে তা নিয়ে আলাদা চিন্তা করতে হবে; দরকার হলে এই সমস্ত রাজ্যের জন্ম বিশেষ অন্তদানের ব্যবস্থা করতে হবে। পরিকল্পনা কমিশনকে এটা বোঝানো দরকার যে যদি উন্নয়নের ধরচে দাড়ি টানা হয়, তাহলে উন্নয়ন-খাতের বাইরে খরচ প্রবণতা বাড়বে বৈ কমবে না।

২২। পশ্চিমবঙ্গকে পুরনো ঋণ মেটানোর জন্ম যে অসম্ভব বোঝা বহন করতে হচ্ছে এবং যার ফলে মূলধনী থাত থেকে আমরা যথাসুরূপ উন্নয়নের ব্যয় বাড়াতে পারছি না, তার উল্লেখ না করে পারছি না। রিজার্ড ব্যাঙ্ক অফ ইণ্ডিয়া কর্তৃক সংগৃহীত তথ্যের ভিত্তিক আর্থিক পর্যালোচনায় এটা দেগানো হয়েছে যে যদি সমস্ভ রাজ্যগুলিকে মিলিয়ে হিসেব করা যায়, তাহলে মূলধনী থাতে ঋণ মেটানোর দায়ের অন্তৃপাত শতকরা ১৯ ভাগ; একা পশ্চিমবঙ্গের ক্ষেত্রে তা শতকরা ৩৫ ভাগেরও বেশি।

২৩। রাজ্য সরকারের তত্বাবধানে একটি বাণিজ্যিক ব্যাক্ষ স্থাপনের জন্ম রিজার্ভ ব্যাক্ক অফ ইণ্ডিয়ার কাছে আমরা যে অন্তমতি যাক্ষা করেছিলাম, সে, সম্পর্কে আমি একটি চুটি কথা বলতে চাই। মস্ত পরিতাপের বিষয়, তিন বছর অতিক্রাস্ত, অথচ আমরা এখনও রিজার্ভ ব্যাক্ক অফ ইণ্ডিয়ার কাছ থেকে সম্মতিস্টিক কোনও বার্তা পেলাম না। বর্তমানে যে ব্যাক্ষগুলি আছে, তারা যদি পশ্চিমবঙ্গের সমস্যাদির দিকে একটু বাড়তি নজর দিত, তাহলে রাজ্য সরকারকে আলাদা করে ব্যাক্ক স্থাপন করার কোনও প্রয়োজন দেখা দিত না। কিন্তু, একটু আগেই যা বলেছি, বাণিজ্যিক ব্যাক্কগুলির ভূমিকা খুবই নৈরাশ্যজনক। আমাদের কোনও-কোনও জ্বেলায় ঋণ-আমানতের অন্তপাত মাত্র ১৫ শতাংশ। এমনও বলা ঠিক নয় যে পশ্চিমবঙ্গে ব্যাক্কগুলি বেণী টাকা ঢালতে পারছে না কারণ ঋণ-দেওয়া টাকা ফেরত আসছে না। ঋণ ফেরতের যা জাতীয় গড়, পশ্চিমবঙ্গে অবস্থা তার চেয়ে খারাপ নয়। গত কয়েক বছর ধরে রাজ্য সরকার ঋণ পুনকক্ষারের ব্যাপারে বিশেষ দৃষ্টি দিয়েছেন। সবচেয়ে দৃষ্টিকটু যা, যে তিন বছর ধরে আমরা

প্রতীক্ষমাণ, এই সময়ের মধ্যেই রিজার্ভ ব্যাঙ্ক অফ ইণ্ডিয়া বেশ কয়েকটি বিদেশী ব্যাঙ্ককে নতুন করে লাইনেন্দ দিয়েছেন। ভেবে অবাক হ'তে হয়, যে ব্যাঙ্ক খোলবার জন্ম আমরা পশ্চিমবঙ্কের দাধারণ মান্ত্র্যের অন্ত্রমতি পেয়েছি এবং যা রাজ্য সরকারের নিয়ন্ত্রণে পরিচালিত হবে, সেই ব্যাঙ্কের প্রস্তাব আমল পায় না, কিন্তু বিদেশী-পরিচালিত, বিদেশী-নিয়ন্ত্রিত ব্যাঙ্ক আমল পায় ।

ষদি কেন্দ্র-রাজ্য সম্পর্কের পুনর্বিশ্বাস আশু ঘটত, তা হ'লে এই কাঠামোর মধ্যেই হয়তো রাজ্যের আর্থিক অস্বাচ্ছন্দ্য থানিকটা ঘোচানো সম্ভব হত। বিগত কয়েক বছর ধরে আমরা অনবচ্ছির এই বিষয়ে দেশের সর্বস্তরের মান্থ্যের দৃষ্টি আকর্যণ করবার চেষ্টা করছি। বর্তমান ব্যবস্থা প্রভূত অসঙ্গতিপূর্ণ; আমি মাত্র একটি উদাহরণ তুলে ধরছি। ১৯৭৬-৭৭ সাল থেকে শুরু করে ১৯৮২-৮৩ সাল পর্যস্ত আয় কর, কর্পোরেশন কর এবং কেন্দ্রীয় অস্তঃশুরু বাবদ পশ্চিমবঙ্গ থেকে ৬,৯৫২'৪০ কোটি টাকা সংগ্রহ করা হয়েছে; অথচ আমরা ফেরৎ পেয়েছি মাত্র ১,৫৩৬,৭২ কোটি টাকা। ঈর্যৎ আখাসের কথা, কেন্দ্রীয় সরকার আমাদের বক্তব্যের যৌক্তিকতা মেনে নিয়ে কেন্দ্র-রাজ্য সম্পর্ক থতিয়ে দেখবার জন্য একটি কমিশন গঠন করেছেন। কমিশনের কর্মপদ্ধতি ইত্যাদি সম্পর্কে আমাদের নানা সংশয় আছে। তা সত্তেও আমরা কমিশনের কাছে একটি বিশদ বিবৃতি দাখিল করব।

- ২৫। বিভিন্ন বিষয়ে, যথা কর্পোরেশন করকে বিভাজ্য ভাণ্ডের দঙ্গে যুক্ত করা, সারচার্জকে আয় করের সঙ্গে মেলানো, ব্যাঙ্কগুলির ভূমিকা, ফতোয়া দিয়ে দাম বাড়ানো, অতিরিক্ত অন্তঃশুব্ধ ইত্যাদি প্রসঙ্গে আমরা যে কথাগুলি বলে আসছিলাম, সে সম্পর্কে অধিকাংশ রাজ্য সরকারই এখন আমাদের সঙ্গে একমত। অতিরিক্ত অন্তঃশুব্ধের গণ্ডি আরো বাড়িয়ে কতিপয় নতুন পণ্যের ক্ষেত্রে তা চাপাবার যে প্রস্তাব করা হয়েছে, মৃণ্যমন্ত্রীদের বিগত সম্মেলনে অনেক রাজ্য সরকারই তার প্রবল বিরোধিতা করেছেন, এমন কি যারা আমাদের রাজনৈতিক মতের পরিপন্থী, তাঁরাও করেছেন। এ সমস্ত ঘটনাবলী থেকে আশা হয় যে অনতিদ্র ভবিষ্যতে ব্যবস্থার পরিবর্তন হয়ে, ফলে সরকারী থাতে গোটা দেশে যে সম্পদ সংগৃহীত হয়, তার একটা বড়ো অংশ রাজ্যগুলির হাতে পৌছতে শুক্ত করবে।
- ২৬। ইতিমধ্যে আমাদের দীমিত দাধ্যের উপর নির্ভর করে রাজ্যের উন্নয়নের গতি ক্ষিপ্রতর করবার জন্ম উত্থোগ আমাদের চালিয়ে যেতে হবে। মানা ভালো এটা ছুরুহ কর্তব্য। যে যে সমস্যাগুলি উল্লেখ করা হয়েছে, দেগুলি পাশে যদি সরিয়ে রাখাও যায়, তাহলেও আমাদের এটা ভুললে চলবে না যে যুল্যমানের উর্ধ্বগতি রাজ্য সরকারের ব্যয়ের উপর নিয়ত বাড়তি চাপ স্বষ্ট করবে। এমনিতেই বিগত কয়েক বছর আমরা নানা সমস্থায় জর্জরিত আছি। কিছুটা আশাদের

কথা, অষ্টম অর্থ কমিশন তাঁদের অন্তর্বর্তী রিপোর্টে আমাদের কাঠামোগত সমস্যাগুলির গুরুত্ব মেনে নিয়েছেন এবং ২৭৫ সংখ্যক ধারা অন্থবায়ী পশ্চিমবঙ্গের জন্ত বিশেষ অন্থদানের ব্যবস্থা করেছেন। অন্তর্বর্তী রিপোর্টে যদিও এই থাতে অতি সামান্ত বরান্দ দেখানো হয়েছে, আশা করব তাঁদের অন্তিম রিপোর্টে আমাদের অন্থবিধাগুলি সামগ্রিকভাবে বিবেচিত হবে। আমরা কমিশনকে জানিয়েছি যে ১৯৮৪ থেকে ১৯৮৯ এই পাঁচ বছরে পরিকল্পনা-থাতের বাইরে আমাদের ঘাটতির পরিমাণ হবে প্রায় ৯,০০০ কোটি টাকা; ধরে নিচ্ছি এই অঙ্কের একটা বড় পরিমাণ তাঁরা মেটাবার ব্যবস্থা করবেন।

২৭। কমিশনের অস্তিম রিপোর্ট পেতে দেরি হচ্ছে, আমাদের ১৯৮৪-৮৫ সালের বাজেট প্রস্তাব তৈরি করতেও একটু অস্থবিধা তাই দেখা দিয়েছে। পরিকল্পনা কমিশনের সঙ্গে আমাদের কয়েকটি বৈঠক হয়েছে; ১৯৮৪-৮৫ সালে রাজ্যের বার্ষিক যোজনার পরিমাণ কত হবে তা নিয়ে কিন্তু আমরা মতৈক্যে পৌছুতে পারি নি। আমরা অতএব প্রধান সমস্যাগুলি নিয়ে আলোচনার জন্ম জাতীয় উন্নয়ন পরিষদের বৈঠক ডাকার অস্থরোধ জানিয়েছি। অর্থ কমিশনের রিপোর্ট হাতে না পাওয়াও পরিকল্পনার পরিমাণ নির্ণয়ে অস্থবিধার একটি বড় কারণ। মাননীয় সদস্যদের কাছে আজ যে যে প্রস্তাব রাখা হচ্ছে, তাতে ১৯৮৪-৮৫ সালের পরিকল্পনার পরিমাণ ৭৪৮ কোটি টাকা দেখান আছে। জাতীয় উন্নয়ন পরিষদে সিদ্ধান্তের পর প্রয়োজন হলে এই অক্টের যথাযথ পরিবর্তন করা হবে। অস্থরপ ব্যবস্থা ১৯৭৯-৮০ সালেও নেওয়া হয়েছিল।

২৮। বাজেট প্রস্তাবে ১,৬৮৫°৮০ কোটি টাকা পরিকল্পনা-বহিন্তু তি থাতে দেখানো হয়েছে, এবং ৭১১°৮১ কোটি টাকা রাজ্য সরকারের অন্যান্য প্রয়োজন মেটানোর জন্ম ধরা হয়েছে: এর ভিতর পুরানো ঋণ সংশোধনের ব্যাপারও আছে। এ সমস্ত অক্কগুলিই অবশ্য অর্থ কমিশনের মঞ্জুরীর পর ওলোটপালট হবে।

২১। বাজেট প্রস্তাবের আহ্বাদ্ধিক কয়েকটি ব্যাপারে আমার কিছু বলার আছে। আমাদের সংবিধান অহ্বায়ী কোন রাজ্য সরকার কিবে। রাজ্য সরকারের অধীনস্থ কোন সংস্থা কেন্দ্রীয় সরকারের অহ্মতি ব্যতীত ঋণপত্র ছেড়ে বাজার থেকে ঋণ সংগ্রহ করতে পারে না। স্বাধীনতার অব্যবহিত পরে ঋণপত্রের মধ্যবর্তিতায় সামগ্রিক যে রাজস্ব সংগৃহীত হতো, তার ত্ই-তৃতীয়াংশ রাজ্যগুলির জন্ম বরাদ্দ থাকত। মস্ত তুথের কথা, কেন্দ্রীয় সরকারের হাতে যত বেশি আর্থিক ক্ষমতা কেন্দ্রীভূত হয়েছে, তত বেশি করে অবস্থার পরিবর্তন ঘটেছে। আজ্বলাল এমন দাঁড়িয়েছে যে ঋণপত্র মারফত সংগৃহীত রাজস্বের মাত্র শতকরা ১০ ভাগ রাজ্যগুলি পাছে, বাকি ৯০ ভাগ কেন্দ্র নিজের হাতে রাথছে। রাজনৈতিক মতামত নির্বিশেষে সমস্ত রাজ্য সরকার এই প্রবণতার

বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছে। আমরা আশা করি অর্থ কমিশনও এ ব্যাপারে কিছু বলবেন। ইতিমধ্যে ঋণপত্র মারফৎ বাজার থেকে সংগ্রহ, এবং আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ বাবদ আমরা ১৯০ কোটি টাকা আগামী বছরের জন্ম বরাদ্ধ ধরেছি।

- ৩০। আমার সহকর্মীরা ব্যয় বরাদ মঞ্বীর অন্থরোধ রাথবার সময় কি কি নতুন প্রকল্পে আগামী বছর হাত দিতে চান, সে সম্পর্কে বলবেন। আমি শুধু একটি ছটি বিষয়ে আলাদা করে বলতে চাই।
- ৩১। মাননীয় সদস্যদের মনে আছে, ১৯৭৮-৭৯ সালে আমরা বেকার সাহায্য প্রবর্তন করেছিলাম। সংবিধানের ৪১ ধারা অন্থ্যায়ী এই ব্যবস্থা নেওয়া হয়েছিল। ঐ ধারা বলে কর্ম-সংস্থানহীনতা, কিংবা বার্ধকা, পীড়া, অথবা অন্থ কোন অক্ষমতা হেতু কোন নাগরিক অস্থ্রবিধায় পড়লে, তাঁর সাহায্যের ব্যবস্থা করা রাষ্ট্রীয় দায়িত্ব। সারা দেশে আমরাই প্রথম এই সাহায্যের প্রবর্তন করেছি; আমাদের দৃষ্টাস্ত পরে বেশ কয়েকটি রাজ্য সরকার অন্থ্যসরণ করেছেন। বেকার সাহায্য প্রদান যেহেতু জাতীয় সংবিধান গ্রাহ্ম সর্বোচ্চ নীতির অন্থপন্থী আশা ছিল কেন্দ্রীর সরকার এই বাবদ আমাদের যা ব্যয় হছেে, তার অস্তত অর্থেক বহন করবেন। তৃংথের কথা কেন্দ্র আমাদের সেই অস্থ্যরোধ রাথেন নি। এই পুরো দায়টা আমাদের একা বহন করতে হবে এটা ঠিক না। ১৯৮৪-৮৫ সাল থেকে আমরা দ্বির করেছি আমাদের বেকার সাহায্য প্রকল্পর সক্ষে ব্যাক্ষগুলির স্বনিযুক্তি প্রকল্প যুক্ত করে নেব। আগামী বছর যাঁরা এই বেকার সাহায্যপ্রাপক হবেন, সমগ্র সাহায্যই তাঁদের বীজমুন্দ্রা সীড মানি) রূপে দেওয়া হবে; বীজ হিসেবে এই টাকা দেখিয়ে তাঁরা ব্যাক্ষ থেকে কোনো-না-কোনো স্থনির্ভর প্রকল্পের জন্য তাহলে আরো অনেক বেশি টাকা ঋণ পাওয়ার ব্যবস্থা করতে পারবেন। এই ব্যবস্থায় প্রত্যেক প্রাপ্তক প্রবর্গর স্থ্যোগও তাঁর সম্প্র্যারিত হবে।
- ৩২। ১৯৮২-৮৩ এবং ১৯৮৩-৮৪ সালে য<sup>\*</sup>ারা বেকার সাহায্য পেতে শুরু করেছিলেন, তাঁদের ক্ষেত্রে বর্তমান প্রচলিত ব্যবস্থা অব্যাহ্ত থাকবে। তবে তাঁরাও যদি ইচ্ছা করেন, এখন থেকে বেকার সাহায্যের টাকা বীজমুদ্রা হিসাবে গ্রহণ করতে পারবেন।
সেদিক থেকে তৃতীয় পক্ষ হিসাবে সম্পূর্ণ নিরপেক্ষ দৃষ্টিভন্দী নিয়ে জনস্বার্থের দিকে দৃষ্টি রেখে আমি মনে করি যে পশ্চিমবঙ্গের বিধানসভার এই অচল অবস্থার আশু অবসান করা দরকার এবং স্থাভাবিক অবস্থা ফিরিয়ে আনা প্রয়োজন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ কথা আপনি স্বীকার করবেন যে গত ছদিন ধরে যে ঘটনার কথা উল্লেখ করছেন এবং যে লজ্জাজনক ঘটনা ঘটে গেল এর দায়িত্ব সরকার পক্ষ এবং বিরোধীপক্ষ উভয়কেই গ্রহণ করতে হবে। কারণ এই জায়গায় এই দায়িত্ব অস্বীকার করার উপায় নেই, কিন্তু আমি সেই সব ঘটনার কথা উল্লেখ না করে বলতে চাই ষে আজকে বাজেটের আলোচনা স্থক হচ্ছে, এবং সেই বাজেট আলোচনায় পশ্চিমবন্ধ বিধানসভায় বিরোধীপক্ষের যে বৃহত্তম অংশ সেই কংগ্রেস বিধায়কদের অন্নপস্থিতিতে সেটা হচ্ছে। আপনারা নিশ্চয়ই স্বীকার করবেন যে গণতান্ত্রিক দিক থেকে এটা স্থন্থ জিনিষ নয়। অস্ততঃ গণতন্ত্রের স্বার্থে আজকে যাতে স্বাভাবিক পরিবেশে এই বাজেট সেসন চলতে পারে সেদিক থেকে সরকার এবং বিরোধীপক উভয়পক্ষেরই উচ্চোগ নেওয়া উচিত। কারণ উভয় পক্ষই বিগত ঘটনার মধ্যে দিয়ে সংসদীয় গণতদ্বের যে মহিমা আমরা দেখিয়েছি তাতে পশ্চিমবঙ্গের মানুষের সামনে এই বিধানসভার ভাবমূর্ত্তি যে ভূলুপ্তিত হয়েছে একথা অস্বীকার করার উপায় নেই। এবং উপায় নেই বলেই এই ঘটনা যাতে আর গড়াতে না পারে সেজন্য অবিলম্বে উভয়পক্ষেরই উল্লোগ নেওয়া উচিত। কারণ আ**ছ্রকে পশ্চিমবন্ধ নানা সমস্থা**য় জর্জরিত, সেই সমস্থা সম্পর্কে পশ্চিমবন্ধ বিধানসভার সদস্থরা যাতে তাঁদের বক্তব্য রাথতে পারেন এবং তাঁদের যতটুকু স্থযোগ রয়েছে তা যাতে বিনষ্ট না হয় সেদিক থেকে উভয় পক্ষেরই এগিয়ে আদা উচিত। আপনি জানেন, গত ১ই মার্চ এই বিধানসভাকে কারাগারে পর্যবদিত করা হয়েছিল, এবং বিরোধী পক্ষের বিধায়কদের উপর পুলিশের লাঠি চার্জের বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে আমি ওয়াক আউট করেছিলাম। ওয়াক আউট করার সময় আমি এই কথাও বলেছিলাম যে বিবোধীপক্ষ বলে আমাদের সব আচরণ সমর্থন যোগ্য নয়, সেথানে বিরোধীপক্ষের সদক্ষদের দ্বারা যাতে এই বিধানসভার মর্যাদা ক্ষম না হয় সেদিকে সচেতন থাকা দরকার। সেই কংগ্রেদ বিধায়কদের আচরণের আমি নিন্দা করেছিলাম। তাই আমি এই কথা বলি, যে আর কালক্ষেপ না করে পশ্চিমবঙ্গের জনগণের স্বার্থে এই বাজেট অধিবেশন স্বস্থ, স্বাভাবিক পরিবেশে ঘাতে চলতে পারে সেজন্ম উভয় পক্ষেরই উল্মোগ নেওয়া উচিত এবং এটাকে সমাধানের জন্ম চেষ্টা করা উচিত। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার: মাননীয় সদৃস্থদের আমি জানাতে চাই, এটাতে আমর। সকলেই একমত যে এই রকম অবস্থা বেশী দিন চলা উচিত নয়। স্বাইকে মিলিতভাবে এই বিষয়টার মিমাংসা যাতে তাড়াতাড়ি হয়, তার জন্ম চেষ্টা করা উচিত। এইটুকু জানাতে চাই, যে আমার দিক থেকে চেষ্টার কোন ফেটি হয় নি। আমি গত পরশুদিন সাজার সাহেবকে আমন্ত্রণ জানিয়েছিলাম গতকাল আমার চেম্বারে আসার জন্ম। মৃথ্যমন্ত্রী মহাশয়কেও আমন্ত্রণ জানিয়েছিলাম। সমন্ত্র ধার্য্য

করেছিলাম বেলা ১১টা এবং তিনজনে আলোচনা করে যাতে এই বিষয়টার সামাধান করা বায়। ম্থামন্ত্রী মহাশয় এসেছিলেন এবং ওঁর জন্ম অপেক্ষা করেছিলেন। সাত্তার সাহেব আসেন নি। আজ সকালেও সাত্তার সাহেবকে টেলিফোন করেছিলাম। উনি চিটি দেওয়ার কথা বলেছেন। এই কথা সকলেই জানেন যে স্পীকার কোনও দিন চিটি দিয়ে কাউকে ডাকেন না এই সিন্ধান্তটা মানতে হবে। আমি তাঁকে বলেছি, আপনি লিথিতভাবে চাইছেনকেন? আপনি আহ্মন, ম্থামন্ত্রী মহাশয়ও আসবেন। উনি বলজেন, মিটিং করে জানাবেন কি করবেন না করবেন। হ্বত্রতবাব্ও টেলিফোন করেছিলেন। কিছুক্ষণ আগে জ্ঞান সিং সোহনপাল মহাশয় এসেছিলেন, ওনাকেও সেই কথাই বললাম। আমি এখন এই হাউসের মাধ্যমে আপিল করিছি, ম্থামন্ত্রী মহাশয় এবং আমি ওঁদের সঙ্গে বংল থাতে বিষয়টি রফা হয়ে যায় এবং বাজেট সেসন যাতে হঠ্ছতাবে চলে সেই জন্ম আমি এই আহ্বান জানাছি।

( মাননীয় অধ্যক্ষ মহাশয়ের বক্তব্যকে সভায় উপস্থিত মাননীয় সদস্থমগুলী স্বাগত জানান )

প্রীদীপক সেনগুপ্ত: মি: স্পীকার স্থার, আপনার অন্থমতি নিয়ে বলছি যে একটি কথা বার বারই বলা হচ্ছে যে আপনি লিখিতভাবে ডাকেননি। আমি জানতে চাইছি বিধানসভায় বিরোধী দলের নেতাকে বা বিরোধী দলকে ডাকবার জন্ম চিঠি দেবার কোন নজির আছে কিনা ?

মিঃ স্পীকারঃ আমার জানা নেই। এখন বিরতি। হাউস আবার বসবে বিকাল ৪টার সময়।

( এই পর্যায়ে সভা বিকাল ৪টা পর্যস্ত বিরতি হয়ে যায় )

[4-00-4-01 P.M.]

( After adjournment )

Mr. Deputy Speaker: The House stands adjourned till 1 p. m. on Wednesday, the 14th March, 1984.

#### Adjournment

The House was accordingly adjourned at 4-01 P.M. till 1 P.M. on Wednesday, the 14th March, 1984, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Wednesday, the 14th March 1984 at 1 p. m.

#### Present

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 11 Ministers, 11 Ministers of State and 179 Members.

[1-00-1-10 P.M.]

Mr. Speaker: With the permission of the Hon'ble Members, I like to make a statement before Question Hour.

Hon'ble Members faced unprecedented situation which developed during the course of proceedings on 8th and 9th March, 1984 which has considerably brought down the image of this August House. We all feel sorry for that. As a Speaker, my task was arduous and while restoring peace and normaly in the House, I was compelled to take certain steps. I take it that none of us intended to bring about the situation in which we are all caught. Some members were also inconvenienced. We should all joint together and start working for smooth functioning of our August House. While doing so we have to forgive and forget everything. I appeal to all sections of the House to eschew bitterness and demonstrate goodwill and mutual respect in discharging our Constitutional obligations towards the people of our State through this August House. I hope similar situations will not arise in future, I am thankful to the Leader of the House and Leader of the Opposition for having arrived at an amicable solution in solving the

problem. I have been assured that all attempts will be made to observe the rules of the House and maintain decorum in the House and uphold its dignity and high traditions. On this happy note I propose to revoke the Suspension Order of the following Members:

- 1. Shri Suniti Chattaraj
- 2. Shri Subrata Mukherjee
- 3. Shri Dhirendra Nath Sarkar
- 4. Shri Naba Kumar Roy
- 5. Shri Arun Kumar Goswami
- 6. Shri Satya Ranjan Bapuli
- 7. Shri Asok Ghosh and
- 8. Dr. Manas Bhunia

I think the consent of the House is in favour of it.

( Voices-AYES )

The Suspension Order is withdrawn.

There will be no further debate on this subject. No other mention and point of Privilege will be allowed on this subject. The matter is finally closed.

শ্রীদেবরঞ্জন সেন: গতকাল এটা দার্কুলেট করার কথা ছিল, এটা আজকের তারিথ করে দিন।

Mr. Speaker: This will be circulated to the Members and also to the Press as soon as possible.

প্রামান কোনের আমানের আনেকগুলো এ্যাডমিটেড্ কোন্ডেন দেওয়া ছিল।
এতগুলো কোন্ডেনের মধ্যে একটা করে দিলে কি করে হবে ? আমাদের লিভার চিক মিনিষ্টার
বলছেন, কোন্ডেন তো আসছে না।

মি: "শীকার: আমার কোন উপার নেই, সবার কোশ্চেন তো আমাকে দিতে হবে।

## **HELD OVER STARRED QUESTIONS**

( To which oral answers were given )

## বাঁকুড়া জেলার লাটিয়াবলী গ্রাম পঞ্চায়েতে অর্থ ভছরূপের ঘটনা

\*৬৩। (অন্নাদিত প্রশ্ন নং \*৩৯৫) **শ্রীনবনী বাউরীঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অন্নগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) ১৯৭৮ সালে বাঁকুড়া জেলার গঙ্গাজন্ঘাট পঞ্চায়েত সমিতির অধীনে লাটিয়াবলী গ্রাম পঞ্চায়েত প্রধানের বিরুদ্ধে অর্থ তছকপের কোন অভিযোগ সরকারের নিকট আসিয়াছিল কিনা;
- (খ) আসিয়া থাকিলে.—
  - (১) উক্ত ঘটনায় কত টাকা তছরুপের অভিযোগ ছিল, ও
  - (২) উক্ত বিষয়ে কোন অহুসন্ধান করা হইয়াছিল কি; এবং
- (গ) অন্ত্ৰন্ধান করা হইলে, এ বিষয়ে কি বাবস্থা গ্ৰহণ করা হইয়াছে ?

## **এীবিনয়কৃষ্ণ চৌধুরী**ঃ (ক) না।

(খ) এবং (গ) প্রশ্ন ওঠে না।

**জ্রীনবনী বাউরীঃ** আপনি 'ক' প্রশ্নের উত্তরে বললেন 'না'। অবশ্য আমরা জানি যে ঐ গ্রাম পঞ্চায়েতের প্রধানের বিরুদ্ধে ইতিপূর্বে একটা কেদ হয়েছিল। দেই জন্ম বলছি, উত্তরটা তো ঠিক ভাবে পেলাম না।

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরীঃ আপনার প্রশ্নটা ঠিক ভাবে করা হয় নি। প্রশ্নটা আপনি করেছেন, ১৯৭৮ সালে গন্ধাজলঘাটি পঞ্চায়েতের উক্ত প্রধানের বিরুদ্ধে অর্থ তছরূপের কোন শ্রভিষোগ সরকারের নিকট এসেছিল কিনা বলে। উত্তরে আমি বলেছি, 'না', কোন অভিযোগ সরকারের নিকট আসেনি। তবে ১৯৮২ সালে উক্ত লাটিয়াবলী গ্রাম পঞ্চায়েতের পূর্বতন প্রধান শ্রীবংশীধর কুণ্ডু মহাশয়ের বিরুদ্ধে অর্থ তছরূপের শ্রভিষোগ এসেছিল। তার পরিমাণ ছিল ৪৭ হাজার ২৫২ টাকা ৪৬ পন্মদা।

জেল। কতৃপক্ষ ২৬-১০-৮২ তারিখে ২১০৬/৩ নং চিঠিতে গঙ্গাজলঘাটি পুলিশ ষ্টেশনে এফ. আই. আর. করেন। জেলা থেকে আসা সংবাদ অন্তয়ায়ী বিষয়টা এথনও কোর্টের বিচারাধীন আছে। ১৯৭৮ সালে কিছু ছিলনা।

**জ্রীনবনী বাউরী:** অভিযোগ আছে, এফ আই. আর. করা হয়েছে তাসত্ত্বেও প্রধানকে গ্রেপ্তার করা হচ্ছে না কেন ?

**শ্রীবিনয়কুষ্ণ চৌধুরীঃ** ১৯৮২ সালে তছরূপ কত হয়েছে ইত্যাদি সব বিচারাধীন আছে।

**এবীরেব্রুলারায়ণ রায়**: এই গ্রাম পঞ্চায়েতের প্রধান কোন রাজনৈতিক দলভুক্ত জানেন কি?

**এবিনয়কৃষ্ণ চৌধুরীঃ** সে বিষয়ে আলাদা প্রশ্ন করবেন।

#### REPORT OF THE PUBLIC ACCOUNTS COMMITTEE

মিঃ স্পীকারঃ আমি হাউদের অত্নমতি নিয়ে লীডার অফ দি অপোজিশানকে পি. এ. কমিটির রিপোর্ট পেশ করতে অত্নরোধ করছি। তিনি অস্তম্ব বলে একট্ট আগে করছি।

Shri Abdus Sattar: Sir, I beg to present the Sixth and Seventh Reports of the Committee on Public Accounts, 1982-84 in respect of—

- Karatowa Irrigation Scheme included in the Supplementary Report of the Comptroller and Auditor General of India for the year 1975-76 (Civil), and
- Action taken on the Report of the Committee on Public Accounts, 1979-80, on the Report of the Comptroller and Auditor General of India for the years 1970-71 to 1973-74 (Civil) relating to the Health and Family Welfare Department (Public Helth Branch and Medical Branch).

#### Share of advertisement by small and medium newspapers

- \*150, (Admitted question No. \*820.) Shri Humayoun Chowdhary: Will the Minister-in-charge of the Information and Cultural Affairs Department be pleased to state—
  - (a) what are the recommendations of the Committee set up by the State Government on financial and other aspects of small and medium newspapers so far as they relate to—
    - (i) the share of small and medium newspapers in State Government's advertisements; and
    - (ii) the advertisement rates; and
  - (b) what action has so far been taken by the State Government in the matter?
  - Shri Prabhas Chandra Phodikar: (a) (i) For small newspapers—22% and for medium newspapers—28% of the annual advertisement allotment of the State Govt.
    - (ii) Rs. 6/- per col. cm for newspapers up to 2000 circulation.
    - Rs. 8/- per col. cm. for those exceeding 2000 but upto 5000 circulation.
    - Rs. 12/- per col, cm. for newspapers over 5000 circulation.
  - (b) The State Govt. accepted the recommendations relating to rates in revised form such as—
    - Rs. 4/- per col. cm. for 500-1000 circulation.
    - Rs. 5/- per col. cm. for 1001-2000 circulation.
    - Rs. 6/- per col. cm. for 2001-5000 circulation.
    - Rs. 8/- per col. cm. for 5001-8000 circulation.
    - Rs. 12/- per col, cm. for 8001-and above circulation.

In respect of share, the State Govt. accepted the recommendations in revised form namely for district papers 15% and for medium newspapers 35% of the State Govt's advt. allotment. The State Govt. implemented the recommendations in the revised from as aforesaid.

( No supplementary )

## পশ্চিমবঙ্গ এবং ওয়েই বেঙ্গল পত্তিকা

\*১৬৭। (অন্তমোদিত প্রশ্ন নং "৮৩৫।) **এজিয়ন্তকুমার বিশ্বাস**ঃ তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্তিমহাশয় অন্তগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) "পশ্চিমবন্ধ" এবং "ওয়েস্ট বেঙ্গল" পত্রিক। তুটি কত কপি ক'রে ছাপান হচ্ছে;
- (খ) উহার মধ্যে বিনামূল্যে কিছু বিলি হয় কি; এবং
- (গ) 'থ' প্রশ্নের উত্তর 'হ্যা' হইলে, তা কাদের দেওয়া হয় এবং তার সংখ্যাকত? (পৃথক্তাবে।)
- **জ্রীপ্রভাস চন্দ্র ফদিকার**ঃ (ক) "পশ্চিমবদ্ধ" পত্রিকা (সাপ্তাহিক) প্রতি সংখ্যায় ৬৪,০০০ কপি এবং "গুয়েস্ট বেঙ্গল" পত্রিকা (পাক্ষিক) প্রতি সংখ্যায় ৮,০০০ কপি ছাপান হয়ে থাকে।
- (থ) **ই**য়া।
- (গ) রাজ্যপাল, মন্ত্রী, এ রাজ্যের বিধানসভাও লোকসভার সদস্ত্রগণ, সংবাদপত্র প্রতিনিধিগণ ও সম্পাদকগণ এবং পশ্চিমবন্ধ ও অন্তান্ত রাজ্য সরকারের উচ্চপদস্থ কর্মচারীদিগকে, শিক্ষা প্রতিষ্ঠান, ভারতের সমস্ত বিশ্ববিদ্যালয়, বিদেশী দ্তাবাস, রাজ্যের গ্রন্থাগার, রাজ্য সরকারের অধীনস্থ উল্যোগগুলি, বিভিন্ন গণসংগঠন ও প্রতিষ্ঠান, ট্রেড ইউনিয়ন এবং কর্মচারী সংস্থাসমূহ, সব বি. ডি. ও., রাজনৈতিকদল সমূহ, চেম্বার্ম্প অব ক্মার্ম, বিধানসভার প্রান্তন সদস্থাগণ, রেডিও, টি. ভি., বিভিন্ন রাজ্যের তথ্যকেক্সমূহ ইত্যাদি প্রক্রিকা তৃটি বিনামূল্যে দেওয়া হয়ে থাকে।

এই সংখ্যা "পশ্চিমবঙ্গ" এর ক্ষেত্রে ৪,৫০০ কপি এবং "ওয়েন্ট বেঙ্গল" এর ক্ষেত্রে ৬,৯০০ কপি।

[1-10-1-20 P.M.]

জিকাত কুমার বিশ্বাস: মাননীয় মন্ত্রিমহাশয় কি থোঁজ খবর নেবেন লেথকদের ধে টাকা দেওয়া হয় সেই টাকা তারা পাচ্ছেন না, ২/৩ বছর ধরে লেখকদের প্রাপ্য টাকা বকেয়া থেকে গেছে।

প্রিপ্রভাস চক্র ফদিকার: আমি থোঁজ খবর নিয়ে বথা সত্তর ব্থোপযুক্ত ব্যবস্থা নেব।

প্রাক্ত কুমার বিশ্বাস: মাননীয় মন্ত্রিমহাশয় এটারও থোঁজ থবর নেবেন যে আপনি বলেছেন বিধানসভার সদস্তাগণকে পত্রিকা ছটি বিনাম্ল্যে দেওয়া হয়ে থাকে, বিধানসভার সদস্তা অস্তত: আমি যথাযোগ্যভাবে নির্বাচিত বিপুল ভোটে, আমি পাইনি। এই ব্যাপারে একটু থোঁজ থবর দেবেন কি?

**ঞ্জিপ্রভাস চক্ত ফদিকার:** আপনার ঠিকানা দেবেন, আমি নিজমভাবে পাঠিয়ে দেব।

শীশান্ত চটোপাণ্যায়: আমার এটা সাপ্নিমেন্টারী নয়, এটা রিকোয়েন্ট ফর এ্যাকসাম। বেহেত্ পত্রিকাগুলি ভাকে পাঠান হয় সেজন্য ভাক বিভ্রাটের ফলে পত্রিকাগুলি পেতে গোলমাল হয়। সেই বিষয়ে দৃষ্টি দেবার জন্ম মাননীয় মন্ত্রিমহাশয়কে অন্পরোধ জানাচ্চি।

শ্রীদেবপ্রসাদ সরকার ঃ মাননীয় মন্ত্রিমহাশন্ত জানাবেন কি 'পশ্চিমবঙ্গ' এবং 'ওয়েষ্ট বেঞ্চল' এই ছটো পত্রিকা ছাপাবার জন্ম বার্ষিক রাজ্য সরকারের কত ব্যয় হয় ?

**এপ্রভাস চন্দ্র কদিকার:** বিশেষ বিষয়ে বিশেষভাবে জানতে গেলে নোটিশ দিতে হবে।

**জ্রীক্রপাসিন্ধু সাহা**ঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি 'ওয়েষ্ট বেঙ্গল' এবং 'পশ্চিমবন্ধ' ১৯৭৭ সালের আগে কত করে প্রকাশিত হড, তার সংখ্যা কত ?

**এপ্রভাস চক্ত্র ফদিকার:** ১৯৭৭ সালের আগে যে সংখ্যা ছিল এগজ্যাক্ট এই মূহুর্তে বলতে পারছি না, বিষয়টি নজরে আনলে বিশেষভাবে বলা হবে। তবে এখন সংখ্যাটা মণেষ্ট বেড়েছে।

মহানন্দা ও ভিন্তা খাল থেকে সেচের জল না দেওয়ার কারণ

\*২১৪। (অন্নোদিত প্রায় নং \*১৩৪।) **শ্রীজ্ঞানেক্স রায়**ঃ সেচ ও জলপথ বিভাগের

মন্ত্রিমহাশয় অফুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৮৩-৮৪ সালে মহানন্দা ও তিস্তা থাল থেকে সেচের জল না দিতে পারার কারণ কি ?

**জ্রীননী ভট্টাচার্য্যঃ** "তিস্তা ব্যারেজ"-এর ও সেচ থালের নির্মাণ কাজ সম্পূর্ণ না হ**ওরার** দক্ষণ ১৯৮৩-৮৪ সালে ভিস্তা ব্যারেজ প্রকল্প থেকে সেচের জল দিতে পারা যায় নি।

শ্রীত্মমেলেন্দ্র রায়ঃ মাননীয় মন্ত্রী মহাশায় জানাবেন কি কেন্দ্র টাকার অভাবে এই প্রকল্পের কাজ বন্ধ হয়ে যেতে বসেছে কি এবং প্রচর পরিমাণে খরচ খরচাটা বেড়ে যাচ্ছে কি ?

শ্রীননী ভট্টার্চার্য্যঃ কেন্দ্রের কাছ থেকে ১৯৮১-৮২, ১৯৮২-৮৩, ১৯৮৩-৮৪ সালের জন্ম যে টাকা চেয়েছিলাম সেই টাকা পাইনি, সেটাও একটা বাধা যার ফলে কাজটা ষেরকম তড়িত গতিতে এগিয়ে নিয়ে যাওয়ার দরকার ছিল সেই রকম এগিয়ে নিয়ে যেতে পারিনি। এছাড়া সিমেন্ট, ষ্টেল সাপ্লাই-এর ক্ষেত্রে অস্থবিধা, ল্যাও এ্যাকুইজিসানের ক্ষেত্রে কিছু বিলম্ব এইসব বাধা ছিল, এগুলি কাটিয়ে উঠবার চেষ্টা করছি। সবচেয়ে বড় কথা হচ্ছে তিন্তা ব্যারেজের সমস্ক গেটগুলি কমপ্লিট হয়নি যাব ফলে এ পর্যন্ত জল দিতে পারছি না। তবে আশা করছি ১৯৮৪ সালের ডিসেম্বরের মধ্যে ১০ হাজার একর কভার করে জল ছাড়তে পারব।

শ্রী অমলেন্দ্র রায় ঃ মাননীয় মন্ত্রী মহাশায় জানাবেন কি আপনি বললেন ডিসেম্বরের মধ্যে জল দেবার ব্যবস্থা হবে, এটা কি ডানদিক, বামদিক ছ'দিকের থাল দিয়ে জল দেবার ব্যবস্থা হবে, না একদিকের থাল দিয়ে ব্যবস্থা হবে ?

শ্রীননী ভট্টাচার্য ঃ ডানদিক দিয়ে দিয়ে জল দেবার ব্যবস্থার কথা বলা হয়েছে মহানন্দার লিক্ক ক্যানেল দিয়ে। বাঁ দিক দিয়ে জল দেবার কথা ছিল না। ফাষ্ট ফ্রেজের সাব স্ত্রেজে এই জল দেবার কথা ছিল। এটাকে এগিয়ে নিয়ে যাবার জন্ম, তাড়াতাড়ি বাঁ দিকের থাল দিয়ে জল দেবার জন্ম, ১১১ কোটি টাকার থাল খনন করার প্ল্যান করা হয়েছে। এজন্ম কেন্দ্রীয় জল পরিষদ এবং কেন্দ্রীয় ইরিগেসন দুপুবকে এটা অন্থ্যোদনের জন্ম পাঠানো হয়েছে। এই অন্থ্যোদনের অপেক্ষা না করে যাতে মন্ত্রী সভার অন্থ্যোদনে একে এগিয়ে নিয়ে যাওয়া যায় ভারও ব্যবস্থা করা হচ্ছে।

জ্ঞীদীপক সেনগুপ্ত: মন্ত্রী মহাশয় বললেন বাঁ দিক দিয়ে জল দেবার ব্যবস্থা ছিল না। এবং এও বললেন যে কেন্দ্রের অহ্যোদন না পেলেও একে এগিয়ে নিয়ে যাবার জন্ম চেষ্টা করা হচ্ছে। তাহলে সার্ভের কাজ কি শুরু করা হয়েছে ?

শ্রীননী শুট্টাচার্য: কেন্দ্রের অন্তথ্যাদন না পেলে—একগা আমি বলি নি, আমি বলেচি ইন এণ্টিসিপেসন যাতে আরও একটু গো-এাহেড করা যায় তার জন্য আলাপ আলোচনা হচ্ছে। ইতিমধ্যে কিছু কিছু সার্ভের কাজ আরম্ভ হয়েছে। প্রিলিমিনারী ওয়ার্ক-কিছু কন্ট্রাকসন-এর কাজ ফরু করা হয়েছে।

**্র্রীজয়ন্তকুমার বিশাসঃ** আমি জানতে চাইছি যে তিন্তার জল বন্টনের ব্যাপারে বাংলাদেশের সঙ্গে কেন্দ্রীয় সরকারের মে কথাবর্তা হয়েছে তার সর্বশেষ রিপোর্ট আপনি জানাতে পারবেন কি ?

শ্রীননী ভট্টাচার্য ঃ এটা যেহেতু তৃটি দেশের ব্যাপার একেশবে এ সম্বন্ধে সঠিক প্রশ্ন না দিলে ঠিক ঠিক উত্তর দেওয়া সম্ভব নয়। আপনি নোটিশ দেবেন।

প্রীস্থরেশ সিংহ: মন্ত্রী মহাশন্ত্র জ্ঞানাবেন কি যে তিন্তা ব্যারেজ যেভাবে গঠন করা হচ্ছে তাতে আশকা করা হচ্ছে এটা বালি দিয়ে তৈরী হয়েছে বলে এটা ভেকে গিয়ে বক্যা হতে পারে।
সিমেন্ট দিয়ে এটা তৈরী করলে স্তবিধা হবে এই রকম আলোচন। আপনি ইসলামপুরে মিটিংয়ে আলোচনা করেছিলেন কিনা ?

**্রীননী ভট্টাচার্যঃ** ইমলামপুরে মিটিংয়ে এই কথা উঠে। এ মন্বন্ধে একটা হাই টেকনিক্যাল কমিটি বিচার করে দেখছেন।

## Resolution for removal of B.D.O, of Raninagar-II Panchayat Samiti

\*215. (Admitted question No. \*316.) Shri Somendra Nath Mitra: Will the Minister-in-charge of the Panchayat and Community Development Department be pleased to state—

- (a) wheather the State Government has any information about the decision of the Raninagar-II Panchayat Samiti in Lalbagh sub-division of Murshidabad district taken through a resolution for removal of the local B.D.O., and the resultant tension between the administration and the Panchayat functionaries in the district and
- (b) if so,-
  - (i) what is the present position in the matter; and
  - (ii) the steps taken and/or is contemplated by the State Government?

Shri Binoy Krishna Chowdhury: (a) Yes, Raninagar-II Panchayat Samiti has adopted a resolution recalling the Block Development Officer and Officio Executive Officer of the said Panchayat Samiti under proviso to section 119(1) of the West Bengal Panchayat Act, 1973.

- (b) (i) The whole matter is now under examination by the Govt.
- (ii) Does not arise.

শ্রীজয়াত্তকুমার বিশ্বাস: মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে এই সম্বন্ধে বিভিন্ন পত্র পত্রিকায় আলোচিত হয়েছে যে জেলা শাসকরা সরকারী নির্দেশ না মেনে তাদের নিজন্ম ব্যাখ্যা দিয়ে অক্সভাবে কাজ করেছেন ? এবং জেলা শাসকরা এইভাবে সরকারী নির্দেশ অমাক্স করতে পারেন কিনা ?

শারেন না। আমি জেলা শাসকদের ডেকেছিলাম এবং চীফ সেক্রেটারী ও ষেহেতু এগ্রিকালচারাল ডিপার্টমেন্ট এর সঙ্গে অডিগ, সেই হেতু এগ্রিকালচার সেক্রেটারীকে ডেকেছিলাম আর পঞ্চায়েড বিভাগকেও ডেকেছিলাম। তারা বলেছে এটা ভূল হয়েছে। গভর্ণমেন্টের আর্ডার কোন জেলা শাসক পরিবর্তন বা পরিবর্ধন করতে পারেন না। এটা দি মোই ক্লারিফিকেসন করতে পারেন এবং কোন সাজেসন থাকে তাহলে তা লিখে পাঠাতে পারেন। গভর্ণমেন্ট ইজ টু ডিসাইড। গভর্গমেন্ট ভারসেদ ডি এম'দ অর্ডার ভাররী করবে এটা হতে পারে না। সেইজন্ম বিভিও ট্রাপ্ত নিম্নেছিল বে হাইয়ার অফিসারের অর্ডার মানতে হবে।

[1-20—1-30 P. M.]

এটা আগুর কনসিডারেশনে ছিল, এই হচ্ছে ঘটনা এবং সেখানে অন্য দিক থেকে—এই জিনিসটা পরে দেখবেন —আমি নিজে মুর্শিদাবাদে গিয়েছিলাম, সব আলোচনা হয়েছে এবং আমরা একটা সলিউশন করবার চেষ্টা করছি। আমরা চাই না যে কোনও অপ্রীতিকর ঘটনা ঘটুক। পারফেক্টলি বলা আছে ওখানে যে নট ওনলি বি. ডি. ও., এমনকি জেলা পরিষদ এবং ইকয়ালি একজিকিউটিভ অফিসারদের প্রভিশন অন্থায়ী কাজ করতে হবে। লাফ জিনিস তো অনেক দ্ব যায়, পার্লামেন্টেও ইমপিচমেন্ট হয়, সেটা তো এক্মট্রিম ষ্টেপ। এটা সব সময় নেওয়া উচিত কি ?

ত্রীআতাহার রহমনঃ মাননীয় অধ্যক্ষ মহাশয় জানাবেন কি, যে রেজলিউশন করা হয়েছে, আপনি তার উত্তর দিলেন। কিন্তু যে ঘটনাকে কেন্দ্র করে রেজলিউশন করা হয়েছে, ডি. এম. গতর্ণমেন্টের নির্দেশ অমাত্ত করেছে। একজন ডি. এম. গতর্ণমেন্টের এই রেজলিউশনকে অমাত্ত করতে পালে কি ? এং করলে, সেই অফিসারের এগেনত্তে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবেন কি ?

জীবিনয়ক্বক চৌধুরী ঃ পারেন না। তাকে আমরা ডেকেছিলাম। চীফ সেকেটারী, এবং অন্যান্ত ছ তিন জন সেকেটারী তাঁর সঙ্গে আলোচন। করেছেন, এবং তাকে বৃধিয়ে দেওয়া হয়েছে। আলোচনার মাধ্যমে তাঁকে বৃধিয়ে দেওয়া হয়েছে যে তার অর্ডার ঠিক নয় এবং সেটা তিনিও স্বীকার করেছেন যে ভুল হয়েছে। তাবপব ক্র অর্ডারটা আব থাকছে না। এই জিনিস হয়েছে।

ত্রীহাজারী বিশ্বাসঃ মাননীয় মন্ত্রী মহাশায় জানাবেন কি, রাণী নগর ত্ নং পঞ্চায়েতের বি. ডি. ও. যে অগণতান্ত্রিক কাজ করলো, এই অগণতান্ত্রিক কাজের জন্য কংগ্রেম আই ঐ বি. ডি. ও.কে মনত দিয়েত্বিল কি না প

**এবিনয়ক্ষ্ণ চৌধুরীঃ** এই সন আমার ছানার কলা নমু। এটা জানা স্কুল নয়।

প্রিক্সান্ত কুমার বিশ্বাস: আমার প্রশ্ন হচ্ছে, এই ঘটনার পর ডি.এম. আমাদের ডি.এল.সি.সি.'র মিটিংএ বলছেন যে সরকারী নির্দেশ যদি এটাক্ট বিরোধী হয়, তাহলে সেটা ইমিমেন্ট করার দায়িত্ব থাকছে না এবং ডি. এল. সি. সি. ব. মিটিং-এ এই সম্পর্কে তাঁর নোটও আছে। এবং ওর প্রশ্ন, মিনিকটি বিভরণকে কেন্দ্র করে যে গোলয়াল হয়েছে গ্রাস রুট থেকে, ভার মানে গ্রাম পঞ্চায়েত থেকে, সেটা এয়াক বিরোধী হয়েছে।

শ্বিনয়কৃষ্ণ চৌষুরী: একটা জিনিস, এটা খ্ব ডিটেলে আমরা আলোচনা করেছিলাম, কারণ সেথানে চীফ সেকেটারী, এগ্রিকালচার সেকেটারী এবং অঞান্ত কয়েকজন সেকেটারীও সেই আলোচনায় ছিলেন। কারণ এই অর্ডারটা হুতন অর্ডার নয়, এই অর্ডার অহ্যায়ী তিন বছর ধরে কাজ চলছে। এই তিন বছরে শুধু মূর্শিদাবাদ জেলা ছাড়া আর ১৫টি জেলায় কোথাও গোলমাল হয়নি। গর্ভারেরেএই অর্ডারের এনটারপ্রিটেশন যদি কোন অফিসার করতে চান ভাহতে তাঁকে লিখিত ভাবে জানাতে হবে, তাঁর ঐ ইন্টারপ্রিটেশনটা ঠিক কি না এবং তিনি সাজেসন দিতে পারেন। ।কয় ডি. এম. যদি ১৫ রকম ভাবে এই অর্ডারের ব্যাখ্যা করেন ১৫ রকম ভাবে এবং ১৫ রকম ভাবে হয় রকম ভাবে এবং ১৫ রকম ভাবে ইমপ্রিমেন্ট করতে চান তাহলে সেটা একটা শিয়ার ক্যায়স স্পষ্ট হবে।

#### Programme for self employment

- \*216. (Admitted question No. \*622.) Shri Atish Chandra Sinha Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state—
  - (a) whether the State Government has launched programmes to help skilled and qualified young men and women to organise themselves as enterpreneurial groups and or for self employment and
  - (b) if so, what are the programmes undertaken in this regard since 1980-81:?

#### Shri Pralay Talukdar: (a) Yes,

(b) The tate Government in the C. & SSIS Department have taken up the following programmes for Self employment of unemployed youth:

- (i) Additional Employment programme;
- (ii) Entrepreneurship Development programme;
- (iii) TRYSEM under IRDP.
- (iv) Training and Servicing programmes in handicrafts, coir, lac and SSI sector:
- (v) The scheme for providing Self-employment to educated unemployed youth.

**্রাদীনেশ চন্দ্র ভাকুরা:** এন্টারপ্রেনিওরসিপ ট্রেনিং-এর কি কি উল্লোগ নেওয়া হয়েছে এবং ক'টি জায়গায় ফ্রেনিং-এর ব্যবস্থা করা হয়েছে ?

প্রশাসর ভালুকদার : এই মৃহর্তে আমার পক্ষে এটা বলা সন্তব নয়, আপনি নোটিশ দেবেন, আমি পরে আপনাকে জানিয়ে দেব। এন্টারপ্রেনিগুর্নিপ ডেভেলাপমেন্টের জন্য বিভিন্ন একেনি আছে এবং তাদের দিয়েই এই ট্রেনিং দেবার বাবস্থা করা হয়। এন. আই. এন. আই. ব্যান্ক আছে, রামকৃষ্ণ মিশন আছে, সেন্ট্রাল মান এয়াও সেরামিক ইনস্টিটিউট আছে। এই রকম বিভিন্ন অর্গানাইজেননের মাধ্যমে এন্টারপ্রেনিগুর্নিপ ডেভেলাপমেন্ট প্রোগ্রামে ট্রেনিং-এর বাবস্থা করা হয়।

্রীদেবরপ্তান সেন ঃ বর্ধমান জেলার অভিজ্ঞতায় আমরা দেখেছি যে, আপনি দরখান্ত নিলেন; বিচার করলেন, ব্যাক্ষের কাছে রেফার করে দিলেন বলে জানালেন। কিন্তু ব্যাক্ষ স্বাইকেই তাড়িয়ে দিছে, টাকা দিছে না—এই সম্বন্ধে আপনার বক্রবা কি ?

ব্রীপ্রালয় ভালুকদার: আনি কোন্ স্বীমের কথা বলছেন সেটা বললে আমি জিনিসটা হয়ত বোঝাতে পারব।

শ্রীদেবরপ্তান সেনঃ এ্যাডিসন্তাল এমপ্রয়মেন্ট স্কীমে ২০ দফা কর্মস্টার ব্যাপারে ২৫ হাজার টাকার বিষয়ে আপনার ডিপার্টমেন্ট থেকে এ্যাডভার্টাইজমেন্ট দিয়ে দরখাস্থ নেওয়া হয়েছে। এই বিষয়ে আপনার বক্তব্য আমাদের বন্ধন।

AP(81-1/84)--95

শ্রীপ্রশাস তালুকদার: এটা এাডিসভাল এমপ্রয়মেণ্ট স্থীম নয়। এটা হচ্ছে স্থীম ফর প্রোভাইডিং সেল্ফ এমপ্রমেণ্ট টু দি আনএমপ্রয়েড্ ইউৎস। এটা আলাদা স্থীম। এই স্থীম সম্বন্ধে আমরা বহুবার বলেছি যে, ব্যাঙ্কের সহযোগিতার উপর এর সাফলা নির্ভর করছে। এই বিষয়ে ব্যাঙ্কের সঙ্গে আমাদের ধারাবাহিক ভাবে আলোচনা চলছে। এই বছরের ৩১শে মার্চ হচ্ছে এর লাই ডেট। জেলায় জেলায় ব্যাঙ্কের সঙ্গে আমরা আলোচনায় বসছি, ষ্টেট লেভেলেও বসছি। যেমন গতকাল বীরভ্ম জেলায় ব্যাঙ্কের সদ্ধে আমরা আলোচনায় বসেছিলাম। আমাদের এডুকেটেড্ ইউপ্ যা আছে লাতে ওয়েই বেন্ধলের টার্গেটি হচ্ছে ২৫ হান্ধার ৫০০ এবং আমরা প্রায় ৪০ হান্ধার এগ্রিকেসান ব্যাঙ্কের কাছে পার্টিয়েছি। ব্যাংক এ পর্যস্ত ৫ হান্ধার স্থাংসাও দিয়েছে এবং ২০ হান্ধারের মত্র স্থাংসাও দিতে বাকি আছে। এপ্রিল মাসে এই সম্বন্ধে বিস্তানিত তথ্য আপনাদের দিতে পারব। এই টার্গেট আমরা যাতে পূর্ব করতে পারি সেই জন্ম ব্যাঞ্কর সঙ্গে আমাদের আলোচনা চলছে।

ত্রীদেবরঞ্জন সেনঃ যারা টাকা পেয়েছে তাদের কাছ থেকে ৬ হাজার ৫০০ টাকা কেটে নিয়ে ফিক্সড্ ডিপোজিট করে রেথে দিচ্ছে। তাদের বলা হচ্ছে তোমরা জীবনে টাকা ফেরত দেবে না, সেই জন্ম ১০ বছরের এফ. ডি. করে রেথে দেওয়া হল, এর ইণ্টারেষ্টে ঐ টাকাটা মেক আপ হয়ে যাবে। ২৫ হাজার টাকার মধ্যে প্রকৃত পক্ষে ১৮/১১ হাজার টাকার মত পেমেন্ট করা হচ্ছে—এই সংবাদ কি আপনার জানা আছে ?

ত্রীপ্রশাস তালুকদার: স্বীমটা হচ্ছে টোটাল টাকার ২৫% সাবসিভি—অর্থাৎ ২৪ হাজার টাকার সাবসিভি হচ্ছে ৬ হাজার টাকা এবং এটা বাদ দিয়ে এন্টারপ্রেনিওরসিপ পাছে ১৮ হাজার টাকা। এই ৬ হাজার টাকাটা এফ. ডি. করা থাকবে এবং এন্টারপ্রেনিওর এই ইন্টারেপ্রটা পাবে। এই কথা কোথাও বলা হচ্ছে না যে টাকা শোধ দিতে হবে না। আমরা প্রভ্যেকটি জায়গায় বলে দিচ্ছি এবং আমি নিজে যতগুলি ভায়গায় গেছি দেখানে এন্টারপ্রেনিওরকে বলেছি টাকা শোধ দিতে হবে এবং টাকা শোধ দিতে পারলে পরবর্তীকালে আমরা আরো ব্যাক্ষের কাছে দাবী জানাতে পারবো। পশ্চিমবাংলায় আমাদের টার্গেট হচ্ছে ২৫ হাজার ৫০০ এবং ব্যাক্ষের সঙ্গে আমরা বারে বারে মিটিং করছি যাতে করে এই টার্গেট ফুলফিল করা যায়। আমরা ব্যাক্ষের কাছে সহযোগিতা চেয়েছি। এ পর্যস্ত ৫ হাজার আমাদের হারেছে, ২০ হাজার বাকি আছে। এই বিষয়ে ধারা-বাহিক ভাবে আলোচনা চলছে এবং আমি নিজে প্রত্যেক জেলায় যাছি, কথাবার্তা বলছি। তবে এই বিষয়ে আমি বিস্তারিত তথ্য আপনাদের এপ্রিল মানে দিতে পারব।

#### বজেশর উষ্ণ প্রভাবণের স্নানার্থীদের নিকট হইতে কর আদায

#২১৮। (অহ্নোদিত প্রশ্ন নং \*৮৯৮।) শ্রীধীরেন্দ্রনাথ সেনঃ পর্যটন বিভাগের মন্ত্রিমহোদয় অন্তগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) বীরভূম জেলার বক্রেশরে অবস্থিত উষ্ণ প্রশ্নবণে স্নানার্থী জনসাধারণের নিকট হুইতে কর আদারের কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি . এবং
- (খ) 'ক' প্রশ্নের উত্তর 'ই্যা' হইলে, (১) কবে নাগাদ ইহা কার্যকরী ১ইনে (২) এবং জনপ্রতি কর ধার্যের পরিমাণ কত হইবে ?

#### **প্রিমল মিত্রঃ (ক)** কোন নির্দিষ্ট প্রস্তাব এখন নাই।

(খ) (১) ও (২) এ বিষয়ে প্রশ্ন উঠে না।

( No Supplementary )

#### ব্রিটেনিয়া ইঞ্জিনিয়ারিং কোম্পানীর লাভ/লোকসান

\*২১৯। (অস্মোদিত প্রশ্ন নং \*১১২২।) **শ্রীসরল দেব**ঃ শিল্প ও বাণিদ্যা বিভাগের মিরমহোদয় অন্ত্রহপূর্বক জানাইবেন কি, ১৯৮৩-১৯৮৪ (ফেব্রুয়ারী মাস পর্যন্ত) আর্থিক বংসরে বিটেনিয়া ইঞ্জিনিয়ারিং কোম্পানীর লোকসানের/লাভের পরিমাণ কত প্

্রিনির্মণ কুমার বস্ত্র ১৯৮৩-৮৪ (১-১-৮৩ হইতে ৩১-১২-৮৩ পর্যাত) আর্থিক বৎসরে সংস্লিষ্ট শিল্প উত্যোগটির সাময়িক (প্রভিশনাল) হিদাব অন্নগায়ী ১২ : ল ১০ হাজাব টাকা লাভ হইয়াছে।

#### [1-30-1-40 P.M.]

**্রীসরল দেব ঃ** এই কম্পানিটি লাভে পরিচালিত হচ্ছে এবং এই কম্পানিটিব একটি ফাউণ্ডিও আছে। আমার প্রশ্ন, মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এর সম্প্রসারণেব জন্ম সরকারের কোন পরিকল্পনা আছে কিনা ?

**্রিনির্মল কুমার বস্থ: এই কম্পানিটি স**রকার হাতে নেবার পর ক্রমাগতই লাভ হয়ে

আসছে—১৯৮০/৮১/৮২/৮৩ পরপর লাভ হয়েছে। এইসব বিবেচনা করে এটা যাতে আরো
ভালোভাবে চালানো যায় তারজ্বত এই প্রতিষ্ঠানটি জাতীয়করণের সিদ্ধান্ত হয়েছে এবং বিধানসভার

এই অধিবেশনেই জাতীয়করণের বিনটি আমরা পাশ করতে চাই। বি**নটির কপি মাননীয়** সদত্যদের মধ্যে বন্টন করা হয়েছে।

**জ্রীদেবরপ্তন সেন:** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ব্রিটানিয়ার সঙ্গে নিজে। ইত্যাদিকে এ্যালায়েড করে টোটাল জাতীয়করণের সিদ্ধাস্ত করছেন কি ?

**্রীনির্মল কুমার বস্ত্র:** এথনও এ বিষয়ে বিবেচনা করা হয়নি। **আপাততঃ একে** জাতীয়করণ করে ভালোভাবে চালানোর কথা হয়েছে।

#### বারাসাতের স্থতী নদী সংস্থার

\*২২০। (অনুমোদিত প্রশ্ন নং \*৪০৭।) **এসেরল দেব** টেবিগত ২৩-৬-৮৩ তারিথের প্রশ্ন নং \*৭৩ (অনুমোদিত প্রশ্ন নং \*২৪৬)-এর উত্তরের পরিপ্রেক্ষিতে দেচ জ্বলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি বারাসাতের 'স্কৃতী" নদী সংস্কারের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে ?

**ঞ্জীননী ভট্টাচার্য্যঃ** স্থতী নদীর সংস্থারের কান্ধ হাড়োয়াগাঙ—কুলটিগাঙ দ্ধেনক স্থীমের অস্তর্ভুক্ত। স্থীমটির Survey ও Invertigation এর কান্ধ প্রায় শেষ হয়েছে। Project Report তৈরী হচেছ।

শ্রীসরল দেব: মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, এটা কি সত্য, লোকসভার সদস্ত শ্রীচিত্ত বস্ত্র, তিনি আপনাকে এই পরিকল্পনা সম্পর্কে একটি চিঠি দিয়েছিলেন এবং তার জ্বাবে আপনি বলেছিলেন, ডিসেম্বরের মধ্যে সার্ভে রিপোর্ট সম্পন্ন হবে এবং ১৯৮৪ সালের ফেব্রুয়ারী মাসে কাজ শুরু হবে ?

শ্রীননী শুট্টাচার্য্য: তথন এটা মনে করেছিলাম এবং সেইভাবেই তাঁকে জানিয়েছিলাম বে ডিসেম্বরের মধ্যে এটা তৈরী হয়ে যাবে এবং গঙ্গা ফ্ল্যাড কনট্রোল কমিশনের কাছে পাঠানো হবে। আমরা আশা করছি, তু / তিন মাসের মধ্যে ঐ স্কীমের প্রজেক্ট রিপোর্ট তৈরী করতে

পারবো এবং ঐ স্কীম তৈরী হবার সঙ্গে সঙ্গে গঙ্গা ফ্ল্যাড কনটোল কমিশনের কাছে অন্থ্যোদনের জন্ম পাঠানো হবে।

্রিসরল দেবঃ মাননীয় মন্ত্রীমহাশয় বললেন, তু / তিন মাদের মধ্যে রিপোর্ট তৈরী হয়ে যাবে। আমার প্রশ্ন, কাজটা কবে শুরু হবে—৭ম পরিকল্পনায়, না ষষ্ঠ পরিকল্পনায়?

্রীননী ভট্টাচার্য্যঃ এ প্রয়স্ত আমবা ঠিক করেছি সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমরা এটা নেব এবং তারজন্ম ইতিমধ্যে একটা ববান্ধ ধরে রাগা হয়েছে, ১॥ কোটি টাকার মতন।

#### জলদাপাড়া অভয়ারণ্যে গণ্ডারের সংখ্যা

\*২২২। (অন্নুমোদিত প্রশ্ন নং \*১১২৬।) **জ্রীসেখ ইমাজুদ্দিন**ঃ বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অন্নগ্রহ করে জানাবেন কি—

- (ক) ১৯৭৭ সালের ডিসেম্বর মাসে জ্বলপাইগুডি জেলার জলদাপাড়া অভয়ারণ্যে কতগুলি গণ্ডার ছিল: এবং
- (থ। ১৯৮৩ সালের **ডিসেম্বর মাস পর্যস্ত উক্ত অভয়ারণ্যে কতগুলি গণ্ডা**র ছিল ?

## **শ্রীপরিমল মিত্রঃ (**ক) ১৯টি।

(খ) ১৯৮০ সালের গণনা অসুযায়ী ২২টি।

( No Supplementary )

## বামক্রণ্ট সরকারের বর্ষ্ঠ বর্য পূর্তি উপলক্ষ্যে বিভিন্ন রাজ্যে অনুষ্ঠান

\*২২৩। (অহমোদিত প্রশ্ন নং \*১১৫২।) **এজয়ন্তকুমার বিশ্বাস**ঃ তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অন্তগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) বামক্রণ্ট সরকারের ষষ্ঠ বর্ষ পূর্তি উপলক্ষ্যে কোন্ কোন্ রাজ্যে অনুষ্ঠান করা হয়েছে/ হচ্ছে; এবং
- (খ) উক্ত বাবত এ পর্যস্ত রাজ্য সরকারের মোট খরচের পরিমাণ কত ?

## শ্রীপ্রভাস চন্দ্র ফদিকার: (ক) নিম্নলিখিত রাজাগুলিতে অমুঠান হয়েছে:

- ১। ত্রিপুর।
- २। यशाश्रामन
- ৩। কর্ণাটক
- 8। किली
- ৫। তামিলনাডু
- ৬। কেরালা
- ৭। অন্ত্রপ্রদেশ

এছাড়াও এপ্রিল মাসের ২য় সপ্তাহে গুজরাটে এই পূর্তি উৎসব হবার কথা আছে। পশ্চিমবাংলার বিভিন্ন জেলাতেও এই পূর্তি উৎসব হয়।

(४) २,१४,१००

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস: মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে দিলীতে বামক্রটের যঠ বর্ষ পূর্তি উপলক্ষে যে অন্নষ্ঠান হল তাতে এই রাজ্যের লোকসভা এবং রাজ্যসভার সদস্তরা কোন আমন্ত্রণ লিপি পাননি ?

শ্রীপ্রভাস চক্র ফদিকার: আমন্ত্রণ লিপি পাঠান হয়েছে। আমি ব্যক্তিগতভাবে কিছু বোগাযোগ করেছি।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাসঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই বর্ষপূর্ণিত উৎসব উপলক্ষে রাজনৈতিক প্রশ্নে, সাংস্কৃতিক প্রশ্নে এবং শিক্ষানৈতিক প্রশ্নে বক্তা হিসাবে কারা ছিলেন ?

শ্রীপ্রভাসচন্দ্র ফর্দিকারঃ সেথানে আলোচনা চক্র হয়েছিল তাতে বিশিষ্ট ব্যক্তিদের আমন্ত্রণ জানান হয়েছিল।

শ্রীসরল দেব ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে দিল্লীর এই অন্তর্গানে আমাদের রাজ্যের কোন কোন মন্ত্রী অংশ গ্রহণ করেছিলেন ?

শ্রীপ্রভাস চন্দ্র ফদিকার: দিল্লীর এই অম্প্রানে আমাদের মাননীর ভূমি রাজ্য মন্ত্রী উদোধন করেছিলেন এবং আলোচনা চক্রে আমি নিজে উপস্থিত ছিলাম।

#### Regulation of Grants and State Loans to Panchayat Raj Institutions

- \*224. (Admitted question No. \*807.) Shri Abdul Mannan: Will the Minister-in-charge of the Panchayats and Community Development Department be pleased to state—
  - (a) whether the State Government has any proposal to constiture Finance Commission or to create any Statutory Body to regulate Grants and State Loans to the Panchayati Raj Institutions on the principles of equity or on other norms of rationality; and
  - (b) if so, what is the present position?

Shri Binoy Krishna Chowdhury: (a) No.

(b) Does not arise.

( No Supplementary )

#### ছগলী জেলায় গলার ভীর বাঁধাইবার পরিকল্পনা

- #২২৫। (অন্নুমোদিত প্রশ্ন নং \*১১৪৪।) **শ্রীশান্তত্রী চট্টোপাধ্যা**য় র সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অন্নগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) ইহা কি সত্য যে, বর্তমানে হগলী জেলায় গঙ্গার তীর বাধাইবার জন্ম সরকার পরিকল্পনা, গ্রহণ করিয়াছেন; এবং
  - (খ) করিয়া থাকিলে, (১) উক্ত পরিকল্পনার রূপরেখা কিরুপ ও (২) উক্ত বিষয় কতদূর অগ্রসর হওয়া গিয়াছে ?

### এননী ভট্টাচার্য্যঃ (ক) হাা, সত্য।

(খ) (১) তথালী নদীর পশ্চিম তীরে তথালী জেলায় বিভিন্ন স্থানের সংরক্ষণের জন্য বিভিন্ন পরিকল্পনার মাধ্যমে > কিলোমিটার পাড় বাঁধানো হইয়াছে এবং কিছু পরিকল্পনা রচনা করা হইয়াছে।

- (২) ১৬টি পরিকল্পনা Technical Committee-র অন্থ্যোদন লাভ করিলাছে। প্রশাসনিক অন্থ্যোদন লাভ করিলে এবং প্রয়োজনীয় অর্থ মঞ্বী হইলে কাজ আরম্ভ করা হাইবে। আমি এই নামগুলি এখানে পড়ে দিছি—
- 1. Protective work along the right bank of river Hooghly at Gondalpara.
- 2. at Dharmatala Ghat.
- 3. at Bansberia Wemen's Home,
  Dist. Hooghly.
- 4. " in between Teurpara Jalia Ashram,
  Dist. Hooghly.
- 5. at Uttar Chandernagore in between sils burning Ghat to Tulpatty Ghat,
  Dist. Hooghly (remaining portion).
- 6. at Patalbari at Hatkhola,
  Dist. Hooghly.
- 7. Protective work along the right bank of river Hooghly at Boraichanditala, Dist. Hooghly.
- 8. at Dargatal Ghat, Dist. Hooghly.
- 9. at Bankim Sarani, Dist. Hooghly.
- 10. at Rakeshpur, Dist. Hooghly.
- 11. at Rashbehari Sakti Samity,
  Dist. Hooghly.
- 12. ,, at Ghutia Bazar Burning Ghat to Jublee Bridge, Dist. Hooghly.
- 13. at Bhudev Bhavan, Dist. Hooghly.
- 14. , at Bhadrakali Multipurpose High School, Dist. Hooghly.

15,	Protective work along	at Uttar Chandernagore Strand Road Dist- Hooghly.
16.	33	at Gopinath Ghat to Rani Ghat.
17.	21	at Khairamari Char.
18.	Protective work along the right bank of river Hooghly	at Paranpur in P. S. Balagarh, Dist. Hooghly.
19.	"	at Hatikanda in P. S. Balagarh, Dist. Hooghly.
<b>2</b> 0.	"	Sukheria in P. S. Balagarh,

শ্রীশাস্ক্রশী চট্টোপাধ্যায় : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, বেগুলির টেকনিক্যাল এ্যাপ্রুভাল পাওয়া গেছে, সেটা কোন সাল নাগাদ পাওয়া গেছে ?

Dist. Hooghly.

**্রীননী ভট্টাচার্য ঃ** এই ব্যাপারে আপনি নোটিশ দিলে আমি জানিয়ে দেব।

#### [1-40-1-50 P.M.]

শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায়: আর্থিক অস্ত্রিধার জন্ম কি এই কাজগুলিতে হাত দেওরা বাচেছ না ?

**ঞ্জীননী ভট্টাচার্য্যঃ** ই্যা, আর্থিক অস্কবিধার জন্ম অনেক দিন ধরে কা**লগুলি আটকে**• আছে, গন্ধা ভাঙন এবং ভাগীরথী ভাঙন রোধ করা কঠিন হয়ে পড়েছে।

্রিশান্তর্জী চট্টোপাধ্যায়: এই কাজের সমস্ত থরচ কি শুধুমাত্র রাজ্য সরকারের বাব্দেট ব্রেপেকে ধরচ করা হচ্ছে।

শ্রীননী ভট্টাচার্য্য ঃ ই্যা, শুধুমাত্র রাজ্য সরকারের বাজেট থেকেই থরচ করা হচ্ছে।

AP(81-1/84)—96

## অব্দর্বন হইতে মধু আহরণের পরিমাণ

\*২২৬। (অহ্নোদিত প্রশ্ন : \*১১৬০।) **এবিরেক্তনারায়ণ রায়:** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমন্তেদ্য অনুগ্রহ করিয়া জানাইবেন কি—

- (ক) গত ১লা জাহুয়ারী ১৯৮৩ সাল হইতে ২১শে ফেব্রুয়ারী. ১৯৮৪ সাল পর্যস্ত সময়ে স্বন্ধরণন হইতে কি পরিমাণ মধু সরকার আহরণ করিয়াছেন ; এবং
- (খ) ঐ মধুর ক্রমুল্য এবং বিক্রমুল্য কত ?

## **এপরিমল মিত্রঃ** (ক) ৫০,৭০০ কেজি:।

(থ) ক্রয়মূল্য—১, টাকা প্রতি কিলোগ্রাম।

বিক্ৰয়যুল্য—

অশোধিত-১২.৫০ টাকা প্রতি কিলোগ্রাম।

শোধিত-গড়ে ২০ টাকা প্রতি কিলোগ্রাম।

শ্রীবিরেক্সনারায়ণ রায়: স্থল্পরবনে যারা মধু সংগ্রহ করতে যায় তাদের বাঘের হাত থেকে রক্ষা করবার জন্ম সরকারের পক্ষ থেকে তাদের কোন প্রোটেকসন দেওয়া হয় কি ?

শীপরিমল মিত্র ইন্দরবনে যার। মধু আহরণের জন্ম যায় তাদের বাদের হাত থেকে বাঁচাবার জন্ম থেরকম প্রোটেকসনের প্রয়োজন সে রকম প্রোটেকসন দেওয়া খ্বই মৃসকিল। তা সত্তেও যারা যায় তারা দলবদ্ধ হয়ে যায় এবং তাদের পেছনে ফরেট গার্ডরা যায়। কিন্তু তা সত্তেও মধু খুঁজতে খুঁজতে তাদের মধ্যে থেকে কেউ কেউ যথন খুব দূরে চলে যায় তথন কাউকে কাউকে বাদের আক্রমণের মুখে পড়তে হয়।

্রীবীরেব্রেনার রার ঃ গত ৬ মাসের মধ্যে স্থন্দরবনে কত জন মধু সংগ্রহকারী বাবের আক্রমণে আহত বা নিহত হয়েছে ? ১

**এপরিমল মিত্রঃ** এই বিষয়টির ওপরে আরো একটি প্রশ্ন আছে, তথন আমি এটা বলব।

শ্রীপ্রবোধ পুর কাইড: মাননীয় মন্ত্রীমহাশয় অন্তগ্রহ করে জানাবেন কি, স্বন্দরবনে বারা মধু সংগ্রহ করতে গিয়ে বাঘের আক্রমণে মারা যায় তাদের পরিবারকে কি কোন ক্ষতিপূরণ দেওরা হয় এবং যদি দেওয়া হয় তাহলে তার পরিমাণ কি ?

**্রীপরিমল মিত্রঃ** ক্ষতিপূরণ দেওয়ার কোন ব্যবস্থা নেই। আমি এ**ই বিবরটি নিরে** ইনসিয়োর কোম্পানীর সঙ্গে আলাপ আলোচনা করেছিলাম, কিস্কু তাঁরাও রাজী হ'ননি।

শ্রীত্মাবত্বল কাইয়ুম মোক্লাঃ মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, স্থন্দরবন থেকে বে
মধু স্থাহরণ করা হয় তা কোথায় পিউরিফাই করা হয় ?

**এপিরিমল মিত্তঃ** স্থন্দরবনে ছ'রকমের মধু আহরণ করা হয় এবং ছ'রকমের মধুই গোপালনগরে পিউরিফাই করা হয়, ২৪-পরগনার ডি. এফ. ও'র আগুরে এই কাজ করা হয়।

## হলদিয়ার উপার ডকুম্যান্টারী ফিল্ম নির্মাণ

\*২২৭। (অনুমোণিত প্রশ্ন নং \*১১৭২।) **শ্রীলক্ষ্মণচন্দ্র নেঠঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) হলদিয়ার উপর ডকুম্যানটারী ফিলম্ নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা: এবং
- (খ) থাকিলে, উক্ত কাজ কবে নাগাদ শুরু ও শেষ হইবে বলিয়া আশা করা যায় ?

## **এপ্রভাস চন্দ্র ফদিকার:** (ক) হ্যা।

(খ) কাজটি শুরু করার জন্ম ১৭-১-৮৪ তারিখে সরকারী আদেশপত্র প্রচার করা হয়েছে।
এ বছরের মধ্যে কাজটি শেষ হবে বলে আশা করা যায়।

**প্রাসক্ষাণ চন্দ্র শৈঠ**ঃ এই তথ্য চিত্রটি নির্মাণ করতে আন্ত্যানিক কত টাকা থরচ হবে ?

শ্রীপ্রভাস চন্দ্র ফদিকারঃ তথ্য চিত্র নির্মাণের থরচ নির্ভর করে চিত্রের দৈর্ঘ এবং সোকেশান স্কটিং-এর ওপর। স্থতরাং থরচটা দৈর্ঘ কতটা হবে ফাইনালি তার ওপর নির্ভর করবে।

## প্রাম একাকায় রাস্তা নির্মাণের কাজ গ্রাম পঞ্চায়েভকে যুক্তকরণ

\*২২৮। (অন্নাদিত প্রশ্ন নং \*৮৬৩।) **এ। নবনী বাউরী:** পঞ্চায়েত ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অন্তগ্রহপূর্বক জানাবেন কি পশ্চিমবঙ্গের গ্রাম এলাকায় নৃতন রাস্তা নির্মাণ / পুরাতন রাস্তা সংস্থার করার কাজের সাথে গ্রাম পঞ্চায়েতগুলিকে যুক্ত করার কোন পরিক্সানা সরকারের আছে কিনা ?

প্রথিনমক্তর চৌধুরী: এই কাজে পঞ্চায়েতগুলি ইতিমধ্যে যুক্ত আছে। পঞ্চায়েত বিভাগের পরিচালনাধীন সি. ভি. আর. স্কীমে পশ্চিমবঙ্গের গ্রাম এলাকায় রাস্তাঘাট নির্মাণ। সংস্কার ইত্যাদি কাজ জিলা পরিষদের মাধ্যমে করা হয়ে থাকে। এ ছাড়া উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের পরিচালনাধীন জাতীয় গ্রামীন কর্মসংস্থান প্রকল্পের মাধ্যমেও গ্রাম এলাকায় রাস্তাঘাট নির্মাণ। সংস্কার করার কাজ গ্রাম পঞ্চায়েতগুলির মাধ্যমে করা হয়ে থাকে।

## বাঘ, হাভি, গণ্ডার, হরিণ প্রভৃতির পরিসংখ্যান

\*২৩ । ( অন্থ্যোদিত প্রশ্ন নং \*১৩৮১ । ) **জ্রীমনোহর ডিরকী**ঃ বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অন্ত্রহপূর্বক জানাবেন কি—

- (ক) এ রাজ্যের বন্মজন্তদের মধ্যে বাঘ, হাতি. গণ্ডার, হরিণ প্রান্থতির সংখ্যা সম্পর্কে সরকারী কোনও পরিসংখ্যান আছে কিনা;
- (খ) পাকিলে বর্তমানে উহাদের সংখ্যা কত (পৃথকভাবে); এবং
- (গ) উক্ত প্রাণীদের রক্ষণাবেক্ষণের এ বংশবৃদ্ধির জন্ম সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন;
- ্রীপরিকল মিত্রঃ (ক) কেবলমাত্র বাদ ও গণ্ডারের পরিসংখ্যান আছে। অক্ত কোন বন্ত জন্তুর নাই।
- (খ) ১৯৮৩ সালের গণনা অমুষায়ী ২৪ প্রগনা বনভুক্তিতে ২৩টি এবং স্থন্দর্বন ব্যাপ্ত প্রকল্প এলাকায় ২৬৪টি বাদ আছে। ১৯৭৯ সালের গণনা অমুষায়ী জলপাইগুড়ি জেলায় ১৮টি এবং দার্জিলিং জেলায় ১৩টি বাদ আছে। অতএব সর্বমোট বাদের সংখ্যা ৩৪৮টি। ১৯৮০ সালের গণনা অমুষায়ী গণ্ডারের মোট সংখ্যা ৩০টি।

- (গ) (১) বন্মপ্রাণীর বাসপোযোগী পরিবেশ গঠনে সকল প্রকার ষত্ম নেওয়। হয়।
  - (২) বক্সপ্রাণীর আবাসস্থল রক্ষনাবেক্ষনের জন্ম বনরক্ষীদের দাহায্যার্থে জাতীয় বেচ্ছা দেবক বাহিনী নিয়োগ করা হয়।
  - (৩) বক্সপ্রাণী অবৈধ শিকার বিষয়ে কর্মচারীদের সতর্ক করা হয়েছে এবং ভাহার। অবৈধভাবে হত্যা রোধের জন্ম নিয়মিত টহল দিতেছে।
  - (৪) থবরাথবর আদান প্রদানের জন্মে বেতার যন্ত্র স্থাপন করা হয়েছে।
  - (৫) অবৈধ হত্যার বিষয়ে ১৯৮০ সালের বন্মপ্রাণী সংরক্ষণ আইন মোতাবেক মথোযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হয়।

**জ্ঞাবত্তল কইয়ুম মোলা**ঃ মাননীয় মন্ত্ৰীমহাশয় জানাবেন কি, সজনেখালি ব্যাস্থ প্ৰকল্পেকত বাঘ আছে ?

শ্রীপরিমল মিত্র থামি আগেই বলেছিলাম এইরকমভাবে বাঘ গণনা করা বায় না। স্বন্ধবন এলাকা এবং ২৪-পরগণার যে টেরিটোরিয়াল এলাকা সেই কথা আমি বলেছিলাম। ২৪-পরগণা বনভূক্তিতে ২৩টি আর স্থন্দরবন ব্যাঘ্র প্রকল্প এলাকার মধ্যে ২৬৪টি। এছাড়া কোখায়ছড়িয়ে আছে সেটা বলতে পারবো না।

শ্রীশাশ মহম্মদঃ মাননীয় মন্ত্রীমহাশয় বললেন কেবলমাত্র বাদ ও গণ্ডারের পরিসংখ্যান আছে, অন্ত কোন বন্য জন্ত্র নাই। আমার প্রশ্ন হচ্ছে, বাদ হাতি গণ্ডার ইত্যাদি ছাড়া কোন্কোন জন্ত্রর প্রটেক্সানের ব্যবস্থা সরকার করে থাকেন ?

**এপরিমল মিত্তঃ** আমি আগেই বলেছি গণনার ব্যাপারে বাঘ এবং গণ্ডারের পরিসংখ্যান আছে, আর কোন বন্য জন্ধর নাই।

- \*২৩১। (হেল্ড ওভার)
- \*২৩২। (হেল্ড ওভার)

## পুরুলিয়া জেলার কুইলাপাল হাটে খোলাবাজারে জন্মলের কাঠ বিক্রয়

\*২৩৩। (অন্নাদিত প্রশ্ন নং \*১৪২৫।) **জ্রীরামপদ মাণ্ডিঃ** বন বিভন্নের ভার-প্রাপ্ত মন্ত্রিমহাশয় অন্ত্রহপূর্বক জানাইবেন কি পুকলিয়া জেলার বাঁন্দোয়ান ব্লকে **ক্**ইলাপা**ল গ্রাহ**ৰ হাটের দিনে খোলাবাজারে সরকারী জক্ষল হইতে কাঠ আনিয়া বিক্রয় করা হয় এই মর্মে সরকারের নিকট কোন খবর আছে কি ?

#### 🔊 পরিমল মিত্রঃ হা।।

শ্রীনবলী বাউরী: মাননীয় মন্ত্রীমহাশয় জানাইবেন কি, হাটের দিনে থোলাবাজারে যে কাঠ বিক্রি হয় সেটা বৈধভাবে না অবৈধভাবে বিক্রি হয় ?

প্রতিষ্ঠান মিত্রঃ বৈধভাবে না অবৈধভাবে সেটা আমি কি করে বলবো? প্রশ্ন ছিল, কুইলাপান গ্রামে হাটের দিনে থোলা বাজারে সরকারী জঙ্গল হইতে কাঠ আনিয়া বিক্রয় করা হয়, এই মর্মে সরকারের নিকট কোন থবর আছে কী? আমি বলেছি, হাঁ।

#### প্রকল্প রূপায়ণে গ্রামপঞ্চায়েভের অনুমতি

\*২৩৪। (অনুমোদিত প্রশ্ন নং \*১১৩৯।) **শ্রীস্থভাষ গোন্ধামীঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অন্তগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) পঞ্চায়েত সমিতি গ্রামপঞ্চায়েত এলাকায় কোন প্রকল্প গ্রহণ করিতে গেলে সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের অনুমতি গ্রহণ করার আবশ্যকতা আছে কি, এবং
- (থ) অহ্দরপভাবে জেলা পরিযদের ক্ষেত্রেও সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতির অহুমতি গ্রহণ করার প্রয়োজন আছে কি ?
- শিক্ষাকৃষ্ণ চৌধুরী ঃ (ক) পশ্চিমবন্ধ পঞ্চায়েত আইনের ১০৯(২) ধারা অনুসারে কোন একটি গ্রাম পঞ্চায়েতের এলাকায় নিবন্ধ কোন প্রকল্প পঞ্চায়েত সমিতি গ্রহণ করতে পারবে না, যদি না প্রকল্পটি রূপায়ণ আর্থিক বা অন্যান্ত দিক দিয়ে সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের সাধাতীত হয় এবং প্রাম পঞ্চায়েত সেই মর্মে প্রস্তাব গ্রহণ করে।
- (খ) ঐরপ নিয়ম জেলা পরিষদের ক্ষেত্রে পঞ্চায়েত সমিতির প্রকল্প বিষয়ে প্রবোজ্য। এব্যাপারে পঞ্চায়েত আইনের ১৫৩(৩) ধারা উল্লেখ্য।

## মেদিনীপুর জেলার শালবনীতে কাজুবাদাম চাবের জন্য অধিগৃহীত জমি

\*২৩৬। (অন্নাদিত প্রশ্ন নং \*১৭২৪।) **এ স্থিক্ষর হাজরাঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অন্নগ্রহ করে জানাবেন কি—

- (ক) মেদিনীপুর জেলাব শালবনীতে কাজু বাদাম প্রকল্প চালু করার জলে মোট কত বর্গ কিলোমিটার জমি গ্রহণ করা হয়েছে ;
- (খ) উক্ত কাজুবাদাম প্রকল্পে রাজ্য সরকারের মোট দেয় অর্থের পরিমাণ কত: এবং
- (গ) এ পর্যন্ত মোট কত পরিমাণ কাজুবাদাম চারা উৎপন্ন হয়েছে ?

# **এপিরিমল মিত্রঃ** (ক) এ পর্যাস্ত ৫৮০ হেক্টুর জমি কাজুবাদাম প্রকল্পের আওতান্ন আনা হয়েছে।

- (খ) কাজুবাদাম প্রাকল্পে রাজ্যসরকারের কোনও অর্থ বিনিয়োগের কথা নেই। ব্যাক্ষের সহায়তায় এই প্রকল্প রূপায়ণ করেছেন পশ্চিমবৃদ্ধ বন উল্লয়ণ নিগম।
- (গ) তুই লক্ষ দশ হাজার।

## পঞ্চায়েত সমিতির নির্বাহী আধিকারিক ও সমষ্টি-উন্নয়ন আধিকারিকের কাজের পার্থক্য

- \*২৬৭। (অন্নাদিত প্রশ্ন \*১১৬৮।) **এ প্রশান্তকুমার প্রধান: প**ঞ্চায়েত ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অন্নগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) পঞ্চায়েত সমিতির নির্বাহী আধিকারিকের সাথে সমষ্টি-উন্নয়ন আধিকারিকের কাজের পার্থক্য কি;
  - (খ) সমষ্টি-উন্নয়ন আধিকারিকের সাথে পঞ্চায়েত সমিতির কাজের হুষ্ঠু সমন্বয়ের ব্যাপারে চিস্তাভাবনা করা হচ্ছে কিনা; এবং
  - (গ) প্রত্যেক ব্লকে জয়েণ্ট বি ডি ও নিয়োগের কোন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কিনা ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌৰুরী: ক) সমষ্টি উন্নয়ন আধিকারিক পদাধিকার বলে পঞ্চান্তেত সমিতির নির্বাহী আধিকারিক। স্কৃতরাং এই ভূই আধিকারিক একই ব্যক্তি। পঞ্চান্তেত সমিতির নির্বাহী আধিকারিক হিসাবে তিনি সংশ্লিষ্ট পঞ্চান্তেত সমিতির সিদ্ধান্তসমূহ বান্তবায়িত করতে দায়বদ্ধ ও এই আধিকারিক হিসাবে তিনি সভাপতি মারফতে সমিতির নিকট দায়ী। আর ব্লক উন্নয়ন আধিকারিক হিসাবে তিনি ব্লক স্তরে সাধারণ প্রশাসন এবং অক্সান্ত সরকারী কাজ রূপান্থিত করে থাকেন ও এই আধিকারিক তিনি মহকুমা শাসক ও জেলা শাসকের মারকতে সরকারী প্রশাসন কর্তৃপক্ষের নিকট দায়ী।

- समि উরয়ন ভাবিকারিকের পথে পঞ্চায়েত সমিতির কাজের স্থার্চ সময়য় ভাছে।
- (河) 初1

[1-50-2-00 P. M.]

শ্রশান্তকুমার প্রধান: মাননীয় মন্ত্রী মহাশয় অন্তগ্রহপূর্বক জানাইবেন কি—আপনি বে বললেন কাজের সমন্বয় আছে। কিন্তু অনেক জায়গাতেই কাজের সমন্বয় পাওয়া বার না। এই ছুই কাজের সমন্বয়ের জন্ম কোন আলাদা একজিকিউটিভ অফিসারের পদের জন্ম কোন রকম ছিলা ভাবনা করছেন কি ?

শ্বিন্দরকৃষ্ণ চৌধুরীঃ আলাদা করে কোন অফিসারের প্রশ্ন আসে না। কাজের সমন্ত্র করতে গেলে উভয় পক্ষেরই মনেসিকতা প্রয়োজন। সেজন্য আমরা কল্যাণী ট্রেনিং ক্যাল্পগুলি করেছি। সেখানে সরকারী কর্মচারী বি. ডি. ও., জয়েন্ট বি. ডি. ও. পঞ্চায়েতের ইলেকটেড মেঘার, সভাপতি ইত্যাদি থাকেন। সেখানে পরল্পরের সহযোগিতায় কিভাবে কাজ হতে পারে তা ভাল করে শেখান হয়। তাই, আগের থেকে একটু উয়ত হয়েছে। আইন করে বেমন ভাব ভালবাসা করা যায় না, তেমনি পরল্পরের কো-অপারেশনও আইন করে করা যায় না, হতক্ষণ না জিনিষ্টার গুরুত্ব উপলব্ধি করে পরল্পরের মধ্যে সহযোগিতার মনোভাব স্পষ্ট করা না যায়।

আত্মস্তকুষার বিশ্বাস: মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি—এই জয়েণ্ট বি. ডি. ও. কি প্রমোশনের ভিত্তিতে হয়ে থাকে, সেই দেবত্রত বাবুর আমল থেকে আপনার সময় পয়্যভ—য়ি প্রমোশনের বেসিসে হয়—তাহলে তাদের প্রমোশনের ফাইল এখন বস্তা বন্দী হয়ে থাকার কারণ কি ?

(কোন উত্তর নাই)

## নতুন শিশু উত্থান

\*২৩৮, \*২৩৯, \*২৪০, \*২৪১ ( হেল্ড ওভার )

(২০) ১৯৮৪-৮৫ আর্থিক বংসরে পশ্চিমবন্দে নৃতন কোন শিশু উন্থান তৈয়ারীর পরিকল্পনা আছে কিনা: এবং

(খ) থাকিলে, উক্ত পরিকল্পনার জন্ম কোন কোন স্থান নির্বাচন করা হয়েছে ?

## এপরিমল মিত্র: (क) হা।

- (খ) নিম্নলিখিত স্থানে শিশু উদ্থান তৈরী করার কাজ শুরু হয়েছে ১৯৮৩-৮৪ সালে এবং আগামী বছর কাজ শেষ হবে—
  - ১। রামপুরহাট-বীরভূম।
  - ২। বিষ্ণুপুর—বাঁকুড়া।

এছাড়া শিশু উদ্যান তৈয়ারী করার জন্ম প্রাথমিকভাবে নিম্নলিথিত স্থান নির্বাচন করা হয়েছে—

- ১। বীর পাড়া, জলপাইগুডি
- २। ফালাকাটা, জলপাইগুডি
- ৩। ছাতনা, বাঁকুড়া
- ৪। ঝাড়গ্রাম, মেদিনীপুর

শ্রীক্তয়ন্ত কুমার বিশ্বাস: মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি—শিশু উল্লান নির্মাণের জন্ম আপনার দপ্তর যে সমস্ত পরিকল্পনা গ্রহণ করছেন তাতে সামগ্রিকভাবে বিভিন্ন জ্বোর দিকেও একটু দৃষ্টিপাত করবেন কি ?

**এপিরিমল মিত্রঃ আপনার প্রশ্নটা অন্য ছিল।** আপনার প্রশ্ন ছিল ১৯৮৪-৮৫ আর্থিক বছরে পশ্চিমবঙ্গে নতুন কোন শিশু উত্থান তৈরীর পরিকল্পনা আছে কিনা তা, আমি এখন কি করে বলব।

## হগলী জেলার ভেলুয়া-ভেলুয়ার জলা সংস্কার

\*২৪৩। (অহুমোদিত প্রশ্ন নং \*১১৪৫।) **জ্রীশান্ত**্রী চট্টোপাধ্যায়ঃ সেচ ও জলপ্থ বিভাগের মন্ত্রিমহোদয় অহুগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) হুগলী জেলার **আরামবাগ মহকুমায় তেল্**য়া-ভেল্য়া জলা সংস্কারের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা: এবং
- (খ) থাকিলে, উক্ত পরিকল্পনা কার্যকরী করিবার জন্ম কোন ব্যবস্থা লওয়া হইয়াছে কিনা ?

  AP(81-1/84)—97

- **এননী ভট্টাচার্য:** (ক) তেলুয়া তেলুয়ার জলা সংস্কারের পরিকল্পনা সরকারের আছে।
- (थ) তেলুয়া ভেলুয়ার জলা সংস্কারের পরিকল্পনাটি বর্তমানে সরকারের সমীক্ষাধীন আছে।

শান্ত চটোপাধ্যায় ঃ মাননীয় মন্ত্রীমহাশয় অসুগ্রহ করে জানাতে পারবেন কি—
এই সমীক্ষাকার্য মোটাম্টি কবে নাগাদ শেষ হয়ে সরকারের এই পরিকল্পনা বাস্তবে রূপ পাবে ?

শ্রীননী ভট্টাচার্য্যঃ তেলুয়া তেলুয়া মৃঙেশব্দী নদীতে পড়েছে। এই নদী সংস্কাবের ফলে সংশোধিত নিম্ন দামোদর প্রকল্পের উপর কোন বিরূপ প্রতিক্রিয়া হচ্ছে কিনা সেটাই সমীক্ষা করে দেখা হচ্ছে।

্রীশান্ত্রী চট্টোপাধ্যারঃ আরামবাগ মহুকুম। ফ্রাড্ প্রোণ এরিয়া। অবশ্য নর্থবেদলের দিকটাও আছে। বিষয়টি 'রিকোয়েষ্ট ফব এ্যাকশন, হিদাবে ট্রিট করবার জন্ম আপনার কাছে বিশেষভাবে আবেদন করছি।

(নো রিপ্লাই)

#### চা-বাগান মালিকদের মূলধন অন্যু রাজ্যে স্থানান্তর

\*২৪৪। (অন্ন্যাদিত প্রশ্ন নং \*১৩৭২।) **শ্রীমনোহর তিরকীঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমধোদয় অন্তথ্য করে জানাবেন কি—

- (ফ) সরকার কি ঘবগত আছেন যে, বভ চা-বাগান মালিক এ রাজ্য থেকে মন্ত ভাঁহাদের মূলধন সরানোর জন্ম চেষ্টা করছেন; এবং
- (খ) 'ক' প্রশ্নের উত্তর 'হাা' হ'লে উক্ত ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?
- ্রীনির্মল কুমার বোসঃ (ক) না, এই ব্যাপারে কোন নির্দ্দিষ্ট তথ্য সরকারের কাছে নেই।
- (খ) প্রশ্ন ওঠে না।

**্রীপরিমল মিত্রঃ** ফাইলটা আনিনি স্থার। উত্তর দিতে পারছি না।

Mr, Deputy Speaker: So, starred question No. 245 is held-over. Starred question Nos- 246 and 247 are also held-over. There are no more questions to-day. There is no Adjournment Motion to-day.

#### CALLING ATTENTION

#### To Matters of Urgent Public Importance

Mr, Deputy Speaker: I have received two notices of Calling Attentions namely;

- 1. Alleged attack on the Rabindra Memorial Column at Chourasta in Bolepore, Birbhum on 3-2.84 from Shri Debaprasad Sarkar-
- 2. Untoward incident in the Emergency Department of S.S.K.M. . Hospital on 12.3.84 from Shri Santasri Chattopadhyay.

I have selected the notice of Shri Deba Prasad Sarkar on the subject of alleged attack on the Rabindra Memorial Column at Chourasta in Bolepore, Birbhum on 3,2.84.

The Minister-in-charge will please make a statement to-day, if possible or give a date.

Shri Patit Paban Pathak: On the 23rd, Sir.

**্রীবিজয় পালঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় চিফ্ মিনিষ্টারকে করা একটি টেলিগ্রাম সম্পর্কে ত্'একটি কথা বলতে চাচ্ছি। গতকাল বলেছিলেন জিরে। আওয়ারে আমায় বলতে দেবেন।

## भिः (७शूरि न्शीकातः वन्त।

শ্রীবিজয় পালঃ ব্যাপারটা হচ্ছে—Ashok Das, a scooter—Commuter crushed under dumper by C.I.S.F. jawn on 26th February near Barabani Railway Station. Agitation mounting Immediate intervention solicited for withdrawal of C.I.S.F. এটা পাঠিয়েছেন অল্ ইণ্ডিয়া কোল্ ওয়ার্কর্গ ফেডারেশনের জেনারেল সেক্রেটারী শ্রীস্থনীল বস্থ রায় চিফ্ মিনিষ্টারের কাছে। আমি এই সম্পর্কে ত্'একটি কথা বলতে গিয়ে বলচি যে সি. আই. এস. এফ. ইতিপূর্বে এই ভাবে খুন কবেছে। সি আই. এস. এফ.-কে কোল্ বেল্টে এই অর্থেই পাঠান হয়েছিল যাতে তারা বেআইনী কয়লা পাচার বন্ধ করতে পারে। কিন্তু দেখা যাচ্ছেন্সগুলোতো বন্ধ হয়ুইনি, বরং ওয়ার্কার্স এবং ভিলেভার্স দের নানাভাবে

তারা নির্যাতন করছে। আর এই অত্যাচার যদি বন্ধ করা না হন্ন তাহলে সি. আই. এস. এফের সঙ্গে আমাদের সংঘর্য হতে পারে—আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

#### MENTION CASES

[2-00-2-10 P.M.]

শ্রী আতাহার রহমানঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মূর্শিদাবাদ জেলার রানীপুর থানার রাজাপুর গ্রাম পঞ্চায়তের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ঘটনার উল্লেখ করতে চাই এবং এই বিষয়ে সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। এই গ্রামটি পদ্মা নদীর ধারে অবস্থিত। এই গ্রামে অস্ততে পাঁচশো পরিবার বসবাস করে। এই পদ্মা নদীর ধরস্রোতের ফলে এই গ্রামের প্রায় একশোরও বেশী ঘর ভেক্ষে শেষ হয়ে গেছে। এই এলাকার সমস্ত মাহুষ তাদের জমি জায়গা হারিয়ে ফেলেছে। এই অবস্থা স্বাষ্টি হওয়ার পরেও সেখানে কোন সরকাবী সাহাষ্য পৌছায় নি। সেচ দপ্তর থেকে কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নি। তাই আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রী এবং পুনর্বাসনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই সমস্ত জায়গায় উপযুক্ত সাহায্যের ব্যবস্থা করা হয়।

শ্রীমতী ছায়া ঘোষঃ মাননীয় ডেপ্টি স্পীকার স্থার, আমি আপনার মাধ্যমে মূর্শিদাবাদ জেলার ডে লেবারদের ব্যাপারে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা প্রত্যেকেই জানেন যে মূর্শিদাবাদ জেলার আম বিখ্যাত। কিন্তু সেখানে যে পরিস্থিতির স্বষ্ট হয়েছে তাতে কয়েক মানের মধ্যে আমগাছ আর থাকবে না। আমি জানিনা কি করে আম গাছের মালিকরা রাইটার্স বিল্ডিং থেকে আম গাছ কটোর লাইসেন্স নিয়ে বাচছে। তারা লাইসেন্স নিয়ে গিয়ে ব্যাপক হাতে সমস্ত আম গাছ কেটে ফেলছে। এর মধ্যে কিছু কিছু লাইসেন্সধারী আছে এবং অনেকে আছে যারা বেআইনী ভাবে আম গাছ কেটে ফেলছে। এই আম বাগান থেকে ঐ এলাকার কিছু মাহ্য তাদের কিছু-রোজগার সংগ্রহ করে। সেখানে আম গাছ এমনভাবে কেটে ফেলা হছে যাতে কিছুদিনের ভেতর ঐ এলাকার আম গাছ শৃত্য হয়ে যায়। একদিকে আমরা দেখতে পাছি আমগাছ বা অত্যাত্য গাছ লাগানোর কথা বলা হছে এবং অপর দিকে শেখতে পাছি আমগাছ বা অত্যাত্য গাছ লাগানোর কথা বলা হছে এবং অপর দিকে কেবা সম্প্রেও, এন. ডি. ও এবং জে. এল. আর. ও কে বলা সজেও কোন ব্যবস্থা গ্রহণ করা হছেছ না। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। ব্যাপক খরায় যেখানে সারা পশ্চিমবাংলা জলজে সেখানে এইভাবে ব্যাপক হারে আমগাছ কটি। হছে। এখানে একটা ছর্বিষ্ঠ পরিস্থিতির স্বষ্টি হতে চলেছে। সেইজন্ত এই ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করিছ।

বাস বন্ধ করে দেয়ে। ২১৭ নং বাস গতকাল একজনকে ধাকা দিয়েছে, ফলে বাসের মালিকরা বাস বন্ধ করে দিয়েছে। এইভাবে বাসের মালিকরা ১।২।৩ করে বাস বন্ধ করে দিছে, এতে ঐ এলাকার লোকের যথেষ্ট অস্ববিধা হচ্ছে। আমি আগের দিন পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি, আজকে আবার নতুন করে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি যাতে অবিলম্বে এই বাসগুলি চালানোর জ্বল্য তিনি সমস্ত রকম পদক্ষেপ গ্রহণ করেন। তা না হলে ঐ অঞ্চলে প্রচণ্ডভাবে একটা অস্বস্থিকর পরিস্থিতির স্বাষ্ট হচ্ছে। বাসের মালিকরা হঠাৎ বাস বন্ধ করে দিছে, তাদের সম্পর্কে কিছু ব্যবস্থা গ্রহণ করুন, এই বিষয়ে আমরা সব সময় সাহায্য করবার জন্ম প্রস্তুত আছি। এই বিষয়ে বিলিষ্ঠ পদক্ষেপ নেওয়ার দরকার আছে। এই বিষয়ে আমি পরিবহণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

## Presentation of the Second Report of the Committee of Privileges (1982-84)

Shri Kalimuddin Shams (Deputy Speaker): I, the Chairman of the Committee of Privileges, having been authorised by the Committee to submit the Report on their behalf, present the Second Report to the House on the question of privilege raised by Shri Banamali Das, M.L.A regarding alleged ill-taeatment caused to him by the Officer-in charge of Nanoor Police station, district Birbhum, in his office on the 25th April, 1983.

The matter was referred to the Committee of Privileges by the Speaker on the 7th May, 1983 under rule 230 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

The Committee held four sittings to consider the matter and finalised its recommendation on the 30th November, 1983.

At the meeting held on the 27th January, 1984 the Committee considered their draft Report on the matter and adopted it.

# Presentation of the Third Report of the Committee of Privileges (1982-84)

Shri Kalimuddin Shams (Deputy Speaker): I, the Chairman of the Committee of Privileges, having been authorised by the Committee to submit the Report on their behalf, present this third Report to the House on the question of breach of privilege and contempt of the West Bengal Legislative Assembly arising out of a press release dated the 13th September, 1983 made by Shri Bachan Singh Saral General Secretary, Akali Dal, Bengal, 31, Rash Behari Avenue, Calcutta-26, contradicting and criticising the statement of Shri Subrata Mukhopadhyaay, M.L.A. in the state Assembly regarding a demonstration inside the office of the Hindi daily newspaper, "Sanmarg".

The matter was referred to the Committee of Privileges by the Speaker on the 21st September, 1983 under rule 230 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

The Committee held two sittings to consider the matter and finalised its recommendation on the 30th November, 1983.

At the meeting held on the 27th January, 1984, the Committee considered the draft Report on the issue and adopted it.

#### LAYING OF REPORTS

The Annual Report on Working and Affairs of the State Fisheries

Development Corporation Limited for the year 1981-82.

Shri Patit Paban Pathak: Sir, with your permission, I beg to lay the Annual Report on working and affairs of the State Fisheries Devolopment Corporation Limited for the year 1981-82.

[ 12-40—12-50 P. M. ]

শ্রীননী কর । মি: শ্রীকার স্থার, আমি একটিখুব জরুরী বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি।
সেটা হচ্ছে এই যে গত দোলের দিন অর্থাৎ ১৭-৩-৮৪ তারিথে হাবড়া অঞ্চলে নয়টি জায়গায়
গোলমাল হয়েছে। গোবরডাঙায় গোলমাল হয়েছে, মসলন্দপুর, জয়গাছি, দস্তরী, বনবনিয়া,
আসরামাবাদ, তাজপুর—এইসব স্বায়গাতেই গোলমাল হয়েছে। ঘটনাক্রমে দেখা যায় এই সব
কয়টি গোলমালই করেছে কংগ্রেস আই-এর পরিচিত লোকেরা। আমি জানি না এটা তাদের
পরিকল্পিত ব্যাপার কিনা। তারা সব জায়গাতেই এই রকম গোলমাল কি করে যাবে ? তাই
আমি স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, তিনি যেন এই দিকে একটু নজর দেন। যদি
এই রকম এদের পরিকল্পনা থাকে তাহলে নিশ্চয়ই এর প্রতিকার করতেই হবে।

### GENERAL DISCUSSION ON BUDGET

শ্রীকাবন্তুস সান্তার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অস্তন্ত্য হয়ে এসেছি। তবুও আমার কিছু বলার কথা, তাই আমি বলছি। আমাদের অর্থমন্ত্রী যে বাজেট এই হাউদে রেথেছেন, তা আমি সমর্থন করতে পারছি না বলে আমি ছংখীত। তার কারণ এই বাজেট জনবিরোধী বাজেট এবং এই বাজেট পড়লেই দেখা যাবে এটা হতাশায় তরা হতাশাব্যাঞ্জক। এই বাজেট অর্থমন্ত্রীর পাণ্ডিত্যের ছাপ আছে—তিনি তো পণ্ডিত্যের পণ্ডিত একটু মনোযোগ সহকারে এই বাজেট পড়লেই দেখা যাবে এতে আছে পাণ্ডিত্যের ছাপ এবং তা দিয়ে আসল ঘটনাকে অর্থমন্ত্রী মহাশন্ত্র, চাপা দেবার চেষ্টা করেছেন। আর তিনি তার বক্তৃতার ৪৬ নং প্যারাতেই বলেছেন যে, কিছু অনিশ্চম্বতা থেকেই যাছে—অনেক ক্ষেত্রে আদল বদল হবে। অর্থাং তিনি যে নিজেই যে বাজেট এই হাউদে রেখেছেন তাতে তিনি নিজেই বলেছেন যে এটা অনিশ্চিত বাজেট। আমি দেখাবার চেষ্টা করবাে যে এই বাজেট খ্ব বড় আঘাত হেনেছে গরীব মধ্যবিত্ত মান্তমদের উপর। এই সাত বছরে রাজ্যের অর্থনীতি একেবারে তেকে পড়েছে—জরাজীর্ণ হয়ে পড়েছে। এই বাজেটে পশ্চমবাংলার মান্ত্রের জন্তা কোন আশার আলো তো নাই-ই, বরং আমি বলবাে পশ্চিমবাংলার মান্ত্রের জন্তা কোন আশার আলো তো নাই-ই, বরং আমি বলবাে পশ্চিমবাংলার সর্বহারা একং শিক্ষিত বেকারদের সামনে যোৱ অন্ধকার।

গত বছর ২১শে মার্চ বধন তদানিস্তন রাজ্যপাল মি: পাণ্ডে মুখ দিয়ে বলেছিলেন যে রাজ্যের অর্থ নৈতিক বিকাশকে গতিময় করে তুলতে এবং ত্যায় ভিত্তিক সমাজ ব্যবস্থা গঠন করতে বর্তমান সরকার আত্মনিয়োগ করেছেন। কিন্তু এই বাজ্বেট থেকে আমি বলবো, ত্যায় ভিত্তিক সমাজ ব্যবস্থা গড়তে, তাঁরা বে আত্ম নিয়োগ করেছেন, তার কোনও ছবি এর মধ্যে নেই। লোকে

বলে, এবং সংবাদ পত্তেও বের হয় যে বর্তমান অর্থমন্ত্রী আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন অর্থনীতিবিদ, তাঁর বাজেট ভাষণে অর্থনৈতিক বিকাশের গতিময় করে তোলার কিংবা তাায় ভিত্তিক সমাজ ব্যবস্থা প্রবর্ত্তনের কথা কোন জায়গায়, কোথাও তিনি আভাস দেননি। তিনি গতাস্থগতিক ভাবে তাঁর বাজেট রেখেছেন। বরং আমি ১৯৮৩-৮৪ সালের ইকনমিক রিভিউ থেকে দেখাবার চেষ্টা করবো, তিনি যে অর্থনৈতিন পর্য্যালোচনা আমাদের সামনে রেখেছেন, তার থেকে দেখা যাবে যে এথানকার অর্থনৈতিক অবস্থা জরাজীর্ণ এবং অন্ত রাজ্যের তুলনায় আমরা অনেক পিছিয়ে আছি। এখন আমি বাজেটের বিভিন্ন অমুচ্ছেদ নিয়ে আলোচনা করার চেষ্টা করবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রীর এই বাজেটের সবচেয়ে বড় ক্লতিত্ব, পশ্চিমবাংলার মান্তবের ঘাড়ে অতিরিক্ত ৭৫ কোটি টাকা ট্যাক্স। তিনি ৭৫ কোটি টাকার ট্যাক্স দেখিয়ে বলেছেন একবার, উদ্বত্ত হতো, ষদি গত বছর জ্যোতি বোস অর্থমন্ত্রী না থাকতো। এত ঘাটতি তিনি রেথে গেছেন, যার ফলে এবার ২৩ কোটি টাকার ঘটিভি থেকে গেছে। সাম্প্রতিক কালে এমন করের বোকা অভূতপূর্ব। এই রাজ্যের পাশে ঘান, ত্রিপুরাতে, দেখানে কোন করের বোঝা নেই, উভিন্তায় ঘান, দেখানে কোন কর নেই, মহারাষ্ট্রে ঘান, সেধানে কোন কর নেই, স্থতন করের কোনও প্রস্তাব নেই। এখানে আমাদের মাননীয় অর্থমন্ত্রীর পশ্চিমবাংলার মান্তবের কাছে অন্তদান, এর পরেও বাজেট ঘাটিতি থাকছে, ২৬ কোটি ২৬ লক্ষ ২৫ হাজার টাকা। নি•চয়ই বাজেট যথন হয়, বাজেট কথন ও উৰ,ত হয়, কথনও ঘাটতি হয়, এটাই হচ্ছে নিয়ম। আমি ঘাটতি হয়েছে বলে বলছি না, আমাদের অর্থমন্ত্রীকে, যে তাঁর বাজেট খুব বাজে বাজেট। কিন্তু এই বাজেটের অক্যান্ত দব কিছু দেখলে দেখা যাবে, যে ভাবে কর চাপিয়েছেন, যে ভাবে রেহাই দিয়েছেন, এইগুলি যদি আমর। আলোচনা করে দেখি তাহলে দেখবো যে যাদের যাদের রেহাই দিয়েছেন, তাদের রেহাই দেবার কোন কারণ ছিলনা এবং যে যে জিনিযে উপর তিনি কর চাপিয়েছেন সেইগুলি মাহুযের ঘাড়ে কি ভাবে আঘাত করবে, সেইগুলো আমি একে দেখাবার চেষ্টা করব। যেম্ন, যে গায়ের হিসাব **দিয়েছেন, গত বছর রেভেনিউ থেকে ৮৮৪ কোটি ১৬ লক্ষ** টাকা আসার কথা ছিল। মাননীয় অর্থমন্ত্রী বলবেন কি,—গত বছরের বথা বলছি আমি, অর্থাৎ এই বছর দেগানে আসছে ৭৯৯ কোটি ৩৬ লক্ষ টাকা। অর্থাৎ রাজ্বস্থ থেকে যে টাকা আসার কথা ছিল সেটা আসছে না। স্থতরাং আপনি যে আদায় করার কথা ভাবছেন, দেটা যে আদায় হবে, কি রাজম্ব, কি অন্যান্য খাতে, তার কোনো নিশ্চয়তা নেই। १৫ কোটি টাকা নিয়ে—এই ব্যাপার নিয়ে এখন বলার চেষ্টা করব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্যার। সিন্ধে তিনি বলেছেন,—

## [12-50-1-00 P.M.]

During the Six Year period between 1977-78 to 1982-83, 74, 270 small units with fresh employment 5. 41, 180 persons were formed in West

Bengal. স্থার, আপনি ৬ প্যারাটা একটু দেখুন। এখানে দেখা যাচ্ছে আপনাদের আমলে এভারেজে ১২ হাজার ৩৯৪টি নতুন ইউনিট তৈরী হয়েছে এবং এতে ১০ হাজার ১৯৭ জন মাহুষের ক্রেস এমপ্রয়মেণ্ট হয়েছে। আপনি ১৯৭২/৭৩ সাল থেকে ১৯৭৬/৭৭ সালের দিকে একট ফিরে তাকিয়ে দেখন—অবখ্য আপনি দেখবেন কিনা জানিনা, কিন্তু ঐ সময় ৫ বছরের মধ্যে শ্বল জেল ইনডাঞ্জিতে দারুণ অগ্রগতি হয়েছিল এবং সেই সময় আমাদের মন্ত্রী ছিলেন ডা: জয়নাল আবেদিন এবং অতীশ সিংহ। এ ৫ বছরে ৭১ হাজার ১১১টি নতুন ইউনিট তৈরী হয়েছিল এবং ৫ লক্ষ ৫৫ হাজার ৩৯৮ জন মান্ত্রের এমপ্রয়মেণ্ট হয়েছিল। আর আপনাদের ৬ বছরে ৫ লক্ষ ৪১ হাজার ১৮০ জন মান্থবের এমপ্লয়মেণ্ট হয়েছে। সেই সময় এ্যাভারেজে ১৪ হাজার ৩৪**ংটি নতুন ইউনিট** প্রতি বছর হয়েছিল এবং এ্যাভারেজ ১ লক্ষ ১১ হাজার ৮৯ জন মান্থবের পার ইয়ার এমপ্রয়মেন্ট হয়েছিল। মোটামৃটি মল স্কেল ইণ্ডাঞ্জিতে সেই সময় এত লোকের এমপ্লয়মেণ্ট হয়েছিল। স্কুতরাং আপনাদের কৃতিত্বের কোন ছাপ এতে নেই। আপনারা এসে রেডলিউসান নিয়ে আসবেন বলেছিলেন, বিপ্লব নিয়ে আসবেন বলেছিলেন। কিন্তু সত্যিকারের কোন বিপ্লব নিয়ে আসতে পারেন নি। বরং কংগ্রেস আমলে ৫ বছরে যা হয়েছিল আপনাদের ৬ বছরেও তা সম্ভব হয়নি, অথচ আপনি ৬ দফাতে খুব বড় বড় কথা বলেছেন। স্থ্যার, এর পর আপনি ৪৭ দফায় আফুন। এখানে আপনি ৭৫ কোটি টাক। নিয়ে আলোচনা করেছেন। আপনি বলেছেন, While raising these additional resources care must be taken and the middle classes are not at all inconvenienced. এই এ্যাডিশন্তাল রিলোর্সেরে ব্যাপারটার আপনি নিশ্চয় থেয়াল রেথেছেন—আসলে কিন্তু আপনি গরীব, মধ্যবিত্ত মাহুষদের দিকে ষে তাকান নি, সেটা আমি আপনাকে দেখাবার চেষ্টা করব। আপনি ৫০ দফায় কিছু কনদেসন দিয়েছেন। আমি কি আপনাকে জিজ্ঞাসা করতে পারি—Is the poor man going to be benefitted by the Tax concessions on iron and steel safes, cushions, mattresses, pillows made of rubber from, linoleum voftage stabilisers, electro magnetie recording tapes, dictaphones and opera glasses? আপনার অফিনে ডিকটাফোন নেই, বড় বড় কমার্শিয়াল অফিনে আছে। এগুলিতে আগনি কনসেদন দিয়েছেন। গরীব মামুষের জন্ম কি এই কনদেশন দেওয়া হয়েছে? আপনি বলেছেন এতে আপনার বছরে ৫। কোটি টাকা ক্ষতি হবে। এখানে আপনি যদি কনদেশান না দিতেন ভাহলে আপনার ৫। কোটি টাকা আরো আসত এবং এর ফলে আপনাকে ৭৫ কোটি টাকার ট্যাক্স বসাতে হতো না, ৬১॥ কোটি টাকায় নেমে আসত।

মাননীয় অর্থনন্ত্রীর কাছে আমার নিবেদন, তিনি যে সব জিনিষ কনদেসান দিচ্ছেন, dictaphone, opera glass, binoculars, electro-magnetic recording tape. এগুলি কি গরিব মাছ্যবের ব্যবহার করা জিনিষ? পশ্চিমবাংলার মাছ্য যেথানে থেতে পায় না সেধানে

কাদের দিকে তাকিয়ে তিনি এইসব জিনিষে কনসেসান দিচ্ছেন? তাই আমি বলছি, The interest of the rich and the privilege classes of the people is being served by the Left Front Government. আপনারা ধনী মান্তবদের স্থার্থের দিকে তাকিয়ে এইসব করছেন। এতে আমার বন্ধু রাজকুমার বীরেনবাবুর মতন লোকের লাভ হতে পারে কিন্ধু গরিবদের কোন লাভ হবে না। আমি জানি না ঐ রকম রাজকুমার আর কে কে আপনাদের মধ্যে আছেন তবে একটা রাজকুনার কে আমি চিনি যেহেত একই জায়গায় আমাদের বাড়ী। সেই রার্জকুমারদের লাভ হতে পারে কিন্তু রাজকুমারদের অধীনে যে সমস্ত প্রজারা আছেন, যারা দিন আনেন দিন খান, ঐ ক্ষেত্মজুর, অল্প জমির মালিক, তিনি কি বলতে পারেন ঐ যে ৫॥ কোটি টাকা রেহাই দিচ্ছেন মেটা দিয়ে তিনি এদের উপকার করছেন কিনা ? আমি আশা করি এর একটা উত্তর তিনি দেবেন তিনি যদি বলেন ঐ সব জিনিষ গরিব লোকরা ব্যবহার করেন তাহলে অবশ্য আমার কিছু বলার নেই। এরপর আপনি আন্ত্র প্যারা ৫২, ৬২তে। আপনি tyre, tube. flaps এর উপর রেটটা রিডিউদ করেছেন। ভালে। কথা। যারা কনজিউমার তাদের নিশ্চয় ভোগ করার কথা কিন্তু আমি বলছি, আসলে যারা কনজ্জিউমার এর শ্বারা তাদের কোন লাভই হবে না। তার কারণ হচ্ছে, আর একটা জায়গায় motor vehicles taxes and taxes on the spare parts এটা বাড়িয়েছেন। কাজেই কনজিউমারদের লাভ হবে না। আসলে যাদের লাভের জন্ম আপনারা ব্যক্ত, ঐ ডানলপ, মালটি স্থাশানাল, মোদি, জে. কে ইত্যাদি সব মনোপলি হাউস তাদের লাভ হবে। কনজিউমারদের যে লাভ হবে না সেটা আমি এরপর দেখাবার চেষ্টা কয়বো। সেখানে মোটর ভেহিকল ও পার্টদের উপর যে ট্যাক্স চাপিয়েছেন তার থেকেই এটা প্রমানিত হবে। তারপর আফুন ৫২ নং প্যারাতে। দেখানে আগনি শিশুর হুধ বাদ দিয়ে অন্যান্ত মিল্ক পাউডারের উপর ট্যাক্স চাপিয়েছেন। স্থার, এই প্রসংগে আপনাকে জানাই, পি. এ. কমিটির চেরারম্যান হিসাবে আমি এবং তার সদস্য হিসাবে ডাঃ জয়নাল আবেদিনের প্রশ্নের জবাবে অফিসাররা জানিয়েছিলেন যে বাজারে সরকার যে তথ বিক্রি করেন তার ৭৫ ভাগ পাউডার মিল্ক এবং ২৫ ভাগ কোনরকমে গ্রাম থেকে পাওয়া যায়। সেই ২৫ ভাগ তুধও কোন সময় পাওয়া যায় আবার কোন সময় পাওয়া যায় না। তারা বললেন, ধরে নিন সবটাই পাউডার মিল্ক দিই। তারপর তাতে জল মেশানো হয় কিনা সেসব কথায় আমি ঘাচ্ছিনা। কাজেই পাউডার মিল কের উপর ট্যাক্স করে আপনি গরিব মান্থ্যদের যে ত্বধ সরবরাহ করা হয় তার দাম বাড়িয়ে দিচ্ছেন। তারপর স্থার, মাননীয় অর্থমন্ত্রী তাঁর পাণ্ডিত্যের জোরে ঘ্রিয়ে ট্যাক্স করছেন। তিনি যে ট্যাক্স চাপাচ্ছেন তাতে গরিব মামুষের কোন উপকার হচ্ছে না। যেমন tax on batteries other than those used in vehicles as original equipments is proposed to be enhanced.

## [1-00-1-10 P.M.]

এটা তিনি নিয়েছেন। অর্থাৎ বিড়লা যথন এ্যামব্যালাডর করবে, টাটা যথন তার ট্রাক কিন্তা অন্ত ভিহকলন করবে তথন ট্যাক্স লাগবে না। ট্যাক্স লাগবে কথন ? যথন সাধারণ মারুষ

এই ব্যাটারী করতে যাবে তথন লাগবে। এটা হচ্ছে Tax on batteries other than those used in vehicles as original equipment is proposed to be enhanced. aster অরিজিন্যাল ইকইপমেণ্ট হিসাবে তার ট্যাক্স চাপছে না। ট্যাক্স চাপছে কথন ? ট্যাক্স চাপৰে তথনট যথন ষ্টোরেজ ব্যাটারিজ সাধারণ মাত্র্য কিনবে। কিন্তু যথন বিড়লা কিনবে, যথন টাটা কিনবে তথন লাগছে না। আপনারা আবার গরীবের সরকার, গরীবের বন্ধ বলেন, এই হচ্চে সত্তিকোরের গরীবের বন্ধ। তিনি আবার আর একটা জিনিস মুতনভাবে করেছেন। প্যার। ৫৩-তে ফার্টিলাইন্সার সম্পর্কে বলা হয়েছে। এই সারে ট্যাক্স কনসেসান ছিল। এখন ডিনি বলছেন. যে কনদেশান ছিল, দ্যাট মে বি ডিসকনটিনিউড। এই দার ব্যবহার করে কারা ৮ এই সার ব্যবহার করে চাষীরা, মধ্যবিত্তরা, গগীবরা, রুষকরা। আজকে যে সারের উপতে কনসেদান ছিল, দেই কনদেদান ডিলাররা ভোগ করতো, ঘাট উইল বি ডিসকনটিনিউড। আমি পাারা ৫৩টা সব পড়েছি। আপনি বলার সময়ে এই বিষয়ে আমাদের বলবেন। আমার মনে হয় দিস উইল ইনক্রিজ দি প্রাইস অব ফার্টিলাইজার। তারপরে প্যারা ৫৬ দেখুন। সেখানে আপনি ২০ পারসেনট ট্যাকস করেছেন পশ্চিমবাংলার লটারীর উপরে। আপনি বলেছেন যে কর্ণাটককে অফুসরন করে এটা করেছেন। লটারীর টিকিট কিনে গরীব মামুধেরা অনেক সময়ে ভাবেন ষে একদিন তারা বড় লোক হতে পারেন এবং সেজন্য তারা টিকিট কেনেন। সারা ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের যে লটারীর টিকিট পশ্চিমবাংলায় বিক্রয় হয় তাদের ক্ষেত্রেও এটা **হবে** সেকথা কিন্তু বলেননি। আপনি বলেছেন, 'লটারী টিকিট অব বেঙ্গল'। আমি আপনাকে বলচি বে এই আইন এনে আপনি মারা পড়বেন। ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের লটারীর টিকিট এখানে বিক্রম হলে তার উপরেও ২০ পারদেন্ট লাগবে—সেকথা আপনি বলেন নি। আজকে পশ্চিমবাংলার লটারীর টিকিটের উপরে যদি ২০ পারসেন্ট ট্যাক্স চাপে তাহলে এখানকার লটারীর টিকিট বিক্রি হবে না। পশ্চিমবাংলার বাইরের যে সমস্ত রাজ্য আছে, দেখানকার লটারীর টিকিট বিক্রম্ম হবে। তারপরে পাারা ৫৮-তে আন্থন। গ্রামের দিকে মান্থর যাত্রা, থিয়েটার, এগুলি আমোদের জন্ম দেখে। এটার উপর থেকে ট্যাক্স উঠিয়ে দেওয়া হয়েছিল যাতে তারা থিয়েটার দেখতে পারে, ষাত্রা দেখতে পারে। একেই যাত্রায় যারা যায় তারা অনেক টাকা নিয়ে যায় একং তাদের টাকা দিতে গিয়ে টিকিটের হারও বেড়ে যায়। আমাদের অর্থমন্নী গ্রামে বাস করেন না, তিনি শহরে বাস করেন। তিনি আন্ত জাতিক খ্যাতি সম্পন্ন একজন অর্থনীতিবীদ হিসাব পরিচিত বলে গ্রামের মান্থবের কথা একবারও চিন্তা করলেন না। একজন মান্থব দাত্রা দেখবে, ষার উপর থেকে ট্যাক্স উঠিয়ে দিয়েছিল, সেটা আবার বদবে। আপনি কত নিষ্ঠুর এটা বোধ হয় থামের মাতুষ জানেনা।

ষ্ঠার, আমি আর একটি বিষয়ের প্রতি মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি এবং ওঁকে বিষয়টি ভাল ম্বারে দেখাবার জন্ম অন্থরোধ করছি। গত বছর অর্থমন্ত্রী ছিলেন মাননীয় মুখ্যমন্ত্রী

নিজেই এবং তিনি তথন একটি কাজ করেছিলেন যারজন্য আমরা তাঁকে ধন্যবাদ জানিয়েছিলাম অথচ আজকে মাননীয় অর্থমন্ত্রীর এই বাজেট প্রস্তাবের ফলে সেই ধন্যবাদ আমাদের ফিরিয়ে নিতে হচ্ছে। চা-এর ও-পর যেথানে গত বছর জ্যোতি বস্থ ট্যাক্স কমিয়ে দিয়েছিলেন সেখানে বর্তমান অর্থমন্ত্রী আবার ট্যাক্স বাড়িয়ে দিয়েছেন। গত বছর মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী বলেছিলেন,

"The plight of the tea gardens in the State has been engaging our attention for some time past. The industry did not make any significant investment in an important area, namely, replantation of new bushes in those favourable years when there were increases both in the quantity and unit value of exports. The failure of the industry to take a long terms development perspective has led to the present crisis in the industry. In the bargain, the State and the workers have been badly hit—the State for non-receipt of their tax dues and the workers because of lay-off, closure of gardens etc. Keeping in mind the plightt of the workers I propose the following concession relating to cess on tea. There will be a blanket exemption from payment of cess on the first 1,00.000 kilograms of made tea or the first 4,50,000 kilograms of green tea leaves for a garden in one year."

অথচ আজকে মাননীয় অর্থান্থী ডা: মিত্র, তাঁর বাজেট বিবৃতি ৬৩/৬৪ নং প্যারায় বলছেণ, "এই রাজ্যে চা বাগান থেকে সরাসরি প্রেরিত চা চালানের উপর কিলোগ্রাম পিছু দেড় টাকা হারে অহরূপ কর্মসংস্থান তথা উৎপাদন সেস আছে এই সেসের হার বাড়িয়ে আমি কিলোগ্রাম পিছু তিন টাকা রাথতে চাই ।" অর্থাং দেড় টাক। ছিল, তিন টাকা করলেন, অর্থাং ১০০% বাড়িয়ে দিলেন। অর্থাং থ্রি পারসেন্ট concesion is proposed to be discontinued. তার পরে আবার উনি বলছেন, 'তৈরী চায়ের ক্ষত্রে প্রথম এক লৃক্ষ কিলোগ্রাম এবং চা পাতার ক্ষত্রে প্রথম ৪৫০,০০০ কিলোগ্রাম হারে এই সেসের যে ছাড় আছে তা আমি কমিয়ে এনে যথাক্রমে প্রথম ৫০,০০০ কিলোগ্রাম হারে এই সেসের যে ছাড় আছে তা আমি কমিয়ে এনে যথাক্রমে প্রথম ৫০,০০০ কিলোগ্রাম বাথতে চাই।" অর্থাৎ জ্যোতিবাবু যেটাকে স্কল্ফ নিয়ে গিয়েছিলেন চা বাগানকে বাঁচাবার জন্ম সেটাকে উনি আবার কমিয়ে চা বাগানকে ধ্বংস করবার জন্ম ৫০,০০০ নিয়ে এলেন। বিগত এক বছর আগে মার্চ মানের এই সময়ে জ্যোতি বাবু যেটা বাড়িয়ে ছিলেন, সেটাকে উনি কমিয়ে আনলেন। এক লক্ষ কিলোগ্রামের জায়গায় ৫০,০০০ কিলোগ্রাম এবং ৪৫০,০০০ কিলোগ্রামের জায়গায় ২২৫,০০০ কিলোগ্রাম করলেন।

সেদ ছাড়ের হারটাকে উনি এইভাবে কমিয়ে দিলেন। এই তো হলো অবস্থা! স্থার, কেবল ভাই নয়, তার পরে শুরুন, Exemption of this limit from this cess is being reduced to half. যেটা অর্থেক করা হয়েছিল সেটাকে পুরোপুরি আবার নেবার জন্ম চা'এর ওপর নতুন একটা ট্যাক্স বসছে এবং সেই ট্যাক্সটাকে শিক্ষা সেস হিসাবে নেওয়া হবে। অর্থমন্ত্রী বলছেন, "তবে চা উৎপাদনের ক্ষেত্রে এবার আমি শিক্ষা সেসও বসাতে চাই, চা বাগান থেকে সরাসরি প্রেরিভ চাযের উপর কিলোগ্রাম প্রতি ১ টাকা, প্যাকেট পাঠানোর উপর কিলোগ্রাম প্রতি ২৫ পয়সা এবং নীলাম কেন্দ্রে পাঠানো চায়ের ক্ষেত্রে এই সেস হবে কিলোগ্রাম প্রতি ১ পয়সা।" স্থার, অর্থমন্ত্রীর এই প্রস্তাবের ফলে কি হবে জানেন, ওয়েই বেন্সলের চা শিল্ল, এর একেক্ট হিসাবে ক্ষতিগ্রন্থ হবে, প্রতি কিলোগ্রাম চা'এর ৪ টাকা করে দাম বাড়বে।

## [1-10-1-20 P.M.]

প্রতি কিলেগ্রাম ৪ টাকা করে বাড়বে। আমি বলছি, এই চা গরীব মান্থবেরা খায়। গরীব মান্থবেরা এক কাপ চা থেয়ে কোন রকমে খিদে মেটায়। সেই চায়ের উপর ট্যায় বিদিয়েছেন। অস্ততঃ এই সরকারের পক্ষে—যারা সর্বহারার সরকার বলে, যারা গরীব মান্থবের সরকার বলে—ভাদের লজ্জা করা উচিত। স্থার, এরপর আপনি আহ্ন, Sales Tax on motor vehicles, spares and accessories are being increased. Motor vehicles tax on commercial vehicles is proposed to be increased by forty percent. Tax on cars proposed to be increased by over fifty precent. এই যে আপনি ৪০ পারসেন্ট কর্মাশিয়াল ভিহিকিল্সের উপর বাড়ালেন এতে করে ট্রাম্বপোর্টেসান কন্ত নিশ্চয়ই বাড়বে। আর ট্রাম্বপোর্টেসান কন্ত বাড়া মানে জিনিয়পত্রের দাম বাড়া এবং জিনিয় পত্রের দাম বাড়া মানে গরীব মান্তবের ক্ষতি হয়ো। সেধানে এবার যথন রেলের ফ্রেট চার্জ কমলো, আপনি সেই সময়ে এই ট্যায় বাড়িয়ে দিলেন। ইনডায়েরেকট ট্যাকসেসান সম্পর্কে এনকোয়ারী করার জন্ম এল. কে. ঝার একটি কমিটি হয়েছিল। সেই কমিটির একটা রিপোর্ট ১৯৮০ সালে বেরিয়েছিল। সেই রিপোর্টে বলছে,—

Road transport serves a basic personal need of the people. The cost of transportation affects the prices of all products and has a perceptible impact on the lowest expenditure groups as it raises the cost of every necessity. These taxes though initially borne by the Transport Operators is ultimately passed on to the consumers. A strong case would thus seen to exist both on social and economic consideration for a reduction

in the total burden of the various levies so as to reduce the cost of road transport. The L. K. Jha Committee felt that at least some move should be initiated to relieve the economy of the burden which the heavy taxation of the road transport industry imposes. The L. K. Jha Committee has suggested that there should be no increase in Motor Vehicles Taxes for at least ten years. স্থার, উনি তো বাড়ালেন, ৫ বছর বাড়াননি সেই জন্ম বাড়ালেন। Additional Employment Programme entrepreneurs who have received margin money assistance from the State Government and borrowed money from the Banks will be very badly hit by such levies. Additional annual burden of over 3000/- is likely to be imposed on then for each conventional truck owned by them. The rates of Motor Vehicles Tax in Orissa are much lower. উড়িক্সায় যদি ট্যাক্স কম হয় তাহলে সাধারণতঃ গাড়ী রেজিক্সী হবে উড়িক্সাতে, আপনার এখানে হবে না। আপনি যে ইনকাম আশা করছেন সেই ইনকাম হবে না। অথচ আপনি প্যারা ৩৭-তে বলছেন, "এই রাজ্যে রেজিক্সিকত এখন মোটর গাড়ী, ট্রাক

আপুনি যদি বলে থাকেন থে ৬৭ দফাকর আদায় হচ্ছে না ৪০ ভাগ। আপুনি দয়াকরে যদি সেটা আদায় করতেন ট্যাক্সনা চাপিয়ে তাহলে ভাল হোভো। আপনি নিজে স্বীকার করেছেন যে ৪০ ভাগ ফাঁকি দেয়, অথচ মাননীয় অর্থমন্ত্রী মহাশয় আপনি আবার ট্যাক্স চাপাচ্ছেন ৪০ পারদেও ৫০ পারদেও। আমি জানিনা কেন চাপাচ্ছেন ? আপনার পিছনে তো কোন লোক নেই, অফিসার ইত্যাদি আপনি তো শুনেছি নিজেই সব করেন। এর ফলে প্রায় এক কোটি টাকা আপনি আদায় করতে চাইছেন। ৪০ পারসেও গাড়ী যদি,—আপনি শতকরা ৪০ ভাগের ক্ষেত্রে যদি কোন ট্যাক্স আদায় করতে না পারেন তো এ আপনার অপদার্থতা। আপনি এদিকে আদায় করতে পারছেন না আর, আর এক দিকে ট্যাক্স বাড়াচ্ছেন s. ভাগ ৫০ ভাগ, এটা কেমন কথা? এবারে অস্থন ৬৯ এন্ট্রি ট্যাক্স, এবারে আপনি নতুন জিনিষ আমদানী করেছেন। ৬৯ এন্টি ট্যাক্স, আপনি এই ট্যাক্সে দেখবেন—ডা: ভবতোষ দত্ত, তাঁর রিপোর্ট নিম্নেই নাকি করেছেন—এতদিন মিউনিসিপ্যাল এরিয়ায় কোন জিনিষ ঢুকলে ট্যাক্স লাগতে। না। বর্ত্তমান সরকার স্থক করলেন। স্থক করেছেন ছুর্গাপুর, আসানসোল থেকে আরম্ভ করে ওদিকে শিলিগুড়ি, জলপাইগুড়িতে যদি কোন মাল বিক্রির জন্ম যায় কিছা আসানসোল কিছা ত্ব্যাপুরে যদি কোন মাল বিক্রির জন্ম যায় দেখানে এন্ট্রিট্যাক্স লাগবে। তবে আপনি বলেছেন লাখের উপরে হলে। কিন্ত আপনি জানেন যারা ব্যবসায়ী তারা আপনার চেয়েও চালাক। আপুনি অর্থমন্ত্রী হতে পারেন কিন্তু কি করে ফাঁকি দিতে হয় ব্যবসায়ীরা আপুনার চেয়ে বেশী

জ্ঞানে। যথন তারা দেখবে ১০ লাথের উপরে ট্যাক্স লাগবে তথন তারা ঐ তাদের ব্যবসাকে ভাগ ভাগ করে নেবে, কিছুতেই ১০ লাখ হতে দেবে না। ফলে আপনি দেখবেন ১০ লাখের উপরে ট্যাক্স চাপিয়ে আপনি যে টাকার আশা করছেন, যেটা এর থেকে পাবেন বলেছেন—১০ কোটি টাকা পাবেন বলেছেন—আপনি তা পাবেন না. ১০ কোটি কেন এক পয়সাও পাবেন না, কাজেই আঙল চোষা ছাড়া আপনার আর করার কিছু থাকবে না। এর পরে আপনি নাকি আরম্ভ করেছেন যে প্রতি মিউনিসিপ্যাল এরিয়ায় এই ধরণের মাল ঢুকলে নাকি আপনি ট্যাক্স চাপাবেন, আপনি গরীব মামুষের বন্ধ, আপনি কত দয়ালু। আপনি আজকে কনদেসন দিলেন, সব বড়-লোকের জিনিষের উপর আপনার এই সব ট্যাক্স চাপিয়ে। যথন ট্যাক্স চাপবে আপনি জানবেন এই মাল বিক্রির উপরে তথন সেই ট্যাক্স ব্যবসায়ীরা ঘব থেকে দেবে না, সেই ট্যাক্স সাধারণ মান্তবের ঘাড়ে চাপবে। সাধারণ মান্তবের ঘাড়ে চাপবে। সাধারণ মান্তবের ঘাড়ে চাপিয়ে আদায় করবে. স্বতরাং সাধারণ মানুষ এ্যাফেকটেড হবে। আপনি ট্যাক্স চাপিয়ে দেবেন, ১০ কোটি টাকা পাবেন, ভাবছেন কিন্তু আসলে—আপনি পাবেন কি'না জানিনা—ব্যবসায়ীরা এই ট্যাক্স দেবেনা। আজকে মিউনিসিপ্যাল এরিয়ার মধ্যে জিনিষ চুকলে এণ্টি টাক্সি নেওয়া হবে এবং এতে কোরা-পদান বাডবে, যেমন অকট্রেতে বেড়েছে, অকট্রয় যেমন কোরাপদান বাড়িয়েছে এতেও তেমনি কোরাপসান বাডবে। আপনি সেই কোরাপসানের প্রশ্রয় দিচ্ছেন। এখন আস্থন, আমি আপনার কাছে আর একটি বিষয় নিয়ে আলোচনা করছি। আপনি ২৭ দফাতে বলেছেন— ২৭ দফাটা পড়ে দেওয়া ভাল—'কমিশনের রিপোর্ট পেতে দেরি হচ্ছে, আমাদের ১৯৮৪-৮৫ সালের বাজেট প্রস্তাব তৈরী করতেও তাই একট অস্থবিধা দেখা দিয়েছে। পরিকল্পনা কমিশনেয় সঙ্গে আমাদের কয়েকটি বৈঠক হয়েছে: ১৯৮৪-৮৫ সালে রাজ্যের বার্ষিক যোজনার পরিমাণ কত হবে তা নিয়ে কিন্তু আমরা মতৈকো পৌছতে পারি নি। আমরা অতএব প্রধান সমস্থাগুলি নিয়ে আলোচনার জন্ম জাতীয় উন্নয়ন পরিষদের বৈঠক ডাকার অন্মরোধ জানিয়েছি। অর্থ কমিশনের রিপোর্ট হাতে না পাওয়াও পরিকল্পনার পরিমাণ নির্ণয়ে অন্তবিধার একটি বড় কারণ। মাননীয় সদস্যদের কাছে আজ যে যে প্রস্তাব রাখা হচ্ছে, তাতে ১৯৮৪-৮৫ সালের পরিকল্পনার পরিমাণ ৭৪৮ কোটি টাকা দেখান আছে।

### [ 1-20—1-30 P. M. ]

আপনি এই ৪৪৮ কোটি টাকা সম্পর্কে বলতে গিয়ে এটা ১৯৮৪-৮৫ আর্থিক বছরের জন্ম বার্ষিক যোজনা—তা কিন্তু বলছেন না। বলছেন এটা দেখানো আছে। বলছেন জাতীয় উন্নয়ন পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজন হলে এই আর্থিক ব্যাপারটার পরিবর্তন হবে। জানিনা কোথায় যাবেন আপনারা! অনুরূপ অবস্থা ১৯৭৯-৮০ সালেও হয়েছিল। আপনারা আন্ধ কথায় কথায় বক্সনীয় সুরকারকে দোষ দিচ্ছেন। আমিও চাই কেন্দ্রের কাছ থেকে আরও

টাকা রাজ্যের জন্ম আহন। কিন্তু আজকে নিজেদের গাফিলতি ঢাকবার জন্ম কেন্দ্রের উপর দোষ **চাপিয়ে যে ক**থা বলছেন, আগে নিজেদের সংশোধন করুন। সেটা কডটক হয়েছে তা দেখা **দরকার। আপনি জানেন** যর্চ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় গোটা ভারতবর্ষে ২২টি ষ্টেটের জন্ম বরান্দ **হয়েছিল ৪৭,২০৪ কোটি** টাকা। তার মধ্যে আপনার দেওয়া হয়েছিল ৩.৫০০ কোটি Rupees three thousand five hundred plan outlay for West Bengal out of Rupees forty seven thousand two hundred four for all the 22 states कि छिटिन मधा अधि छिटे जामारमन एउस त्वनी (भरम्भिन । नामनाकि ১৭টি ষ্টেট আমাদের চেয়ে কম পেয়েছিল এবং এই ৩.৫০০ কোটি টাকার ভেতর দিস গভর্ণমেন্ট মাড টু রেইজ ক্ষপিজ ২১৭৮ ক্রোরস ২১৭৮ কোটি টাকার রূপ দেবার কথা এ দের, ৬৪২ কোটি টাকা আসবে ক্রম লোনস, ওপেন মার্কেট অর এল, আই. সি. থেকে। আর সেণ্টাল এ্যাসিষ্টেনস শাসবে ৬৮০ কোটি টাকা। এই সবটা মিলিয়ে হচ্ছে ঐ ৩,৫০০ কোটি টাকা। ১৯৮০-৮১ সালের পর যে বছর আরম্ভ হয় সেই বছর ৫৭৫ কোটি টাকা আমাদের বার্ষিক খোজনা বরাদ হয়েছিল। কিন্তু মাননীয় অর্থমন্ত্রী, নিশ্চয়ই আপনার মেমরি সর্ট নয়। হিউম্যান মেমরি ইজ ভেরি সর্ট বাট **আই থিক ছাট ইওর মেমরি ইজ নট সো দট**্এাও ইউ হাভ ফরগটন ছাট। এই ৫৭৫ কোটি টাকার ভেতর আপনারা থরচ করতে পারলেন মাত্র ৪২০ কোটি টাকা, অর্থাং ৫৭৫ কোটি টাক। ষা প্ল্যান অভিটলে ফর ছাট ইয়ার—আপনারা খরচ করলেন মাত্র ৪২০ কোটি টাকা। ১৫৫ কোটি টাকা আপনারা থরচ করতে পারলেন না ১৯৮০-৮১ সালে ৷ ১৯৮১-৮২ সালে দেও ল **এ্যাসিষ্টেনস্ সহ পশ্চিমবাংলার প্র্যান আউ**টলে ছিল ৬৩৮ কোটি টাকা। আউট অফ ৬৩৮ ক্রোড়স, **দি ষ্টেট গভর্ণমেন্ট হ্যাড স্পেন্ট অনলি রু**পিজ ৪৫০ ক্রোড়স। তার মানে দি ষ্টেট গভর্ণমেন্ট কুড্ নট স্পেও রুপিজ ১৮৪ ক্রোরদ। কিন্তু মাননীয় অর্থমন্ত্রী মহাশয়, সে সময়ে আপুনি অর্থমন্ত্রী চিলেন না। মার্রখানে এক বছর আপনাকে আমরা পাইনি—সেজন্ত আমরা ছঃথিত ছিলাম। ঐ ছুই বছারর মধ্যে আপনারা রিজার্ভ ব্যাঙ্ক থেকে ৩৪০ কোটি টাকা ওভারড়াফ ট নিয়েছেন।

ভারপর আদি স্থার, ১৯৮১-৮২ সালে। যথন আপনারা পারছেন না, বার বার পারছেন না তথন ৬৩৮ কোটি টাকার জায়পায় হয়েছে ৪৫০ কোটি টাকা। এই বছর ঠিক হলো ৪৯০ কোটি টাকা। ১৯৮২-৮০ সালে ঠিক হলো ৪৯০ কোটি টাকা। কিন্তু সেই সময় কেন্দ্র এগিয়ে এসেছিল এবং আপনাদের এডভান্স এসিমটেন্স দিয়েছিল ১৪০ কোটি টাকা। এই কথা নিশ্চই আপনাদের মনে আছে, আপনি নিশ্চই ভূলে যান নি। অথচ আপনাদের রাগ সেই কেন্দ্রের উপর। ১৪০ কোটি টাকা এবং তার সন্দে ৪৯০ কোটি টাকার যথন প্রান আউটলে হয় তথন ১৪০ কোটি টাকা একটা এ্যাডভান্স এসিসটেন্স দেওয়া হয়েছিল। কিন্তু ভূথের বিষয় স্থার, এই ১৪০ কোটি টাকা এডভান্স এসিসটেন্স পাওয়া সত্তেও আপনারা ৪৯০ কোটি টাকার মধ্যে থরচ করতে পারলেন মাত্র ৪৫০ কোটি টাকা। ফলেই আবার আপনি ওভার ড্রাফ্ ট নিলেন ৮২ কোটি টাকা।

আর জানিনা আমরা হলে কেন্দ্র কি করতেন, কিন্ধু আপনাদের উপর কত দয়া। আপনারা ষধন যান তথন সেথানে অনেক ভাল কথা বলেন আর বাইরে এসে কেন্দ্রকে গালিগালান্ধ দেন। ব্দাবার আপনাদের ৮২ কোটি টাকা ওভার ডাফ ট দিয়েছিল। স্বতরাং স্থার, এই তিন বছরে, ১৯৮০-৮১, ১৯৮১-৮২, ১৯৮২-৮০ দালে দেখা গেল খরচ করেছেন কত? টেকিং ম্যাদিড এাসিসটেন্স ফর্ম দি সেন্টার ১৩২৩ কোটি টাকা। অর্থাৎ যে ভাগে যে প্লান আউটলে ছিল— ৩৫০০ কোটি টাকা—তার মধ্যে ৩ বছরে আপনার। খরচ করতে পারলেন ১৩২৩ কোটি টাকা। অর্থাৎ ৩৮ পারনেট অফ ফাইভ ইয়াস এপ্রভড প্ল্যান। Out of 1323 crores of plan expenditure 1289 crores was from the Centre as central advance. 3263 কোটি টাকা এসেছে ফর্ম দি সেন্টার অর সেন্ট iল সোস<sup>'</sup>। ১২৮৯ কোটি টাকা এসেছে সেন্টার থেকে এবং সেন্ট্রালী যে সমস্ত সোস আছে সেই সমস্ত জায়গা থেকে। আর ৩৪ কোটি টাকা মাত্র আপনার থরচ করেছেন। অর্থাৎ আপনার কীর্ত্তি অমর হয়ে থাকবে। ১৩২৩ কোটি টাকার মধ্যে ১২৮৯ কোটি টাকা কেন্দ্র দিয়েছিল। কেন্দ্রের কাচ থেকে নিলেন—সে লোন হিসাবেট নেন আর এ্যসিসটেন্স হিসাবেই নেন। আর আপনাদের কনটিবিউসান ৩৪ কোটি টাকা মাত্র স্থার, এই সব কথা বলতে আমার লজ্জা লাগে। স্থার, আপনি শুনে খুদি হবেন State Government's budgetary and public sector conribution to this expenditure in three vears ৩৪ কোটি টাকা।

( এই সময় লাল বাতি জ্বলিয়া ওঠে )

স্থার, আমাকে অস্ততঃ ১ ঘন্টা সময় দেবেন।

্রেচত-৮৪ সালে আহ্ন স্থার, তথন পজিসান আরো থারাপ। আমি বলছিলাম না ষে এই পশ্চিমবাংলাকে দেউলিয়া করে দিয়েছে। পশ্চিমবাংলার অর্থনীতি জরাজীর্ণ, আরো জরাজীর্ণ হতো না যদি না আপনারা এই মহা পণ্ডিতকে নিম্নে আসতেন। Current year (1983-84) is worse- The Centre approved a plan outlay of Rs. 540 crores once again giving an extra plan assistance of Rs. 69 crores. এই কথা অস্বীকার করতে পারবেন ? স্থার, এই সব ফিগার আমি দিল্লী থেকে এনেছি বলে আপনাকে বলছি। জানিনা দিল্লী যদি ভুল করে—আপনারা ঠিক না দিল্লী ঠিক সেটা একট দেখে নেবেন।

[ 1-30-1-40 P. M. ]

The State Government promised that with this assistance, the plan would be fully financed without any further overdrawal from the R. B. I. But it

AP(81-1/84)--102

was revelated in December, 1983 that the State Government would overdraw another Rs. 140 crores from R. B. I., if they have to achieve this plan outlay.

এই কয়েক মাস আগে, গত ডিসেম্বর মাসে ১৪০ কোটি টাকা ওভারড়াফট নিয়েছিলেন। Oviously, in that context, speaking about a plan of Rs. 748 crores verges on the absurd. স্থতরাং এই পরিপ্রেক্ষিতে আপনি ৭৪৮ কোটি টাকা নিচ্ছেন কোন ভরসায় ? গত ৪ বছরের ইতিহাস হচ্ছে বার্থতার ইতিহাস। বছরে বছরে যে প্লান আউটলে হয়েছে—মাত্র ৫৪০ কোটি টাকা নিয়ে ১৮৫ টাকা খয়চ করতে পারেননি। বারবার আপনি টাকা নিয়েছেন এবং বারবারই ব্যর্থ হয়েছেন। বারবার আপনাকে ওভার্ডাফট নিতে হয়েছে বলে প্লান এক্সপেণ্ডিচার হয়নি, মাথাপিছু খরচ কম হয়েছে। সারা ভারতবর্ষে বেথানে প্লান এক্সপেণ্ডিচার বেণী হয়েছে, দেখানে এই পশ্চিমবঙ্গে মাথাপিছু ব্যয় আমর। কম হয়েছে দেখেছি। এর কারণ হচ্ছে, উৎপাদনমুখী নয়. এমন খাতে আপনি বেশী বায় করেছেন। হাসপাতালে বায় করুন, কোন আপত্তি নেই। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে, হাসপাতালের জন্ম কোন বিল্ডিং হয়েছে বলতে পারেন? সেথানে ওষ্ধের কোন ব্যবস্থা হয়েছে কিনা বলতে পারেন? স্কুলের ব্যাপারে ব্যয় হয়েছে। কিন্তু গ্রামাঞ্চলে ক'টা স্কলের সংখ্যা বেড়েছে বলতে পারেন ? দেখানে বইয়ের দাম প্রচুর হয়েছে। স্থতরাং ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যেথানে ৩.৫০০ কোটি টাক। টাকাতে আপনি পৌছতে এক্সপেনডিচার আছে, সেখানে ২,৪০০ কোটি পারবেন না। এটা ধরেও আপনি ষেটা ৩,৪০০ কোটি টাকা ধরেছেন আমি বলছি, এটা ব্যর্থ হয়েছে তাহলে এই বার্থতা কার বার্থতা ? আপনার বা আপনাদের নয় ? ইয়া, একই আওয়াজ কেন্দ্র। স্থার, ১৯৭৯-৮১ সালে যথন প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার ব্যাপারে টাকা দেওয়া হয়, তথন কেন্দ্র আগেকার ১২৬ কোটি টাকা, যেটা রিকভারী লোন ছিল, সেটা তথন পোসপণ্ড করা কর। হয়েছিল। During the 1st 2nd year of plan, the Centre gave a medium term loan of Rs. 340 crores against total of Rs. 1743 crores. ষেথানে গোটা ভারতবর্ধের জন্ম মিডিয়াম টার্ম লোন ছিল ১,৭৪৩ কোটি টাকা, দেথানে মিডিয়াম টার্ম লোন হিসাবে কেবল পশ্চিমবাংলা পেল ৩৪০ কোটি টাকা। অথচ আপনারা বলছেন, কেন্দ্র দিচ্ছে না। সারা ভারতবর্ষের হিসাবে দেখা যাচ্ছে পশ্চিমবাংলা পেয়েছে ১৯%। তারপরে আহ্বন ১৯৮২-৮৩ সালের কথায়।

In 1982-83, while trying to protect the State's minimum plan against the tragic effect of the poor financial performance of the State Government in the previous 2 years, the Centre gave an extra Central assistance Rs. 143 crores as advance.

আপনারা বলছেন সেণ্ট্রাল দিছে না। যথন মিনিমাম প্ল্যান প্রোটেক্ট করতে পারছে না, তথন কেন্দ্র সেময়ে ১৪০ কোটি টাকা সেণ্ট্রাল এ্যাসিসটেন্দ্র দিয়েছে। তবুও বলছেন কেন্দ্র দিছে না। এই এ্যাসিস্টেন্দ্র দারা ভারতবর্ষে যে সাইজে দেওয়া হয়েছে সেই হিসেবে সেকেণ্ড হাইয়েই য়্যামং ২২ ট্রেটন। (এ ভয়েন :—এটা কারুর পৈতৃক সম্পত্তি নয়?) এটা কারুর পৈতৃক সম্পত্তি নয়?) এটা কারুর পৈতৃক সম্পত্তি নয়?) এটা কারুর ইন্দ্র দি সেকেণ্ড হাইয়েই। এটা কংগ্রেস সরকার নয়। ২২টা স্টেটের মধ্যে যে টাকা দেওয়া হয়েছে ইন্দ্র দি সেকেণ্ড হাইয়েই। এটা কংগ্রেস সরকার নয়। এ ছাড়া সেই বছরে ৬৯ কোটি টাকা এডভানস দেওয়া হয়েছিল।

In the first four years of the plan, the State Government has received Rs 715 crores of Central assistance, though the original allocation for the full five-year period for the State was only Rs- 680 crores.

It is found that the State's performance was such that but for the Central intervention once again in releasing over Rs. 40 crores in the first week of March, 1984, ১৯৮৪ সালের মার্চে আবার ৪০ কোটি টাকা। all the State Government's payments would have come to a halt even while the State's budget for the next year was being presented. এই বাজেট আজকে আপনারা দেখতে পেতেন না। সামনের মাসে আপনারা ডিউ প্লিপ দেবেন কেন্দ্র থেকে যদি না আসে। ৪০ কোটি টাকা তাঁরা দিচ্ছেন। স্থতরাং

West Bengal is the only State where the quantum of resources additionally mobilised has actually gone down in the last four years;

All the reveues the State Government generates is eaten up by the administrative costs, subsiyies and on account of Salary.

স্থার, আপনি জানেন এই সরকার ভরতুকীর সরকার। ভরতুকী দিতে দিতে এমন অবস্থা হয়েছে যে প্লানের ব্যাপারে ডেভালাপমেন্টের কাজ পশ্চিম বাংলায় আর হয় না। ৩।৪ বছর তিনি স্বপ্র দেখেছিলেন। বাজেটে তিনি বলেছেন 'কৃষিক্ষেত্রে প্রাণ সঞ্চারের পাশাপাশি রাজ্যের অর্থ ব্যবস্থার অন্যান্ত কয়েকটি ক্ষেত্রেও অন্থরূপ জোয়ার দেখা দিয়েছে। ফলে বর্তমান বছরে রাজ্যের সামাগ্রেক উপার্জন বৃদ্ধির হার ১২ শতাংশ অতিক্রম করে যাবে বলে মনে হয়। মাথাপিছু আয়ও সমস্ত ১০ শতাংশ হারের চেয়ে বেশি বাড়বে। "মাননীয় অর্থমন্ত্রী মহাশয় আপনি কি থপ্ন দেখে-

ছিলেন যে সময়ে আপনি ড্রাফট করেছিলেন যে ১২ শতাাংশ বাড়বে ? আপনার ইকনমিক রিভিয়ু থেকে দেখা যাক ভারতবর্ধের অবস্থা কি এবং আপনার অবস্থা কি ?

The per capital income of West Bengal has declined by 13% from Rs. 794'21 in 1977-78 to Rs. 689'95 in 1982-83.

During the same period the per capita income at National Level in the country has increased bp 2.38% from Rs. 695/- in 1977-78 to Rs. 712.1 in 1982-83.

### [1-40-1-50 P.M]

During the period between 1973-74 to 1977-78 the per Capital Income of West Bengal had increased. এটা আমাদের সময়ের কথা বলছি, বাই ৯.৬০ পার্সেণ্ট from Rs. 714·7 in 1973-74 to Rs. 783.8 in 1977-78. During the same period the per Capita Income in India had increased by 11-70% from Rs 624 in 1973-74 to Rs. 697/ in 1977-78.

আমি ইকনমিক রিভিউএর পাতাগুলি বলে দিতে পারি—২০, ২১, ২২ এবং তারপর ১৭ পাতা পাতা আপনি দেখবেন, এই হিসাব পেয়ে বাবেন। তারপর ইণ্ডাষ্ট্রিয়াল প্রোডাকসন কিছু নেই, কমে গেছে। আমি এশের আসছি ফ্লাইট অব ক্যাপিট্যাল, প্রবলেম অব আন এমপ্লয়মেন্টে। আরো আছে, সেগুলি আমি বলব না।

During the period between 31st December 1977 to 30th the number of applicants on the life registers of Employment Exchanges in West Bengal had increased by over (160%) or 22 lakhs 82 thousands from 14,03,900 as on 31,12,1977 to 36,85,100, as on 30th June 1983

The annual rate of placements in Employment has declined from 18,100 in 1977 to 14,100 in 1982. সর্থাৎ চাকুরি দেওয়ার ক্ষেত্র কমে গেছে। এখন সাহন। During the period between 1978 to 1982 total employment

in the Organised sectors in West Bengal has increased by 89,000 or 3.55% from 25,30,000 in 1978 to 26,19,000 in 1982. আমাদের আমনে During the 5 years period between 1972 to 1976 it has increased by 1,41,000 or 5% from 23,54,000 in 1972 to 24,95,000 in 1976.

স্থার, আমি এটুকু বলতে চাই সর্ব দিক থেকে সর্ব অবস্থায় এই সরকার ব্যর্থ হয়েছে। আজকে পশ্চিমবঙ্গকে দেউলিয়া করার মূল কারণ হচ্ছে এই সরকার আজকে পশ্চিমবঙ্গের জরাজীর্ণ অর্থনীতির মূল কারণ হচ্ছে এই সরকার। এই যে বাজেট বক্তৃতা অর্থমন্ধী রেপেছেন এই বক্তৃতার মধ্যে অনেক স্থান্য ভাষা আছে, কিন্তু ভেতরে কিছু নেই, সব ফাঁকা। আজকে আপনি থে কথা বলছেন সেকথা সত্তোর অপলাপ, অসত্তো ভরা। সেজন্য আমি আপনার বাজেটের বিবোধিতা করিছি।

**ঞ্রাশচীন সেনঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্থী কর্তৃক উত্থাপিত বাজেটকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য রাখছি। আমাদের বিরোধী দলনেতার বক্তৃতা গুনলাম। অবশ্য বিগত কয়েক বছরেও ওঁর বক্ততা গুনেছি এবং এবারেও বক্ততা গুনলাম। একেবারে জোলো বকুতা, বাস্তবের দলে তার কোন সম্পর্ক নেই. একেবারে মেঠো বক্ততা দিয়ে গেলেন. কতকগুলি ভুল তথা পরিবেশন করে গেলেন। বিগত বক্ততায় যা বলেছিলেন, তা থানিকটা পড়ে গেলেন। তিনি বললেন জ্বিনিস পত্রের দাম বাডছে এবং কয়েকটি ক্ষেত্রে সেস বসানো হয়েছে। একটি সংবাদপত্রে মন্তব্য বেরিয়ে গেল। এ সম্পর্কে তাদের কোন চিন্তা-ভাবনা দেগলাম না। বললেন সারের দাম বাড়ানো হয়েছে। আমরা সারের দাম চার পারসেণ্টের জায়গায় তিন পারসেন্ট কমিয়েছি। সারের উপর সেদ বসানো হয়েছে। কিন্তু এটা ওঁদের জানা উচিত যে দামের সঙ্গে সেন যুক্ত হয় না। কয়লার সেন বসালে সেটা কয়লার দামেব সঙ্গে যুক্ত হয় না। এটা আমাদের অর্থমন্ত্রী ভাল করে পড়ে এবং উপমা দিয়ে বুরিয়ে দিয়েছেন যে আইন অন্তথায়ী সেস বসালে সেটা দামের সঙ্গে যুক্ত হয় না। এটা আমাদের করার একটা উদ্দেশ্য মাছে। কেন্দ্রীয় সরকার হাজার হাজার কোটি টাকা বাজেট বর্হিভূতভাবে প্রশাসনিক কায়দায় টাাক্স বসিয়ে দিলেন রাজ্যগুলিকে বঞ্চিত করার জন্ম। বছরে চারবার করে ট্যাক্স বসালেন—পেট্রোলের উপর ডিজেলের উপর ট্যাক্স বসালেন। হাজার হাজার কোটি টাকা কেন্দ্রের তহবিলে চলে গেল, ষার ৪০% অংশ রাজ্যগুলিকে দিতে হয়। এইভাবে রাজ্যগুলি বঞ্চিত হয়ে থাকে এবং এটা হয়েই চলেচে। চায়ের কথা বলেছেন—গরীবদের জন্ম প্রাণ গলে গেল। কিন্তু তাদের দেশের ব্যব-সায়ীরা যে চাষের দাম ভবল করে দিলো কৈ তাদের কথা তো বললেন না। আমরা আশা করেছিলাম আপনারা তাদের সম্বন্ধে কিছু বলবেন। কেন্দ্রীয় সবকারের বাজেট সম্পর্কে বলেছেন ধে এবারের কেন্দ্রীয় সরকারের বাজেট নাকি একটা প্রগতিশীল বাজেট এবং তার সঙ্গে আমাদের

তুলনা করলেন। এ সম্বন্ধে আমি তু একটা দৃষ্টাস্ত দেবো। কেন্দ্রীয় সরকারের মূল নীতি হচ্ছে ধনীদের তোষণ করা। আমরা দেখতে পাচ্চি আয়কর ছাড দেওয়া হয়েছে ১৮০ কোটি টাকা এবং মাত্র ৫৬ কোটি টাকা ছাড় দেওয়া হয়েছে ফিক্সড ইনকাম গ্রুপের উপর আর বাকী ছাড় দেওয়া হয়েছে উচচ আয় সম্পন্ন ধনিকদের উপর। আসলে এটা হচ্ছে একটা প্রবঞ্চনা মূলক বাজেট, প্রতারণামূলক বাজেট। কারণ যাদের বার্ষিক আয় ১৬ হাজার টাকা তাদের ছাড় দেওয়া হচ্ছে ৫৬ কোটি টাকা—আর বাকী পাঁচ লক্ষ টাকা আয় সম্পন্ন লোকেদের ২১ হাজার টাকা করে ছাড় দেওয়া হছেছ। গুরা আবার গ্রীবদের কথা বলেন। এখানে কিরক্মভাবে বলা হয়েছে যে পলিষ্ট্যাল কটনের উপর কর ছাড় দেওয়া হয়েছে। এই জিনিস কারা ব্যবহার করে—এটা তো বড় লোকরা ব্যবহার করে।

## [ 1-50-2-00 P. M. ]

গ্রামের চাবীরা, না, অন্য কার ? সেই সব জিনিসে ছাড় দেওয়া হয়েছে। সাউও রেকর্ডেড কাসেট টাক্সে, সেটায় তাঁরা ছাড় দিয়েছেন, গ্রামোফোন, রেকর্ড প্লেয়ার্স, এই সব জিনিসের উপর ছাড দেওয়া হয়েছে, এই সব কারা ব্যবহার করেন, যারা উচ্চ বিত্ত, তাদের জন্ম এই সব করা হয়েছে, গরীবদের জন্ত নয়। এবং এদিক থেকে বলবো, আমাদের এই রাজ্য সরকারকে কোন দাষ্টিতে কোন বাজেট উপস্থিত করতে হয়েছে। ১৯৮২-৮৩ দালে অভত পূর্ব থরা হয়েছিল. বেমন ১৯৭৮ সালে প্রলয়ক্তর বন্থা হয়েছিল, যা ১০০ বছরের ইতিহাসে দেখা যায়নি, এর মধ্যে দাঁডিয়ে, নীতি ঠিক করতে হয়েছে এবং সেই নীতি কি ভাবে করা হলো? গ্রাম বাংলার থরা क्रिष्टे भाष्ट्रय, गतीय क्रयक, जात्मत ऋत्यांग ऋविधा (मध्यांत क्रम भारक्र नित्नन आभात्मत मतकांत এবং পঞ্চায়েতের সাহায্যে ব্যাপক ক্ষুদ্র সেচ পরিকল্পনা, মাইনর ইরিগেশনের উপর জ্বোর দেওয়া হলো, এটা করার জন্ম রেকর্ড উৎপাদন হয়েছে, তার ফিগার এথানে আছে, আমি তার মধ্যে ষেতে চাই না। রেকর্ড উৎপাদন হয়েছে, স্টেট ডোমেষ্টিক প্রভাক্ট দারা উপার্জন বৃদ্ধির হার বেডে গেছে প্রায় ১২॥ পার্সেন্ট। আর মাথাপিছু আয় গড়ে বেড়েছে ১০ পার্সেন্টেরও বেশী। এই সব জিনিষ অর্থমন্ত্রীর বক্তৃতার মধ্যে আছে, ওঁরা এর ধারে কাছে যাননি। অর্থাৎ মাথাপিছু গড় আয় ৭৬১ টাকার মত দাঁডিয়েছে এই তুর্দিনের মধ্যেও রেকর্ড উৎপাদন হওয়ার দরুণ এবং গরীব মাছ্মদের স্থযোগ স্থবিধা বেশী হয়েছে। অন্য দিকে দর্ব ভারতীয় ক্ষেত্রে মাথা পিছু গড় আয় ১৯৮২-৮৩ সালে যেখানে ৭১২, সেটা পশ্চিমবঙ্গে বেডে দাঁডিয়েছে ৭৬১। স্থতরাং ৭৬১ টা না, ৭১২ টা বেশী, সান্তার সাহেব এটা একটু খতিয়ে দেখুন। দৃষ্টিভন্দীর ভফাৎ আছে বলেই এটা সম্ভব হয়েছে। আপনাদের দৃষ্টিভঙ্গী হচ্ছে বড়লোকেদের স্থবিধা করে দেওয়া, আর আমাদের দষ্টিভদী হচ্ছে গরীব মাতুষদের স্থযোগ স্থবিধা করে দেওয়া। সেই জন্মই মাইনর ইরিগেশনের প্রসার ঘটানো হয়েছে এবং সেটা করা হয়েছে পঞ্চায়েতের মাধ্যমে। এর ফলে গরীব মাহত্ব

উপকত হয়েছে। এই জিনিস করার ফলে যদি জমিদার জোতদারদের কোর উপকার না হয়, তাহলে আমাদের কোন উপায় নেই। এর ফলে আজকে রুষকেরা উৎসাহিত হয়েছে, চাষের কাজ জোর কদমে চলছে। আর একটা জিনিস করা হয়েছে উপ্ ও জমি চাষীদের মধ্যে বিলি করা হয়েছে। প্রায় ১২ লক্ষ ৬০ হাজার গরীব মাসুষ, ভূমিংীনদের মধ্যে এই উপ ত জমি বিলি করা হয়েছে, এর ফলে তারা উপকৃত হয়েছে, এবং প্রায় ১৪॥ লক্ষ গ্রামের মাসুষ, এরা উপকৃত হয়েছে এবং তাদের প্রচেষ্টায় এই রেকর্ড উৎপাদন সম্ভব হয়েছে। কাজেই গ্রামীণ অর্থনীতিকে চালা করা, গরীব মানুহয়ের স্থযোগ স্ববিধা করে দেওয়া, এইটাই হচ্ছে আমাদের নীতি। সেদিক থেকে আমরা চালা করতে চাই গ্রামের ক্ষমকদের, তাদের স্থযোগ স্থবিধা দিয়ে। এটা আপনারা জানেন যে বর্গা অপারেশন মারফত প্রায় ১২॥ লক্ষ বর্গা রেকর্ড সাকসেক্ছল হয়েছে, চাষীরা তাদের নাম রেকর্ড কবাতে পাবছে। কাজেই রুষকদের জমিদার, জোতদাববা আর জোরজবন্তী করে তাদের উপর ভাণ্ডা চালিয়ে উচ্ছেদ করতে পারছে না। এটা হয়েছে ১৯৮২-৮৩ সালে, ধরার বছবে প্রায় ৫৬ হাজার হেক্রব জমিকে ক্ষম্প সেচের আওতায় আনা হয়েছে।

শ্রীশ্রচীন সেনঃ ১৯৮২-৮৩ সালে থরার বছরে প্রায় ৫৬ হান্তার হেরুর জমিকে কুল্র সেচ, মাইনর ইবিগেসনের আপ্রতায় আনা হয়েছে। এই রকম অভূত পূর্ব থরা পশ্চিমবাংলায় আর কথন হয়নি। সেই সময় ৫৬ হাজার হেক্টর জমিকে ক্ষুত্র সেচের আওতায় আনা হয়েছে। ১৯৮৩-৮৪ সালে সেটাকে বাভিয়ে ৬১ হাজার হেক্টর করার বাবস্থা করা হয়েছে। অর্থাৎ গবীব মান্ত্রয়দের স্থাসাগ স্থাবিধা করে দেওয়াই হচ্ছে আমাদের দৃষ্টিভঙ্গী এবং তার ফলে উৎপাদনও বেশী হয়েছে। এবাবে বেকর্ড উৎপাদন হয়েছে। গ্রামাঞ্জের ব্যাপক গ্রীব মাত্যদের সব রক্ষ ব্যবস্থায় উৎসাহিত করাই হচ্ছে বামফ্রণ্ট সরকারেব দাষ্টভঙ্গী এবং সেই দাষ্টভঙ্গী নিয়েই বামফ্রণ্ট সরকার এগিলে চলেছে। সাজাব সাহেব এথানে নেই, তিনি চলে গেছেন। সামবা গ্রামাঞ্চলের জমিদাব ্ছোত্দাবদের স্তযোগ স্তবিধা করে দিতে পাবর না, স্বাপনাদের স্থামলে যে বেশী স্তযোগ স্তবিধা পাচ্ছিল সেটাকে কেটে নিয়ে গরীব মামুষদের আমরা বেশী স্তথোগ স্থবিধা করে দেব। গ্রামেব কেন্মজ্রদের মজ্বী বৃদ্ধি ঘটেছে এবং প্রক্তি বছরই এটা বেডে বেডে ঘচ্ছে। আমি এই ব্যাপাবে ত একটি দল্লান্ত এখানে তুলে ধবছি। গ্রামেব সর্বত্রই এটা ঘটেছে। কারণ গ্রামেব অর্থনীতিকে চাঙ্গা করতে হলে সামগ্রিক ভাবে এটা বিচার করতে হবে। মজ্রী বৃদ্ধি কিভাবে ঘটেছে সেটা একট তলে ধরছি। ১৪ প্রগ্নায় ১৯৮২-৮৩ সালে মজ্বরী ছিল ৮'৫৪ প্রসা, ১৯৮৩-৮৪ সালে ৮'৭১ প্রসা হয়েছে, বর্ধমানে ১৯৮২-৮৩ সালে ৮'১০ প্রসা ছিল, ১৯৮৩-৮৪ সালে ১'৬৮ প্রদা হয়েছে, মেদিনীপুরে ১৯৮২-৮৩ দালে ৮'৬০ প্রদা ছিল, ১৯৮৩-৮৪ দালে ১০'৫০ পয়সা হয়েছে। এই ব্ৰুম ভাবে দেখা যাচ্ছে প্ৰতিটি জেলায় মন্ধ্ৰবী ক্ৰমশঃ বাডতিব দিকে এগিয়ে চলেচে এবং এতে গরীব মাক্রম উপক্রত হচ্চে। সেইজন্মই তো ওদের এত বেশী গাত্রজালা ধবেচে। আমরা গরীব মান্তবদের সংগঠিত কর্জি। আর অন্তদিকে ব্যবসাদার, জোতদার, জমিদারদের ক্ষমতা

থর্ব করা হচ্ছে। এইথানেই হচ্ছে দৃষ্টিভঙ্গীর তফাং। আপনাদের সঙ্গে আমাদের দৃষ্টিভঙ্গীর পার্থক্য এইথানে এবং সম্পূর্ণ যে উন্টো, সেটা নিশ্চয়ই বুরুতে পারছেন। তিনি শিল্পের কথা বলেছেন। শিল্প তো একেবারে শেষ করে দেওয়া হয়েছে। ইন্দিরা গান্ধীর আমলে নয়, তার বাবার আমলে ২৫ বছর আগে কেব্দ্রীয় সরকারের পক্ষ থেকে সমস্ত ফিন্সানসিয়্যাল ইনষ্টিটিউসনগুলির কাছে ফডোয়া জারী করা হয়েছিল শিল্প বাড়াবার জন্ম পূর্বাঞ্চলকে টাকা পয়সা দিতে হবে না। সেই ২৫ বছর আগের কথা এখনো চালু আছে। ফলে অবস্থাটা কি দাঁড়িয়েছে? এই ফতোয়া জারী করার জন্ম সমগ্র পূর্বাঞ্চল উপেক্ষিত হয়েছে। পশ্চিমবাংলা হচ্ছে শক্তিশালী আন্দোলনের ঘাঁটি, আমরা না হয় লডাই করে সংগ্রাম করে কেন্দ্রের কাছ থেকে আদায় করব। তাই কেন্দ্র রাজ্য সম্পর্কের কথা বললেই আপনারা এত জলে ওঠেন। কেন্দ্রীয় সরকারের চিরকালের নীতির জন্ম এই অসম বিকাশ ঘটেছে। সেইজন্মই তারা আন্ধকে আঁতকে উঠছেন। শিল্পগুলির অবস্থা কি হয়েছে. কোপায় গেছে ? আমরা না হয় আন্দোলন করে পশ্চিমবাংলার জন্ম আদায় করতে পারব। কিন্ত বিহার, উড়িস্তা, আসাম পারবে, যারা অনেক পিছনে পড়ে আছে ? কাজেই সমস্ত দিক থেকে পূ**র্বাঞ্চলকে বঞ্চিত ক**রার পরিক**ল্পনা ক**রা হয়েছে । আমি একটি বড় শিল্পের উদাহরণ দিচিছ। চট শিল্প আমাদের একটা বড় শিল্প। ২ মাদের উপর এগানে ধর্মঘট চলেছে। কয়েকটি মালিক এই শিল্পকে কৃষ্ণীগত করে রেখেছে এবং সেইজগুই এমন অবস্থা স্বাষ্টি করা হয়েছে। আঞ্চকে শ্রমিকরা অমুভব করছে যে জাতীয়করন ছাড়া তাদের বাঁচাবার আর অন্য কোন রাস্তা নেই। এই সম্পর্কে এক সময় একটি বিস্তারিত রিপোর্ট বেরিয়েছিল। ষষ্ঠ লোকসভায় পাবনিক আগুার টেকিং কমিটির চেয়ারম্যান স্বর্গতঃ জ্যোতির্ময় বস্ত্র মহাশয় এই চট শিল্প এবং অন্যান্ত শিল্প সম্পর্কে একটি বিস্তারিত রিপোর্ট পেশ করেছিলেন যে, কিভাবে এই শিল্পগুলিকে ধ্বংস করা হচ্ছে। দেখানে আরো বলা হয়েছিল যে, কিভাবে ২॥ লক্ষ শ্রমিকের সর্বনাশ করা হচ্ছে এবং বিদেশী মন্ত্রা অর্জনের ক্ষেত্রে কিভাবে ক্ষতি করা হচ্চে।

[2-00-2-10 P. M. ]

এবং বৈদেশিক মুদ্রার ক্ষেত্রে যে কিভাবে ক্ষতি হচ্ছে তার বিস্তারিত রিপোর্ট ষর্চ লোকসভার পাবলিক আণ্ডারটেকিং কমিটির চেয়ারম্যান হিসাবে স্বর্গতঃ জ্যোতির্ময় বহু মহাশয় দিয়ে গিয়েছেন। সেধানে প্রাঞ্চলকে যে বঞ্চিত করা হচ্ছে তথ্য দিয়ে তা বোঝানো হয়েছিল কিন্তু সে সম্পর্কে কিন্তুই করা হয়নি। সান্তার সাহেব বললেন, সবই নাকি বড়লোকদের জন্ম করা হচ্ছে। আমার মনে হয় কাদের বড়লোক বলে সে সম্বন্ধে ওঁর কোন আইডিয়া নেই। এখানে মূল বাজেটের যে দৃষ্টিভঙ্গী সেটাই উনি ধরতে পারেন নি, সে দিকে তিনি যান নি। এই প্রসঙ্গে আমি ক্রুপ্রিয়ের কথা বলতে পারি। ১৯৮২-৮০ সালে বেখানে তার উৎপাদন মূল্য ছিল ১৯২ কোটি টাকা সেথানে

১৯৮৬-৮৪ সালে তার উৎপাদন মূল্য দাঁড়িয়েছে ২০৬ কোটি টাকায়। এক বছরে ১৪ কোটি টাকার উৎপাদন মূল্য বেড়েছে। এটা কি কম কথা? এক্ষেত্রে যে উন্নতি হয়েছে ভার স্থযোগ পাবে গরিবরাই কারণ ক্ষুত্রশিল্পে যারা অংশীদার হ'ন তারা টাটা বিড়লা নন, সেখানে গরিব মান্তব্যাই তার স্কবিধা ভোগ করেন। কাজেই এ ক্ষেত্রে বাডতি উন্নতি হয়েছে। তারপর গ্রামাঞ্চলে কৃষিক্ষেত্রে গরীব মান্ত্র্যদের স্থথোগ স্থবিধা বৃদ্ধির জন্ম ব্যাপক পরিকল্পনা নেওয়া হয়েছে। শেখানে মাইনর ইরিগেসান ইত্যাদির মাধ্যমে যেমন স্থযোগ স্থবিধা বুদ্ধির চেষ্টা হচ্ছে তেমনি শহরাঞ্জেও গরীব মান্স্যরা যাতে স্থযোগ স্থবিধা বেশী পান তার উপরও জোর দেওয়া হয়েছে। আর বড় শিল্প তো ওঁরা বাড়তে দেবেন না, সে যথন ইণ্ডাষ্ট্রিক্ত ডিপার্টমেণ্ট সম্পর্কে আলোচনা হবে তথন তা নিয়ে আলোচনা করা যাবে এবং তথন সে বিষয়ে সরকার থেকেও বিস্তারিত তথ্য দেওয়া হবে। তারপর শিক্ষা সম্পর্কে উনি বলেছেন, শিক্ষাকে নাকি একেবারে **ড্বিয়ে দেও**য়া হচ্ছে। শিক্ষা থাতের আলোচনা যথন হবে তথন বিস্তারিত আলোচনা করা যাবে, আমি এখন সামান্ত তু একটি কথা বলতে চাই। শিক্ষা সম্পর্কে সান্তার সাহেব কতকগুলি ফিগার দিয়ে বললেন, ওঁদের সময় অনেক ভালো কাজ হয়েছে। স্থার. আমি একটা হিসাব দিচ্ছি ১৯৭৬-৭৭ সালে শিক্ষা থাতে যেথানে ১১২ কোটি টাকা <sup>১৮০ -</sup> করা হয়েছিল সেথানে ১৯৮৩-৮৪ সালে **ধরচ** ধুরা হয়েছিল ৪১৭ কোটি টাকা এবং রিভাইজড বাঙ্গেটে ে 👉 🗀 বলচ হচ্ছে ৪২৯ কোটি টাকা। আর ১৯৮৪-৮৫ সালে এই অঙ্কটা হচ্চে ৪৫১ কোটি টাকা। বামফ্রণ্ট সরকারের পরিকর্মনা আছে প্রতিটি গ্রামে স্কুল করার। বামফ্রন্টের আমলে গ্রামাঞ্চলে যত স্কুল হয়েছে ওঁদের আমলে গত ৩৫ বছরে তত ওঁরা করতে পারেন নি।

তারপর মরা দেখছি শিক্ষাকে জোর করে কেন্দ্রীয় সরকার কনকারেন্ট লিষ্টে নিয়ে গিয়েছেন। শিলে সংক্রান্ত যে সব আইন এখানে পাশ হবে সেই আইন যাতে শেষ পর্যান্ত বলবত না হয় সেইজন্মই এটা করা হয়েছে। সেখানে রাষ্ট্রপতি সই দেবেন না, ফলে বলবত হবে না সেইজন্মই এটা করা হয়েছে। তাদের খুলী মতন তারা যাতে চলতে পারেন সেইজন্ম শিক্ষার মতন একটা সাবজেক্ট যেটা ষ্টেটের সাবজেক্ট হওয়া উচিত তাকে জোর করে কনকারেন্ট লিষ্টে নিয়ে যাওয়া হয়েছে। সাজার সাহেবের কিছু কিছু বক্তবাের মধ্যে বলা হয়েছে যে বামক্রন্ট সরকার, বামক্রন্ট আমাদের মধ্যে কনসিষ্টেনিলি নেই। এইভাবে তিনি একটা ফারাক টানবার চেষ্টা করেছেন। সারা ভারতবর্ষের অর্থনীতি যে আজকে ভালবার মুখে, ক্রমাগত যে সংকট হচ্ছে সেটা কেক্সীয় সরকারের নীতির জন্ম হচ্ছে। আর এর মধ্যে দিয়ে লড়াই করে আমরা যেটুকু পারি আদার করার চেষ্টা করিছি। আমরা কনসিসটেন্টলি কাজ করছি। আমরা ধারাবাহিক ভাবে যেথানে জাতিয় সংহতির জন্ম আন্দোলন সংগঠিত করার চেষ্টা করি, এটাতে বাধার স্থিটি কিতাবে হয় ? না. জনম বিকাশ থেকে। পূর্বাঞ্চলকে এক রকম দেখবাে, আর উত্তরাঞ্চলকে আর একরকম দেখবাে, এই অসম বিকাশ থেকে ঘটে এবং তারফলে স্থবিধাবাদিরা মাথাচাড়া দিয়ে উঠে এবং জাতীয়তাবাদের

বিপদ দেখা যায়। আসামের ক্ষেত্রে তাই হয়েছে, হরিয়ানার ক্ষেত্রেও তাই হয়েছে, পাঞ্চাবের ক্ষেত্রেও তাই হয়েছে এবং বিহারের ক্ষেত্রেও তাই হয়েছে। এগুলি সম্পর্কে আমরা ধারাবাহিক ভাবে লভাই কর্চি। এই অসম বিকাশের জন্ম কেন্দ্রের এই নীতির বিরুদ্ধে আমরা লভাই কর্চি। স্বভরাং এখানে সান্তার সাহেবের চোথের জল ফেলে কোন লাভ নেই। আর একটা কথা এখানে বলবো। আমাদের অর্থমন্ত্রী একটা প্রস্তাব রেখেছেন। আমরা যেখানে ট্যাক্স বসাবার চেষ্টা करतिक जाएज भरीव भागरखब छेभरत बाक्रभन कता श्रामि. वर्ष लाकिएमत छेभरतहे हरक । किन्क গরীর মান্তবের যাতে স্পরিধা হয়, তারা যাতে স্পরিধাদরে নিত্য প্রয়োজনীয় জিনিসগুলি কিনতে পারে তারজন্ম এক হাজার কোটি টাকা কেন্দ্রীয় বাজেটে বরাদ্দ করার জন্ম একটা প্রস্তাব রেখেছেন। এটা একটা নতুন জিনিস। এটার জন্ম তাঁকে ধন্মবাদ জানান উচিত ছিল। কিন্তু এটা তাদের চোখে পভবে না। দীর্ঘদিন ধরে বামফ্রণ্ট সরকার বলে আসছে এবং তার আগেও বলা হয়েছে যে সারা ভারতবর্ষে যদি একই দামে সমস্ত নিতা প্রয়োজনীয় জিনিসগুলি রেশনের মাধামে সন্তা দামে विकि करा हुए जाश्त एमें माग्निय किसीय महकात कि निए श्र. हाका महकात अका भारत ना। আর নিতে হলে তাদের কিছু অর্থ থরচ করতে হয়, জিনিসের যোগান দিতে হয়। এইজন্য প্রস্তাব বেখেছেন ১ হাজার কোটি টাকা কেন্দ্রীয় বাজেটে রাখার জন্ম। কেননা, হাজার হাজার কোটি টাকা **एमटभव वर्फ वर्फ वावमाश्रीएमत हिनित वावमाश्रीएमत, हाउँह वावमात्रीएमत, हाउँह वावमाश्रीएमत** एथ्यान ভরতকী দেওয়া হয়. সেথানে ভারতবর্ধের কোটি কোটি মাম্মবের জন্ম যদি তার কিছুটা বাজেটে বরাদ্ধ কর। হয় তাহলে তারা উপক্বত হবে এবং এই যে ১৪টি নিত্য প্রয়োজনীয় জিনিস তেল, ডাল, চিনি, দেশলাই কাপড ইত্যাদি, এগুলি গরীব মাত্রুষ, সাধারণ মাত্রুষ, মধ্যবিত্ত মাত্রুষেরা এটা একটা যুগাস্তকারী প্রস্তাব। এটা সমস্ত জায়গায় করা উচিত। এতে ভর্ধ পশ্চিমবাংলাই নয়, কংগ্রেস রাজ্যগুলিও উপক্রত হবে। কেন্দ্রীয় সরকার তাদের সমস্ত সম্পদ তাদের কাচ থেকে নিয়ে জডো করবেন, আর রাজ্যগুলি বঞ্চিত হবে। সমস্ত রাজ্যগুলিতে এই বাবস্থা আছে। কাজেই মাননীয় অর্থমন্ত্রীর এই যে প্রস্তাব, এই প্রস্তাবে কোন ন্যারো আউটলুক নেই। এই প্রস্তাব হচ্ছে সর্বভারতীয় ক্ষেত্রে গরীব মামুখ, সাধারণ মামুখদের স্থাযোগ স্থাবিধার জন্ম, এটা তার নজরে আছে।

# [2-10-2-20 P.M.]

পরিশেষে আমি আর একটি কথা এখানে উল্লেখ করে আমার বক্তব্য শেষ করছি। আমাদের বিরোধী দলের নেতা আবার সেই ওভারড্রাফ্ ট সম্পর্কে বক্তব্য রেখেগেলেন। আমি এ সম্পর্কে উাকে শুধু শারণ করিয়ে দেব যে, কেন্দ্রীয় সরকারও ঘাটতি বাজেট সংসদে পেশ করেছেন। যদিও তাঁকের ঘাটতির হিসাবের মধ্যে যথেষ্ট প্রতারণা আছে। তাঁরা বলছেন মাত্র আড়াই হাজার কোটি টাকার ঘাটতি, কিন্তু হিসাবে করলে দেখা যাবে যে, চার হাজার কোটি টাকার ওপর ঘাটতি হবে। তবে তাঁদের ঘাটতি বাজেট নিয়ে কোন অস্থবিধা ভোগ করতে হবে না, কারণ তাঁরা তাঁদের ইচ্ছে মত নোট ছাপিয়ে, যা খৃশি তাই ছাপিয়ে ঘাটতি প্রণ করবেন। অবশ্য ফলে ইনক্ষেসন হবে.

তার পরেও রাজ্যগুলির যত ওভারড্রাফ্ট দরকার হয়, তার চেয়ে ১০০ গুণ বেশী ওভারড্রাফ্ট দরকার হয় কেন্দ্রীয় সরকারের। এ খবর কি সাতার সাহেব রাখেন? এই ভাবে তো দেশ চলছে ! নোট ছাপিয়ে তাঁরা দেশ চালাচ্ছেন। এর ফলে রাজ্যের অর্থনীতি ভেঙে পড়ছে। অপচ রাজ্যের অর্থনীতি যাতে ভেঙে না পড়ে তার জন্ম ব্যবস্থা রেথে সে-ভাবে রাজ্যের বাজেট করলে তাঁদের অস্থবিধা হয়। এই অবস্থায় তাঁরা ব্যবস্থা করে দিন না, যে রাজ্যগুলি কেন্দ্রীয় সরকারের পরিচালনাধীন যেসমস্ত ব্যাক্ষ আছে এবং বিভিন্ন ফিনানসিয়াল ইনসটিটিউসন আছে ভাদের কাছ থেকে প্রয়োজন মত টাকা নিতে পারবে। ঐ সমস্ত সংস্থা গুলিকে একট বলে দিন না, তাহলে তো আর ওভারড়াফ টের প্রয়োজন হয় না এবং সেই সঙ্গে আমাদের রাজ্যের নিজম ব্যাক্ক করার যে পরিকল্পনা আছে তাকে কার্যকরী করেদিন, তাহলে তা আর আমাদের কোন অস্কবিধা হবে না। এই সমস্ত বিষয়ে কোন কথা না বলে, সাত্তার সাহেব গতবারে যা বলেছিলেন এবারেও তাই বলেগেলেন, সেই সমস্ত পুরোনো কথা বলে চলেগেলেন। আর কোথা থেকে কতগুলি ভুল তথ্য সংগ্রহ করে নিয়ে এসে এখানে পরিবেশন করলেন। আমাদের রাজ্যে কেন্দ্রীয় সরকারের মারফত যে সমস্ত অর্থ বিভিন্ন পরিকল্পনায় গরচ করার জন্য এথানে আদে সে-সমস্ত **অর্থ** কতটুকু উপকারে লাগে, সেটাও আজকে আলোচনা করে দেখার প্রয়োজন আছে। যেমন মেটো রেল'এর জন্য প্রাচুর টাকা ধরচ করা হচ্ছে, অগচ জানিন। এর দান। আমাদের কডটা উপকার হবে । অথচ এই প্রকল্পের কাজের ফলে আমাদের এক যুগ ধরে তুর্ভোগ ভোগ করতে হচ্ছে। অপর দিকে কেন্দ্রীয় সরকার আমাদের তিন্তা প্রকল্পের জন্ম টাকা দিচ্ছেন না। অর্থাৎ তাঁদের পরিকল্পনা যাই থাকনা কেন, রাজ্যগুলিকে যত দুর সম্ভব তাঁরা বঞ্চিত করে চলেছেন। রাজ্য নিজের ইচ্ছে মত তার উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করে নিজেই উন্নয়নের ব্যবস্থা করুক, এ জিনিষ তাঁরা করতে দেবেন না। কাজেই এই পরিপ্রেক্ষিতে বামফ্রণ্ট সরকারের বাজেটের মূল দৃষ্টিভঙ্কী হচ্ছে গ্রামীণ অর্থনীতিকে চাঙ্গা করা। সেই উদ্দেশ্যেই এই জনমুগী বাজেট এখানে পেশ করা হয়েছে। এর ছার। ক্ষুদ্র শিল্পের প্রসার ঘটিয়ে গরীব মান্তবদের আর্থিক উন্নতির চেষ্টা করা হবে. তাদের জন্ম বিভিন্ন রকম স্থযোগ স্থবিধা স্পষ্ট করা হবে। আমরা লক্ষ্য করছি কেন্দ্রীয় সরকারের ভাস্ত নীতির ফলে আমাদের দেশের পুরোনো শিল্প গুলিও ধ্বংস হতে বসেছে। কেন্দ্রীয় সরকার বিগত ২৫ বছর ধরে ইচ্ছাক্লত-ভাবে পশ্চিমবঙ্গ তথা সমগ্র পূর্বাঞ্চলের শিল্পগুলির প্রসার না ঘটিয়ে, শেগুলিকে ধ্বংস করে পূর্বাঞ্চলের এই অবস্থা সৃষ্টি করেছে। কাজেই সাতার সাহেব এথানে কতগুলি ভুল তথ্য পরিবেশন করে তাঁর বক্তব্য রাখলেন, তিনি সেই তথ্যগুলি কোণা থেকে পেয়েছেন জানি না! আমার মনে হয় বাস্তব তথ্য না জেনেই তিনি যে সমস্ত পুস্তকগুলি পেয়েছেন সেগুলি দেখেই বক্তব্য রেখেগেছেন। অর্থমন্ত্রীর বক্তব্যের মূল স্থর তিনি বৃশ্বতে পারেননি এবং বৃশ্বতে না পারার ফলেই তিনি ঐ সমস্ত উন্টো-পান্টা কথা বলেগেছেন। এই কয়টি কথা বলে অর্থমন্ত্রীর বাজেট বিবৃতিকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য এখানেই শেষ করছি।

শ্রীসভ্যরপ্তান বাপুলী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আদ্ধকে এই বিধানসভায় বক্তব্য রাথবার সময়ে বুকে ব্যাথা নিয়ে বক্তব্য রাথতে হচ্ছে কারণ সেদিন পুলিশ লাঠি চার্জ করেছিল এবং সেইজন্য আমি মাননীয় সদভাদের ঠিক সেইভাবে হয়তো বলতে পারবো না। আমি দেখলাম, শ্রীস্থনীতি চট্টরাজের হাতেও ব্যাণ্ডেন্দ্র বাঁধা। বিধানসভায় বিধান হয় কিন্তু এই রক্তাক্ত বিধানসভায় বেথানে বিধায়কদের রক্তে কলম্বিত সেই বিধানসভায় শ

মিঃ স্পীকার: আপনাকে আমি স্থরণ করিয়ে দিই, আলোচনার মধ্যে ছিল দেয়ার উইল বি নো ফারদার রেফারেন্দ টু দিজ ম্যাটার।

Shri Satya Ranjan Bapuli: It is most unfortunate that your Chief Minister after these happenings made several hopeless statements regarding this House outside. You say that there should not be any discussion but as a Member of the Assembly I must say this.

Mr. Speaker: You should not reopen this discussion. I again appeal to you please don't do that.

Shri Satya Ranjan Bapuii: I shall speak on this. You have the authority to expunge this.

মাননীয় স্পীকার স্থার, বিধানসভায় বিধান হয়, তারজন্ম আমরা এথানে এসেছি। আমি এটাকে গণতদ্বের মন্দির বলে বিশ্বাস করতাম। এখন এটা গণতদ্বের মন্দির না ফ্যাসিষ্ট মন্দির সেটাই আমি জানি না। এটা গণতদ্বের মন্দির না দে গণতন্ত্র শ্বাশানে পরিণত হয়েছে সেই শ্বশানে দাড়িয়ে বক্তৃতা দিছি সেটা আমি জানি না। গণতন্ত্র যদি শ্বশানে পরিণত হয়, এই যদি গণতদ্বের রূপ হয় আর সেই গণতদ্বের ধারক এবং বাহক বর্তমান বামক্রন্ট সরকারের মন্ত্রী এই বিধানসভায় হে বাজেট বিবৃতি দিয়েছেন তা অত্যক্ত শ্বনার সঙ্গে প্রত্যাখ্যান করে আমি আমার বাজেট বক্তৃতা স্কৃক্ক করছি। যে সরকারের গণতদ্বের উপর আশ্বা নেই, যে সরকার দ্র্নীতিতে ভরা সেই সরকারের বাজেটে অংশ গ্রহণ করতে হবে—কারণ, গণতদ্বের বিশাসী বলে তাই অংশ গ্রহন করে ছ্-একটি কথা বলতে চাই। আমরা জানি, বামক্রন্ট সরকার ফ্যাসিষ্ট কায়দায় সরকার চালাছেন এবং এই ফ্যাসিষ্ট কায়দায় সরকার চালাছেন এবং এই ফ্যাসিষ্ট কায়দায় সরকার চালাহেন, এটা একটা ঐতিহাসিক ব্যাপার। বিধানসভার বাইরে বক্তৃতা

রেখেছিলাম যে আমরা প্রায়ন্ত হয়েছি কিন্ধ এখানে বলতে পারবো না বে পুলিশ আমাদের মেরেছে।
এদের জন্ম বাজেটে টাকা ধরা আছে এবং তা থরচ হবে, সেই অর্থমন্ত্রীর বাজেটে অংশ গ্রহন করতে
হবে এবং অংশ গ্রহন করে বক্তৃতা দিতে হবে। আজকে গণতন্ত্রের রক্ষক হিসাবে যারা পরিচয়
দেন সেই বর্তমান সরকার প্রতিষ্ঠা করেছেন পুলিশী রাজ। এই পুলিশী রাজ কায়েম করে যে
সরকার গণতন্ত্র চালাচ্ছেন সেই সরকারের অর্থমন্ত্রীর বাজেট ভাষনে অংশ গ্রহন করতে গিয়ে মুণা
হচ্ছে, লজা হচ্ছে। যে সরকার পুলিশী রাজ কায়েম করে পুলিশ দিয়ে গণতন্ত্রকে ধ্বংস করছে
সেই বামক্রণট সরকারের অর্থমন্ত্রীর বাজেট বিবৃত্তিতে অংশ গ্রহন করাতে অত্যন্ত বেদনাদায়ক বলে
মনে হচ্ছে। কয়েকদিন আগে আমার চোথের সামনে বিধানসভার সদস্যা শ্রীমতী ছায়া ঘোষ
যথন এম. এল. এ. হোষ্টেলের কাছে আন্দোলন করছিলেন তথন পুলিশ তাকে চ্যাও-দোলা করে
টানতে টানতে নিয়ে চলে গেল। স্ক্রোং আপনাদের জন্ম হৃথ হয় যে কোথায় আপনারা গিয়ে
পৌছে গেছেন। (এ ভয়েস ফর্ম ট্রেজারী বেঞ্চ—দরদ হচ্ছেণ্) দরদ নয়, করুণা নয়, দয়া
নয়, তঃথ হয়।

[ 2-20-2-30 P. M. ]

সেদিন শ্রীমতী ছায়া ঘোষকে পুলিশ টানতে টানতে নিয়ে চলে গেল। আমাদের তো নিয়ে যাবেই, সেটা আলাদা কথা। কিন্তু বিধানসভায় বিধান হয় সেখানে আলোচনা করব, কিন্তু থদি চারিদিকে পুলিশ দেখি তাহলে কি করে ভাঙ্গা মন নিয়ে আলোচনা করব ? কি বক্তব্য রাখব, আজ এখানে বক্তব্য রাখব, তারপর বাড়ী গিয়ে কালকে দেখব পুলিশ আমাকে ভাঙা মেরে ঠাণ্ডা করে দেবে। সমালোচনা করব, যদি স্বাধীনভাবে সত্য কথা বলতে না পারি তাহলে খ্বই ত্র্ভাগা, কি আলোচনা করব ? মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বাজেট রেখেছেন, ছ্র্নীতি গ্রন্থ সরকার, সম্পূর্ণ ছ্র্নীতির উপরে দাড়িয়ে আছে, সম্পূর্ণ ছ্র্নীতির ত্বারা গাঠিত হয়েছে, এবং সম্পূর্ণ ছ্র্নীতির সাহাঘ্যে রাজত্ব চালাচ্ছেন। যদি কোটি কোটি টাকা তাঁদের দেওয়া হয় এবং তা ঘদি চুরি করেই উড়িয়ে দেয় তাহলে বলুন, কোন রাজ্যের উন্ধতি হতে পারে ? ছ্র্নীতির তথ্য দিয়েই তাঁরা নিজেদের বাজেট পেশ করেছেন। মাননীয় সাত্রার সাহেবে অনেক তথ্য দিয়েছেন, আমি কোন তথ্যের মধ্যে যাব না, শুধ অর্থমন্ত্রী মহশ্যের বক্তব্যের কয়েবটি অংশ আপনাদের কাছে তুলে ধরতে চাই।

( नारमञ्ज )

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এঁরা চীৎকার করবেন জানি, কিন্তু কোন উপায় নেই। আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তাঁর বক্তব্যের ৫নং প্যারাগ্রাফে কয়েকটি বক্তব্য রেখেছেন সেটা বলছি, উনি তাতে বলেছেন যে শিল্পকেত্রে অগ্রগতি অবস্থা ঈষৎ মিশ্র ধরণের। আমি একটি তথ্য দিলেই আপনারা বৃকতে পারবেন যে অর্থমন্ত্রী মহাশয় এই বিধানসভায় ঠিক বলেন নি। পশ্চিম-বদ্দে ১৯৭৭-৭৮ সালে শিল্প এবং কৃষি এইসব মিলিয়ে মোট যে পরিমাণ উৎপাদন হয়েছিল সেটা ৪০৫০ কোটি টাকা। ১৯৭০-৭১ সালে দ্রব্যমূল্য অন্থ্যায়ী এই হিসাব একই সময়ে ১৯৮২ থেকে ১৯৮৩ পর্যন্ত পশ্চিমবঙ্গে মোট উৎপাদন হয়েছে ২৮৪৬ কোটি টাকা, অর্থাৎ ১৪৪ কোটি টাকা মোট উৎপাদন কমে গেছে। আমি জানিনা, এই তথাটি উনি কোথা থেকে পেলেন? একটু আগে মাননীয় শচীন সেন মহাশয় বললেন, আমার ছংখ হচ্ছে, ওঁর একটু পড়াশোনা করলে ভাল হোত। সারা ভারতবর্ষে যথন উমতি হচ্ছে— ১৯৭০-৭১ সালের হিসাব অন্থ্যায়ী ১৯৭৭-৭৮ সালে যেখানে উৎপাদন হয়েছিল ৪৬ কোটি ৬২ লক্ষ টাকা সেখানে ১৯৮২-৮০ সালে গিয়ে দাঁড়িয়েছে ৫০ কোটি ৮৬ লক্ষ্য টাকা। স্থতরাং দেখা যাছে যেখানে সারা ভারতবর্ষে উমতি হচ্ছে সেখানে শশ্চিমবঙ্গের অবনতি হছে। যদিও তাঁরা বলবেন এখানে নাকি মিশ্র প্রতিক্রিয়া হয়েছে। কিছ ছর্ভাগ্যের বিষয় ওঁরা ওঁদের বক্তব্যের মার্যখানে বলে থাকেন যে ওঁদের ক্ষমতা সীমিত। আমি একটা ছোট্র পরিসংখ্যান দিছি, কিছু না দিলে চলে না কারণ ওনারা বলেন যে সেন্ট্রাল দেন না।

ক্ষেত্র বঞ্চিত করছে। ডিমাও অফ মোর পাওয়ার যার জন্ম বন্ধ ডাকা হয়েছিল। আরও ক্ষমতা দিতে হবে। তার জন্ম পনে কি হল? আমি আপনাকে কিছু পরিসংখ্যান দিচ্ছি। ১৯৬০-৬১ সালে টোটাল রেভিনিউ অফ দি সেন্টার যেটা রিসিভ করা হচ্ছে ১৮৯৭ কোটি টাকা, ট্রাক্ষমার টু দি ষ্টেট ৪৭১ কোটি টাকা যদি ধরে নিই ২৪৮ পারসেন্ট ১৯৮২-৮৩ সালে সেন্টার রিসিট ঘেটা হোতো ৩৫ হাজার কোটি টাকা সেখানে টোটাল ট্রান্সফার টু দি ষ্টেট হচ্ছে ১২,৮২২ কোটি টাকা, পারসেন্টেজ হচ্ছে ৩৬,৮ পারসেন্ট।

স্থতরাং রাজ্যকে দেয় কেন্দ্রীয় সরকারের অর্থ দিনের পর দিন বেড়েই গেছে। রাজ্যকে কেন্দ্র টাকা দিছে। কিন্তু মাননীয় অর্থমন্ত্রীকে একটি প্রশ্ন করি। তবে এই প্রশ্নের উত্তর দেবার সময় নিশ্চয়ই তিনি বলবেন যে তাঁরা রেভিনিউ এ্যাসেস্ করতে পারেন না। কিন্তু আমার বক্তব্য হচ্ছে

Out of total gross domestic income, 40 p. c. comes from the agricultural sector and 60 p. c. comes from the industrial sector and other sources. The entire 40 p. c. is left to the State Government. The Union Government has no authority to tax on this 40 p. c. So, the 40 p. c. is earmaked for the State Government to impose tax, levy, etc. etc.

শেখানে কেন্দ্রীয় সরকারের কোন ক্ষমতা নেই। স্থতরাং দেখা ঘাচে ৪০ পারদে**ও টাার** আদার রাজ্য সরকার করতে পারেন। তাতে কোন বাধাই নেই। কিন্তু ওয়েষ্ট বেক্স গভর্গমেন্ট সব সময় একটি কথা বলেন: আমাদের বঞ্চিত করছে, আমাদের দিচ্ছে না। আমি জানতে চাই এই ৪০ পারমেণ্ট ট্যাকস আপনারা করতে পারেন এবং ষেভাবে খুশী করতে পারেন! সেখানে কত আয় করেছেন আপনারা ? আমি যদি হিসাব দেখি তাহলে দেখবো যে আপনাদের ১৯৭৭-৭৮ সালে রিভাইজড এষ্টমেট ছিল ৪৬০<sup>•</sup>৪২ ক্রোড়স, এ্যাকচয়ালি সেথানে হয়েছে ৪১৫<sup>•</sup>০> ক্রোড়স। অর্থাৎ টোটাল শর্ট কালেকশন অফ রেভেনিউ হয়েছে ৪৪ ৫২ কোটি টাকা। ১৯৭৯-৮০ আর্থিক বছরে এষ্টিমেট যেটা ধরেছিলেন তাতে ছিল কত ? ছিল ৫৯৭'৪৭ ক্রোডন। এ্যাকচয়ালি সেখানে হোল ৫৪৯.৭১ ক্রোড়দ, অর্থাৎ দেখানে টোটাল শট দাঁডাল ৪৭.৭৬ ক্রোড়দ। আমি যদি ১৯৭৭-৭৮ থেকে ১৯৮৩-৮৪ পর্যস্ত একসঙ্গে ধরি, তাহলে কি দাঁড়াবে? যেথানে টোটাল রিভাইজড এষ্টিমেট ছিল ৪৬৪৮ ৭৭ ক্রোড্স, সেখানে এয়াক্চয়ালি আদায় হয়েছে ৪৩১৯ ৮১ ক্রোড্স দাটি ইজ. টোটাল শর্ট ফল ফর দি ইয়ার ১৯৭২-৮৪ ইজ ৩২৮ ১৪ ক্রোডস্ । আপনারা রেভেনিউ আদায় করবেন বলেন ঠিকই, কিন্তু আদায় করবার ক্ষমতা আপনাদের নেই। কিন্তু তুর্ভাগ্যের বিষয় হচ্ছে মাননীয় অর্থমন্ত্রী পশ্চিমবঙ্গের ক্ষেত্রে বঞ্চনার কথা বলছেন। আমি একটি প্রশ্ন করি, হোয়াট ইজ দি সেন্ট াল সেকটর ? ইজ দেয়ার এনি ষ্টেট উইদিন ইণ্ডিয়। কলড দেন্টার ? কোন রাজ্য আছে আছে কি যেটাকে আপনারা সেন্টার বলেন 

আমি বুঝতে পারিনা আপনারা কি করে বলেন যে এতগুলো টাকা সেন্টার খরচ করলো, আমাদের দিল না। আমার মনে হয় আপনাদের মগজে ঢোকেনা যে 'দেন্টার' বলে কোন টেরিটোরী নেই। সেন্টার ছাজ নো টেরিটরী অফ ইটসেলফ। সেন্টার যা করে তা রাজ্যগুলোর জন্মই করে মাননীয় অধাক্ষ মহাশয়, আমি আপনাকে বলি.

Is there any power project in centre sector ? Is there any agricultural project in Centre Sector ? These must be located either in West Bengal or in Bihar or some other States in India কিন্তু দেখানে যে ৮৪ পারসেউ টাকা কেন্দ্রীয় সরকার ধরচ করে সেগুলো কোথায় যায় ? সেউারের সেই টাকায় হয় পশ্চিমবঙ্গে কারখানা হচ্ছে, না হয় রাজ্যগুলির এগ্রিকালচারাল সেক্টরে ধরচ হচ্ছে। ডিফেন্সের স্বার্থে হয়তো পাঞ্জাবক্ষে দিতে হচ্ছে। ইন দি সেন্টার সেক্টর্স, দে আর স্পেণ্ডিং মানি ইন ডিফারেন্ট ষ্টেট্স। সেন্টারের কোন নিজস্ব সেক্টর নেই। রাজ্যগুলোতেই সমস্ত টাকা ধরচ হয়। যেমন ধরুন পাওয়ার প্রজেক্ট। Several crores of rupees have been spent on the power projects which are located either in West Bengal or in Bihar or in U. P. or in some other states?

[2-30-2-40 P.M.]

কিন্ত ছুর্ভাগ্যের বিষয় মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওনাদের আজ পর্যন্ত জ্ঞান হলো না কেন্দ্রের বঞ্চনার কথা ওনারা বলেন কেন্দ্রের বঞ্চনা করার কথা বলার চেয়ে বড় কথা হলো নিজেরা কি করছেন দেটা দেখা। এই ওয়ার্থলেদ গভর্গমেন্ট কি করেছে ? ডেভলপমেন্ট করতে গেলে উল্লয়নমূলক খাতে খরচ করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একশো টাকার যদি আমরা হিদাব করি —

Out of every 100 rupees, capital and revenue expenditure, 31 rupees are spent on development in Uttar Pradesh, 22 rupees are spent in Rajasthan for development, Andhra Pradesh spends 25 rupees and Maharashtra spends 29 rupees. And in the State of West Bengal, for every 100 rupees of budget expenditure only 17 rupees are spent for development. একশো টাকার মধ্যে যেখানে অন্ত একটা স্টেট্স ডেভেলপমেণ্ট খাতে ধরচা করে ৩১ টাকা সেখানে ওয়েষ্ট বেঙ্গল খরচা করে ১৭ টাকা। এই যদি খরচা করে ভাগলে এই রাজ্যে বেকার বাডবে না তো কি হবে ? এই বিধানসভায় মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ঘোষনা করে-চিলেন যে বেকারদের বেকারভাতা দেওয়া হবে দেই সময় সরকার পক্ষের সদস্তরা তাঁকে টেবিল চাপড়ে হর্স ধ্বনির মাধ্যমে সমর্থন করেছিলেন। কিন্তু এখন বলছেন বেকারভাত। দেওয়া হবে না। সেটাকে অক্যভাবে এডজাষ্ট করা হচ্ছে। ব্যাংকের মাধ্যমে সেলফ **এমপ্রয়মেন্ট প্রোগ্রাম-**এর মাধ্যমে বেকারদের সাহায্য করা হবে। সেইদিন আপনারা বলেছিলেন বেকারদের বেকারভাতা দেওয়া হবে এবং তারজন্য আপনারা টেবিল চাপডে ছিলেন। সেইদিন আমরা বলেছিলাম আপনারা ক্ষতি করছেন। শত শত কোটি টাকা আপনারা নষ্ট করে দিচ্ছেন। ঐ কোটি কোটি টাকা দিয়ে যদি আপনারা কোন সংস্থা গড়ে তুলতেন তাহলে হাজার হাজার বেকার ছেলেদের স্বায়ী চাকুরী হতো। বেকারভাতা আপনারা কেন দিয়েছেন ? পাইয়ে দেওয়ার রাজনীতি করার জন্ম আপনারা বেকার ভাতা চালু করেছিলেন। শেষ পর্যস্ত এটা কোপায় গিয়ে দাঁড়ালো? এই বেকার ভাতা দেওয়া তুলে দিতে হলো। মাননীয় অধ্যক্ষ মহাশয় কেন্দ্র বঞ্চনা করছে এই কথা ওনারা বলেন। থরচ করার ক্ষমতা আপনাদের আছে? হোয়াট স্থ্য আই সে? আপনাদের খরচ করার ক্ষমতা আছে কিনা দেখন।

Their total requirement for West Bengal for the five years, we have given them in 4 years. But what was the total demand? The demand was 3500 crores and the entire amount was given by the Central Government within four years. But they could not spend the amount. They spent only 1900 crores of rupees out of 3500 crores.

ধরচ করতে পেরেছেন ? খরচ করতে পেরেছেন মাত্র ১৯০০ কোটি টাকা ৩৫০০ কোটি টাকার মধ্যে। ৫ বছরের টাকা কেন্দ্র ৪ বছরে দিয়েছেন, খরচ করতে পেরেছেন আপনারা এক হাজার নশো কোটি টাকা আউট অফ ৩৫০০ কোটি টাকা। কেন্দ্র টাকা দিল আর আপনারা থরচ করতে পারলেন না। আই. আর. ডি. পি স্কীমের মাধ্যমে প্রতিটি রকে লক্ষ লক্ষ টাকা আসচে। এই আই. আর. ডি. পি স্কীমের টাকা আপনারা কার্যকরী করতে পারছেন না। কারণ স্টেটের ষে ষে ডেভেলপমেণ্ট দরকার দেটা আপনাদের কিনান্দ মিনিষ্টার দেখাতে পারেন নি। ইন্দিরা গানীর ২০ দফা কর্মস্রচী রূপায়িত করতে গেলে যে সমস্ত প্রোগ্রাম নেওয়া হয়েছে সেই সমস্ত প্রোগ্রামের টাকা আদায় করতে পেরেছেন ? ম্যাচিং গ্রাণ্ট দিতে পেরেছেন ? মাচিং গ্রাণ্ট না দেওয়ার জন্ম কোটি কোটি টাকা ফেরং চলে যাচ্ছে। স্থাপনাদের টাকা নেই। স্বর্থ ভাগুার স্থাপনারা শুরু করে ফেলেছেন, অর্থ ভাণ্ডারে কিছু নেই। পশ্চিমবাংলার বুকে আপনারা একটা কথাই গুধু তুলে ধরেছেন যে আমাদের বঞ্চনা করা হচ্ছে, আমাদের কিছু দেওয়া হচ্ছে না। একট আগে শচীন সেন মহাশয় বললেন যে নিত্য প্রয়োজনীয় জিনিষের দাম বেঁধে দিতে হবে। আপনারা বিধানসভায় আলুর দাম বেঁধে দিয়েছিলেন যে এক টাকা কেজি দরে আলু বিক্রি করতে হবে। কিন্তু আপনারা কি রাখতে পেরেছিলেন এক টাকা কিলো আলুর দর ৮ তারপর বাজারে দেখা গেল আলু দেড় টাকা করে কেজি বিক্রি হচ্ছে। পচা আলু, যেগুলি এক টাকা করে কেজি বিক্রি করা হয়েছিল সেই আলু লোকের। বলেছিল এইগুলি জ্যোতি আলু। Because you have no basic sense, You should have the sense, because the Finance Minister. আপনারা বারে বারে বলেছেন ১৪টি নিতা প্রয়োজনীয় জিনিষের দাম বেঁধে দেওয়া হোক। যে সরকারের, ষে রাজ্যের, সেই রাষ্ট্রের প্রোভাকসানের উপর কোন কনটোল নেই হি ক্যান নট কনটোল দি প্রাইস।

এটা কমিউনিষ্ট দেশ নয়। তাই তো জ্যোতিবাবুর ছেলের বিষ্কৃটের ফ্যাক্টরী হল। ওঁরা নিত্য প্রয়োজনীয় জিনিবের দাম বেঁধে দেওয়ার কথা বলেন। আবার বলেন কি, না ভরতুকী দিয়ে সন্থা দামে জিনিবের যোগান দিতে হবে। আমি প্রশ্ন করি, জবাব দেবেন If you have no control over the production can you control the price? In Russia in China it may be possible because there is no private sector business. সেধানে কোন ম্থ্যমন্ত্রীর ছেলে বিস্কৃটের কারথানা করতে পারে না। দেধানে আপনার, আমার কাকরই কোন কারথানা করার হযোগ নেই। দেখানে রাজ্য সবকিছু তৈরী করে, রাজ্যই বিক্রিকরে। গুনলি দে ক্যান কনট্রোল দি প্রাইস। এথানে আপনারা টাটা বিভ্লার দালালী করবেন, আবার কমিউনিষ্ট দেশের মত এই গনতান্ত্রিক দেশে ইচ্ছামত ব্যবসাপ্ত করতে চাইছেন। ভারতের মত গনতান্ত্রিক দেশে এটা ভাবা ভূল হচ্ছে। আপনারা কমিউনিষ্ট সেজেছেন, কিন্তু এটা কোন কমিউনিষ্ট দেশ নয়। এটা একটা গনতান্ত্রিক দেশ। ভূল হয়ে যাচ্ছে, আপনাদের মাঝে কমিউনিষ্ট দেশ ভবে। সন্তা দামে জিনিষপ্র দিতে আপনারা বলেছেন, কিন্তু ইট হ্বাভ নো ডিউটি টুওয়ার্ডস্ দি পিপ্ল অফ ওয়েষ্ট বেন্ধল। আপনারা রাজ্যের হাতে ঘেটুক্

AP(81-1/84)-104

ক্ষমতা আছে, তারমধ্যে দিয়েও সন্তা দামে কিছু দিতে পারেন না? আপনারা বলেছেন আমাদের কিছু করার ক্ষমতা নেই। সব ক্ষমতাই হচ্ছে কেন্দ্রের। কেন্দ্রের কাছে সেই জন্ম দাবী করেছেন বারে বারে। যদি কেন্দ্র না দেয়, তাহলে বন্ধ ডাকা হবে-এই আওয়াঞ্জ তুলেছেন। ছর্ভাগোর বিষয়, আমাদের যিনি অর্থমন্ত্রী তিনি একজন মামলাবাজ। উনি কেন্দ্রের বিরুদ্ধে মামলা করবেন বলে কয়েকবারই ভংকার দিয়েছেন। কেন্দ্রের বিরুদ্ধে নানা কথা বলেছেন। কেন্দ্রের সরকারকে বলেছেন. শঠের সরকার. জোচেচারের সরকার। এখন আমি যদি আজকে বলি, শঠের সরকার বা জোচেচারের সরকার হচ্ছে এই পশ্চিমবাংলার বর্তমান সরকার, তাহলে বোধহয় ভূল বলা হবে না। মাননীয় অর্থমন্ত্রী তার বাজেট বক্তকার মধ্যে রাজ্যের কোন সঙ্গতি নেই বলে ও সেই সঙ্গে কেন্দ্রের বিরুদ্ধে বিযোদগার করেছেন। কেন্দ্রের বিরুদ্ধে বিযোদগার করে চলেছে সেই সেদিন থেকে, যেদিন থেকে এথানে বামফ্রণ্ট সরকার ক্ষমতায় আসীন হয়েছে। ক্ষমতায় আদীন হওয়ার পর থেকে কেন্দ্রের বিরুদ্ধে এই রকম আওয়াত্ব তুলে, কেন্দ্রের বিরুদ্ধে দোষ দিয়ে পশ্চিমবাংলার মান্তুদকে ভুলিয়ে রাখতে চেয়েছেন এই বামফ্রন্ট সরকার। আমি এখানে আপনার বক্ততার মাঝখানে আর একটা কথা বলি—আপনি প্লান করেছেন কেন্দ্রের কাছ থেকে ৭৪৮ কোটি টাকা আদায় করবেন—যে প্লান আপনি করেছেন, তাতে আপনি ভাল ভাবেই জানেন যে, কেন্দ্র ঐ পরিমাণ টাকা দেবে না। সেই সঙ্গে এও ঠিক করে রেখেছেন—জনগণকে বলবেন—আমরা কেন্দ্রের কাচে পশ্চিমবাংলার উন্নতির জন্ম টাকা চেয়েছিলাম, কিন্তু কেন্দ্র তা দেয়নি। ফলে সব দায়িত হচ্ছে কেন্দ্রের। এর জন্য বাংলা বনধ করা দ্রকার। পশ্চিমবাংলা সরকারের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট বক্ততা এখানে রেখেছেন, এর মধ্যে সারবস্থা কি আছে ? বক্ততার মধ্যে উনি বলেছেন, কেন্দ্রের বিরুদ্ধে এই করা উচিত ছিল, এই আমবা করতে চাই এবং আমাদের ক্ষমতা সীমিত। সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে পাশের রাজ্য উডিয়া, মহারাষ্ট্র কি করেছে ? কি করেছে উইদিন দি ফেডার্যাল স্টাকচার ? সীমিত ক্ষমতার মধ্যে থেকেও তারা দেখানে উন্নতি করছে, তারা এগিয়ে যাচ্ছে। আপনারা দেখানে বলে চলেছেন, আমাদের ক্ষমতা সীমিত। আপনারা সবক্ষেত্রেই পিছিয়ে যাচ্ছেন। আমাদের আমলে যে পাওয়ার পার্ট করেছিলাম, পাওয়ার দেওয়ার যে ব্যবস্থা আমরা করেছিলাম, দেগুলোকে কি আপনার। চালু করতে পেরেছেন ? আপনারা দব সময়েই বলে চলেছেন, পাওয়ার প্রাণ্ট, পাওয়ার এবং পাওয়ার প্রজেক্টে আমরা আর কয়েক বছরের মধ্যেই এগিয়ে যাবো। তুর্ভাগোর কণা, আমাদের আমলের পাওয়ার প্রজেক্টগুলিতে পাওয়ার জেনারেশান আপনাবা এখনও করতে পারেন নি। কারণ কি টাকা? টাকা দিলেই সব কিছু হয় না। টাকা থরচ করার জন্ম যে মানসিকতা, ষে সততা ও নিষ্ঠা দরকার, তা আপনাদের নেই। পাওয়ার দপ্তরেব চেয়ারম্যান ছিলেন মিঃ লুথার। তাঁকে আপনারা চাঁটি মেরে তাড়িয়ে দিয়েছেন। ডি. ভি. সি. যদি আজকে অমুগ্রহ করে বিছাৎ না দেয়, তাহলে সারা পশ্চিমবাংলা অন্ধকারে ডবে যাবে। মিঃ লুথারকে তাড়াবার জন্ম তাঁর ঘরের বিহাতের লাইন কৈটে দিয়ে বাড়ী ছাড়া করেছেন। আর একটা কথা উল্লেখ

করা দরকার—গনতান্ত্রিক দেশের অস্তর্গত এই পশ্চিমবাংলার বামফ্রণ্ট সরকারের বাজেটে একটা ব্যন্ত্র ধরা হয় নি, সেটা হচ্চে বিধায়কদের মারার জন্ম কত টাকা দরকার, তা বলা হয় নি। গনতন্ত্রকে ভালার জন্ম আর কোন প্রজেক্ট বা প্রান আছে কিনা, সেই ব্যাপারে কত টাকা দরকার তার উল্লেখ অর্থমন্ত্রী করেন নি। সেগুলো থাকা উচিত ছিল। অজয় মৃথার্জী এক সময়ে পশ্চিমবাংলার মৃথ্যমন্ত্রী ছিলেন। ঐ সময়ে তিনি তার সরকারকে বরবর সরকার বলে উল্লেখ করেছিলেন—একথা আশাকরি, মাননীয় সদস্যদের অরপে আছে। আজকে একথা বিধানসভার বাইরে বললেও বলব যে, এই সরকার হচ্চে দুর্নীতিপরায়ণ ও অত্যাচারী এক সরকার।

[2-40-2-50 P.M.]

এবং এই দরকারের অর্থমন্ত্রী যে বাজেট এনেছেন তাতে গনতন্ত্র ধ্বংস হবে। মুখ্যমন্ত্রী উক্তি করেছেন আমাদের না কি কারা পাঠিয়েছে ? ভোটার লিষ্ট অন্তথায়ী ওকে ঘারা পাঠিয়েছে আমাদেরও তারা পাঠিয়েছে। উনি যেভাবে জোচ্চুরী করে জিততে পারেন আমাদের সে অবকাশ নেই। আমাদের যারা এথানে পাঠিয়েছে আমাদের তাদের হয়ে কথা বলছি। মুখ্যমন্ত্রী বিধানসভার বাইরে ছাত্র, যুবক, শ্রমিকদের আন্দোলনকে পুলিশ দিয়ে ভেঙেছেন। এসব হুর্ভাগ্যের বিষয়। এই বাজেটে য়্যাডমিনিষ্টেশান খাতে টাকা ধরা হয়েছে বলে এসব বলছি। বাজেটের কথা গতবার বলেছি বলে বলতে বেদনা লাগে। প্রত্যেকটা গনতান্ত্রিক আন্দোলনকে বাংস করা হচ্ছে পুলিশ দিয়ে। এসৰ ৰাজেটে থাকা উচিত ছিল যে আমাদের সরকার গণতান্ত্রিক আন্দো-লনকে ধ্বংস করার জন্ম বাজেটে পরিকল্পনা রেখেছেন এবং তারজন্ম অর্থের প্রয়োজন। আমরাও তাহলে তুহাত তুলে সমর্থন করতে পারতাম। বামফ্রণ্ট সরকারের অর্থমন্ত্রী একবার হেরে গিয়েছিলেন, আবার এসেছেন। তিনি পশ্চিমবাংলাকে কোথায় নিয়ে গেছেন তা আপনি জানেন. আমরাও জানি। আপনি বলতে পারবেন না, আমরা বলতে পারবো বলে এথানে আছি। পশ্চিমবাংলার অর্থনীতি দারা ভারতবর্ষের মধ্যে সবচেয়ে নীচে, শিল্পেও নীচের দিকে। কোন উল্লোগ যদি না থাকে এবং শুধু যদি কেন্দ্রের উপর দোষারোপ কোন রাজ্য সরকার যদি চালায় তাহলে কিছু হবেনা। তাই অর্থমন্ত্রী যে বাজেট ভাষণ বিধানসভায় দিয়েছেন তা ভধ ভূলে ভরা নয়, অসতা তথে। ভরা এবং তাই এর মধ্যে দিয়ে পশ্চিমবাংলার দাধারণ গরিব মাম্ববের কোন উন্নতি হবেনা। আমি তাই তাঁর এই বক্তব্য সমর্থন করতে পার্রছি না।

শ্রীভজি ভূষণ মণ্ডলঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেট বরাদ্দকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করে কিছু বলছি। আমি মনে করি এই বাজেট হচ্ছে বেষ্ট বাজেট আউট অফ দি ওয়ারষ্ট সিচ্যেসান। এজন্য বলছি যে আমাদের দৃষ্টিভঙ্গীতে যে বাজেট হওয়া উচিত ছিল সে বাজেট এটা নয়। কিছ সিচ্যেশান, সারকামসট্যানসেস এবং সীমাবদ্ধতার কথা চিস্তা করে বলতে

পারি ইট ইজ দি বেষ্ট বাজেট আউট অফ দি ওয়ারষ্ট সিচুয়েসান। সেজন্য এটা ঠিক আমাদের মনঃপুত বাজেট নয়। আমি এই বাজেট সম্বন্ধে বলতে গিয়ে কয়েকটি কথা বলবো। বাজেট বলতে গেলে তার কোঞ্চিপাথর হচ্ছে কয়েকটি বিষয় সম্বন্ধে আলোচনা করা এবং সেই আলোচনার কোঞ্চিপাথর দেখতে হবে যে এটা ঠিক আছে কিনা এবং উইদিন দি ফোর কর্ণার অফ দি কনষ্টি-টিউসান অফ ইণ্ডিয়া আমরা কতদূর যেতে পারি সেটা আমরা চিন্তা করবো।

বাজেট সম্বন্ধে বক্তব্য রাখতে গেলে প্রথমে ইণ্ডাষ্ট্রিয়াল গ্রোখ, এগ্রিকালচারাল গ্রোখ, আনএমগ্রমেণ্ট, ইনফ্লেণান এবং ডেফিসিট বাজেট এগুলি চিস্তা করতে হবে এবং সেই সঙ্গে এক্সপোর্ট, ইমপোর্ট এবং আমাদের ফরেন এক্সচেঞ্জের কথা ভাবতে হবে। আর ভাবতবর্ষের বাজেট যথন আমরা আলোচনা করব তথন ফরেন ডেট এবং ব্লাক মানিও আমাদের আলোচনা করে দেখতে হবে। আমরা যদি আজকে বিখের মানি মার্কেট সম্বন্ধে আলোচনা করি তাহলে আমরা কি দেখতে পাচ্ছি—আমরা দেখতে পাচ্ছি যে সব ইম্পিরিয়ালিস্ট পাওয়ারগুলি আছে যার লিডারসিপে আছে আমেরিকা, পশ্চিমী জোট এবং আরো অন্তান্ত তাদের সমস্তগুলি সম্বন্ধে আমরা যদি আলাপ আলোচনা করি তাহলে দেখব যে ১৯৭৪ সাল থেকে ১৯৭৭ সাল পর্যস্ত তাদের অবস্থা খ্বই খারাপ ছিল এবং তারপর কিছু ইণ্ডাষ্ট্রিয়াল গ্রোথ করার পরে ১৯৭৭ সাল থেকে আজ পর্যন্ত খারাপের দিকে যাচ্ছে। অর্থাৎ এই ইণ্ডাষ্ট্রিয়াল গ্রোথের যদি আমরা ডেমোগ্র্যাফিক গ্রোপটা আলোচনা করি তাহলে দেখব যে এই সমস্ত জায়গায় আজকে অবস্থা হচ্ছে টেনডেন্সিটা টুওয়ার্ডস দি লোয়ার লেভেল এসে যাচ্ছে। কেবল একটা দ্বায়গায় এর ব্যতিক্রম মাচে সেটা হচ্ছে ইণ্ডাষ্ট্রেয়াল দেশ জাপান। এর কারণ ছটি—একটা হচ্ছে মার্শাল প্ল্যানিংএ যে টাকাটা দিয়েছিল আমেরিকানরা, অর্থাৎ প্রগতিশীল মৃভমেণ্টকে রুথবার জন্ম আমেরিকানরা যে টাকাটা দিয়েছিল, তারা এই টাকাটা ভালভাবে সন্ধাবহার করেছিল এবং তাদের ডিফেঞ্সের খরচ খুব কম, এজন্য তারা ইণ্ডাষ্ট্রিয়াল গ্রোথকে এগিয়ে নিয়ে যেতে পেরেছে। এবং দেখানে আরো কতকগুলি কারণ আছে—যেমন কুটিরশিল্ল এবং অক্যান্স বিষয়ের জন্ম ইণ্ডাঞ্জিয়াল গ্রোথের যে কারভ সেই কারভ নিচের দিকে না এমে উপরের দিকে গেছে, আর পৃথিবীর অক্সান্ত দেশের ক্ষেত্রে সেই পিরিয়তে ইণ্ডাষ্ট্রিয়াল গ্রোথ নিচের দিকে নেমে এসেছে। আমরা যদি এগ্রিকালচার দেখি তাহলে দেখৰ আমেরিকায় এই এগ্রিকালচারাল প্রোডাক্সানটা উপরের দিকে গেচে, বাকি অধিকাংশ দেশে ঠিকভাবে এই প্রোডাকদান করতে পারেনি এবং এগ্রিকালচারাল প্রোডাকদানট। নিচের দিকে নেমে এসেছে, এমনকি বলতে পারি ইউ এস এস আর এবং ইষ্টার্ণ কান্ট্রি ষেগুলি আছে তাদের মধ্যেও এগ্রিকালচারাল প্রোডাক্সানের কার্ভটা নিচের দিকে নেমে এসেছে, এটা অম্বীকার করা যায় না। কিন্তু আমরা দেখি যে সমস্ত পৃথিবীতে ধার কিছু বেড়েছে, ভারতবর্ষেও কিছু বেড়েছিল, এথন প্রায় স্ট্যাগন্তাণ্ট অবস্থীয় আছে। আর আমরা যদি আনএমপ্লয়মেণ্ট সম্বন্ধে

বলতে যাই তাহলে এটা দেখা যাবে প্রায় সব দেশই আনএমপ্রয়মেণ্ট এগিয়ে যাচ্ছে অর্থাৎ বেশীর ভাগ লোক আনএমপ্রয়েড হচ্ছে।

[ 2-50-3-00 P·M. ]

সেগুলি হচ্ছে ইম্পিরিয়ালিষ্টটিক কানট্রিতে যাদের ষ্ট্রাকচার ধনতান্ত্রিক, সেই সমস্ত দেশে আন-অমপ্রয়মেনেটা ফিগার অনেক বেশী বেভে যাচ্ছে এক সেই সংগে সংগে ইনফ্লেগানটা যদি দেখি ভাষলে দেখবো ঐসব জায়গাতে ঐ কাবটা উ<sup>\*</sup>চতে চলে গেছে। এই রকম এমন একটাও দেশ নাই যেখানে ইনফ্লেগনটা নীচের দিকে এদেছে। এটা ধনতান্ত্রিক মনভাব সম্পন্ন দেশেই হয়েছে। আন্ত্রমপ্রয়েটের ক্ষেত্রে একটা একসেপসন আছে, সেটা হচ্ছে ক্যানাডা। সেথানে আন এমপ্লয়-মেন্টের সংখ্যা বাডেনি। এই সমস্ত বিষয়গুলি আলাপ আলোচনা করে দেখতে হবে। কেবল পশ্চিমবাংলার বাজেট দেখলেই হবে না। ভারতবর্ধের বাজেটের অবস্থা দেখতে হবে, সারা পুণিবীর অবস্থা দেখতে হবে। সেগুলি না দেখলে প্রকৃত অবস্থা বোঝা যাবে না এবং সেটা না দেখে প্রকৃত বাজেট আলোচনা করা যায় না। তাই আপনাদের কাছে বলতে চাচ্চি যে আজকে বাজেট আলোচনার সময় এটা ঠিক করে দেখতে হবে যে সারা বিশ্বের অবস্থা কি এবং সেই অবস্থার পরি-প্রেক্ষিতে আমাদের কি অবস্থা হবে সেটা নাভেবে দেখলে আমার মনে হয় সঠিকভাবে বাজেট আলোচনা করা যাবে না। কতকগুলি ফিগার আছে জাগলারী অব ষ্টাটিকটিয় আমি ত চারটি এ সম্বন্ধে বলতে পারি সবগুলি বলে সময় নষ্ট করার মত সময় আমার নাই, টাইম লিমিটেড। মোটা-মৃটিভাবে বলছি যে সারা বিশ্বের যে অবস্থা সেই অবস্থায় দেখা যাচ্ছে যে মনিটারী সিসটেমটা একেবারে ভেঙ্কে পড়েছে। এবং তা নিরসনের হৃটি পথ খোলা আছে। একটি হচ্ছে বিশের মুক্তির জন্ম মান্ত্র্য বিপ্লবের দিকে যাবে, আর একটি হচ্ছে, এই ক্রাইসিস বাঁচবাব জন্ম মাহুষ যুদ্ধের অবতারনা করবে এবং দেখবেন ধনতান্ত্রিক দেশগুলি থেহেতু তাদের বাজাব কমে যাচ্ছে, ইণ্ডাষ্ট্রিয়াল গ্রোণ তেমন হচ্ছে না, মনিটারী পোজিসন খারাপের দিকে, সেই হেতু তারা আজকে দারা পৃথিবীতে যুদ্ধ লাগাবার জন্ম ছুটে আসচে এবং এই দিকেই তারা বেশী করে জোর দিচ্ছে। এবার আমি ভারতবর্ধের বাজেট সম্বন্ধে কিছু আলোচনা করি। ভারতবর্ষের বাজেট দম্বন্ধে আলোচনা করতে গেলে আমাদের দেখতে হবে যে জিনিসটা ভারতবর্ষকে দেওয়া আছে সেটা হচ্ছে সাধারণত article 246 list 1 and 3-তে অধিকাংশ ইনকাম-এর ব্যাপারটা বলা আছে। এটা আমি পরে বলছি। আজকে ভারতবর্ষের অবস্থা কি ? ভারতবর্ষের ইণ্ডাষ্ট্রিয়াল গ্রোপটা যদি দেখি তাহলে দেখবো ১৯৬০ সাল থেকে ১৯৮৩ সাল পর্যস্ত সেটা কমে আসছে। ১৯৮৩ সালে ইণ্ডাঞ্জিয়াল প্রোডাকসন একেবারে কমে গেছে। এবং এগ্রিকালচার্যাল প্রোডাক্সন্টা আমাদের ষ্ট্যাগুষ্টীল অবস্থায় থানিকটা আছে। আন এমপ্রয়মেন্ট

সম্বন্ধে আপনারা সবাই জানেন, কি রক্ষ বেডে গেছে এবং এটা আপনারা চিন্তা করে দেখবেন। আর ইনক্ষেপন কি বলবো, যদি ১৯৫৯ সালকে বেস ইয়ার ধরি তাহলে আমরা দেখতে পাবো ইনক্ষেপন কিভাবে বেড়ে গেছে। ১৯৬০-৬১ সালে ইনক্ষেপন হয়েছে ২৯%, ১৯৭০-৮১ সালে ২২৪% বেডেছে, আর ১৯৮০-৮১ সালে সেটা হয়েছে ৫১%।

এবার আমরা আসি, জি এন পি তে, যে জি এন পি দেখেছি, দিস ইজ অলসো ওয়ান অব দি ইনডেকস, জি. এন. পি. ১৯৭৪-৭৫ টু ১৯৭৭-৭৮ এর যে জি. এন. পি., সেটা ৫'২ পার্সেন্ট ছিল। ১৯৭৮-৭৯ এবং ১৯৮১-৮২ সালে এটা কমে ৩': পাদেণ্ট হয়েছে এবং ১৯৮২-৮৩ সালে ২ পাদে ' ট হয়েছে। বানিজ্য ঘাটতি যদি দেখি, তাহলে আমরা দেখবো. ১৯৬০-৬১ সালে ৩ হাজার ২৮০ কোটি টাকা ছিল এবং ১৯৮০-৮০ সালে এটা ৫ হাজাব কোটিতে এসে গেছে। আর ফরেন ডেট যেটা, সেই ফরেন ডেট ১৯৫০-৫১ সালে ১০০ কোটি ছিল। এথন ১৯৭০-৭১ সালে ১২২ কোটি টাকায় দাঁড়ায় এবং ১৯৮৩ সালে ২৫ হান্সার কোটি হয়েছে। এইগুলো সমস্ত আলোচনাকরে নাদেখলে আমরা ঠিক মত জিনিসটা বুঝতে পারবো নাএবং দেইজন্ম আমি কয়েকটি জিনিস আপনাদের কাজে রাখছি। পরে ভারতবর্ষের বাজেটের কথা কিছু বলবো এবং ভারপর পশ্চিমবাংলার বাজেটে আসবো। বারবার একটা ছিনিস লক্ষ্য করেছি, ডেফিসিট বাজেট এই ডেফিসিট বাজেট, এটা একটা চলতি প্রথা হয়ে গেছে। এই ডেফিসিট বাজেট সত্যিকারের ভারতবর্ষের কি যে ক্ষতি করে, সেটা আপনারা সকলেই জানেন এবং এব সঙ্গে সঙ্গে আরও কতক-গুলো দ্বিনিস আছে, সেইগুলোও আমাদের ভাবতে হবে, সেটা হচ্ছে এই, যে, ডেফিসিট বাজেট ছাড়াও ইনফ্রেশন এবং আরও অনেকগুলো পথ আছে, সেইগুলো সেউনল গভর্ণমেউ সবই ব্যবহার করছে। যেমন নোট ইশুন, যেমন ওপেন মার্কেটে যে ব্যাংকিং অপারেশন, সেই ব্যাংকিং অপারেশনের টান ওভার যদি বাড়িয়ে দিতে পারেন, ওটা রিজার্ভ ব্যাংক অব ইণ্ডিয়া পারে, তাহলে অনেক টাকা যদি চলতে আরম্ভ করে তাহলে দেখা যাবে, এই অবস্থা চলবে। আরও অনেকগুলো কথা আছে আমি কতকগুলো কথা বলছি, ব্লাকমানি ব্লাকমানি আমেরিকাতেও যে একেবারে নেই, তা নয়, আমেরিকাতে ব্লাকমানি ২২ পার্দেণ্ট আছে, ইটালীতে আছে ২০ পার্দেণ্ট, কানা**ডায়** ২০ পার্দেণ্ট আছে এবং ভারতবর্ষে এটা ৪৮ পার্দেণ্ট অফিসিয়ালি আছে, আন অফিসিয়ালি ১০০ পার্দেণ্টিও যদি হয় তাহলে কোন আশ্চর্যা হওয়ার কারণ নেই। এই ১০০ পার্দে<mark>ণ্ট</mark> যদি ব্ল্যাকমানি হয়, তাহলে অবস্থাগুলো কিভাবে আসে দেটা আমাদের মধ্যে ভাবা উচিত এবং দেখা উচিত। এইগুলো আমি এইজন্ম বলনাম, আপনাদের কাছে এইগুলো ধদি না বলি তাহলে ভারতবর্ষের বাজেট সম্বন্ধে এথানে আলোচনা করে কোন লাভ হবে না, এবং পশ্চিম-বাংলার বাজেটটা ঠিক হয়েছে কি না বুক্ষতে পারবো না। পৃথিবীর বাজেটও যদি আমরা না দেখি, পৃথিবীর ইকনমিক কণ্ডিশন যদি আমরা না দেখি, ভারতবর্ষের বাজেট যদি না দেখি তাহলে কেবল এথানকার বাজেট নিয়ে চিৎকার করলে হবে না। অনেক কিছু বলা যায়, বলতে যাই তাহলে এটা দেখা যাবে প্রায় সব দেশই আনএমপ্রয়মেণ্ট এগিয়ে যাচ্ছে অর্থাৎ বেশীর ভাগ লোক আনএমপ্রয়েড হচ্ছে।

[ 2-50-3-00 P·M. ]

সেগুলি হচ্ছে ইম্পিরিয়ালিষ্টটিক কানট্রিতে যাদের ষ্ট্রাকচার ধনতান্ত্রিক, সেই সমস্ত দেশে আন-অমপ্রয়মেনেটা ফিগার অনেক বেশী বেভে যাচ্ছে এক সেই সংগে সংগে ইনফ্লেগানটা যদি দেখি ভাষলে দেখবো ঐসব জায়গাতে ঐ কাবটা উ<sup>\*</sup>চতে চলে গেছে। এই রকম এমন একটাও দেশ নাই যেখানে ইনফ্লেগনটা নীচের দিকে এদেছে। এটা ধনতান্ত্রিক মনভাব সম্পন্ন দেশেই হয়েছে। আন্ত্রমপ্রয়েটের ক্ষেত্রে একটা একসেপসন আছে, সেটা হচ্ছে ক্যানাডা। সেথানে আন এমপ্লয়-মেন্টের সংখ্যা বাডেনি। এই সমস্ত বিষয়গুলি আলাপ আলোচনা করে দেখতে হবে। কেবল পশ্চিমবাংলার বাজেট দেখলেই হবে না। ভারতবর্ধের বাজেটের অবস্থা দেখতে হবে, সারা পুণিবীর অবস্থা দেখতে হবে। সেগুলি না দেখলে প্রকৃত অবস্থা বোঝা যাবে না এবং সেটা না দেখে প্রকৃত বাজেট আলোচনা করা যায় না। তাই আপনাদের কাছে বলতে চাচ্চি যে আজকে বাজেট আলোচনার সময় এটা ঠিক করে দেখতে হবে যে সারা বিশ্বের অবস্থা কি এবং সেই অবস্থার পরি-প্রেক্ষিতে আমাদের কি অবস্থা হবে সেটা না ভেবে দেখলে আমার মনে হয় সঠিকভাবে বাজেট আলোচনা করা যাবে না। কতকগুলি ফিগার আছে জাগলারী অব ষ্টাটিকটিয় আমি ত চারটি এ সম্বন্ধে বলতে পারি সবগুলি বলে সময় নষ্ট করার মত সময় আমার নাই, টাইম লিমিটেড। মোটা-মৃটিভাবে বলছি যে সারা বিশ্বের যে অবস্থা সেই অবস্থায় দেখা যাচ্ছে যে মনিটারী সিসটেমটা একেবারে ভেঙ্কে পড়েছে। এবং তা নিরসনের হৃটি পথ খোলা আছে। একটি হচ্ছে বিশের মুক্তির জন্ম মান্ত্র্য বিপ্লবের দিকে যাবে, আর একটি হচ্ছে, এই ক্রাইসিস বাঁচবাব জন্ম মাহুষ যুদ্ধের অবতারনা করবে এবং দেখবেন ধনতান্ত্রিক দেশগুলি থেহেতু তাদের বাজাব কমে যাচ্ছে, ইণ্ডাষ্ট্রিয়াল গ্রোণ তেমন হচ্ছে না, মনিটারী পোজিসন খারাপের দিকে, সেই হেতু তারা আজকে দারা পৃথিবীতে যুদ্ধ লাগাবার জন্ম ছুটে আসচে এবং এই দিকেই তারা বেশী করে জোর দিচ্ছে। এবার আমি ভারতবর্ধের বাজেট সম্বন্ধে কিছু আলোচনা করি। ভারতবর্ষের বাজেট দম্বন্ধে আলোচনা করতে গেলে আমাদের দেখতে হবে যে জিনিসটা ভারতবর্ষকে দেওয়া আছে সেটা হচ্ছে সাধারণত article 246 list 1 and 3-তে অধিকাংশ ইনকাম-এর ব্যাপারটা বলা আছে। এটা আমি পরে বলছি। আজকে ভারতবর্ষের অবস্থা কি ? ভারতবর্ষের ইণ্ডাষ্ট্রিয়াল গ্রোপটা যদি দেখি তাহলে দেখবো ১৯৬০ সাল থেকে ১৯৮৩ সাল পর্যস্ত সেটা কমে আসছে। ১৯৮৩ সালে ইণ্ডাঞ্জিয়াল প্রোডাকসন একেবারে কমে গেছে। এবং এগ্রিকালচার্যাল প্রোডাক্সন্টা আমাদের ষ্ট্যাগুষ্টীল অবস্থায় থানিকটা আছে। আন এমপ্রয়মেন্ট

কাজেই বিবেকের বিরুদ্ধে তাঁকে এগুলি করতে হচ্ছে। বিবেকের বিরুদ্ধে হলেও তা না করলে ট্যাকদেসান থেকে বে টাকা আসে সেটা আসবে না। তাঁর নোট ছাপানোর ক্ষমতা নেই. বিদেশী ঋণ বে নেবেন তারও ক্ষমতা নেই। স্থার, শুনলে আশ্চর্য্য হয়ে যাবেন যে বিদেশী ঋণ যদি কোন প্রজেক্টের জন্ম দেওয়া হয় তাহলে তার ১২ আনা তারা সার্ভিস চার্জ হিসাবে দেন কিন্তু কেন্দ্রীয় সরকার সেথানে ৭।৮ পারসেণ্ট ইণ্টারেষ্ট হিসাবে চার্জ করে নেন। কাজেই এগুলি যদি চিন্তা করা যায় ভাহলে দেখা যাবে যে আউট অব দি ওয়ার্চ্চ এটা বেষ্ট বাজেট করা হয়েছে। এরপর আমি ট্যাক্সেসানের কথায় আসছি। গতবারেও যেমন সত্যি সত্যি কতকগুলি ট্যাক্স বাদ দিলেও করা যেত বলে আমরা বলেছিলাম এবারেও তেমনি বলছি, ফাইনান্স মিনিষ্টার কনসিভার করে দেখুন যে চায়ের ব্যাপারে তিনি কিছু করতে পারেন কিনা। চায়ের ব্যাপারে তাঁর একট চিন্তা ভাবনা করা দরকার। চায়ের ব্যাপারে যদি কিছু করা যায় তাহলে ভালো হয়। এখনও ফুল ৰাজেট পাশ হয়নি কাজেই এখনও চিন্তা ভাবনা করার সময় আছে। তারপর বিভিৎ ট্যাকস্, ষেটা উইদিন দি জ্বরিস্ডিক্সান অব দি ষ্টেট গভর্ণমেন্ট সেটা দেখছি কথনও বাড়ানো হচ্ছে না। বিশেষ করে কোলকাতা শহরে যে সব বড় বড় বাড়ী আছে সেথান থেকে নানানভাবে উইগু ফল প্রফিট আসেছে। ধরুন এক কাঠা জমি হু হাজার টাকায় একজন কিনেছিল আজকে সেই জমি সে এক লক টাকা কাঠাঃ বিক্রি করছে এবং এইভাবে সেই লোকটি একেবারে বডলোক হয়ে যাচ্ছে। এটা উইদিন দি জ্বরিস্ভিক্সান অব দি ষ্টেট গভর্ণনেন্ট কাজেই এ সম্বন্ধে কিছু করা যায় কিনা চিস্তা করে দেশুন। যদিও এর ভেতরে কিছু লিগ্যাল কম্পেলকমিটির কথা উঠতে পারে কিন্তু তবও বলচি. এই যে ক্যালকাটার প্রপার্টি যেটা থেকে উইণ্ডফল প্রফিট আসছে সেটা আমাদের ক্যাপাসিটিতে এনে শ্বেল ডাউন করে সাধারণ মাহুষের উপকারে লাগাতে পারি কিনা সেটা ভেবে দেখবেন। ভারপর সিলিং-এর ব্যাপার ষেটা আছে সেটা কোলকাভার ব্যাপারে একটা ফার্সে পরিণত হয়ে গিয়েছে। গ্রামে যেখানে ৭৫/৮০ ভাগ লোক থাকেন সেধানে জমির সিলিং যদি করা হয় ভাহলে কোলকাতার ক্ষেত্রেও দিলিটো ঠিকভাবে করার প্রয়োজন আছে এবং তাহলে অনেক টাকা আমরা পেতে পারি। এই বিষয়টা নিয়ে ফাইনান্স মিনিষ্টারকে আলোচনা ও বিবেচনা করে দেখতে অফুরোধ জানাচ্ছি। পরিশেষে আমি আর একটি কথা বলব। আমাদের ট্যাকদেসানের দিকটা ষেমন দেখা দরকার তেমনি এক্সপেনভিচারের দিকটাও দেখা দরকার। এক্সপেনভিচারটা যদি অধিকাংশই আরবান ইন্টারেটে লাগানো হয় তাহলে রুর্যাল ইন্টারেটটা অনেকাংশে কাটেলি করে **(मध्या श्टाक् ना कि ?** 

# [ 3-10-3-45 P, M, including adjournment ]

আমি একটা উদাহরণ দিচ্ছি। এই যে কলকাতা টিউব রেল বলুন, আরে যাই বলুন, এতে কোটি কোটি টাকা থরচ করছেন। অথচ গ্রামে ইরিগেশনের অভাবে অধিকাংশ জমিতে ফদল

ছচ্ছে না। আপনি চিস্তা করে দেখবেন, যে টাকাটা এখানে দেওমা হয়েছে তাতে পশ্চিমবাংলার ষে ১৫টি জেলা আছে, সেই জেলাগুলিতে ইরিগেটেড করে দেওয়া যেত। কিন্ধ হর্ভাগ্যবশতঃ সেটা হচ্ছে না। এক একটা প্রোজেকটে, অর্থাৎ ইরিগেশান প্রোজেকটে কত কোটি টাকা লাগে সেটা নিশ্চয়ই আপনারা জানেন। আমার মনে হয় দেদিক থেকে সবচেয়ে বেশী প্রাইওরিটি দিয়ে এই বাজেট তৈরী করা উচিত। আমি আর একটা কথা বলতে চাই। তিন্তা করেছেন এবং সেটা ভাল হয়েছে। এই রকম বহু করা ধায়। আর একটা হচ্ছে সিদ্ধেশরী প্রকল্প। এই প্রকল্পে 🕫 হাজার একর জমি চাষ হবে অথচ এতে টাকা খুব বেশী নেই। এই প্রকল্পটি আজকে 🕻 বছর ধরে হয়ে আছে, সে সম্পর্কে কিছু বলা হল না। এই রকমভাবে অনেক জায়গায় মিডিয়াম দাইজের যে ইরিগেশান প্রক্তেকট, আমি সেই প্রক্তেকট ইরিগেশানের কথা বলছি। মেকানিক্যাল ইরিগেশান সব সময়েই কষ্টলি হয়। সেজতা গরীব মামুষের জতা মেকানিক্যাল ইরিগেশানের চেয়ে প্রজেকট ইরিগেশান অনেক ভাল। কাজেই এগুলি আরো বেশী করে ইম্পলিমেণ্ট করা দরকার। সেজগ্য এগ্রিকালচার ইম্পলিমেন্টস বা অন্যান্ত ষেগুলি আছে সে সম্পর্কে আমি এই কথা বলবো যে অস্ততঃ জমিশুলিতে যদি ইরিগেশানের ব্যবস্থা করা হয় ভাহলে গ্রামের লোকেদের স্থবিধা হবে এবং এর দারা ফাণ্ডামেনটালি একটা বেসিক স্থথ স্থবিধা তাদের এনে দেওয়া ঘেতে পারে বলে আমি মনে कति । आकरक दिशत जांग होका यमि आर्थान हेन्होदिर अवर क्रानकांहीत हेन्होदिर थेतह कती হয় তাহলে এটা ঠিক হবে না। এটা আপনাকে বিবেচনা করে দেখার জন্ম বলবো। আমি আপুনাকে এই সমস্ত কথার পরে এই কথা বলতে চাই, This budget is, under the worst situation the best budget. সেজন্য আমি এটাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পীকারঃ** এখন বিরতি। হাউস স্থাবার ৩'৪৫ মিনিটে বসবে।

( At this stage the House was adjourned till 3.45 p.m.)

[ 3-45—3-55 P. M. ]

**এঅতীশ চক্ত সিন্হা:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সভায় একজনও মন্ত্রী উপস্থিত নেই।

মিঃ স্পীকার ঃ আমি খবর পাঠিয়েছি, ওঁরা আসছেন, ততক্ষণ আলোচনা চলুক।

শ্রীআনন্দ মোহন বিশাসঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি এই বিধানসভার শুধু অধ্যক্ষই নন, আপনি ব্যক্তিগত জীবনে এই রাজ্যের একজন ব্যবহারজীবী, বুদ্ধিজীবী, স্বতরাং আপনি নিশ্চয়ই এই রাজ্যের বর্তমান সার্থিক অর্থনৈতিক অবস্থাটা জানেন। আমরা দেখছি রাজ্যে ক্রমবর্জমান বেকারস্ক, ধার হিদাব এই সেরকারের কাছে নেই। এধানে আমাদের দলের

নেতা জনাব আবহুস সান্তার সাহেব বলেছেন এবং ভক্তি-বাবৃত্ত বলেছেন যে, এই রাজ্যে পার ক্যাপিটা ইয়ারলি ইনকাম কিভাবে ফল্ করছে। ১৯৭১ সালের আর্থিক মূল্যমানে এই রাজ্যে পার ক্যাপিটা ইয়ারলি ইনকাম ছিল ৬৬১ টাকা। তার পরে বিগত কয়েক বছরে সেই ইনকাম ফল্ করে দাঁড়িয়েছে ৫৯০ টাকায়। জাতীয় জীবনে যেখানে ৬ টাকা ফল্ করেছে, সেখানে এই রাজ্যে পার ক্যাপিটা ইনকাম ৭১ টাকা ফল্ করেছে। উৎপাদনের ক্ষেত্রে, শিল্পে, বানিজ্যে, ক্ষিত্তে বিগত কয়েক বছরে ১৪৪ কোটি টাকা মূল্যের উৎপাদন হ্রাস পেয়েছে। এই পরিস্থিতির মোকাবিলা করার জন্ম নাননীয় অর্থমন্ত্রী এখানে যে বাজেট উত্থাপন করেছেন তাতে It is my personal observation. This budget is too weak to combat the economic situation. So far as I know, the salient features of this budget are, firstly, it is non-productive and secondly, it is non-planoriented. These are the salient features—non-productive and nonplan-oriented. It is rather, I should say, nothing but crude accountancy and full of mathematical deceptions.

আমরা জানি এবং আপনারা সবাই জানেন যে ৭৫ কোটি টাকা ঘাটতি এবং সমুদয় ঘাটতি পরোক্ষ করের উপর দিয়ে তোলা হবে। ভক্তিবাবু বলেছেন— মাই এনডোরদ হিদ্ধ ভিউদ— মাননীয় অর্থমন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন What are the demerits of indirect taxation ? আজকে এই ৭৫ কোটি টাকা পরোক্ষ কর হিসাবে আমার আপনার পকেট থেকে এমন কি গৃহস্থ বধুর খাঁচল থেকে বাবসায়ীদের হাত দিয়ে তুলে নেওয়া হবে। অনেক সদস্য আছেন যারা চিরদিনই ইনডায়েরেকট ট্যাক্সেমানের বিরোধিতা করে বলেন। আদ্রকে অত্যন্ত তু:থের বিষয়, আমাদের সমাজ ব্যবস্থায় যথন ইনটারমেডিয়ারী ইনটারেটের বিরোধিতা করে সবাই বলছে, যথন মিডিলমেন সিসটেমের এানিহিলেসান করার চেষ্টা করছে তখন মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন সেই বাজেটের ঘাড়ে চড়ে অসাধু ব্যবসায়য়ীরা সেই ইনটারমিডিয়ারী ইনটারেষ্ট যথন অবলুপ্তির পথে তথন-তাকে পুনরায় প্রতিষ্ঠিত করছে। এটা আমার কথা নয়, বাইরের লোকেরা বলেন - আমি সংবাদপত্তে দেখলাম—He is the sweet darling of the Chambers. আজকে এই ব্যবসায়ীদের হাতে শোষনের অন্ত তুলে দিয়েছেন। এথানে শচীনবাবু উপস্থিত নেই। তিনি খুব উ<sup>\*</sup>চু স্বরে অনেক এ্যনালিসিস করে আমাদের দেশের ম্মল স্কেল ইনডাসটির ডেভেলপমেন্টের কথা বলেছেন। তিনি শাক দিয়ে মাছ ঢাকার চেষ্টা করেছেন। আসলে তিনি শিক্ষের কথা বলছেন না যেটা জাতীয় জীবনে অগ্রগতির ক্ষেত্রে যেটা বেশিক ইনডাসট্রি, কি ইনডাসট্র—দে কথা তিনি বললেন না। আজকে আনডার ডেভেলপড ইকোনমিতে বেসিক ইষ্টভাসট্রি, কি ইনডাসট্রির অত্যন্ত প্রয়োজন আছে। আজকে তাই দুর্গাপুর, ভিলাই রাউরকেলা গড়ে উঠেছে। এই সরকারের ইকোনমিক রিভিউতে কোন ইনডাসটীয়াল

বেদিনিট এবং পজিটিভ কোন পলিসির কথা বলা নেই। অন্লি নেগেটিভ এাসপেকট মাননীয় অর্থমন্ত্রী মহাশয় উথাপন করেছেন। আজকে কনট্রেল-এর কথা বলেছেন, অর্থাৎ আজকে অস্করায়ের কথা বলেছেন, প্রতিবন্ধকতার কথা বলেছেন। এই শিল্পে কোন সোস্থাল কনট্রোল নেই। সারকামসটেন্সের ঘেকথা বলেছেন সেই কথা পরিষ্কারভাবে বলেন নি। সারকামটেন্সের কথা বলতে গিয়ে ঘ্রিয়ে ঘ্রিয়ে নাক দেখানো হয়েছে। এখানে ভক্তিবাবু সেণ্টারের কথা বলেছেন, সেন্টার লিই, ষ্টে লিই এবং কংকারেন্ট লিইর কথা বলেছেন। কিন্তু একথা আজকে জানতে হবে হোয়াট আর দি সারকামসটান্সেস পুর্রিয়ে বলেছেন সেন্টারের বিমাতাস্থলভ আচরণ—একটা ডিসক্রিমিনেসান, রিজিওক্তাল ইমব্যালেন্সের কথা হয়তো বলতে চাছেন। কিন্তু কতটুকু ডিসক্রিমিনেসান করেছে তার ডিটেন্স কিন্তু ইকোনমিক রিভিউতে বলা হয়নি। সোম্ভাল কনট্রোলর কথা বলা আছে। আমরা জানি, আজকে শিল্পতিরা, বিগ্ বিসনেসম্যানরা ধারা কোটিপতি, যারা পুর্কিপতি, যারা ক্যাপিটালিই মনোপলি তারা হয়তো বিসনেসকে কনট্রোল করে, ইনডাসট্রিকে কনট্রোল করে কিন্তু অর্থমন্ত্রী মহাশয়কে আমি প্রশ্ন করতে চাই ষেখানে যেখানে সোম্ভাল কনট্রোল আছে তার কি ব্যবন্ধা আপনি করেছেন ?

আন্ধক ১০/১৪টি পাবলিক আনডানটেকিং আছে। এ্যপ্রো এনডসট্রি কথা বলি, তুর্গাপুর কেমিক্যাল লিমিটেডের কথা বলি, তুর্গাপুর প্রজেকটের কথা বলি গ্রেট ইষ্টার্গ হোটের কথা বলি—প্রতি বছর যেখানে বেকারত্ব বাড়ছে, যেখানে অর্থনৈতিক কাঠানো ভেঙ্গে পড়ছে—দেখানে লক্ষ কোটি কোটি টাকা ভরতুকি দেওয়া হছে। একমাত্র হোটেল ব্যবসায় আপনাদের কিছু লাভ হয়েছে। মাননীয় ম্থ্যমন্ত্রী মহাশয় সেদিন বলেছিলেন কিছুটা লাভ হয়েছে। ধরলাম এই সরকার কিচেন বিসনেসে অভ্যন্ত পারদর্শি। কিন্তু ত্বংথের সঙ্গে জানাছি, চিড়িয়াখানার কাছে একজন বিরাট ব্যবসাসীকে, বিরাট একজন শিল্পভিকে কেন হোটেলের জন্ম জমি তাকে বিক্রি করে দেওয়া হয়েছে? কোনটা ঠিক ? শিল্প ইনডাসট্রি ডেভেলপ করছে না, কোন সোন্থাল কনটোল নেই, অথচ প্রতিধিপতিদের সাবধান করা হছে।

[ 3-55-4-05 P. M. ]

অথচ সরকার হোটেলে বেখানে লাভ করছেন, দেখানে সেই হোটেলের জমিকেই একজ্বন শিল্পতির হাতে তুলে দিচ্ছেন। আজকে ইগুাসট্রিয়ালের ক্ষেত্রে ডেফিনিট পলিশি নেই। তাঁর বে বক্তব্য সেই বক্তব্যকে সেলফ কনট্রাভিকটরী বলে আমি মনে করি। এথানে সেনট্রাল ভিসক্রিমিনেসনের কথা বলা হচ্ছে, আমরা জানি কোন কোন রাষ্ট্রের প্রধান বদি মিলিটারী

জেনারেল হন তাহলে তিনি নিজের ক্ষমতাকে অব্যাহত রাথবার জন্ম দেশের মধ্যে একটা ওয়ার দাইকোদিদ স্ষষ্ট করেন। আজকে মাননীয় অর্থমন্ত্রী মহাশয়, মথামন্ত্রী মহাশয় ডেফিনিট কনষ্টিটিসন্থাল প্রভিদন কিছু বলছেন না, কেন্দ্র দিল না, কেন্দ্রের বিমাতৃস্থলভ মনোভাব, কেন্দ্রের বে সমস্ত ক্ষমতা বিভাজন করা হয় সেই সমস্ত কনষ্টিটিউদ্যাল প্রশ্ন তুলে একটা এ্যানটি দেনট্রাল সাইকোজিসট এই রাজ্যের সাধারণ মামুষের কাছে তুলে ধরেন নিজের ক্ষমতাকে অব্যাহত রাথবার জন্ম। এখানে রিলিফ আগুরে টেকিং আমরা দেখতে পাচ্ছি এই সরকার ৭ বছর আসার পরে এমপ্লয়-মেন্ট পোটেনসিয়ালিটির নামে রিলিফ আগুরে টেকিংয়ে ৪৪টি শিল্প সংস্থাকে রিলিফ আগুর টেকিংয়ের আওতায় নিয়ে এসেচেন। অবশ্য তাঁদের কথা, আমাদের দেশের এমগ্ররমেণ্ট পোটেনশিয়ালিটিকে রেসটোর করার জন্ম আমরা একটা করতে বাধ্য হচ্ছি। আমরা চাই এমপ্লয়মেন্ট পোটেনশিয়ালিটি বাড়ক। কিন্তু হুংখের দক্ষে জানাচ্ছি এই সমস্ত কোম্পানী ধারা সিক হয়ে পড়ছে তারা **ইনষ্টিটিউস্ক্রাল ফাইনাননে**র কাছ থেকে লক্ষ কেক্ষ কোটি কোটি টাকা ব্যবসার জন্য নিয়েছে। কিন্তু টাকা নেওয়ার পরে আমরা দেখছি, কবে কোম্পানীর সিক পার্মন, কবে যে তারা সিক হচ্ছে করে কোম্পানীর মৃত্যু হচ্ছে, বা স্বাভাবিক মৃত্যু, না অপমৃত্যু আমরা কিছুই দেখতে পাচ্ছি না পরে কোম্পানীর মৃত্যুর পরে কোম্পানীর ডাইরেকটার হি ইজ ওয়ান অফ দি এমপ্লায়ার অফ দি কোম্পানী, আর্থিক দিক দিয়ে অত্যন্ত হাইপুট হচ্ছেন। এই সরকার দেউ জনস এ্যাম্বলেনসের ভূমিকা নিয়েছেন। সাধারণ মাহ্ন্য এ্যাম্বলেনস আদতে দেকছেন, আর ভাইরেক্টার সেই এম্বলেনসে করে রাইটাস বিক্রিংসে চলে যাচ্ছেন। আজকে আমরা এই সামাজিক শ্রেণীবিত্যাস চাই। মুখ্যমন্ত্রী মহাশয় নিজেকে প্রোলিটারিয়েট বলে দাবী কবেন, হি ইজ নট প্রোলিটারিয়েট, প্রোলিটেরিয়েট তিনি নন, তাঁকে একজন পেটা বুর্জোয়া বলে আমি মনে করি। ককাস যেমন ধরে থাকে ভাইরেকটাররা তাঁকে ককাদের মত ধরে আছে। এ্যাটমিনিষ্ট্রেটিভ কোটারী গঠন কবেছেন এই-ভাবে আত্মকে রিলিফ আণ্ডার টেকিংয়ের নাম করে কিছু কিছু ইণ্ডাসট্রিকে হেলপ করেছেন সেথানে অমপ্রয়মেন্ট পোটেনসিয়ালিটি কোথায় আর হোয়াট ইছ দি কনসিডারেসন বিহাইও ইট। আমরা জানতে চাই। ওখানে ফরেষ্ট মিনিষ্টার রয়েছেন, অত্যন্ত পরিতাপের সংগে লক্ষ্য করেছি ইণ্ডাস্ত্রী বাডছে, ইণ্ডাপ্তী কোথায় বাডছে ?

ক্র নর্থবেন্ধলে স-মিল ইণ্ডান্ত্রী হচ্ছে। আমরা সংবাদপত্রে দেখেছি ৪০০টি স মিল ঐ হিল কাল রোডে ৪০০টি আন লাইসেনসডস স মিল গড়ে উঠেছে। সরকার হয়ত বলবেন নর্থ বেন্ধলে বনজ সম্পদ আছে। মেদিনীপুর, স্থন্দরবন, গিধনী, শালবনী, ঝাড়গ্রাম সেথানেও তো বনজ সম্পদ পাওয়া যায়। বিস্তীর্ণ স্থন্দরবন এলাকায় বনজ সম্পদ পাওয়া যায়, সেথানে তো ৪০০টি স-মিল গড়ে উঠল না ? যেহেতু নর্থ বেন্ধলেক্ষ মন্ত্রী আছেন, সেজল্প ওথানে হল। আজকে ডেনসিটি অফ ফরেট্র কি অবস্থায় আছে ? কোথা থেকে প্রতিদিন র মেটিরিয়েলস সাপ্লাই হচ্ছে, কি করে সেথানে আইলাইসেনসড মিল চলছে। সে সম্বন্ধ সরকার সম্পূর্ণ নীরব। আর একটি ইণ্ডাট্রি বাড়ছে

আমার জেলার মন্ত্রী মহাশয়কে দেখছি না। কানটিলিকার বাড়ছে। ৭৭ সাল পর্যান্ত ২৪ লক্ষ্ লিটার প্রোডাকসান হোত কিন্তু বিগত ৭ বছর ধরে আর ৪০ লক্ষ লিটার ওথানে প্রোডাকসান হচ্ছে না।

সরকার বলছেন কিছু না, এটা রেভিনিউ কালেকশনের একটি সোর্স মাত্র। অথচ আজ সারা পশ্চিমবাংলার ঘরে ঘরে ভাটিথানা তৈরী হয়ে গেল, সারা পশ্চিমবাংলা ভাটিথানায় ছেয়ে গেল। আমি জানিনা মার্কসিজিমের একটা ওপিয়াম পলিসি কি না। আজকে এই অবস্থা এখানে চলচে। আমন্ত্রা জানি এখানে কো-ম্পারেটিভ আছে, অনেক ইনষ্টিটউশনাল ফিনান্স, পাবলিক ক্রেডিট আছে। সেই পাবলিক ক্রেডিটের আজকে কি অবস্থা ? ল্যাণ্ড মর্টগেজ ব্যাক্ষের আজ কি অবস্থা জেলাগুলোতে ? সেনট্রাল কো-মপারেটিভ ব্যাঙ্কের কি অবস্থা। **আজকে এগ্রিকালচারাল ক্রেডিট** সোসাইটি গুলির কি অবস্থা? আজকে সরকার সেদিকে লক্ষ্য করছেন না। সরকার কি করছেন ? মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলে আছেন, ষ্ট্রাটিসটিকস তাঁর কাছে আছে। আজকে ৫০০০ মদের দোকানের লাইসেন্স দেওয়া হয়েছে। ওঁরা বলছেন : আমরা শোষণমুক্ত সমাজ ব্যবস্থা গড়ে তুলতে চাই। २८ शांतरमण देणांतरहे ७८एत नार्राम्य (ए ७३। रायरह । रेनेष्टिणियनान किनाम (थक তাঁরা টাকা নিয়েছে এবং সেই টাকা ৩৬ পারসেন্ট, কোথায়ও বা চক্রবন্ধি হারে ৭২ পারনেন্টে সেই টাকা দেখানে খাটানো হচ্ছে। এর সঙ্গে সেখানে কত ব্লাক মানিও খাটছে। হয়ার আর দি চেক্স এয়াও ব্যালেনস ? আজকে সরকার সেখানে কি ব্যবস্থা গ্রহণ করেছেন ? সে কথা আজকে এখানে বলা নেই। এখানে ভক্তিবার অনেক কথা বলেছেন। আমি নিশ্চয়ই তাঁকে শ্রদ্ধা করি ম্যান অফ সেম প্রফেশন বলে। তিনি আমার সিনিয়রও বটে। তিনি এখানে ওয়ার্ল ড ইকোনমির কথা বলেছেন। ওয়াল ড ইকোনোমির ডেটিরিওরেটিং সিচুয়েশন সম্পর্কে তিনি খুবই উদ্বিগ্ন। আই শ্রাল নট ডিসকাস দিস ম্যাটার কারণ এটা একটা ফিলানথপিক কথা। এখানে দাড়িয়ে ভারতবর্ষের অর্থনীতির কথা বলেছেন. ইণ্ডিয়ান বাজেট সম্পর্কে বলেছেন; ইনফ্রেশনের কথা বলেছেন; ইনফ্রেশনের ডিনি অনেক কারণ দেখিয়েছেন। কিন্তু একটি কথা বলেননি। বলতে পারেনও না, কারণ হি ইজ অলসো এ পার্টি টু দিস গভর্নমেন্ট। সরিক হিমাবে সে কথা তিনি বলতে পায়েন না। এই সরকারের বিগত ৭ বছরে নন-প্ল্যান এক্সপেন্ডিচার কত? সেই নন্-প্ল্যান এক্সপেন্ডিচারের যদি ভক্তিবার বলতেন তাহলে এই সরকারও যে মুদ্রাফীতিজ্ঞনিত সমস্থার ক্ষেত্রে অনেকটা দায়িত্ব আছে সেটা সরিক দল হিসাবে স্বীকার করতে হোত। ভাই ভিনি সেটা ট্যাকটফুলি এ্যাভয়েড করেছেন। তিনি এখানে প্রতিশন সম্বন্ধে বলেছেন, কংকারেন্স লিষ্ট এবং ষ্টেট লিষ্টের কথা বলেছেন। কিছু কিছু ক্ষেত্রে ষ্টেট লিষ্ট এবং কংকারেন্স লিষ্ট থাকবার ফলে হয়তো সরকারের ক্ষমতা সীমিত। কিন্তু কোন উপায় নেই, কারণ দিস ইজ কনষ্টিটিউশনাল প্রভিশন। আমরা জানি এটা ফেট্ এ্যাকমপ্লাই, কনষ্টিটিউশন সেইভাবেই করা এবং কনষ্টিটিউশন একটা

কেডারেল দিয়েছে। কথনও কথনও ইমারজেন্সীর কেত্রে, জাতির সংহতির কেত্রে বদিও এটা ফেডারেল ক্যারেকটার, তবে অনেক সময় ইউনিটারী ফর্মে আনতে গেলে এইভাবেই বিভাজন করতে হয়। এটা আলোচনার বাইরে বলেই মনে করি। এখানে সরকারের কোন এগ্রেরিয়ান পলিসি অর্থাৎ কৃষি-নীতি আমরা দেখতে পাছিল না। বাজেট বক্তৃতার প্রথমেই স্কুক্ল হয়েছে এবার ভালভাবে মনস্থন হয়েছে, তারফলে বাম্পার হারভেট্ট হয়েছে। অত্যক্ত ভাল কথা। কিছ্ক একটি সরকার যথন ভাচারাল ক্যালামিটিল ফেল করছে, থরার মোকাবিলা করছে, তথন কিছ্ক আমাদের সরকার কম ব্যাট করতে পারছে না। তাহলে এইক্তেক্ত্রে সরকারের কোন ক্রেডিট আছে বলে আমি তো মনে করিছি না। আমরা পুরোপুরিভাবে মনে করি এগ্রিকালচার ইল ওয়েট বেদল এন্টায়ারলি ডিপেণ্ডল অন দি গ্যাম্বলিং অফ দি মনস্থন। এটা বহু পুরাতন কথা। আজু দিকে দিকে ইণ্ডাস্ত্রীয়ালাইজেশন একলপ্যাণ্ড করছে, কমার্শিয়ালাইজেশন হচ্ছে, ক্রবিতে মর্ডানাইজেশন হচ্ছে। কিছ্ক এথানে ক্রমি মনস্থনের দিকে পা বাড়াছেছে। আজকে এথানে দাঁড়িয়ে বলতে হয় যেথানে ওয়েট বেদলে ৩৮ হাজার গ্রামে শতকরা ৭৫ জন মান্ত্র্য ভাইরেকটলি এবং ইনডাইরেকটলি ক্রম্বির উপার নির্ভরশীল, সেখানে আমাদের বলতে হছে দি এনটায়ার এগ্রিকালচারাল ইকোনামি অফ দি সেটট ভিপেণ্ডল আপন দি গ্যাম্বলিং অফ দি মনস্থন। আজকে ভগ্ন ক্রমির কথাই বলা হচ্ছে, কিছাবে কৃষির উৎপাদন হবে সেকথা বলা হছে।

## [4-05-4-15 P. M.]

১ কোটি ৩৮ লক্ষ একর জমি হচ্ছে কালটিভেব্ল ল্যাও। তার মধ্যে কতটা জমিতে এাসিয়োও ইরিগেসান পৌছাতে পেরেছেন তার শতকরা হিসাব এই বাজেট বইতে দেওয়া হয় নি। কৃষিতে যেটা প্রাইম ফ্যাক্টর সেই প্রাইম ফ্যাক্টর হচ্ছে কৃষক। কৃষকদের উভ্তমের ফলেই কৃষি অগ্রগতির দিকে এগিয়ে যায়। সেই ক্লফের শিক্ষা এবং বাসস্থানের সম্বন্ধে এখানে কিছু বলা হয় নি। এখানে বই-এর একটা জায়গায় লেখা আছে—"জনগনের জয়যাত্রা"। কোথায় জনগন. কোখায় তার জন্মবাত্রা! এই পশ্চিমবাংলার শতকরা ৩০ জন মাস্থ্য তফশীলিজাতি এবং অদিবাসী मुख्यामात्र जुक्त । नमीत्रा, पूर्णिमावाम, जुन्मत्रवन, २८-शृत्रशना, উख्तुवरश, कृतिहात, कुलशाहेखि, ওয়েষ্টদিনাজপুর দেখানে রাজবংশী, লাভা এবং হাজার হাজার মংসজীবী মাত্র্য অত্যন্ত পিছনে পড়ে আছে। তাদের খাছ নেই শিক্ষা নেই। এই সমস্ত মাতুষ মাননীয় মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রীকে রাইটার্স বিভিন্ন পৌছে দেবার স্থযোগ করে দিয়েছে। আজকে তাদের সম্বন্ধে কোন কথা ইকনমিক রিভিউতে বলা নেই। তাদের বাসস্থানের বলা নৈই, তাদের তাদের শিক্ষার কর্মসংস্থানের কথা বলা নেই গোটা কথা বাব্দেট বই-এর ভেতর। আমরা বলি It is not a budget it is a good accountancy full of mathematical deception, এই বান্ধেট বই-এর ভেতর

কোন উন্নতির কথা বলা আছে ? আজকে যদি এই সমাজের বান্ধ পপুলেশন – শতকরা ৩০ ভাগকে যদি পেছনে রেখে সরকার যদি মনে করে যে এটা জনগনের জয়যাতা; আমি এটা বিশ্বাস করি না। আমি মনেপ্রাণে এটাকে বিশ্বাস করি না। এটা জনগনের জয়বাত্রা নয়। এটা সি. পি. এম. ডোমিনেটেড লেফ্ট ফ্রন্ট গ্রভর্মেন্ট ডোমিনেটেড, অর্থমন্ত্রী এবং মুখ্যমন্ত্রী সহ কয়েকজন মন্ত্রীর রথষাত্রা বলে আমি মনে করি। ই্যা. জনযাত্রা নয়, রথষাত্রা। বক্তব্যের প্রথমেই আমি স্তরু করেছিলাম এমপ্রয়মেন্ট নিয়ে। এখানে দেন্টাল এাদিসটেন্ট স্কীম এন. আর. ই. পি. এবং এস. ই. বি. এইগুলি বিগত কয়েক বছর ধরে চালু করা হচ্ছে। এই ব্যাপারে আমরা তঃখের সঙ্গে লক্ষ্য করতি যে থাতের বদলে কাজ--মাটি কাটিয়ে মাতুষকে কিছু অর্থ দেওয়া হচ্ছে। মাননীয় অর্থমন্ত্রী তাঁর এই বাজেটের ভিতর তাকে একটা এমপ্রয়মেন্ট পোটেনসিয়াল হিসাবে টিট করেছেন। আমি মনে করি দিজ ইজ নট এমপ্রয়মেন্ট এটে মল। কোন এমপ্রয়মেন্ট পোটেনসিয়াল এর ভেতর নেই। যার কোন পারমানেনসি নেই যার কোন পোটেনসিয়্যালিটি নেই—এই it is nothing but a subsedy given to the poorers. আজকে যেখানে গরীব মামুযের গায়ের ক্ষমতাকে ভধ এ্যাসিলেট করার জন্ম এই কাজের বদলে খাল, এই সরকার তাকে বলছে এমপ্রয়মেন্ট পোটেনসিয়ালিটি। এটা মুম্পূর্ণ অম্ভা এবং অবান্তব। মাধারন মামুষ যারা, বেকার ঘারা তাদের এই ভাবে ভুল বোঝানো হচ্ছে। আমি অত্যন্ত আনন্দিত যে মাননীয় অর্থমন্ত্রী এবং তাঁর সরকার বুঝতে পেরেছেন—যে কথা সতা বাপুলি মহাশয় বলেছেন—যে ৫০ টাকা করে বেকার ভাতা এটা একটা নন-প্রোডাকটিত এক্সপেন্ডিচার। আজকে মেটা রিভাইজ করে সীড মানি হিসাবে বিশেষ কোন পরিকল্পনা, যে পরিকল্পনার উপর নির্ভর করে একটা বেকার যুবক অর্থনৈতিক ক্ষেত্রে নিজের পায়ে দাঁডাবার চেষ্টা করবে, আজকে সেথানে সীড মানি হিমাবে দেওয়া হচ্ছে, এটা অত্যন্ত আনন্দের কথা। বেকারভাতা দেওয়ার ব্যাপারে সরকার নিজের ভুল যে নিজেই বুঝতে পেরেছেন এর জন্ম আমি অত্যন্ত আনন্দিত। আমি যে কথা বলতে চাই সেটা হলো খাছের বদলে কাজ। এখানে খাছের বদলে কাজ কেমন হয়েছে ? আমরা জানি এবং আপনার। সকলেই জানেন যে এটা খাগের বদলে কাজ নয়, ভোটের বদলে কাজ। আজকে এই স্কীমগুলোকে এই ভাবে বাবহার করা হচ্ছে। আবার এখানে বলা হয়েছে ডেমক্রেসির কথা। ইকনমিক রিভিউ-এর ফাষ্ট চ্যাপ্টারে বলা হয়েছে ভেমোগ্রাফিক ফিচার্স-এর কথা। আজকে এই বাজেটের ভিতর, এই ইকনমিক রিভিউ-এর ভেতর পশ্চিমবাংলায় ১৯৮১ সালের আত্মস্থমারীতে কত লোক সংখ্যা সেই লোক সংখ্যার কথা বলা হয় নি। বাজেটের ভিতর বলা হয়েছে আমাদের গ্রোথ রেট কমেছে, বার্থ রেট কমেছে। ফ্যামিলি ওয়েল ফেয়ার ডিপার্টমেটের যে প্রোগ্রাম সেই প্রোগ্রামে অক্যাক্ত রাজ্যের তুলনায় এখানে সাকসেসফুল। আমরা ধরে নিলাম এটা সরকারের ক্রেডিট। কিন্তু যতক্ষণ না পর্যন্ত সরকারের এটাকে ক্রেডিট বলবে। যতক্ষণ না পর্যস্ত যেভাবে বার্থ রেট কমেছে, ফ্যামিলি ওয়েল ফেয়ার প্রোগ্রাম সাকসেমফুল হয়েছে এটাকে জনসংখ্যার কৃষ্টি পাথরে যাচাই করতে পার্নছি।

মাননীয় অর্থমন্ত্রী মহাশয় অত্যন্ত চাতৃরীর সঙ্গে টোট্যাল পপুলেশন অফ দিস স্টেট এড়িরে গেছেন। এই রাজ্যের বর্তমানে জনসংখ্যা কত তা তিনি বলতে পারেন নি। ডিনি বলতে পারেন নি কি তাবে এখানে জনসংখ্যা বেড়েছে। ১৯৭৭ সালে নর্থ বেল্লের ৫টি জেলায়— নদীয়া. মর্শিদাবাদ এবং ২৪ পরগণা, যেগুলোকে আমরা বর্ডার ডিট্লিক্ট বলে জানি-সেখানে গত ৭ বছরে ৪৪ লক্ষ মাত্রবের সংখ্যা বেড়েছে। সেখানকার মাত্রব প্রক্রতপক্ষে কোথাকার ? খদি আমরা ধরে নেই, আমাদের বার্থ রেট কম, যদি বলি আমাদের ফ্যামিলি ওয়েলফেরার প্রোগ্রাম শাকনেসফুল হয়েছে, তাহলে ১০ বছরের মধ্যে জনসংখ্যা কি এই ভাবে বাডতে পারে ? একখার জবাব উনি দিতে পারেন নি। কারণ ওথানে বহিরাগত মান্তব আছেন। বিশেষ করে বর্জার জেলাগুলিতে তাঁরা এনে বসতি স্থাপন করেছেন। তাঁদের মাথায় হাত দিয়ে রাজনৈতিক দলের লোকেরা বিশেষ করে পার্টি ইন পাওয়ার, তাঁরা ভোট ব্যাংক স্বষ্ট করে নিজেদের পক্ষে ভোট পাওয়ার জন্ম ভোটার নিস্ট তৈরী করেছেন। সেই সঙ্গে সমস্ত রকম স্থবোগ স্থবিধা তাঁও। গ্রহণ করেছেন। তাঁদের যদি পপুলেশন এ্যাকাউন্ট করতে হয়, তাহলে তে। এই হিসাব ধরতে হয়। তাই ডেমোগ্রাফিক ফিচার্সের কথা এবং টোট্যাল পপুলেশানের কথা ইকনমিক রিভিউতে নেই। তপশীল অধিবাসীদের সম্বন্ধে একটা কথা আমি বলতে চাই। এখানে একটা অংকের চাতুরীর আশ্রয় নেওয়া হয়েছে—একটা নাইদ ব্যালান্দ দীট আছে এর ভেতরে। একটা রাজ্যে যেখানে মামুঘের আর্থিক সামর্থ ক্রমশঃ নীচের দিকে চলেছে, যেখানে ইগুাষ্টি চলছে মন্তর গতিতে, যেখানে ক্রমবর্ধমান বেকারত্ব, যেথানে এর সঙ্গে সামঞ্জন্ম বিধান করে বাজেট রাখা উচিত চিল, তা আসলে হয় নি। আমি আমার তরফ থেকে এবং দলের তরফ থেকে এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ কর্ছি। আমাকে বেশী সময় বলার স্বযোগ দেওয়ার জন্য আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ জানাচ্চি।

শ্রীসরন্ধ দেবঃ মাননীয় স্পীকার স্থার, আমি আপনার মারফৎ মাননীয় মৃথ্যমন্ত্রীর কাছে জানাতে চাই যে, মাননীয় সদস্থ এখানে বলেছেন যে নিরীহ ব্যক্তিরা নিগৃহীত হচ্ছেন। উনি সব সংবাদই যথন রাথেন, তথন অত্যাচারী দোষী ব্যক্তিদের নামও নিশ্চয়ই ওঁর জানা আছে। তদন্তের স্থবিধার জন্ম ও সরকারকে এই ব্যাপারে সহায়তার জন্ম যেন দোষী ব্যক্তিদের নামগুলো জমা দেন। তাতে আমরা প্রকৃত দোষী বা হৃষ্কৃতকারীদের জানতে পারব। আমরাও চাই দোষী ও হৃষ্কৃতকারী ব্যক্তিরা ধরা পড়ুক বা গ্রেপ্তার হোক। ওখানে সমাজ্ব-বিরোধীদের অত্যাচার আজ নয়, বছদিন ধরেই চলে আসছে। ওখানে মাফিয়া রাজত্ব চলছে আজ নয়, বছদিন ধরে। তবে একথা বলতে পারি, নিরীহ মাহুষ কথনও নিগৃহীত হতে পারে না।

মিঃ স্পীকার: ওথানে যে ঘটনা ঘটেছে—হাউসের সেণ্টিমেণ্ট আমাদের জানা আছে—
ভাতে আমাদের সকলের কাছেই থারাপ লেগেছে। আমি গভর্ণমেণ্টের কাছে অনুরোধ করিছি,
দোষী লোকেদের বিরুদ্ধে যেন উপযুক্ত ব্যবস্থা গৃহীত হয়।

I have a statement to make. A report was published in the issue of the Ananda Bazar Patrika dated 11th March, 1984 Calcutta City edition in which the Governor of West Bengal was reported to have made some incorrect statements on the happenings in the West Bengal Legislative Assembly on the 8th and 9th instant. A letter was written to the Governor requesting for his comments on this statement, which was released to the press for publication. The Governor has since been pleased to make a categorical denial of having made any such statement over telephone this morning.

### LAYING OF REPORTS

Annual Accounts of the Calcutta State Transport Corporation for the years 1973-74, 1974-75 and 1975-76 and Audit Reports thereon.

Shri Rabin Mukherjee: Sir, I beg to lay Annual Accounts of the Calcutta State Transport Corporation for the years 1973-74, 1974-75 and 1975-76 and Audit Reports thereon,

## Nineteenth Annual Report of the Durgapur Chemicals Limited<sup>1</sup> for the year 1981-82

Shri Patit Paban Pathak: Sir, with your permission, I beg to lay the Nineteenth Annual Report of the Durgapur Chemicals Limited for the year 1981-82.

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়. মাননীয় অর্থমন্ত্রী মহোদয় এই হাউদে বিগত ৯ই মার্চ যে বাজেট এথানে প্রেদ করেছেন, তা পুরো শোনার সৌভাগ্য ও স্থযোগ আমার হয়েছে। এই বাজেট বক্তব্য আমার কাছে দীর্ঘ বলে মনে হয়েছে। ভাষার দিক দিয়ে বা সাহিত্যের দিক দিয়ে যদি এর মধ্যে মূল্যবাধ কিছু থাকে, তার বিচার মাননীয় হায়ার এডুকেশন মন্ত্রী মহোদয় করবেন। কিন্তু এর মধ্যে এটি জিনিব আমার কাছে অস্পত্তি থেকে গেছে। আমি অর্থমন্ত্রীমহোদয়কে সরাদরি জিজ্ঞাসা করতে চাই What is your priority in the budget it is not as certainable from this. No. 2., What is your direction and No. 3.

[1-20—1-30 P.M.]

নম্বর থ্রি আপনি নিজে স্বীকার করেছেন শেষ প্যারাতে এবং মাঝে আপনার বাজেট বক্তব্য যেটা পেশ করেছেন সেটা দিস ইজ ওনলি নোশনাল এটার পরিবর্তন হতে পারে আফটার টু ফ্যক্টারস। অষ্টম ফিক্তান্স কমিশনের উপর আপনারা নির্ভরশীল। আপনারা চেয়েছেন ১ হাজার কোটি টাকা উল্টো দিকে গ্ল্যানিং কমিশন লাই ইয়ারে আপনাদের সিকত্ব ফাইজ ইয়ার

প্রান ম্যাপ্রত করেননি। আশনাল ডেভালাপ্মেন্ট কাউন্সিলে আপনাদের প্র্যান সৃহীত হলে কিছু পরিবর্তন হবে। ইন ছাট সেন্স আপনি যে বাজেট বক্তব্য রেখেছেন ইট ইজ ওনলি নোশানাল এজ সাচ উই ফেল টু আণ্ডার ষ্টাণ্ড। আমাদের বিরোধী দলের নেতা যে বক্তব্য রেখেছেন it is not only bankrupt but dismat and unfortunately so, in the context of the national scene in India. What is the element of socialism, what is the element of qualitative thing that he proposed to bring about in the living condition of the multitude of the poor. কোন প্রস্তাবনা আপনার নেই। অন দি আদার হ্যাও আপনি যে অবাস্তব কর নীতি গ্রহন করেছেন তার ফলে আজকে যারা অপেক্ষাক্রত সচ্ছল আগামীদিনে তারা অম্বচ্ছল দিন মজুরে আপনি যে ইকোনমিক রিভিয়া দিয়েছেন আমরা তাতে দেখতে পাচ্ছি এখানে ওয়ার্কিং পপুলেশান কোন সময়ে ৪৮% এর বেশি বাড়তে পারেনি। ম্যাস্কুলিন পুপুলেশান উপরের দিকে, ফিমেল পপুলেশান কোনদিনই ৪% এর বেশি বাডতে পারেনি। অন্তদিকে because of price rise, for which the centre alone is not responsible. After রাজ্যের একট। কর্তব্য ছিল। কিন্তু সেই দায়িত্ব পালনে বাজ্য সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। অন দি আদার পিকচার বেসিক য়্যামেনিটিজ যা না হলে মান্ত্র বাঁচতে পাবেনা ফেটা আজকে কলিং য্যাটেনসানে আপনি য়াজ এ স্পীকাব গ্রহন করেছেন You have not been able to provide basic amenities ilke drinking water even in the urban area. क्लिक রেডিওতে গুনলাম আপনাদেব যুক্ত ফ্রন্টের অক্সতম নেতা নারায়ণ চৌবে, নাম করা ধাবে না, থঙ্গপুরে ডিননস্টেশান করেছেন ডিক্সিং ওয়াটারের জন্ম। তুর্গাপুর যেটা করাল এরিয়া সেখানেও ডিমনষ্ট্রেশান হয়েছে ডিংকিং ওয়াটারের জন্ম। পশ্চিম বাংলার ৩৮ হাজার গ্রামের মধ্যে ৫ হান্ধার গ্রামে ডিক্কিং ওয়াটার সোর্স নেই। পঞ্চায়েত মন্ত্রা এখানে নেই। প্যানেসিয়া অফ অল এভিলস পঞ্চায়েতের মাধ্যমে আপনারা নিরুপন করতে চেয়েছিলেন। আমরা দেখছি একজনের জন্ম ওয়াটার সোদ ৪০০, অন্ম জায়গায় কিছু নেই। অন্ম দিকে জিজ্ঞাদা করতে পারি কি আপনার এই বাজেটে is there any ray of hope, সামাত্ত ক্ষীনতম আলো আছে কি for the vast multitude of unemployed. বিরোধীপক্ষের নেতা সফলভাবে সেমব উল্লেখ করেছেন। আজকে পক্ষাস্তরে আপনাদের স্বীকৃতি আছে, জবাবদিহী আছে ১৯৭৭ সালে আপনাদের প্রতিশ্রুতি কি ছিল what was your election pledge বেকারভাতা প্রবর্তন করবেন। আজকে নিজেদের ত্রুটি বুঝতে পেরে বেকারভাত। প্রত্যক্ষভাবে তুলে দিয়ে পরোক্ষভাবে সাম্বনা দেবার জন্ম তাদের সিড মানিংদেবেন।

আমি দদি পড়ে থাকি তাহলে বলতে পারি এই কথাটা বলা আছে It is alclished now. Whatever you have spent it has been wasted and that is more than Rs. 60 crores. এখন উই লিভ ইন এয়ান ইকনমি অব সুটেজ, আমাদের সূব্ বিষয়ে

লিমিটেশান আছে, সেথানে ওয়েষ্টজ ইজ নট ওনলি এ কিমিন্তাল অফেন্স বাট ইট ইজ এয়ান অফেনস অব দি ওয়ারস্ট এয়ান ভাট

Even criminal offender is little little liberal than that what the Government have done and perpetuated wastage when our resources are meagre. Will your budget proposal bring about any qualitative change? On the other hand quantitavely.

আপনারা সামাজিক কোন পরিবর্তন করতে পারেননি। তাই সরাসরি প্রশ্ন অর্থ মন্ত্রী মহাশয়কে উইল ইওর বাজেট প্রোপোজাল ব্রিঙ এ্যাবাউট এনি কোয়ালিটেটিভ চেঞ্জ ? অন দি আদার হ্যাণ্ড কোয়ান্টিটেউলি আপনি যে ট্যাক্স প্রোপোজালগুলি করেছেন বিকজ অব ইর্ব্যাসনাল প্রোপোজাল আছকে ইট উইল এ্যাকেক্ট দি মালটিটিউড অব করাল এরিয়া। বিরোধী দলের মাননীয় নেতা একথা আবো ভাল করে আলোকপাত করেছেন, দীর্ঘভাবে বলেছেন। আমরা দেখেছি আপনার কব নীতি অতাস্ত নির্মম নির্ছুর। যাদের কথা আপনি প্রায়ই বলে থাকেন, গরীব মাহ্র্যদেব আপনাবা ভাল করবেন, আঘাত সেই সকল গরীব মাহ্র্যদেব দেবার চেষ্টা করেছেন। আজকে ক্যাপিটালিস্ট, আপার একিলন অব দি সোসাইটি যারা আছে তাদের তোয়াজের নীতি আপনার। নিয়েছেন কেন এটা বৃক্তে পারলাম না। আপনার জ্বাবে সেটা বলবেন। উল্টো দিকে আপনি দাবি করেছেন পার ক্যাপিটা ইনকাম এথানে বেশী। স্থাশাখাল এ্যভোরেজের আপনার। যে ফিগার দিয়েছেন ইট ডাজ নট সাপোর্ট ইট। আপনি যে ইকনমিক রিভিউ দিয়েছেন ইট ইজ নট ইভেন এয়াট the 1977 prive level. It is more than that in West Benal.

আজকে এই যুক্তি তো দাঁভায় না। সারা ভারতে যে গড় পার ক্যাপিটা ইনকাম, সারা ভারতে যে জি এন পি ইওেয় আজকে ওয়েষ্ট বেঙ্গল কম। আপনাকে কি সরাসরি জিজ্ঞাসা করতে পারি এখানকার চেয়ে ১০ পার্সেন্ট পপুলেশান বেশী মহারাষ্ট্রে, কিন্তু সেখানে ওদের ডোমেষ্টিক প্রোভাক্ট ইজ মোর লান সিক্স থাউল্লাণ্ড ক্রোরস ইভেন আফ্ টার টেকস্টাইল ফ্রাইক, আপনার এখানে সম্প্রতি ৬১ দিনের জুট ফ্রাইক ছাড়া মিল সেক্টরে বড় রকমের কোন আঘাত আসেনি, তা সত্মেও আপনারা ডোমেষ্টিক প্রোভাক্ট ৪ হাজার ৩ শো কোটি টাকার বেশী করতে পারেননি কেন ? তাহলে অগ্রগতি কোখায় ? অন দি আদার হ্যাণ্ড এগ্রিকালচারের অবস্থা যা বলেছেন যে সর্বকালের রেকর্ড ছাড়িয়ে যাবে তাহলে হোয়াই ছু ইউ গো to Delhi with a begging bowel for 3 lakh M. T. tons of wheat and 1 lakh M. T ton of rice. আজকে আপনি যে ইকনমিক রিভিউ আমাদের দিয়েছেন তাতে এই পিকচার ডেপিক্ট করে না বিক্জ উই আর সেলফ রিল্যয়েন্ট, উই আর প্রোগ্রেসিং সাফিসিয়েন্টলি টু ওয়ার্ডস এন ইকনমি অব সেলফ-রিলায়েন্স। গোটা ভারতবর্গ সেথানে প্রগ্রেস করছে সেখানে ওয়েষ্ট বেঙ্গল ইজ ফার ল্যাগিং

বিহাইও। উই আর ফার এ্যাওয়ে ফ্রম সেলফ-রিলায়েন্স। আপনি সমালোচনা করেছেন আপনার বাজেট বক্তব্যে আই এম এফ লোনের ব্যাপারে। কিন্তু আজকে ওয়েষ্ট বেঙ্গলের অর্থনীতি it is being carried in stretcher. It is a moribund economy. It is a sick conomy.

ভারতের ইকন্মি আছকে যদি সমালোচনা আপনারা করেন তাহলে আছকে একথা বলা দুরকার আই এম এফ লোনের দি থার্ড কোয়ার্টার ইজ নট নেসাসারি। ইকন্মি হ্যান্স বিকাম সো স্টংগার। আজকে পশ্চিমবংগের এই অবস্থা কেন ? আপনারা যে দল পরিচালনা করেন এবং যে দলের শরিকর। এই সরকার পরিচালন। করছেন তাঁর। সংযুক্ত হয়েছেন ১৯৭৭ সালে কেন্দ্রীয় সরকারের পরিবর্তনের জন্ম এবং সফলও হয়েছেন। তথন ব্যালেন্স অব এক্সটারন্মাল ট্রেড ৬৮ ক্রোরস ছিল। আপনারা ২॥/৩ বছর তাদের সহায়তা করেছেন। তারা যথন চলে যায় তথন এখানে ২ হাজার ৬৬ কোটি টাকা ডেট ডেফিসিট করেছিলেন, তার ধাকা এখনও সামলাতে পারেননি। আগে যেথানে সারপ্লাস ট্রেড ছিল সেথানে আপনারা যাঁদের সঙ্গে গাঁটছড়া বেঁধে ছিলেন তাঁর। ভারতের ইকনমিকে মরিবাও করেছিলেন। আফটার ১৯৮০ এও অন ওয়ার্ডন আজকে ব্যালেন্স অব পেমেণ্ট পজিষান এত বেশী যে উই ক্যান ওনলি ডিপেণ্ড আপন ৭ পাৰ্সেণ্ট ফর ফরেন এ্যাসিস্ট্যান্স এবং বাকি ৯৩ পাার্স্ তৈছে সেলফ জেনারেটেড ইকন্মি। আপনারা বরাবর বলেন বিভলা নাকি ক্রমশ বভ হয়ে যাচ্ছে, টাটা নাকি ক্রমশঃ বড় হয়ে যাচ্ছে। আজকে ইন্টারন্থাল ট্যাক্স রিসোর্সের যার শেয়ার ওয়েষ্ট বেঙ্গল থেকে ৬ শো হাজার কোটি টাকা তুলছে, আর এথানে মাত্র ১৫ শো কোটি টাকা দিয়েছে। আপনাদের এই বক্তব্য স্ববিরোধী বলে মনে করি। কেন্দ্র আধনাদের অধিকতর দায়িত্ব গ্রহণ করবেন, আর আপনারা যে পুস্তিকা প্রকাশ করেছেন দেণ্টার স্টেট রিলেশানের উপর সেথানে কেন্দ্রের ক্ষমতা ক্রমণঃ কমাতে চেয়েছেন, এই ছটো কনট্রাডিক্টরী।

## [ 1-30—1-40 P. M. ]

এই যে ত্টো কনটাডিকসন হচ্ছে, You claim from central resources. At the same time you proposed to curtail resources of Centre by you proposal in centre state relations. আপনি একটা পুস্তিকাও বের করে দিয়েছেন আমাদের কাছে। জীনগরে যে বক্তব্য আপনি রেথেছিলেন এথানেও আপনি কনক্রেভ করেছেন। সেই একই বক্তব্য এথানে। জানি না ষ্টেট গভর্গমেন্ট এইভাবে কোন পেপার সারকুলেট করে কিনা। একাধিক রাজ্য দাবী করছে, আপনি গ্যাং-আপ করার চেষ্টা করছেন কেন্দ্রকে তুর্বল করার জন্য। এবং সেইজন্ম আপনার জ্ববাব দেওয়া উচিত। সারকারিয়া কমিশন যা বলেছে আমি জানতে চাইছি

রাজ্য সরকারের এতে বক্তব্য কি ? We like to know which are the amendments to propose in the Contribution to bring about resource mobilisation. এই জিনিসটা আমি জানতে চাইছি—কারণ এ ব্যাপারে আপনার স্থন্সাই বক্তব্য আমরা এখানে পাইনি। আপনি গ্যাং-আপ করছেন—আবার আলাদা বক্তব্য রাখছেন, এই ছটো কনটাডিকসন এক সঙ্গে পাশাপাশি চলতে পারে না। কেন্দ্র অধিকতর দায়িত্ব পালন করবে অথচ রিগোর্স মবিলাইজেসন করতে পারবে না—স্টেটের ক্ষমতা বাড়াতে হবে। আপনার এই সব পরক্ষার বিরোধী উক্তি—এর জ্ববাব দেবেন বলে মনে করি। নেক্ট আপনি তো কমিউনিই বলেন। কমিউনিজম হুর্বোধ্য জিনিস—পৃথিবীতে কোথায় এসেছে কিনা জানি না এবং আমাদের এখানে কবে আসবে জানি না। কিন্দ্র সোন্সালিজমের কোন এলিমেন্ট আপনার এই বাজেটে কোথায় আছে ? That you proposed to help the weaker section. What are the elements of socialism in your 1977 para of your budget page, আমাকে বলুন কোন উপাদানটা এর মধ্যে আছে ?

Bu I claim that the initiation of Estate Acquisition, initiation of Land Refrom implementation of the Estate Acquisition and implementation of Land Refrom have all been initiated and implemented by the Congress and you have not done any degree so far.

আপনি এখানে বলবেন বিনয়বাবু এখানে একটা বিল এনেছিলেন এবং সেই বিলে রাষ্ট্রপতি এখনও সমতি দেননি আপনি হয়তো বলবেন But that cannot be panaces of all economic degree of West Bengal. You cannot rectify your industrial inequality, industrial sickness. আমাদের এখানে সভ্য বাপুলী মহাশয় কালকে দেখাবার চেষ্টা করেছিলেন 40% agriculture, Transport services and industrial production 60% এবং প্রসঙ্গন্ধে তিনি বলেছেন সারা ভারতবর্ষে যেখানে ৪০% ইণ্ডার্ট্রিয়াল প্রোডাকসন বেড়েছে সেখানে আমাদের এখানে ইণ্ডাষ্ট্রিয়াল প্রোডাকসন ৪০% কমে গেছে। এর ঐতিহাসিক কারণ আছে। এখানে প্রথমে যে ইণ্ডাষ্ট্রিয়াল প্রোডাকসন হয়েছিল, সেই সব ইণ্ডাষ্ট্রি আউটডেটেড হয়ে গেছে—সাফিসিয়েন্টলি রিসার্চ এও টেকনোলজিক্যাল ডেভেলপমেন্ট হয় নি। আজকে মডার্পাইজেসন সাফিসেয়েন্ট হয়নি। আপনার কোখায় সেই এনকারেজমেন্ট গ আপনি একাধিক বার বলেন যে যদি সোস্যালিজম আনতে হয় তাহলে public sector should take common link of the e onomy. মাননীয় অর্থমন্ত্রীকে সরাসরি জিজ্ঞাসা করতে চাই কোখায় আপনাদের কৃতিত্ব স্টেট আণ্ডারটেকিং যেখানে আছে সেগুলি সবই কংগ্রেস আমলে প্রতিষ্ঠিত হয়েছে।

You have not be able to multiply a single one by now কি আপনার অবস্থা? আমি কিগার পড়ে দিতে পারি। ইলেকটো-মেডিক্যাল এ্যালায়েড যেখানে প্রফিটে ছিল সেধানে

লস, It has sustained a loss Saxbee Farmer. স্থাক্সি ফারমার দেখানে ২০°২% লস আমরা যে লসে রেথে এসেছিলাম আপনারা তার অনেক বেশী লস করেছেন। কল্যাসী স্পীনিং মিল লস ইনক্রিজড বাই 10 crores during your regime of seven years. Durgapur Project Ltd. যেটা প্রফিটে আমরা রেথে এলাম সেথানে ৩৭ কোটি টাকা লস। 18 crores between 1980 81 and 81-82. Loss increased by 18 crores 84 lakhs and seven thousand. তুর্গাপুর কেমিক্যাল লস হচ্ছে ১৬.১৭ কোটি টাকা। এগুলি কি ইন্দিরা গান্ধী এসে করেছে ৪

কংগ্রেসীরা উৎপাত করেছে ? স্থল স্কেন ইণ্ডাম্বিজ কর্পোরেশন, ষেগানে প্রফিট ছিল ২১ লক ৮৪ হাজার টাকা, সেখানে It has now sustaine i a loss of Rs 33 lakhs 61 thousand. During your regime. তারপর দেখুন, In West Bengal Ceramic Development Corporation, loss increased by Rs. 93 lakhs 10 thousand. In West Bengal Sugar Development Corporation loss increased by 2 crores 36 lakhs 77 thousand and in State Fisheries Development Corporation loss increased by 1 crore 50 lakh 14 thousand. এইগুলো আপনাদের পরিচালন ব্যবস্থায় হয়েছে, কেন হয়েছে এটা ? এই জন্ম হয়েছে, because you have trained so long, since the birth of commnuism here, while it was not divided into CPI-CPM. আপনাদের একটা প্রিচিং ছিল ওয়ার্কিং ক্লাসের প্রতি, যে কাজ করতে হবে না। ডোনট ওয়ার্ক। তথু আন্দোলন কর, don't work, but claim for wages and you have instigated them not to work. শুধু আন্দোলন কর, আপনারা কোন ওয়ার্কিং এফার্ট, ওয়ার্কিং এনগুরাসিজ্ম দেননি। এখন আপনাদের যখন রাজ্য এসেছে, ঐ সব ওয়ার্কিং ক্লাস আপনাদের মাণায় চেপে বসেছে। তোমরা মন্ত্রী হয়েছো, তাই কাজ হবে না। আপনারা লীন করে দিয়েছেন ওরার্ক এফার্ট, ওরার্ক এনপুয়াসিজ্ম। সেই জন্ম বহু নিন্দিত কংগ্রেসের আমলে যে লস হয়েছিল, আপনাদের আমলে সেই লফ কাথাও ছ গুণ, কোথাও তিন গুণ, কোথাও চার গুণ দাড়িয়েছে। আপনাদে বার্থভাব জন্ম আজকে এগানে কোনও ইনফাস্টাকচার নেই। আমি জিজ্ঞাসা করতে চাই, এথানে বিহাৎ মন্ত্রী নেই, বিহাৎ মন্ত্রী এথানে উত্তর দিন যে কেন হুর্গাপুরে সিক্স ইউনিট আজ প্ৰান্ত কমিশণ্ড হলোনা ? N rmal cestation period of a power plant is minimum 36 month, ie 3 vears. আমরা যেখানে ইনফাস্ট্রাকচার করে এলাম কোলাঘাটে, আপনারা নাকি ফাইল পত্র ধূলো থেকে বার করে এনেছেন, ব্যাণ্ডেলের ফিপ্থ ইউনিট আপনারা এখনও কমিশন করতে পারেন নি। অন দি আদার হাও, আপনারা কোন ইনফ্রাস্ট্রাকচার ডেভলপ করতে পারেন নি। ইনডাষ্ট্রি ডেভলপ করতে গেলে, ইনফ্রাস্ট্রাকচার করতে গেলে, ফাস্ট কণ্ডিশন হচ্ছে কমিউনিকেশন। রোড বেড়েছে কোথাও? কমিউনিকেশন

বেড়েছে এখানে? সেকেণ্ড নেসেসিটি হচ্ছে পাওয়ার। ইনস্টলেশন আপনাদের বেড়েছে, কিন্তু পাওয়ার জেনারেশন কমেছে এবং আরও রহস্তের কথা, এখানে ইকনমিক রিভিউ যা দিয়েছেন, তাতে দেখতে পাচ্ছি জেনারেশন এবং ডিষ্ট্রিবিউশনের মধ্যে একটা বিরাট ফারাক। যদি জেনারেশন বাড়ে তাহলে ডিষ্ট্রিবিউশন কেন বাডে না, এটা আপনার কাছ থেকে জানতে চাই। ইলকট্রিসিটি বেড়েছে কি? ইলেকট্রিসিটি না বাড়লে no industry can come out.

থার্চ, ইনডাব্রিয়াল ইনডিসিপ্লিন ইনস্টিগেট করেছেন এখানে। There is no climate for industrial investment here. এয়াজ সাচ, এখানে কোন ইনডাষ্ট্রি বাড্ছে না। রেজান্ট, আনএমপ্রয়েড যেথানে ছিল ডিউরিং আওয়ার রেজিম ১.৫ মিলিয়ন, During your regime, Dr Mitra, you have suscessfully been able to multiply the number of educated unemployed to 3.7 million by 1983. যারা নাম লিখিয়েছে. তাদের অবস্থা এই দাঁডিয়েছে। এখন ইয়তো বলবেন, এই সমাজ বাবস্থায় এই রক্ম হয়। On the other hand, economic services is zero. সোখাল সালিমের দিকে যদি যাই তাহলে দেখানে একই অবস্থা দেখতে পাবো। বেশিক এ্যামিনিটিজ ছাড়া আজকে হাম্পাতাল চলে না, you have not been able to supply regular medicines to the hospitals আপনারা বলেছেন ভাক্তারদের মেন্টালিটি নেই গ্রামে যাওয়ার SSKM, the premier institution of Asia, you have reduced the teaching grants আছকে বলার কি আছে? আজকে এডকেশন নিয়ে আপনারা গর্ব বোধ করেন, আপনি কিছু এই দিয়েছেন, সাহাযা করেছেন. Rupee -How it comes and How it goes. আমরা দেখছি এড়কেশনে কিছু টাকা খরচ করেছেন। আজকে এড়কেশনে টাকা খরচ করলে কি হবে, কোয়ালিটি বেডেচে কি? Is the quality of education has changed? Have you been able to incorporate vocal and vocational education? ভোকেশ্যাল এড়কেশন আজ প্যান্ত প্ৰবৰ্ত্ত করতে পারেন নি। But to fight with poverty in any stage. আজকে ভায়েন্স এনাও টেকনলজি—কালকেও চল্রশেখর কক্তেতা করেছেন, Only science and technology can be able to remove poverty. এখানে সায়েন্সের কিছু অগ্রগতি হয়েছে কি ? জিরো। এথানে টেকনলজির কোন অগ্রগতি হমেছে কি । জিরো। নাথিং অব দি মট, এই কথা কি বলতে পারেন, ৪১৮ কোটি টাকার বাজেট দিয়েছেন, আজকে লিটারারীর পার্মেটেজ বেড়েছে কি ? Still we are lagging far behind than kerala.

[1-40 · 1-50 P·M.]

আপনারা কিছুদিন এখানে রাজত করেছিলেন। You have not been able to eradicate illiteracy to the extent of 60%.

এথানে লিটারেসির পারমেন্টেজ কত ? নিরক্ষরতা দূর করতে পারেন নি। ৩১% লিটারেসি। গ্রামের দিকের চেহার। ভয়াবহ। আমি যে জায়গা রিপ্রেজেন্ট করি দেখানকার ফিমেল এডুকেসনের পারদেও হচ্ছে ইট ইজ লেস দ্যান ৪%। আপনাদের কোন দায়িত্ব নেই ? আমি ইনফরম্যাল . এডুকেমনে আসছি। ইনফরম্যাল এডুকেমন আপনারা এ্যাট্রাক্ট করাতে পারেন নি। ইউ হ্যাভ বিন এবল টু ওয়েষ্ট দি রিলোগে স। During your regime for seven years, there has been a total wastage of resources, there has been a total wastage of time. রিসোর্স নষ্ট হতে পারে, সময় নষ্ট হতে পারে—গোটা দেশের মধ্যে আমরা একটি অঞ্ রাজ্যে বাস করি। We are to live in a Federal State. India is a Republic State. India is a Fedaration of Several States. We are lagging behind due to mis-management, we are lagging behind due to bad management and we are lagging behind due to motivated management. আপনাদের সময় ইউনিভার্সিটির উপর আঘাত পড়েছে। ক্যালকাটা ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর নিয়োগ করতে পারেন নি বলে আপনারা ক্যালকাট। ইউনিভার্সিটি এ্যামেগুমেণ্ট বিল নিয়ে এসেছেন। বিকল্প ইউ হ্যাভ দি এট মেজরিটি। আজকে আপনাদের শক্তি ক্ষয় হচ্ছে কোথায়, ষ্টেটের শক্তি ক্ষয় হচ্ছে কোন প্রোগ্রামে ? রাজ্যপালের বিরুদ্ধে কালো পতাকা দেখিয়ে। ইট ইজ আনফরচনেট ফর আস বাজেট বক্তৃতায় এই কথা রাথেন নি যে রাজ্যপালকে কালো পতাকা দেখানোর জন্ম ১ কোটি টাকা মঞ্জুর করা হল, এটা আমাদের সাত পুরুষের ভাগ্য। আজকে ওয়েষ্টেজ অব এনার্জি, নন-ডেভেলাপমেণ্টাল, নন-প্রোডাকটিভ এন্টারপ্রাইজ্বেস্স-এ হচ্ছে—এই অবস্থা হয়েছে। আপনি একবার বলবার চেষ্টা করেছেন স্কুল মাষ্টারদের মাইনে বাড়বে না।

Why have you linked it up with production? Why have you not linked it up with efficiency? You have not been able to improve the quality of bureaucracy, you have not been able to improve the quality of administration, you have not been able to improve the quality of the services rendered by the wage earners in the mills and factories especially in the Public Sector.

এর জবাব আপনাদের কাছ থেকে চাই, বামফ্রণ্টের নেতৃর্দ যারা আছেন তাদের কাছ থেকে এর জবাব আমরা চাই। আজকে সাধারণ মাফুষের কি অবস্থা হয়েছে? সাধারণ মাফুষ চরম দারিদ্রের মধ্যে চলে গেছে। আর অন্ত দিকে আপনারা পুলিশ থাতে গত বছর ১২১ কোটি টাকা চেয়েছিলেন, রিভাইজড বাজেটে ১২৪ কোটি টাকা করেছেন, আর এবারে সে জায়গায় দেখছি ১৩১ কোটি টাকা চেয়েছেন। রেজান্ট কি হচ্ছে? পুলিশের এফিসিয়েন্দি কোথায়

গেছে ? আমি সহাত্ত্তি জানাচ্ছি মাননীয় মুখ্যমন্ত্রী গাস্টলি মার্ডারের কথা বলেছেন। স্বাই উদ্বিয়। আজকে পুলিশের এফিসিয়েন্সি কোথায় নিয়ে গেছেন ? ডেপুটি কমিশনারের নিজের আত্মরক্ষা করার ক্ষমতা নেই। In this world, it seems that intelligence has totally gone from Calcutta and its metropolitan areas only.

আপনারা দলবাজী করতে গেছেন। ষ্টেট রিসোর্সে আপনাদের দল বেড়েছে, কিন্তু রাজ্যের সমৃদ্ধি বাড়েনি। সরকারী কর্মচারীদের এফিসিয়েন্সি বাড়েনি। আইন শৃঙ্খলার রক্ষক যারা, তাদের আজকে এমন জায়গায় নিয়ে গেছেন দলবাজী করতে গিয়ে, টু সার্ভ দি পার্টি ইন্টারেষ্ট, তারা নিজেদের আয়রক্ষা করবার ক্ষমতাই হারিয়ে ফেলেছে। পশ্চিমবাংলার এই অধংপতন অতীতে ছিল না। আপনারা এই অধংপতন নিয়ে এসেছেন। আপনারা এর কি জবাব দেবেন? দেখা যাচ্ছে পুলিশ খাতে ১৩১ কোটি টাকা এবারে চেয়েছেন। জেল এ্যাডমিনিষ্ট্রেসন, এ্যাডমিনিষ্ট্রেটিভ সার্ভিসে ১৩% অব দি রুপিস আপনারা থরচ করেন। কিন্তু এ্যাডমিনিষ্ট্রেসনের উৎকর্মতা বেড়েছে কোথায়? District Magistrate is here, District Magistrate is there আপনাদের বিরুদ্ধে অভিযোগ—আপনাদের কথা না শুনলে মার-ধোর দিচ্ছেন।

Mr. Deputy Speaker, as a Chanman of the Privilege Committee. আপনি বিগত দিনের একটি রিপোর্ট এখানে প্লেস করেছেন। তাতে দেখলাম পুলিশ অফিসারের বিক্তমে এম. এম. এম অভিযোগ—এটা হাউসের প্রপার্টি বলে আপনি বলেছেন, The Committee diserves that the case need not be pursued, as there is no element of complaint.

আজকে কোন পুলিশ ষ্টেশনের ওসি সন্তবতঃ নাত্মর থানার পুলিশ অফিসার যেহেতু রুলিং পার্টির সদক্ষকে সেলাম ঠোকেনি সেই জন্ম তার বিরুদ্ধে কমপ্রেন ঠুকে দিলেন। দি এন্টায়ার পুলিশ এ্যাডমিনিষ্ট্রেসন বদান্মতা করে গেলেন। তার ফলে হল কি ? এ্যাডমিনিষ্ট্রেসন নাই, ইনটেলিজেন্স নিল, ওয়ার্ক ইজ নিল, পাবলিক সিকিউরিটি নেই, মাহুষের নিরাপত্তা নেই। এখানকার কথা তো স্পীকার মহাশয় বলতে দেবেন না—কিন্ধ Article (19) of the Constitution gives as the authority.

আমার মনে হয় ঐ চেয়ারে বদে থেকে আমাদের ফিডম অব স্পিচ কার্টেল করার ক্ষমতা আপনাদের কারুর নেই। আমি শুধু এই কথাটাই জানিয়ে দিকে চাই, প্রানো কথায় যেতে চাই না। স্থার, আমরা দেখতে পাচচি ধিকিউরিটি নিল এভরিহোয়ার, বিকঞ্চ এতবড় একটা সংস্থা

তার রক্ষীবাহিনীকে ওরা নিজেদের দলীয় তাঁবেদারে পরিণত করতে চাইছেন। এথানে মাননীয় মন্ত্রী বিনয় চৌধুরী মহাশয় আছেন বলে বলতে উৎসাহিত বোধ করছি যে আমরা যে অভিযোগ করেছিলাম এবং শ্রীমতী ইন্দিরা গান্ধীও যে অভিযোগ করেছেন যে কংগ্রেস আমলে যারা পাট্রা পেয়েছিল তাদের কাছ থেকে পাট্টা কেড়ে নেওয়া হচ্ছে সেই সব ভুরি ভুরি অভিযোগের কোন প্রতিকার করেছেন কি ? আই হ্যাভ রিটিন টু ইউ পারসোঞালি কিন্তু তার কোন প্রতিকার করেছেন কি ? আপনারা ক্যান্সেল করে দিচ্ছেন তার কারণ, প্রশাসনের মধ্যে যেমন আপনার। একটা তাবেদার গোষ্ঠা চান সেই রকম ক্রয়ক ও শ্রমিক সমাজের মধ্যেও আপনারা একটা তাবেদার গোষ্ঠী চান। আজকে দল পুষ্ট হচ্ছে, দল ফলে ফেঁপে উঠছে কিন্ধু পশ্চিমবাংলার ঐ দরিত্র লোকের দল, আরো গরিব হচ্ছে। It is becoming poorer, it is becoming insolvant, unfortunate, তাবা আপনাদের ডিপেণ্ডেন্ট। ষ্টেট রেভিনিউ, তার ১৩ পার্সেন্ট সেলস ট্যাক্স থেকে আন্নে মেজর সোর্স অব রেভিনিউ, ৬ পারসেউ অন্ন ট্যাক্স থেকে আসে আর বাকি ৮০ পারসেন্টের জন্ম আপনাদের নির্ভর করতে হয় ফাইনানসিয়াল ইনষ্টিটিসানের উপর। আজকে অবস্থাটা কোথায় নিয়ে দাঁড করিয়েছেন ? আমরা স্বীকৃতি জানিয়েছিলাম যে পশ্চিমবঙ্গ সহ সারা ভারতবর্য চলবে প্ল্যাণ্ড ইকন্মিক ডেভালপমেন্টের দিকে। কিন্তু কি করেছেন আপনারা ? আপনারা বলছেন, পরিকল্পনা ২/৩ গুণ বেড়েছে। I like to draw your attention to 1967-68.

তথন এথানে কংগ্রেসী সরকার ছিল না। আমরা বারবার যে কথা বলি সেকথান আবার বলছি। প্রথম পরিকল্পনার আয়তন ছিল ৭২ ক্রোরস, দ্বিতীয় পরিকল্পনার আয়তন ছিল ১৫৪ ক্রোরস টাকার, তৃতীয় পরিকল্পনার আয়তন ছিল ৩০৫ ক্রোরস টাকার, তৃত্ব পরিকল্পনার সময় তার রচনার দায়িত্ব ছল আজকের ম্থামন্ত্রী দেদিনের অর্থমন্ত্রী জ্যোতিবাবুর উপর। এখন মন্ত্রী হলে তো আর কোন বাধা নেই, সব বিষয়েই পণ্ডিত হওয়া যায়, প্র্লিশ মন্ত্রীও হতে পারেন, অর্থমন্ত্রীও হতে পারেন, সব বিষয়েই পারদর্শিতা এসে যায়। সেদিন কিন্তু বাংলার পরিকল্পনা ৬১০ কোটি টাকার হয়নি, হয়েছিল ৩১৭ কোটি টাকার। পরবর্তীকালে ১৯৭২—৭৭ সালে যে সরকার ছিল, যে সরকার আপনাদের মতে বহু নিন্দিত সরকার, যে সরকারের বহু নিন্দা আপনারা করেন সেই সরকারকে চেষ্টা করতে হয়েছিল to multiply three times, four times, six times. য়েছ পরিকল্পনাকে আপনারা স্থাকৃতি জানিয়েছিলেন ৩ হাজার ৫০০ কোটি টাকার। তারমধ্যে ২ হাজার ৮৬০ কোটি টাকা আপনারা বাকেনে আর কেন্দ্র দেবে মোটাম্টি ৬০০ কোটি টাকা। চতুর্থ বছর পর্যান্ত আপনারা কি করেছেন গ Institutional finance, R. B. I. Lan, overdratt সব মিলিয়ে ১৯০০ কোটি টাকা। এবারে ৫৪০ কোটি টাকা যদি বায় করতে পারেন তাহলে আপনারা বায় করবেন ৫ কম ১৯০০ কোটি টাকা। তার মধ্যে আপনারা রিসোস্বানিলাইজেদান করেছেন কত গ সেটা less than 3 hundred crores.

কেন্দ্রীয় সরকার এবং বিভিন্ন ফিনানসিয়াল ইনষ্টিটিউসান, রিজার্ভ ব্যাঙ্ক অব ইণ্ডিয়া থেকে গুভারত্বদ্ধাল ইভ্যাদিতে ১৬০০ কোটি টাকা হচ্ছে। পঞ্চম বর্ষে আপনাদের ৭৪৮ কোটি টাকার অকটাও যদি মেনে নেওয়া যায় তাহলে বাংলার পরিকল্পনা ২৭ শো কোটি টাকার বেশী হয়না। How do you explain the shortfall of 800 crores ? আপনি বাংলাকে হত্যা করার জন্ম পেছন থেকে ছুরি মারছেন শাসন ক্ষমতায় থেকে। আপনারা সংবিধান অন্থ্যায়ী শপথ নিয়েছেন to uphold the Constitution as by law established আজকে বাংলাকে আপনারা ছুর্বল করে দিছেেন, ইক্নমিক্যালি আরো উইক করে দিছেেন। এখানে একটা অগ্নিগর্ভ অবস্থা, you are creating artificial volcano, erruption is possible at any time. যে কোন সময় বিফোরণ ঘটে যেতে পারে। তার কারণ, আপনাদের কোন উৎপাদনম্থী পরিকল্পনা নেই, এগ্রিকালচারের অবস্থা মুমুর্ম্, বিহ্যুত নেই, জলসেচের ব্যবস্থা নেই। আজকেই ক্ষুদ্র সেচমন্ত্রী একটি প্রশ্নের উত্তর দিতে গিয়ে বললেন, ২০০ টি ডিপ টিউবওয়েল করার পরিকল্পনা আছে, তার একটিও এখনও হয়নি। মার্চ মাদের আজ ২০ তারিখ, আজও একটিও হয়নি।

( এই সময় লালবাতি জলে ওঠে )

স্থার, এর মধ্যেই আমার সময় শেষ হয়ে গেল ?

[1-50-2-00 P.M.]

**জ্রীনব কুমার রায়ঃ** প্রার, আমার সময়টা ওনাকে দিয়ে দিন।

মিঃ ডেপুটি স্পীকারঃ মিঃ আবেদিন, আপনার সময় শেষ হয়ে গেছে। আপনি আর কতটা সময় চান। আপনার ৫ মিনিটে হবে ?

ডঃ জন্মনাল আবেদিন । No Sir, I am told that fifty minutes will be given to me but it has been reduced to thirty minutes only and the funny thing is that our Chief Whip is absent at the appropriate moment. However, I will sit down whenever you will ask. আমি আপনাকে তুটো কথা জিজ্ঞানা করছি। আজকে পরিকল্পনার যদি এই অবস্থা হয় তাহলে বাংলাব ভবিয়াত বলে কি কিছু থাকলো? প্রাইভেট সেক্টর এক্সপান্দ করছে না, এপ্রিকালচারান প্রোডাক্ষনান সিংকিং, ইণ্ডাম্বিজ প্রোগ্রেশ করছে না, এদিকে ফ্যামিলি প্রয়লফেয়ার প্লানিংয়েব ক্যুতন নাম হচ্ছে। মাননীয় ননীবাবু এক সময়ে স্বাস্থ্যমন্ত্রী ছিলেন। সেধানে আপনাদের স্থাটিসফ্যাক্টরী প্রোগ্রেশ

তার রক্ষীবাহিনীকে ওরা নিজেদের দলীয় তাঁবেদারে পরিণত করতে চাইছেন। এথানে মাননীয় মন্ত্রী বিনয় চৌধুরী মহাশয় আছেন বলে বলতে উৎসাহিত বোধ করছি যে আমরা যে অভিযোগ করেছিলাম এবং শ্রীমতী ইন্দিরা গান্ধীও যে অভিযোগ করেছেন যে কংগ্রেস আমলে যারা পাট্রা পেয়েছিল তাদের কাছ থেকে পাট্টা কেড়ে নেওয়া হচ্ছে সেই সব ভুরি ভুরি অভিযোগের কোন প্রতিকার করেছেন কি ? আই হ্যাভ রিটিন টু ইউ পারসোঞালি কিন্তু তার কোন প্রতিকার করেছেন কি ? আপনারা ক্যান্সেল করে দিচ্ছেন তার কারণ, প্রশাসনের মধ্যে যেমন আপনার। একটা তাবেদার গোষ্ঠা চান সেই রকম ক্রয়ক ও শ্রমিক সমাজের মধ্যেও আপনারা একটা তাবেদার গোষ্ঠী চান। আজকে দল পুষ্ট হচ্ছে, দল ফলে ফেঁপে উঠছে কিন্ধু পশ্চিমবাংলার ঐ দরিত্র লোকের দল, আরো গরিব হচ্ছে। It is becoming poorer, it is becoming insolvant, unfortunate, তাবা আপনাদের ডিপেণ্ডেন্ট। ষ্টেট রেভিনিউ, তার ১৩ পার্সেন্ট সেলস ট্যাক্স থেকে আন্নে মেজর সোর্স অব রেভিনিউ, ৬ পারসেউ অন্ন ট্যাক্স থেকে আসে আর বাকি ৮০ পারসেন্টের জন্ম আপনাদের নির্ভর করতে হয় ফাইনানসিয়াল ইনষ্টিটিসানের উপর। আজকে অবস্থাটা কোথায় নিয়ে দাঁড করিয়েছেন ? আমরা স্বীকৃতি জানিয়েছিলাম যে পশ্চিমবঙ্গ সহ সারা ভারতবর্য চলবে প্ল্যাণ্ড ইকন্মিক ডেভালপমেন্টের দিকে। কিন্তু কি করেছেন আপনারা ? আপনারা বলছেন, পরিকল্পনা ২/৩ গুণ বেড়েছে। I like to draw your attention to 1967-68.

তথন এথানে কংগ্রেসী সরকার ছিল না। আমরা বারবার যে কথা বলি সেকথান আবার বলছি। প্রথম পরিকল্পনার আয়তন ছিল ৭২ ক্রোরস, দ্বিতীয় পরিকল্পনার আয়তন ছিল ১৫৪ ক্রোরস টাকার, তৃতীয় পরিকল্পনার আয়তন ছিল ৩০৫ ক্রোরস টাকার, তৃত্ব পরিকল্পনার সময় তার রচনার দায়িত্ব ছল আজকের ম্থামন্ত্রী দেদিনের অর্থমন্ত্রী জ্যোতিবাবুর উপর। এখন মন্ত্রী হলে তো আর কোন বাধা নেই, সব বিষয়েই পণ্ডিত হওয়া যায়, প্র্লিশ মন্ত্রীও হতে পারেন, অর্থমন্ত্রীও হতে পারেন, সব বিষয়েই পারদর্শিতা এসে যায়। সেদিন কিন্তু বাংলার পরিকল্পনা ৬১০ কোটি টাকার হয়নি, হয়েছিল ৩১৭ কোটি টাকার। পরবর্তীকালে ১৯৭২—৭৭ সালে যে সরকার ছিল, যে সরকার আপনাদের মতে বহু নিন্দিত সরকার, যে সরকারের বহু নিন্দা আপনারা করেন সেই সরকারকে চেষ্টা করতে হয়েছিল to multiply three times, four times, six times. য়েছ পরিকল্পনাকে আপনারা স্থাকৃতি জানিয়েছিলেন ৩ হাজার ৫০০ কোটি টাকার। তারমধ্যে ২ হাজার ৮৬০ কোটি টাকা আপনারা বাকেনে আর কেন্দ্র দেবে মোটাম্টি ৬০০ কোটি টাকা। চতুর্থ বছর পর্যান্ত আপনারা কি করেছেন গ Institutional finance, R. B. I. Lan, overdratt সব মিলিয়ে ১৯০০ কোটি টাকা। এবারে ৫৪০ কোটি টাকা যদি বায় করতে পারেন তাহলে আপনারা বায় করবেন ৫ কম ১৯০০ কোটি টাকা। তার মধ্যে আপনারা রিসোস্বানিলাইজেদান করেছেন কত গ সেটা less than 3 hundred crores.

অতি মন্থর অগ্রগতি কলকাতা তথা গোটা পশ্চিমবঙ্গের আর্থিক তথা সামাজিক জীবনযাত্রার উপর কালো ছায়া ফেলেছে। আমরা একাধিক বার বিভিন্ন ভাবে বলেছি। কাশীবার যথন লীডার অব দি অপোজিশান ছিলেন, তথন তিনি ক্রিটিসাইজ করেছেন, কেন্দ্রীয় মন্ত্রী ক্রিটিসাইজ করেছেন। মেটো রেলওয়ে রাইট প্রজেক্ট হয়েছে কিনা, যে টাকা ইনভেট হচ্ছে কট বেনিফিট রেশিওতে—How dose it affect the economy present in West Bengal আপনাকে এই কথা বলছি যে আজকে হায়ার সেকেগুরী মিনিটার এর সাহিত্যিক মৃল্য বিচার করে আপনাকে প্রস্কৃত করতে পারেন। কিন্তু আমি ছংখিত, আপনার সমস্ত প্রস্তাব জনবিরোধী, আপনার সমস্ত বাজেট জন বিরোধী, আপনার বাজেট গরীব মাঞ্যের শোষণের একটা প্রধান হাতিয়ার, সে জন্ম আপনার এই বাজেটকে আমি প্রত্যাক্ষান করিছি। I do oppose the budget with all the energy at my command. এই কথা বলে বাজেট বিবৃতির বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করিছি। ধন্যবাদ।

**এদেবী বস্তঃ** অধ্যক্ষ মহাশয়, আবেদিন সাহেব, তাঁদের সময়ের সরকারের পোষ্ট-মটেম্ রিপোর্ট এথানে উত্থাপন করেছেন, তারজন্ম তাঁকে ধন্যবাদ।

**এরিষিকেশ মাইডিঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী ধে বাজেট উপস্থাপিত করেছেন তাকে আমি সমর্থন করতে উঠেছি। একটু আগে ডাঃ জয়নাল আরেদিন সাহেব বক্ততা করে গেলেন। এখনো তাঁর কতগুলি কথা আমার কানে প্রতিপ্রনিত হচ্চে। আম্বা জানি ডাঃ জয়নাল আবেদিন সাহেব একজন শিক্ষিত ব্যক্তি। উনি বললেন, উনি আশা করেছিলেন, আমরা প্লাও ইকনমি গড়ে তুলব। এ বিষয়ে আমি তাকে বলছি, একটা ক্যাপিটালিট ট্রাকচারের মধ্যে দাঁড়িয়ে আমরা কথনই তাঁর **স্বপ্লকে সার্থক ক**রতে পারি না। আমি তাঁকে জিজ্ঞাসা করছি, একটা ক্যাপিটালিষ্ট ট্রাকচারের ওপর দাঁড়িয়ে কি প্ল্যাও ইকনমি গড়ে তোলা যায় ? তাই আমি তাকে বলব যে, এথানে শুধু কথার ফুলঝুরি উড়িয়ে অসাল সত্যকে চেপে দেওয়া যায় না। কিভাবে আমরা সে রকম স্থন্দর বাব্দেট তৈরী করব তা উনি একটু আমাদের বলে দিন না। আমরা দেখছি এক দিকে ওঁদের শ্রন্ধেয়া নেত্রী ইন্দিরাজীর নেতৃত্বে গঠিত কেন্দ্রীয় সরকার ক্রমশঃ মোনোপলি বুর্জোয়া-দের সম্পদ বুদ্ধিতে সাহায্য করছে, সেথানে অপর দিকে আমরা কিভাবে রাজ্যে একটা স্থন্দর বাজেট তৈরী করব! আজকে মোনোপলি বুর্জোয়াদের কি রক্ম সম্পদ বৃদ্ধি পাচ্ছে? ১৯৭২ সাল থেকে ১৯৮১ সাল পর্যস্ত হিসাব হচ্ছে, পূর্বে টাটার সম্পদ যেথানে ছিল ৬৪১ কোটি ৯৩ লক্ষ টাকা, সেথানে পরবর্তীকালে হয়েছে ১৮৪০ কোটি ১৬ লক্ষ টাকা। বিড়লার যেথানে সম্পদ ছিল ৫৮৯ কোটি ৪২ লক্ষ টাকা সেথানে তা বেড়ে হয়েছে ১৬৯১ কোটি ৬৯ লক্ষ টাকা। এছাড়া কতগুলি বিগ বিজ্ঞানেস ম্যানের সম্পদ যোগ করলে দেখা যাবে যে, ১৯৭২ সালে যা ছিল ২৮৮৩

AP(81-1/84)-120

কোটি ৬৯ লক্ষ টাকা, তা ১৯৮১ দালে বেড়ে হয়েছে ৮৯৮৯ কোটি ৩২ লক্ষ টাকা। এই তো অবস্থা! ওঁরা বিগ মোনোপলিদের সম্পদ বুদ্ধি করবেন, আর আমরা স্থন্দর বাজেট তৈরী করব! ডাঃ জয়নাল আবেদিন সাহেব বক্তব্য রেখে চলে গোলেন, এখন আর তাঁকে দেখতে পাচিছ না। তবুও আমি তাঁর উদ্দেশ্যে বলছি যে, এরই পাশাপাশি আমরা আর একটি চিত্র দেখছি যে, গোটা ভারতবর্ষে ক্রমশঃ একটা বিরাট সংখ্যক মাত্ম্য দারিত্র সীমার নাচে নেমে যাচ্ছে ইন্দিরাজীর রাজ্বতে। এই অবস্থায় আমরা এখানে এসে খুব হুন্দর একটা বাজেট তৈরী করব! দারিজ সীমার নীচে যে মাহবের। নেমে যাচ্ছে, তাদের একটা হিসাব আমি এথানে উল্লেখ করছি। উভি্যায় ৬৬ ৪০% মাহ্য দারিক সীমার নীচে বাস করছে। মধ্যপ্রদেশে ৫৭.৭৩% মাহ্য দারিক সীমার নীচে বাস করছে। ত্রিপুরায় ৫৯-৭৩% মান্ত্র দারিত্র দীমার নীচে বাস করছে। বিহারে ৫৭-৪৩% মান্ত্র দারিক্র সীমার নীচে বাস করছে। পশ্চিমবঙ্গে ৫২'৫৪% মাছ্রম্ম দারিক্র সীমার নীচে বাস করছে। এই হিসেব থেকে দেখা যাচ্ছে যে, এক দিকে বিগ্ মোনোপলিদের সম্পদ বৃদ্ধি হচ্ছে, অপর দিকে বেশীরভাগ সাধারণ মান্তব দারিত্র সীমার নীচে নেমে যাচ্ছে। এই অবস্থার জন্ম দায়ী ইন্দিরাজীর দল, কারণ তাঁরা ভারতবর্ষের কেন্দ্রীয় ক্ষমতায় বদে আছেন। আর তাঁদের দলের লোকেরাই এখানে এসে আমাদের অনেক কথা বলছেন, আমাদের স্থন্দর বাজেট তৈরী করতে বলছেন। তা এই অবস্থার মধ্যে আমরা কি করে স্থন্দর বাজেট তৈরী করব ? তা করা যায় না এবং সে কথা ডঃ মিত্র আমাদের এথানে লিখে জানিয়ে দিয়েছেন।

### [2-00-2-10 P. M.]

ভরা টাকা পয়সা কিছু দেবে না অথচ বাজেট তৈরী করতে হবে। লিখে দিয়েছেন অনেক কথা, ১৯৭৬-৭৭ সাল থেকে শুরু করে ১৯৮২-৮০ সাল পর্যন্ত আয় কর, করপোরেশন কর এবং কেব্দ্রীয় অন্তঃ শুরু বাবদ ৬ হাজার ৯৫২ কোটি ৪০ লক্ষ টাকা। দংগ্রহ করেছে আর আমরা ফেরৎ পেয়েছি ১ হাজার ৫৮০ কোটি ৭২ লক্ষ টাকা। স্থতরাং টাকা দেবেন না, পয়সা দেবেন না অথচ বলবেন জনগনের জন্ম বাজেট তৈরী করুন। আপনারা দেশকে শোষণ করছেন। শুরু পশ্চিমবঙ্গ নয়, সমস্ত রাজ্যগুলিকে কেব্দ্রীয় সরকার শোষণ করছে। এবারে আসছি শিল্প উনয়নের কথায়। শিল্প উনয়ন কি করে হবে ? শিল্প উনয়ন করতে গেলে একচেটিয়া প্রজিপতিদের থর্ব করতে হবে। অথচ ওরা ওদের জন্ম দরজা খুলে দিয়েছেন। এর মধ্যে দাঁড়িয়ে রাজ্যগুলি শিল্প-উনয়ন করতে পারে কথনও ? শিল্প তৈরী করার জন্ম পারমিসান চাওয়া হয়েছে কিন্ধ কেব্দ্র লাইসেন্স দিছে না। আপনারা বলুন না ইন্দিরা গান্ধীকে যে লাইসেন্স দিন। আমরা এখানে বিভিন্ন কলকারখানা গড়ে তুলতে চাই। আমরা হলদিয়াতে পেট্রো কেমিক্যাল কমপ্রেক্স গড়ে তুলতে চাই। মাননীয় মৃখ্যমন্ত্রী মহাশয় বলেছেন এটা করলে লক্ষাধিক লোককে চাকরী দেওয়া যেত। কাজেই এখানে বক্ততা দেবার আগে সেখানে গিয়ে বলুন না দয়া করে

অমুমতি দিন যাতে দেশের আর্থিক উন্নতি হয়, বেকারস্ব যাতে ঘুচতে পারে, এ ন্যাপারে সাহায্য করুন না? তা করবেন না। ওরা তো জনগণকে সাহায্য করতে শেথেনি, মালিক-শ্রেণীকে সাহায্য করতে শিথেছে। আমাদের বাজেট ওরা বুকতে পারেনি। জনগণের স্বার্থে গঠিত এই বাজেট, তাদের দিকে লক্ষ্য রেথে এই বাজেট তৈরী করা হয়েছে। আমি সেইজন্য বলচি, ওবা আমাদের কথা বস্তুতঃ কিছুই বুকতে পারেনি। মুদ্রাফ্টাতির কথা বলেছেন। সুদ্রাফ্টাতি কি হাবে বেডে যাচ্ছে সেটা আপনারা একবার চিন্তা করুন। ১৯৬০ সালে ১ টাকার মুল্যকে যদি বেসিস ধরা হয় তাহলে ইন্দিরা কংগ্রেস সেই টাকার মূল্যকে কোথায় নামিয়ে নিয়ে এসেছে সেটা একবার ভাবুন, টাকার মূল্য ১২ প্রসায় নেমে গেছে। স্থতরাং এই সমস্ত কথার জবাব ওপের দেওর। দরকার এবং তারপর আমরা তার কাউন্টার জবাব ওদের দেবো। ওরা জনাব দিন কেন জনগণেব এই হাল করলেন ? অত্যাবশুকীয় জিনিষপত্তের দাম কেন বাড়িয়েছেন। কভোষ। জার্না করে অর্থাৎ সাকু লার দিয়ে জিনিষপত্তের দাম বাজিয়ে দিয়েছেন। দেশে আপনার। স্পাস্তি ঘটাছেন, মদ্রাফ্টীতি হচ্ছে। স্থতরাং কি করে আপনার। কম টাকায় বাছেট আশা করেন ? ইন্দিরা গান্ধার কাছ থেকে টাকা পয়সা আদায় করার কেন চেষ্টা করছেন নাণু আমবা জনগণের স্বার্থে যেসব আইন পাশ করছি, প্রেসিডেণ্ট সেগুলিকে এদেণ্ট দিছেন না। কারণ আপনারা পিছনের দরজা দিয়ে গোপনে চোরের মতন তদ্বির করছেন যাতে সাইন ওলি পাশ ন। হয়। স্থতরাং এই জিনিয় আপনারা করছেন। জনগণের জন্ম আমাদের তো কাল কবতেই হবে। এই মূদ্রাফীতি এবং দ্রব্যযুলা বৃদ্ধি ঠেকাবার জন্ম কিছু ভরতুকি আমাদের ভো দিতেই হবে। আমরা দেবো ভরতুকি। এই ভরতুকি দিয়ে কিছু জিনিষপত্র আমরা রেশনের মাধ্যমে মাত্রযকে দিচ্ছি।

তারজন্তে কিছু থরচ হচ্ছে এবং সেই থরচ হচ্ছে জনগণের জন্ম। স্থতরাং জনগণের ভালবাদা ওরা বুকবেন না। জনগণের থারা শক্রু তারা এই জিনিস বুকবেন না। আমরা উন্টোটা বলচি। আমরা তর্ত্বী দিছি, তা ইন্দিরার্জা কিছু তর্ত্বুকী দিন না। উনি কি প্রস্থাব করেছেন ? এক হাজার কোটি টাকার ফাণ্ড করার কথা বলেছেন, আমার মনে হয় এক হাজার কোটি টাকার ফাণ্ড করে কিছুই হবে না, যে রকম ভাবে মূল্যবুদ্ধি হচ্ছে তাকে ছ হাজার কোটি টাকার ফাণ্ড করা দরকার। তর্ত্বুকী দিরে মামুখকে স্বস্থভাবে র্যাশনের মাধ্যমে জিনিয়পত্র যদি দিতে চান, তাহলে একটা ফাণ্ড করার দরকার। রাজ্য সরকারের কতটুকু ক্ষমতা, তরু সেই সামান্য ক্ষমতার ঘারাই আমরা যতটুকু পারছি করছি। মূল্যস্তর ঠিক করেন কে ? রাজ্য সরকার কি করেন ? তাকেই ঠিক করতে হবে, গোটা দেশের সমস্ত জিনিষের মূল্যস্তর তাঁকেই ঠিক করতে হবে, গোটা দেশের সমস্ত জিনিষের মূল্যস্তর তাঁকেই ঠিক করতে হবে, তা না করে তিনি মূল্যবৃদ্ধির স্থযোগ করে দিছেন। আমরা সামাল দিতে ক্রেটা করছি, স্থতরাং কি ঠিক করেবেন, একটা রাজ্য সরকারের কাছ থেকে আর কি আশা করা যাবে ? আপনারা তো এই সরকারের কথা বলছেন। আমাদের সামান্য সম্পদ, আমাদের সামান্য সামর্থ্য। আমাদের ক্রেণ্ডার তাঁমের অধিকাংশ মামুস্থই কৃষির উপরে নির্ত্রশীল। আমরা কি করে ক্র্যক জনগণের নিরাপত্রার

ব্যবস্থা করব, শিল্পোন্নয়ন বা বেকার সমস্থার সমাধান করার চেষ্টা করব, প্রতি পদে তো আপনারা বাধা দিচ্ছেন। এই পশ্চিমবঙ্গ সরকার সেই বাধার মধ্যেও কিছু করেছেন। আপনারা ভাল করে বোঝবার চেষ্টা করেছেন কি ? ৩০ বছরের কংগ্রেস আমলে আপনারা যা করতে পারেননি, বামফ্রন্ট সরকার এই সময়ের মধ্যে তাই করেছেন। একট বোঝবার চেষ্টা করুন আমরা কি কি করেছি। আমরা বর্গা রেকর্ড করেছি, যে ভাগচাযীদের আপনারা উচ্ছেদ করতেন। আমাদের রাজ্বত্বে ইংরেজী ১৯৮৩ সালের জুন মাসের মধ্যে ১২ লক্ষ ৮৪ হাজার— ইতিমধ্যে আরও বেশী হয়েছে, ১৩ লক্ষ একর ধরে নিতে পারেন আমরা করেছি। ওঁদের আমলে সেটেলমেন্ট এর খাতায় ভাগচাধীদের নাম থাকত না। আমরা সেইসব লোককে নিরাপত্তা দানের ব্যবস্থা করেছি। ভেষ্টেড জমি ডিসট্রিবউসন করেছি ৭ লক্ষ ৫১ হাজার একর জমি ১৪ লক্ষ ৫৬ হাজার মাত্রুষকে ডিঞ্জিবিউসন করেছি—ইংরাজী ১৯৬৯ সালের আগে ভেষ্টেড জমি ডিষ্ট্রিবিউসনের কথাই ছিল না। আপনারা গরীব মাত্রুষকে দেওয়ার কথাই ভাবেন নি। আমরা ভিতরে—বাইরে সংগ্রাম করছি, জনগণকে দিচ্ছি। শুধু তাই নয়, আমরা ভাগচাষী-দের ঋণ দেওয়ার ব্যবস্থা করেছি। গভর্ণমেন্টের তরফ থেকে সাবসিডি দেওয়ার ব্যবস্থার কথাও **হচ্ছে** যাতে করে ঐ মাত্রযগুলো চাষ করতে পারে। এইগুলি আপনারা বোঝবার চেষ্টা করুন। কিন্তু আপনারা বাজেটের এইসব কথাগুলো বুন্ধতে পারবেন না, আপনারা উচ্ছেদের বাজেট বোন্ধেন।

আপনাদের আমলে বার বার উল্লেখ করতে হতো যে দল বেঁধে পুলিশ দিয়ে জোতদারদের সাহায্য করছেন, এই তথ্য উপস্থিত হতে। আজকে বিধানসভায় অহা তথ্য উপস্থিত হচ্ছে। ভেষ্টেড জমি গরীব মাহ্যবেক দিয়ে তার জীবনকে গড়ে তোলার চেষ্টা করা হচ্ছে। কাজেই এই বাজেটকে অহাভাবে দেখতে হবে, বুকতে হবে। একটু আগে জয়নাল সাহেব, মাননীয় সদভ্যের কথা শুনলাম, উনি নেই, থাকলে ভাল হতো। উনি কি জানেন ১৯৭৭ সাল থেকে ১৯৮৩ সাল পর্যাস্থ যে হিসাব আছে তাতে আমরা ৪ লক্ষ ৩৪ হাজার হেক্টর জমিকে কৃত্র সেচের আওতায় নিয়ে এসেছি।

### [ 2-10-2-20 P. M. ]

আগামী বছরের মধ্যে আমরা প্রায় ৫০ পারসেন্ট জমি ক্ষুদ্র-সেচের আওতায় আনতে পারবাে। কিন্তু ১৯৭৭ সালের আগে যথন ওঁদের হাতে ক্ষমতা ছিল তথন ক্ষুদ্র সেচের ব্যবস্থা করতে পেরেছিলেন লেস্ ভান্ ২০ পারসেন্ট। আজকে এর জবাব কি কংগ্রেস পক্ষ দিতে পারবেন ? এই প্রতিবন্ধকতার সামনে দাঁড়িয়ে, কেন্দ্রীয় সরকারের বিরোধীতার মৃথে দাঁড়িয়ে বামক্রন্ট সরকার প্রায় ৫০ পারসেন্ট করতে চলেছেন এবং এত জমি ক্ষুদ্র সেচের আওতায় এনেছেন —এক্ষন্ত আমরা গর্বিত। কৃষি উৎপাদন কি রক্ষ বেড়েছে ? খ্ব একটা হিসেব দিছিনা।

একটি হিসেব দেখুন—১৯৮১/৮২ সালে এই রাজ্যের ক্ষমিছাত ফদলের মূল্য ১,৪৯২ কোটি টাকায় দাঁড়াল। তারপর আবাব বেড়ে গেল। ১৯৮৬/৮৪ সালে কৃষিছাত পণ্যের মূল্য ১,৭৬৯ কোটি টাকায় এদে পৌছল। কোন দিন এটা কল্পনা করতে পেরেছেন আপনারা? পারেনিন। শুনে বেসামাল হয়ে পড়ছেন তো! বামফ্রন্ট সরকার আজ কৃষক, গরীব ক্ষেত-মজুর, শ্রমিক, মধ্যবিত্ত, মেহনতী মান্ত্যদের জন্ম সংগ্রাম করছে, তেমনি তাদের স্বার্থ রক্ষার জন্ম আজ এই বাজ্যেও রচনা করেছে। এরজন্ম আমাদের সরকারকে সাধ্বাদ দিন। থরার বছর আমরা আশক্ষা করেছিলাম হয়তো ২০০ কোটি টাকারও বেশী ফ্রন্সলের ক্ষতি হবে। কিন্তু বামক্রন্ট সরকারে চার দিক থেকে নানাভাবে ক্রন্কদের সাহায্য করেছে যাতে বিপন্ন এলাকার চাষীরা কোন না কোনভাবে চাষ্বাদ ক্ষেব বাঁচতে পাবেন। আর আমাদের বামক্রন্ট সরকারের এই উল্যোগের ফলে সে বছর উৎপাদন কমেছে মাত্র ৯২ কোটি টাকার

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা আজকে শ্রম-দিবস স্বষ্ট করছি, মাতুষকে কাজকর্ম দিচ্চি। ও পক্ষের মাননীয় সদস্তরা এটা বুঝবার চেষ্টা করুন। এটা বামফ্রণ্ট সরকারই করেছেন। ১৯৮১-৮২ সালে পঞ্চায়েতের মধ্যে দিয়ে আমরা ১,১৫,৩৮,০০০ শ্রম-দিবস সৃষ্টি করেছি। ১৯৮২-৮৩ সালে, যেটা থরার বছর, সে বছর শ্রম-দিবসের সংখ্যা দাঁড়িয়েছে ৩,৬০,২২,০০০। আর ১৯৮৩-৮৪ সালে শ্রম-দিবসের সংখ্যা দাঁডিয়েছে ১,৭৪,১৫,০০০। অর্থাৎ ১৯৭৭ সাল থেকে ১৯৮৪ সালের এই পর্যন্ত মোট ২৫ কোটি শ্রম-দিবস স্পষ্টি করেছেন এই সরকার। বামফ্রন্ট সরকার জনগণের সরকার, তাই আমরা গর্ব অন্নত্তব করি। জনগণের স্বার্থেই এই সমস্ত শ্রম-দিবস স্বাষ্ট করা হচ্চে। এক্ষেত্রে কি করেছেন ওঁরা? আজকে ওঁরা এখানে অনেক কথাই বলছেন। কিন্তু গড় আয় যেখানে পশ্চিমবাংলায় ১০ পার্নেন্ট বেডে গেছে- - দেখানে দারা ভারতবর্ষে গড় আয় লেদ্ ছান ৫ পারদেউ। আজকে ওঁরাই আবার আমাদের বিষয় দিয়ে তুলনা করছেন। ফ্যাক্ট্র আও ফিগার্স দিয়ে বক্ততা দিন! ওঁরা নানা কায়দায় বলছেন। জয়নাল আবেদিন মহাশয়ও ওয়েষ্ট্রেজ অফ রিসোসে দের কথা বলতে গিয়ে বলেছেন যে আমরা নাকি ননগ্ল্যানে টাকা খরচ করছি। সেটা কি ? আঙ্গকে আমবা শিক্ষক অশিক্ষক কর্মচারীদের মাইনে বুদ্ধি করেছি এবং এটা করে আমরা নাকি শিক্ষা-থাতে অপবায় করছি! আমরা গরীব ক্লযকদের বার্ধক্য-ভাতা, কৃষি পেনশন দিয়েছি এবং এই ভাবেই নাকি আমরা ননপ্ল্যানে খরচ করছি! আর এটা করা নাকি আমাদের অভায় ২:চ্ছ! আচ্ছা, বলুন তো আমরা কি করবো? কাদের জভ্ত আমরা এখানে এসেছি ? আজকে জনগণের জন্ম, শিক্ষক, শ্রমিক-কর্মচারীদের জন্ম আমরা কিছু করতে পারবোনা ? নন-প্রানের দোহাই দিয়ে, ওয়েটেজ বলে সবটা উড়িয়ে দেবেন ? আজকে তাঁদের জন্ম কিছু করতে পেরেছি বলে আমরা গর্বিত। তাঁদের জন্ম আরও অনেক কিছু করতে হবে আমাদের। আপনারা নন-প্ল্যান একসপেনডিচারের কথা বলছেন। আমরা প্রাথমিক শিক্ষকদের জন্ম যেমন খরচ করেছি, সেই সঙ্গে ১৯৭৭ থেকে '৮৩ সাল পর্যস্ত ৪,০০০ নতুন প্রাথমিক স্থূলও

ব রছে এই বামফ্রন্ট সরকারের সামলে। নতুন মাধ্যমিক স্থল করতে পেরেছেন ২,০০০। আজকে শিশুদো শিক্ষার আওতায় সানা গেছে এইভাবেই। সাজ ৭৫ লক্ষ ছাত্র-ছাত্রীকে বিনা মূল্যে পাঠ্যপুস্তক সঞ্বরাহ করা হচ্ছে। কংগ্রেস সামলেতো এটা স্থামরা দেখিনি!

অদশীলি আদিবাসী সম্প্রদায়ের জন্ম ওদের নাকি বুক ফেটে কালা আদে, চোথ ফেটে কান্না আদে। এদের জন্ম আমরা কি করেছি ? সমস্ত ছেলেকে বিনা পন্নসার পভাবার ব্যবস্থা করা হয়েছে। এই সব আমরা করেছি। টোটাল শিক্ষা থাতে ওদের আমলের চেয়ে আমাদের আমলে বেশ ব্যয় করা হয়ে থাকে। ওদের আমলে শিক্ষা থাতে ব্যয় করেছেন ১১২ কোটি াকা। আর আমরা ১৯৮২-৮০ সালে ৩৮৫ কোটি টাকা ব্যয় করেছি। ১৯৮৩-৮৪ সালে ব্যয় কবেভি ৪১৮ কোটি টাকা। এইগুলি নন-প্লানের দোহাই দিয়ে উড়িয়ে দেবেন না। এটা অপ্রয়োজনীয় বলবেন না। আসরা শিক্ষক কর্মচারী এবং মধ্যবিভাদের জন্ম চিন্ত। কর্ছি। তার জন্ম আমরা লক্ষ করছি, ওদের গায়ের জালা ধরেছে। এইসব করে ওঁরা পশ্চিমবাংলার অগ্রগতিকে ব্যহত করবার চেষ্টা করছেন গোটা দেশের দঙ্গে তুলনা করলে দেখা যাবে আমাদের পশ্চিমবাংলায় ট্যাক্সেশান সব থেকে কম। সব থেকে কম ট্যাক্স এই পশ্চিম-বাংলায়। এথানকার কট্ট অফ লিভিং সব থেকে কম। আমর। সেই জন্ম গর্বিত। ওনারা কথায় কথায় বলেন স্তন্দর্বন ডেভলপমেন্টের কথা। কি বললেন, না বললেন সেটা বোঝাই গেল না, আমি এর কি জবাব দেব ? স্থন্দরবন ডেভলপমেণ্ট বোর্ডের আমরা যথন প্রথম রাজ-নৈতিক ক্ষমতায় গেলাম তখন গিয়ে দেখলাম যে ক্লমক এবং জনগণের জন্য কোন কিছু করা হয় নি স্থানরবন ডেভলপ্রেণ্ট বোর্ডের তরফ থেকে। স্থানরবন ডেভলপ্রেণ্ট বোর্ডে কয়েক জন মাত্র সদস্য আছেন দেখলাম। দেখলাম যে মৃষ্টিমেয় কিছু ইন্দিরা কংগ্রেসের সদস্য স্তব্দর্বন ডেভলপমেণ্ট বোর্ডের থেকে হাজার হাজার টাকা নিয়েছেন স্থন্দরবন উন্নয়নের নাম করে। আজ পর্যস্ত তারা সেই টাকা ফেরত দিচ্ছে না। তাকে যদি টাকা মারা না বলা হয় তাহলে কি বলা হবে আমি জানিনা। তাদেরকে ওরা রিপ্রেজেণ্ট করে, তারা এই সব টাকা দিচ্ছে না। আমরা এনে বলি, না, এই সব চলবে না। স্থন্দরবন ডেভলপমেন্ট বোর্ডের যা কিছু অর্থ তা ক্রযকদের মধ্যে দিতে হবে। তাদের বিনা প্রসায় সার দিতে হবে, বিনা প্রসায় বীজ দিতে হবে এবং অক্যান্ত সমস্ত কিছু বিনা পয়সায় দিতে হবে। চাষীদের কি ভাবে স্ক্রমোগ করে দেওয়া যায় তার ব্যবস্থা করে দিতে হবে। তথন ওঁরা ভাবেন নি বা চিন্তা করেন নি যে স্থন্দরবন ডেভলপমেন্ট বোর্ডের জন্ম ওয়াল্ড ব্যাংক থেকে টাকা পাওয়া যেতে পারে। কোটি কোটি টাকা আনা হয়েছে, ওঁরা এই সব হিসাব জানেন না। স্কন্ধরবনের তরফ থেকে আমরা যে ওয়াল্ড ব্যাংক থেকে টাকা পেতে পারি এই কথা ও দের চিন্তার মধ্যেই ছিল না। একটা ব্যাংক করে রেথেছিলেন কিছু টাকা দিয়ে, ওদের কর্মীদের কিছু টাকা দেবার জন্ম। আমাদের রাজত্বে এই দব হয় না, আমরা এই সব করতে দেব না। ইতিমধ্যে কোটি কোটি টাকা থরচ করা হয়েছে স্থন্দরবন ডেভলপমেন্টের

জন্ম। সেচের ব্যবস্থা করা হচ্ছে, জল সংরক্ষণের ব্যবস্থা করা হচ্ছে, বাঁধ তৈরী করা হচ্ছে, অসংখ্য স্লুইজ গেট তৈরী করা হচ্ছে এবং পরে আরো করা হবে। এইগুলি স্থন্দরবন ডেভলপমেন্ট বোর্ডের তরফ থেকে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এবারের বাজেটে আরো থরচ করা হবে। স্ব শেষে আমি এই কথা বলতে চাই এখান থেকে যা কিছু করা হচ্ছে, আমাদের বক্তব্যের মধ্যে দিয়ে আমরা নিশ্চই বুঝতে পেরেছি আমাদের এই বামফ্রণ্ট সরকার জমিদার জোরদার এবং মালিক শ্রেণী যার। আছেন তাদের বিরুদ্ধে এই বাজেট রচনা করেছেন। আমরা যথন কুষককে জমিব মালিক করি, তাকে যখন ভেদটেড জমি দিই, তাদের যখন বর্গাদার রেকর্ড করানো হয় তখন আমরা দেখেছি গ্রামাঞ্চলেব জমিদাব জোরদার চিৎকার করছে। কারণ এতো দিন তারা জমিটা মেরে খাচ্ছিল, আমরা সেটা টেনে বের করে ভেসটেড জমি হিসাবে রেকর্ড করেছি। এতো দিন জমিদাররা ভাগচাধীদের স্বীকৃতি দিচ্ছিল না। এই সব করলে তাতে ওঁরা কেন চিৎকার করেছেন ? যদি তীবটা ছুঁড়ি জমিদার, জোরদার এবং মালিক শ্রেণীর দিকে তাহলে গায়ের জালা তো তাদের হবে। এই বিধানসভার মধ্যে ওনাদের এতো গায়ের জালা হচ্ছে কেন? এটা ভালো করে জানা দরকার। জমিদার, জোরদার এবং মালিক শ্রেণীর স্বার্থে কেন্দ্রীয় সরকার বাজেট রচনা করেন। কারণ ওঁরা তাদের রিপ্রেজেন্ট করেন। সেই দৃষ্টিকোন থেকে আমাদের এই বাজেটকে ওঁনারা বিশ্লেষণ করতে পারবেন না। আমাদের বাজেটকে বিশ্লেষণ করতে গেলে তাকে গরীব মান্ত্রবদের দরদী হতে হবে, তাদের প্রতি কর্তব্য পরায়ন হতে হবে। এই হচ্ছে আমাদের বাজেট। তাই এই বাজেটকে আন্তরিক ভাবে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ কবছি।

#### [2-20-2-30 P. M]

শ্রীদেবপ্রসাদ সরকারঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ১ই মার্চ মাননীয় অর্থমন্ত্রী মহাশয় পশ্চিমবাংলার জন্ম যে বাজেট পেশ করেছেন, তাতে তিনি যে কর প্রস্তাব করেছেন তা অতীতের সমস্ত নজীরকে শ্লান করে দিয়েছে। অতীতের সমস্ত নজীরকে শ্লান করে দিয়ে এবারে তিনি করের প্রস্তাব করেছেন। বর্তমান বছরে কেন্দ্রীয় বাজেটে যেথানে ৩০০ কোটি টাকা কর চাপান হয়েছে, সেথানে পশ্চিমবাংলার মত একটা অঙ্গরাজ্যের বাজেটে কর চাপান হয়েছে ৭৫ কোটি টাকা। এটা প্রত্যক্ষ করলে বোঝা যায়, বর্তমানে যে ক্ষমতা রাজ্যের হাতে আছে, তার সাথে যথন রাজ্যের হাতে অধিক ক্ষমতা দিতে হবে বলে যথন দাবী করেন, এবং সেই মত সত্যিই অধিক ক্ষমতা পেলে পশ্চিমবাংলার মান্ত্রের অবস্থা কোথায় যাবে! আতক্ষের সঙ্গে একথা চিস্তা করতে হয় যে, অধিক ক্ষমতা পেলে তার দাপটে পশ্চিমবাংলার মান্ত্রের অবস্থা কি হবে প্রমাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই কর প্রস্তাবের ফলে আমরা দেখতে পাচ্ছি, বিভিন্ন ভোগ্য পণ্যের উপর বিক্রম্ব মৃল্যু বৃদ্ধি করার ব্যবস্থা হয়েছে। চায়ের উপর, কম্মলার উপর সেদ ধার্য হয়েছে ও

বিভিন্ন ভোগ্য পণ্যের উপর কর বসানো হয়েছে। এর অনিবার্য পরিণতি হচ্ছে পশ্চিলবাংলায় দ্বিনিষপত্রের দাম বাড়বে। অর্থমন্ত্রী আমাদের ষতই বোঝান না কেন, জিনিষপত্রের দাম বাড়বেই। অর্থমন্ত্রী বাজেটে অস্ত্য ভাষণ রেখেছেন এবং কারচুপি পূর্ণ তথ্যে পরিপূর্ণ বাজেট এথানে পেশ করেছেন। যেমন, বাজেটের ৪ নং প্যারাতে বলেছেন, পশ্চিমবাংলার সামগ্রিক উৎপাদন তথা মাধ<sup>া</sup>িছু আয় বুদ্ধির এই হার জাতীয় গড় হারের চেয়ে অনেকটাই বেশী। আমরা জানি এর মধ্যে সরকারের ক্রতিত্ব কতথানি ! ইকনমিক রিভিউতে দেখা যায়, ১৯ ৭৮-৭৯ সালে পশ্চিমবাংলার মাথাপিছু মায় যেথানে ছিল ৭৬১ কোটি টাকা, ১৯৮২-৮৩ তে তা নেমে দাঁডিয়েছে ৬৯০ কোটি টাকা। অর্থাৎ ৭১ কোটি টাকা কম। পাশাপাশি, ভারতবর্ষের ক্ষেত্রে দেখা যায়-->১৭৮-৭১ তে যেখানে ছিল ৭১৫ কোটি টাকা, সেখানে ১৯৮২-৮৩ তে দাঁডিয়েছে ৭১২ কোটি টাকায়। অর্থাৎ মাথাপিছু জাতীয় আয় কমেছে মাত্র ৬ টাকা। অতএব দেখা যাচ্ছে, পশ্চিমবাংলার গড় আয় মাথাপিছু হারে অনেক থারাপ। মোট উৎপাদনের ক্ষেত্রে ইকনমিক রিভিউতে দেখা যাচ্ছে, ১৯৭৮-৭৯ তে (টাকার হিসাবে ) ৩,১৪২ কোটি টাকা. ১৯৮২-৮৩ সালে তা হয়েছে ৩,৮৮৬ কোটি টাকা। সারা ভারতবর্ষে ১৯৭৮-৭৯ সালে উৎপাদন ছিল ৪৬.৩১৬ কোটি টাকার এবং ১৯৮২-৮৩ সালে তা বেড়ে হয়েছিল ৫০,৪৮৬ কোটি টাকা। অথচ পশ্চিমবাংলার ঐ সময়ে উৎপাদন কমেছে। সামগ্রিক উৎপাদন জাতীয় উৎপাদনের চেয়ে কম হয়েছে। শুধু তাই নয়,—ক্লষির ব্যাপারে বলেছেন, রেকর্ড পরিমাণ ফলন হয়েছে এবারে। কিন্তু আমরা জানি. এর কারণ হচ্ছে প্রকৃতি। দেশে স্থেম বধা হওয়ার জন্ম ফলন সর্বত্রই বেড়েছে। আপনি দাবি করছেন যে, সেচ ব্যবস্থার সম্প্রসারণের জন্মই ফলন বেড়েছে। এরজন্ রাজ্য সরকার কতিত দাবী করেছেন। দেশে স্থসম বৃষ্টির জন্য এবারে সকল স্থানেই বাস্পার ক্রপ হয়েছে। পশ্চিমবাংলার নিশ্চয়ই এর ব্যতিক্রম হতে পারে না। স্থতরাং কৃতিত্ব ঘদি দিতে হয় তো সে কৃতিত্ব প্রকৃতিকেই দিতে হয়।

রাজ্য সরকারের ক্রেডিট কোথায় ? বরং রাজ্যসরকার চরম অপদার্থতার পরিচয় দিয়েছেন ক্রষির ক্ষেত্রে। ক্রষি মন্ত্রী এথানে বসে আছেন, তিনি নিজে ক্রষি সম্মেলনে কর্মীদের বলেছেন বামক্রণ্ট সরকার ক্রষি ক্ষেত্রে চরম অবহেলা করেছেন, ক্রষির উন্নির জন্ম কোন পরিকল্পনা নেননি এবং বাজেটে ক্রষি দপর যেসব পরিকল্পনা নিয়েছেন ক্রষির উন্নতির জন্ম সেগুলি ভ্যাসটিক্যালি কার্টেল করা হয়েছে। এই হছেে ক্রষি ক্ষেত্রে অবদান। আর আপনি বড়াই করছেন ক্রষির জন্ম। আপনি আপনার বাজেট বক্তৃতায় বলেছেন অর্থ ব্যবস্থায় জোয়ার এসেছে। এমন জোয়ার এসেছে যে বর্তমানে মাস গেলে পশ্চিমবন্ধ সরকারের কর্মচারীরা মাইনে পাবে কিনা সন্দেহ। আজকে ওজার ভাফটের ক্ষেত্রে পশ্চিমবন্ধ ভারতীবর্ষেব সমস্ত রাজ্যকে ছাড়িয়ে গেছে। কে না জানে যে আজকে অর্থাভাবে যোজনা থাতে ব্যয় কার্টেল করতে হছে, উন্নয়ন্মলক কাজকর্মে ব্যয় কমাতে হছে। তাহলে কোন মৃথে আপনারা বলছেন যে অর্থ ব্যবস্থায় জোয়ার এনেছেন ? ভূমি সংস্কারের প্রশ্লে আপনি দাবি করেছেন, ২১ নং বাজেটের ১৮ পৃষ্ঠায় আপনি বলেছেন যে ১৯৮৬ সালের ৩০শে জুন

পর্যস্ত রাজ্য সরকারের হাতে ১২°৬০ লক্ষ একর জমি ভেস্টেড হয়েছে এবং ১৪°৫৬ হাজার পরিবারকে আপনারা জমি বিলি করেছেন এবং দাবি করেছেন বাসভূমি বন্টনের ক্ষেত্রে ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ প্রথম স্থানের অধিকারী। কিন্তু বাস্তব চিত্র কি—্যেথানে ক্রতিত্ব দাবি করছেন দেখানে বাস্তব চিত্র তুলে ধরলে দেখা যাবে জমি বিলি বণ্টনের চয়ম ব্যর্থতার পরিচয় দিয়েছেন। আপনার ১৯৭৪-৭৮ সালের ইকন্মিক ইকন্মিক বিভিট মিলিয়ে দেখা যায় তাহলে দেখা যাবে যদি বামফ্রণ্ট সরকারের আমলে যে ভেস্টেড ল্যাণ্ড এসেছিল সেই ভেস্টেড ল্যাণ্ডের মাত্র ৩০ শতাংশ আপনারা বিলি করেছেন, বাকি ৭০ শতাংশ আপনার। হাতে রেথে দিয়েছেন, বিলি করেননি। যদি ফিগার চান আমি ফিগার দিয়ে দিতে পারি। বিগত ৬ বছরে বামফ্রণ্ট সরকার বিলি করেছে মাত্র ১ লক্ষ ৪০ হাজার ৩০১ একর, আর বিলি না করে যেটা হাতে ফেলে রেখেছে তার পরিমাণ ৩ লক্ষ ১৩ হাজার ৫০৯ একর জমি। এই হচ্চে আপনাদের বিলি বণ্টনের ন্যুনা। বড়াই করছেন যে ১২ লক্ষ ৬০ হাজার একর জমি আপনাদের আমলে ভেস্টেড হয়েছে, কিন্তু আপনাদের আমলে ভেস্টেড হয়েছে মাত্র ১ লক্ষ ১৭ হান্ধার ৭১১ একর জমি। ফলে এই ভাষণ অসত্যে ভরা। শিল্পনীতি প্রসঙ্গে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় পাট শিল্পের সংকটের প্রশ্নে বলেছেন কেন্দ্রীয় সরকার যদি এই পার্টশিল্পকে জাতীয়করণের পথে ন। যায় তাহলে এই শিল্পকে বাঁচান যাবে না। আমরাও এই দাবি সমর্থন করি। আমরা মনে করি এই দাবির যৌক্তিকতা আছে। কিন্তু আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে প্রশ্ন করি আপনারা শিল্পের জাতীয়করণের দাবি কেন্দ্রের কাছে রাখছেন তাহলে আপনাদের রাজ্য সরকারের ক্ষেত্রে অধিগৃহীত শিল্প রাজ্যসরকার আবার বেসরকারী মালিকদের হাতে তুলে দিতে চাইছেন কেন ? তাহলে কি আমরা বলতে পারি কেন্দ্রীয় সরকার যেমন পাট শিল্পকে জাতীয়করণের দাবি না মেনে জুট ব্যারনদের কাছে আত্মসমর্পণ করেছেন তেমনি বামফ্রণ্ট সরকার অন্তর্মপভাবে রাজ্য সরকারের এইসব অধিগৃহীত শিল্প বেসরকারী মালিকদের হাতে তুলে দিয়ে তাদের কাছে আত্মসমর্পণ করছেন ?

### [ 2-30-2-40 P. M. ]

এই কথা বলা কি অন্যায় হবে ? আপনারা বেসরকারী মালিকদের কাছে আগ্রসমর্পন করছেন । ? আপনারা মালট্রিন্যাশনাল করপোরেসন বিদেশী সংস্থাগুলির কাছে আগ্রসমর্পন করছেন। এ বিদেশী সংস্থাগুলির কাছে আগ্রসমর্পন করছেন। এ বিদেশী সংস্থাগুলির আগুনিকীকরণ করা দিয়েছিলেন ? তিনি বলেছিলেন যে শ্রমিকদের স্বার্থে বিদেশী সংস্থাগুলিকে আধুনিকীকরণ করা সম্প্রসারণ করা আগু প্রয়োজন। এবং এই ব্যাপারে কেন্দ্রীয় সরকার তৎপরতা দেখাছেন না বলে উনি গোসা প্রকাশ করেছেন। অর্থাৎ দেখা যাচ্ছে মালটি ন্যাশনালকে তোয়াল করা হছে। এই ব্যাপারে আজকে বাম্ম্রুল্ট সরকার কেন্দ্রীয় সরকারকে টেকা দিতে চাইছে। আপনারা মালিক

দোষনের চড়ান্ত দুটান্ত সৃষ্টি করেছেন। তারপর মূল্যবৃদ্ধির প্রশ্ন। মূল্যবৃদ্ধির প্রশ্নে মাননীয় অর্থ মন্ত্রী কেন্দ্রীয় দরকারের কর নীতি ছুর্নীতি মুদ্রাফীতি এবং সাই এম এফ-এর যে জনবিরোধী নীতি, শুধুমাত্র এইগুলিকেই মূলাবুদ্ধির জন্ম দায়ী করেছেন। মূল্যবুদ্ধির প্রশ্নে রাজ্য সরকারের কর দর নীতি যে, এক অংশে দায়ী এই কথা কিন্তু আমাদের অর্থ মন্ত্রীর ভাষণে নাই। আমি তাঁকে প্রশ্ন করতে চাই, যে আজকে এই যে ৭৫ কোটি টাকার কর চাপাচ্ছেন, এরজন্ম জিনিসপত্তের দাম বাড়বে না ? অতীতের বাজেটগুলিতে আপনি মেভাবে কর চাপিয়েছেন তাতে জিনিষ্পত্তের দাম বাড়েনি ? আই এম এফ শুধু কি জনবিরোধী ? ওয়ার্ল'ড ব্যাঙ্ক থেকে গৃহীত ঋণ—সেটাও কি কম জনবিরোধী ? এই সব গুলি মূলাবুদ্ধিতে সাহায্য করবে না ? এই প্রশ্নের জ্বাব চাই আপনার কাছ থেকে। আত্মক মজ্তদার কালোবাজারীদের এথানে স্বর্গ রাজ্য স্পষ্ট করেছেন। এবার বাম্পার ক্রপ হোল। আমি প্রশ্ন করতে পারি কি যে পশ্চিমবাংলার মামুষদের পক্ষ থেকে যে কেন থাতা শস্তের দাম কমছে না। আপনি বছরের পর বছর ধরে ইন্টারত্যাল প্রকিওরমেন্ট যেমন প্রফুক্স সেনের আমলে পর্যস্ত ৫ লক্ষ টন প্রকিওরমেন্ট হয়েছিল, সেইভাবে অস্তত করছেন কি ? আপনার > লক্ষের উপর টারগেটই নয়। আর সেই জায়গায় আপনি প্রকিওরমেন্ট করছেন মাত্র কয়েক হাজার। বছরের পর বছর ধরে জোতদারদের লেভির হাত থেকে মকুব করে দিচ্ছেন কেন ? কেন চাল কলের মালিকদের লেভি ৬০ শতাংশ থেকে কমিয়ে ৩০ শতাংশ নিয়ে এসেছেন ? এগুলি কি মূল্য রুদ্ধিতে সাহায্য করছে না ? মাননীয় উপাধ্যক্ষ মহাশ্য়, আমরা প্রায়ই শুনতে পাই বামফ্রণ্ট সরকার বড়াই করেন যে শিক্ষা থাতে তারা ব্যয় বাড়িয়েছেন। ই্যা, শিক্ষাপাতে ব্যয় বেড়েছে। ৪:৮ কোটি টাকার শিক্ষা বাজেট। কিন্তু তার মধ্যে শিক্ষক এবং শিক্ষাকর্মীদের জন্ম ৩০০ কোটি টাকা। একবার ভেবে দেখুন অন্যান্ম শিক্ষার অগ্রগতিতে কত পার**দেন্ট তাহলে** ধরা হয়েছে। ছাত্রছাত্রী আত্মপাতিক হারে বাড়ছে। বাড়ছে না পাঠ্য পুস্তক এবং তা বিতরণেরও স্থব্যবস্থা হচ্ছে না। আজও আকাশের তলায় স্কুল হচ্ছে এবং স্কুল বাড়ী সারানো হচ্ছে না। বাড়ছে যেটা সেটা হচ্ছে প্রাথমিক শিক্ষকদের হাজিরা খাতায় নাম। অর্থাৎ ক্যাভার পোষার কিছু ব্যবস্থা হচ্ছে। ফলে শিশা বাজেট বুদ্ধির যে কথা বলছেন, এটা একটা অন্তত ব্যাপার। এক চিলে তুই পাথী বুদ্ধির যে কথা বলছেন এটা একটা অন্তত ব্যাপার। এক ঢিলে তুই পাথী মারার ব্যবস্থা করে যাচ্ছেন। শিশা বাজেট বুদ্ধি হয়েছে বলে প্রগতিশীল সরকার বলা হচ্ছে। আবার ক্যাভার পোষার ব্যবস্থা হচ্ছে। আফলে আপনারা জনবিরোধী শিক্ষা ব্যবস্থা নিয়েছেন। আজকে শিক্ষার মানসিকতা, শিক্ষা সংস্কৃতিকে ধ্বংস করে দিছেন 1 প্রাথমিক স্তর থেকে ইংরাজী শিক্ষাকে তলে দিয়ে আজকে দেশের সাধারণ মালুষের ইংরাজী শিক্ষার স্থাযাগ থেকে বঞ্চিত করে, মৃষ্টিমেয় আমলাদের ঘরের ছেলেমেয়েদের মন্ত্রীর ঘরের ছেলেদের ভালভাবে লেলাপড়া শেখার ব্যবস্থা করে দিচ্ছেন। আজকে হুমুখী শিক্ষা ব্যবস্থা চালু করেছেন। যোজনা ব্যয়ের প্রশ্নে আপনি বলেছেন প্যারাগ্রাফ :৮তে বলেছেন পরিবল্পনায় সাহায্যের গড় প্রতি পরিমাণ পশ্চিমবঙ্গের কোঁতে সর্বনিয়।

স্থা, আমি মানি পশ্চিমবাংলার ক্ষেত্রে গড়পড়তা দাহায্যের পরিমাণ নিয়। কিন্তু আমার বক্রবা হচ্ছে কথাটা পুরোবলা হল না, অর্দ্ধ সভা বলেছেন, বাকিটা বলেন নি। কেন সর্বনিম। হু উইল রেসপনসিবল ? এরজন্ত দায়ী কে ? আপনাদের তো এটা অজ'না থাকার কথা নয় যে, প্রচলিত নিয়ম অন্থায়ী পরিকল্পনা খাতের ব্যয়, উন্নয়নমূলক খাতের বায় কেন্দ্র এবং রাজ্যকে সমামুপাতিক হারে নির্বাহ করতে হয়। আজকে নাজ্য যদি তার আমুপাতিক বায় বরান্দ করতে অক্ষম হয় তাহলে কেন্দ্রীয় বরাদও সেখানে ঠিকমত পাওয়া যায় না। ফলে এই সমস্থা থেকেই যায়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিভাৎ সংকট আজ পশ্চিমবাংলায় আা একটা সর্বনাশ ডেকে এনেছে। আপনারা বলেছেন বিহ্যাতের হাল ফিরতে পারে। কিন্তু আমরা বর্তমানে বিহ্যাতের যে হাল দেখতে পাচ্ছি তাতে আপনাদের এই প্রতিশ্বতিতে পশ্চিমবাংলার মাহুষ কোন ভরসা পাচ্ছে না। এইক্ষেত্রে আমি বলতে বাধ্য হচ্ছি, এমন কি সিদ্ধার্থ রায়ের আমলে বিচ্নাতের যেটক অপ্রাণতি হয়েছিল আপনাদের এই বামফ্রন্ট সরকারের আমলে তার থেকে আরো চরম অবনতি দেখা যাছে। এই ইক্নমিক বিভিয়ব স্ট্যাটিষ্টিকা থেকে দেখা যাছে ১৯৭৭-৭৮ সালে ১৯৫টি গভীর নলকুপে বৈত্যাতিকরণ হয়েছিল, ১৯৮২-৮৩ সালে ১১৪টি হয়েছে। ১৯৭৭-৭৮ সালে ৬ হাজার ৮২৬টি অগভীর নলকুপে বৈচ্যাতিকরণ হয়েছিল, ১৯৮২-৮৩ দালে ১ হাজার ৭০৪টি হয়েছে। ১৯৭৭-৭৮ সালে ৩১টি রিভার লিফট পাম্প হয়েছিল, ১৯৮২-৮৩ সালে ২২টি হয়েছে। ১৯৭৭-৭৮ সালে ৪৮টি স্বাস্থ্যকেন্দ্রে বৈত্যতিকরণ হয়েছিল, ১৯৮২-৮৩ সালে নিল—গুধু নিল নয়, ১৯৭৭-৭৮ সাল থেকে ১৯৮২-৮৩ সাল পর্যন্ত বামফ্রণ্টেব আমলে মোট ২৩টি স্বাস্থ্যকেন্দ্রে বৈদ্যুতি-করণ হয়েছে। ইকনমিক রিভিয়তে এই সব তথা দেওয়া হয়েছে। ১৯৭৭-৭৮ সালে ১২টি হরিজন বস্তিতে বৈদ্যুতিকরণ হয়েছিল, ১৯৮২-৮৩ সালে নিল। আপনাদের এই ষ্ট্যাটিষ্টিক্স বলচে সিদ্ধার্থ রায়ের আমলে যা ছিল আপনারা তার থেকে আরো অবনতির জায়গায় নামিয়ে নিয়ে এসেছেন। ফলে কোন ভরসা পাওয়া যাচ্ছে না। এই সেদিন মাননীয় মুখ্যমন্ত্রী সি. ই. এম. সির টিটাগড় বিছাৎ প্রাণ্টের উদ্বোধন করতে গিয়ে বক্ততা দিয়ে বলেছেন রাজ্য বিছাৎ প্রদ এরজন্য দায়ী। কিন্তু শুধু এই কথা বলে মাননীয় মুখামন্ত্রী পার পাবেন না। রাজা বিছ্যত প্রদের যে ব্যর্থতা সেট। পশ্চিমবঙ্গ সরকারের বার্থতা নয় ? বামফ্রণ্ট ক্ষমতায় এসে তারা তিনবার এই বিহাত পর্ষদকে নতুনভাবে গড়েছেন, পরিবর্তন করেছেন। তারজন্য ফন্ট যদি থেকে থাকে তো সেটা সরকারের ফন্ট এটা অম্বীকার করবেন কি করে? আমরা বারম্বার দাবী করেছি যুদ্ধ-কালীন গুরুত্ব আরোপ করে এই চরম বিদ্যুৎ সংকটের মোকাবিলা করা দরকার এবং এরজন্য কমিটি তৈরী করা হোক। সেই কমিটির মধ্যে শিল্প সংস্থার প্রতিনিধি, ট্রেড ইউনিয়ন প্রতিনিধি, শ্রমিক কর্মচারীদের প্রতিনিধি নেওয়া হোক, বিশেষজ্ঞদেরও এর মধ্যে নেওয়। হোক এইভাবে স্বাইকে নিয়ে একটি কমিটি করুন এবং এই বিদ্যুত সংকটের কারণ কি, মেট। ভারা উদ্ঘটিন করুন এবং প্রয়োজনীয় ব্যবস্থা নিন। বছরের পর বছর আমরা এই প্রস্তাব রাখিনি? কিন্তু আমাদের সেই প্রস্তাব উপেক্ষিত হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পরিশেষে আমি বলতে চাই যে, এই কথা ঠিক

পশ্চিমবাংলা থেকে কেন্দ্র যে রাজস্ব সংগ্রহ করে তার সিংহ ভাগ কেন্দ্রীয় সরকার নিয়ে নেয় এবং রাজ্য সরকারকে তার ন্থায় প্রাপ্য অংশ থেকে বঞ্চিত করে। কিন্তু এই বঞ্চনার বিরুদ্ধে কেন্দ্রের কাছ থেকে রাজ্যের এই দাবী আদায় করার জন্ম রাজ্য সরকার কি কোন কার্যকরী পদক্ষেপ নিয়েছেন? কেন্দ্রের বিরুদ্ধে তারা এই বিষয়ে আন্দোলন করবার জন্ম এগিয়ে এসেছেন। তারা যদি আন্দোলন করতে চান ভাহলে আমাদের দলের পক্ষ থেকে আমি হার্থহীন ভাষায় বলব যে আমরাও সেই আন্দোলনের সামিল হব। কিন্তু আমরা জানি আপনারা সেই আন্দোলনের পথে যাবেন না। কারণ, শুরু সঁটাণ্ট দেবার জন্ম, থবরের কাগজে বিবৃতি দেবার জন্ম কেন্দ্রের বিরুদ্ধে বলবেন, কিন্তু সভিয়কারে কেন্দ্রের বিরুদ্ধে আপনারা আন্দোলনে যাবেন না। কারণ, এমনিতেই আপনাদের পাওয়ার, মন্ত্রীজের গদি পেয়ে বসেছে, কাজেই সেইক্ষেত্রে আপনার। কেন্দ্রের বিরুদ্ধে আন্দোলন করবেন না, এটা আমরা জানি।

#### [2-40-2-50 P.M]

এ আমরা জানি। সেজতা আমরা দেখলাম, এ আই. সি. সি'র যে সেশান হল সেই সেশানে কংগ্রেস কর্মীদের যত না ব্যস্ততা তার থেকে বেশী ব্যস্ততা আমাদের ম্থ্যমন্ত্রীর সমস্ত ব্যবস্থাপনার জন্য। তাছাড়া আমরা বদান্ততার নজীরও দেখলাম। এ. আই. সি. সি'র যে সেশান হয়েছিল বিধাননগরে তার দক্ষন কংগ্রেসের কাছে পশ্চিমবন্ধ সরকারের ৭ লক্ষ টাকা পাওনা ছিল, সরকার তা মকুব করে দিলেন। জনগণের প্রসা দিয়ে এইভাবে বদান্ততা দেখানো হল। তাই আমরা দেখলাম এবারের এ. আই. সি. সি'র অধিবেশনে বামফ্রণ্টের বিক্তমে কোন প্রস্তাব গ্রহন করা হল না। স্বই বোঝাপড়ার ব্যাপার, খালি এখানে বাক্যের চাতুরি আমরা দেখছি। এসব জিনিয় আমাদের জানা আছে। স্থার, আপনাকে দন্তবাদ দিয়ে এই জনবিরোধী বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীরাম চ্যাটার্জীঃ মাননীয় ডেপুটি স্পীকার স্থার, আপনার মাধ্যমে এই বাজেটকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। এথানে দেখছি কংগ্রেসীরা খুব চিৎকার করছেন এবং সঙ্গে সঙ্গে এম. ইউ. মি'র স্থরও দেখছি কেমন কেমন, তারাও চিৎকার করছেন। একটু আগে লেথাপড়া সম্বন্ধে আফেপ কবে ওর্ম বক্তব্য রাখলেন। এ সম্বন্ধে বক্তব্য রাখতে গিয়ে জয়নাল সাবের মনেক কথাই বললেন। স্থাব; আমরা জানি, দীর্ঘদিন ধরেই ওরা চেষ্টা করছেন পশ্চিমবঙ্গের মাটিতে পশ্চিমবংলার কালচার চুরমার হয়ে যাক, এখানে যেন লেথাপড়া কেউ না শেখে। আমরা তো মাত্র ৬ বছর ক্ষমতায় আছি, এই সময়ের মধ্যে সকলকে একেবারে দিগগজ পণ্ডিত করে দেব এটা ওরা কি করে ভাবলেন । জয়নাল সাহেব তাঁর এলাকার কথা বললেন। উনি তো প্রথম

থেকে ওথান থেকে নির্বাচিত হয়ে আসছেন, তো কংগ্রেস আমলে ৩৬ বছরে উনি নিজের এলাকায় স্বাইকে দিগগন্ধ পণ্ডিত করে দেননি কেন ? অবস্থা তা যদি করতেন তাহলে ওঁকে আর নিবাচিত হয়ে আসতে হ'ত না। স্থার, আমরা জানি, দীর্ঘদিন ধরে অপশাসন ও রুশাসনের মধ্যে থেকে গরিব মান্তবের উপর লাঞ্চনা, বঞ্চনা বেডেছে। এ গরিব মান্তবদের রভেক বিনিময়ে স্বর্ণ আহরণ করে যারা তারাই স্থান পেয়েছে কংগ্রেমী কুশাদনে। তাদের হাত থেকে রেহাই পাবার জ্যুই মানুষ আমাদের কয়েকবার ক্ষমতায় এনেছেন। মাহুমের প্রত্যাশা খনেক আমাদের কাছে, তাই আমাদের এম. এল. এরা এবং আমাদের লোকেরা চেটা করেন ভাবা আব কিছু করতে পাকন আর নাই পারুন তাদের তঃপের কিছুটা ভাগ নেবার। তদের কাছে যখন মান্ত্য যায় তখন ওবা কিছুই ভাদের জন্ম করতে পারেন না, ভাই আমরা মান্নয়কে বলি, পাগর দিয়ে ওদের বুক বাধানো, ভিদের কাছে গেলে কোন ফল পাওয়। যাবে না। আমর। মান্ত্র্যকে বলি, পাগর বাঁবানো বুক ওদের, মান্ত্রের কানায় ওরা গলে না। তাই তো ওবা চুরমার করতে চায় আমাদেব দেশের গরাব মারুষওলোকে। খাত আন্দোলনের সময় আমবা দেখেছি, গ্রাম থেকে যে গরিব মাহ্নযুঞ্জলি এথানে এগোত্র ভাদের পিটিয়ে তাদের রক্তে কালো রাজ্পথকে ওরা লাল করে দিয়েছিল। এই যাদের ইতিহাস আজকে আবার তাদের দেখছি এখানে চিৎকান করছেন। কিন্তু চিৎকার কললে হবেটা কি ৪ গোটা ভারতবর্ষে তো যুক্তফ্রণ্ট নেই বা বামফ্রণ্ট নেই ভাহলে গোটা ভাবতবর্গের অবস্থা এইরকম কেন । এরজ্ঞ দায়ী কে ? গোটা ভারতবর্ষকে আজ টুকরো টুকরো করার চেষ্টা করছে ঐ কংগ্রেস সরকার। গোটা ভারতবর্ষের উপর একটান। জুলুম চালিয়ে ওরা ভারতবর্ষকে নিঃশেষ করে দিতে চাইছে। সেই নিঃশেষ করার বিরূদ্ধে আমুরা দাঁড়িয়ে আছি এবং থাকবো। কংগ্রেম যতদিন আছে ততদিন তঃখ থাকরে, বঞ্চনা থাকরে সেট। ওরা জানে কারণ ওরাই তো তৈরী করেছে এই কাঠামে।। জোয়ান ছেলেগুলোকে ওবা বলতো, বামপন্থীদের পোষ্টার ছিঁড়ে দাও, এত করে পারে। যথন প্রথম রিফিউজির। এল তথন তাদের ছেলেদের বললো।, তোমাদের ডোল দেব, দিল, তারপুর বললো। তোমরা বামপন্থীদের পোষ্টার ছি'ড়ে দাও এত করে পাবে। দিতে দিতে ভাদের গুণ্ডা তৈরী করলো।

আজকে দেখা যাচ্ছে যে সমস্ত সমাজবিরোধীদের ওরা স্বাষ্ট করেছে। জোয়ান ছেলেরা চাকরী বাকরি পায়নি, তাদের ওরা এক্সথয়েট করেছে এবং এক্সপ্রেট করে তাদের সমাজবিরোধীতে পরিণত করেছে। এরজন্য আজকে সম্পূর্ণভাবে কংগ্রেস দারী। আজকে এরা এখানে চিংকার করেছে। বহুদিনের যে একটানা, একদেয়েমী জিনিস চলছিল, আজকে আর ত। চলছে না। আমরা তাদের ফিরিয়ে আনছি। আমরা গরীব মান্তবের মনে বাঁচবার আকস্থা এনে দিছেছি। গরীব মান্তবের মনে আশা জাগিয়েছি। তাই, আজকে দেখা যান্ডে যে গরীব মান্তব্রা সংগঠিত হয়ে এগিয়ে চলছে। তারা অন্যায়ের বিক্লমে রূপে দাড়াতে শিথেছে। আজ তারা অন্যায় দেপলে ছাড়ে না। ঐ জয়নাল সাহেব অন্যায় করলে আগে যেমন চলতো, এগন আর সেইভাবে চলে না।

তারা আজ বলতে শিথেছে। আমরা তাদের শিক্ষিত করে তুলেছি। আপনারা যে শিক্ষা দিতেন দেটা আমরা ভেঙ্গে দিয়েছি। আমরা তাদের নতুনভাবে শিক্ষা দিচ্ছি। তাদের মধ্যে একটা নতন আলো এনে দিয়েছি। আমরা বলছি, তোমরা ওঠ, জাগো, এই লোকগুলিকে চিনে নাও। তোমরা যে শিক্ষা দিয়েছো তাতে তোমরা নিজেরা ভেঙ্গে চরমার হয়ে যাচ্ছে। মানান সাহেবকে বলি যে, তোমরা যে বিছা শিক্ষা দিয়েছো, সেই বিছা আজকে তোমাদের উপরেই পড়ছে। লোকে তোমাদের চিনে ফেলেছে। তোমরা শুধু পরিকল্পনাই করেছে—পাঁচ সালা, ৬ সালা, ১২ সালা পরিকল্পনা করে। কিন্তু কিছুই বাস্তবে রূপায়িত করনি। শুধু কল্পনাই করা হয়েছে। আমাদের পরিকল্পনাকে আমরা কার্যকর্মী করতে চলেছি, বাস্তবে রূপায়িত করতে চলেছি। বামফ্রন্ট সরকারের একটা নীতি আছে, আমরা দেই নীতি নিয়ে এগিয়ে চলেছি। আজকে ভূলক্রটি নিশ্চয়ই আছে। ভুলক্রটি না থাকলে তোমরা রয়েছ কি করে ? আজকে ভুলক্রটি না থাকলে কংগ্রেম ভোট পায় কি করে । আমরা তোমাদের কার্যক্রমকে লোকের কাছে বোঝাতে পারিনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এদের দেখে আমার একটা পাথীর কথা মনে পড়ে গেল। আফ্রিকায় একটা পাথী ছিল. তার নাম 'ভ্যামপায়ার'। মাকুষ যথন রাস্তা হারিয়ে বদে পড়ভো, গাছের তলায় গিয়ে ওয়ে পড়তো তথন সেই ভ্যামপায়ার পাথা তুলে তাকে হাওয়া দিত। তারপরে যথন সে দুমিয়ে পড়তো তথন ঠে টি দিয়ে তার রক্ত চুষে নিত। এরাও সেইরকম ভাবে গর্রাব মান্তবের রক্ত চুষে নিয়েছে। আজকে এই অবস্থা তোমরা স্বষ্ট করেছ। তোমরা কাঙ্গালী তৈরী করে আবার কাঞ্চালী বিদেয় কর। আমরা তা করিনা। আমরা মাতুষকে বাঁচাতে চেষ্টা করছি। আজকে পশ্চিমবাংলার এই অবস্থা কে করেছে ? পশ্চিমবাংলার কোনায় কোনায় জোয়ান ছেলেরা থেতে পায়নি, তাদের তোমরা সমাজবিরোধিতে পরিণত করেছ। (জ্ঞান সিং সোহন পাল: খড়গপুরে কি হয়েছে ?) জ্ঞান সিং সোহন পাল, আপনি বদে থাকুন। খড়গপুরে কটেজ ইণ্ডাষ্টি আপনার আমলে কিছ ডেভেলপ হয়েছে।

## [ 2-50-3-00 P.M. ]

আপনি যেমন তেমনি থাবুন। অত চেঁচিয়ে লাভ নেই। এই অবস্থা আপনারা তৈরী করেছেন। আর নিজেদের ব্যর্থতা এইভাবে ঢাকবার চেষ্টা করছেন। তাই আমি বলছি যে সেই ব্যর্থতা ঢাকতে গ্রামে খান, সেথানে মাহুযের জন্ম কিছু করুন। তবে হবে। সেইজন্মই আজকে আপনার। বিচ্ছিরতাবাদ তৈরী করেছেন। আপনারাই কোলোনিয়ালিজম তৈরী করেছেন। আপনারাই দায়ী। সেজন্ম এই ধর্নীরে রাজত্বে কি ধরণের বাজেট আশা করা যাবে ? আপনারা স্বব এত ওঁজলা ফেলে গেছেন, সেই ওঁজনাকে সাফ করা যায় না। তাকে আগুন দিয়ে পুড়িয়ে তবে সাফ করতে হয়। সেজন্মই আমরা আজকে কাঁটা আর কোদাল দিয়ে তাকে সাফ করছি। এত ওঁজলা থাকলে এই কাঠামোতে বাজেট এর চেয়ে ভাল হবে ? যেখানে বেকারীর সংখ্যা বেড়েই

চলেছে, লোকে থেতে পায় না, ছেলেরা পড়তে পায় না, ঘর্থের সংখ্যা এত, বেকারীর সংখ্যা এত, গ্রীব মাম্ম্ব অন্নহীনের দল এত কোথা থেকে ভাল হবে ? এ যেন সেই রোদে বসে পিঠে থাব রান্তির বেলায়। উনি রাত্রে রোদে বদে পিঠে খাবেন। এ কি আবদার নাকি? বাজেট ভাল করতে হবে। সে রকম ভাল বাজেট হলে তোমরা আসতে পারতে না। তোমরা আসবে কি করে ? কাজেই এই যে বাজেট এটা গরীব মান্তবের ভাল করার চেষ্টার বাজেট। গরীব মান্তবের ভাল আমরা করতে চাই, বাজেটে কি লেখা আছে দেইসব চেষ্টার কথাই লেখা আছে। সেজন্য আমি বলছি যে কেন্দ্রের কাছ থেকে আরও ক্ষমতা চাই। কারণ আমি মনে করি যে যদি ক্ষমতা না পাওয়া যায়, টাকা না পাওয়া যায় কাজ করা যায় না। সেজতা আমরা ক্ষমতা চাই, কেন্দ্রকে ভাঙ্গতে চাই না। আমরা, এই বামফ্রণ্ট সরকারে যারা আছি তারা আপনাদের চেয়ে দেশকে বেশী ভালবাসি। দেজতাই তো আমরা কেন্দ্রকে তুর্বল করতে চাই না। কিন্তু থামগুলো যদি নডবড়ে হয় ছাতটা টিকবে কি করে ? এটা কি ন্যাকামি। ছাত যাতে পড়ে না যায় সেজন্য থামগুলোকে মানে প্রত্যেকটি প্রদেশকে শক্ত করতে হবে। আমাদের প্রয়োজন মত টাকা আমাদের দিলে এব চেয়ে ভাল বাজেট করব। যেদিন কেন্দ্র আমাদের পুরো ক্ষমতা দেবে তাতে বাজেট অনেক ভাল হবে, মুখরোচক হবে। তাতে গরীব মান্তরের উপকার হবে। সেজক্য এই বাজেটকে পুরোপুরি সমর্থন কর্ছি। কারন এই কাঠামোতে এর চেয়ে ভাল বাজেট হয় না। এই ঘুণধুরা কাঠামোটা ভাই আমরা পান্টাবার চেষ্টা করছি। আপনারা ঘুণ ধরাতে এসেছেন, সেজন্ম কেন্দ্র এবং রাজ্য থেকে আপনাদের অপসারণ চাই। কারন ঘণধরা কাঠামোতে এর চেয়ে ভাল বাজেট করা যায় না। এই কথা বলে এই বাজেট কে প্রোপ্রি সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীআবস্তুল মায়ান: মাননীয় ডেপ্টি স্পীকার স্থার, একটু আগে মাননীয় মন্ত্রী মহাশয় বললেন। আমি ওনাকে জানি, আমি ওনার পাশের এলাকা থেকে জিতে এপেছি। ওথানে ওনার পরিচয় 'প্রভূ' বলে। প্রভূর সাধারণতঃ অনেক ভৃত্য থাকে, ভৃত্যরা প্রভূর বক্তব্য শোনে। কিন্তু এখানে এই জনগণের আশ্রয়ে প্রভূর ভৃত্যরা আসতে পারে না। উনি ওনার এক ভৃত্যকে আমার সঙ্গে প্রতিযোগিতা করিয়ে বার্থ হয়েছেন। তাই ওনার বক্তব্য শোনার কেউ নেই। আমিও জনিনি, কেননা তার মধ্যে সারবস্ত কিছুই নেই। ঘাইহোক আমরা এই বাজেট ডিসকাসনে অংশ গ্রহণ করেছি পশ্চিমবঙ্গের অর্থমন্ত্রী, ডঃ অশোক মিত্র, যিনি নিজেকে একজন বিশিষ্ট অর্থনীতিবিদ হিসাবে জাহির করেন, নিজেকে কমিউনিষ্ট বলে গর্ব বোধ করেন, সেই সংগে নিজেকে ভদ্রলোক বলে স্বীকার করেন না, তিনি যে বাজেট পেশ করেছেন সেই বাজেটকে বিরোধী দলের সক্ষন্থ হিসাবে যে বিরোধিতা করছি তা নয়, কারণ সেই বাজেট পুরোপুরি বন্ধা। অন্তঃসারশ্ন্ত্য, এবং পশ্চিমবঙ্গের অর্থনীতির বিকাশের পথে এক বিরাট বাধা স্বরূপ হয়ে আছে। আজকে পশ্চিমবঙ্গের অর্থ নৈতিক অবস্থা পুরোপুরি নৈরাশ্য ব্যঞ্জক। একদা সমৃদ্ধ পশ্চিমবঙ্গ আজকে পাশ্চাত্য শিক্ষাত্ব তথাকথিত সমাজবাদের হাতে পড়ে দেউলিয়া হয়ে গেছে। আমরা বললে হয়ত

সরকার পক্ষের সদস্থরা বাধা দিয়ে উঠবেন, আমি জানি অনেকে শিক্ষকতা করেন, এ. বি. টি. এ.-র সঙ্গে অনেক শিক্ষক জডিত আছেন।

কিন্তু আজকে সেই শিক্ষকরা বলছেন যে সত্যিই রাজ্যসরকার দেউলিয়া হয়ে গেছে। সত্যিই তো. যাঁরা মাষ্টারদের পকেট কেটে তাঁদের প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা তুলে খরচ চালাতে সক্ষোচ বোধ করেনা—সেই সরকারকে দেউলিয়া সরকার ছাড। কি বলবেন ? প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা রাজ্য সরকার নিয়ে নিলেন তাঁদের থরচ চালাবার জন্ম। আমি জানিনা অর্থমন্ত্রী মহাশয় প্রভিডেন্ট ফাও থেকে লোন নিয়ে মেয়ের বিয়ে দেবেন কি না, অথবা আত্মীয়-স্বজনের চিকিৎসা করাতে হবে কিনা। তবে আমি নিজে শিক্ষকতার সঙ্গে জড়িত। আমি জানি অনেক মাষ্টারমশাইকেই প্রভিডেন্ট ফাণ্ড থেকে লোন তুলে চিকিৎসা ইত্যাদি করাতে হয়। হয়তো আমার বাজীর কারে। অন্তথ হয়েছে, সেই অবস্থায় হেড্ মাষ্টার মহাশয়ের কাছে সকাল ১১ টায় চিঠি দিলাম। তার উপরে সেক্রেটারীর সই হয়ে বিকেল ৪টার মধ্যেই লোনের টাকা পেয়ে যেতাম। কিন্তু সেই প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা সরকার নিয়ে নিলেন। এই অবস্থায় সেই সমস্ত শিক্ষকদের বাড়ীর কারো চিকিৎসা বা মেয়ের বিয়ের জন্ম যখন তাঁরা টাকা তুলতে যাবেন, টাকা পাবেন কি ? এদিকটা চিম্ভা করেছেন কি ? অর্থমন্ত্রী মহাশয় সেদিকটা চিম্ভা করলেন না, আইন করে তাঁদের সেই স্থযোগ আজ কেড়ে নেওয়া হোল। আজ যদি বেসরকারী সংস্থাগুলো তাদের শ্রমিক-কর্মচারীদের ঐ টাকা এইভাবে ব্যবসার কাজে লাগাতো, তাহলে ভারত সরকার আইন করে তা বন্ধ করতেন। আমরা জানি বহু শিক্ষক প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা ব্যাঙ্কে ফিক্সড্ ডিপোজিট্ করে, রেকারিং ডিপোজিট করে কিছু টাকা ইন্টারেষ্ট পেতেন। কিন্তু রাজ্য সরকার আজ তাঁদের সেই টাকা নিয়ে নেবার ব্যবস্থা করলেন। সেই কারণেই এই সরকারকে দেউলিয়া সরকার বলচি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমস্ত ব্যাপারেই ওঁরা কেন্দ্রীয় সরকারের দোষ দেন। স্কুলে পড়ার সময় রবীন্দ্রনাথের একটি কবিতায় পড়েছিলাম—'যা কিছু হারায় গিন্দী বলে কেন্দ্রা বেটাই চোর'। এথানেও মাননীয় অর্থমন্ত্রী সব সময় কেন্দ্রীয় সরকারের দিকে তাকিয়ে বলেন যে কেন্দ্রীয় সরকার দিছেন না, সব ব্যাপারেই কেন্দ্রীয় সরকারেয় দোয়। আজ য'ারা কেন্দ্রীয় সরকারে আছেন তাঁরা বিভিন্ন রাজ্য থেকে নির্বাচিত হয়েই এসেছেন এবং জনগণের রায়েই নির্বাচিত হয়েছেন। আপনারা আজ যদি ৪০৫ কোটি জনসাধারণের প্রতিনিধি হয়ে থাকেন, তাহলে কেন্দ্রীয় সরকারও তো ৭০ কোটি মাহুষের প্রতিনিধি! জনস্বার্থের কথা চিস্তা করে তাকে বিভিন্ন সময়ে বিভিন্ন ব্যবস্থা নিতে হয়। প্রত্যেকটি রাজ্যকেই সমান চোথে দেখতে হয় এবং আমরা দেখতে পাচ্ছি—এই দৃষ্টিভঙ্গী নিয়েই ভারত সরকার আজ চলছেন। কিন্তু আজকে পশ্চিমবাংলার অর্থনীতিকে এমন এক পর্যায়ে এনে দাঁড় করিয়েছেন, যার ফলে সম্পূর্ণভাবে কেন্দ্রীয় সরকারের উপর নির্ভরশীল হয়ে

পড়েছেন আপনারা। আজকে কেন্দ্রীয় সরকার যদি উদারতা না দেখান তাহলে রাজ্য সরকারী কর্মচারীদের বেতন ও দিতে পারতেন না আপনারা। আমি জানি মাননীয় অর্থমন্ত্রীর কিছু করবার নেই এবং সেইজন্তই উনি বলেন কেন্দ্রীয় সরকারই সবকিছুর জন্য দায়ী। আপনারা যা বলেন সেটা হাস্তকর বলেই আমি মনে করি। যন্ত পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা কমিশন সারা ভারতের ২২টি রাজ্যে মোট ৪৭,২০৪ কোটি টাকা যোজনা বরাদ্ধ ঠিক করেছেন। এর মধ্যে পশ্চিমবাংলার জন্য বরাদ্দ হয়েছে ৩,৫০০ কোটি টাকা। কিছু প্রকৃত ঘটনা কি? এই বরাদ্দের ব্যাপারে মাত্র ৪টি রাজ্য পশ্চিমবাংলার চেয়ে এগিয়ে আছে। তবুও পশ্চিমবাংলার অর্থমন্ত্রী বলবেন ভারত সরকার সব ক্ষেত্রেই আমাদের সঙ্গে বিমাত্ত্রলত আচরণ করছেন! আজ বে বাজেট উনি পেশ করেছেন—আমরা ভেবেছিলাম আপনারা কম্যুনিষ্ট পার্টির লোক—হয়তো এর মধ্যে সমাজতান্ত্রিক চিন্তা-ভাবনার কথা বলবেন, যদিও তা কার্যকরী করবার কথা বলবেন না। কিছু বাজেটের মধ্যে কোথাও সমাজতান্ত্রিক চিন্তা-ভাবনা দেখতে পেলাম না। উল্টে দেখলাম গরীব মান্থ্যের উপর ট্যাক্স চাপাবার চেষ্টা করলেন। অশোক মিত্র মহাশয় জনগণের 'মিত্র' হবেন ভেবেছিলাম। কিছু দেখা যাছেই উনি তা নন, তিনি জনগণের উপর 'কর' চাপাছ্টেন। কাজেই উাকে অশোক মিত্র না বলে অশোক কর বললে ভাল হোত।

### [3-00-3-10 P.M.]

ষাই হোক উনি বাজেটের যে সমস্ত বই দিয়েছেন, আমাদের যে সমস্ত ইকনমিক রিভিউ-এর বই দেওয়া হয়েছে দেখান থেকে কিছু হিসাব এর আগে মাননীয় সদস্ত জয়নাল আবেদিন সাহেব বলেছেন। তবে ভাবতে অবাক লাগে যে যথন নৃতন করে ৭৫ কোটি ট্যাক্স বসানো হচ্ছে সেই ৭৫ কোটি টাকা দেওয়া হচ্ছে কোথায়? শুধু **ট্রান্সপোর্টে** লোন বাবদ ৭৩ কোটি টাকা দেওয়া হচ্ছে। একটও লজ্জা করে না অর্থমন্ত্রীর ? এই স্টেট ট্রান্সপোর্টে নিজেদের দলের এম. এল. এ-কে চেয়ারম্যান করার জন্মে এই বিধানসভায় আইন পান্টাতে হলো। তাঁকে আপনারা চেয়ারম্যান করলেন চুরি বন্ধ করার জন্ম। কংগ্রেস আমলে নাকি সব চুরি হয়ে যেত, অফিসাররা নাকি সব চুরি করে নিতেন। অতএব নিজের দলের এম. এল. এ-কে দেখানে চেয়ারম্যান করে দাও। চেয়ারম্যান করা হলো, তার জন্ম আইন পান্টাতে হলো। তারপর আবার ভাডা বাড়িয়ে দিলেন। এক পম্মা ভাড়া বাড়াবার জন্ম বিধান রায়কে—ভিয়েনায় তিনি চোথ চিকিৎসা করার জন্ম গিয়ে-ছিলেন—বিনা চিকিৎসায় তাকে ফিরে আসতে হয়েছিল। কারণ সারা পশ্চিমবাংলায় আপনারা এমন **অাগুন জালিয়ে ছিলেন। কিন্তু আ**পনাদের সরকারের তরফ থেকে বাসের ভাড়া বাড়িয়ে দিলেন এবং ভাড়া বাড়িয়ে দেবার পর সেই সি. এস. টি. সি-তে দিতে হচ্ছে ৭৩ কোটি টাকা। এই সব কথা ভাবতে অবাক লাগে। সরকারী প্রতিটি সংস্থাতে ১০৬ কোটি টাকা লোন দিতে

### AP(81-1/84)-122

হচ্ছে। আজকে কি এর জন্ম ইন্দিরা গান্ধি দায়ী? এথানে তো আর চেয়ারম্যান হিসাবে জয়নাল সাহেব নেই. এখনো তো আর চেয়ারম্যান হিসাবে জয়নাল সাহেব নেই, এখানে তো খোদ একজন কমরেড শ্রামল চক্রবর্তীকে বসিয়ে দিয়েছেন। দেখানে জনগনের টাকা নিয়ে তছরুপ করা হচ্ছে। আজকে তার কৈফিয়ত অশোক মিত্র মহাশয় দিন। আমি জানি এর উত্তর উনি দিতে পারবেন না। প্রতিটি ক্ষেত্রে আজকে এই রক্ষ অবস্থা চলছে। সরকার রাজন্ব আদায় করতে পারছে না, তার জন্ম ইন্দিরা গান্ধিকে দারী করছেন। গত আর্থিক বছরে রাজস্ব দা আদায় করার কথা ছিল তার থেকে ৪৫ কোটি টাকা রাজ্য কম আদায় হলো। বলুন না এর জন্ম কে দায়ী ? আপনারা সব সময় একটা আঙ্গুল দেখিয়ে রেখে দিয়েছেন ঐ ইন্দিরা গান্ধির দিকে। জানি ইন্দিরা গান্ধির দামনে গিয়ে আপনারা উন্টো কথা বলেন। ইন্দিরা গান্ধির সামনে যে কথাগুলো বলেন সেইগুলো এই হাউসে কোন দিন বলেন না। সেথানে কড়োজড়ে ক্ষমা চেয়ে বলেন ম্যাডাম আমরা ভুল করেছি, তুমি আমাদের ক্ষমা করো। আমাদের কিছু অর্থনৈতিক সাহায্য করো। এই সব আমরা জানি। আজকে সতি। কথা বললে কমরেডদের রাগ হবে জানি। ওনারা নিজেদের গরীব মাস্থরের প্রতিনিধি বলেন! হঠাৎ শেষকালে রামবাবুর মুখ থেকে গ্রীব মান্তবের কথা শুনলাম। ভাবতে অবাক লাগে যথন ওনারা গরীব মাহুষের কথা বলেন। আপনাদের মুখ্যমন্ত্রীর ছেলে কাল্লার রোল তুললে তাকে বিস্কুটের কারথান। তৈরী করে দেওয়। যায়। সে আবদার করলে তাকে বিষ্ণুটের ফ্যাকটারি করে দেওয়া যায়। পাড়া গাঁয়ের লোক যারা তাদের ছেলেরা যদি কালার রোল তোলে তাহলে সেই ছেলেকে বাজার থেকে একটা চকলেট কিনে দিয়ে সাস্তনা দেয়। কারণ বিস্কৃট কারথানা করে দেবার তো ক্ষমতা নেই। গ্রামাঞ্জে সাধারন মান্লুষের সেই ক্ষমতা নেই। সেই জন্ম তাকে একটা চকলেট কিনে দিয়ে সাস্ততা দেয়। সেটা গরীব মাত্রুষ যাতে না পারে সেই জন্ম চকলেটের উপর ট্যাক্স বসিয়ে দিলেন, গুঁড়ো হুধের উপর ট্যাক্স বসিয়ে দিলেন। জ্বতো পালিশের উপর ট্যাক্স বসিয়ে দিলেন। আমরা অনেকে ট্রেনে যাতায়াত করি। কয়েক দিন আগে একজন ছেলে বলছিল—দে জুতো পালিশ করে—আমি এই জুতো পালিশ করে আমার যে ভাই আছে তাকে পড়াই। আমি তো পড়াশোনা করতে পারিনি, তাই তাকে পড়াই। আমি জুতো পালিশ করে যে পয়সা রোজগার করি তার থেকে ভাইকে পড়াই এবং মায়ের হাতে কিছু দিই, তার থেকে মা আমাদের কিছু থাবার করে দেয়। সেই ছেলেটাও এই ট্যাক্সের হাত থেকে রেহাই পেল না। সেভিং সেটের উপর ট্যাক্স বাড়িয়ে দিলেন। বুঝতে পার্রিচ না আমাদের অর্থমন্ত্রী কি সমাজতন্ত্র আনতে চাইছেন। এই সমস্ত জিনিষের দাম বাডিয়ে দিলেন। প্রতিটি ক্ষেত্রে আমরা জানি সরকারের ব্যর্থতা যথন প্রকাশ পায় তথন সেই ব্যর্থতা ঢাকবার জন্ম কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে দোষারোপ করা ছাড়া ওঁদের আর কোন পথ নেই। আমরা এই ধরনের আজব রাজ্যে রাস করছি। সব ব্যাপারে মনে হয় পশ্চিমবাংলা ইতিহাস স্বষ্টি করবে। শিক্ষা সম্বন্ধে এডুকেশান বাজেটে বলা যাবে। তবুও বলে রাখি ওনারা শিক্ষার ক্ষেত্রে অবস্থাটা কোথায় নিয়ে গিয়ে দাঁড করিয়েছেন ?

মাষ্টার মহাশয়দের মাইনে আপনারা বাডিয়েছেন। আমরাও জানি, মাষ্টার মহাশয়দের মাইনে বাড়িয়েছেন। কিন্তু শুধু মাইনে বাড়ালেই কি শিক্ষার উন্নতি হয়ে যায় ? এরপরে কি হয়েছে একবারও তো দেখছেন না? স্কুলে স্কুলে ছাত্রদের পড়াশোনার একেবাবে বারোটা বাজিয়ে দিয়েছেন। থব বেশীদিন হয়নি আমি স্কুল জীবন শেষ করেছি। ক্লাস ওয়ানেই আমি ভর্ত্তি হয়েছিলাম। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনিও তো এক সময়ে স্কুলের ছাত্র ছিলেন, বলন তো, তথন স্কুলে যে অবস্থা ছিল, এখন তা আছে কিনা? এখন স্কুলের ষ্টাণ্ডার্ড অনেক নীচে নেমে গেছে। এখন একজন ছাত্রকে ক্লাস সিক্স থেকে এ. বি. সি. ডি শিথতে হচ্ছে। আমরা যখন ছাত্র ছিলাম, তখন ক্লাস ওয়ান থেকেই অ, আ; ক, খ শিখতে হত, তখন থেকেই এ, বি, সি, ডি শিখতে হ'ত। শিক্ষার ক্ষেত্রে ক্লাস ওয়ান থেকে ফোর পর্যস্ত ডিটেনশান প্রথা তলে দিয়েছেন, পরীক্ষাতে ফেল করেও অনায়াদে একজন ছাত্র ক্লাস ফোরে পড়েছে। তারপর যথন ক্লাস ফাইভে ভর্তি হতে ঘাচ্ছে, তথন ভর্তি হওয়ার স্মযোগ দে পাচ্ছে না। মার্কদবাদ কি এইভাবে শিক্ষার কথা বলে? আপনারা বলছেন, শিক্ষার মূল্যায়ন করতে হবে। আগে কান্তিবাবু শিক্ষার মূল্যায়ন করার কথা বলেছেন। একজন ক্লাস ওয়ানে ভর্ত্তি হওয়ার পর সে সারা বছর স্কুলে তা দেখার প্রয়োজন আপনারা বোধ করছেন না, তাকে বছরের শেষে উঁচু ক্লাসে তুলে দেওয়ার ব্যবস্থা করেছেন। শিক্ষার অগ্রগতি সম্পর্কে আপনারা ব্যবস্থা নিচ্ছেন। এড়কেশনের হার আপনারা এইভাবে বাড়াতে চাইছেন। কিন্তু একবারও ভেবে দেখার প্রয়োজন বোধ করছেন না যে. ছাত্র এ থেকে কি শিক্ষা লাভ করছে? শিক্ষা ব্যবস্থাকে এইভাবে আপনারা নামিয়ে এনেছেন। ক্লাস ওয়ান থেকে ফোর পর্যস্ত পড়ার পর ছাত্রটি যথন ক্লাস ফাইভে ভর্তি হতে স্কুলে যায়, তথন দেখা যায় সে ভর্ত্তির স্থযোগ পায় না। ভর্ত্তি হবে কোথায় ? এই রেটে ক্লাস ফাইন্ডে ভর্তি হতে চাইলে তারজ্বন্য তো জায়গা চাই। রাইটার্সের ঠাণ্ডা ঘরে বসে ব্যবস্থা নিলে তো ছাত্র ভর্ত্তির ব্যবস্থা করে দেওয়া যায় না। ছাত্র পড়াতে গেলে তারজন্ম চাই শিক্ষক। দলের লোকেদের চাকুরী দেবার জন্ম প্রাইমারী স্কুল আপনারা খুলেছেন, বছ লোককে দেখানে এ্যাপয়েণ্টমেণ্টও দিয়েছেন। মাষ্টার মহাশায়দের মাইনে আপনারা দিচ্ছেন, কোন ক্ষতি নেই। কিন্তু শেষ কালে যাদের জন্ম মাইনে দিচ্ছেন, তাদের অবস্থার কথা একবার চিস্তা করে দেখুন। শিক্ষা ঠিকমত চলছে কিনা সেটা একবার দেখুন। শিক্ষাক্ষেত্রে আপনারা বার্থ হয়েছেন। এই ব্যর্থতার কথা আমরা জানি, আপনারা কথনই স্বীকার করবেন না। দব ক্ষেত্রেই ঢাকা দেবার চেষ্টা করবেন। ইতিহাসের পাঠ্যপুস্তকে আমরা কি দেগলাম? ইতিহাসের পাঠ্য পুস্তকে আমরা দেখলাম ক্লাস সিক্স এবং সেভেনে বিশ্বের ইতিহাস পড়াবার ব্যবস্থা করেছেন। আমরা দেখলাম এর বিরুদ্ধে কোর্টে কেস পর্যস্ত হয়েছে। স্থপ্রিম কোর্টেও মামলা চলছে। এর কারণ কি ? কারণ হচ্ছে, ছেলেদের বেশী বেশী করে বিশের ইতিহাস পড়াবার ব্যবস্থা করেছেন। রাজ্যের ইতিহাস বা ভারতবর্ষের ইতিহাস তারা বেশী করে শিথতে পারবে না।

ছাত্ররা মাও-দে-তুঙ' এর কথা বেশী করে শিখবে, কিন্তু গান্ধীজীঃ কথা জানবে না এই ব্যবস্থা আপনারা রেখেছেন। প্রত্যেকটি ক্ষেত্রেই আপনারা ব্যর্থ, একথা স্বীকার করবেন না। রাজ্য সরকার বলচেন, তাঁরা অনেক কিছতেই উন্নতি ঘটিয়েছেন। খাত্তশস্তের ফলন রেকর্ড পরিমাণ করেছেন। শিল্পের ক্ষেত্রে প্রভৃত অগ্রগতি ঘটিয়েছেন। মাননীয় হৃষিকেশ বাবু বলেছেন মনোপলি বুর্জোয়ার কথা। আমার লেখাপড়া বা জ্ঞান কম। তবে মনোপলি বুর্জোয়া বলে কোন শব্দ আমি পাইনি। উনি এ ল্যাংগোয়েন্দ্র কোথায় পেয়েছেন তা জানি না। জানলে উত্তর দিতে পারতাম। শিপ্লের অগ্রগতি সম্পর্কে অনেক কথা বলেছেন। এই প্রসঙ্গে আমাদের একজন মাননীয় সদস্যের আন-ন্টার্ড প্রশ্নের উত্তরে (১৩ই মার্চ, ১৯৮৪) মাননীয় শিল্পমন্ত্রী উত্তর দিয়েছেন During the period between 1972 to 1977, 373 Letters of Intent and 383 Industrial licences were granted এটা হচ্ছে ৭২-৭৭ সাল পর্যন্ত। During the Corresponing period between 1978 to 1983 only 245 Letters of Intent and 216 Industrial licences were granted to West Bengal. এরপরেও বলবেন শিল্পে অগ্রগতি হয়েছে ? এরপরেও কি বলবেন কংগ্রেসীরা কিছু করেনি ? স্মাপনারাই তো এখানে লিখিত উত্তরে একথা জানিয়েছেন। হাওডাকে শিল্প উপনগরী হিসাবে আমরা জানি। এক সময়ে এই জেলাকে বলা হ'ত বার্মিংহাম। দেখানে শিল্পের আজ কি অবস্থা আমরা দেখতে পাচ্ছি ? বিচ্যাতের উৎপাদনকে আজ কোথায় নিয়ে এসেছেন আপনারা ? সারা পশ্চিমবাংলায় আজ বিচ্যুতের হাহাকার দেখা দিয়েছে। চটকল এখন ধর্মঘটের আওতায়, বিদ্যাৎ দেখানে ব্যবহৃত হচ্ছে না। তা সত্তেও গৃহস্থ বাড়ীতে বিদ্যাতের যোগান দিতে পারছেন না। সব জায়গাতেই চলচে লোডশেডিং। প্রথম তিন. চার বছর মারুষের কাছে বলেছেন, এরজন্ম আগের সরকার দায়ী। তারা কিছু করেনি, সমস্ত কিছু নষ্ট করে রেখে গেছে। কোলাঘাট' এর বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র করা হয়নি বলে কংগ্রেস সরকারকে দোষ দিয়েগেছেন। জ্যোতিবাবু অবশ্র পরে বলেছেন, না, এরজন্ত দায়ী আমাদের সরকারী কর্ম-চারীর গাফিলতি। এরজন্তই আমাদের লোকসানের মাত্রা বেড়েছে। শিল্পের অবনতির জন্ত আপনারা ঠিকভাবে উত্তর দিতে পারছেন না। বিচাৎ সংকট আক্ষ রাজ্য সরকারের আয়ত্বের বাইরে চলে গেছে। কল-ক: থানায় আজ ধর্মঘট চলছে, কোথাও মীমাংসা হতে দেখা যাচ্ছে না। শ্রমিকরা আজ চরম অবস্থার সম্মুখীন। একদিন আপনারা শ্রমিকদের সাথে ধর্মঘটের সামিল হয়ে লডাই করেছেন. তারাই আপনাদের মন্ত্রীত্বে বসিয়েছেন। আজ সেই সব শ্রমিকদের আপনারা ভলে গেছেন। কারখানার শ্রমিকরা আজ্ঞলভাইয়ে মালিকদের কাচে পরাস্ত হচ্ছে, অথচ আপনারা তাদের পাশে থাকতে পারছেন না। আমরা জানি, সরকারী ক্ষমতায় থাকলে এই রকম হয়। আপনাদেরও তাই হয়েছে। মার্কসবাদ এই ব্যাপারে কি বলে ? আপনাদের সেই আগের বিপ্লবের কথা কোথায় গেল ? কংগ্রেসীরা শিল্পের বা রাজ্যে স্টেডিয়াম নির্মাণের জন্ম কিছু করেনি বলে বলেছেন। কিন্তু আপনারা আজ কি করছেন? ঠাণ্ডা ঘরে থেকে বিপ্লবের সব বাণী ভূলে যেতে বসেছেন। গ্রামাঞ্চলের গরীব মাত্ময় আপনাদের নির্বাচনে জন্নী করেছেন, তাদের কথা এথন ভূলে গেছেন।

তাদের আর্থিক অবস্থার কথা একবারও ভাবতে চাইছেন না। শুধু বারবার ভাঙা রেকর্ড বাজিয়ে চলেছেন কেন্দ্র দায়ী।

# [ 3-10-3-45 P. M. including adjournment ]

আমরা দেখেতি কিছুদিন আগে পূর্ত মন্ত্রী মহাশয় উত্তর দিচ্ছেন টাকা নেই, কিছু করতে পারব না। তাহলে টাকাগুলি যাচ্ছে কোণায় ? আপনি বলুন পি ডবলু ডি থেকে কত মাইল নতুন রাস্তা তৈরী হয়েছে ? আমার জেলায় তো এক মাইলও নতুন রাস্তা তৈরী হয়নি। আপুনারা ৭ বছর ক্ষমতায় রয়েছেন, এই ৭ বছরে একটাও নতুন রাস্তা তৈরী করতে পারলেন না। বরং কংগ্রেষ সরকার যে রাস্তা তৈরী করে গিয়েছিলেন সেই রাস্তা মেন্টেন পর্যন্ত আপনার। করতে পার্ছেন না। আমি ৩৪ নং জাতীয় সভকে গিয়েছিলাম, সেখানে দেখেছি রাস্তার এমন অবস্থা যে লরী যেতে পারছে না। দেখানে পিচের বদলে বাঁকুড়া থেকে লাল মাটি এনে বিছিয়ে দেওয়। হচ্ছে। আমরা যা করেছিলাম দেওলি আপনারা যদি মেননেট করতে পারতেন তাহলে আজকে এই অবস্থা হত না। প্রতিটি ক্ষেত্রে আপনারা ব্যর্থ হয়েছেন। আমরা ছাত্র অবস্থায় শুনেছিলাম যে পুলিশ খাতে থরচ কমাতে হবে, শিক্ষা থাতে ব্যয় বাড়াতে হবে। কিন্তু পুলিশ বাজেট আমাদের চেয়ে অনেক বেশী বাড়িয়েছে। এথচ আছকে আইন-শৃঙ্খলা পরিস্থিতি কোখায় এদে দাঁড়িয়েছে দেখুন--কালকে যে ঘটনা ঘটল ভাতে একজন ডি সি-কে পর্যন্ত খুন করা হয়েছে। এই অব্স্থা সারা পশ্চিমবঙ্গে চলছে। প্রত্যেকটি জায়গায় এই রক্ম একটা অরাজক অবস্থা চলছে। মাননায় মুখ্য মন্ত্রী মহাশয় কিছুদিন আগে কত থুন হয়েছে তার উত্তর দিয়েছেন। অথচ পুলিশ বাজেটে আমরা প্রাচুর টাকা দিয়ে যাচ্ছি। তারপর কংগ্রেস আমলে ছুর্নীতি যেগুলি হয়েছে দি পি এম'র আমলে ভার চেয়ে অনেক বেশী তুর্নীতি হয়েছে। কংগ্রেস আমলে মন্ত্রীর বিরুদ্ধে কোন তুর্নীতির অভিযোগ এলে তাঁর বিক্তমে ওয়াংচ কমিশন করা হয় কিন্তু আপনাদের মন্ত্রীর বিক্তমে কোন চুর্নীতির অভিযোগ এলে আপনার। দেই অভিযোগের তদন্ত করেন না। আমরা জানি এইসব ব্যর্থতা আপনারা স্বীকার করবেন না। শ্রীমতী ইন্দিরা গান্ধী আই আর ডি পি এন আর ই পি প্রোগ্রামে কোটি কোটি টাকা দিয়েছেন, আপনারা দেখানে কি কান্ত করেছেন। এই স্কীমের মাধ্যমে প্রতি ব্লকে ৬ শো জন লোকের থাবারের ব্যবস্থা হবে, আই আর ডি পি স্কীমের মাধ্যমে তাদের কাজ দেওয়ার ব্যবস্থা হবে, আপনারা সেই টাকা আত্মদাৎ করলেন। পঞ্চায়েতের মাধ্যমে গ্রামের গরীব মান্তবের কাছে ক্ষণতা বিলিয়ে দিয়েছেন, কিন্তু জিজ্ঞাস। করতে পারি কি গ্রাম পঞ্চায়েতের কোন প্রোগ্রামের মধ্যে ষ্টেট গভর্ণমেন্টের কোন প্রোগ্রাম আছে কিনা ? সমস্ত সেনটার গভর্ণমেন্ট প্রোগ্রাম। জেলায় এন আর ই পি প্রোগ্রাম বন্ধ হয়ে গেছে, কারণ, হিসাব দিতে পারছেন। ইন্দিরা গান্ধী যে কোটি কোটি টাকা দিয়েছেন সেই টাকা আপনারা

তছরপ করেছেন। আপনারা পঞ্চায়েতের মাধ্যমে গ্রামের গরীব মান্থ্যের কাছে ইন্দিরা গান্ধীর দেওয়া কোটি কোটি টাকা পৌছে দিতে পারলেন না। সেই টাকা যদি মান্থ্যের কাছে পৌছে দিতে পারতেন তাহলে গ্রামবাংলার প্রচুর উরতি হত। আমাদের হুর্ভাগ্য যে পশ্চিমবঙ্গে এমন একজন এর্থমন্ত্রী এদেছেন যিনি পশ্চিমবঙ্গের গরীব মেহনতী মান্থ্যের হুঃথ কষ্টের কথা বোঝেন না, গ্রামের গরীব মান্থ্যের হুঃথ হুর্দশা কি করে দ্র করতে হয় সেই কথা চিন্তা করেন না। তিনি জনগণ কর্তৃক পরিত্যক্ত হলে ওয়েষ্টার্প কাণ্টিতে চলে যাবেন কিন্তু আমাদের এই দেশে থাকতে হবে, আমাদের এই দেশের কথা চিন্তা করতে হবে। সেজ্যু আমরা তাঁর এই বাজেটের বিরোধিতা করিছি।

(At the stage the House was adjourned till 3'45'p. m)

[ 3-45-3-55 P. M.]

( After adjournment )

#### Financial

Presentation of Supplementary Estimates for the year 1983-84.

Dr. Ashok Mitra: Sir, I beg to present the Supplementary Estimates for the year 1983-84.

Mr. Speaker: The notices of Cut Motions on the Supplementary Estimates for the year 1983-84 will be received in this Secretariat upto 2 P. M. on the 22nd March, 1984.

প্রীসরল দেবঃ মিঃ স্পীকার স্থার, আমি আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশন্ন যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করছে গিয়ে ত্-চারটি কথা বলতে চাই। বিগত তু দিন ধরে বিরোধী দলনেতাদের বক্তৃতা গভীর মনোযোগসহকারে শুনলাম। সবচেয়ে তুর্ভাগ্যের কথা এস. ইউ. সি. দলের বক্তৃতা, যারা আন্তর্জাতিকতাবাদে, মার্কসবাদে বিশ্বাস করেন। তারা কি করে ভাবলেন যে পশ্চিমবাংলার আলাদা একটা সমাজতান্ত্রিক বাজেট পেশ করতে পারে? বিশ্ব প জিবাদীর সাথে ভারতবর্ষের অর্থনীতি গাধা বোটের মত জড়িয়ে আছে এবং তা থেকে পশ্চিম-

বাংলা কথনই রেহাই পেতে পারে না। আমি একটার পর একটা ঘটনা উল্লেখ করে বলতে চাই যে এই কিছুক্ষণ আগে মান্নান সাহেব বললেন কেন্দ্রীয় সরকার টাকার পর টাকা দিয়ে যাচ্ছেন আর আমরা তাদের উপর দোযারোপ করে যাচ্ছি। কেন্দ্রীয় সরকার টাকা দিছেন ঠিকই—কিছ্ক কিভাবে? আমি সে সম্বন্ধে পরে আসছি। গত ১৯৮২-৮৩ সালে প্রচণ্ড থরা হয়েছে — কিছ্ক তা সম্বেও এথানে ৫৮ লক্ষ মেট্রিক টন থাত উৎপাদন হয়েছে, ১৯৮৩-৮৪ সালে ৮৫ লক্ষ মেট্রিক টন থাত উৎপাদন হয়েছে, ১৯৮৩-৮৪ সালে ৮৫ লক্ষ মেট্রিক টন থাতাশস্ত হয়েছে। এর পরেও ওঁরা বলছেন পশ্চিমবালো গোল্লায় গেল। তার পর ওঁরা বলছেন যে এথানে রাজ্য চলছে কেন্দ্রীয় সরকারের অফুদানে। আর কেন্দ্রীয় সরকারের অফুদানেই তো পশ্চিমবালো চলছে। আপনারা দেখুন যন্ধ্র যোজনা থাতে মাথাপিছু গুজরাট পেয়েছে ৫৬ টাকা, হরিয়ানা পেয়েছে ৪৬ টাকা সেথানে পশ্চিমবালো পেয়েছে মাত্র ৩২ টাকা। এই সব বললে ওঁরা বলবেন গালি দেওয়া হছে। ওঁরা বলছেন পশ্চিমবালায় ভরতুকি দেওয়া হছে। কিন্তু কেন্দ্রীয় সরকার এথান থেকে ইনকাম ট্যাক্স, পণ্য গুল্ক, করপোরেসন ট্যাক্স ইত্যাদি সব নিয়ে ৬৯৩১ কোটি টাকা তুললেন।

আর রাজ্যগুলিকে কি দিলেন ? ১ হাজার ৫৩৩ ৭২ কোটি টাকা। ভারপর বললেন ভরতকি দেওয়া হচ্ছে। রিজার্ভ ব্যাংকের রিপোর্ট বলছে পশ্চিমবাংলায় শ্রমিক অশান্তির জন্ম ২% ইউনিট বন্ধ আছে, অথচ ওরা বলছেন শ্রমিক অশাস্তির জন্ম পশ্চিমবাংলায় শিল্প বিকাশ ঘটছে না। স্থতরাং ১৭৬২ কোটি টাকার ঘাটতি বাজেট করলেন। ওথানকার ঘাটতির জন্ম কেন্দ্র নোট ছাপাতে পারে, কিন্তু রাজ্যের নোট ছাপাবার অধিকার নেই। বিগত ৩ বছরে কেন্দ্রীয় সরকার ১০ হাজার কোটি টাকার নোট ছাপিয়েছেন। এতে মন্ত্রাফীতি হবে না? এর জ্বাব কে দেবে, রাজ্য সরকার এর জবাব দেবে ? এত টাকার নোট ছাপালেন—সার রাজ্যগুলির ওভারভাফট ইত্যাদি মিলিয়ে ২৫০০ কোটি টাকা হয়েছে। ১০ হাজার কোটি টাকার নোট ছাপালেন, এছাড়া কালো টাকার হিমাব বহিভূতি—কেউ বলছেন ২০ হাজার কোটি, কেউ বলছেন ৫০ হাজার কোটি। ওরা ২৫ হাজার কোটি টাকা বৈদেশিক ঋণ নিলেন। আই এম. এফ. লোনের শেষ কিন্তি নিলেন না ও ওরা ফরেন ব্যাংক, প্রাইভেট ব্যাংক থেকে লোন নিলেন। ১৯৮৩-৮৪ সালের দিল্লী বাজেটে প্রণববাবু বলেছেন রেকর্ড প্রোডাকসান হয়েছে। কিন্তু পণ্য দ্রব্যের দাম হোলসেল প্রাইস ১০ শতাংশের উপর বেড়ে গেল। উৎপাদন বাড়ল, অথচ জিনিসের দাম কমছে না। পশ্চিমবাংলা ভারতবর্ষের একটি অঙ্গরাজ্য। কেন্দ্র একটা পুঁজিবাদী অর্থনীতি অনুসরণ করবেন, আর আমরা একটা ফুন্দর বাজেট পেশ করব, তা কেমন করে হয় ? পশ্চিমবাংলার অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেটা সর্বাঙ্গস্থন্দর একটা সমাজতান্ত্রিক বাজেট হয়েছে, এই কথা আমরা কথন বলিনি। আমি আগেই তথ্য দিয়ে বলেছি যেহেতু আন্তর্জাতিক প্রন্ধিবাদের সঙ্গে ভারতবর্ষের অর্থনীতি গাধা বোটের মত বাঁধা আছে, সেই

জন্ম আমরাও এর সঙ্গে জড়িত আছি। সেই জন্ম ফীতি ঘটছে। ২৫ হাজার কোটি টাকা বৈদেশিক ঋণ নিলেন, আই. এম. এফ. লোন নিলেন, তারপর দ্বিগুণ টাকা ফরেন ব্যাংক, প্রাইভেট ব্যাংকের কাছ থেকে নিলেন। রেকর্ড প্রোডাকসান করলেন, অথচ কনজিউমার প্রাইস দ্বিগুণ বেড়ে গেল। ২০ মিলিয়ন বেকার, যারা এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্চে নাম লিথিয়েছে। এছাড়া শহর, গ্রামের এমন বহু সংখ্যক বেকার আছে যারা নাম লেখায় নি। ওরা এই সব কথার ধারে কাছেও গেলেন না স্থার, আপনি জানেন শ্রীমতী গান্ধী ক্ষমতায় এসে বলেছিলেন আমরা মূলা-স্ফীতি বন্ধ করব। জনতা সরকার গোটা ভারতবর্ষকে গোল্লায় দিয়ে গেছে। কিন্ধ বিগত ৩ বছরে ওরা ১৫ হাজার কোটি টাকার ঘাটতি দেখিয়েছেন। মূদ্রাফীতি হবে না? অশোকবাবু অর্থনীতিবিদ্ হোন, আর যাই হোন পুঁজিবাদী অর্থনীতির রথচক্রে যেথানে তারা নিস্পেশিত হচ্ছেন দেখানে উনি কেমন করে পি. সি. সরকারের যাতু দেখাবেন ? ওদেরই আশীর্বাদপুষ্ট টাটা কোম্পানীর টাকা বেড়েছে কত ? ২ হাজার ৪৩০ ৮০ কোটি টাকা হয়েছে। বিড়লার ২ হাজার ৪·৭৪ কোটি টাকা হয়েছে, নির্বাচনী তহবিলে এরা টাকা দেয়। জে. কে. সিংহানিয়ার ৬২০ ৩১ কোটি, মফতলালের ৬১০ ৬৯ কোটি টাকা, রিলায়েন্সের ৫২ ৭৪ কোটি টাকা, থাপার ৪৬৪ ৫৫ কোটি টাকা হয়েছে। এই সব পরিবারের টাকা ক্রমশঃ বেড়েই চলেছে। এই সব পরিবারের টাকার পরিমাণ স্বাধীনতার পূর্বে কত ছিল ? কারো ৬০০ কোটি টাকা, কারো ৫০০ কোটি টাকা, কারো ৪৪৫ কোটি টাকা ছিল। স্বাধীনতার পরে এই অবস্থা দাঁড়িয়েছে। ওরা বঙ্গছেন রাজ্যসরকারের সমস্ত দায় দায়িত্ব—ওরা ৩ বছরে পরপর ৪ বার এ্যাডমিনিষ্ট্রেটিভ অর্ডারে পেট্রল, ডিজেলের দাম প্রাইস বাড়িয়েছেন, ট্রেনের ভাড়া বৃদ্ধি করেছেন। এগুলি হতে বাধ্য। তারপর ওরা বলছেন বিদ্যুৎ বিভ্রাটের জন্ম পশ্চিমবঙ্গের শিল্প বিকাশ ঘটছে না। আমি ৭ বছরের হিসাব দিচ্ছি না, তু বছরের হিসাব দিচ্ছি যে এই সরকার ক্ষমতায় আসার পরে পশ্চিমবঙ্গের কি উন্নতি হয়েছে। বিগত ২ বছরে এথানে ১০০টি মাঝারি শিল্প, ১ হাজার ৭৭৪টি কুটির ও ক্ষুত্র শিল্প স্থাপিত হয়েছে।

# [ 3-55-4-05 P. M. ]

মাদার ইনভাষট্রিজ যেগুলি ডেভালপ করতে পারতো সেগুলি করলো না। দেশটা ষে দলের থেকেও বড়, তুর্ভাগ্য আমাদের কংগ্রেসীরা তা বুঝলেন না। ঐ কংগ্রেসী বন্ধুরা ধারা বারবার পশ্চিমবঙ্গের মামুষের কাছে যান তারা একবারও শ্রীমতী ইন্দিরা গান্ধীকে বললেন না ষে দন্ট লেকে যে একশো একর জমি রাথা আছে ইলেকট্রনিকসের কারথানা করার জন্ম তা করা হোক। হলদিয়াতে যে পেটো কেমিক্যাল কমগ্রেক্স করার কথা আমরা বারবার বলেছি সেটা এখনও হচ্ছে না। বারবার সেথানে কেন্দ্র বলছেন প্রান এষ্টিমেট পান্টাও। অরিজিন্তালি প্রানটা ছিল ৪২৮ কোটি টাকার কিন্ধু প্রাইস এসকালেসানের জন্ম সেই প্রানটা আজকে দাঁড়িয়েছে ৭০০

কোটি টাকায়। ওরা বলছেন, পশ্চিমবাংলা সীমান্ত রাজ্য, বাংলাদেশের সঙ্গে এর সীমান্ত রয়েছে অথচ আমরা জানি বাংলাদেশ আমাদের বন্ধ রাষ্ট্র। দেখানে গুজরাটের দক্ষে পাকিস্থানের সীমান্ত থাকা সত্ত্বেও সেথানে তা করা গেল অথচ আমাদের এথানে করা হল না। ১৯৭৮ সালের পর সেখানে তু তুটো পেট্রো কেমিক্যালস গড়ে উঠলো অথচ আমাদের এথানে হল না। হলদিয়া রিফাইনারির সম্প্রদারনের কথা বারবার আমরা বলেছি সেটা কিন্তু হল না অথচ মথুরা আমাদের অনেক পরে হলেও তা দিগুন সম্প্রদারিত হল। হুর্ভাগ্য আমাদের কংগ্রেসী বন্ধুরা এসব কিছুই দেখতে পেলেন না। কথায় বলে যাদের জন্ডিস হয় তারা সব পরিষ্কার দেখতে পায় না। এক কান কাটা গ্রামের বাইরে দিয়ে যায় আর ছু কান কাটা গ্রামের মার্কথান দিয়ে যায়। ওরা বললেন, এবারে প্রণব মুখার্জী মহাশয় যে বাজেট পেশ করেছেন তা নাকি ধুগান্তকারী বাজেট। উনি ১৮০ কোটি টাকা ইনকাম ট্যাক্সে রেহাই দিয়েছেন। সেথানে সেই টাকার মধ্যে যে মাত্র ৫৬ কোটি টাকা চাকরিজীবীদের ক্ষত্রে এবং বাকি টাকাটা ঐ টাটা, বিডলা, সিংহানিয়া প্রমুখদের ক্ষেত্রে রেহাই দেওয়া হয়েছে সেকথা ওরাবললেন না। স্থার, এই যেথানে অবস্থা সেথানে এই ধনবাদী সমাজ ব্যবস্থার মধ্যে থেকেও পশ্চিমবাংলার লোকের মাথাপিছু আয় কিন্তু বেডেছে। মাথাপিছু আন ষেথানে ছিল ৭১২ টাকা দেটা ১৯৮৩-৮৪ সালে তা হয়ে দাড়িয়েছে ৭৬১ টাকায়। বিহুতের ব্যাপারে ওরা অনেক কথা বলেছেন, আমি বলি, ডাঃ বিধান চন্দ্র রায়ের মৃত্যুর পর ১৯৬৫ থেকে ১৯৭৫ বিদ্যাতের জন্ম ওরা কিছুই করেন নি এবং তার জ্বাবদিহি আজও আমাদের করতে शक्ता आमि करमुक्ति পরি**সংখ্যান দিচ্ছি। ১৯৭**০-৭১ সালে যেথানে আমাদের ইনস্টল্ড ক্যাপাসিটি ছিল ১ হাজার ৫৩০ মেগাওয়াট এবং ১৯৭৬-৭৭ সালে ইন্দিরা গান্ধীর জকরী অবস্থার সময় তিনি যথন বলেছিলেন কথা কম. কাজ বেশী তথন যেটা হয়েছিল ১ হাজার ৬২৫ মেগা ওয়াটে আজকে ১৯৮৩-৮৪ সালে সেই ইনসটল্ড ক্যাপাসিটি হয়েছে ২ হাজার ৫৫৩ মেগা ওয়াটে।

আমরা জানি প্রয়োজন যা তার তুলনায় এটা যথেষ্ট নয় কিন্তু তা সজেও বলব আমাদের সময় এটা অনেক বেড়েছে। ১৯৬৫-৭৫ সাল এই ১০ বছর ঐ কংগ্রেসী, যারা ক্ষমতায় ছিলেন তারা কিছুই করেন নি, আজকে তার জ্বাবদিহি আমাদের করতে হচ্ছে। আমি তথ্যের জাল দিয়ে দেখাতে পারি আমাদের এখানে ইনভাষ্ট্রিজ সামাত্ত বেড়েছে কিন্তু তবুও একথা বলব, এটা ঠিক, সারা ভারতবর্ষের তুলনায় ইনভাষ্ট্রিয়াল প্রভাকসান আমাদের বাড়েনি। এর কারণ কিন্তু আমাদের কংগ্রেসী বন্ধুরা একবারও বলেন নি। আমাদের যে ট্রাভিশ্যাল ইনভাষ্ট্রিজ, চটশিল্প সেই চটশিল্প সম্পর্কে আমরা বারবার রাজ্যসরকারের পক্ষ থেকে বলেছি যে ২০০ কোটি টাকা রিজার্ড ব্যাংক থেকে তাদের দেওয়া হোক মর্ডানাইজেসানের জন্য দেওয়া হইয়াছিল কিন্তু মালিকরা তা কিছুই করেন নি। এই চটশিল্পের সঙ্গে শুধু ২॥ লক্ষ শ্রমিকই জড়িত নন, এর সঙ্গে ৪০ লক্ষ পাটচায়ী এবং গোটা পূর্ব ভারতের অর্থনীতির প্রশ্নও জড়িত। আমরা এই বিধানসভা থেকে প্রস্তাব

গ্রহন করে সমস্ত দলের পক্ষ থেকে প্রতিনিধি গিয়ে ভারতবর্ষের প্রধানমন্ত্রীকেও এ সম্পর্কে বলেছিলাম, তিনি বলেছিলেন, ইঁা, আমি এগজামিন করবাে কিন্তু তার ফলশ্রুতি আজও দেখতে পেলাম না। ৪০/৫০ লক্ষ লােকের জীবিকার প্রশ্ন যার সঙ্গে জড়িত সেই বিষয় সম্পর্কে ভারতবর্ষের প্রধানমন্ত্রীর স্থাচিস্তিত মতামত পশ্চিমবাংলা তথা পূর্ব ভারতের মান্থ্রবা জানতে পারলাে না। তিনি নির্বিকার।

আর ওরা বারে বারে বলছেন, আমরা নাকি কেন্দ্রের বিরুদ্ধে বিষোদগার করছি। আমরা একথা মনে করি এবং আমাদের মেডিকেল সায়েন্দে এই কথা বলে যে একটা মান্নুষের সারা দেহে যদি রক্ত না থেকে ভুধু মুখমগুলে রক্ত থাকে তাহলে সেই মাতুষটাকে স্বস্থ মাতুষ বলতে পারি না, সেই মাহুষকে বলি অস্তম্ব মাহুষ। আজকে ঠিক তেমনি ভাবে গোটা ভারতবর্যের রাজ্যগুলি যদি ছুর্বল হয়, রাজ্যগুলির অর্থনীতি যদি ভেঙ্কে পড়ে তাহলে সেই ছুর্বল রাজ্যগুলি রেখে একটা শক্তিশালী কেন্দ্র গড়ে তোলা যায়না। তাই আমরা বারে বারে বলেছি যে রাজ্যগুলির হাতে অধিক ক্ষমতা দিতে হবে। ১৯৭৭ সাল থেকে আমরা যে কথা বলে আস্ছিলাম, আজকে কেন্দ্রীয় সরকার বাধ্য হয়ে সরকারিয়া কমিশন বসিয়েছেন এবং সেই কমিশন বসানোর পরে গত বছর আমরা কিছু টাকার অংক বেশী পেয়েছি। কাজেই আমাদের বক্তব্যে যে যুক্তি ছিল সেটা এ থেকে বোঝা যায়। আমরা শুধু কেন্দ্রের বিরুদ্ধে জিগির তুলি এটা সঠিক কথা নয়। আমাদের মাননীয় অর্থমন্ত্রী, অশোকবাবু যে বাজেট এথানে পেশ করেছেন, সেই বাজেটের মধ্যে দিয়ে পশ্চিম-বাংলার নিপীড়িত, পদদলীত মান্ধবের সমস্ত সমস্থার সমাধান হয়ে যাবে পি. সি. সরকারের ষাত্বর মত-একথা আমরা বলিনা। এই ধরণের একটা পু<sup>\*</sup>জিবাদী সমাজ ব্যবস্থার মধ্যে দিয়ে এর থেকে আর কি ভাল বাজেট তৈরী হতে পারে ? আমি ওদের কাছে জানতে চাই। গতকাল সত্য বাপুলী মহাশয় কিছু না পড়ে শুনে কতকগুলি বস্তাপচা বুলি এখানে বলে গেলেন। তিনি বলেছেন. পরিকল্পনা থাতে আমরা নাকি টাকা কমিয়ে দিয়েছি। না, আমরা শিক্ষকদের বেতন বাড়িয়েছি। আমরা শিক্ষা থাতে ৪১৮ কোটি টাকা থরচ করছি এবং সে জন্ম আমরা গর্বিত। আজকে মূল্যবোধগুলি ইরোডেড হচ্ছে। ওরা যে সব কথা বলছেন, তার মধ্যে কি ওদের শিক্ষক নেই ? হ্যা, আছে। আজও অনেক শিক্ষক আছে এবং তাদের মধ্যে কিছু কিছু ক্রটি বিচ্যুতি দেখা দিয়েছে। কিন্তু তার জন্ম সকলকে দায়িত্ব গ্রহণ করতে হবে। শুধু মাত্র শিক্ষক মহাশয়রা পড়ান না, শুধু মাত্র সরকারী কর্মচারীরা কাজ করেন না, এই সব কথা বলে দায়িত্ব এড়ান ছাড়া আর কিছু নয়। ওরাতো এতকাল ক্ষমতায় ছিলেন। সেদিন কেন্দ্রে এবং রাজ্যে কংগ্রেস সরকার থাকা সত্তেও পশ্চিমবাংলা বারে বারে বঞ্চিত হয়েছে। আমি কংগ্রেসী বন্ধুদের জিজ্ঞাসা করি, ষধন ব্রীটিশ এই দেশ থেকে চলে যায় তথন আমরা শিল্পে ছিলাম প্রথম, আজকে কেন চতুর্থ হয়েছি ? সেদিন শিক্ষায় আমরা খিতীয় ছিলাম, আজকে কেন খাদশে গেছি ? এর জবাবদিহি কে করবে ? এর জবাবদিহি কি আমাদের করতে হবে ? কাজেই শুধু মাত্র আইন-

শৃশ্বলার কতকগুলি কথা বলে বাহবা পাওয়া যেতে পারে, সংবাদপত্তের হেডলাইন পাওয়া যেতে পারে, তাছাড়া আর কিছু নয়। আজকে যে প্রশ্ন এসে দাঁড়িয়েছে সেটা হচ্ছে, ভারতবর্ধের অর্থনাতি আজকে বিদেশী পুঁজিবাদীদের সঙ্গে গাঁটছড়া বাঁধছে। তাই তার সংকট ঘনিস্ভূত হচ্ছে। আজকে গোটা ভারতবর্ধ জুড়ে সংকট দেখা দিয়েছে। প্রণববাবু দেদিন বাজেট বক্তৃতায় বলেছেন, 'এবার সারা ভারতবর্ধ রেকড প্রোডাক্সান হয়েছে।' তাই যদি হবে তাহলে এই অবস্থা এসে দাঁড়িয়েছে কেন ? ওরা বলেছেন যে আমরা নাকি পরিকল্পনা থাতে টাকা কমিয়ে দিয়েছি। আমি ওদের একটু বলি। ১৯৭৬-৭৭ সালে যেখানে ৩১ ৫২ শতাংশ থরচ করা হয়েছে এবং ১৯৭৭-৭৮ সালে ৩১ ৮১ শতাংশ থরচ করা হয়েছে, সেখানে ১৯৮০-৮১ সালে ৩৩ ৪৭ শতাংশ আমরা থরচ করতে পেরেছি। ১৯৮১-৮২ সালের অভূতপূর্ব থরাতে পরিকল্পনা থাতে একটু কমে গিয়েছিল। আবার ১৯৮২-৮৩ সালে ৩১ ৫২ শতাংশ আমরা থরচ করতে প্রেছি।

## [ 4-05-4-15 P.M. ]

কেন্দ্র নোর বার চাপ দিয়েছে যে আমরা কেন ওভার ডাফট করেছি। রাজ্যগুলির যা ন্যায় অংশ, এই রাজ্যগুলি থেকে কেন্দ্র টাাক্স যা নেয় তাতে আমরা আমাদের ন্যায়্য অংশ পাচ্চি না। জনসংখ্যার ৮ শতাংশ--গোটা ভারতবর্ষের জনসংখ্যার পশ্চিমবাংলায়, বিশ শতাংশ বেকার এই পশ্চিমবাংলায় রয়েছে। কংগ্রেদী বন্ধদের স্মরণ করিয়ে দিতে চাই দেই পুরনো দিনের কথা। এই পশ্চিমবঙ্গের উপর প্রায় এক কোটির মত ছিন্নমূল মাত্রুষ অপর বাংলা থেকে এসেছে। তথন আপনারা তাদের দায় দায়িত্ব নেবেন বলেছিলেন, কিন্তু তাদের উপর আপনারা কতটুকু সহায়ভুতি দেখিয়েছেন ? আজ পশ্চিমবঙ্গের এনিমি প্রোপাটির জন্ম বোম্বেডে যেতে হয়, অপর বাংলা থেকে য<sup>া</sup>রা তাদের বাপ ঠাকুদার সম্পত্তি ছেড়ে এসেছেন এদেশে হেড অফিস ওথানে তাদের ক্ষতিপ্রণের দাবী জানাতে গেলে বোম্বেতে যেতে হয়। অন্তুত কথা। লচ্ছা করে না? যথন দেশ ভাগ করেছিলেন তথন তো বলেছিলেন যে আপনারা তাঁদের দায় দায়িত্ব নেবেন। স্বাধীনতার বেদীযুলে যাঁরা আত্মত্যাগ করেছেন তাঁদের দায় দায়িত্ব আমরা বহন করব। সেজন্ত আজকে পশ্চিমবঙ্গের স্থাটুরেটেড অবস্থা দাঁড়িয়েছে। আজকে আপনারাই পশ্চিমবক্ষের অর্থনীতিকে ভাঙ্গছেন, পশ্চিমবঙ্গের অর্থনীতি ভেঙ্গে পড়ছে আপনাদেরই জন্তা, আজকে কি বামক্রণ্ট সরকার সেই দায়িত্ব নেবে ? মাননীয় সদস্তাণ শ্রীআবত্ন সাস্তার, ডাঃ জয়নাল আবেদিন, শ্রীণতা বাপুলী মহাশয় তাঁরা বারবার বলেছেন আজ অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট এনেছেন দেই বাজেট হচ্ছে পশ্চিমবঙ্গের সর্বনাশা বাজেট। তাই এঁরা নাকি তার বিরোধীতা করেছেন। আমি জিজ্ঞাসা করি, প্রণব বাবুর বাজেট, গোটা ভারতবর্ষের বাজেট সেটা কি স্থন্দর বাজেট ? আমি বলি সেটা হচ্ছে একটা নির্বাচনী বাজেট। এই ধনবাদী সমাজ ব্যবস্থার মধ্যে আমাদের অর্থমন্ত্রী মহাশন্ত্র যে বাজেট পেশ করছেন তাতে ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের যে বাজেট তারই মধ্যে একটু ভাল বাজেট তিনি পেশ

করেছেন, সেজভা আমি অর্থমন্ত্রী মহাশয়ের এই বাজেটকে সমর্থন করে আমি আনার বক্তব্য শেষ করছি।

শ্রীদেব শরণ যোবঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ১৯৮৪ এবং ১৯৮৫ সালের যে ব্যয় বরান্দ দাবী এই সভায় উপস্থিত করেছেন আমি তাকে সমর্থন করে ছ্-একটি কথা বলতে চাই। এই বাজেটকে এই সরকার পক্ষীয় যে সমস্ত দলের প্রতিনিধিরা বক্তব্য রেখেছেন জাঁরা সকলেই মস্তব্য করেছেন যে এটা প্রগতিশীল বাজেট। অন্য দিকে বিরোধী পক্ষে প্রায় সকল সদস্যই এই বাজেটকে প্রতিক্রিয়াশীল গরীব মাহুষের স্বার্থ বিরোধী বাজেট বলে অভিহিত করেছেন। আমি নিজে মনে করি যে বাজেট হচ্ছে To cut your coat according to your cloth.

এই নীতিটাকে সামনে রেথেই এই বাজেট রচনা করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সাধ অনেক থাকে কিন্তু যদি সাধ্য না থাকে তাহলে অনেক সাধকেই পরিত্যাগ করতে হয়। এই বাজেট আলোচনার হটো দিক। একটা আয়ের দিক এবং অপরটা ব্যয়ের দিক। আমি যদি আয়ের দিকটা দকটা লক্ষ্য করি তাহলে দেখব একটা অঙ্গ রাজ্য আয়ের যে মূল জায়গাগুলি আছে সেই জায়গাগুলি কেন্দ্রের একতিয়ারভুক। বেশীরভাগ ক্ষেত্রে বা প্রায় সকল ক্ষেত্রেই মূল আয় কেন্দ্রের আওতা ভুক্ত। রাজ্য সরকারের যে সমস্ত জায়গা থেকে কোন ক্রমেই কোন সম্পদ সংপ্রহ করতে পারেন না। কিন্তু আমরা যেটা বলি, কেন্দ্রের বিক্রমে যে অভিযোগটা আমরা প্রায়শই করি যে আমাদের রাজ্য থেকে কোটি কোটি টাকা আয় প্রত্যক্ষ করের মাধ্যমে কেন্দ্রীয় সরকার আদায় করছেন, কিন্তু আমাদের যেট। পাওনা রাজ্য সরকারের যেটা পাওনা সেই পাওনা থেকে পশ্চিমবঙ্গ সরকারকে কেন্দ্রীয় সরকার বঞ্চিত করচেন।

এটা শুধু আমাদের কথা নয়। আপনি জানেন যে স্বর্গীয় বিধানচন্দ্র রায়ের আমল থেকে শ্রীদিদ্ধার্থ রায়ের আমল পর্যন্ত য'ারা সকলেই কংগ্রেস দলের মৃথ্যমন্ত্রী ছিলেন—সকলেই কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে এই অভিযোগ করেছিলেন। সেই সময় ১৯৬২ থেকে ১৯৬৭ সাল পর্যন্ত অর্থাৎ স্বর্গত মৃথ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায়ের আমল থেকে শ্রীপ্রকুল্প সেন মহাশয়ের আমল পর্যন্ত এই বিধানসভায় থাকবার সৌভাগ্য আমার হয়েছিল। তথন আমরা তাঁদের কাছ থেকে শুনেছি যে পশ্চিমবঙ্গরে যা ভাষ্য পাওনা সেই পাওনা থেকে কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গকে বঞ্চিত করে রেখেছে। আন্তর্কে ঠেক সেই কথাই আমরা বলছি এবং এটা আন্তর্কে প্রমাণিত সত্য যে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পশ্চিমবাংলা তার ভাষ্য পাওনা পাচ্ছে না। অর্থের মূল যোগান যেখান থেকে আসে সেটা যদি বন্ধ হয়ে যায় তাহলে সেই সীমাবন্ধ ক্ষমতায় এবং অর্থ আদায়ের জায়গাগুলো

ষেখানে সঙ্কৃচিত—সেই জান্বগান্ন দাঁড়িয়ে আজকে এঁদের আয় যদি ব্যাপক না হয়, যদি আয়ের পরিমান বেশী না হয় ভাহলে তার জন্ম রাজ্য সরকারকে কোন মতেই দায়ী করা যায় না এবং আমরা এও জানি যে একটি রাজ্যকে স্ফ্র্রুভাবে পরিচালনা করতে গেলে ব্যয়ের পরিমানটাও সীমাহীন। বিশেষ করে পশ্চিমবাংলার মত একটি সমস্তা জর্জরিত রাজ্যকে যদি একটা স্ফ্রের্ঠু আর্থনৈতিক পর্যায়ে দাঁড় করাতে হয় তাহলে থরচের পরিমানটাও হবে সীমাহীন। কাজেই বর্তমান অবস্থার মধ্যে দাঁড়িয়ে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন—একে অবাস্তব, অযৌক্তিক আখ্যা দেওয়াটা যুক্তিসঙ্গত হচ্ছে না বলেই আমার মনে হচ্ছে। বিরোধী পক্ষের তরফ থেকে বলা হচ্ছে যে পরিকল্পনা বহিন্ত্ ত থাতে ব্যয়ের পরিমান বেড়েছে এবং পরিকল্পনা থাতে ব্যয় কমেছে। কিন্তু এটা আদৌ ঠিক নয়। যদিও আমরা জানি বর্তমান অর্থ নৈতিক কাঠামোতে বিশেষ কিছু করা সম্ভব নয়, তবুও বলি যে পরিকল্পনা থাতে ব্যয় বৃদ্ধি করা নিশ্চয়ই প্রয়োজন। কিন্তু পরিকল্পনা বহিন্তু ত থাতে ব্যয় বৃদ্ধি করা বা ব্যয় করা অফুচিৎ—এটা যুক্তিসঙ্গত কথা নয়। জনগণের প্রয়োজনে, রাট্রের প্রয়োজনে বিভিন্ন সময়ে বিভিন্ন কারণে পরিকল্পনার বাইরেও ধরচ বৃদ্ধি হন্ধাটা স্থাভাবিক। কাজেই তাঁদের এই যুক্তির কোন সারবন্তা আছে বলে মনে করছি না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানি আমাদের দেশে, শুধু পশ্চিমবাংলাই বা বলি কেন—
সারা ভারতে তথা সারা বিখে বেকার সমস্তা আজ একটা ভয়াবহ সমস্তা। আমরা বিখাস করি
না যে একটি রাজ্যের বাজেটের মধ্যে দিয়ে, পরিকল্পনার মধ্যে দিয়ে এই সমস্তা। সমাধান করা
সম্ভব! কিন্তু রাজ্যসরকারের ক্ষমভার মধ্যে দিয়ে যেটুকু করা সম্ভবপর, এই বামফ্রন্ট সরকার সে
ক্ষেত্রে বর্তমান বেকারদের বেকারির কথা চিন্তা করে এবং মানবিকতার দিকে লক্ষ রেথে যথন
বেকার-ভাতার পরিকল্পনা গ্রহণ করলেন—আমার মনে আছে —তথন ঐ বিরোধী পক্ষ এই বেকারভাতার উদ্দেশ্যে ব্যাকাত্মক মন্তব্য করেছেন, বিজ্ঞপাত্মক উক্তি করেছেন।

## [4-15-4-25 P.M.]

কিন্তু আমরা বেকারভাতা চালু করে এই কথা কোন সময় দাবি করি না, এই রাজ্য সরকার দাবি করে না যে এই বেকাভাতা প্রদানের মধ্যে দিয়ে বেকার সমস্যা সমাধান করা সম্ভব। তাদের যে অসহনীয় অবস্থা সেই অবস্থার কথা মানবিক দৃষ্টিভঙ্গি নিয়ে রাজ্য সরকার বিবেচনা করছেন এবং সেই জন্য বেকারভাতা চালু করেছিলেন। সেই দিক থেকে আরো কি উন্নততর ব্যবস্থা নেওয়া যায় তার জন্ম রাজ্য সরকার তার দৃষ্টি প্রসার করেছেন এবং তা কার্যকারী করার চেষ্টা করছেন। যদিও আমরা জানি নৃতন পরিকল্পনার মধ্যে দিয়ে এই ভয়াবহ বেকার সমস্যা সমাধান করা সম্ভব নয়। এটা আমাদের অজানা নয় যে, দেশে শিল্প কারথানা ব্যপক হারে গড়ে দি না ওঠে তাহলে বেকার সমস্যা সমাধান করা সম্ভব নয়। এই দিক থেকে বিচার করলে

দেখা যায় যে কয়েক বছরের মধ্যে নতন শিল্প স্থাপনের ক্ষেত্রে অগ্রগতি যতটা হওয়া দরকার ছিল তা হয় নি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা আমাদের সকলের জানা আছে যে আমাদের দেশে শিল্প গড়ে ওঠার ক্ষেত্রে ত্র-রকম ব্যবস্থা প্রচলিত আছে। সেই গুলি হলো ব্যক্তিগত মালিকানা এবং সরকারী মালিকানা অর্থাৎ পাবলিক সেক্টর এবং প্রাইভেট সেক্টর। এই কথা ঠিক যে বুটিশ আমল থেকে এথানে শিল্পোন্নয়ন শুরু হয়। শিল্প স্থাপনের ক্ষেত্রে তথন যে রাজনৈতিক পরিবেশ ছিল, আজকে এই কথা জোর করে বলা যায় যে বামফ্রণ্ট সরকারের আমলে বুটিশ রাজত্বের চেয়ে শিল্প স্থাপনের ক্ষেত্রে পরিবেশ অনেক ভালো। কিন্তু তুর্ভাগ্যের বিষয় এই রাজ্যের শিল্পপতিরা— সরকারের তরফ থেকে স্থযোগ স্থবিধা দেওয়ার কথা ঘোষণা করা সত্ত্বে —এথানে কলকারখানা রাখছে না। তুরু তাই নয়, এটা পশ্চিমবাংলার ক্ষেত্রে থুবই ভয়াবহ এবং এই কথা হয়ত কারো অজানা নয় যে বছ শিল্পতি পশ্চিমবাংলা থেকে মুগধন সরিয়ে নিয়ে গিয়ে অন্ত প্রদেশে চলে যাচ্ছে। বড বড ইণ্ডাষ্ট্রগুলোকে লোকসানে পরিণত করে, সিক ইণ্ডাষ্ট্রিতে পরিণত করে তারা মলধন সরিয়ে নিয়ে যাচ্ছে। আমরা জানি বেসরকারী ক্ষেত্রে মালিকদের শিল্প স্থাপনের ক্ষেত্রে একটা বড উদ্দেশ্য কাজ করে। সেটা হলো মুনাফা আরো মুনাফা, কর্মসংস্থানের দিকে নজর থাকে না। এই দটিভঙ্গি নিয়েই ব্যক্তিগত মালিকানায় শিল্প প্রতিষ্ঠিত হয়। আমরা জানি ধনবাদী ব্যবস্থায় এই অর্থ নৈতিক কাঠামোয় মালিকরা ষেভাবে মুনাফা লাভ করে তা হলো উৎপাদনকে বিক্ত করে। অনেক ক্ষেত্রে আমরা দেখেছি উৎপাদন কমিয়ে দিয়ে, উৎপাদন ব্যবস্থা ব্যহত করে মালিকরা লাভ করে। উৎপাদন ব্যবস্থার উন্নতি করা দুরে থাক তারা সেটা ব্যহত করে তাদের মুনাফা করে নেয়। মালিকরা অনেক সময় স্বাভাবিক উৎপাদন কমিয়ে দিয়ে লাভের পরিমান বাড়িয়ে নেয়। বন্ধ কারথানার ক্ষেত্রে আমরা দেখেছি পাবলিক সেক্টারে যে সমস্ত ইণ্ডাষ্ট্রিগুলি আছে: ব্যক্তিগত মালিকানায় যে সমস্ত কারখানা পরিচালিত হচ্ছে তাদের মালিকরা সেই কারথানার রম নিঃশেষ করে নিয়েছে। তারপর সেটাকে দিক ইণ্ডাঞ্জিতে পরিণত করে সরকারের ঘাড়ে চাপিয়ে দিচ্ছে। নানা অস্থবিধার মধ্যে দিয়ে যে সমস্ত প্রাইভেট সেক্টরে অর্থ বিনিয়োগ করা হচ্ছে দেখানে লাভ দেখতে পাওয়া যাচ্ছে না। আমি এই বিষয়ে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে এই কথা বলতে চাই যে পাবলিক সেক্টর ইণ্ডান্ত্রিগুলি দিনের পর দিন যে হারে লোকসান বেডে চলেচে তাতে এই ইণ্ডাষ্ট্রগুলি ঠেকিয়ে রাখা যাবে কিনা এই বিষয়ে मत्मर प्रथा मिस्राक्त ।

আমরা জানি, যে কটা কারথানা নতুন থোলা হয়, দেগুলোর ক্ষেত্রে একটা সময় নির্দিষ্ট থাকে যে পর্যন্ত লোকসান হয়। কিন্তু সেই নির্দিষ্ট সময় পার হয়ে গেলে নো লস, নো প্রফিট অবস্থায় আসে এবং তার পরবর্তী সময়ে আবার লাভ হয়। আমরা জানি, পাবলিক সেক্টরে অনেক কারণেই লস হয়। তার মধ্যে একটা হচ্ছে প্রশাসনিক ক্ষতার অভাব। সেজভ আমি মাননীয় অর্থমন্ত্রীকে অকুরোধ করি, যে সমস্ত শিল্প সংস্থায় এই ধরণের প্রশাসনিক ব্যবস্থা চালু আছে, তার ক্ষতা

এবং যোগ্যতা যাতে বাড়ে এবং লাভের পরিমাণ যাতে বাড়তে পারে, সেদিকে যেন তিনি দৃষ্টি দেন। মাননীয় কংগ্রেদ পক্ষের সদস্তরা বাজেটে নতুন কর প্রস্তাবের ফলে জিনিষপত্রের দাম বাড়বে বলে আশঙ্কা প্রকাশ করেছেন। এর কারণ আমি বুঝতে পারছি না। জিনিষপত্রের দাম निक्तग्रहें वाष्ट्राद। ज्दन जा इटक्ड (मनी अवः विदामनी मदमत माम। आमादमत अम. हेर्डे. मि. দলের মাননীয় দেবত্রতবাবু বলেছেন যে নতুন করের প্রস্তাবের ফলে নিত্য প্রয়োজনীয় জিনিষপত্ত —কাপডচোপড ইত্যাদির দাম বাড়বে। পশ্চিমবঙ্গ সরকার কয়েকটি নির্দিষ্ট দ্রব্যের উপরেই কর বসাতে চেয়েছেন। এই প্রসঙ্গে কেন্দ্রীয় বাজেটের দিকে লক্ষ্য করলে দেখা যায়, সাধারণ মাত্রুয়েছ ব্যবহার্য প্রত্যেকটি জিনিষের উপরেই তারা কর বসিয়েছেন। বাজেট প্লেস করার সময়ে আমরা দেখেছি, কেন্দ্রীয় সরকার প্রতিটি ভোগা পণ্যের উপর কর বসাতে চেয়েছেন। বাজেটের আগে এবং পরে একটা জিনিষ আমরা দেখি। সেটা হচ্ছে, বাজেটের আগে জিনিষপত্তের দাম বেডে যায়. আবার বাজেটের পরে বাজেটের স্থযোগ নিয়ে ব্যবসায়ীরা আর একবার জিনিষপত্রের দাম বাড়িয়ে থাকেন। কেন্দ্রীয় সরকারের কর ব্যবস্থাই এর জন্ম দায়ী। তাঁদের গৃহীত নীতির জন্মই সাধারণ মামুষের প্রয়োজনীয় সমস্ত জিনিষপত্রের দাম বেড়ে যায়। এই ক্ষেত্রে রাজ্য সরকারের বিশেষ কিছু করার থাকে না-একথা মাননীয় সদস্তরা ভাল ভাবেই জানেন। অর্থমন্ত্রীর বক্তব্য থেকে দেখা যায়, এবারে কৃষির প্রভাক্তন অন্যান্ত বছরের তুলনায় অনেক বেশী, এটা রেকর্ড পরিমাণ হয়েছে। আনন্দমোহন বিশ্বাস মহাশয় বলেছেন যে, উৎপাদন ব্রন্ধির ব্যাপারে বামফ্রন্ট সুরুকারের কোন অবদান নেই। তিনি বলেছেন, এ অবদান হচ্ছে থোদা ব। ভগবানের। তাঁকে আমি শারণ করিয়ে দিতে চাই, তাঁদের আমলেও তো থোদা বা ভগবান ছিলেন। কিন্তু তথন তো উৎপাদন বাডেনি। আমি মনে করি, বামক্রণ্ট দরকার কৃষি ক্ষেত্রে উৎপাদন বুদ্ধির জন্ম যে পদক্ষেপ গ্রহণ করেছেন, তার জন্মই এই সাফল্য এসেছে। কেন্দ্রীয় সরকারের ভুল নীতির ফলে দেশে উৎপাদন বৃদ্ধি সত্ত্বেও নানা জিনিষপত্ত ও কৃষিজ সামগ্রীর দাম বাড়ছে। তাদের ছুমুখো নীতিই এর জন্য দায়ী। আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এখানে ষে ব্যন্ন বরান্দের দাবী পেশ করেছেন, তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। যদিও আমার সময় এখনও আছে, তবুও আমি আপনার অনুমতি নিয়ে আখার বক্তব্য শেষ করছি।

# [ 4-25-4-35 P, M, ]

ডাঃ মানস ভূ ইঞা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ৯ই মার্চ এই বিধানসভার কক্ষে ১৯৮৪-৮৫ সালের যে বাজেট পেশ করেছেন তার বিরোধিতা করতে উঠে আমি কতকগুলি গুরুত্বপূর্ণ বক্তব্যের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। সম্পূর্ণ হতাশাগ্রন্থ একটা অর্থ-নৈতিক অবস্থায় ৭৫ কোটি টাকা ট্যাক্সের বোঝা চাপিয়ে থুব স্থন্দর ভাষার সাধারণ মাহ্যমের কাছে ধুমন্ত্রাল স্বাষ্ট করে তাঁর বক্তব্য রাথতে সক্ষম হয়েছেন, এই ব্যাপারে তিনি নিশ্চয়ই ধন্যবাদ পাবেন। ইকন্মিক রিভিউএব প্রথম পূর্চা যদি উল্টে দেখেন তাহলে দেখতে পাবেন পার ক্যাপিটা ইনকামের ক্ষেত্রে উনি একটা নতুন শব্দ সংযোজন করেছেন। বিগত কয়েক বছরের ইকনমিক রিভিউ উর্ল্টে-পার্ল্টে এটা কোথাও দেখতে পেলাম না, কিন্তু এবছরে যে প্রোলেকট এসটিমেট করেছেন তাতে দাবি করেছেন পশ্চিমবঙ্গে পার ক্যাপিটা ইনকাম বেড়ে গেছে সারা ভারতবর্ষের তুলনায়। ইকনমিক রিভিউ কিন্তু তা বলে না। আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবঙ্গে ১৯৮০-৮১ সালে পার ক্যাপিটা ইনকাম ৭৪৬'৭৯; ১৯৮১-৮২ সালে ছিল ৭০৪'৬৭ এবং ১৯৮২-৮৩ সালে কমে গিয়ে হয়েছে ৬৮৯:৯৫। উনি একটা প্রোক্তেকটেড এসটিমেট করেছেন—একটা প্রিজ্ঞাম্পানান. এ্যাজ্বাস্পদান, উনি নাকি আবার ইকনমিসট, পার্দোগ্রাল কেরিয়ার নাকি সাংঘাতিক. এই ধরণের একটা প্রোজেকটেড এদটিমেট করে পশ্চিমবঙ্গের সাধারণ মামুষের কাছে একটা ধুঁয়াজাল স্ষ্ট করেছেন যে পশ্চিমবঙ্গে পার ক্যাপিটা ইনকাম বেড়ে গেছে। এই অসত্য কথাটা সত্য বলে চালিয়ে দেওয়ার যে বাক চাতুর্যা, লোকেব মধ্যে বেভাবে তিনি এটা উপস্থাপিত করেছেন তাতে তিনি ট্রেজারী ব্রেঞ্চ থেকে বাহবা পেতে পারেন, কিন্তু সচেতনশীল সদস্যদের পশ্চিমবঙ্গের সাধারণ মান্তবের বাহবা পেতে পারেন না। আমি পরে যে পয়েন্টে আসছি সেটা হচ্ছে উনি দাবি করেছেন যে ইদানিংকালে একটা রেকর্ড কৃষি বিপ্লব হয়ে গেছে পশ্চিমবঙ্গে এবং তার মূলতঃ মূল্য দাবিদার হচ্ছে পশ্চিমবঙ্গের বামফ্রণ্ট সরকার। স্থার, কিছুক্ষণ আগে একজন মাননীয় সদস্থ দাবি করলেন যে বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে এই বছরে একটা বৈপ্লবিক পরিবর্তন আনা হয়েছে। ১৯৭৭ সাল থেকে ১৯৮৪ সালের মার্চ মাস পর্যস্ত পশ্চিমবঙ্গের বামস্রুট সরকারের ক্ষুদ্র সেচ দপ্তরের অধীনে কি সরকারী হস্তক্ষেপে বলুন কি সরকারী দপ্তরের মাধ্যমে বলুন একটাও ডিপটিউবওয়েল, একটাও স্থালো টিউবওয়েল তৈরী করা হয়নি। তাহলে তৈরী করেছে কারা পশ্চিমবঙ্গের সাধারণ মানুষ। তারা তাদের নিজম্ব উত্তোগে নিজম্ব আর্থিক ক্ষমতাকে কাজে লাগিয়ে সারা বছর যে স্থন্দর প্রাকৃতিক অবস্থা ছিল, সারা বছর সময়মত যে বুষ্টি হয়েছে সেটাকে তারা কাজে লাগিয়েছে। এজন্য পশ্চিমবঙ্গের বামক্রণ্ট সরকারের ক্বতিত্বের দাবি কতটকু থাকতে পারে সেই বিষয়ে নিশ্চয়ই ভাববার অবকাশ আছে। স্থার, ওঁরা দাবি করেন কৃষি ক্ষেত্রে এই বিপ্লব আনতে গিয়ে ওঁরা কৃষকদের কাছে সার পৌছে দিয়েছেন। কিন্তু আমরা বিরোধী সদস্তরা জানি এবং সরকার পক্ষের অধিকাংশ সদস্য এটা সমর্থন করবেন যে কয়েকমাস ধরে পশ্চিমবঙ্গের প্রতিটি ব্লকে কিভাবে সারের ব্যবসায়ীরা দোরাকারবারে লিগু থেকে সারকে চেপে ক্ষুত্র চাষী থেকে শুরু করে সমস্ত চাষীদের হায়রানি দিয়েছে এবং পশ্চিমবংগের কৃষি দপ্তর কিভাবে তার মোকাবেলা করেছেন এটা স্থার, আপনি জানেন এবং মাননীয় সদস্তরাও জানেন। তারপরেও দাবি করবেন আপনারা ক্রয়কের বন্ধু, কৃষি ক্ষেত্রে বিপ্লব এনে দিয়েছেন ? উনি কি ভূলে গেছেন কংগ্রেদী আমলে কৃষি উৎপাদন হয়েছিল ৯৮ লক্ষ মেট্রিক টন ?

ওঁরা বলছেন যে এ বছর একটা এষ্টিমেটেড ৮৫ লক্ষ মেটিক টন খাল হতে পারে। ওঁরা ভলে গেছেন কংগ্রেস আমলে ১৯৭৬-৭৭ সালে ৯৮ লক্ষ মেটিক টন থাল উৎপাদন হয়েছিল ক্ষয়ি বিপ্লব হয়েছিল। এবং তদানীস্তন কৃষি মন্ত্রী সান্তার সাহেব এবং আনন্দ মোহন বিশ্বাস নিশ্চয় এটা দাবী করতে পারে। ভারতবর্ষের বুকে পাঞ্চাবের সংগে পাঞ্চা লড়ে পশ্চিমবাংলার ক্বষিজীবী মানুষ ক্রমক সমা**ন্ধ স্তিত্যকারের শ্রম দিয়ে সেদিন ক্রষি বিপ্লব করেছিল। আজকে ওঁরা ৮৫ লক্ষ মেট্রিক টনের** কথা বলছেন। এতে বাহবা নেবার কি আছে ? এতে পশ্চিমবাংলার মান্ত্রয বাহব। নিতে পারে। ওঁরা বলছেন ক্লষি ক্লেত্রে নাকি দারুন উন্নতি হয়েছে। আমি একটা এরিয়ার হিসাব দৃষ্টান্ত হিসাবে দিচ্ছি। ১৯৭১-৭২ সালকে বেস ইয়ার হিসাবে যদি ধরি তাহলে দেখবেন এবং এটা ওদেরই ইকনমিক রিভিউতে আছে, পেজ নং ৪০ যে ১৯৭৮-৭৯ সালে হয়েছিল ১০১১৪. ১৯৮২-৮৩ সালে সেটা কমে হোল ৯৫-৯১। অর্থাৎ ১৯৭৮-৭৯ সালে যা ছিল সেটা ১৯৮২-৮৩ তে কমে গেল। আবার প্রোডাকসন দেখন ১৯৭৮-৭৯ সালে ভিল ১১৯-৫৭ —সেটা ১৯৮২-৮৩ সালে ৯৫-৭০ অর্থাৎ প্রোডাকটিভিটি কমে গেল। এতেও নাকি বিপ্লব হচ্ছে। ১৯৭৮-৭৯ সালে ১১৮ ২২, আর ১৯৮২-৮৩ সালে ১৯ ৭৮। তবুও নাকি বিপ্লব হচ্ছে। তবুও আমাদের এই কথা গুনতে হবে। আর একটা পয়েন্ট হচ্ছে এগ্রিকালচারের ক্ষেত্রে Contribution in All India production by West Bengal State কমে গেছে। প্রোডাকসনের ক্ষেত্রে ১৯৮০-৮১ সালে চালের ক্ষেত্রে দেখছি ১৩'৯% -- ১৯৮১-৮২ দালে সেটা কমে এদে ১০.৯%। তার মানে সেটা কমে গেছে। তাতেও ওরা বলছেন বিপ্লব হচ্ছে। টোট্যাল ফুড গ্রেন পশ্চিমবাংলায় ১৯৮১-৮২ দালে নেমে এমেছে ৪'৯%। কি অবস্থা, জুটের ক্ষেত্রে ১৯৮১-৮২ সালে ৫৬'৭% সেট। ১৯৮২-৮৩ সালে নেমে এমেছে ৫৫%। তবুও বিপ্লব হচ্ছে? চায়ের ক্ষেত্রে দেখছি ১৯৮১-৮২ সালে ২৩'৪% আর ১৯৮২-৮৩ সালে সেটা নেমে এসেছে ২২ ৯%। এবার ইণ্ডাঞ্টির দিকে আম্বন ইণ্ডাঞ্টিয়াল গ্রোথ কি রকম হচ্ছে ? ওনাদেরই ইকনমিক রিভিউতে আছে শেজ নং ১৬ তে আছে অল ইণ্ডিয়ার ফিগার হচ্ছে ১৩৮'৩% আর ওয়েষ্ট বেন্ধলে ১৯৭৭ সালে ১২১'৯%, আর ১৯৮২-৮৩ সালে নেমে এসেছে ৩% আর অল ইণ্ডিয়ার ফিগার বেড়েছে ৩৩.৯%। তবুও ওঁরা বলছেন মান্তবের কর্মদংস্থান হচ্ছে। একটা সরকার স্বস্থ্য অবস্থায় চলছে তার কি এই প্রমাণ। ইণ্ডাষ্ট্রিয়াল গ্রোথ হচ্ছে? বেকার ছেলেদের চাকুরী হবে ? সর্বোপরি এতে শান্তি শৃন্ধলা বন্ধায় থাকবে ? সাধারণ নাগরিকরা অমুভব করছে যে কি অবস্থা। sense of security of life, sence of security of property, sense of security of individual existence. এটা প্রমাণ করবে ? যদি হিসাব নিকাশ করি তাহলে দেখবো কি অবস্থা। সারা ভারতবর্ষে কি হচ্ছে আর এখানে কি হচ্ছে? उंता निष्कतार भारक भारक भाक्षार्वत कथा रुप्ते शिन्त कथा विरातत कथा राजन ? उंता वनून বিহার কিংবা ইউ পি-র এক এক করে উদাহরণ দিন সেই সব রাজ্যে আজকে রাজনৈতিক কারণে যে ধরণের অশাস্তি বা বিশৃঝলার স্ঠে হয়েছে, সেই তুলনাম্ন পশ্চিমবাংলার বুকে রাজনৈতিক কারণে অশাস্তি বেডেছে কিনা ?

AP(81-1/84)--124

### [4-35-4-45 P.M.]

रमिं। यमि एमरथन जांदरन जारनक दनभी एमरराज शादन এবং तांकरेनिजिक विभृष्याना, অশান্তি পশ্চিমবাংলার বুকে যদি না থাকতো তাহলে ইণ্ডাষ্ট্রিয়ালাইজেসন হত, নিশ্চয় মূলধন এথানে বিনিয়োগ হত, বেকার ছেলেদের নৃতন স্বষ্টি করা কলকারথানায় চাকরি হত এবং নিশ্চয় পার ক্যাপিটা ইনকাম বেডে যেত। আজকে পার ক্যাপিটা ইনকাম যদি না বাড়ে, রিসোর্স মবিলাইজেমন যদি না হয়, ডেভেলাপমেণ্ট সেক্টরে কনটিবিউসন যদি না বাডে তাহলে নিশ্চয় অর্থ নৈতিক অগ্রগতি হবে না, মাননীয় অর্থমন্ত্রী তিনি একজন অর্থনীতিবিদ, এটা নিশ্চয় স্বীকার করবেন। এটা জেনেও তিনি স্বীকার করবেন না, কেন্দ্রের দিকে আঙ্গুল দেখিয়ে বলবেন ওরাই থারাপ করে দিচ্ছে। এগুলি বাজেট বক্তুতার বাক চাতুর্য্যের মধ্যে স্থন্দরভাবে লিখেছেন, পড়তে হবে, উপায় নেই। আর একটি জিনিস আপনি লক্ষ্য করে দেখন আমরা কি লক্ষ্য করলাম ? স্থার, ওরা বলেন আমরা রুষক দরদী সরকার। রুষকদের লেবার ওয়েজ বাডিয়ে দেবার জন্ম বিরাট আন্দোলন নাকি করছেন। কিন্তু স্থার, আপনি ইকনমিক রিভিয়ুজ পেজ নং ৮ টেবল ১'৯ টা একট দেখন। সেখানে প্রতি জেলার এগ্রিকালচারাল লেবার ওয়েজ দেওয়া আছে। এরা তো গ্রামের মামুষদের ধোপা, নাপিত বয়কট করার কথা বলেন, কিন্তু গোপনে গোপনে মালিকদের সলে আঁতাত করে ফেলেছেন। এই আঁতাত করার ফলে বিগত কয়েক বছর ধরে চীৎকার, শ্লোগান তুলেও কিন্তু সত্যিকারে দিন মজুরদের ডেলি ওয়েজ বাড়াতে পারেন নি। স্থার, আমি সব জেলার কথা বলব না, আমার জেলা মেদিনীপুরের কথাটাই এথানে একটু তুলে ধরছি। স্থার, আমি ফিগার ইন রুপিজ বলছি, ১৯৮২-৮৩ দালে রেট ছিল ৮ ২৬, আর ১৯৮৩-৮৪ সালে সেটা কমে গিয়ে ৮<sup>•</sup>০৮ হল। স্থার, এরা কি রকম আঁতোত করে বসে আছেন দেখন। এরা সমস্ত দালালদের সঙ্গে, বড লোকদের সঙ্গে, ধনী জোতদারদের সঙ্গে আঁতিত করে বদে আছেন। স্থার, এরা মথে আন্দোলনের কথা বলবেন, দেওয়াল লিখনে বিপ্লবের কথা লিখবেন, কিন্তু সত্যিকারে শ্রমজীবি মামুষের জন্ম কিছু করবেন না। আমি একটি ইণ্টারেষ্টিং ব্যাপার মাননীয় সদস্তদের অবগতির জন্ম হাউদের সামনে তুলে ধরছি। কিছুক্ষণ আগে রিটিন্ এ্যানসার কোন্টেন পেপার দেওয়া হয়েছে। এরা বৈষম্যের কথা বলেন, বিমাতস্থলভ ব্যবহার করা হচ্ছে ইত্যাদি বড় বড় কথা বলেন। কিন্তু স্থার, আপনি জানেন কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকার যৌপভাবে প্রকল্প রচনা করেছেন, বিভিন্ন উল্লয়ন্যলক প্রোগ্রাম, আই আর. ডি. পি. ইণ্টিগ্রেটেড করাল ডেভেলাপমেন্ট প্রজেক্ট ইত্যাদি। এর মাধ্যমে প্রতি ব্লকের প্রতি বছর ৬০০ বেনিফিসিয়ারি ফ্যামিলির উপকার হবে। এই বিষয়ে মাননীয় মন্ত্রীর লিখিত উত্তর কিছুক্ষণ আগে দেওয়া হয়েছে। সেথানে দেখা যাচ্চে।

No. of persons benefited with assistance both from the Centre and the State are shown below. আমরা কি দেখতে পাচ্ছি? এখানে ৩৫০টি রক আছে।

াই ৩৫ • ि রকের ৬০০ ফ্যামিলি প্রতি বছর কভার করলে ৪ বছরে এ্যাভারেজে ৮ লক্ষ ৪০ হাজার বনিফিসিয়্যারি ফ্যামিলির উপকার হতে পারত। কিন্তু মন্ত্রী মহাশয় প্রশ্নের উত্তর দিতে গিয়ে য তথ্য দিয়েছেন তাতে দেখতে পাছি ৪ বছরে ২ লক্ষ ৬৪ হাজার ৮৯ জন বেনিফিসিয়্যারি চ্যামিলি উপরুত হয়েছে। এটাও কি কেন্দ্রের দোষ ? কোথায় গেল বিপ্লব ? অর্থমন্ত্রী উনয়ন প্রেরেও মন্ত্রী। আজকে যদি ইণ্ডিভিজুয়্যাল বেনিফিসিয়্যারি অর্থ নৈতিক দিক থেকে উন্লতি করতে লা পারে, কেন্দ্র রাজ্যের যৌথ উত্যোগ আই. আর. ডি. পি. অবহেলিত মায়্র্য, বেকার যুবকদের হাছে পৌছে দিতে না পারা যায় তাহলে সেটা কার দোব ? আমাদের বেখানে টার্ণেট পয়েন্ট ছেছে ৮ লক্ষ ৪০ হাজার সেখানে আপনাদের অপদার্থতার জন্ম ৪ বছরে মাত্র ২ লক্ষ ৬৪ হাজার সেই জন ফ্যামিলির কাছে স্বফল পৌছে দেওয়া সম্ভব হয়েছে, আর বাকি ৫ লক্ষের উপর ফ্যামিলির কাছে এই স্বফল পৌছে দেওয়া সম্ভব হল না। এটা কি কেন্দ্রের দোব ? প্রশাসন আপনাদের হাতে আছে, পঞ্চায়েত দপ্তর আপনাদের হাতে আছে, সিলেকসান মেশিনারি আপনাদের হাতে আছে, বেনিফিসিয়্যারি কে কে হবে তাও ঠিক করার ক্ষমতা আপনাদের হাতে আছে, অখচ স্লক্ষ ৪০ হাজার টার্গেট পয়েণ্টে আপনার। পৌছতে পারলেন না। এর পরেও আপনারা বলবেন কেন্দ্র কিছু দিছে না ? এই হচ্ছে আজকে সার্বিক অর্থ নৈতিক পরিস্থিতি এবং এই অবস্থার মধ্য দিয়ে পশ্চিমবঙ্গের অর্থনৈতিক অরম্বা চলেছে।

এই হ'ল আজকের দার্বিক অর্থ নৈতিক পরিস্থিতি যার মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গ চলছে। মান্নান সাহেব একটু আগেই বলে গিয়েছেন যে আপনারা চকলেটের উপর পর্যান্ত ট্যাক্স বন্ধিয়েছেন। কিনের উপর বসান নি ? এই প্রসঙ্গে বলতে গিয়ে আমি চায়ের কথাটা আগে বলতে চাই। আপনারা সকলেই জানেন, পশ্চিমবাংলার চাকে আসামের চায়ের সঙ্গে কমপিট করতে হয়। আজকে প্রভাক্সান সেন্টার অর্থাৎ চা বাগান থেকে শুরু করে নীলাম মার্কেট পর্যান্ত প্রতিটি পদক্ষেপে চাকে ধ্বংস করার জন্ম অর্থমন্ত্রী চক্রান্ত শুরু করে দিয়েছেন। জানি না আপনার সঙ্গে আসামের চা বাগানের মালিকদের কোন যোগসাজস আছে কিনা কিন্তু আমি এ ব্যাপারে আপনার বিরুদ্ধে অভিযোগ আনছি যে আপনি পশ্চিমবাংলার চাকে একেবারে ধ্বংস করে দিচ্ছেন। আপনারা সকলেই জানেন যে পশ্চিমবাংলার চা শিল্প একটা কর শিল্প। পশ্চিমবাংলার চাকে শুধু আসাম নয় বাইরের অক্যান্ত রাষ্ট্রের চায়ের সঙ্গেও কমপিট করতে হয়। এই যেথানে অবস্থা সেথানে আমরা দেখলাম মাননীয় অর্থমন্ত্রী মহাশয় চায়ের উপর সেসটা ১॥ টাকা থেকে বাড়িয়ে তিন টাকা করে দিলেন এবং প্রভান্ধান সেন্টার থেকে যে চা প্যাকেট হয়ে আসে এবং অন্ত জামগাম যাম দেখানে কে. জি. প্রতি যেখানে ট্যাক্সটা ৫ প্রদা ছিল দেটা বাডিয়ে ১• পয়সা করে দিচ্ছেন। এ এক সাংঘাতিক অবস্থা। আমরা আশা করেছিলাম, উত্তরবঙ্গের প্রতিনিধি যারা সরকার পক্ষে আছেন তারা এরজন্ম প্রতিবাদ করবেন এবং এটা সংশোধনের জন্ম বলবেন কিন্তু চু:থের সঙ্গে লক্ষ করলাম তা তারা করলেন না। তাদের উঞ্চরুত্তি করতে

হচ্ছে হাউসে এসে, প্রতিবাদ করলে চাকরি যাবে তাই তারা তা করতে পারছেন না। আমি আশা করবো চায়ের ব্যাপারে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় একটা ঘোষণা করবেন যাতে ঐ রুগ্ন চা শিল্প আর মার না খায় এবং ঐ ঘোষিত কর নীতির চক্রে পড়ে সে যেন সর্বনাশের কোলে ঢোলে না পড়ে। তারপর মাননীয় অর্থ মন্ত্রী মহাশয় বলেছেন, টার্ণওভার কর নামে যেটা তিনি চাপিয়ে-ছিলেন সেটা আর নাকি চাপাচ্ছেন না। সার বিক্রেতারা নাকি সেটা আর বিক্রেতাদের উপর চাপাবেন না। উনি কি থোঁজ রাথেন গত ১॥/২ বছর ধরে পশ্চিমবঙ্গের সার বিক্রেতারা কিভাবে কাজ চালিয়ে আসছে ? মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছেন, 'আমি ধরে নিতে পারি সার বিক্রেতারা এই করটা বিক্রির সময় আর চাপাবে না।' উনি জেনে রাখুন আন্তকে যে পদ্ধতি উনি অবলম্বন করলেন যে সার বিক্রির উপর সার বিক্রেতাদের সঙ্গে যুক্ত করে যে টার্ণগুভার করটা সরিয়ে নিয়ে যেটা করবার চেষ্টা করলেন তাতে ঐ ক্ষুদ্র চাষী, মধ্যবিত্ত চাষী যারা উচ্চ ফলনশীল শক্তের চাষ করে বছরে তিনটি ফসল ফলাচ্ছে এবং যারজন্য আপনারা এথানে বাহবা নিচ্ছেন তার ফলে তারাই সবচেয়ে বেশী ক্ষতিগ্রস্ত হবে। আশা করি এর জবাব তিনি একটা দেবেন। তারপর তিনি বলেছেন, সীমিত অর্থ নৈতিক অবস্থার মধ্যে দিয়ে আমাদের চলতে হচ্ছে এবং অন্তম অর্থ কমিশনের শেষ রিপোট পাবার পর আমরা আমাদের সমস্ত পরিকল্পনাকে যথন সঠিকভাবে সাজিয়ে দেব তথন তার উপরই ঠিক করবো আমাদের শেষ কি পরিণতি হবে। পশ্চিমবঙ্গের মতন একটা শিল্পে পিছিয়ে পড়া, অর্থ নৈতিক দিক থেকে ভিন্নমূল একটি রাজ্যের অর্থ মন্ত্রী হয়ে উনি এাজাম্পদানের উপর ভিত্তি করে বাজেট পেশ করেছেন এবং তা করতে গিয়ে ৭৫ কোটি টাকার ট্যাক্স বসিয়েছেন। তা করতে গিয়ে দেখানে নারকেল দড়ি থেকে আরম্ভ করে চকলেট পর্য্যস্ত কোন কিছকেই বাদ দেন নি। তা ছাড়া চায়ের সর্বনাশ তো করেছেনই। বাকচাতুর্যার মধ্যে দিয়ে তিনি এমনভাবে কর বসিয়েছেন যে সেটা সাধারণ মাত্র্য যেন বুঝতে না পারে। তারা যথন বান্ধারে গিয়ে জিনিসপত্র কিনবে তথন তারা সেটা হাড়ে হাড়ে বুরতে পারবে। মাননীয় অর্থ-মন্ত্রী মহাশয়কে তাই আমি বলব, পশ্চিমবঙ্গের এই জরাজীর্ণ, ছিন্নমূল অর্থ নৈতিক অবস্থা যার মোকাবিলা করতে হচ্ছে সাধারণ মামুষকে তাদের উপর আবার তাদের অজ্ঞাতসারে চাপিয়ে দেওয়া যে করনীতি সে সম্বন্ধে আপনি গভীরভাবে চিস্তা ভাবনা করুন। আপনি যেহেত বলেছেন আগামীদিনে কমিশনের রিপোর্টের উপর ভিত্তি করে কিছু হয়ত এদিক ওদিক করতে হবে যেহেত্ কিছুটা আশার কথা বলেছেন সেইহেতু আপনাকে গঠনমূলক দৃষ্টিভন্দী নিয়ে সমস্ত দিকটা বিবেচনা করার জন্ত অনুরোধ জানাচ্ছি এবং বলছি, পশ্চিমবঙ্গের মানুষের আর শিরচ্ছেদ করবেন না, তাদের আর ঘর থেকে বের করে এনে রাস্তায় দাঁড় করাবেন না, পশ্চিমবঙ্গের মাত্রুষকে আগামীদিনে অস্ততঃ কিছুটা বাঁচার স্বপ্ন দেখান। এই বলে বাকচাতুর্বে ভরা অবান্তব এই বাজেটের সম্পূর্ণ বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

[ 4-45-4-55 P. M. ]

**শ্রীশুভেন্দু মণ্ডল**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় অর্থমন্ত্রী ১ই মার্চ ষে বাজেট এই বিধানসভায় আপনার মাধ্যমে পেশ করেছেন, তাকে আমি সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। বর্তমানে আমাদের দেশের যে অবস্থা অর্থাৎ সারা ভারতবর্ধের অর্থনীতির যে অবস্থা এবং কিছদিন আগে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে অর্থমন্ত্রী প্রণব মুথার্জী যে বাজেট রেখেছেন. সেই বাজেটের ফলাফল কি দাড়াবে সেটা আমাদের বিধানসভার বিরোধীদলের মাননীয় সদস্তরা কিন্ত একবারও বললেন না। তারা আমাদের বাজেটকে আনপ্রোডাকটিভ বাজেট বলে আখ্যা দিয়েছেন এবং সেইভাবে তার ব্যাথ্যা করেছেন। ভারতবর্ষের বাঙ্গেট অর্থাৎ কেন্দ্রীয় সরকার যে বাঙ্গেট পেশ করেছেন, সেই বাজেটের ফলে আমাদের দেশে আগামীদিনে একটা ভয়াবহ অবস্থার স্বষ্ট করবে. অর্থনীতির আরো সর্বনাশ করবে এবং তার ধান্ধা পশ্চিমবাংলার উপরে এসে পডবে। এই সব কথ। তারা বিন্দমাত্র উল্লেখ করলেন না। তারা এমনভাবে কথা বলেন যে পশ্চিমবাংলা একটা স্বাধীন রাজা এবং এথানকার অর্থমন্বী একটা স্বাধীন রাজ্যের অর্থমন্ত্রী হিসাবে বাজেট পেশ করছেন। পশ্চিমবাংলা ভারতবর্ষের একটি অঙ্গ রাজ্য। ২২টি অঙ্গ রাজ্যের মধ্যে পশ্চিমবাংলা একটা। পশ্চিমবাংলার বিভিন্ন সমস্তা রয়েছে। দীর্ঘদিন ধরে তার সমস্তার সমাধান কেন্দ্রীয় সরকার করেন নি। এই জিনিষগুলি কি তারা কথনও ভেবেছেন ? কেন্দ্রীয় সরকারের কি অর্থনীতি, কি কর নীতি, কি মন্ত্রা নীতি, কি শিক্ষা নীতি, এই সব নীতির ফলাফল কি দাঁড়াবে সেটা তারা নিশ্চয়ই জানেন। যেহেতু বিধানসভার বিরোধী সদস্ত হিসাবে এসেছেন, দেশের কিছু মাত্র্য এখনও বিভ্রাস্ত, তাই তাদের ভোটে এরা জয়যুক্ত হয়ে যান এবং বিধানসভায় এসে সেই ভাবে বক্তব্য রাথছেন। এর ফলে দেশের মাত্ম্য আরো বিক্ষুক্ত হয়ে ওঠেন। আমি পশ্চিম বাংলার এই বাজেটকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। কারণ এই বাজেট একটা স্থচিস্থিত বাজেট এবং এটা বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে করা হয়েছে। এখানে সোসালিজম করতে যাওয়া হয়নি। বর্তমানে যে বাস্তব অবস্থা তার ভিত্তিতে আগামী এক বছর আমাদের অর্থনীতি কি ভাবে চলছে, ক্লবি নীতি কি হবে, কি ভাবে তার উন্নতি করা যাবে, শিল্পের উন্নয়ণ কি ভাবে হবে, সমাজ কল্যাণের কাজগুলি কি ভাবে করা হবে, শিক্ষার কাজগুলি কি ভাবে করা হবে ইত্যাদি তার রূপরেখা এতে দেওয়া হয়েছে। আমাদের কেন্দ্রীয় সরকার যে বাজেট পেশ করেছেন সেথানেও দেখা যাবে যে ঘাটতি রয়েছে—২ হাজার ৫০০ কোটি টাকা ঘাটতি রয়েছে। এই ঘাটতির কিছুটা তারা ঋণ হিদাবে তুলবেন। ২৭৩ কোটি টাকা ঋণ হিসাবে সংগ্রহ করবেন। এটা ঋণ হিসাবে সংগ্রহ করলেও দেখা যাবে যে অনেক টাকা ঘাটতি থেকে যাবে। এই ঘাটতি করার জন্ম আগামীদিনে ট্যাক্স বসান হবে। একটা ফতোম্বা জারী করে সরকারী জিনিসগুলিতে – থেমন লোহা, কয়লা, সিমেণ্ট ইত্যাদি জিনিদের দাম বাড়িয়ে এই টাকা সংগ্রহ করা হবে। তাদের টাকা তোলার যে রেওয়ান্স হয়ে দাঁড়িয়েছে সেই ভাবে টাকা তোলা হবে এবং তার ধান্ধা আবার পশ্চিমবাংলার উপরে এসে পড়বে এবং এর ফলে আবার প্রতিটি জিনিসের দাম বাডবে। কিন্তু পশ্চিমবাংলার বর্তমান বাজেটে সাধারণ মামুষের

বাবহার্য জিনিসের উপরে কোন দর বাডান হয়নি এবং তাদের উপরে কোন ট্যাক্স বসান হয়নি । যে জিনিসগুলির উপরে ট্যাক্স বসিলে এই ৭৫ কোটি টাকা আদায় হবে তাতে সাধারণ মাস্থ্যের উপরে পড়বে না । কিন্তু আগামীদিনে কেন্দ্রীয় সরকার যে ট্যাক্স বসাবেন তাতে ভয়াবহ অবস্থার সৃষ্টি হবে, দ্রবাফ্লা বৃদ্ধি ঘটবে । এই ঘাটতি বাজেট বরাদ্দের জন্ম নোট ছাপানোর ব্যবস্থা হবে এবং তার ফলে আমাদের মর্থনীতিতে আবার একটা আঘাত আসবে । আমরা দেখেছি যে আমাদের রাজ্যসরকার যথনই জনমুখী বাজেটের মাধ্যমে সাধারণ মাম্ব্যের পার ক্যাপিটা ইনকাম বাড়াবার ব্যবস্থা করেন, ক্ষবি উৎপাদন বাড়িয়ে ক্ষবকের আয় বাড়াবার ব্যবস্থা করেন তথনই কেন্দ্রীয় সরকারের অর্থসন্ত্রীব মুদ্রা নীতির ফলে, মূল্য নীতির ফলে অর্থনীতির ফলে সেটা আঘাত প্রাপ্ত হয় । যথন সাধারণ মান্ত্যকে বাঁচাবার জন্ম চেষ্টা করা হয়, তাদের শোষণের হাত থেকে বাঁচাবার চেষ্টা করা হয় তথন কেন্দ্রীয় সরকারের জাতাকলের মধ্যে পড়ে সব কিছু বানচাল হয়ে যায় এবং তার বিক্লকে সংগ্রাম করতে পশ্চিমবাংলার মান্ত্যকে হিম্পিম থেতে হয় ।

হয়ত এক দিকে রাজ্য সরকার, পশ্চিমবঙ্গ সরকার যে ব্যবস্থা করছেন কেন্দ্রের সরকারী নীতির ফলে তা কাটা হয়ে যাচ্ছে। সামরা দেখেছি গত বছরে কেন্দ্রীয় সরকারের বাজেটে এক হাজার কোটি টাকা ছাঁটাই হয়ে যায়। সোম্ভাল সার্ভিসে প্রায় ৫০০ কোটি টাকা ছাটাই হয়ে যায়। আর এখানে ২ হাজার কোটি টাকার মত বাজেট। এই হচ্ছে কেন্দ্রীয় সয়কারের বাজেটের চেহারা। ছাডের কথা, ছাড তাঁরা কি দিয়েছেন ? এখানে ৭৫ কোটি টাকা ট্যাক্সের কথা বলা হয়েছে। কিসে কিসে ট্যাকা বসানো হয়েছে, সেইসব বিষয় অনেক সদস্ভই বলেছেন, কিন্তু কেন্দ্রীয় সরকার ছাড দিয়েছেন কাদের ? একজন বলেছেন ১৮০ কোটি টাকার মত ছাড় দেওয়া হয়েছে। বড় বভ ধনী, থাদের ইনকাম আছে তাদের উপর ছাড় দেওয়া হয়েছে ইনকাম ট্যাক্স। আর কিছু ফিক্সড ইনকামের মাত্র্য রয়েছে তাদের উপর ছাড় হয়েছে ৫৬ কোটি টাকা। অর্থাৎ রাজ্য সুরকারের ইনকাম ট্যাক্সের অংশ থেকে এখানে যেটা রাজ্য সরকারের তহবিলে আসে, এখানে রাজ্য সরকারগুলি ক্ষতিগ্রস্ত হবে। আর বড় বড় ধনী ব্যক্তিরা এর ছাড় পাওয়ার ফলে লাভবান হবে। কেন্দ্রীয় সরকারের এটাই নীতি। বড বড লোক সব স্থবিধা পাবে গরীব মামুষের ক্ষেত্রে তা হল না। কেন্দ্রীয় সরকার টেপ রেকর্ডার, ক্যাসেট, গ্রামোফোন রেকর্ড এই সবের উপর ট্যাক্স ছাড় দিয়েছেন। ভাল ভাল চীনে মাটির বাদন যাতে আরও সম্ভান্ন পাওয়া যায় তার ব্যবস্থা করা হচ্ছে। অর্থাৎ ঐ ট্যাক্সের নীতি অন্য রকম, টাটা, বিড়লা এঁরা লাভবান হয়, পশ্চিমবঙ্গে বামফ্রণ্ট সরকারের ট্যাক্স ছাড়ের বা ট্যাক্সের নীতি অন্থ রকুম। এই তুই বিরোধী নীতির মধ্যে দিয়ে আমাদের চলতে হচ্ছে। কেন্দ্রীয় সরকারের ট্যাক্সের নীতির ফলে একচেটিয়া পুঁজিপতিরা কোটি কোটি টাকা লাভ করে এবং দেশে বিদেশে একচেটিয়া কোম্পানী যে সব আছে তাদের লাভের অঙ্ক বেড়ে যায়, আর তার ধাকা আমাদের পশ্চিমবঙ্গের উপর পড়ে।

তারপর রুষি উৎপাদনের কথা, বামফ্রন্ট সরকার আসার পর থেকে রুষি উৎপাদন বৃদ্ধি করার জন্ম যে ব্যবস্থা করা হয়েছে এই বইয়ের মধ্যেই তা দেখা যাবে। বিছ্যাত্যের কথা বলা হয়ে থাকে, ক্লষিতে বিহাৎ বেড়েছে। ডিপটিউবগুয়েলের সংখ্যা যা দেগুয়া আছে তা এই বইয়ে পাওয়া যাবে। ডিপটিউবওয়েলে বিহ্যাতায়ন করা হয়েছে। স্থালো টিউবওয়েলে বিহ্যাতায়ন করা হয়েছে। এইভাবে বিদ্যাতায়নের ফলে কিছু কৃষি উৎপাদন বাড়ার স্থযোগ এনেছে। সারের ব্যবসার এই পশ্চিমবঙ্গে সারের ব্যবহার হয়। কেন্দ্রীয় সরকার সারের মূল্য বাড়িয়ে দিয়েছেন জনতা সরকারের আমলে সারের দর কমান হয়েছিল আবার ইন্দিরা সরকার আসার পর সারের দর চড়িয়ে দেওয়া হয়েছে, তা সক্তেও এথানে বেশিরভাগ ক্রমকেরা সারের ব্যবহার করেছেন। তারপর ভূমিদংকার। পশ্চিমবঙ্গে যে ভূমি সংস্কার হরেছে, এইভাবে ভূমি সংস্কার সারা ভারতের কোন রাজ্যে হয়নি। পশ্চিমবঙ্গে ভূমি সংস্কারের কাজ এখনো অনেক বাকী আছে হাইকোটে ইনজাংশানের ফলে। এখনো অনেক জমি বিলি করা যাডেছ না এবং কেন্দ্রীয় সরকার সেই আইনটাতে এথনো সম্মতি দেন নি। তাহলে এতদিন অনেক জমি বিলির কাজ অগ্রসর হতো এবং লক্ষ লক্ষ ভূমিহীন ক্লয়ক সামান্ত সামান্ত জমির মালিক হোভো এবং সেই জমিতে যে মিনিকীট লাগে তা বামফ্রণ্ট সরকার ৪৪ লক্ষ মিনিকীট বিতরণ করেছেন জমির উন্নতির জন্ম। বামফ্রণ্ট সরকার বীজ সংগ্রহের জন্ম ৩০ কোটি টাকা বরাদ করছেন। দারুণ থরা, দারুণ বর্ষা তাতে ফমলের ক্ষতি হয়েছে, তা সামলে এই বছর ৫১ লক্ষ টন থাল্যশস্থ উৎপাদন হবে। চালের উৎপাদন বাড়ছে সমগ্র থাগুণস্ত উৎপাদন বাড়ছে। পশ্চিমবঙ্গের অর্থনীতি ক্লবির উপর নির্ভরশীল এবং সেই ক্রয়ির উন্নতি দীর্ঘদিন ধরে আমরা যতদুর জানি অবহেলিত হয়ে এসেছে। ক্ষকের পাশে রাজ্য সরকার কোনদিন দাড়িয়েছে ? বামফ্রণ্ট সরকার গত ৬ বছর ধরে ক্লয়কের পাশে দাঁড়িয়েছে কিন্তু কৃষিকে মার থাইয়েছে ঐ কেন্দ্রীয় সরকারের অর্থনীতি, তার মূল্যনীতি। কোন রাষ্ট্রীয় কারথানা স্থাপন করা যায়নি। হলদিয়ায় সারের কারথানা হবার কথা, অনেকদিন ধরে ব্যবস্থা হয়ে আছে। কংগ্রেস আমলে তা কার্যকরী হয়নি, বামফ্রন্ট সরকারের আমলেই হলদিয়া সার প্রকল্প চালু হবে। তথন হয়ত দেখা যাবে কেন্দ্রের নির্ধারিত একচেটিয়া সারের মালিক যারা আছে, যেসব কোম্পানী মার্কেট নিয়ন্ত্রণ করে এবং কেন্দ্রীয় সরকারের বড় বড় শিল্পপতি মালিকদের ভ'তুকী দেয়, যারা বলেন আমাদের সরকার নাকি ভতু কীর সরকার।

[ 4-55--5-05 P. M. ]

আমাদের বামফ্রণ্ট সরকার ভর্তৃকীর সরকার নয়, রাজ্য সরকারের টাকায় কেন্দ্রীর সরকারই আত্মকে ভর্তৃকী চালাচ্ছে। তারা বড় বড় ব্যবসায়ীদের ব্যবসা মাতে আরও ফুলে-ফ্রেপে ওঠে তার জন্ম টাটা বিড়লার কোম্পানীগুলোকে কোটি কোটি টাকা ভর্তৃকী দিচ্ছে। আমাদের রাজ্য সরকার ভর্তৃকী দেন গরীব ক্বযক, ক্ষেত্রসজুর, প্রাস্তিক চাষীকে। চাষীরা চাষের কাজে বিভিন্ন

ব্যাক্ত থেকে ঋণ নেয় এবং সেই ঋণের টাকা যদি ভারা সময়ে পরিশোধ করেন, ভাহলে ভাদের হদের ভতু কী দেন এই রাজ্য সরকার। মহাজনের কাছে বাঁধা পড়ার যে রেওয়াজ কংগ্রেস আমল থেকে চলে আসছিল, গত ৪।৬ বছরে সেই রেওয়াজ পার্ন্টে কৃষকদের সরকার নিজে স্থযোগ দিচ্ছে। ে'য়োজনের স্থয় সে ঋণ নেবে সরকারের কাছ থেকে বা ব্যাঙ্কের কাছ থেকে এবং সময়মত সেই ঋণ ফেরৎ দিলে তার স্থদ সক্রকার দিয়ে দেবে। আজ কোন ক্লমক যদি সমবায় সমিতির মেম্বার হতে চায়, তাহলে তার সদস্ত-টাদা ১০ টাকা রাজ্য সরকার দিয়ে দেবে। এইভাবে ক্লযকদের পাশে গোটা ভারতবর্ষের কোথায়ও কোন সরকার দাঁড়িয়েছেন কিনা জানিনা। কিন্তু ১৯৪৭ সাল থেকে ক্লষকদের শোষিত হতেই দেখে আসছি। এই অবস্থায় মাত্র ৪।৬ বছরের মধ্যে ক্লষকদের মান্ত্র হিসাবে দাঁড করানো সহজ কাজ নয়। কেন্দ্রীয় সরকারের শোষণ-নীতির ফলে রুযকদের দাঁড় করানো যাছে না। আজকে এই রাজ্যে নতুন শিল্প, কলকারখানা করার কথা বলা হোলে বলা হয় যে এই রাজ্যে শিল্প হবে না। হবে কি করে ? ওঁরাতো লাইসেন্সই দিতে চান না, লেটার অফ ইনটেন্ট দিতে চান না। এই তথ্য আমাদের কাছে আছে। তথ্য আপনারা দেখাচ্ছেন যে রাজ্য সরকার গত কয়েক বছরে লাইসেন্স চেম্নে কত লেটার অফ ইন্টেণ্ট পাঠিয়েছিলেন এবং কত মঞ্জুর করা হয়েছে। আমরা স্বীকার করছি, কেব্দ্রীয় সরকারের সঙ্গে লড়াই করে কিছু বেশীই আমরা আদায় করেছি। আপনাদের আমলের চেয়ে বামফ্রণ্ট সরকারের আমলে বেশী লাইসেন্স করানো গেছে। ফলে ইনষ্টল্ড ক্যাপাদিটিও এখানে বেড়েছে। দে সময়কার ৬ বছর এবং বামফ্রন্ট সুরকারের ৬ বছরের তুলনা করলেই এটা পরিষার হবে। আজকে বিহ্যুৎ এবং কলকারথানা যে কোন ব্যাপারেই বলুন না কেন, বৈষম্য ঘোচান যাচ্ছে না। আপনারা যেথানে নির্বাচিত হননি সেখানেও কম ভোট পাননি। আবার ষেখানে নির্বাচিত হয়েছেন সেখানেও ভোট পেয়েছেন। কিন্তু মাত্র্য আজ আপনাদের কাজে বিভ্রাস্ত। আজ গোটা দেশের মাত্র্য কেন্দ্রের অবিচারের বিরুদ্ধে দাঁড়িয়েছেন। আপনারাও তো জনপ্রতিনিধি, এই অবস্থায় আপনারাও যদি কেন্দ্রের এই এই অবিচারের বিরুদ্ধে দাঁড়াতেন তাহলে বুঝতাম ! কেন আজ হুর্গাপুরে কারখানা হয় না ? কেন হলদিয়ায় জাহাজ মেরামতির কারথানা হচ্ছে না ? কেন আজ দণ্টলেকে ইলেকট্রনিকদ কমপ্রেস হচ্ছে না ? কেন সারের কারখানা পশ্চিমবাংলায় হয় না ? কেন্দ্রীয় সরকার নানা টাল-বাহানা করে সব কিছু বাদ দিয়ে রেথেছেন। এর থেকে পরিন্ধার হয়ে যায় যে পশ্চিমবাংলার ক্ষেত্রে অবিচার করা হচ্ছে এবং দীর্ঘদিন ধরেই এটা ঘটে আসছে। ১৯৫২ সালের নির্বাচনে পশ্চিমবাংলায় প্রথম ৩০ জন কম্যুনিষ্ট এম. এল. এ নির্বাচিত হবার পর থেকেই এই অবিচার স্থক্ক হয়েছে। তথন থেকেই মার্কস্বাদী ট্রেড ইউনিয়নের অওতায় এর বিরুদ্ধে আন্দোলন চলে আসছে।

মার্কসবাদীদের হাতে ট্রেড ইউনিয়ানগুলি চলে যাচ্ছে, বামপন্থীদের দারা ট্রেড ইউনিয়ন আন্দোলন হচ্ছে, সেইজন্ম কেন্দ্রীয় সরকার বুকতে পেরেছে যে পশ্চিমবাংলায় যদি বড় বড় শিল্প কলকারথানা গড়ে তোলা যায় তাহলে কংগ্রেস এম. এল. এ এবং এম. পি যাবে না, বামপন্থীদের

এম. এল. এ এবং এম. পি যাবে। সারা ভারতবর্ষে শ্রমিক আন্দোলন জোরদার হয়ে যাবে, আরো শক্তিশালী হয়ে যাবে। তাই তাঁরা পশ্চিমবাংলায় বড় বড় কলকারথানা, বড় বড শিল্প তৈ<sub>নী</sub> করতে চায় না, পশ্চিমবাংলায় ছ-ছুটো নির্বাচন হয়েছে পঞ্চায়েত নির্বাচন হয়েছে, লোকসভা নির্বাচন হয়েছে বামপদ্বীদের নেততে। সেই নির্বাচনে বেশীর ভাগ আসনে বামপদ্বী প্রার্থী জয়লাভ করেছে। রাজনীতির দিক থেকে এটা পরিকার হয়ে গিয়েছে যে ওঁদের নীতি আর পশ্চিমবাংলায় বামফ্রণ্ট সরকারের নীতি আলাদা, আমরা আমাদের নীতি নিয়ে সংগ্রাম করে চলেছি। তার থেকে কেন্দ্রীয় সরকার একটা রাস্তা খুঁজে পেয়েছে। ফেডারেল ষ্টেট হিসাবে, ফেডারাল ব্যবস্থা হিসাবে না চললে, অন্ত কোন শাসন ব্যবস্থা চালালে পশ্চিমবাংলাকে জব্দ করে অন্যান্ত রাজ্যকে एम थिए मिएक ठांत्र एय आयारमत कथा ना खनरल, आयारमत नी कि मपर्यन ना करत वाग्रवणी नी कि সমর্থন করে চললে তোমাদের এইভাবে নষ্ট করে দেব। জনসংখার হিসাব ধরলে পশ্চিমবাংলার জনসংখ্যা কম নয়। অত্যাত্ত রাজ্যের তুলনায় কেবল ৪।৫টি রাজ্য ছাড়া পশ্চিমবাংলায় জনসংখ্যা অন্তান্ত রাজ্যের তুলনায় বেশী। পশ্চিমবাংলায় ৫ কোটিরও বেশী মাত্র্য বাদ করে। আমাদের যদি জনসংখ্যা হিসাবে দেখা যায় তাহলে এখানে বেশী সমস্তা আছে। আমাদের যে তায়্য পাওনা আছে, কলক এখান। শিল্পের দিক থেকে সেথানে দেখা যাবে আমাদের বঞ্চিত করা হচ্ছে। পশ্চিমবাংলায় কুটির শিল্প নিজের পায়ে কি করে দাঁড়াবে তার চেষ্টা করেছেন আপনারা? পশ্চিম-বাংলার কুটির শিল্পের ক্ষেত্রে দীর্ঘদিন দেখে এসেছি তাঁতীরা তাদের কান্ধ ছেডে দিচ্ছে তার। তাঁতের কাজ ছেড়ে দিয়ে ক্ষেত মন্ত্রের কাজ করতে বেত। এইভাবে ক্রমণ কুটির শিল্প ধ্বংসের পথে চলে যাচ্ছিল। কিন্তু তারপর এই বামফ্রণ্ট সরকার আসার পর গ্রামের যারা তন্ত্রবায় রয়েছে, তাঁতের কাপড়ের যারা কান্ধ করে তারা একটা মুতন পথ দেখতে পেয়েছে। এই ক্ষুত্র এবং কুটির শিল্পের মধ্যে তাঁত শিল্প পশ্চিমবাংলায় যত কাপড় লাগে, যত বস্থ লাগে তায় ৪০ ভাগ তাঁত শিল্প থেকে আসছে। আগে আমরা কোলকাতা এবং গ্রামাঞ্চলে বড় বড় দোকানে শুনতাম পশ্চিম-বাংলায় বিভিন্ন রাজ্য থেকে কাপড় আদতো। কিন্তু এখন তার উন্টোটা হচ্ছে। এখন দেখা যায় কলিকাতায় যে তাঁত শিল্পের মেলা হয়, পশ্চিমবাংলায় যে তন্ত্রবায় সামগ্রী আছে সেইগুলো সারা পশ্চিমবাংলায় এবং বিভিন্ন রাজ্যে যায়। এই তাঁত শিল্প এবং তাছাড়া অন্যান্য যে সমস্ত শিল্প আছে ক্ষুত্র এবং কুটির শিল্প যেগুলি এই রাজ্যের এক্তিয়ার ভুক্ত, এই রাজ্য সরকার তার প্রয়োজন মাফিক নীতি নির্ধারণ করছে। তার ফলে শিল্পীরা নিজের পায়ে দাঁড়াতে পারছে এবং লক্ষ লক্ষ মাহ্নষ এর মারা কান্ধ পাচ্ছে। সেইভাবে যদি বড় এবং মাঝারি শিল্প রাজ্যের হাতে দিত ভাহলে ভালো হত। আপনারা বলেন কেন্দ্রীয় সরকারের টাকা ফেরত গেছে, অমৃক গেছে তম্ক গেছে। সেই দিন সান্তার সাহেব বললেন অনেক টাকা ফেরত গেছে। আমি জানিনা তিনি এই সব হিসাব কোথা থেকে পান। এইসব কথা না বলে তিনি যদি কেন্দ্রে বলতেন যে কেন বড় কারখানার লাইসেন্স দেওয়া হচ্ছে না, কেন লেটার অফ ইনটেণ্টকে লাইসেন্সে পরিণত করা হচ্ছে না। তাহলে এখানে অনেক বড় বড় কারখানা গড়ে উঠতে পারতো। বড় বড় কারখানা গড়ে উঠলে বেকার

সমস্তার কিছু সমাধান হতো। বেকার সমস্তা পশ্চিমবাংলার বেড়ে এটা আকাশ থেকে পড়ে হয়নি। পশ্চিমবাংলার বামফ্রণ্ট সরকার এসে বিভিন্ন রকে এমপ্রয়মেণ্ট এক্সচেঞ্জ থোলার চেষ্টা করছেন। প্রতিটি মহফুমা ভিত্তিক এমপ্রয়মেণ্ট এক্সচেজ্ব থোলা হয়েছে। তার ফলে বেকার ছেলেরা নাম লেখাতে পারছে। নাম লিখিয়ে তারা চাকুরী পাচ্ছে। তারপর যারা বেকার আছে তাদের শ্বনিযুক্তি প্রকল্পের মাধ্যমে কাজ হবে। সেইজক্ত তারা নাম লেখাচ্ছে।

## [5-05-5-15 P. M]

ভারতবর্ষের অন্যান্ত রাজ্যগুলিতে এই রাজ্যের অন্তর্মপ নীতি নিয়ে অগ্রসর হয়নি, সেজন্ত সেথানে বেকার ছেলেরা কম পরিমাণে নাম লিখিয়েছেন। অতএব, এ কথা লুকিয়ে বলার দরকার নেই যে, একটা বিশেষ নীতি নিয়ে পশ্চিমবাংলার সরকার এগিয়ে চলেছেন। পশ্চিমবাংলার সাধারণ মান্ত্র্য বামক্রণ্ট সরকারের এই কল্যাণম্থী নীতির কথা ভালভাবেই বুরুতে পেরেছেন। এখানে মান্ত্র্য এও ভাল করে বুরুতে পেরেছেন যে, কেন্দ্রের বিরুদ্ধে যদি সমবেত ভাবে সংগ্রাম না করা যায়, তাহলে এখানে বেকার সমস্তারও কোন সমাধান হবে না। তারা এখানে নতুন শিল্প সংস্থা করার অন্ত্রমতি দিতে চাইছেন না। কেন্দ্রীয় সরকার এ ব্যাপারে বাধার স্বষ্ট করছেন। সাধারণ মান্ত্র্য এ কথা বুরুতে পেরেছেন। আগামী দিনে এই সব দৃষ্টি নিয়ে নতুন ভারতবর্ষ গড়ে তোলার জন্ত্র পশ্চিমবাংলার মান্ত্র্যকে সংগ্রাম চালিয়ে যেতে হবে। এই সমস্ত কথা বলে, মাননীয় অর্থমন্ত্রীয় বাবাছেট বরাদ্ধ পেশ করেছেন এবং যে বক্তব্য রেথেছেন, তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

প্রভিত্রপেন্দ নাথ শেঠ: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা, বিরোধীদলের সদস্পরা ত্রভাগ্যবশতঃ মাননীয় অর্থমন্ত্রী মহাশয় গত ১ই মার্চ যে বাজেট পেশ করেছিলেন এবং পাঠ করেছিলেন, তা শোনার সৌভাগ্য লাভ করতে পারি নি। তাহলেও, আমরা বাজেটে লক্ষ্য করেছি মোট ৭৭টি পারা আছে। এটা পড়ে আমরা তাঁর বক্রব্য কি ছিল, তা জানতে পেরেছি। বাজেটের মধ্যে দেখা যাছে ৭৫ কোটি টাকা বাড়তি কর ধার্য করার প্রস্তাব রাখা হয়েছে। পশ্চিমবাংলার মাহ্য এই কর' এর বোঝা নিয়ে যুরবেন এবং জীবনযাত্রা নির্বাহ করবেন। আমরা যারা গ্রাম বাংলা থেকে এসেছি, যাঁদের গ্রাম গঞ্জের মাহ্যের সাথে সংযোগ আছে, তাঁদের মধ্য হয়ত এই বাজেট রচনার জন্ম অর্থমন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দেবেন। কিন্তু আমরা এতে সম্মতি দিতে পারি না। অর্থমন্ত্রী মহাশয়ের গ্রাম গঞ্জের মাহ্যের সাথে যদি সংযোগ থাকতো বা থেকে থাকে, তাহলে পরবর্ত্তী কালে এর প্রতিক্রিয়া তিনি বুকতে পারবেন। এই বাজেটের মধ্যে তিনি বলেছেন, এর মাধ্যমে আগামী দিনে ক্রমির উৎপাদন বাড়বে। তাঁদের রচিত বাজেটের মধ্য দিয়েই রেকর্ড

ুরিমাণ ফলন এথানে ফলেছে। শুধু তাই নয়, আগামী দিনে ক্ষির উৎপাদন আরও বাড়বে।
মাননীয় অর্থমন্ত্রীর হয়ত জানা আছে, কৃষি-উৎপাদনে এই সরকারের অবদান কতটুকু আছে।
পশ্চিমবাংলার সাধারণ কৃষক, যারা থেতে থামারে কাজ করে, তাদের গত বছর প্রচণ্ড থরা অতিক্রম
করতে হয়েছে তাদের ঘরে অন্ধ না থাকায়, নিজেদের অনাহারে থাকতে হরেছে এবং অধিকাংশ
পরিবারকেই তা অতিক্রম করতে হয়েছে। তাদের নিজেদের তাগিদেই বেণী ফলনের জন্ম মন
দিতে হয়েছে। তারা যুদ্ধকালীন অবস্থা হিসাবে ব্যবস্থা নিয়েছে। এরই ফলশ্রুতি হিসাবেই
কৃষির উৎপাদন বেড়েছে। স্কুতরাং একে স্বকালীন রেকর্ড বলে দাবী করা চলে না। ১৯৭৭
সালে সিদ্ধার্থশংকর রায়ের আমলে পশ্চিমবাংলায় ১৮ লক্ষ টন থান্ন উৎপাদন হয়েছিল।

আর আপনি সর্বকালীন সর্বাপেক্ষা বেশী ক্লযি উৎপাদন বলে চিৎকার দিচ্ছেন। এতে আপনার কি অবদান আছে? সাধারণ রুষকের জন্ম আপনারা কি দিয়েছেন? আপনারা সাধারণ ক্রমকের জন্ম কতগুলি স্থালো টিউবওয়েল দিয়েছেন ? ১৯৭৭ সালের পরে পশ্চিম্বাংলার বুকে নতুন কোন ডিপ টিউবওয়েল স্বাষ্ট করতে পারেন নি। কোন আর এল আই-এর ইন্সটলেশান নেই। ক্ষুত্র সেচ প্রকল্পে ে সমস্ত টাকা কেন্দ্রীয় সরকার থেকে নেওয়া হয়েছে পরিসংখ্যান দেখলে দেখা যাবে সমস্ত টাকা এখান থেকে কেরত চলে যাচ্ছে। এগজিসটিং ডিপ টিউবওয়েলগুলির ভেতর কতগুলি থারাপ হয়েছে সেই সম্পর্কে অর্থমন্ত্রী মহাশয় কোন সংবাদ রাখেন কিনা ? আর এল আই ইলেকট্রিসিটির অভাবে বন্ধ হয়ে গেছে, ফলে মাঠের ধান মার খাওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে। আমরা গত বছর বারংবার চিৎকার করেছি যেসব ডিপ টিউবওয়েল ইলেকট্রিসিটির অভাবে বন্ধ হয়ে যাচ্ছে, মেনটেনেন্সের অভাবে বন্ধ হয়ে যাচ্ছে সেই সমস্ত ডিপ টিউব ওয়েলগুলি সারাই করে আপনার। কৃষি উৎপাদনে সহায়ক হোন। আপনি বলুন আজ পর্যস্ত সেই ডিপ টিউবওয়েলগুলির কতগুলি সারাই করেছেন ? আপনারা বলেছেন ৩০ লক্ষ টাকার বীজ ধান ক্রত্ব করে রুষকদের মধ্যে বিতরণ করেছেন। ব্লকওয়ারী পরিসংখ্যানে দেখা যাচ্ছে আপনারা ইনপুট লোন দিয়েছেন ক্লষকদের মধ্যে যার মধ্য দিয়ে ক্লযি বিপ্লব হচ্ছে। আমি ব্লক ওয়ারী ডিপ টিউবওয়েল, আর এল আই এর অধীনে যে সমস্ত কমাও এলাকা আছে এবং দেখানে যে সমস্ত মার্জিন্তাল ফারমার্স আছে তার একটা পরিসংখ্যান দিয়ে বলছি যে একটা ডিপ টিউবওয়েলের অধীনে ৩টি আর এল আই আছে এবং সেই আর এল আই-এর অধীনে ১৭৫ জন মার্জিন্যাল ফারমারদের মধ্যে মাত্র ২০ জন ফারমারকে মিনিকিট দেওয়া হয়েছে। এতে কি সবুজ বিপ্লব হবে ? এক একটা ব্লকে ১৬ থেকে ১৭টা অঞ্চল থাকে, সেই অঞ্চলে ইনপুট লোন দিয়েছেন মাত্র ৭৫০ জন লোককে। এই দিয়ে কি আপনারা থান্ত উৎপাদনে বিপ্লব আনবেন ? এই দিয়ে কি আপনারা ক্রমকের ঘরে অন্নের ব্যবস্থা করবেন ? ক্রমি উৎপাদন যদি বেড়ে থাকে তাহলে ক্রমকরা নিজেদের তাগিদে নিজেদের ক্ষমতার বলে বাড়িয়েছে।

( এই সময় লাল বাতি জ্বলিয়া উঠিল )

বিভিন্ন পরিসংখ্যান আমাদের কাছে ছিল, গ্রাম থেকে আমরা পরিসংখ্যান এনেছি, এই পরিসংখ্যান আজকে হাউদে পেশ করার হ্বযোগ মাননীয় অধ্যক্ষ মহাশন্ম দিচ্ছেন না। আমি বলতে চাই অর্থমন্ত্রী মহাশন্ম দেশের উন্নয়ন থাতে টাকা দিয়েছেন, তাতে যদি দেশের উন্নয়ন হত তাহলে আমাদের বলার কিছু ছিল না। শিক্ষা থাতে তিনি টাকা দিয়েছেন, তাতে যদি শিক্ষার হ্বন্দোবস্ত হত তাহলে আমাদের কিছু বলার থাকত না। কিন্তু অর্থমন্ত্রী মহাশন্ম কি জানেন নো এগজামিনেশান দিস্টেম চালু হওয়ার ফলে এই বছর প্রাইমারী হ্বলের যেসব আউটগোইং স্টুডেন্ট ছিল তারা মাধ্যমিক হুলে ভর্তি হওয়ার হ্বযোগ পায়নি ? এইভাবে বিভিন্ন দিক থেকে পরিসংখ্যান দিলে দেখা যাবে অর্থমন্ত্রী মহাশন্ম যে বাজেট এনেছেন সেই বাজেট জনস্বার্থ বিরোধী বাঙ্কেট, সেজন্য এই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করতে বাধ্য হচিছ।

#### [5-15-5-25 P. M.]

**শ্রীপ্রবোধ চন্দ্র সিন্হাঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমাদের অর্থ মন্ত্রী ১৯৮৪-৮৫ সালে যে বাজেট এই সভার অমুমোদনের জন্ম পেশ করেছেন এবং সেই সাথে তাঁর যে বাজেট বক্তব্য আমি তাকে সম্পূর্ণরূপে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। বাজেটের উপর গত চু দিন ধরে সাধারণ বিতর্ক চলছে এবং বিরোধী দলের পক্ষ থেকে মাননীয় সদস্থাগণ এই বাজেটের বিরোধিতা করে যে বক্তব্য এই সভায় রেখেছেন তা আমি শুনেছি। তাঁদের বক্তব্য থেকে এই ধারণা হওয়া স্বাভাবিক ষে তাঁরা যেন পশ্চিমবঙ্গকে ভারতবর্ষ থেকে পৃথক করে আলাদা রাজ্য হিসাবে একটা স্বতম্ব রাজ্য হিসাবে বিবেচনা করেছেন। এবং সেই দৃষ্টিভঙ্গিতে পশ্চিমবাংলার অর্থ নৈতিক বিষয়টিকে পর্যালোচনা করেছেন। তাঁরা বিশ্বত হয়ে যাচ্ছেন যে পশ্চিমবন্ধ ভারতবর্ষের অঙ্গরাজ্যগুলির মধ্যে অক্সতম। আমাদের সংবিধানে অর্থ নৈতিক ক্ষমতাকে রাজ্য এবং কেন্দ্রের মধ্যে যেভাবে বিভক্ত করে রাখা হয়েছে সেই অর্থ নৈতিক নীতির মাধ্যমে পশ্চিম-বাংলাকে চলতে হচ্ছে। এই কথা তাঁরা ভূলে গেছেন। বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে কোন রকম গোপন না করে প্রকাশ্যে আমাদের সরকারের পক্ষ থেকে বার বার একথা বলা হয়েছে যে এই সংবিধানের গণ্ডির দীমাবদ্ধতার মধ্যে থেকে সম্পূর্ণভাবে যে লক্ষ্যে আমরা পৌছাতে চাই. তা সম্ভব নয়। এই দীমাবদ্ধতার মধ্যে থেকেও যে অর্থ নৈতিক ক্ষমতা রাজ্যের হাতে এসে পৌছোবে, সেই ক্ষমতার মাধ্যমে দেশের সাধারণ মাম্ববের উন্নতি কতটা করতে পারা যায় তার জন্ম বামক্রণ্ট সরকার তার সমস্ত শক্তিকে নিয়োজিত করবেন। সরকার পক্ষের মাননীয় সদস্যগণ এ সম্পর্কে বিভিন্ন রকম পরিসংখ্যান উত্থীপন করে কৃষি, ক্ষুত্ত শিল্প, ক্ষুত্ত সেচ, বিত্যুৎ ও শিল্পের ক্ষেত্রে কতটা অগ্রগতি গত ছয় বছরে করতে পেরেছেন সেটা তুলে ধরেছেন। আমি সেই বিষয়ের দিকে বাচ্ছি না। আমি বিরোধী দলের মাননীয় সদস্য ডাঃ জয়নাল আবেদিন সাহেব তাঁর বাজেট বক্তৃতা যে বক্তব্য এখানে রেখে গেছেন, আমি তার ঘটি বিষয় সম্পর্কে কিছু বলতে

চাই। তিনি একটা কথা বলেছিলেন কেন্দ্রের বাজেটের কথা উল্লেখ করে যে কেন্দ্রীয় সরকার আর্থিক সনির্ভরতার দিকে এগিয়ে চলে যাচ্ছে এবং কেন্দ্রীয় সরকার যেভাবে আর্থিক স্থিতিশীলতার দিকে এগিয়ে যাচ্ছে, দেদিক থেকে পশ্চিমবাংলা আর্থিক দৈন্তের মধ্যে চলছে এবং তাকে ভিক্ষার ঝুলি নিয়ে আর্থিক সমস্থা সমাধানের জন্ম এগোতে হচ্ছে। আর একটা কথা তিনি বলেছিলেন ষে শিল্পের দিক থেকে নাকি ভয়ঙ্কর ডেভেলপমেণ্ট হয়েছে। ব্যালেন্স অব ট্রেড নাকি ভারতবর্ষের ফেবারেবল পোজিসনে গেছে। যেটা ভারত সরকার করতে পেরেছে, পশ্চিমবঙ্গ সরকার সেই স্কুষোগ স্থবিধা নিতে পারছে না। কেন দেইভাবে এগোতে পারছে না তা তিনি বুঝতে পারছেন না। ডাঃ জয়নাল আবেদিন সাহেবের মত এক দ্বন বিশিষ্ট অভিজ্ঞ পার্লামেন্টারিয়ান এই সব তথ্য কোথায় পেলেন ? এই কয়েক দিন আগে প্রণব মুথার্জি আমাদের কেন্দ্রীয় অর্থ মন্ত্রী ১৯৮৪-৮৫ বাজেট লোকসভায় পেশ করেছেন এবং সেই সব ফিগার থবরের কাগজেও প্রকাশিত হয়েছে। সেটা দেখলে দেখা যাবে কেন্দ্রীয় সরকারেরও রাজস্ব থাতে যে আয় এবং রাজস্ব থাতে যে বায় ২ হাজার ৭শত কয়েক কোটি টাকার মত যে ব্যয়ের পরিমাণ তা সংকুলান হচ্ছে না। রাজ্ব থাতে সেই ব্যয় সংকুলানের জন্ম টাকা পাওয়া যাচ্ছে না। সেই ব্যয় মেটানোর জন্ম অন্ত খাত থেকে টাকা সংগ্রহ করা হচ্ছে। তার মানে হচ্ছে কেন্দ্রীয় সরকারকেও তার দৈনন্দিন থরচ মেটানোর জন্ম প্রতিদিন ধার করতে হচ্ছে। আমার কাছে তথ্য আছে, আমি বলে দিতে পারি যে কত টাকা রাজস্ব থাতে আয় হচ্ছে এবং রাজস্ব থাতে মোট কত টাকা ব্যয় হচ্ছে। রাজস্ব খাতে আয় হচ্ছে ২৩.৭৪৪ কোটি টাকা আর ব্যয় হচ্ছে ২৬.৩৪২ কোটি টাকা।

স্থতরাং কেন্দ্রীয় সরকারের অর্থ নৈতিক অবস্থা মোটেই ভাল নয়। রেভিনিউ রিসিপ্টস এবং রেভিনিউ এক্সপেনডিচার ধদি ধরা যায় তাহলে এই কথা অনস্বীকার্য্য যে কেন্দ্রীয় সরকারকে তাদের তদানীস্তন থরচ পরিচালনার জন্য টাকা ধার করতে হচ্ছে। অন্য দিকে কি হচ্ছে ? ওরা তো ফেভারেবল ব্যালান্দ্র অব ট্রেডের কথা বলে দিয়েই চলে গেলেন। ফেভারেবল ব্যালান্দ্র অব ট্রেডের কথা বলে দিয়েই চলে গেলেন। ফেভারেবল ব্যালান্দ্র অব ট্রেডের ক্ষেত্রে, বহিংবানিজ্যের ক্ষেত্রে ভারত সরকার ভাল জায়গায় পৌছতে পেরেছে ? আমরা কি দেখতে পাচ্ছি ? আমরা যদি কয়েক বছরের এক্সপোর্ট, ইমপোর্টের হিসাব সভায় উথাপন করি তাহলে ব্যালান্দ্র অব ট্রেড কোথায় গিয়ে হাজির হয়েছে সেটা দেখতে পাব। যথন জনতা সরকার ছিল তথন আমরা বিদেশ থেকে যে জিনিসপত্র আমদানি করতাম তার বাৎসরিক মোট মৃল্য হচ্ছে ২ হাজার কোটি টাকা কিন্ধ শ্রীমতী গান্ধী আসার পরে ১৯৮০/৮১ সালে এই আমদানির মাত্রা আরো বেড়ে গিয়ে ১২ হাজার ৫৬০ কোটি টাকায় গিয়ে দাঁড়াল। ১৯৮১/৮২ সালে ১৩ হাজার ও৭০ কোটি টাকা, ১৯৮২/৮৩ সালে ১৪ হাজার ২৭৫ কোটি টাকা এবং ১৯৮০/৮৪ সালে ১৫ হাজার কোটি টাকা হয়েছে। অর্থাৎ জনতা সরকারের আমলে যেখানে ২ হাজার কোটি টাকা ছিল ৫ বছরে সেটা ১৫ হাজার কোটি টাকায় দাঁড়িয়েছে, প্রায় বিশ্বধের কাছাকাছি গিয়ে দাঁড়িয়েছে। যেভাবে আমদানি বেড়েছে সেই ভাবে কিন্ধ রপ্তানি বাড়াতে

পারেন নি। রপ্তানির পোজিসন কোথায় রয়েছে ? ১৯৭৭ সালে যা টোটাল ডেফিসিট ছিল অর্থাৎ আমদানি, রপ্তানির মধ্যে ৬০০ কোটি টাকার গ্যাপ ছিল, অর্থাৎ ১০% এর মত ছিল। আর ১৯৮০/৮১ সালে ৫০% ট্রেড ডেফিসিট দাঁডিয়েছে এবং এটা দাঁড়িয়েছে বলেই কেন্দ্রীয় সরকারকে বিভিন্ন স্থত্ত থেকে ধার করার জন্য এগিয়ে যেতে বাধ্য হতে হয়েছে। ফলে আমাদের টোটাল ডেব ট অর্থাৎ বৈদেশিক ঋণের মাত্রা অনেক বেশী পরিমানে বেডে গেছে। ১৯৭৭/৭৮ সালে যেথানে ১ হাজার কোটি টাকা ছিল এথন সেথানে ১১ হাজার কোটি টাকা হয়েছে। কেন্দ্রীয় সরকারের অবদান হচ্ছে ইন্টারক্তাশক্তাল মনিটারি ফাণ্ড থেকে লোন করলেন, তারপর বিদেশী নন-রেসিডেণ্টদের কাছ থেকে ধার করছেন, নেক্সট ডে ব্যাংকের কাছ থেকে ধার করছেন, ফরেন গভর্ণমেন্টের কাছ থেকে ধার করছেন। অর্থাৎ বিদেশ থেকে ধার হিসাবে পাওয়া যায় এমন কোন স্থত্ত নেই যেথান থেকে কেন্দ্রীয় সরকার ধার করছেন না এবং এমন কোন স্থত্ত নেই যে স্থৃত্ত কেন্দ্রীয় সরকার অমুসরণ করছেন না বা সেই স্থুত্তের মাধ্যমে টাকা সংগ্রহ করার চেষ্টা করছেন না। এই যদি পোজিসন হয় তাহলে কি করে বলতে পারি আমাদের ট্রেডের অবস্থা ভাল, ফেভারেবল ব্যালান্স অব ট্রেড হচ্ছে ? ভারতবর্ষের অর্থ নৈতিক চিত্র কথনই উজ্জ্বল নয়। তাহলে এক্সপোর্ট ইমপোর্টের ফিগার, পারসেনটেজ কোথায় গিয়ে পৌছতে পারত সেটা আমরা সকলেই বুক্তে পারতাম। অন্ত দিকে আমরা কি দেখতে পাচ্ছি? আর সব চেয়ে মারাত্মক বিষয় হল কেন্দ্রীয় সরকারের হস্তক্ষেপ বা নিয়ন্ত্রন নেই বলে কালো টাকা প্রচর পরিমানে বেড়ে গেছে। কালো টাকার উপর সরকারের কোন নিয়ন্ত্রন নেই। ১৯৬৭ मारल भार्षे जांजीय जारवत २०% ब्रांक मानि हिल, ১৯१२/१७ मारल मिं। त्रांष ७२% इल, ১৯৭৬/৭৭ সালে সেটা ৩৭°৬% হল, আর বর্তমানে সেটা প্রায় ৫০% গিয়ে দাঁভিয়েছে। স্তভরাং আজকে কেন্দ্রীয় অর্থমন্ত্রীর কালো টাকার উপর কোন নিয়ন্ত্রন নেই। সেদিক থেকে বলতে গেলে বলতে হয় প্রাকটিক্যালি তিনি ফুল ফ্লেজেড ১০০ পারসেন্ট অর্থমন্ত্রী নন। কারণ পার্লামেন্টে ফাইন্যান্দ মিনিষ্টার বাজেট পেশ করে যে অর্থনীতির কথা বলেছেন তাতে মাত্র ৫০% তাঁর নিয়ন্ত্রণে রয়েছে, আর বাকি ৫০% একটা সমান্তরাল কালো টাকার অর্থনীতি চলেছে, যেটার উপর তাঁর কোন নিয়ন্ত্রন নেই। অর্থাৎ তিনি ৫০% অর্থমন্ত্রী ভারতবর্ষের এবং এই অর্থনীতি নিয়ে তিনি দেশ চালাচ্ছেন। কাজেই যে দেশের এই অবস্থা হয়েছে সেথানকারই একটা অঙ্গ রাজা হচ্ছে আমাদের এই পশ্চিমবাংলা আর ওরা আমাদের অর্থনীতি নিয়ে চিস্তা ভাবনার কথা বলছেন। ওদের কথা শুনে আমি একেবারে তাজ্জব হয়ে যাচ্ছি। ওরা ইণ্ডাক্কি সম্বন্ধে বলছেন যে এই মাত্র ইণ্ডাষ্ট্রিয়াল গ্রোথ হয়েছে। প্রফেসর রাজকৃষ্ণ, এক সময় যিনি এর মেম্বার ছিলেন ইণ্ডাষ্ট্রিয়াল গ্রোথ দম্বন্ধে তিনি একটি আর্টিকেলে বলছেন, "The rate of industrial growth has been continuously declining." মানে ক্রমাগত ইণ্ডাঞ্জিয়াল গ্রোথ ফল করতে শুরু করেছে। "It was lower in the eighties than it was in the seventies, lower in the seventies than it was in the sixties and lower in the sixties that it was in the fifties."

[5-25-5-35 P. M.]

এবং একথা বলে তিনি কি বলছেন ? ফাষ্ট প্ল্যানে আমাদের ইণ্ডাঞ্টিয়াল গ্রোথ ছিল ৭ পারসেন্ট, এই ৭ পারসেন্ট ইণ্ডাষ্টিয়াল গ্রোথ যদি মেনটেন করতে হয় তাহলে কতকগুলি অবসটাকেলস এয়াও ছাডেলসের কথা তিনি বলেছেন, দেগুলি অতিক্রম করতে হবে। এই হচ্ছে ফিগার এবং ষ্টাটিষ্টিকা। এই ফিগারের উপর ভিত্তি করে আমি অস্ততঃ বুকতে পারি না যে আমাদের ইণ্ডাষ্টিয়াল গ্রোথ কিন্তাবে বৃদ্ধি হচ্ছে। যেটা বলে গেলেন মাননীয় বিরোধীদলের দদশু সেটা ঠিক আমি বুকতে পার্চি না। এর ফল কি দাঁড়িয়েছে ? প্রথম পরিকল্পনার সময় কেন্দ্রের যে অর্থনৈতিক কাঠা-মোটা ছিল সেটা পর পর পঞ্চবার্বিকা পরিকল্পনাতে তার রূপান্তর ঘটেছে, রাজস্ব সংগ্রহের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে ডিরেক্ট ট্যাক্স বা প্রত্যক্ষ করের উপর বেশী গুরুত্ব আরোপ করেছিলেন, প্রবর্তীকালে দেখা গেল মোট যে ট্যাক্স আদায় হচ্ছে তাতে শেখানে প্রত্যক্ষ করের পরিমাণ কমে যাচ্ছে এবং পরোক্ষ করের পরিমাণ বেডে যাচ্ছে। এই বাডার পরিমানটা হচ্ছে. প্রথম পরিকল্পনায় ১৯৫০-৫১ দালে যেখানে প্রত্যক্ষ কর হিসাবে আদায় করা হত ৪৪ পারদেউ সেখানে ১৯৮০-৮১ সালে সেই গ্রাত্যক্ষ কর আদায়ের পরিমাণটা হচ্ছে মাত্র ২০ পারসেউ। পরোক্ষ কর-একসাইজ ডিউটি, ১৯৫১-৫২ সালে যেখানে ১৭ পার্নেন্ট আদায় করা হত ১৯৭০-৭১ সালে সেই পরোক্ষ কর, একুসাইজ ভিউটি ৫৫ পারসেণ্ট আদায় করা হচ্ছে। প্রত্যক্ষ কর ইনকাম ট্যাক্স. করপোরাল ট্যাক্স যেগুলি বিত্তশালী মান্ত্যরা দিয়ে থাকেন সেথানে কেন্দ্রীয় সরকারের ধনিক ভোষন নীতির জন্ম সেই বিত্তবান মানুষদের তারা স্থযোগস্থবিধা দিচ্ছেন আর অপরদিকে একদাইজ ডিউটি. কাস্টম ডিউটি বেশী মাত্রায় চাপিয়ে দিচ্ছেন এবং তার ফলে প্রতিটি ভোগ্য পন্থে বহু পয়েণ্টে ট্যাক্স বসছে এবং জিনিয়পতের দাম বাড়ছে। জিনিয়পতের দাম বাড়ার ফলে কনজিউমার হিসাবে সাধারণ মাত্ম্য তাদের উপর করের বোঝা বেশী চেপে যাচ্ছে এবং তাতে দেশে দারিদ্র বাড়ছে, সাধারণ মানুষ আর্থিক কট্টে পড়ছেন। এ কথাটা প্ল্যানিং কমিশন নিজেও স্বীকার করেছেন। প্ল্যানিং কমিশন ১৯৭৮ থেকে ১৯৮৩ সালের প্লান এ্যাপ্লাই করতে গিয়ে নিচ্ছেই বলেছেন "The most important objectives of planning have not been achieved, the most cherished goods seem to be almost as distant today as when we set out on the road to planned development."

অর্থাৎ যেদিন পরিকল্পিত অর্থ নীতির দিকে আমরা হাঁটতে হুরু করেছিলাম দেদিন আমাদের লক্ষ্যমাত্রা যততুরে ছিল ৫টা পঞ্চবার্ষিকী পরিকল্পনার পরও এবং পরিকল্পিত অর্থনীতি অর্থনর করার পরও আমরা ঠিক সেই জায়গাতেই দাঁড়িয়ে আছি। সেই চেরিসড গোলগুলি কি? They are the achievement of full employment, the eradication of poverty and the creation of a more equal society' অর্থাৎ কিছুই অর্জন করা সম্ভব হয়নি। এটা

প্ল্যানিং ক্ষিশন নিজেই তাদের রিপোর্টে বলেছেন। এর ফলে এই সব চাপ রাজ্য সরকারগুলি ঘাড়ে এদে পড়ছে এবং তাদের তা গ্রহণ করতে হচ্ছে। কেন্দ্রীয় ভাণ্ডার থেকে রাজ্যের কাছে যে আর্থিক সাহায় আসার প্রয়োজন চিল প্রত্যেক বছরের হিসাব নিলে দেখা যাবে সেই আর্থিক সাহাযোর মাত্রা বছরের পর বছর কমে গিয়েছে এবং তার ফলে রাজ্যগুলি অনেক অম্ববিধার মধ্যে পড়ে যাচ্ছে। কিন্তু তা সত্তেও পশ্চিমবঙ্গের বামফ্রণ্ট সরকার কি করছে ? কেন্দ্রীয় ভাণ্ডার থেকে আর্থিক সাহায্য কমা সত্ত্বেও বামফ্রণ্ট সরকার তার নিজম্ব শক্তিতে রাজ্যের রাজ্য বাড়াবার চেষ্টা করছেন। পঞ্চম যোজনার শেষে অর্থাৎ কংগ্রেস যথন ক্ষমতায় ছিল তথন ৫ম যোজনার মোট ব্যয়ের অমুপাতে পশ্চিমবংগের রাজস্ব সংগ্রহের পরিমান ছিল যেথানে ৬২°২ পারসেণ্ট সেথানে ৬৯ যোজনাতে এই পরিমান বেড়ে *হয়েছে ৮০°৬* পারসেট। স্থতরাং বামফ্রণ্ট সরকার কেন্দ্রের কাছে আর্থিক দিক থেকে বঞ্চিত হওয়া সত্ত্বেও স্থদুচভাবে তার নিজম অর্থনৈতিক বুনিয়াদ তৈরী করবার জন্ম চেষ্টা করছেন এবং দেইভাবে এগিয়ে চলেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একথা অনস্বীকার্য যে গ্রামবাংলার মামুষের জন্ম যে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে তাতে তাদের যথেষ্ট অগ্রগতি হয়েছে এবং একথাও অনস্বীকার্য যে শিল্প, কুটিরশিল্প, শিক্ষা প্রভৃতি ক্ষেত্রেও যথেষ্ট অগ্রগতি হয়েছে। এই বাজেট একটা বাস্তব দষ্টিভঙ্গী নিয়ে রচিত হয়েছে এবং আমরা আশা করি আগামী দিনে এই বাজেটের মাধ্যমে এই রাজ্য অর্থনৈতিক উন্নতির দিকে আরো এগিয়ে যাবে। এই কথা বলে মাননীয় অর্থমন্ত্রীর বাজেট বক্তভাকে সম্পূর্ণরূপে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রীমতী অপরাজিত। পোঞ্জীঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট এথানেপেশ করেছেন, তাকে আমি সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। আজকে তুই দিন ধরে এই বাজেটের উপরে আলোচনা আমি মন দিয়ে শুনেছি। বিরোধী দলের সদস্থারা আলোচনা করতে গিয়ে যেসব কথা বলেছেন, ওদের কথা শুনতে শুনতে আমার একটা কথাই মনে হচ্ছে—'উট যথন মক্ষত্মির মধ্যে দিয়ে থায় তথন সে বালিতে মুথ চুকিয়ে ভাবে যে তাকে কেউ দেখতে পাছে না। এদের অবস্থাটাও সেই রকম হয়েছে। ওরা মথন আলোচনা করেন তথন ভারতবর্ষের কথাটা এরা ভূলে থান। আজকে ভারতবর্ষের যে রাজনৈতিক পরিস্থিতি সেটা হচ্ছে অগ্নিগর্ভ। সেইরকম একটা পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে একটা রাজ্য সরকার তার অর্থ নৈতিক বাজেট পেশ করছেন। আমরা কথনই বলি না যে এই বাজেট একটা বৈপ্লবিক বাজেট বা সমাজতান্ত্রিক বাজেট। কারণ আমরা জানি সেটা সম্ভব নয়। তবে সংশোধীয় গণতন্ত্রের মধ্যে দিয়ে যে বাজেট করা সম্ভব সেটাই এথানে করবার চেষ্টা করেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অনেক মাননীয় সদস্য এথানে স্থাটিষ্টিক দিয়েছেন। আমি আর তার মধ্যে যাবো না। আমি একটি কথা মাননীয় সদস্যদের শুধু শ্বরণ করিয়ে দিতে চাই। আজকে এটা নিশ্চয়ই চিস্কা করার প্রয়োজনীয়তা আছে যে ভারতবর্ষ স্বাধীন হওয়ার ৩৬ বছর পরেও গোটা ভারতবর্ষর অবস্থাটা কি হয়েছে এবং কেন হয়েছে?

পশ্চিমবাংলায় আজকে বামফ্রণ্ট সরকার আছে। আমরা যারা সমাজতান্ত্রিক আদর্শে বিখাদী. আমরা মনে করিনা যে বিধানসভায় এসেই সমাজতন্ত্র প্রতিষ্ঠা করতে পারবো। আমরা কথনও মনে করি না যে পুঁজিবাদী রাষ্ট্রের মধ্যে থেকে একটা বাজেট পেশ করে বিপ্লব করে ফেলবো। আমরা জানি যে স্বাধীনতার পরে ৩৬ বছর ধরে গোটা ভারতবর্ধের যে পরিকল্পনা গুলি কংগ্রেস গ্রহণ করেছে এবং বে পরিকল্পনার মাধ্যমে গোটা ভারতবর্ষকে নিমন্ত্রণ করেছে তার ফলশ্রুতি হচ্ছে আন্ধকের ভারতবর্ধের অগ্নিগর্ভ। অসম অর্থ বন্টনের জন্ম অসম উন্নয়নের জন্ম আন্ধকে গোটা ভারতবর্ষে বিচ্ছিন্নতাবাদের আন্দোলন শুরু হয়েছে। আজকে সেই দিকে আপনাদের নজর দেওয়াব প্রয়োজন ছিল। আপনারা বলছেন যে আমরা ৬/৭ বছর এখানে আছি, আমরা কতটুকু করতে পেরেছি ? আমরা যা করতে পেরেছি সেটা বাজেটের মধ্যে আছে। আমরা শিক্ষা থাতে অনেক ব্যয় করেছি। আমি মনে করি যে স্বাধীনতার পরবর্তীকালে শিক্ষা, দারিত্রতা, বেকার সমস্তার সমাধান, এগুলি মেটাবার প্রয়োজনীয়তা ছিল। ভারতবর্ষের অর্থ নৈতিক ক্ষেত্রে একই কংগ্রেস ক্ষমতায় থাকা সত্ত্বেও সেই কাজগুলি কেন করতে পারেননি সেটা ভাবা উচিত ছিল। আজকে পরিকল্পনার জন্ত ৭৪৮ কোটি টাকা বাজেটে রাখা হয়েছে। আজকে কেন্দ্র রাজ্য সম্পর্কের কথা কেন বার বার আসছে ? এই কারণে আসছে যে ১৯৭৬-৭৭ সাল থেকে ১৯৮১-৮২ সাল পর্যন্ত আয়কর, কর্পোরেশান কর এবং আন্তঃশুল্ক বাবদ কেন্দ্র পশ্চিমবাংলা থেকে ৬,৯৫২'৪০ কোটি টাকা সংগ্রহ করেছে। কিন্তু পশ্চিমবঙ্গ তার কতটুকু পেয়েছে ? পশ্চিমবঙ্গ পেয়েছে মাত্র ১,৫৩৩<sup>,</sup> ৭২ কোটি টাকা। কাজেই পশ্চিমবন্ধকে ৭৫ কোটি টাকা রাজস্ব সংগ্রহ করতে হবে। কিন্তু সেটা আসবে কিভাবে ? এই রাজস্ব সংগ্রহ করতে না পারলে উন্নয়ন খাতে তারা ব্যয় করতে পারবে না। কেব্রু যে টাকা পশ্চিমবঙ্গ থেকে সংগ্রহ করছে, সেই টাকা থেকে রাজ্যের উন্নয়নের জন্ম যে টাকা প্রয়োজন সেটা হচ্ছে না। আজকে আমরা তো বিদেশী সরকার নই, আমরা তো নিজেদেরই সরকার। তাহলে আজকে এই অসম বন্টন কেন? সমস্ত রাজাগুলিকে কেন্দ্রের উপনিবেশ হিসাবে পরিচালনা করা হবে। সেই জন্মই কেন্দ্র রাজ্য সম্পর্কের কথা আসে এবং তাই নিয়ে আন্দোলনের সৃষ্টি হয়। স্বাধীনতার পরবর্ত্তীকালে পূর্বাঞ্চলকে যেভাবে বঞ্চনা কর। হয়েছে, শোষণ করা হচ্ছে তার ফলশ্রুতি হিসাবে আমরা দেখছি পূর্বাঞ্চলের মানুষ বিক্ষুব্ধ।

## [5-35—5-45 P.M.]

আমি উত্তর বাংলার মাহ্ব। আমি জানি উত্তরবাংলা আজ দীর্ঘদিন ধরে যেভাবে অবহেলিত এবং বঞ্চনা ও শোষণে আজকে তিক্ত অভিক্রতার মধ্যে দিয়ে তার অর্থ নৈতিক যে কাঠামো সেই কাঠামো ভেকে গড়েছে এবং দেখানকার মাহ্বের মনে যে ক্ষোভের সঞ্চার হয়েছে সেই ক্ষোভ সঞ্চারের ফলে দেখানে আঞ্চলিক আন্দোলন হুক্ত হয়েছে। আসামে সেই অবস্থা হয়েছে, গশ্চিমবকে সেই অবস্থা হয়েছে, গোটা ভারতবর্ষে যদি সেই অবস্থা হয় তাহলে সেই অবস্থাকে যদি মোকাবিলা করতে হয় তাহলে সেই মোকাবিলা করার ক্ষেত্রে তাদের কেন্দ্র রাজ্য

সম্পর্কের প্রশ্ন আদে। কারণ কেব্র যদি মনে করেন যে রাজ্যগুলি তাদের একটা উপনিবেশ তাহলে আমি মনে করি আগামী দিনে যে আগুন জলে উঠবে সেই আগুন সহজে নিভবে না। আমাদের দেশে বেকার সমস্থা আছে, শুধু কি পশ্চিমবঙ্গের বেকার সমস্থা আছে? গোটা ভারতবর্ষের দিকে তাকিয়ে দেখুন। আজকে ভূমির অবস্থা কি ? অর্থমন্ত্রী মহাশয় বলেছেন ৩৬ বছরের মধ্যে ভূমির কোন সংস্কার হয়নি। আমি আপনাকে বলি গতকাল সংবাদপত্তে দেখছিলাম পাঞ্চাবে হাজার হাজার কৃষক রাজভবন অবরোধ করে বলে আছেন, কেন অবরোধ করে বদে আছেন ? কৃষকদের দাবী তাদের ফদলের ক্যায্য মূল্য তারা পাচ্ছেন না এবং তাঁরা বলছেন আমাদের ফদলের ভাষ্য মূল্য যদি আমরা না পাই তাহলে যে ফদল গোটা ভারতবর্ষে চলে আমরা সেই ফসল উৎপাদন করব না। ক্লয়করা এইভাবে আজকে বিস্তোহ করছে। সেটাতো পশ্চিমবন্ধ নয়, দেটা পাঞ্চাব। কাজেই এই ঘটনা গোটা ভারতবর্ষে ঘটতে চলেছে এবং তারই পরিপ্রেক্ষিতে পশ্চিমবঙ্গের বাজেট রূপায়িত হচ্ছে এবং সেই রূপায়নের ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি কেন্দ্রের দক্ষে একটা অর্থ নৈভিক অবরোধ স্বষ্টি করেছেন, যেহেতু একই দলের সরকার বিভিন্ন রাজ্যে নেই। দীর্ঘদিন ধরে গোটা ভারতবর্ষে একই দলের সরকার ছিল তাদেরই দলের মধ্যে সংবিধান রচনা করা হয়েছে, সেজন্ম কোন জটিলতার স্ঠি হয় নি। যেহেতু ভারতবর্ষ গণতান্ত্রিক রাষ্ট্র, আজকে দেখা যাচ্ছে যে অন্য রাজ্যে অন্য দলের সরকার প্রতিষ্ঠিত হচ্ছে, আজকে এই প্রতিষ্ঠিত হওয়ার ক্ষেত্রে যদি কেন্দ্র মনে করেন যে রাজ্য সরকার তাঁর দলের সরকার নয় বলে তাদের অর্থ নৈতিক বিপর্যায়ের মধ্যে ফেলে তাকে নাজেহাল করবেন তাহলে আমি মনে করি ভারতবর্ষের ছুর্দিন ঘনিয়ে আসছে। কারণ আজকে যুক্ত রাষ্ট্রীয় কাঠামোর মধ্যে সংবিধান সংশোধনের প্রয়োজন আছে। কারণ আজকে যে জিনিষ্টা আমরা দেখছি তাতে ক্ষোভ, বিক্ষোভ বঞ্চনার প্রশ্নে যে বিজ্ঞোহ দেখা দিচ্ছে তাতে আগামী দিনে ভারতবর্ষের অর্থ নৈতিক অবস্থা ভেক্তে পড়বে। সাধারণ মাহুষ শোষণ বঞ্চনার শেষ সীমায় এসে পৌছেছে।

ক্ষেক্টি মৃষ্টিমেয় মাহ্মষ কোটি কোটি টাকা মুনাফা করছে। এই বৈষম্যের মধ্যে গোটা ভারতবর্ধকে যদি কেন্দ্র পরিচালনা করতে চায় তাহলে আমি বলব গোটা ভারতবর্ধের মধ্যে আগুন জলে উঠবে। আর দেই অগ্নিগর্ভ ভারতবর্ধের বুকের মধ্যে পশ্চিমবন্ধ একটা রাজ্য, তার কন্ডটুকু ক্ষমতা আছে? সেজলা অর্থমন্ত্রী মহাশয়কে ধল্যবাদ দেব যে তিনি মোটর যান, রেফ্রিজারেটার এবং ক্যাবারে নাচের উপর কিছু কর ধার্য্য করেছেন। এই ট্যাক্স যদি না ধার্য্য করতেন তাহলে পরিকল্পনাকে কি করে রূপায়ন করবেন? কেন্দ্র আজকে নানাভাবে এই সরকারকে নাজেহাল করবার চেষ্টা করছেন, টাকাগুলি কোথা থেকে আসবে? আজকে মুল্রাফ্রীতি হচ্ছে প্রব্যুল্য বৃদ্ধির জন্ত, সেই প্রব্যুল্য কি রাজ্যসরকার নির্ধারণ করেন? আপনারা জানেন যে রাজ্যসরকার ১৯৭৭ সাল থেকে কেন্দ্রীয় সরকারের কাছে বার বার দাবী করছেন অত্যাবশুকীয় পণ্যের মূল্য বেঁধে দেওয়া হোক। আমাদের দেশের মাহ্নর অত্যক্ত

গরীব। বিশেষ করে পশ্চিমবাংলার মাহ্য্য আমরা জানি যে অপর বাংলা থেকে অনেক বাঙ্গালী এখানে এসেছেন। আজকে ভারতবর্ষে পুঁজিপতি সমাজ ব্যবস্থায় অনেকে লাখ লাখ কোটি কোটি মাহ্য্য এই পশ্চিমবাংলার বুকে এসে বসেছে।

তাদের স্কর্চ, পুনর্বাদন হয়নি। কেন এই বৈষ্মা? আজ পশ্চিমবাংলার অর্থ নৈতিক কাঠামো ভেঙ্গে পড়েছে। এখানে দারিজের সঙ্গে লড়াই করতে হচ্ছে, ফলে মাতু্য আজ সমাজ-বিরোধীতে পরিণত হচ্ছে। এই কাঠামোর মধ্যে আমাদের চলতে হচ্ছে এবং বাজেটও পেশ করতে হচ্ছে। আমরা তো বলছি না ষে বৈপ্লবিক বাজেট পেশ করেছি! আমরা তো বলছি না সমাজ-তান্ত্রিক বাজেট পেশ করেছি! একথা তো বলিনি! সেটা সম্ভব নয় বলেই বলিনি। তাই মাননীয় অর্থমন্ত্রীকে আজ কর বসাতে হচ্ছে। আজ দেশে বেকার-সমস্তা এবং কালো টাকা ক্রম-বর্ধমান। এই সম্পর্কে আমাদের রাজ্য সরকারের কিছু করবার আছে কি ? যে শিল্লকে কেন্দ্র করে এই বেকার-সমস্তা সমাধান করতে পারতো পশ্চিমবাংলার মান্তব, সেক্ষেত্রে কতটক করেছেন ? আমি বিরোধী পক্ষের সদস্যদের জিজ্ঞাসা করি. গত ৩৬ বছরে কি ঘটেছে ভারতবর্ষে তথা পশ্চিমবাংলায় । হ্যা, ৬।৭ বছর স্মামরা এসেছি। স্মামরা কি করতে পারিনি সেটা বলছেন ? কিন্তু ৩০।৩৬ বছরে পশ্চিমবাংলার মান্তবের জন্ম কি করেছেন ? কেন আজ দারিদ্রের শেষ দীমায় পৌছেছে দেশেব মাত্রষণ কেন পেটের জালায় আজও মেয়েদের দেহ বিক্রি করতে হয় গ কেন আকাশটোয়া দামের সঙ্গে লড়াই করে পারা যাচ্ছে না ? এই •বৈষম্য এবং শ্রেণী-বিভক্ত সমাজের মধ্যে কোন মাত্র্য সাত্যকারের বাঁচতে পারে না। এর বিরুদ্ধে কেন একবারও সোচ্ছাব হয়ে ওঠেন না? নিশ্চয়ই বেকার সমস্থা সমাধান হোত যদি শিল্প গড়ে উঠতো। আমি গেদিন, মাননায় উপাধাক্ষ মহাশয়, এই বিধানসভায় ত্যাশতাল প্ল্যানিং কমিশনের একটি বই নিয়ে এসেছিলাম। আজ আমি বইটি আনিনি। নেতাজী স্থভাষচক্র যথন কংগ্রেসের সভাপতি ছিলেন, সেই ১৯৩৮ সালে তিনি কংগ্রেসের পক্ষ থেকে একটি কমিশন করেছিলেন। তাতে তিনি কয়েকটি বিষয় উল্লেখ করেছিলেন, বলেছিলেন যে, স্বাধীন ভারতবর্ষে তিনি বেকার সমস্তা, অশিক্ষা, দারিও দূর করবেন এবং বেকার সমস্তা দূর করবার জন্ম ব্যক্তি বালিকানায় এথানে কোন শিল্প গড়ে উঠবে না, রাষ্ট্রই সেগুলি গড়ে তুলবে। কোন ব্যক্তি মূনাফা লুটতে পারবে না, রাষ্ট্র এই শিল্প গড়ে তুলে বেকার সমস্য। সমাধান করবে—কংগ্রেস সভাপতি পদে থেকে নেতাজী স্থভাষচক্র বস্থ গ্রাশনাল প্ল্যানিং কমিশনের সামনে এই কথা দিয়েছিলেন। আমি জিজ্ঞানা করি কংগ্রেম ক্ষমতায় এমে কংগ্রেম সভাপতি থাকাকালীন নেতাজী স্থভাষ্টন্দ্র বস্তুর প্ল্যানিং কমিশনের কাছে বলা ঐ কথাগুলি আমাদের দেশে রূপায়িত হোল না ? কেন শিল্পকে ব্যক্তি মালিকানার পরিবর্তে রাষ্ট্রের আওতায় করা হোল না ? কেন আজও দারিত্র দূর করার জন্ম ব্যবস্থা গ্রহণ করা হোল না? কেন শিক্ষাথাতে অর্থ ব্যয় করে আমাদের দেশের মাহ্যকে শিক্ষিত করে তোলা হল না? দারিত দূর করার জন্ম যে কাজগুলি

সম্পর্কের প্রশ্ন আদে। কারণ কেব্র যদি মনে করেন যে রাজ্যগুলি তাদের একটা উপনিবেশ তাহলে আমি মনে করি আগামী দিনে যে আগুন জলে উঠবে সেই আগুন সহজে নিভবে না। আমাদের দেশে বেকার সমস্থা আছে, শুধু কি পশ্চিমবঙ্গের বেকার সমস্থা আছে? গোটা ভারতবর্ষের দিকে তাকিয়ে দেখুন। আজকে ভূমির অবস্থা কি ? অর্থমন্ত্রী মহাশয় বলেছেন ৩৬ বছরের মধ্যে ভূমির কোন সংস্কার হয়নি। আমি আপনাকে বলি গতকাল সংবাদপত্তে দেখছিলাম পাঞ্চাবে হাজার হাজার কৃষক রাজভবন অবরোধ করে বলে আছেন, কেন অবরোধ করে বদে আছেন ? কৃষকদের দাবী তাদের ফদলের ক্যায্য মূল্য তারা পাচ্ছেন না এবং তাঁরা বলছেন আমাদের ফদলের ভাষ্য মূল্য যদি আমরা না পাই তাহলে যে ফদল গোটা ভারতবর্ষে চলে আমরা সেই ফসল উৎপাদন করব না। ক্লয়করা এইভাবে আজকে বিস্তোহ করছে। সেটাতো পশ্চিমবন্ধ নয়, দেটা পাঞ্চাব। কাজেই এই ঘটনা গোটা ভারতবর্ষে ঘটতে চলেছে এবং তারই পরিপ্রেক্ষিতে পশ্চিমবঙ্গের বাজেট রূপায়িত হচ্ছে এবং সেই রূপায়নের ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি কেন্দ্রের দক্ষে একটা অর্থ নৈভিক অবরোধ স্বষ্টি করেছেন, যেহেতু একই দলের সরকার বিভিন্ন রাজ্যে নেই। দীর্ঘদিন ধরে গোটা ভারতবর্ষে একই দলের সরকার ছিল তাদেরই দলের মধ্যে সংবিধান রচনা করা হয়েছে, সেজন্ম কোন জটিলতার স্ঠি হয় নি। যেহেতু ভারতবর্ষ গণতান্ত্রিক রাষ্ট্র, আজকে দেখা যাচ্ছে যে অন্য রাজ্যে অন্য দলের সরকার প্রতিষ্ঠিত হচ্ছে, আজকে এই প্রতিষ্ঠিত হওয়ার ক্ষেত্রে যদি কেন্দ্র মনে করেন যে রাজ্য সরকার তাঁর দলের সরকার নয় বলে তাদের অর্থ নৈতিক বিপর্যায়ের মধ্যে ফেলে তাকে নাজেহাল করবেন তাহলে আমি মনে করি ভারতবর্ষের ছুর্দিন ঘনিয়ে আসছে। কারণ আজকে যুক্ত রাষ্ট্রীয় কাঠামোর মধ্যে সংবিধান সংশোধনের প্রয়োজন আছে। কারণ আজকে যে জিনিষ্টা আমরা দেখছি তাতে ক্ষোভ, বিক্ষোভ বঞ্চনার প্রশ্নে যে বিজ্ঞোহ দেখা দিচ্ছে তাতে আগামী দিনে ভারতবর্ষের অর্থ নৈতিক অবস্থা ভেক্তে পড়বে। সাধারণ মাহুষ শোষণ বঞ্চনার শেষ সীমায় এসে পৌছেছে।

ক্ষেক্টি মৃষ্টিমেয় মাহ্মষ কোটি কোটি টাকা মুনাফা করছে। এই বৈষম্যের মধ্যে গোটা ভারতবর্ধকে যদি কেন্দ্র পরিচালনা করতে চায় তাহলে আমি বলব গোটা ভারতবর্ধের মধ্যে আগুন জলে উঠবে। আর দেই অগ্নিগর্ভ ভারতবর্ধের বুকের মধ্যে পশ্চিমবন্ধ একটা রাজ্য, তার কন্ডটুকু ক্ষমতা আছে? সেজলা অর্থমন্ত্রী মহাশয়কে ধল্যবাদ দেব যে তিনি মোটর যান, রেফ্রিজারেটার এবং ক্যাবারে নাচের উপর কিছু কর ধার্য্য করেছেন। এই ট্যাক্স যদি না ধার্য্য করতেন তাহলে পরিকল্পনাকে কি করে রূপায়ন করবেন? কেন্দ্র আজকে নানাভাবে এই সরকারকে নাজেহাল করবার চেষ্টা করছেন, টাকাগুলি কোথা থেকে আসবে? আজকে মুল্রাফ্রীতি হচ্ছে প্রব্যুল্য বৃদ্ধির জন্ত, সেই প্রব্যুল্য কি রাজ্যসরকার নির্ধারণ করেন? আপনারা জানেন যে রাজ্যসরকার ১৯৭৭ সাল থেকে কেন্দ্রীয় সরকারের কাছে বার বার দাবী করছেন অত্যাবশুকীয় পণ্যের মূল্য বেঁধে দেওয়া হোক। আমাদের দেশের মাহ্নর অত্যক্ত

বাংলার অর্থের দাবি নিয়ে দিল্লী যান তথন বিরোধী পক্ষ উপহাস করে বলেন যে ইন্দিরা গান্ধীর কাছে তাঁরা নাকি ভিক্ষা করতে যান। আমাদের যে অর্থের প্রয়োজন আছে সেই দাবি নিয়েই তাঁর। যান। আবার যদি না তাঁরা যান তাহলেও বিরোধী পক্ষ বলেন যে কেন ইন্দিরা গান্ধীর কাছে অর্থ মন্ত্রী অর্থের জন্মে গেলেন না। পশ্চিমবাংলার অনেক উন্নয়ন এইজ্বন্ম বাহত হচ্ছে। আবার ষথন গিয়েছেন তথন তাঁর। উপহাস করছেন, এটা ঠিক নয়। এই বাজেটকে তাঁদের সমর্থন জানানো উচিং। আমাদের গ্রামবাংলায় শিল্প, শিক্ষা এবং ক্রমিতে কি করে আরো বরাদ্ধ বেশী করা যায় সেই দাবি যদি তারা কেন্দ্রের কাছে পেশ করতেন তাহলে কেন্দ্রের কিছুটা টনক নড়তো এবং তাতে পশ্চিমবাংলা লাভবান হত। আগে বাদশাহী আমলে যে রকম হতে। এখনও সেই নীতি চলে আসছে। আগে বাদশাহের সঙ্গে নবাবদের যে রকম সম্পর্ক ছিল এখন কেন্দ্রের সঙ্গে রাজ্যের সেই সম্পর্ক দেখা যাচ্ছে। আগে নবাবরা তাদের রাজত্ব থেকে সমস্ত কিছু সংগ্রহ করে দিল্লীতে যে বাদশা বসে থাকতো তার কাছে পাঠিয়ে দিত। তারপর বাদশা তাদের থেয়াল খুশী মতো নবাবকে কিছু দিত। তার উপর নবাবকে কিছু উপঢৌকন পাঠাতে হতো বাদশার কাছে। আজও দেই জিনিষ চলে আসছে। দেশ ৩৬ বছর স্বাধীন হবার পরেও এই জিনিষ চলে আসছে। আজকে কেন্দ্র যথন বাজেট পেশ করলো তথন দেখা গেল ব্যবসাদাররা অত্যন্ত উৎফুল্ল এবং জন-সাধারণ হতাশাগ্রস্ত হয়ে পড়েছে। এই কথা কি ওঁরা অস্বীকার করতে পারবেন? কিন্তু এই বাভেটের মাধ্যমে দকল স্তরের মাত্র্য খুশি, দরিন্ত্র জনসাধারণ খুশী। এই কথা কারোর জজানা নেই যে কেন তারা ব্যবসাদারদের খুসি করতে চায় এবং ব্যবসাদারদের পেছনে থেকে লাভ কি। ধনী লোকেরা যাতে তাদের কালো টাকা লুকিয়ে রাখাতে পারে তারজন্য কেন্দ্রীয় সরকার চেষ্টা করছে। তাই তারা আজকে খুসি এই কেন্দ্রীয় সরকারের বাব্দেট পেসের মাধ্যমে, এটা থবরের কাগব্দেই দেখেছি। তাদের বাজেট পেসের মাধ্যমে আমরা একটা জিনিস লক্ষ্য করেছি যে বাবসাদাররা খুসি এবং জনসাধারণ হতাশ হয়েছে। কিছুদিন আগে যে রেল বাজেট পেস হলো তাতে দেথা গেছে ট্যাক্স বেড়েছে এবং টিকিটের দামও বেড়েছে। আন্তকে এখানে ট্যাক্স বাড়লে আপনারা প্রতিবাদ করেন কিন্তু রেল ভাড়া বাড়ার ব্যাপারে আপনারা প্রতিবাদ করেন না কেন ? আজকে সেখানে আপনারা বললেন রেলমন্ত্রী যেটা করেছেন ঠিক করেছেন। এইভাবে তাঁরা জ্বোর করে জনসাধারণের কাছ থেকে অর্থ সংগ্রহ কবছেন। ওনারা পশ্চিমবাংলার বেকার সমস্রার কথা বলেছেন। একদিনে তো বেকার সমস্তা আকাশ ছোঁয়া হয়ে যায়নি। কেন্দ্রীয় সরকারও এই বেকার সমস্তার সমাধান করতে পারছে না। আমাদের অর্থমন্ত্রী যে বাঞ্চেট পেদ করেছেন তার মধ্যে এই বেকার সমস্তার কথা রেখেছেন। আশা করি তিনি এই ব্যাপারে যথেষ্ট উচ্ছোগ নেবেন। বেকার সমস্তার সমাধান কি করে হবে ? কেন্দ্রীয় সরকার এই পশ্চিমবাংলায় শিল্প উত্যোগ গড়ে উঠতে না দিয়ে পশ্চিমবাংলাকে বঞ্চিত করেছে।

এই কথা বলা নিশ্চয়ই দরকার যে, মাননীয় অর্থয়ন্ত্রী মহাশয় যে পদক্ষেপ গ্রহণ করেছেন, তার ফলে বেকাররা কর্মসংস্থানের স্থযোগ পাবেন এবং সেই দিক থেকে বেকারদের সমর্থন তিনি

নিশ্চয়ই পাবেন। মাননীয় কংগ্রেসী বন্ধুরা যদি তাঁদের আমলে এই ধরণের ব্যবস্থা নিতেন, তাহলে পশ্চিমবন্দের অবস্থা কথনই এই রকম হতো না। একটা ছর্ভাগ্যের কথা এই প্রসঙ্গে বলি আমাকে ইউনাইটেড ব্যাংকে গ্রামের বেকার কিছু যুবকের চাকুরীর ব্যাপারে যেতে হয়েছিল। ইউনাইটেড ব্যাংকের মাানেজার আমাকে তুঃথ করে জানিয়েছেন যে, তু বছর ধরে ইউনাইটেড ব্যাংকে কোন বাঙালী চেলেকে নেওয়া হচ্ছে না। কাজেই এই ব্যাপারে আমাদের চিস্তা করে দেখা দুরকার। শুধু ইউনাইটেড ব্যাংক নয়, অন্যান্ত ব্যাংকগুলিতেও বাঙালী নিয়োগ প্রায় বন্ধ হতে চলেছে। এই যদি অবস্থা হয় তাহলে আমাদের বেকার সমস্থা মিটবে কি করে? মাননীয় অর্থমন্ত্রী বিলাস দ্রব্যের উপর কর বসাবার প্রস্তাব রাখায় আমি অত্যস্ত খুশী হয়েছি। এই কর আরও বেশী হওয়া দরকার, নাহলে ট্যাক্স বাড়বে কি করে। কৃষিব জন্ম চিস্তা করে কৃষি থাতে কর কমাবার ব্যবস্থা অর্থমন্ত্রী মহাশয় করেছেন। আমি এতে নিশ্চয়ই থুশী হয়েছি। তবু ও বলতে হচ্ছে থে, এই হার আরও হওয়া উচিত ছিল। ডিপ টিউবওয়েলের মাধ্যমে সেচ কার্য্য সম্পাদন হয় বহু জায়গাতে। কিন্তু এর উপরে করের হার অনেক বেশী। অর্থমন্ত্রী মহাশয়কে এদিকে একটু লক্ষ্য দিতে অমুরোধ জানাই। ফ্রনল যারা উৎপাদন করে তারা আমাদের সকলের মথে অন্ন এনে দেয়, তাদের কথা আমাদের আরও বেশী করে ভেবে দেখতে হবে। ইট ভাটাগুলির উপরে অর্থমন্ত্রী মহাশ্য কর আরোপের কথা বলেছেন। এই প্রাণক্ষে বলার দরকার আছে যে. গোমাঞ্চলে অনেক হাসকিং মিল এবং স্যু মিল আছে, যারা সরকারকে কর ফাঁকি দেয়। এদের উপরে আরও কর বৃদ্ধি করা মেতে পারে এবং তা যদি সম্ভব হয়, তাহলে সরকারের হাতে অনেক বেশী অর্থ আসবে। হলদিয়া সম্বন্ধে ছ-একটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ কর্মছি। সেখানে ১৯৮৩-৮৪ সালে জল প্রকল্প বাবদ ১০ কোটি টাকা বরাদ্দ হয়েছিল। কিন্তু মাত্র ১ কোটি ৪৬ লক্ষ টাকা তাদের হাতে গিয়েছিল। যার ফলে কর্মচারীদের বেতন বাবদ প্রায় সব অর্থ থরচ করা হয়েছিল। কোন পরিকল্পনা মাফিক কাজ সেথানে হতে পারে নি। আমি আবেদন রাখছি, হলদিয়া তথা শিল্পের প্রয়োজনে এই জল প্রকল্প পরিপূর্ণভাবে রূপায়িত হওয়া প্রয়োজন। সেজতা মাত্র ১ কোটি টাকাই যথেষ্ট নয়, দেখানে এর ছ'গুণ অর্থ বরাদ্ধ করা দরকার। হলদিরার জল প্রকল্প রূপায়িত হলে, শিল্প নগরীর উল্পতির জন্ম অনেকথানি সাহায্য হবে বলে আমি মনে করি। এর ফলে হলদিয়ায় সত্যিকারের একটি শিল্প নগরী গড়ে উঠবে। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ এখানে পেশ করেছেন, তার প্রতি আমার পূর্ণ সমর্থন জানিয়ে বক্তব্য শেষ করছি।

শ্রীসেথ ইমাজুদিনঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী শ্রীঅশোক মিত্র মহাশয় আমাদের কাছে যে বাজেট বরাদ্ধ পেশ করেছেন ১৯৮৪-৮৫ দালের জন্ম, আমি তার বিরোধিতা করে কিছু বলতে চাই। আপনারা জানেন, একদিন অর্থমন্ত্রী মহাশয়—বোধ হয় ৩/৪ বছর আগে—দস্কভরে বলেছিলেন, তিনি ধনী লোকের রাতের ঘুম কেড়ে নেবেন।

মাননীয় অর্থমন্ত্রী মহাশয় গত ১ই মার্চ তারিথে এখানে যে বাজেট পেশ করেছেন, তা আগামী এপ্রিল থেকে কার্যকরী হবে। বাজেটের মধ্যে তিনি বিভিন্ন পণ্যসামগ্রীর উপরে যেভাবে কর ধার্য কবেছেন, তাতে এখানকার কোন ধনী নয়, গ্রামের ও শহরের যারা দীন দরিজ মাহুষ, তাদের রাতের ঘুম চলে যাবে। তিনি রাতের ঘুম কেড়ে নিতে চলেছেন, গরীব সাধারণ মাহুষের। তাদের রাতের ঘুম কথনই থাকতে পারে না। কেননা, কর ধার্যের ফলে নিত্য প্রয়োজনীয় জিনিষপত্রের দাম বেড়ে যাবে। এর ফলে গরীব সাধারণ মাহুষ রাতে ঘুমাতে পারবে না, ঘুম তাদের থাকতে পারে না। ধনিক শ্রেণীর লোকেরা অবশ্র নিশ্চিস্তে ঘুমাতে পারবেন। অর্থমন্ত্রী মহশার ধনিকশ্রেণীর স্বার্থ রক্ষা করে চলেছেন। কাজেই ধনিক শ্রেণীর লোকেদের ঘুম আরও স্থানিশ্চিত হবে। এই বাজেট তবুও কার্যকর হবে—এও আমরা জানি।

[5-55—6-08 P.M.]

এই বাজেট সম্পর্কে সরকার পক্ষের অনেক সদস্তের বক্তব্য শুনে আমি আশ্চর্য হয়ে গেলাম। তাঁরা মাত্র তিনটি কথা বলেছেন—একটা হল সীমীত ক্ষমতা, এই সীমীত ক্ষমতার মধ্যে পশ্চিমবঙ্গে আমরা কিছু করতে পারব না; দ্বিতীয় কথা বলেছেন কেন্দ্র নাকি পশ্চিমবঙ্গের প্রতি বিমাতৃস্থলভ ব্যবহার করছেন এবং তৃতীয় কথা হল এই সভায় সোচ্চার হয়ে বলতে পারেননি কিন্তু মাঠে ময়দানে বলেছেন যে রাজ্যের হাতে অধিকতর ক্ষমতা দিতে হবে। কিন্তু আমি তাঁদের জিজ্ঞাসা করতে চাই তাঁরা যে প্রতিশ্রুতি দিয়ে এই বিধানসভায় এসেছেন, সরকার গঠনের জন্ম যে ৩৬ দফা কর্মস্থচী জনসাধারণের সামনে দিয়েছেন তার কয়টি তাঁরা রূপায়ন করেছেন ? সেই ৩৬ দফা কর্মসূচী সম্বন্ধে একটি কথাও তাঁরা বিধান সভায় বলেননি। একটা কথা আমি তাঁদের কাছে বলতে চাই এই বিধান সভার আয়ুকাল তাঁদের যথন শেষ হবে তথন জনসাধারণের কাছে আবার তাঁদের যেতে হবে, সেই ৩৬ দফা কর্মসূচী যে কার্যকরী করার চেষ্টা করেননি তার জবাবদিহি করতে হবে, আপনাদের যে বাঁধা বুলি—কেন্দ্রের বিমাতৃত্বলভ আচরণ, সীমীত ক্ষমতা এবং অধিক ক্ষমতা দিতে হবে এই রকম অসত্য বিবৃতি দিয়ে আপনারা জনসাধারণকে ভুলিয়ে রাথতে পারবেন না, পশ্চিমবঙ্গের বিচক্ষণ মাত্রম আগামী নির্বাচনে তার জবাব দেবেন। স্যার, বাজেট ভাষণ পড়ে আমার মনে হল ডুবস্ত মাহুষ ষেমন খড় কুটো আশ্রয় করে বাঁচার চেষ্টা করে তেমনি ভূবস্ত অর্থমন্ত্রী থড়কুটোকে আশ্রয় করে বাঁচার চেষ্টা করছেন। তিনি ৭৫ কোটি টাকা বাড়তি কর বসিয়ে খড়কুটো ধরে বাঁচার চেষ্টা করছেন। কিন্তু জন-শাধারণের কাছ থেকে তিনি রেহাই পাবেন না, জনসাধারণ এর জবাব দেবে। ক্রষি সম্পর্কে তিনি বিবৃতি দিয়ে বলেছেন যে বামপার ক্রপ হয়েছে, ক্লযিতে অনেক উন্নতি হয়েছে, কেন্দ্রের ক্লয়ি উৎপাদনের হার থেকে আমাদের ক্ববি উৎপাদনের হার অনেক বেশী, ক্ববিতে একটা জোয়ার

এসেছে। এই সম্পর্কে অনেক সদস্ত আলোচনা করেছেন, আমি আর বেশী আলোচনা করতে চাই না, আমি ভার ডু' একটা কথা বলতে চাই। সত্যই এই বছরে ক্লষি উৎপাদনে অনেক উন্নতি হয়েছে, গম, ধানের আবাদ ভাল হয়েছে। কিন্তু এতে বামফ্রণ্ট সরকারের কোন ক্রতিত্ব নেই, প্রাকৃতিক আবহাওয়া এর জন্ম দায়ী। উপযুক্ত বৃষ্টিপাতের জন্ম বামপার ক্রপ হয়েছে। সরকার পরিচালিত যেদব ডিপ টিউবওয়েল স্থালো টিউবওয়েল আছে তার ৫০ ভাগ অচল হয়ে আছে প্রতি জেলায়। আজ বিতাৎ নেই, তার চুরি, জেনারেটর চুরি, এইসব জিনিস চলেছে, ফলে ডিপ টিউবওয়েল স্থালো টিউবওয়েল থেকে জল দিতে পারছে না। কিন্ধ প্রাকৃতিক অবস্থা ভাল হওয়ার জন্য ফদল ভাল হয়েছে। আর একটা কথা সরকার বলেন যে কেন্দ্রীয় সরকার সারের দাম বাভিয়ে দিলেন, সেজন্য কৃষির উপর খুব চাপ পড়ছে, গরীব কুষকরা খুব কষ্টের মধ্যে পড়েছে। কিন্তু আপনারা জানেন, হাউদ অম্বীকার করবে না, যে দেপ্টেম্বর অক্টোবর মাদে যথন গমের চায় আরম্ভ হল তথন বাজারে সরকার নির্দিষ্ট যে সারের দাম আছে তার থেকে ৩০/৪০ টাকা বেশী দরে সার বিক্রি হয়েছে। সারের বাবসায়ীরা চর্নীতি করেছে এবং এই ত্রনীতির সঙ্গে আপনারা কিছু জ্বডিত আছেন এবং সরকারের লোক জ্বডিত আছে। আমরা ডিষ্টিক ম্যাজিষ্টেটের কাছে, ডিষ্টিক লেভেলে কো-অর্ডিনেশান কমিটির মিটিংএ বলেছিলাম যে সারের দাম বেড়ে যাচ্ছে, সারের ব্ল্যাক মার্কেটিং হচ্ছে আপনারা কিছু করুন। ডিষ্টিক ম্যাজিট্রেট বলেছেন কিছু করার নেই, সরকার কিছু করছেন না, আমাদের কিছু করার নেই।

ওঁরা একটা কথাই কেবল বলেন যে এই রকম একটাও নির্দিষ্ট অভিযোগ নাই। ভূমি রাজস্ব মন্ত্রী একটু আগে ছিলেন, এখন নাই, তিনি হয়তো দেখেছেন সংবাদ পত্রে এই রকম ভূরি ভূরি অভিযোগ এই রকম বেরিয়েছে। কংগ্রেদ আমলে যে সমস্ত ভূমিহীনদের জমির পাট্টা দেওয়া হয়েছিল, আগনাদের আমলে তাদের উচ্ছেদ করে আপনাদের সব লোকদের ফুতন করে পাট্টা দেওয়া হয়েছেল, আগনাদের আমলে তাদের উচ্ছেদ করে আপনাদের সব লোকদের ফুতন করে পাট্টা দেওয়া হয়েছে এবং এই সংবাদ আনন্দবাজার পত্রিকায় অনেক বেরিয়েছে। এই সরকার একটা জিনিস বাড়িয়েছে এটা ঠিক যে ১৯৭৭ সালের কংগ্রেদ ক্ষমতাচ্যুত হবার আগে এ রাজ্যে বেকারের সংখ্যাছিল ১১ লক্ষ, এখন আপনারা সেটা বাড়িয়ে ৪০ লক্ষে এনে দিয়েছেন। আপনারা চার কোটি বেকার সংখ্যা করে ফেলেছেন। এই ক্রতিত্ব আপনাদের নিশ্চয়ই আছে। আপনাদের ৩২ দফা কর্মস্টী অনুসারে বেকারদের ৫০ টাকা করে বেকার ভাতা দিয়েছেন। কিন্তু তাতে কি হোল পুবেকার সমস্যার স্করাহা হোল কি পু কিন্তু এই টাকা যদি অন্য রকম পরিকল্পনা নিয়ে একটা ব্যবদ্বা করা হোত তাহলে অন্তত কিছু বেকার যুবকদের স্বায়ী কর্মসংস্থান হোত এবং এই কথা আমরা আগেই বলেছিলাম। কিন্তু আপনারা তা কর্ণপাতও করেননি। কিন্তু এবারের বাজেটে দেখছি যে তাদের নাকি দিক মনি দেওয়া হবে বেকার ভাতা আর দেওয়া হবে না। হয়তো এতে কিছু বেকারত্ব কমতে পারে। আমাদের তরফের অনেক সদস্ত একথা বলেছেন এবং আমিও বলছি যে আপনারা পশ্চিমবাংলাকে একেবারে আর্থিক দেউলিয়ার মধ্যে টেনে এনেছেন। আপনারা

গ্রামে গঞ্জে যেথানেই যাবেন শুনতে পাবেন সকলেরই মুখে যে পশ্চিমবাংলা দেউলিয়া অবস্থার মধ্যে চলেছে। সরকারী কর্মচারীরা বলছেন যে তারা মার্চ মাসের বেতন পাবেন কিনা সন্দেহ। তাদের মধ্যে আজকে আপনাদের অবস্থা দেখে সংশয় দেখা দিয়েছে। আপনারাই এই সভায় ঘোষণা করে-ছিলেন যে কেন্দ্রীয় হারে পশ্চিমবাংলার সরকারী কর্মচারীদের ডি এ দেবেন। আপনারা তা দিতে পেরেছেন কি এই প্রশ্ন আমি অর্থ মন্ত্রী মহাশয়কে করতে চাই। তাদের ১০টা কিন্তি পাওনা হয়ে গেছে দিতে পারেন নি। ওনার দম্ভ ভরে এই দব কথা বলে আর লাভ কি ? বাস্তব অবস্থাটা একবার চিন্তা করে দেখবেন। আগের চেয়ে আপনাদের সময়ে পশ্চিমবাংলা আরও খারাপ অবস্থায় এসে পড়েছে। পঞ্চায়েতের মাধ্যমে যে আই আর ডি পি বা ডি. আর ডি পি যেসব পরিকল্পনা আছে, এগুলি কেন্দ্রীয় পরিকল্পনা। কেন্দ্রীয় সরকার এই সব পরিকল্পনা করে আপনাদের হাতে এই পরিকল্পনা অমুষায়ী কাজ করবার জন্ম পাঠিয়েছেন। কিন্তু গ্রামের মানুষদের আপনারা বলে বেডান যে এই পরিকল্পনা নাকি আপনাদের এবং আপনাদের টাকা। এটা আপনারা গ্রামের মাত্রয়দের কাছে গিয়ে থোঁজ থবর নিয়ে জানবেন। আপনাদের দুখলে যেসব পঞ্চায়েত আছে, আমি নির্দিষ্ট নাম করে বলতে পারি যে দেখানে দেখা যাচ্ছে ঐ আই আর ডি পি বা ডি আর ডি পি স্ক্রীমে বেনিফিসিয়ারী লিষ্ট করা হোল এবং সেটা আপনাদের সদস্থর।ই করলেন। ২০ জনের নাম লিষ্ট করে ব্যাক্তে পাঠালেন কিন্তু পেল মাত্র ১জন। কেন পেল না তা আমরা জানি। কেন না যাদের নাম পাঠালেন তাদের কারও হয়তো ৫০ বিঘা জমি আছে, পাবার যোগ্য বাক্তির নাম না পাঠানোর জন্ম মাত্র হল্পন লোন পেল। বি. ডি.ও থেকে লিষ্ট পাঠানো সংঘও পেল না। যোগাতা বিচার করে লিষ্ট করুন।

নিশ্চয় এই লিষ্টের ১৮টা নাম বাদ যাবে না এবং কেন্দ্রীয় সরকারের দেয় টাকা আপনারা ঠিক ঠিক মত থরচ করতে পারবেন। এর ফলে গ্রামের সাধারণ গরীব মান্থ্যের উপকার হবে। আপনারা ৭৫ কোটি টাকা ট্যাক্স ধার্য করেছেন। আপনারা বলছেন সাধারণ মান্থ্য এর দারা এ্যাফেকটেড হবে না। আর একটি কথা বলি, আপনারা মোটর যক্সাংশের উপর ট্যাক্স বসিয়েছেন, একস্ট্রা ট্যাক্স বসিয়েছেন প্রাইভেট মোটরের মালিকরা বলে বেড়াচ্ছেন যে, তাদের লাভ হচ্ছে না, ভাড়া বাড়াতে হবে। তাদের দাবী মেনে নিয়ে ভাড়া বাড়িয়েছেন। এরপরে আবার মোটর যক্সাংশের উপর কর ধার্য্য করলে বাসের মালিকরা দাবী করবে বাস যাত্রীদের ভাড়া বাড়াতে হবে। তথন আপনারা নিশ্চয় বাসের ভাড়া বাড়াবেন। এতে নিশ্চয় গরীব মান্থ্য ক্ষতিগ্রন্ত হবে। শিক্ষা সহন্দে বলতে গোলে অনেক কথাই বলতে হয় আমাদের মাননীয় সদশ্ররা এই বিষয়ে অনেক কিছু বলেছেন। আমি শুধু একটি কথা বলব, আপনারা পাশ ফেল প্রথা তুলে দিয়েছেন। এতে আপনারা সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন। গ্রামে গঞ্চের বছ ছেলে চতুর্থ শ্রেণী পাশ করে নিজের নাম পর্যন্ত লিথতে পারছে না। শেষকালে আমি বলব আপনারা অর্থ ভাণ্ডার একেবারে নিঃশেষ করে দিয়েছেন, আপনাদের

চালাবার টাকা নেই। তাই আপনারা নতুন আইন করলেন শিক্ষকদের প্রভিডেণ্ট ফাণ্ডের টাকী। জমা দিতে হবে। আমরা আগেই বলেছি আবার বলছি এই বিষয়ে শিক্ষকদের প্রচণ্ড বিক্ষোভ আছে। তাদের প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা নিয়ে নিলে অপ্রবিধা হবে। তারা সময় মত লোন পাবেন না, অপ্রবিধায় পড়বেন। তাই শিক্ষকদের প্রভিডেণ্ট ফাণ্ডের টাকায় হাত দেওয়া আপনাদের উচিত হবে না এবং এটা জনস্বার্থ বিরোধী বলে আমরা মনে করি। আমার আরো অনেক কিছু বলার ছিল, সময় অভাবে সব কিছু কলতে পারলাম না। আপনি আমাকে বার বার বসার জন্ম সংকেত দিচ্ছেন, শেষকালে একটি কথা বলে আমার বক্তব্য শেষ করিছ। মাননীয় অর্থনমন্ত্রী অর্থনীতিতে একজন পণ্ডিত ব্যক্তি। পণ্ডিত ব্যক্তিদের যে দোষ হয়। হয়ত ওনারও সেই দোষই হয়েছে। সেইজন্ম সব কাজেই ভূল করছেন। তাই আজ পশ্চিমবঙ্গ দেউলিয়া হয়ে যাছে। সেইজন্ম তিনি যে বাজেট বিবৃতি দিয়েছেন আমি তার বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করিছ।

### Adjournment

The House was then adjourned at 6-08 P. M. till 12-00 noon on Wednesday, the 21st March, 1984 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Wednesday, the 21st March 1984 at 12 noon.

#### Present

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 10 Ministers, 13 Ministers of State and 168 Members.

[12-00-12-10 P.M.]

**@্রিজান সিং সোহনপাঙ্গঃ** স্থার, ট্রেজারি বেঞ্চ একদম থালি, একজন মন্ত্রীও উপস্থিত নেই।

মিঃ স্পীকার: মন্ত্রীদের থবর দিন।

( মাননীয় স্পীকার মহাশয় মার্শালকে এই নির্দেশ দেন)

#### ADJOURNMENT MOTION

Mr. Speaker: Today, I have received two notices of Adjournment Motion. The first is from Shri Satya Ranjan Bapuli, Shri Atish Chandra Sinha and Shri Abdul Mannan which deals with the subject of alleged resentment and dissatisfaction among the I.P.S. Officers in West Bengal and the second motion is from Shri Kashinath Misra which deals with the subject of non-availability of Government text books for classes V, VI and IX throughout the State.

The members will get opportunity to raise both the matters during the General Discussion on the Budget which is continuing, and moreover, the members can focus their grievances through Calling Attention, Mention and Questions etc.

I, therefore, withhold my consent to the motions. One member of the party may however read out the text of the motion as amended.

Shri Abdul Mannan: Mr. Speaker, Sir this Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurence, viz., serious resentment and dissatisfaction among the I.P.S. Officers of West Bengal, who feel that the failure of the police to protect the D.C. (Port) reflects the gradual deterioration of the police administration in West Bengal and that they would have to reconsider their role in controlling law and order problems of the State.

# CALLING ATTENTION To Matters of Urgent Public Importance

Mr. Speaker: I have received 7 notices of Calling Attention namely:

- 1. Non-functioning of a Pump House at Kanchrapara.
  - -Shri Jagadish Chandra Das
- 2. Spurt in crimes in Howrah District. Shri Ambica Banerjee
- 3. Destruction of the Sluice gate at Sukhia, Bongaon.
  - -Shri Bhupendra Nath Seth
- 4. Confrontation between the nurses and lady medical students over possession of the R. G. Kar Medical College Hostel.
  - -Shri Shaikh Imajuddin
- 5. Reported Suicide committed by Shri Shambhu Prasad Mukherjee, Partner of Sanchayita in Police Custody on 20.3.1984.
  - -Shri Asok Ghosh

- 6. Strike at Calcutta and Haldia Ports. -Shri Kashinath Misra.
- 7. Acute scarcity of drinking water in Kharagpur.

-Shri Gyan Singh Sohanpal

I have selected the notice of Shri Gyan Singh Sohanpal on the subject of acute scarcity of acute scarcity of drinking water in Kharagpur. The Minister-in-charge will please make a statement to-day, if possible or give a date.

Shri Patit Pahan Pathak: On the 27th Sir.

মিঃ স্পীকারঃ আমি পার্লামেন্টারি এ্যাফেয়াসের মিনিষ্টারকে বলছি যে, মন্ত্রীদের এ্যাটেণ্ডেন্স খ্ব প্রোর। আপনি এটা চিফ মিনিষ্টারকে বলবেন, অস্ততঃ কয়েকজন মন্ত্রী যেন উপস্থিত থাকেন। কয়েকজন মন্ত্রীর উপস্থিত থাকা উচিত। এথন উল্লেখ।

#### MENTION CASES

শ্রীনীরোদ রায় চৌধুরী । মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্থার, বাজারে খ্চরো পয়সার দারুন অভাব দেখা দিয়েছে। খ্চরোর অভাবে হাটে বাজারে কেনা-বেচা বন্ধ হয়ে গিয়েছে। দোকানীরা বোর্ড ঝুলিয়ে দিয়েছে যে এক টাকার কমে কোন জিনিস বিক্রি হবে না, যদি তার কমে জিনিস নিতে হয় তাহলে খ্চরো দিতে হবে। বড় বাজারে ৮০ টাকার খ্চরো দিলে একশো টাকা দিছে, ৮৫ টাকার এক টাকার নোট দিলে একশো টাকা দিছে। এইভাবে খ্চরো নিয়ে একটা ফাটকাবাজী সেথানে চলছে। এর ফলে যেটুকু খ্চরো আছে তাও ফটকাবাজারে চলে যাছে।

এই অবস্থায় বাজার একেবারে বন্ধ হয়ে যাচ্ছে, অর্থনীতির ওপর দারুন চাপ পড়ছে, হাট বাজারে কেনা-বেচা বন্ধ হয়ে যাচ্ছে। তাই আমি এই বিষয়টির প্রতি আপনার মাধ্যমে অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। **্রাণীশ মহন্মদ**ঃ স্থার, মাননীয় সদস্থ নীরোদ বাব্ বে বিষয়ে এখানে উল্লেখ করলেন, সেটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। আমিও এ বিষয়ে তু' একটি কথা বলতে চাই।

**অধ্যক্ষ মহোদয়** এ বিষয়ে এখানে এখন কোন ডিবেট্ হতে পারে না। আমরা জানি সমস্যা আছে, কিন্তু এটা কেন্দ্রীয় সরকারের ব্যাপার।

Shri Gyan Singh Sohanpal: Sir, I wish to draw the attention of the Government and in particular the Minister-in-charge of Urban Water Supply and Sanitation Department to a grave situation prevailing in Kharagpur which happens to be my constituency. Sir, Kharagpur is in the grip of acute scarcity of drinking water and if the present trend continues, I am afraid, there will be cry for water in every nock and corner of the town during the peak summer months this year. The position is hopelessly hopeless in the areas under Kharagpur Municipality. All the wells and tanks in the area have gone dry. The water supply of the municipality, which is being maintained by the Public Health Engineering Department is on the verge of collapse. This organization has nine tubewells of which six are in working order. The yield from these tubewells is roughly about 4.5 lakh gallons per day as against the daily requirement of 30 lakh gallons. This meagre yield, you will appreciate, is insufficient to the requirement of even 15% of the total population of this area. If the present trend continues, it is feard that during the next two or three months water famine may prevail in Kharagpur.

I appeal to the Government to awake, arise and act in time to fight this unhappy situation.

[12-10-12-20 P.M.]

**ঞ্জিরস্থত কুমার বিশ্বাসঃ** মাননীয় স্পীকার স্থার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শিল্প ও বাণিজ্য দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন, পলাশীতে যে রামনগর স্থগার মিল আছে তা পশ্চিমবাংলায় একমাত্র বেসরকারী উত্যোগাধীন চিনি কল। এই চিনি

কলের যিনি মালিক, মি: কেডিয়া লাহেব তিনি ঐ স্থগার মিলের নামে বিভিন্ন ইণ্ডাষ্টিয়াল ব্যাস্থ্য থেকে কোটি কোটি টাকা নিয়েছেন এবং সেই টাকা মিলে না লাগিয়ে রাজস্থানে ভালভা কারখানা করেছেন। এবং দক্ষিণ ভারতে অক্যান্ত কারখানা করেছেন। ফলে ঐ মিলটি ক্রোজারের উপক্রম হয়েছে। বিগত ৬ মাস ধরে পলাশীর রামনগর স্থগার মিলের কর্মচারীরা বেতন পাচ্ছেন না এবং আথ চাষীরা গত ২ বছর ধরে তাদের টাকা পাছেন না। প্রায় ৫৫ লক্ষ টাকা আথ চাষীদের পাওনা আছে। এর তুটি গুরুত্বপূর্ণ দিক আছে, একটি হচ্ছে, মিলটি বন্ধ হওয়ার মূথে এসে দাঁড়িয়েছে আর অন্তদিকে হচ্ছে, কর্মচারীরা এবং আথ চাষীরা টাকা পাছেন না। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। অবিলম্বে এ ব্যাপারে হস্তক্ষেপ করার জন্ত আমি শিল্প ও বাণিজ্য দপ্তরের মন্ত্রীর দিষ্টি আকর্ষণ করছি।

বৌজাবস্থল মান্ধান ঃ মাননীয় স্পীকার স্থার, আজকে ষ্টেট্, সম্যান পত্রিকায় একটি নিউজ বেরিয়েছে। পেজ ৯, কালাম ৪, আই. পি. এস অফিসারদের ডিমাণ্ড রিপোর্ট এই হেডলাইন দিয়ে। আই. পি. এস অফিসারদের যে এসোসিয়েসান আছে সেই এসোসিয়েসানের একট্য মিটিং হয়েছিল। তাতে ডি. সির হত্যার ব্যাপারে তারা বলছেন, failure of the police force to protect the D. C. reflected the gradual deteriaration of the police administration in West Bengal. এবং আরোও বলছে, they would have to reconsider their role in controlling law and order problems if a satisfactary explanation regarding Mehta's death was not available এবং এতে দেখা যাছেছ আই. পি. এস অফিসারদের মধ্যে বিক্ষোভ দানা বেঁধেছে। আই. পি. এস অফিসাররা শুধু চাকরীজীবী নয়, পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা রক্ষায় তাদের দায়িত্ব অত্যন্ত বেশী। এদের মধ্যে যদি বিক্ষোভ থাকে তাহলে আইন-শৃঙ্খলার চরম অবনতি ঘটতে পারে। শুধু তাই নয়, আই. পি. এস অফিসাররা কারণ তুলে ধরেছেন, তাঁরা বলেছেন, It was felt that officers of Police Station could afford to disobey their senior officers since postings of most O. Cs. were now being controlled politically. The Police Commissioner had "little say" in such matter.

আই. পি. এস অফিসাররা নিজেরাই স্বীকার করেছেন যে আজকে তাদের কিছু করার নেই। প্র্লিশ কমিশনারেরও কিছু করার নেই, পলিটিক্যাল লিডাররাই করেন। তাঁরা আরোও স্বীকার করেছেন, The Police were often forced to release the arrested persons following telephone calls from influential leaders. অর্থাৎ রাজ্যের যারা আইন-শৃদ্ধলার ধারক সেই সমস্ত প্রলিশ অফিসাররা বলছেন; প্রলিশ মহল কোথায় বদলি হবে, কোথায় পোষ্টিং হবে এ ব্যাপারটা সরকারী দলের নিয়ন্ত্রনাধীন আছে, তারাই নিয়ন্ত্রন করে। কালপ্রিটদের

গ্রেপ্তার করলে তাদের ছৈড়ে দেওয়া হয়। সরকারের ইনয়য়েনসিয়াল লিভার ছেড়ে দিতে বলেন।
এই যদি পশ্চিমবাংলার অবস্থা হয় তাহলে আইন-শৃত্তালা পরিস্থিতির অবনতি কোথায় হয়েছে তা
সহজেই অয়মেয়। সেইজয়্ম স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আবেদন রাথতে চাই, এই ব্যাপারটি অবিলম্বে হস্তক্ষেপ করে তাদের বিক্ষোভ যাতে দমন করতে পারেন তারজ্ব ব্যবস্থা নিন।

শ্রীমিলিন ঘোষ থান নাম অধ্যক্ষ মহাশয়, আপনার মারফত আমি একটি বিশেষ ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি। আমার চণ্ডীতলা থানা এলাকায় পরিবহন ব্যবস্থা বিপর্যন্ত। হঠাৎ বাসমালিকরা নিজেদের থেয়ালখূশী মত ২৬ নম্বর বাস বন্ধ করে দিয়েছেন। এমনকি মাধ্যমিক পরীক্ষা যথন শুক্ত হয়েছে সেই সময়ে মিনিবাস রুট থেকে হঠাৎ তুলে নিয়ে যাছেন। অবিলম্বে পরিবহন ব্যবস্থা যাতে জারদার করা যায় তারজন্ত অম্বরোধ জানাছি। গতকাল ডি. এম সাহেবের সাথে দেখা করেছিলাম। ২৩ তারিখে মিটিং ডেকেছেন। এটা প্রাইভেট বাস-ওনারদের স্বেছ্চাচারীতা। জানিনা কায়া এর পিছনে ইন্ধন যোগাছেন । এবা ৭ বছর ধরে বিশৃন্ধলা স্বষ্টি করতে পারছেন না তাই সামান্ত ঘামান্ত ঘটনা স্বষ্টি করার চেষ্টা করচেন।

গঙ্গায় একটা সামান্ত ঘটনা ঘটেছে, সেই ঘটনাকে কেন্দ্র করে হঠাৎ সমস্ত বাসগুলি উঠিয়ে দেওয়া হল। এইভাবে তাদের থেয়াল-খুসী মত তারা এগুলি করছে। সেজন্ত অবিলম্বে সেই বাসগুলিকে দীজ করে যাতে চালান যায় সেই ব্যাপারে পরিবহণ দপ্তর এবং পরিবহন মন্ত্রী মহাশয় যাতে জরুরী ব্যবস্থা গ্রহণ করেন তারজন্ত অঞ্বোধ করিছি।

Shri Abdur Rauf Ansari: Mr. Speaker, Sir, through you I want to draw the attention of the Hon'ble Chief Minister who is also the Home Minister. In my constituency and in the surrounding area of Hogg market within a couple of weeks nearly 8 cases of decoity took place. In the last week, at 42, Mirza Galib Street, the dacoits successfully carried away a huge amount of money from a shop. Even two days back another dacoity had been committed at a place situated at the junction of Collin Street and Market Street. The dacoits usually come freely during the evening hours when the people are moving here and there, and thus commit dacoity. No arrest has been made uptil now. This is the businessmen's area as well as residential area where the people have become very much panicky. Government has failed to tackle the

problem as well as to arrest the dacoits who are operating in New market area. Sir, detective department is one of the finest organisations. So, I would request the Hon'ble Chief Minister either he should tackle the problem effectively or he should resign from the Home Ministership. He should make arrests of these criminals.

**এলক্ষীকান্ত দেঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শ্রম দপরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে আজকে বিজিন্ন জেলা থেকে বিডি শ্রুমিকরা বিধানসভায় অভিযান করছেন। কারণ যথন বিড়ি শ্রমিকরা বিভিন্ন জেলায় আন্দোলন করেন তথন দেখি মালিকরা পশ্চিমবাংলা থেকে বিহার, বিহার থেকে উত্তরপ্রাদেশে পালিয়ে যায়। যথনট তারা আন্দোলন করে তথনই মালিকরা পালিয়ে যায়, এই হচ্চে অবস্থা। আজকে ভারতবর্ষের বিভিন্ন জায়গায় দাবী উঠেছে যে সমস্ত ভারতবর্ষে বিড়ি শ্রমিকদের একই মজুবী নিধারিত হোক যাতে বিভিন্ন মালিকরা এইভাবে আর পালিয়ে যেতে পারে। আজকে এই বিডি শ্রমিকরা এগানে এমে হাজির হচ্ছে। তাদের দাবী সারা ভারতবর্ষ জুড়ে একই হারে অর্থাৎ ১৫ টাকা হারে মজরী নির্ধারণ করা হোক। এই ব্যাপারে যে আইন আছে, সেই আইনের স্রযোগ নিয়ে মালিকর। বদমায়েশী করে থাকে। ছটো আইন আছে এবং তাতে ছটো হিসাবে বাবস্থা করা আছে। এর ফলে বড়বড মালিক যারা আছে তাদের বিভি শ্রমিকরা ধরতে পারেনা। তারা এই আইনের কারচুপীর স্বযোগ নেই। কাজেই স্বাভাবিক কারণে এই দাবী উঠেছে যে সমান কাজের সমান মজুরী এবং সমস্ত ভারতবর্ষ ব্যাপী বিড়ি শ্রমিকদের একই হারে মজুরী অর্থাৎ ১৫ টাকা দেওয়া উচিত এবং ১ হাজার শিরা পিছু ২০ টাকা মজুরী ধার্য করা উচিত। রাজ্য ভিত্তিক মূল্য স্ট্চক মাগগীভাতা যোগ করা উচিত, তাদের প্রভিডেন্ট ফাণ্ড ইত্যাদি চাল করা উচিত। যে ঠিকাদারী প্রথা চালু আছে, এই ঠিকাদারী প্রথায় বিড়ি শ্রমিকরা কোন স্থযোগ-স্থবিধা পায়না, তাদের বঞ্চিত করা হয়, সেই ঠিকাদারী প্রথাকে বাতিল করা উচিত, আইডেনটিটি কার্ড চালু করা উচিত এবং ওয়েলফেয়ার ফাণ্ড যেটা আছে তাতে কেন্দ্রীয় সরকার যা দেন সেটা নাম মাত্র দেন। যার ফলে বিড়ি শ্রমিকরা ধরতে গেলে কিছুই পাচ্ছে না। কাজেই এই ৭টি দাবীর ভিত্তিতে আজকে বিধানসভায় তারা অভিযান করছে। আমি আপনার দৃষ্টি আকর্ষণ কর্ছি যে রাজ্যের কিছুটা অংশ আছে, আর বাকীটা কেন্দ্রে। সে ক্ষেত্রে শ্রমমন্ত্রীর পক্ষ থেকে এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারকে জানান যাতে পশ্চিমবাংলার এই বিভি **শ্রমিকরা সামগ্রিকভা**বে উপরুত হতে পারে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

AP(81-1/84)-128

[12-20-12-30 P.M.]

## ( উল্লেখ )

ত্রীসেখ ইমান্ত্র্দিল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুতর বিষয়ের সম্বন্ধে উল্লেখ করতে চাই। পশ্চিমবন্ধ সরকারের এই যে বাজেট এই বিধানসভায় পাশ করা হয় সেই বাজেট কিভাবে অপচয় হয়েছে তারই একটি উজ্জ্বল দৃষ্টান্ত আমি এথানে দেখাতে চাই। এই যে বইটি দেখছেন এই বইটি হচ্ছে কনফারেন্দা অফ পলিটিক্যাল পাটি। এটা বামক্রণ্ট পার্টি এবং ভারতের অক্যান্ত জনতা, কংগ্রেস অন্যান্ত পার্টির বক্তব্য এতে লেখা আছে- গত ১৩ই জাহুয়ারী থেকে ১৫ই জাহুয়ারী পর্যান্ত কলকাতায় যে সর্বভারতীয় কনফারেন্দা হয়েছিল তাতে বিরোধী পার্টিগুলির বক্তব্য রেজলিউসন এই পৃত্তিকায় লেখা আছে। পশ্চিমবন্ধ সরকারের ভাইরেক্টর অফ ইনকর্মেশন এ্যাণ্ড পাবলিসিটি ডিপার্টমেন্ট কর্ত্বক এই বইটি ছাপা হয়েছে। রাজনৈতিক পৃত্তিকা কিভাবে সরকারী তহবিল থেকে, সরকারী খাত থেকে—

## (গোলমাল)

ছাপা হয়েছে, এটা আমি অপচয় বলে মনে করি। এ বিষয়ে একটা তদস্ত হওয়া উচিত। সরকারী টাকা দিয়ে কিভাবে এটা ছাপা হতে পারে তা আমি বুকতে পারছি না। এটা আপনি তদস্ত করে আমাকে একটা রিপোর্ট দেবেন।

শ্রীশাচীন্দ্রনাথ হাজরাঃ মি: স্পীকার স্থার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। হুগলী জেলার থানাকুল থানায় ব্যাপকভাবে উচ্চ ফলনশীল বোরো ধানের চাষ হয়। উদয়নারায়ণপুর, আমতা ইত্যাদি জায়গাতেও উচ্চ ফলনশীল বোরো ধানের চাষ হয়। ওথানে মৃণ্ডেশ্বরী নদীর পাশে চিংড়ে, শোশাপাতা, এবং কামদেবচক বাঁধ ওথানে এবার জলের খ্বই অভাব। ঐ সমস্ত জায়গাতে উচ্চ ফলনশীল বোরো ধান প্রায় ১২ থেকে ১৩ হাজার একর জমিতে চাষ করা হয়েছে, কিন্তু এবারে জলের অভাবে সমস্ত ধান নষ্ট হতে বসেছে। এ জন্ম অবিলম্বে ওথান থেকে ডি. ভি. সি থেকে যদি জল দেওয়া না হয় তাহলে সমস্ত ধান নষ্ট হয়ে যাবে। এই বিষয়ে ডি. ভি. সি.-র হেড কোয়াটাসে জানান হয়েছিল। কিন্তু তাঁরা এই বিষয়ে কোন রকম কর্ণপাত করেন নি। খানাকুল ২ নম্বর পঞ্চায়েত সমিতির তরম থেকে বাই মেসেঞ্জার লোক পাঠান হয়েছিল তা সজ্বেও জল পাওয়া যাচছে না। তাই আমি আপনার মাধ্যমে সেচ মন্ত্রী মহাশয় এবং জলপথবিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করিছি যাতে উক্ত এলাকায় তাঁরা জল দেওয়ার ব্যবস্থা করেন এবং সমস্ত চাষীর ধান যাতে রক্ষা হতে পারে সেক্সের ব্যবস্থা গ্রহণ করেন।

শ্রীক্ষবন্তী মিশ্রেঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সমবায় মন্ত্রী এবং মৃথ্যমন্ত্রী মহাশয়ের একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে এই যে মেদিনীপুর বোলাগারিয়ার সরকারী প্রতিনিধির নিয়োগ সম্পর্কে। বোলাগারিয়া সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাংক লিমিটেডের একজন কর্মচারী ছিলেন, তাঁর নাম হচ্ছে শ্রীসমরেশ দাস। তাঁর বিরুদ্ধে ছর্মীতির অভিযোগ থাকায় ব্যাংক কর্তৃপক্ষ তাঁকে ডিসচার্জ করেছিলেন। পরে তার যে এলাকায় বাড়ী সেই এলাকায় একটি রুষি ঋণ দান সমিতি আছে। সেই রুষি ঋনদান সমিতি থেকে ব্যাংক এর ডাইরেক্টার হয়ে না এসে তিনি একটু বাঁকা পথ দিয়ে তাজপুর রুষি ঋণ দান সমবায় সমিতির ডাইরেকটার হয়ে এসেছেন গত ১৯৮০ সালে।

১৯৮৩ সালে ঐ ব্যাংকের চেয়ারম্যান পদে আসেন। চেয়ারম্যান পদে এসে গত কয়েক বছরে এত ত্নীতি করেছেন যে সেই পৃঞ্জিভূত ত্নীতিগুলি লিপিবন্ধ করে প্রাক্তন সমবায় মন্ত্রী এবং মৃথ্যমন্ত্রী মহাশয়ের নিকট পেশ করেছিলেন বোলাগেরিয়া সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাস্কের এ্যাফিলিয়েটেড সোমাইটিগুলি। সেই অভিযোগগুলি তদন্ত সাপেকে রয়েছে। বর্তমানে শোনা মাছে সেই সমরেশবাবুকে ঐ ব্যাংকের গভর্গমেন্ট নোমিনি করে পাঠানো হচ্ছে। গত ১৮০০৮৪ তারিথের বার্ষিক সাধারণ সভায় সমরেশবাবুর বিক্তন্ধে যেসব ত্নীতি রয়েছে — সে সম্পর্কে এ ব্যাংকের গভর্গমেন্ট বেরিগের লিক্তন্ত করিথে করিছে গৃহীত হয়েছে যে সেই ত্নীতির অভিযোগগুলি তদন্ত কমিটি গঠন করে তদন্ত করা হবে। ত্থেব বিষয়, সেই বার্ষিক সাধারণ সভা অমুষ্টিত হবাব পর এবং গত ১৬-৩-৮ তারিথে ক্রাথির একটি দৈনিক পত্রিকা 'দৈনিক চেতনা'-তে থবরটি প্রকাশিত হবার পরও সেই সমরেশ দাসকে আজ গভর্গমেন্ট নোমিনি হিসাবে দেওয়া হছে। এই ব্যাংকে প্রায় ২৪০টি এ্যাফিলিয়েটেড্ সোসাইটি আছে। … … …

## ( সময় শেষ হয়ে যাওয়ায় মাননীয় স্পীকার মহাশয়ের নির্দেশে এই সময় পরবর্তী বক্তা বলতে ওঠেন )

শ্রীশীশ মহম্মদ ঃ মাননীয় শ্লীকার মহাশয়, গত ১৪-৬-৮৪ তারিখে মাধ্যমিক পরীক্ষা সম্বন্ধে বলেছিলাম। আজও সেই মাধ্যমিক পরীক্ষা সম্পর্কেই বলতে চাইছি। মাধ্যমিক পরীক্ষার আক্ষের প্রশ্নপত্রিটি অত্যন্ত কঠিন হয়েছিল—সেই কথাই সেদিন বলেছিলাম এবং বিভিন্ন খবরের কাগজেও ঐ বিষয়ে সমালোচনা হয়েছিল। আবার একটি জিনিষ ধরা পড়েছে মাননীয় অধ্যক্ষ মহাশয়। যারা কনটিনিউইং ক্যাণ্ডিডেট তাদের প্রশ্নপত্রের মার্জিনে ১৬টি নম্বর আউট অক্ষ সিলেবাস। ভাবতে পারছি না বোর্ড কি করছে! কাদের দিয়ে প্রশ্নপত্র তৈরী করা হচ্ছে? কাজেই আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই—এই যে আউট অক্ষ সিলেবাস প্রশ্নপত্র হয়ে গেল, সে সম্পর্কে আজ পর্যন্ত কোন পেপার মাধ্যমে বোর্ড তার ভুল স্বীকার করে নেননি। স্কৃতরাং আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং যাতে এই ১৬

নম্বর প্রতিটি কনটিনিউইং ক্যাণ্ডিডেটকে দেবার ব্যবস্থা হয় সেই সংক্রান্ত বিষয়ে তিনি যেন বোর্ডের সঙ্গে যোগাযোগ করেন এই অন্প্রোধ রাখছি।

শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। আজকে শিক্ষা-ব্যবস্থায় পশ্চিমবাংলার শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। আজকে শিক্ষা-ব্যবস্থায় পশ্চিমবঙ্গে বর্তমানে যে অবস্থা করেছেন তাতে সমস্ত অভিভাবকের নাজিশাস উঠেছে। প্রাথমিক বিভাগে ওঁরা বই সাপ্লাই করেন, কিন্ধু আজকে মার্চের ২১ তারিথ—আজ পর্যন্ত দিওরা শ্রেণীতে সহজ্পাঠ পৌছল না। তৃতীয় এবং চতুর্থ শ্রেণীর ইতিহাস ভূগোল বই দেওরা হোল না। এই অবস্থায় এঁরা বলেন যে বার্ষিক মূল্যায়নের ভিত্তিতে মেধা বিচার হবে এবং স্বাইকে প্রমোশন দিতে হবে। মার্চ মাস্প্রায় শেষ হতে চললো, ছুদিন বাদেই সান্ধাষিক পরীক্ষা হবে। আমি জানিনা মাননীয় শিক্ষামন্ত্রী এ-ব্যাপারে মাথা ঘামাচ্ছেন কিনা। অবিলম্বে যদি এই বইগুলো ছাত্রছাত্রীদের সরবরাহ করতে পারেন তাহলে গার্জিয়ানরা বাড়ীতে তাদের পড়াতে পারবেন কারণ স্কুলে যা পড়াবার ব্যবস্থা কর্মন।

শ্রীস্থলেত মুখার্জী । মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোয়েশ্চেন আওয়ার এবং মেনশন আওয়ার অত্যন্ত গুরুত্বপূর্ব। কিন্তু একজন ক্যাবিনেট মন্ত্রীকেও এথানে দেখতে পাচ্ছি না।

মিঃ স্থাকার: I had already drawn the attention of the Parliamentary Affairs Minister in this regard.

[12-30-12-40 P.M.]

শ্রীবামাপদ মুখার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৬ই মার্চ হিরাপুর থানার অন্তরগত বিধানপল্লীর একজন ঘাদশ শ্রেণীর ছাত্র পদ্ধায় তার প্রাইভেট টিউটরের কাছে শাস্তি নগরে পড়তে যায়। সেথান থেকে সে যথন পড়ে ফিরছিল তথন কিছু হুক্কতকারী তাকে কিডল্রপ করে নিয়ে চলে যায়। তারপর তার মৃতদেহ নিকটস্থ একটি ইদারায় পাপ্তুয়া যায়। এই ঘটনা নিয়ে সেথানে নানারকম সন্ত্রাস স্বষ্টি হয়েছে। এই ঘটনার ব্যাপারে এফ আই. আর করা হয়েছে। জানা গেছে এই ঘটনার মূল আসামী হলো স্ববীর গুপ্ত। সে একজন কংগ্রেস (আই) এর কর্মী। তাই আমি এই হাউসে বলতে চাই স্বরাইমন্ত্রী যেন এই ব্যাপারে তাড়াতাড়ি ব্যবস্থা অবলম্বন করেন।

প্রীপ্রত মুখার্জী: স্থার, উনি লোকের নাম করলেন কি করে ? আমি যথন নাম করে-ছিলাম তথন সেটা আপনি বাদ দেবার কথা বলেছিলেন।

মিঃ স্পীকারঃ বামাপদবাব্, যারা এথানকার মেশ্বার নন তাদের নাম এথানে নেওয়া যায় না। নামটা বাদ যাবে।

**একাশীনাথ মিঞাঃ** মাননীয় অধ্যক্ষ মহাশন্ন, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র দপ্তবের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে পশ্চিমবাংলাতে বর্ত্তমানে প্রায় ৫০ থেকে ৬০ হাজার স্বাধীনতা সংগ্রাসী আছে এবং এই স্বাধীনতা সংগ্রামীরা বিভিন্ন ভাবে বিপদগ্রস্ত অবস্থায় পড়ে আছে। আজকে এই স্বাধীনতা সংগ্রামীদের যে দূরবস্থা চলছে সেটা দেখা যায় না। এই রাজ্য সরকারই বলুন বা কেব্রীয় সরকারই বলুন তারা উভয়ের তরফ থেকে তাদের দেওয়া দর্থাক্ত গুলো স্থবিচার পাচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দেখেছি যে রাজ্য সরকারের যে দদর দপ্তর আছে সেথানে তাদের দরখাস্ত গুলি ফাইলবন্দী হয়ে দীর্ঘদিন ধরে পড়ে রয়েছে। সেখানে কোন কাজ হচ্ছে না। মাননীয় মৃধ্যমন্ত্রী এই হাউদে স্বাধীনতা সংগ্রামীদের নিয়ে বিভিন্ন প্রশ্নের উত্তর দিয়েছেন এবং তাদের নিয়ে বিভিন্ন সময় বিভিন্ন বক্তব্য তিনি রেখেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, জেলায় জেলায় স্বাধীনতা সংগ্রামীদের জন্ম জ্ঞাটিনি কমিটি হয়েছে গত বছর তা পাস হয়েছে আজ পর্যস্ত তা কার্যকারী হয়নি এবং রাজ্যন্তরে যে কমিটি হয়েছে সেটাও আজ পর্যস্ত কার্যকারী হয়নি। আপনি শুনলে অবাক হবেন কিভাবে স্বাধীনতা সংগ্রামীরা বিপদ্প্রস্ত অবস্থার মধ্যে পড়ছে। ১৯৮০ সালে মেডিকেল এড দেবার জ্বন্ত সরকার যে ব্যবস্থা করেছিলেন মেডিকেল হসপিটল থেকে আরম্ভ করে প্রতিটি হাসপাতাল সেটা কার্যকারী না। বাঁকুড়া জেলার প্রবীন স্বাধীনতা সংগ্রামী রামকৃষ্ণ দাসের করোনারী এটাক হয় এবং তাকে ভত্তি করার জন্ম বি. এস. মেডিক্যাল কলেজে নিয়ে যাওয়া হয়। তাঁকে এটেনডেন্স দেবার কথা বলা হয়। কিন্তু কর্ত্তপক্ষ সেটা করতে রাজী হয়নি। এই অবস্থা সব জামগায় চলেছে। স্বাধীনতা সংগ্রামীদের ব্যাপারে যথন রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকার উভয়েই চিস্তিত তথাপি তার কোন প্রতিকার হচ্ছে না কেন ? এই ব্যাপারে আপনার এবং আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। যাতে এই কমিটি গুলিকে কার্যকারী করা যায় তার জন্য আপনার মাধ্যমে আবেদন রাখছি।

**জীরবীন্দ্র ছোব** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকা শ্রামপুর রকে ৫৮টি স্কুইদ গেট যুক্ত বাঁধ নির্মাণের কথা ছিল। এটা এশিয়ার বৃহত্তম বাঁধ হবে এই কথা ছিল। এই স্কুইন গেটের জন্ম ইতিমধ্যে কিছু টাকা থরচ হয়ে গেছে। টেণ্ডার কল করে কনট্রাকটার নিয়োগ হওয়া সত্তেও দীর্ঘদিন যাবৎ পড়ে আছে। কয়েক বছর যাবৎ এই অবস্থায় পড়ে আছে, আজ পর্যস্ত কিছু হয়নি, ইনকমপ্লিট হয়ে পড়ে আছে। এই বাঁধের উপর দিয়ে ৩টি অঞ্চলের মান্ত্রম যাতায়াত করে, এছাড়া তাদের অন্ম কোন রাস্তা নেই। এই নিয় দামোদর পরিকল্পনায় গরীব চাষীরা তাদের জমি ছেড়ে দিয়েছে। কিন্তু আজ পর্যস্ত তাদের কম্পেনসেদান দেওয়া হয়নি। তাই আমি এই ব্যাপারে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই এলাকার মান্ত্রম অত্যস্ত দ্রবস্থার মধ্যে পড়ে রয়েছে। এই বাঁধের উপর দিয়ে কোন বাস যাতায়াত করতে পারছে না। বাস কট স্থাংসান হওয়া সত্তেও লুইস গেট ইনকম্পলিট হয়ে রয়েছে বলে কোন বাস যেতে পারছে না। মাধ্যমিক পরীক্ষার সময় ছাত্র-ছাত্রীদের নানা অস্থবিধার মধ্যে পড়তে হচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে বলতে চাই, এই যে নিম্ন দামোদর পরিকল্পনা হলো যেটা এশিয়ার বৃহত্তম বলে পরিচিত, এর থেকে চাষীদের কোন স্বিধা হচ্ছে না, জনসাধারণের ছংখদ্দিশা আরো রেড়েই চলেছে। তাই ৫৮টি লুইস এই বছরের মধ্যে এনকোয়ারী করে এমন ব্যবস্থা কক্ষন যাতে মাহ্যুরের যাতায়াতের স্থবিধা হয়্ম এবং বাস চলতে পারে। এই ব্যাপারে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

জ্রীহিমাংশু কুনার ঃ মাননীয় স্পীকার স্থার, আমি আপনার মাধ্যমে কৃষিমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার কেশপুর ব্লকে আর. এল. আই., ডিপ টিউবওয়েল ও শ্যালো টিউবওয়েল এলাকাভুক্ত চাষযোগ্য জমিতে হাজার হাজার একর চাষ হয়। কিন্তু উপযুক্ত সারের অভাবে এবং কীট নাশক ঔষধের অভাবে ঐ সমস্ত এলাকার ধান গাছ প্রায় নষ্ট হয়ে যেতে বসেছে। সেজন্য আমি আপনার মাধ্যমে সংক্লিষ্ট মন্ত্রীমহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি, যাতে ওথানে প্রচুর পরিমাণে সার ও কীটনাশক ঔষধ সরবরাহের ব্যবস্থা করেন। কীট নাশক ঔষধের ক্ষেত্রে দেখা হাচ্ছে যে অধিক পরিমাণে ব্যবহার করেও গাছের পোকা দমন করা সম্ভব হচ্ছে না। কারণ ঐয়ধের মান অতি নিম। ফলে চাষীদের অধিক পরিমাণে কীটনাশক ঔষধ ব্যবহার করতে হচ্ছে। যে সার ওথানে সরবরাহ করা হয়ে থাকে তাও উপযুক্ত মানের নয়। এর ফলে, চাষীনের অধিক পরিমাণে সার জমিতে ব্যবহার করতে হচ্ছে। সেজন্য সংশ্লিষ্ট মন্ত্রীমহোদয়ের নিকট আমার অমুরোধ. উপযুক্ত মানের সার ও কীট নাশক ঔষধের বন্দোবস্ত যেন তিনি করেন। ওথানে আলু চাযের জন্ম বেশী পরিমাণে আলুর ফলনের জন্ম চাষীদের অধিক পরিমাণে সার প্রয়োগ করতে হচ্ছে। অথচ দেখা যাচ্ছে, ফলন বেণী করা যাচ্ছে না। ভঙ্বু তাই নয়, চাষের প্রয়োজনে যে সার ও কটি নাশক ঔষধের প্রয়োজন হয়; তা চাষের মরশুমে বাজার থেকে উধাও হয়ে যায়। যারফলে আলু চাষে উক্ত এলাকায় চাষীদের এক ব্যাপক সমস্তার সম্মুখীন হতে হচ্ছে। চাষীদের অধিক মূল্যে বাজার থেকে প্রয়োজনীয় সারও কীট নাশক ঔষধ কিনতে হয়। এই সমস্তার স্থরাহার জন্ত আমি সংশ্লিষ্ট মন্ত্রী-মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

জ্ঞীত্রজ্বগোপাল নিয়োগীঃ মাননীয় স্পীকার স্থার, হুগলী জেলা এবং বর্ধমান জেলায ভি. ভি. সি. 'র কাছ থেকে পাওয়া জল সরবরাহ হয়ে থাকে। গত s তারিথে পালা বোড এবং ষ্ট্রন্ডেন ক্যানেলে গিয়েছিলাম এবং দেখি সেখানে কোন জ্বল নেই। ব্যারেজের জ্বল ছাড়া ধান গাভ বাঁচে না। ব্যারেজ থেকে যেখানে জল ছাড়ার কথা, সেখানে জল ছাড়ার কোন বাবস্থাই নেই। আমি, পঞ্চায়েত সমিতির সভাপতি (হুগুলী জেলা) ও জামালপুর পঞ্চায়েত সমিতির সভাপতি সেখানে যাব বলে জামালপুর ইরিগেশান এম. ডি. ও. কে জানিয়েছিলাম। কিন্ধ সেখানে গিয়ে দেখি, উক্ত অফিশার উপস্থিত নেই, তিনি ছুটিতে গেছেন। জলের অবস্থা সরেজমিনে দেখার ক্তনা পঞ্চায়েত সমিতির সভাপতি ও একজন এম. এল. এ যাবেন, এই মর্মে থবর পাওয়া সত্তেও এম, ডি. ও. সাহেব ছটিতে বাড়ী গেছেন। উক্ত এলাকায় এই জলের উপরে প্রায় ২৫।৩০ হাজার একর জমির চাষ নির্ভরশীল। জলের অভাবে ওথানে ধানের ফদল নষ্ট হয়ে যেতে বসেছে। অথচ আমরা দেখছি, দেখানে মাত্র একটি গেট খোলা। ইডেনে জলের অভাব। সেই সঙ্গে হাডাল গেট. পাহাডপুর গেট ও ডিগ্রি গেট প্রভৃতি থোলা অবস্থায় রয়েছে। হুগলী জেলার শুকপুর ও চাঁপাডাঙ্গা প্রততি অঞ্চলে জল যাচ্ছে না। ফলে সেখানে একটা অব্যবস্থার সৃষ্টি হয়েছে। এই বিষয়ের প্রতি আমি মাননীয় সেচ মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আবার অত্যদিকে গত পরশু (১৯০৮৪) পাণ্ড য়া এবং জামালপুরে গিয়ে দেখি আলু ২২ টাকা দরে বিক্রির জ্বন্স বাজারে এসেছে। কিন্তু কেনবার জন্ম কোন লোক নেই। এই বিষয়ে আমি মাননীয় পশ্চিমবঙ্গ সরকারের ক্রষি দগুরের কাছে আবেদন জানাচ্ছি, বেনফেড এবং কো-অপারেটিভের মাধ্যমে যেন তাঁরা আলু কেনার ব্যবস্থা করেন।

শ্রীমতী অপরাজিত। গোপ্পাঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজ উত্তরবঙ্গের সংরক্ষিত বনাঞ্চলের গাছপালা কেটে ফেলে খেডাবে ধ্বংস করা হচ্ছে, তাতে আমরা খ্বই উদ্বিগ্ন বোধ করছি। আপনি জানেন যে, ফুচবিহার জেলায় সংরক্ষিত বনাঞ্চল যেটা ছিল, সেটা কেটে একেবারে শেষ করে ফেলা হয়েছে। চিলাপাতা ফরেষ্টের সমস্ত মূল্যবান গাছগুলো এক শ্রেণীর চোরাকারবারীয়া কেটে রাতারাতি শু মিল তৈরী করছে। কয়ের বছর আগে জলপাইগুড়ি জেলার ডি. এফ. ও. চোরাকারবারীদের ধরতে গিয়ে ভীষণভাবে নিগৃহীত হন। কুচবিহার জেলাতে এই যড়বন্ধকারীদের ধরতে গিয়ে D. F. O. আটকে পড়েন। পরের কুচবিহারের ডি. সি- গিয়ে তাঁকে মৃক্ত করেন। কিছুদিন আগে দিল্লী থেকে এক সমীক্ষক দল এখানে এসেছিলেন। তাঁরা বিশ্লেষণ করে দেখেছেন যে উত্তরবন্ধের এই সমস্ত বনাঞ্চলে মূল্যবান ভেষজ্ব আছে এবং এগুলো কেটে ধ্বংস করে ফেলা হচ্ছে। আমি আপনার মাধ্যমে বনমন্ত্রী মহাশন্ত্রের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, অবিলম্বে যাতে এই চোরাচালানকারীরা ধরা পড়ে এবং বনজ্ব সম্পাদ রক্ষিত হয়্ন, তার ব্যবস্থা গ্রহণ করেন।

[12-40—12-50 P.M.]

শ্রীতরুগন চ্যাটার্জীঃ তার, আমি আপনার মাধ্যমে শ্রম মন্ত্রীর দৃষ্টি আকর্ষন করে বলছি যে ত্র্গাপুরে রিফ্যাক্টারী কারথানা গত ৮ই ফেব্রুমারী থেকে লকআউট যোষণা করা হয়েছে। এথানে ৪৫০ জন শ্রমিক কাজ করে। কারথানাটি দীর্ঘদিনের। শ্রমিকরা মনে করছে এর কারণ হচ্ছে ওয়েজ বোর্ড গঠন করার ব্যাপার নিয়ে এটা বন্ধ করা হয়েছে। কয়েক বছর ধরে চেষ্টা করে পশ্চিমবাংলার শ্রমিকরা ওয়েজ বোর্ড গঠন করার জন্ম। যে মৃহর্তে এই আন্দোলন হুরু হল সেই মৃহর্তে কারথানাটি বন্ধ করার চক্রান্ত স্থান্ধ বোর্ড গঠন করার জন্ম আন্দোলন করেছে স্থোন করিবান। যেথানে সর্বমতের শ্রমিকরা ওয়েজ বোর্ড গঠন করার জন্ম আন্দোলন করছে স্থোন বিনা কারণে বন্ধ করা এই কারথানাটি অবিলম্বে থোলার জন্ম শ্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করিছি।

শ্রীনিতাই আদকঃ স্থার, আপনার মাধ্যমে আমি পুনরায় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে হাওড়া জেলার বাগনানে ও. টি. রোডের যে জায়গা সেই জায়গাগুলি এলাকার বিত্তবান লোকেরা জোরপূর্বক দথল করেছে এবং কেনাবেচা আরম্ভ করেছে এবং বাড়ীঘর স্থক্ষ করেছে। এ বিষয়ে বিভাগীয় অফিসার, উলুবেড়িয়ার, যাঁরা আছেনে তাঁদের বলা হয়েছে। কিন্তু তার কোন প্রতিকার হচ্ছে না। পূর্তমন্ত্রীকেও বারবার অন্থরোধ করেছি। আবার আপনার মাধ্যমে তাঁকে অন্থরোধ করছি যে ব্যবস্থা অবলম্বন করতে যদি অস্থবিধা থাকে তাহলে এই সমস্ত জায়গাগুলিকে সরকার থেকে লীজ দেবার ব্যবস্থা করুন এবং রেভিন্ত্যু আদায়ের ব্যবস্থা করুন। এ না করলে এলাকায় অসন্ভোষ স্বষ্টি হবে।

শ্রীস্কুমার মণ্ডলঃ স্থার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার বিভিন্ন হাসপাতালে ব্যাপক সংখ্যক চিকিৎসক নেই এর সংখ্যা বর্তমানে প্রায় ৬০ হবে। এর ফলে অনেকগুলি প্রাথমিক এবং ১২টির মত সহায়ক স্বাস্থ্যকেন্দ্র অচল অবস্থার সম্মুখীন হয়েছে। গ্রাহ্যমন্ত্রীকে অন্থরোধ করবো অবিলম্বে নদীয়ার বিভিন্ন হাসপাতালে চিকিৎসক পাঠানোর ব্যবস্থা করুন।

শ্রীসরঙ্গ দেবঃ তার, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সারা পশ্চিমবাংলার বিভিন্ন জেলা থেকে হাজার হাজার বিড়ি শ্রমিক শ্রমমন্ত্রীর নিকট শ্রারকলিপি দেবার জন্ম আসছেন। সরকার তাদের জন্ম হাজতম মজুরী ধার্য করেছেন, কিন্তু তা কার্যকরী হচ্ছে না। কারণ মিনিমাম ওয়েজ ইন্সপেক্টাররা পয়সা কড়ি থেয়ে চলে আসেন। সেজন্ম আমার দাবি মিনিমাম ওয়েজ থেটা চালু হয়েছে সেটাকে যাতে ইন ট্রু সেন্স এফেক্ট দেওয়া যায় তার ব্যবস্থা করা।

দিতীয়তঃ কেন্দ্রীয় যে বিভি শ্রমিক আইন আছে তার সংশোধন করে বিভি শ্রমিকদের ফ্যাক্টরী এ্যাক্টের আওতাত্মক করা। তৃতীয়তঃ সম্প্রতি বাঁকুড়াতে হাজার হাজার বিভি শ্রমিক কর্মচ্যত হয়েছে, তাদের জন্ম বিকল্প ব্যবস্থা গ্রহণ করবার জন্ম আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রম মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীশিশির অধিকারী: মি: স্পীকার, স্থার, আমি আপনার মাধ্যমে আমাদেব রাজ্যের টেকনিক্যাল এডুকেশান মন্ত্রীর কাছে নিবেদন করছি যে ১৯৬৭ সালে কাঁথির উপকর্পে রঘুবামপুর মৌজার ১৭ বিষা জমির উপর টেকনিক্যাল কলেজ স্থাপিত হয়েছে। প্রথমে ১২ লক্ষ টাকা গরচ করা হয়, তারপর বর্তমান সরকার ক্ষমতায় আসার পর আরো ৫ লক্ষ টাকা থরচ করার পরও এগনও ঘরটা সেই অবস্থায় পড়ে আছে। তার গেট, ওয়ার্কসপের ডায়না গেট, কলাপসেবল গেট, এয়াজবেস্ট্রন ইজনিয়ারদের আনেক বেশী চাহিদা রয়েছে। এই অবস্থায় আমি দাবি করিছ অবিলম্বে কাঁথি। উপকর্পের ব্যুরমপুর মৌজায় এই টেকটিক্যাল কলেজটি চালু করা হোক। আমি আপনার কাছে একটা ফটো দাথিল করছি যাতে আপনি দেখতে পাবেন কিভাবে সমাজ বিরোধীরা গেট, এয়াজবেস্ট্রন ইত্যাদি চুরি করতে আরম্ভ করেছে। অবিলম্বে যদি হস্তক্ষেপ না করা হয় তাহলে প্রচুর ক্ষতি হবে। আমি মাননীয় মুখ্যমন্ত্রী এবং টেকনিক্যাল এডুকেশান মন্ত্রীর কাছে কাঁথির মান্থ্যের দাবি পেশ করছি যাতে এই টেকনিক্যাল কলেজটি চালু করার ব্যবস্থা করেন।

ডাঃ মানস ভূঁইয়াঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে কমিমন্ত্রী এবং সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার সবং থানার প্রান্তিক চাষী. ক্ষুদ্র এবং মধ্যবিত্ত চাষীরা উচ্চ ফলনশীল ধান চাষ করেছিল। ওথানকার কেলেঘাই এবং কোপনেপ্রর নদীতে যেসব রিভার লিফ্ ট পাম্প আছে তা দিয়ে সেচ দেবার ফলে তারা চায শুরু করেছিল। কিন্তু বিগত ৫ মাস ধরে কোন বৃষ্টি না হওয়ার ফলে নদীর জল শুকিয়ে গেছে, পানীয় জলের নলকুপের লেয়ার নেমে গেছে, পানীয় জল পাওয়া যাছে না। নদীর জল শুকিয়ে যাওয়ার জন্ম ৫ হাজার একরের ধানের চারা নষ্ট হতে বসেছে। জেলা শাসককে বার বার বলেছি, এই নিয়ে মিটিও হয়েছে কিন্তু কোন ফয়শলা করতে পারেননি, ৫ হাজার একরের উচ্চ ফলনশীল ধান নষ্ট হতে বসেছে। সেজন্ম আমি সেচমন্ত্রী এবং কৃষমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এই ব্যাপারে এমারজেন্সি ভিত্তিতে উল্ভোগ নিয়ে এমন কিছু কঙ্কন যাতে অস্ততঃ কিছু জল কংসাবতী প্রোছেক্ট ক্যানেলের শেষ প্রান্তে পৌছায়, তাতে কিছু পরিমান ধান বাঁচান যাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি সেচমন্ত্রী এবং কৃষি মন্ত্রীকে বলুন আমাদের আবেদনের কথা যাতে সবং থানার চাষীরা তাদের উচ্চ ফলনশীল ধান বাঁচাতে পারে।

AP(81-1/84)-129

শ্রীকজনে আজিম মোলাঃ মাননীর অধ্যক্ষ মহাশন্ন, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় ম্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ২ দিন আগে গার্ডেন রিচের বুকে যে
ছর্ভাগ্যজনক ঘটনা ঘটে গেছে তারজন্ম আমরা সকলেই হৃঃথিত। গার্ডেন রীচে সাদ্ধ্য আইন জারি
করা হয়েছে এবং তার পার্যবর্তী মেটিয়াবুকজ পুলিশ স্টেশনেও সাদ্ধ্য আইন জারি করা হয়েছে।
কিন্তু মেটিয়াবুকজ পুলিশ স্টেশনের অধীনে কোন রকম শান্তি বিদ্বিত হয়নি। এই মেটিয়াবুকজ
পুলিশ স্টেশনের ও. সি এই সাদ্ধ্য আইনের পরিপ্রেক্ষিতে স্থযোগের সদ্মবহার কিভাবে করছেন সেই
বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি তিনি সাদ্ধ্য আইনের অজুহাতে সেথানকার নিরীহ মাহ্রমদের লাঠি
পেটা করে থানার ভর্তি করছে এবং তাদের কাছ থেকে ৫০ টাকা থেকে ২০০ টাকা উতকোচ নিয়ে
তারপর ছেড়ে দিছে।

#### [12-50-1-00 P.M.]

আমি মাননীয় মৃথ্যমন্ত্রীকে অন্তরোধ করছি তিনি যেন এ বিষয়ে সোচচার হন। আর বিতীয় অন্তরোধ হচ্ছে যে ঐ ঘটনায় যাঁরা মারা গেছেন তাঁদের ফেমেলিকে যেন কমপেনসেসন দেওয়া হয়।

Shri Hazari Biswas: Sir, through you I would like to draw the kind attention of the Hon'ble Union Railway Minister Shri Ghani Khan Chowdhury. The passengers of Sealdah—Lalgola Section of Eastern Railway are getting much trouble every day. For the improvement of that section I would like to suggest three points, which may kindly be sent to the Union Railway Minister. The points are given below:

- Introduction of standard 3 interlocking to speed up movement of Trains over points and crossings.
- Introduction of Tokenless instrument (in place of Token) which will speed up movement of Trains and will avoid all sorts of hazards.
- 3. Introduction of Electrical Panel board to operate points and signals.

এ সুনীতি চট্টরাজ: মি: শীকার স্থার, গত ৮ই এবং ১ই রক্তাক্ত ও পুলিশের লাঠি দারা আক্রাস্ত এই বিধানসভায় দ াঁড়িয়ে আমি একটি বিষয়ের প্রতি আপনার মাধ্যমে এই বামফ্রন্ট সরকারের দৃষ্টি আকর্ষণ করবার চেষ্টা করছি। স্থার, চুরির কথা বললেই তো ওঁদের গায়ে জালা ধরে। আপনি মন্ত্রী বা এম. এল. এ-দের বিরুদ্ধে বলতে গেলে তার আগে ডকুমেণ্ট সাবমিট করতে হবে বলেছেন। আমি এখানে কোন মন্ত্রী বা এম. এল. এ-র সম্বন্ধে বলছি না। তাই আমি কোন ডকুমেণ্ট পেশ করি নি। তার, সাঁগড়া গ্রাম পঞ্চায়েতে একটা লিষ্ট হয়েছে। যারা ভূমিহীন, গৃহহীন তাদের এক হাজার টাকা করে দেওয়া হচ্ছে। এই লিষ্ট করার পর দেখা গেল তাতে যাদের নাম আছে তাদের কেউ কেউ টাকা পায় নি। এ রকম একটি গ্রীব মারুষ, নাম তার মহিনী হাজরা, তার লিঙে নাম থাকা সত্তেও তাকে টাকা দেওয়া হয় নি। সেই টাকায় সি. পি. এম. সদস্থরা তহবিল তৈরী করছে। এই ব্যাপারে সে যথন দর্থান্ত লিথছে যে লিটে তার নাম থাকা সত্তেও তাকে টাকা দেওয়া হয়নি তথন সি. পি. এম.-দের গুণ্ডা বাহিনী গিয়ে তাকে আক্রমণ করেছে, যেমন এই বিধানসভায় আক্রমণ হয়েছিল। স্থার, গৃহ তৈরী অহুদান আত্মদাত হচ্ছে আবার সেই কথা বলতে গেলে মেয়েরা আক্রাস্ত হচ্ছে। এই আক্রমণ হবার প্র পুলিশের কাছে তারা যায়। কিন্তু পুলিশ থেকে কোন এফ আই আর নেওয়া হয় নি, কোন মামলাও দায়ের করা হয় নি। ১৯৭২— ৭৭ সালে যাদের ভূমি বণ্টন করা হয়েছিল, এই জ্যোতি বস্থ সরকার তাদের ভূমি থেকে উচ্ছেদ করছে। এ তো ওঁরা করছেনই, আবার ঐ গ্রীবদের যে গৃহ নির্মাণের টাকা সেটাও ওঁরা আত্মসাত করছেন। এই ব্যাপারে আমি একটি চিঠি আপনাকে দিয়ে দিচ্চি।

শ্রীদেবপ্রসাদ সরকার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী তথা মাননীয় ম্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের উল্লেখ করছি। এই রাজ্যে শিক্ষা বিভাগে শিক্ষা প্রশাসন স্তর যে ভয়াবহ রূপ নিয়েছে ডি. পি. আই. আমলারা পর্যস্ত যেভাবে সরকারী তথা শিক্ষা বিভাগের টাকা নয়ছয় করছে তা অভাবনীয়। আমি এই প্রসঙ্গে কলকাতা সেকেগুরী অফিসের তুর্নীতির কথা তুলে ধরছি।

গত ১-৭-৮২ তারিথ থেকে বর্তমান কলকাতার ডি. আই. পদে অধিষ্ঠিত হবার পর, এই হিন্দুস্থান পার্কের অফিসটি একটা ত্র্নীতির আধডায় পর্যাবদিত হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে অবাক হয়ে যাবেন, এই ত্র্নীতির নায়ক স্বয়ং এই ডি. আই. এবং তারই নেতৃত্বে এই অফিসে একটা ত্র্নীতির চক্র গড়ে উঠেছে। এই ডি. আই. এবং তার কিছু সহকর্মীর বিরুদ্ধে সাক্ষ্য প্রমানাদি সহ ভিজিলেন্দ কমিশনের কাছে সাত পৃষ্ঠা ব্যাপী এক স্থদীর্ঘ অভিযোগ সম্বলিত লিখিত প্রতিবেদন পেশ করা হয়েছে এবং ভিজিলেন্দ কমিশন তদস্তের নির্দেশ দিয়েছেন, তদস্ত চলছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ত্র্নীতির রূপ, এটা কি মারাত্মক, এই ডি. আই.,

তিনি আবার একাধিক বিশ্বালরের প্রশাসকও নিযুক্ত হয়ে আছেন। একদিকে ভি. আই. এবং অপরদিকে প্রশাসক পদাধিকার বলে। ফলে তিনি যথেচ্ছভাবে বিস্তালয়ের নামে তিনি সরকারী অফ্দান নিচ্ছেন এবং অভিযোগ, এফটা বিস্তালয়ে শুধু হোয়াইট ওয়াশ করার জন্য ৮০ হাজার টাকা থরচ হয়েছে, এই রকম মারাত্মক ঘটনা। তিনি বিধি বহিভূ তভাবে অফ্মোদন পাওয়ার যোগ্যতা নেই, এই রকম বিস্তালয়কে তিনি অফ্দান পাইয়ে দিছেন, বিধি বহিভূ তভাবে শিক্ষক, করণিকের পদ এর জন্য অপারিশ করছেন এবং নিয়োগ করছেন, এমনকি জনৈক মন্ত্রীর স্ত্রীকে অতিরিক্ত অর্থপ্র পাইয়ে দিয়েছেন, এমন সব মারাত্মক অভিযোগ আছে। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত আশ্চর্যের বিয়য়, প্রাথমিক তদন্তে এই অভিযোগের সত্যতা প্রমানিত হওয়া সত্মেও এবং যেখানে ভিজিলেন্সের তদন্ত চলছে, তা সত্মেও এই সমস্ত ব্যক্তিদের বিরুদ্ধে শিক্ষা বিভাগ থেকে প্রয়োজনীয় শান্তিমূলক ব্যবস্থা নেওয়া তো দ্রের কথা, পরস্ক উক্ত ডি. আই.-এর যেখানে চাকুরির মেয়াদ ১৯৮৩ সালের ডিসেম্বরে শেষ হয়ে যাছে, তাকে আবার রহশুজনক কারণে পুনর্নিয়োগ করা হয়েছে এবং সেই পুনর্নিয়োগ ব্যবস্থাও অত্যন্ত অবৈধ। তার চাকুরি টার্মিনেটের দিন হছেছ ২১-১২-৮৩ তারিখে, তাকে রি-এমপ্রয়মেন্ট দেওয়া হয়েছে ১লা ফেব্রুয়ারী, ১৯৮৪, রেস্ট্রপেকটিত এফেক্ট দিয়ে।

তাহলে কি হলো? >->-৮৪ তারিথ থেকে ৩১-১-৮৪ দাল পর্যন্ত, এই কলকাতার ডি. আই., দেকেগুারী, তিনি দার্ভিদটা দিলেন, without any recommendation or sanction of any competent authority. অভুত চুর্নীতি, বে-আইনী কার্য্যকলাপের এক অভিনব নিদর্শন আপনার কাছে তুলে ধরলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার শুধু এইটুকু বক্তব্য, ষেথানে এই রকম চুর্নীতির অভিযোগ এসেছে, আমি এর বিরুদ্ধে তদন্ত দাবী করছি, এই পুর্নর্নিয়োগের অবৈধ আদেশ প্রত্যাহার দাবী করছি এবং এই মর্মে আমি শিক্ষামন্ত্রীর কাছে দাবী জানাচ্ছি, তিনি এই হাউদে একটা বিরুতি দিন এবং হাউদকে এই ব্যাপারে অবহিত কক্ষন, তা নাহলে আমাদের বন্ধ্যুল ধারণা হবে, এই সরকার এর পিছনে মদত দিছে, প্রশ্রম্ম দিছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ, সিরিয়াস চার্জ আছে, এই সম্পর্কেষে অভিযোগগুলো তুলেছি, আপনি শিক্ষামন্ত্রীকে বলুন, হাউসে তিনি একটি বিরুতি দিন।

মিঃ স্পীকার ঃ আপনিই বললেন, এটা ইনভেষ্টিগেশন হচ্ছে। পেণ্ডিং ইনভেষ্টিগেশন, কি করে মন্ত্রী মহাশয় বিবৃতি দেবেন ?

**জ্রীদেবপ্রসাদ সরকারঃ** আমি রি-এমপ্লয়মেন্ট সম্পর্কে তাঁকে বিবৃতি দেবার জন্ম দাবী জানাচ্ছি।

মিঃ স্পীকার ঃ কাগজটা আমাকে পাঠিয়ে দেবেন, আমি দেখবো।

[1-00-1-10 P.M.]

**জ্রাজারকেশ মুখার্জীঃ** স্থার, অন এ পয়েন্ট অফ অর্ডার, উনি যে বক্তব্য এথানে রাখনেন, আমি সেই সম্পর্কে কিছু বলছি না, কিন্ত স্থনীতি বাবু একটা কাণ্ড করলেন, কি বললেন জানি না দরখান্ত ইত্যাদির কথা বললেন, তারপর তিনি বললেন যে দরখান্তটা আপনার কাছে তিনি জমা দিচ্ছেন, এটা রেকভ হলো, কিন্তু তিনি জমা দেন নি।

মিঃ স্পীকার: স্থনীতি বাবু পরে পাঠিয়ে দিয়েছেন।

**শ্রীসভ্যরঞ্জন বাপুলিঃ** মি: স্পীকার স্থার, কয়েকদিন যাবত বেহালার বড়তলা, এম. এম. রায় রোড এবং বুড়োশিবতলায় পিয়াসী সিনেমা হলের কাছে একদল সমান্ধবিরোধী, ষারা সিনেমার টিকিট ব্ল্যাক করে, এরা কিছুদিন যাবত ওথানে বোমা বাজী করছে। সংবাদ পেয়ে, আমি স্বত্ৰত মুখাৰ্জী, অতীশ সিনহা, ফজলে আলি মোলা আবছল মান্নান, শেথ ইমাজুদ্দিন মহাশন্ত্র সেথানে ঘাই। আমরা ওথানে গিয়ে পাড়ায় পাড়ায় ঘুরি। সবচেয়ে হুংথের বিষয়, সেখানে সমাজবিরোধীরা বেশ কিছুদিন যাবত অত্যাচার চালাচ্ছে। এই ব্যাপারে সেখানে একটা মিটিং হচ্ছিল, তাতে সি. পি. এম. কংগ্রেসের লোক ছিল, সকলে মিলে মিটিংট। করছিল, সেথানে সমাজ বিরোধীরা গিয়ে বোমা বর্ষণ করেছে। ওথানকার পুরো এলাকাটা সমাজবিরোধীদের হাতে চলে গেছে কিছুদিন হলো। পুলিণ সম্পূর্ণ সেখানে নিজ্জিয়। কে একজন পাত্র বলে আছেন, তিনি ও. সি., তিনি ছিলেন দেখলাম। হোল এলাকাটা গত এক বছর ধরে কনট্রোল করছে সমাজ বিরোধীরা, বাঁশতলা থেকে ঐ পর্যান্ত। সমাজ বিরোধীদের স্বাই টিকিট ব্ল্যাক করে। তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়া হয়নি। আমরা বারবার বলেছি, সমাজ বিরোধীরা যেখন গাডেনি রীচে গণ্ডগোল করেছেন, ওখানেও গণ্ডগোল করেছে এবং একটা খুনও হয়েছে, বোমাও মেরেছে। একজন বোমা বাঁধতে গিয়ে হাতও ফেটে গেছে. টি. বি. রোগীর। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে অবাক হয়ে যাবেন, সেথানে গিয়ে দেথলাম বাড়ির লোককে র্যানস্যাক করেছে, মানে একজন মহিলা র । ধছিলেন, তার বুকে পিস্তল ঠেকিয়ে বলেছে যে তুমি ভেতরে ঢুকে যাও, আমরা পাশের বাড়িটা লুঠ করবো। কয়েক ঘণ্টা ধরে সাত আটটা বাডিতে লুঠ করেছে। লঠ করার পর স্বচেয়ে তুর্ভাগ্যের বিষয়, যারা পিস কমিটির মিটিং-এ ব্যেছিল, আলোচনা করছিল, তাদের মধ্যে থেকে কয়েকজনকে পুলিশ জড়িয়ে ফেলেছে, ঐ বোমা বাঁধতে গিয়ে যে টি. বি রোগী মারা গেছে, দেই ব্যাপারে। তার মধ্যে কে আছে ? তার মধ্যে উকিল বাবু আছেন, একজন আবার এডিশন্যাল রিটায়ার্ড পুলিশ কমিশনার আছেন, তার ছেলেরা আছে, নাতি আছে, এই तकम मन ভान ভान लाकिश्वलाक भूनिंग कार सुनित्र मित्राह । **प्र**श्तमिक स्मर्टे मन ममा<del>ख</del>

বিরোধীরা বহাল তবিয়তে ঘূরে বেড়াচ্ছে। আমি সেইজ্বন্য বলছি, গার্ডেন রীচে এই রকম ঘটনা ঘটেছে, আবার ওথানেও এই রকম ঘটনা ঘটছে, তাহলে আমরা দেখতে পাচ্ছি, কলকাতাটা সমাজ বিরোধীদের হাতে চলে গেছে। কিছু কিছু জায়গায় এমন অবস্থা দাঁড়িয়েছে, যে সেথানে পুলিশ একেবারে নিক্ষিয় হয়ে গেছে, কারণ একটা রাজনেতিক দলের সাহায্য পাচ্ছে বলে, তারা কিছু বলছে না। আমি বেহালার এম. এল. এ.-কে বলেছি, মন্ত্রীকে বলেছি, এম. পি.-কে বলেছি। তাই আপনাকে বলবো, স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়কে বলুন, সমাজবিরোধীদের হাত থেকে বেহালাকে উদ্ধার করার জন্ম তিনি যেন একটা ব্যবস্থা নেন, তা না হলে দ্বিতীয় গাডেনি রীচ হলেও হতে পারে, এতে আশ্বর্য হবার কিছু নেই।

**এস্থিত্রত মুখার্জীঃ** মাননীয় স্পীকার মহাশয়, বাজেট সম্বন্ধ আলোচনা করতে গিয়ে আমি সর্বপ্রথম একটি কথা মাননীয় সদস্তদের কাছে রাথতে চাই। যে দল সরকারে থাকেন তাঁরা যে বাজেট পেশ করেন সেই বাজেট সম্বন্ধে আলোচনা করার সময় দেখছি এটা একটা প্রথা হয়ে গেছে সরকার পক্ষের সকলেই বলেন এটা সাংঘাতিক ভাল বাজেট হয়েছে এবং বিরোধীদল বলেন এটা খব খারাপ বাজেট হয়েছে, জনস্বার্থ বিরোধী বাজেট হয়েছে। ধারাবাহিকভাবে এই ধরনের আলোচন। কেন্দ্র এবং রাজ্য পর্য্যায়ে চলে আসছে। কিন্তু আমি মনে করি সংসদীয় গণতন্ত্রের নিগম অনুসারে ভোটের সময় আমাদের আলাদা আলদা মতবাদ থাকতে পারে, কিন্তু বাজেট আলোচনার সময়, যে বাজেটের সঙ্গে লক্ষ লক্ষ কোটি কোটি মাস্থবের স্বার্থ জড়িত রয়েছে সেটা সাধারণভাবে আলোচনা করা উচিত যাতে আগামী দিনে বাঁরা বাজেট রচনা করবেন তাঁরা খুব স্বষ্ঠ ভাবে এবং দায়িত্বের সঙ্গে বাজেট তৈরী করতে পারেন। এরই পরিপ্রেক্ষিতে আমি ছটি বাজেট অর্থাৎ কেন্দ্রীয় বাজেট এবং রাজ্য বাজেট নিয়ে আলোচনা করতে চাই। আমরা যাঁরা বিরোধীদলে আছি জাঁরা এই নীতি সমর্থন করলেও একটি কথা বলব যে, একটি উন্নয়ন শীল দেশের বাজেট কথনই সমালোচনার উর্দ্ধে যেতে পারেনা। জ্যোতিবাবু একটা কথা প্রায়ই বাইরে বলেন যে, কংগ্রেসের কি হিম্মত নেই কোন জিনিস যদি দেশের স্বার্থে, রাজ্যের স্বার্থে নীতিগত দিক থেকে কেন্দ্রীয় সরকারের বিরোধী হয় তাহলে তার প্রতিবাদ করা ? ভারতবর্ষে যে বাজেট হয় সেটা সাধারণভাবে কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণে হয় এবং কেন্দ্র ফিসক্যাল পলিসি অনুসারে সারা ভারতবর্যই কেন্দ্রীক একটা বাজেট তৈরী করেন। তথ্য ভিত্তিক আমরা যা দেখতে পাচ্ছি তাতে সমালোচনা নাহলেও একটা বিতর্কের স্বষ্টি করে যথন আমরা দেখি বিভিন্ন রাজ্যের মধ্যে মাথাপিছ আয়ের বিরাট পার্থ কা হয়ে যায়। ১৯৬০-৬১ সালে মাথাপিছু আয় এবং তার ১৬ বছর পর অর্থাৎ ১৯৭৭ সালে বিভিন্ন রাজ্যের মাথাপিছু আয় যদি আমরা দেখি তাহলে দেখব রাজ্যগুলি যা সম্পদ স্পষ্ট করেছে সেটা যদি সমভাবে বণ্টন হোত তাহলে মাথাপিছু আয়ের ক্ষেত্রে এরকম পার্থ ক্য হওয়া উচিত নয় ৷ ১৯৬০-৬১ সালে উড়িস্তায় মাথাপিছু আয় ছিল ২১৭ টাকা এবং ১৯৭৬-৭৭ সালে সেই মাথাপিছু আয় হয়েছে ৬৫৯ টাকা অথাৎ বেড়েছে মাত্র ৪৪২ টাকা। অথচ পাঞ্চাবের ক্ষেত্রে দেখছি ১৯৬০-৬১ সালে মাথাপিছু আয় ছিল ৩৪৭ টাকা

ঞাং ১৯৭৬-৭৭ সালে সেটা বেড়ে দাঁড়িয়েছে ১৮১২ টাকা অর্থাৎ ১৪৬৫ টাকা আয় সেখানে বৃদ্ধি পেরেছে। বিভিন্ন রাজ্যে মাথাপিছু আয়ের ক্ষেত্রে এই যে অসমতা সেটা সাধারণভাবেই আমাদের কাছে একটা বিতর্কের স্ষষ্টি করে। আমার মনে হয় পরিকল্পনার দিক থেকে কোথাও একটা ক্রটি আছে, ফিসক্যাল পলিসির ক্রটি হচ্ছে। এটা কোন সমালোচনার ব্যাপারে নয়. সাধারণভাবেই কেন্দ্রীয় সরকারের এটা দেখা উচিত।

পরিকল্পনার স্থফল অর্থাৎ টোট্যাল স্থফল যাতে সমভাবে বণ্টন হয় সেদিকে লক্ষ্য রাখা উচিত। দারিক্র দীমার নীচে যারা রয়েছে সে সম্পর্কে একটা পরিসংখ্যান দিয়ে বলা হর ২২৫০ ক্যালোরি থাছাবস্থ একজন মাহ্ব যদি না পায় তাহলে সে দারিক্র্য দীমার নীচে বাদ করছে এলথা বলা যায়। ১৯৭৬-৭৭ সালে দেখতে পাছিছ উড়িছায়ে শতকরা ৬৬ ৪০ ভাগ মাহ্য দারিক্র্য সীমার নীচে রয়েছে, পশ্চিমবাংলায় ২১.৪৯ ভাগ মাহ্য দারিক্র সীমার নীচে রয়েছে, পাঞ্জাবের কথা বলা হয় ১৫ ১০ পারসেন্ট। এক্ষেত্রে কিন্তু কেন্দ্রীয় সরকার কোন রক্ম বিমাতৃত্বলভ মনোভাব রাথেনি। বিমাতৃত্বলভ মনোভাব যদি তাঁরা রাথতেন তাহলে দারিক্র্য দীমা এত নীচে থাকত না। কেন্দ্রীয় সরকারের বিমাতৃত্বলভ মনোভাবের কথা যা এঁরা বলেন সেটা অসত্য কথা।

#### [ 1-10—1-20 P. M. ]

তবে আমি মনে করি ১৫ শতাংশ যে সর্ব নিম্ন দারিত্র-দীমা পাঞ্চাবে রয়েছে, সমস্ত রাজ্যগুলি যাতে সেই হারে যেতে পারে দেটা কেন্দ্রের দেখা দরকার এবং এটায় সম বন্টনের মানসিকতা আছে। তবে এর থেকে একটা জিনিস দেখা দরকার, কেন্দ্র পলিসি তৈরী করবে এবং সেটার যথাযথ রূপায়ন, ইমপিলিমেন্ট করার বিষয়ে রাজ্যেরও একটা গুরুত্বপূর্ণ ভূমিকা থাকে। রাজ্য সরকার যত বেশী এই পলিসিগুলিকে যথাযথভাবে রূপায়িত করতে পারবে তত বেশী সামঞ্চ্মপূর্ণ হবে, ভারসাম্য রক্ষা করতে পারবে এবং ফিসক্যাল পলিসি অমুসারে যারা তলায় পড়ে থাকবে তাদের অর্থ সাহায্য দিয়ে টেনে উপরে তুলতে হবে। গত ৬টি পরিকল্পনার এমন সায়েনটিফিক এ্যাপ্রোচ এতে আছে যে, কেন্দ্রের বিমাতৃত্বলত মনোভাব দেখাবার কোন হ্রেণাগ নেই। এই রাজ্যকে অনেক বেশী ওভার-ড্রাফ্ ট দেওয়া হচ্ছে। এই রাজ্যের আর্থিক অসংগতিকে অনেক সময় কেন্দ্র পুরণ করেছে। কেন্দ্রের কোন কিছু করার নেই, চাক বা না চাক রাজনীতি করার কোন প্রশ্ন নেই কেন্দ্রের। যদি পরিকল্পনা মাফিক অর্থ নীতি তৈরী করতে হয় তাহলে যারা পিছনে থাকবে দেউলিয়া হয়ে গেলেও তাদের টেনে তুলতে হবে। সেইজন্য বন্ধুত্বপূর্ণ সমালোচনা করার মানসিকতার দরকার আছে, যেমন দেন্টাল বাজেট সম্পর্কেও আমরা বলে থাকি। কেন্দ্র এবং রাজ্যের দিক থেকে বাজেটে একটা নতুন কৌশল শুরুক করা হয়েছে। কেন্দ্র করে কি ? বাজেটে এমন কিছু থেকে বাজেটে একটা নতুন কেন্দ্র করে। হয়েছে। কেন্দ্র করে কি ? বাজেটে এমন কিছু

আগে থেকেই চাপিয়ে দিচ্ছে আমাদের আপত্তি আছে। এবারে কয়লার ব্যাপারটা আগেই বাজেটে চাপিয়ে দেওয়া হয়েছে, স্থকৌশলে সমস্ত বাজেটে চাপিয়ে দেওয়া হচ্ছে, রেলের ভাড়া চাপিয়ে দেওয়া হয়েছে, সারচার্জ করা হচ্ছে কোন জায়গায়, বলা হচ্ছে দর বৃদ্ধি হচ্ছে না, আপত্তি করিনি। ওরা যেমন সামনের দরজা দিয়ে চাপ দিচ্ছেন, তেমনি অপর দিকে রাজ্য সরকারও পিছনের দরজা দিয়ে প্রত্যেকবার একটি করে সাপ লিমেন্টারি বাজেট নিরে আসছেন। অর্থাৎ বাজেটকে ছোট করে (मथित्र मान्न नित्यन्छोति वार्ष्क्षं नित्र प्रामा श्ल्हः । वार्ष्क्षंद्रक मान्न वार्ष्क्र कार्ष्क् रहां करत (मथित्र এইভাবে অতিরিক্ত বাজেট করা হচ্ছে। গতকাল এইভাবে ৬০০ কোটি টাকার সাপ্ লিমেণ্টারি বাজেট ঢুকিয়ে দিয়েছেন। কিন্তু অর্থ মন্ত্রী এটা স্বীকার করেনি যে, ৭৫/৭৬ কোটি টাকার ঘাটতি ছিল না, এ্যাকচুয়্যালি ৭০০ কোটি টাকার ঘাটতি ছিল। ঠিক অন্তর্মপ ভাবে এইবারেও দেই একই স্থকৌশল অবলম্বন করেছেন। অর্থাৎ মূল কথাকে একটা স্থকৌশলে জিইয়ে রেথে রাজনৈতিক শংকীর্ণতা দেখান হচ্ছে কেন? আমাদের সমস্থাটিকে স্বীকার করে নিয়ে তার মোকাবিলার ব্যবস্থা করে মান্নমকে রিলিফ দেবার দরকার আছে এবং দেটাই তো বীরস্ক, যোগ্যতার পরিচয়। কিন্তু সমস্রাটিকে কত স্থকৌশলে ধামা চাপা দেবার চেষ্টা হচ্ছে অর্থ মন্ত্রীর তরফ থেকে, সেটাতে ক্বতিত্ব আছে বলে আমি মনে করি না। আমি আশা করব পরবর্তীকালে অর্থ মন্ত্রী সমস্রাগুলিকে পরিষ্কার করে বলার মান্সিকতা অস্ততঃ র্দেখাবেন। আমি আপনার মাধ্যমে জানাচ্ছি যে কেন্দ্র সাহায্য দেয় দ্রটো পদ্ধতিতে। একটি পদ্ধতিতে সাহায্য করে গ্রান্টস ইন এড হিমাবে রেকমেণ্ডেড বাই দি ফাইন্যান্স কমিশন আর একটি হচ্ছে বাই দি প্ল্যানিং কমিশন। ফাইন্যান্স কমিশন যে প্রাণ্টস ইন এড দেয় সেটা ৩০% এখানে দেখান আছে। আমি মনে করি রাজ্যের স্বার্থে দেটা ৪০% করা উচিত, সেভেন্থ ফিল্যান্স কমিশন দেটাই রেকমেণ্ড করেছে। সেভেনথ কমিশন দিল্লী বদে যদি ৪০% রেকমেণ্ড করতে পারে তাহলে আমি মনে করি রাজ্যের স্বার্থে নিশ্চয় সেটুকু বলার অধিকার আছে। ফিল্যান্স কমিশনের স্থপারিশ অনুসারে ৩০% এর জায়গায় ৪০% কর। উচিত। রাজ্য সরকারের অর্থ মন্ত্রী মাঝে মাঝে তার বক্ততায় বলেন ৬ হাজার ৫০০ কোটি টাকা ষ্টেট থেকে দেওয়া হয়. অথচ ওরা ২ হাজার ৬০০ কোটি টাকা রিটার্ণ করে। এটা যদি আরো বেশী রিটার্ণ করে তাহলে মঙ্গলের হয়। এটা তো হতে পারে না। কেন্দ্র ট্যাক্স বসিয়ে আন পপুলার হবে, কেন্দ্র ট্যাক্স আদায় করতে ইনফ্রাস্ট্রাকচারের জন্য থরচ করবে, ট্যাক্স আদায় করতে জনপ্রিয়তা হ্রাস করবে, তারপর সমস্ত টাকা অর্থ মন্ত্রীকে দিয়ে দেবে, আর সেটা পরিকল্পনাহীন ঋণ বরান্দের মধ্যে শুধু ভোটের জন্ম খরচ করবেন, এই জিনিস চলতে পারে না, হতে পারে না। স্থতরাং উনি বারে বারে যে ৬ হান্ধার ৫০০ কোটি টাকা দাবী করেন, এটা ঠিক বিজ্ঞানভিত্তিক, বাস্তব ভিত্তিক হতে পারে না। উনি অর্থ'নীতির মান্তব, এটা ওর পরবর্তীকালে ভাবা উচিত। স্থতরাং আমাদের একটা সাধারণ নীতি আলোচনা করা দরকার হাউদে, এবং সেটা যদি আমরা স্বষ্ঠ্যভাবে করতে পারি তাহলে রাষ্ট্য ও কেন্দ্রকে স্বর্ষ্ঠ্য বান্দেট তৈরী করতে হাউস থেকে চাপ স্বষ্ট করতে পারব।

এবারে আমি বাজেট প্রসঙ্গে আসছি। এবারে বাজেট যা পেশ করা হয়েছে এবং তা করতে গিয়ে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বিবৃতি রেখেছেন তা আমি ভালোভাবে পড়ে দেখেছি। পড়ে দেখলাম সেটা হচ্ছে, এটা অর্থনৈতিক দিক থেকে একটা দেউলিয়ার দলিল ছাডা আর কিছু নয় এবং এর থেকে কিছু সংখ্যাতত্ব যদি বাদ দেওয়া যায় তাহলে এটা একটা রাজনৈতিক বক্ততা ভাডা আর কিছু নয়। দেউলিয়া কেন বলছি সেটা আমি বারবার দেখিয়ে দেব। সেখানে সমস্ত জায়গাটা কৌশলে ঢাকা দেবার চেষ্টা করা হয়েছে। এমন এমন সংখ্যাতত্ব আছে যেগুলি ইকনমিক রিভিউতে প্রকাশ করার সাহস পর্য্যন্ত তার হয়নি। তাছাড়া এমন এমন সংখ্যার টাকার কথা উল্লেখ করা হয়েছে যে. সেই টাকা কোথা থেকে আসবে তার পরিষ্কার বিবরণ পর্যান্ত দিতে পারেন নি কিন্তু তা সত্তেও উল্লেখ করেছেন। গত বছর যা করতে পারেন নি এ বছর তা করতে পারবেন বলে তার পুনরার্ত্তি করেছেন। এইদব কথা তিনি তার বাজেট বিব্রতিতে রেপেছেন। স্বতরাং মূল কথা হচ্ছে, একটা রাজনৈতিক কৌশল অবলম্বন করা হয়েছে সংখ্যাতত্ব বাদ দিলে একটা অর্থনৈতিক দেউলিয়ার দলিল তৈরী করা হয়েছে কাজেই এটাকে সমর্থন করার কোন কারণ আছে বলে আমি মনে করি না। কেন কবি না দেকগা বলতে গিরে আমি আরো কয়েকটি কথা বলতে চাই ত হাজার ৮২ কোটি ৪৭ লক্ষ টাকা এবাবে আদায় করা হবে বলে ঠিক করা আছে এবং বায় হবে ৩ হাজার ১৬৬ কোটি ৮৮ লক্ষ টাকা। কর আদায় করার পরও ঘটিতি থাকবে ৫৪ কোটি ৪১ লক্ষ টাকা এবং একস্ট্রা কর আদায় করবেন বলেছেন ৭৫ কোটি টাকা। কি করে করবেন এবং কেন করবেন ? কেন এই প্রশ্নটা করলাম সেকথায় এবারে আমি আসছি। আমার কথা হচ্ছে. এ তো ভরতুকিতেই চলে যাবে, মানুষের জন্ম উন্নয়ন-মূলক কাজে তো এই টাকা লাগবে না। ৭৫ কোটি টাকা অভিরিক্ত কর আদায় করবেন অথচ কোটি কোটি টাকা ভরত্কি দিচ্ছেন ষ্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনে, ২২টি পার্বলিক আগুারটেকিং-এ, ছগ্ধ প্রকল্প ইত্যাদিতে। এই ভরতুকির একটা অংশও যদি আপনি প্রচেটা করে এফিসিয়েনর্দা দিয়ে মেটাতে পারতেন তাহলে আজকে ৭৫ কোটি টাকা নয়, ৭৫ পয়দাও নতুন কর ইম্পোজ করার দরকার হত না আমি আগেই বলেছি এই ৭৫ কোটি টাকাটা মালুষের কল্যাণের জন্ম খনচ হবে না, এ টাকাটা ভরতকিতেই চলে যাবে। অবশ্য আমি ওর একথাটা স্বীকার করি যে একটা গরিব দেশে যথন ট্যাক্স বসে তথন গরিব মান্ত্যরা কিছু ইনফলিকটেড হয়ে যান করের ভার বহন করতে। কিন্তু শেখানে যদি এই ৭৫ কোটি টাকা মাত্রবের জন্ম উন্নয়নমূলক কাজে খরচ করা হত তাহলে আমি আপত্তি করতাম না কিন্তু তা না হয়ে এই টাকাটা ভরতুকিতেই চলে থাবে। স্থার, আমি উদাহরণ দিয়ে দেথিয়ে দিচ্ছি মাহুষের পকেট থেকে টাকা নিয়ে এসে কিভাবে ভরতুকির পরিমাণ ক্রমাগতই বাড়ানো হচ্ছে। ১৯৮০-৮১, ৮১-৮২ সালে সি. এম. টি. সি.-তে ৩২ কোটি ৪৭ লক্ষ টাকা **লোকসান হয়েছে। আমি ১৯৮২-৮৩ সালের হিসাবটা বাদ দিয়েই** বলছি তার কারণ ১৯৮২-৮৩ দালের হিসাবটা ইকনমিক রিভিউ-এর ১৮০ পাতা যদি দেথেন তাহলে দেখবেন দেখানে ৮নং এ দেটা মেনশান করা হয়নি। ১৯৯২-৮৩ তা স্বচ্ছদে মেনশান

করা যেত, তার কারণ, এক বছর প্রায় হয়ে গেল। সেটাকে বাদ দিয়েই ৩২ কোটি ৪৭ লক্ষ টাকা লোকসান হয়েছে। ১৮১ পাতায় দেখুন, সেথানে নর্থ বেল্পল ষ্টেট ট্রান্সপোর্টেই ১৬ কোটি ১৪ লক্ষ টাকা লোকসান হয়েছে। কোলকাতার ট্রামে ১৯৮০-৮১, ৮১-৮২, ৮২-৮৬ সালে ২৭ কোটি ২৭ লক্ষ টাকা লোকসান হয়েছে। নর্থ বেল্পলকে নিয়ে শুধু ট্রান্সপোর্টেই লোকসান হয়েছে ৭৬ কোটি ১২ লক্ষ টাকা। আরো লক্ষণীয়, হুর্গাপুর ষ্টেট ট্রান্সপোর্ট, মেটা একটা সম্পূর্ণ সরকারী সংস্থা সেথানেও লোকসান হয়েছে কিছ সেই লোকসানের কথাটা ইকনমিক রিভিউতে নেই। ১৮২ পাতায় হুর্গাপুরের কোন উল্লেখ নেই অথচ আমরা জানি হুর্গাপুর ষ্টেট ট্রান্সপোর্টেই হিউজ্ব লোকসান হয়েছে। সেটাকে বাদ দিলেও শুধু ট্রান্সপোর্টেই লোকসান হয়েছে ৭৬ কোটি টাকা। তারপর ২২ টা পাবলিক আগুরেটেকিংকে যদি বাদই দিই তাহলেও সেথানে সরকারী হুয় প্রকল্পে ১৯৮৩-৮৪ সালে লোকসান ১৪ কোটি, সব মিলিয়ে এই লোকসানটা দাড়াবে ১৫ কোটি টাকার মতন। তাহলে দেখা যাচ্ছে, অন্যান্য সমস্ত কিছু ছেড়ে দিলেও হুর্গাপুর ছাড়া পরিবহন সংস্থায় এবং হুয় প্রকল্পে লোকসান দাড়াচ্ছে ১০ কোটি টাকা।

# [ 1-20—1-30 P. M. ]

এর সমস্টটাই ভরতৃকীতে থেয়ে যাবে। স্থতরাং ভরতুকীর জন্ম মাছযের উপরে ট্যাক্স ধার্য করাটা কোন ভাল কাজ বলে বিশ্বাস করার কোন যুক্তি আছে বলে মনে করি না। যেহেতু ভরতুকীতে এটা খেয়ে যাবে সেহেতু এফিসিয়েন্সিকে আরো বেশী করে বাডিয়ে যে করটা ইমপোজ করা হয়েছে, সেটা আপনি উইথডু করে নিলে আমার মনে হয় অনেক বেশী সমাজতান্ত্রিক চেতনাসম্পন্ন মাতুষ বলে আপনি লোকের কাছে স্বীকৃতি পাবেন। এখানে আমার একটা প্রশ্ন আছে। উনি কি এই ৭৫ কোটি টাকা ট্যাক্স আদায় করতে পারবেন ? গতবারের অভিজ্ঞতায় কি বলে ? গতবারে মার্চ মানের বাজেটে প্রথমে ৩০ কোটি টাকা এবং সেপ্টেম্বরের মাল বাজেট সেখানে ৪০ কোটি টাকা-—এই ছুটো খেপে মোট ৭০ কোটি টাকা তুলবার জন্ম ঠিক করেছিলেন। কিন্তু কত কোটি টাকা তুলতে পেরেছেন ? আপনার বিবৃতিতে ৭০ কোটি টাকা ট্যাক্স তুলবার কথা থাকা সত্ত্বেও কত টাকা আপনি তুলতে পেরেছেন সেটা বলেন নি। এক জায়গায় ভধু স্বীকার করেছেন যে আমরা সমস্তটা তুলতে পারি নি। কিন্তু কতটা তুলতে পারেন নি সেটাও বলেন নি. কৌশলে এড়িয়ে গেছেন। আমরা একটি সংবাদপত্তের মাধ্যমে তার কিছুটা জানতে পেরেছি। এই সরকারেরই চীফ সেক্রেটারী ছিলেন, তিনি একটা প্রবন্ধ লিখে সেটা আমাদের কাছে এক্সপোজ করেছেন। তিনি দিখেছেন, 'রাজ্যসরকারের পক্ষে এক বছরে অতিরিক্ত কর আদায়ের প্রস্তাব সাহসী এবং বলিষ্ঠ মনের পরিচয় এবং এর জন্ম ডঃ অশোক মিত্র অভিনন্দনযোগ্য। किक करो। विষয়ে সন্দেহ থেকে যাচেছ। গতবার বাজেটে যে কর আদায় হবে ধরা হয়েছিল তা থেকে ৪৫ কোটি টাকা কম আদায় হয়েছে। অর্থাৎ গতবার যে টাকা আদায় করবেন বলেছিলেন

তার ৫০ পারসেন্টও আদায় করতে পারেন নি। এবারেও আমরা ধরে নিচ্ছি যে তিনি আদায করতে পারবেন না। তিনি আদায় করতে না পারার কারণ হিসাবে যা বলেছেন সেটা আরো অভিনব। কারণ হিসাবে দেখান হয়েছে যে টেলিভিশনের ব্যাপারে যে কর আমরা ইমপোজ করেছিলাম, সেটা হাইকোর্টের কাছে চ্যালেঞ্চ হয়ে যায়, স্টে অর্ডার হয়ে থায়, সেজন্য আমরা আদায় করতে পারিনি। উদাহরণ দিয়ে আরো দেখিয়েছেন যে এটা সাংঘাতিক ব্যাপার, বোম্বে হাই কোর্ট থেকে টেলিভিশনের ব্যাপারে ষেখানে বলেছেন যে কর বসাতে পারবে, মেখানে কোলকাতা হাইকোর্ট বলছে কর বসাতে পারবেনা। আমি আপনাকে এই ব্যাপারে বারবার দৃষ্টি আকর্ষণ করেছিলাম। আপনার এটা নিশ্চয়ই মনে আছে। কারণ আপনার শ্বতিশক্তি নিশ্চয়ই তুর্বল নয়। আমি ক্যাটাগোরিক্যালি সংবিধানের ধারা তুলে বারবার এই হাউসে বলেছিলাম। জ্যোতিবাবু তথন ফিনান্স মিনিষ্টার চিলেন। আমি বলেছিলাম যে এই কর বসাতে পারেন না, এটা হাই কোর্টে চ্যালেঞ্জড হয়ে যাবে এবং স্থগিত হয়ে যাবে। তথন বোম্বে হাই কোর্টের একটা জাজমেন্ট দেখিয়ে বলেছিলেন, এটা বোদে হাই কোর্টের জাজমেণ্ট ঘথন টেকেনি তথন এথানেও টিকবেনা। আমি তথন বলেছিলাম ধে কোন হাই কোর্টের সিদ্ধাস্ত চূড়াস্ত হতে পারে না। যদি স্থপ্রিম কোর্টের জাজমেণ্ট শো করতে পারতেন তাহলে আমরা মনে করতে পারতাম যে এটা কোন হাই কোর্টে চ্যালেঞ্জ হবার সম্ভাবনা থাকবে না। কিন্তু একটা হাই কোর্ট আর একটা হাই কোর্টের সমান হবে—এই রক্ম ভাববার কোন কারণ থাকতে পারে না। উনি কি করে এটা ভাবলেন ? এমন কি একটা হাই কোটের মধ্যে সিংগল বেঞ্চ এবং ভিভিশন্তাল বেঞ্চের মধ্যে ভিন্ন মত হয়ে যায়। কাজেই বিভিন্ন হাই কোর্টের বিভিন্ন মত হতে পারে। কাজেই এটা একটা অথণ্ড ব্যাপার বলে উনি যা ভেবেছিলেন, সেটা ভাববার কোন কারণ নেই। সাধারণভাবে যারা আইন প্রাকটিস করেন, তাদের ডেকে আমরা বলেছিলাম যে এটা হতে পারে না। তা সত্ত্বেও উনি গায়ের জ্বোরে এটা করলেন এবং ষথারীতি হাই কোর্টে চ্যালেঞ্জড হয়ে গেছে এ্যামিউন্ধনেন্ট ট্যাক্সের ক্ষেত্রে। আন্তকে এই ৪৫ কোটি টাকা মেক আপ হওয়ার জায়গা কোথায় আছে ? আমার যেটুকু ধারণা আছে তাতে ১ কোটি না, ২ কোটি ম্যাক্সিমাম কালেকশান হবার কথা এবং সেটাও তিনি কৌশলে ঢাকবার চেষ্টা করেছেন যে হাই কোর্টে চ্যালেঞ্চ হয়ে গেছে। দিতীয় কারণ হিসাবে বাজেট বিবৃতিতে কি দেখিয়েছেন ? এটা সকলের ভাববার প্রয়োজন আছে। আমি কোন ব্যক্তিগত কুৎসা করছি না বা কোন দলের কুৎসা করছি না। ৪৫ কোটি টাকা তুলতে পারেন নি তার একটা কারণ দেখিয়েছেন টেলিভিশনের জন্ম। আর একটা কারণ হচ্ছে বিক্রয় কর। আইনের আশ্রয় নিয়ে বিক্রয় কর ঘাটতি করে দিচ্ছেন। আপনি নিশ্চয়ই জানেন যে আমাদের টোটল বাজেটে যে কর আদায় হয় তার একটা বিরাট অংশ আদে বিক্রয় কর থেকে। বিক্রয় করের একটা বিরাট ইনফ্রাষ্ট্রাকচার আছে। সেলস ট্যাক্স-এর একটা ডিপার্টমেন্ট আছে এবং সেটা মাননীয় অর্থমন্ত্রী নেতৃত্বে আছে। আইন ইচ্ছা করলেই পরিবর্তন হতে পারে। চিরকাল এর প্রতিবন্ধকতা

করা যেত, তার কারণ, এক বছর প্রায় হয়ে গেল। সেটাকে বাদ দিয়েই ৩২ কোটি ৪৭ লক্ষ টাকা লোকসান হয়েছে। ১৮১ পাতায় দেখুন, সেথানে নর্থ বেল্পল ষ্টেট ট্রান্সপোর্টেই ১৬ কোটি ১৪ লক্ষ টাকা লোকসান হয়েছে। কোলকাতার ট্রামে ১৯৮০-৮১, ৮১-৮২, ৮২-৮৬ সালে ২৭ কোটি ২৭ লক্ষ টাকা লোকসান হয়েছে। নর্থ বেল্পলকে নিয়ে শুধু ট্রান্সপোর্টেই লোকসান হয়েছে ৭৬ কোটি ১২ লক্ষ টাকা। আরো লক্ষণীয়, হুর্গাপুর ষ্টেট ট্রান্সপোর্ট, মেটা একটা সম্পূর্ণ সরকারী সংস্থা সেথানেও লোকসান হয়েছে কিছ সেই লোকসানের কথাটা ইকনমিক রিভিউতে নেই। ১৮২ পাতায় হুর্গাপুরের কোন উল্লেখ নেই অথচ আমরা জানি হুর্গাপুর ষ্টেট ট্রান্সপোর্টেই হিউজ্ব লোকসান হয়েছে। সেটাকে বাদ দিলেও শুধু ট্রান্সপোর্টেই লোকসান হয়েছে ৭৬ কোটি টাকা। তারপর ২২ টা পাবলিক আগুরেটেকিংকে যদি বাদই দিই তাহলেও সেথানে সরকারী হুয় প্রকল্পে ১৯৮৩-৮৪ সালে লোকসান ১৪ কোটি, সব মিলিয়ে এই লোকসানটা দাড়াবে ১৫ কোটি টাকার মতন। তাহলে দেখা যাচ্ছে, অন্যান্য সমস্ত কিছু ছেড়ে দিলেও হুর্গাপুর ছাড়া পরিবহন সংস্থায় এবং হুয় প্রকল্পে লোকসান দাড়াচ্ছে ১০ কোটি টাকা।

# [ 1-20—1-30 P. M. ]

এর সমস্টটাই ভরতৃকীতে থেয়ে যাবে। স্থতরাং ভরতুকীর জন্ম মাছযের উপরে ট্যাক্স ধার্য করাটা কোন ভাল কাজ বলে বিশ্বাস করার কোন যুক্তি আছে বলে মনে করি না। যেহেতু ভরতুকীতে এটা খেয়ে যাবে সেহেতু এফিসিয়েন্সিকে আরো বেশী করে বাডিয়ে যে করটা ইমপোজ করা হয়েছে, সেটা আপনি উইথডু করে নিলে আমার মনে হয় অনেক বেশী সমাজতান্ত্রিক চেতনাসম্পন্ন মাতুষ বলে আপনি লোকের কাছে স্বীকৃতি পাবেন। এখানে আমার একটা প্রশ্ন আছে। উনি কি এই ৭৫ কোটি টাকা ট্যাক্স আদায় করতে পারবেন ? গতবারের অভিজ্ঞতায় কি বলে ? গতবারে মার্চ মানের বাজেটে প্রথমে ৩০ কোটি টাকা এবং সেপ্টেম্বরের মাল বাজেট সেখানে ৪০ কোটি টাকা-—এই ছুটো খেপে মোট ৭০ কোটি টাকা তুলবার জন্ম ঠিক করেছিলেন। কিন্তু কত কোটি টাকা তুলতে পেরেছেন ? আপনার বিবৃতিতে ৭০ কোটি টাকা ট্যাক্স তুলবার কথা থাকা সত্ত্বেও কত টাকা আপনি তুলতে পেরেছেন সেটা বলেন নি। এক জায়গায় ভধু স্বীকার করেছেন যে আমরা সমস্তটা তুলতে পারি নি। কিন্তু কতটা তুলতে পারেন নি সেটাও বলেন নি. কৌশলে এড়িয়ে গেছেন। আমরা একটি সংবাদপত্তের মাধ্যমে তার কিছুটা জানতে পেরেছি। এই সরকারেরই চীফ সেক্রেটারী ছিলেন, তিনি একটা প্রবন্ধ লিখে সেটা আমাদের কাছে এক্সপোজ করেছেন। তিনি দিখেছেন, 'রাজ্যসরকারের পক্ষে এক বছরে অতিরিক্ত কর আদায়ের প্রস্তাব সাহসী এবং বলিষ্ঠ মনের পরিচয় এবং এর জন্ম ডঃ অশোক মিত্র অভিনন্দনযোগ্য। किक करो। विষয়ে সন্দেহ থেকে যাচেছ। গতবার বাজেটে যে কর আদায় হবে ধরা হয়েছিল তা থেকে ৪৫ কোটি টাকা কম আদায় হয়েছে। অর্থাৎ গতবার যে টাকা আদায় করবেন বলেছিলেন

ছিলেন। আমরা জানি আমাদের পশ্চিমবাংলার মাত্ত্যের অনেক না পাওয়ার যন্ত্রনা আছে, কিন্তু আজও পশ্চিমবাংলার মান্ত্য সারা ভারতবর্ষের মান্ত্যের কাছে মাথা উচু করে বেঁচে আছে তার রুষ্টি, সংস্কৃতির জোরে। পশ্চিমবাংলার কৃষ্টি সংস্কৃতির ধারকবাহক যে সমস্ত প্রতিষ্ঠান, সেই সমস্ত প্রতিষ্ঠানগুলির ওপর জ্বরদ্ত কায়দায় আবার ট্যাক্স বসান হলো। যাত্রাকে শুধু কমার্শিয়াল আদপেকটে দেখলেই চলবে না, থিয়েটারকে শুধু ক্মাৰ্শিয়াল আসপেকটে দেখলে চলে না। কোন একটি সময়ের কোন ভাল জিনিষকে কপি করলে মহাভারত অশুদ্ধ হয়ে যায় না। আমাদের সময়ের কোন ভাল জিনিধ নিলে মহাভারত অশুদ্ধ হয়ে যাবে না। আপনাদের সময়ের কোন ভাল জিনিষ যদি থাকে সেটা কারো বাবার সম্পত্তি নয়—সেটা আমরা গ্রহণ করতে পারি এবং তা গ্রহণ করলে মহাভারত অশুদ্ধ হয় না। আমাদের সময়ে আমর। ম্যাজিককে ট্যাক্স ফ্রি করেছিলাম। এথানে একটা কথা বলা হয়েছে আমাদের ছেলেদের স্বনির্ভরতার দিকে ক্রমশঃ এগিয়ে যেতে হবে। কিন্তু এথানে বলা হয়নি যে, সেই কাজে তাদের সাহায্য করার জন্ম আমাদের এই এই পরিকল্পনা রয়েছে। কোন পরিকল্পনা নেই, স্বতরাং সে কাজ হবে না। ছেলেদের চাকরি দেওয়া যাচ্ছে না, কারণ এখানে ফাইনান্সিয়াল ইনভেষ্টমেণ্ট নেই, কোন ব্যবস্থা নেই, কোন ইনসেনটিভ নেই, কোন আকর্ষণ নেই। তবুও জোর করে একটা এ্যানাউন্সমেণ্ট কর। হয়েছে। অবশ্য সেই এ্যানাউন্সমেণ্টকে আমি সাধুবাদ জ্বানাচ্ছি এবং এই এ্যানাউন্সমেন্টের সঙ্গে যদি পজিটিভ পরিকল্পনা যোগ করে দিতেন, তাহলে ১০০% সাধুবাদ জানাতাম। যেখানে মন্ত্রী বলছেন, আমাদের ছেলেদের স্বনির্ভরতার দিকে যেতে হবে সেখানে যাত্রা থিয়েটার প্রভৃতি প্রতিষ্ঠানগুলির ওপর কর বসিয়ে তাদের ওপর অর্থ নৈতিক চাপ স্বৃষ্টি করা হচ্ছে। ষেথানে সোগাল জাষ্টিসের প্রশ্ন রয়েছে, সেথানে জ্বোর করে কর বসান হচ্ছে কেন, না, সরকারের কিছু টাকা ইনকাম হবে।

ভার, এই প্রাপন্ধে আমার নেপোলিয়নের একটা কথা মনে পড়ে যাচ্ছে, নেপোলিয়ন বলেছিলেন, 'যারা ব্রাণ্ডি বেশী থায় আমার মনে হয় তারা পেট্রিয়ট।' এথানেও আজকে সেই অবস্থার স্পষ্ট হয়েছে। এথানে ধেনো বিক্রির মন্ত্রী রয়েছে। তিনি সারা রাজ্যে ধেনো মদের ফোয়ারা বইয়ে দিচ্ছেন। তাড়ি, ধেনো মদের ফোয়ারা ছোটাবার কারণ কি, না এতে সরকারের ইনকাম বাড়ছে। এই যদি যুক্তি হয় যে, ইনকাম বাড়াবার জন্ম যা খুশি তাই করা যাবে, তার জন্ম যদি জাতির মরাল ভেঙে যায়, যাক। তাহলে রেস কোসের সংখ্যা বাড়িয়ে দিন না, সন্ট লেক স্টেডিয়ামে ঘোড়া ছোটবার ব্যবস্থা করে দিন, ইনকাম বাড়বে। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে এইভাবে ইনকাম বাড়াবার পরেও কি একটা জাতি বেঁচে থাকতে পারে ও একটা জাতি কেবল কডগুলি টাকার মধ্যে বেঁচে থাকে না। একটা জাতি তার সাহিত্য, সংস্কৃতি, কৃষ্টি, ইত্যাদি, এই সমস্ত মৌলিক চিস্তার মধ্য দিয়ে বেঁচে থাকে।

করা যেত, তার কারণ, এক বছর প্রায় হয়ে গেল। সেটাকে বাদ দিয়েই ৩২ কোটি ৪৭ লক্ষ টাকা লোকসান হয়েছে। ১৮১ পাতায় দেখুন, সেথানে নর্থ বেঙ্গল ষ্টেট ট্রাঙ্গপোর্টেই ১৬ কোটি ১৪ লক্ষ টাকা লোকসান হয়েছে। কোলকাতার ট্রামে ১৯৮০-৮১, ৮১-৮২, ৮২-৮৬ সালে ২৭ কোটি ২৭ লক্ষ টাকা লোকসান হয়েছে। নর্থ বেঙ্গলকে নিয়ে শুধু ট্রাঙ্গপোর্টেই লোকসান হয়েছে ৭৬ কোটি ১২ লক্ষ টাকা। আরো লক্ষ্ণীয়, তুর্গাপুর ষ্টেট ট্রাঙ্গপোর্টেই লোকসান হয়েছে ৭৬ কোটি ১২ লক্ষ টাকা। আরো লক্ষ্ণীয়, তুর্গাপুর ষ্টেট ট্রাঙ্গপোর্ট, মেটা একটা সম্পূর্ণ সরকারী সংস্থা সেথানেও লোকসান হয়েছে কিছ সেই লোকসানের কথাটা ইকনমিক রিভিউতে নেই। ১৮২ পাতায় তুর্গাপুরের কোন উল্লেখ নেই অথচ আমরা জানি তুর্গাপুর ষ্টেট ট্রাঙ্গপোর্টেই হিউজ্ব লোকসান হয়েছে। সেটাকে বাদ দিলেও শুধু ট্রাঙ্গপোর্টেই লোকসান হয়েছে ৭৬ কোটি টাকা। তারপর ২২ টা পাবলিক আগুরেটেকিংকে যদি বাদই দিই তাহলেও সেথানে সরকারী তৃষ্ধ প্রকল্পে ১৯৮৩-৮৪ সালে লোকসান ১৪ কোটি, সব মিলিয়ে এই লোকসানটা দাড়াবে ১৫ কোটি টাকার মতন। তাহলে দেখা যাচ্ছে, অন্যান্ত সমস্ত কিছু ছেড়ে দিলেও তুর্গাপুর ছাড়া পরিবহন সংস্থায় এবং তৃয় প্রকল্পে লোকসান দাড়াচ্ছে ১০ কোটি টাকা।

# [ 1-20—1-30 P. M. ]

এর সমস্টটাই ভরতৃকীতে থেয়ে যাবে। স্থতরাং ভরতুকীর জন্ম মাছযের উপরে ট্যাক্স ধার্য করাটা কোন ভাল কাজ বলে বিশ্বাস করার কোন যুক্তি আছে বলে মনে করি না। যেহেতু ভরতুকীতে এটা খেয়ে যাবে সেহেতু এফিসিয়েন্সিকে আরো বেশী করে বাডিয়ে যে করটা ইমপোজ করা হয়েছে, সেটা আপনি উইথডু করে নিলে আমার মনে হয় অনেক বেশী সমাজতান্ত্রিক চেতনাসম্পন্ন মাতুষ বলে আপনি লোকের কাছে স্বীকৃতি পাবেন। এখানে আমার একটা প্রশ্ন আছে। উনি কি এই ৭৫ কোটি টাকা ট্যাক্স আদায় করতে পারবেন ? গতবারের অভিজ্ঞতায় কি বলে ? গতবারে মার্চ মানের বাজেটে প্রথমে ৩০ কোটি টাকা এবং সেপ্টেম্বরের মাল বাজেট সেখানে ৪০ কোটি টাকা-—এই ছুটো খেপে মোট ৭০ কোটি টাকা তুলবার জন্ম ঠিক করেছিলেন। কিন্তু কত কোটি টাকা তুলতে পেরেছেন ? আপনার বিবৃতিতে ৭০ কোটি টাকা ট্যাক্স তুলবার কথা থাকা সত্ত্বেও কত টাকা আপনি তুলতে পেরেছেন সেটা বলেন নি। এক জায়গায় ভধু স্বীকার করেছেন যে আমরা সমস্তটা তুলতে পারি নি। কিন্তু কতটা তুলতে পারেন নি সেটাও বলেন নি. কৌশলে এড়িয়ে গেছেন। আমরা একটি সংবাদপত্তের মাধ্যমে তার কিছুটা জানতে পেরেছি। এই সরকারেরই চীফ সেক্রেটারী ছিলেন, তিনি একটা প্রবন্ধ লিখে সেটা আমাদের কাছে এক্সপোজ করেছেন। তিনি দিখেছেন, 'রাজ্যসরকারের পক্ষে এক বছরে অতিরিক্ত কর আদায়ের প্রস্তাব সাহসী এবং বলিষ্ঠ মনের পরিচয় এবং এর জন্ম ডঃ অশোক মিত্র অভিনন্দনযোগ্য। किक करो। विষয়ে সন্দেহ থেকে যাচেছ। গতবার বাজেটে যে কর আদায় হবে ধরা হয়েছিল তা থেকে ৪৫ কোটি টাকা কম আদায় হয়েছে। অর্থাৎ গতবার যে টাকা আদায় করবেন বলেছিলেন

এবং ১৯৮২-৮ এই ৩ বছরে এই সরকার কত আয় করেছেন জানেন? ৩৪ কোটি টাকা।
বেখানে আয় হবার কথা ২ হাজার ১৭৮ কোটি টাকা সেখানে এই ৩ বছরে মাত্র ৩৪ কোটি টাকা
আয় করেছেন। বলুন না কোন সদস্য উঠে দাঁড়িয়ে ইনটারফেয়ার করে। স্কৃতরাং বকৃতা দিয়ে
দেশ চলবে না. কেন্দ্রের বিরুদ্ধে স্রোগান দিয়ে দেশ চলবে না। আয় রৃদ্ধি হলে দেশ স্বয়ংসম্পূর্ণ
হয়ে যাবে এবং দেশ স্বয়ংসম্পূর্ণ যদি হয়ে যায় তাহলে ছদিন পরে দেশের মায়্র্য থেতে পাবে এবং
তথন তো আর কমিউনিষ্ট করা চলবে না, ইনক্লাব বলা চলবে না, কেন্দ্রের বিরুদ্ধে গালাগালি দেওয়া
যাবে না, তাই পরিকল্পনা মাফিক আয় কমিয়ে দেওয়া হয়েছে। তথু তাই নয়, মেক-আপ
হয়েছে কেন্দ্র সাহায্য দিয়েছেন বলে। রিজার্ভ ব্যাঙ্ক থেকে ওভারড্রাফট নিয়ে আয়ের যে অসমতা
ছিল তার কিছুটা রক্ষা পেয়েছে। কিছু মাত্র রক্ষা পেয়েছে এল আই. সি. এবং রিজার্ভ ব্যাঙ্ক
সাহায্য দিয়েছিল বলে। সমস্ত ষ্টেট যা রিজার্ড ব্যাঙ্ক থেকে সাহায্য পেয়েছে তার থেকে এই
সরকার রেকর্ড পরিমান সাহায্য পেয়েছে। এত কম আন করেও এত বেশী সাহায্য কোন রাজ্য
পায় না। স্কৃতরাং এর উত্তর দেবেন সংখ্যা তথ্য দিয়ে।

অতএব কেন্দ্র এবং রিজার্ভ ব্যাংকের ওভার ড্রাফট, ছদিন পরে অনেকে বলবে কমরেড ওভার-ড্রাফট, ষেভাবে এ রা ওভার ড্রাফট নিয়ে নানা বিতর্ক এবং জিনিস স্পষ্ট করেছেন যে ওভার ড্রাফট না দিলে তো মাইনে দিতে পারবেন না। বছরের পর বছর যদি এই অবস্থা চলতে থাকে, আর যদি দিল্লী থেকে গতবারের মত ওভার ড্রাফট এবং এল. আই. সি. চেয়ে না পান ভাহলে পশ্চিমবঙ্গ দারুন অর্থ নৈতিক সংকটের মধ্যে দিয়ে যাবে। এই কথাটা জেনে রাথ্ন। এটা কংগ্রেস কমিউনিষ্টের প্রশ্ন নয়, অর্থনৈতিক ক্ষেত্র জন্ম এখন খেকে আমরাই কষ্ট পাব যদি আপনি স্থরাহা না করেন। আপনি সংকীর্ণ রাজনীতি এবং ক্ষুদ্রতাকে দূরে সরিয়ে রেখে উদার মানসিকতা নিয়ে, সত্যিকারের প্রোগ্রেসিভ মাত্র্য হিসাবে এগিয়ে যাবার চেষ্টা করুন। এর পরের প্রেণ্টে আমি দাবী করব উনি নিশ্চয়ই উত্তর দেবেন যেটা সভ্যি, সকলের পক্ষে গুরুত্বপূর্ণ সেটা হল পরিকল্পনা বর্হিভূত খরচ। পরিকল্পনার মধ্যে যে খরচ, আর পরিকল্পনা বর্হিভূত যে খরচ এই তুটোর মধ্যে সম্পর্ক আগে দেখেছি—আমাদের কমিউনিষ্ট বন্ধদের শেখা উচিত পরিকল্পনা বর্হিভূত খরচ যদি বেশী হয় তাহলে টোকেন রিলিফের কাজ বেশী হবে। আপনারা মাষ্টারদের মাইনে বাড়িয়েছেন, ভাল কাজ করেছেন স্বীকার করি, আপনারা সরকারী কর্মচারীদের বেতন দিয়েছেন, পরিকল্পনা বর্হিভূত টাকা দিয়ে মাইনে বাড়িয়েছেন, ঠিক কথা কিন্তু আলটিমেট রেজান্টট। কি ? কতকগুলি মধ্যবিত্ত আপনাদের প্রিভিলেজ শ্রেণী, সেই হোয়াইট কালার সোনাইটির কিছু পারসেন্ট বেনিফিট পাবে। অপরদিকে পরিকল্পনার মধ্যে এত থরচ করেছেন খেট। বুহত্তর মান্তবের স্বার্থে ধরচ হবার কথা। পরিকল্পনার মধ্যে থরচ এবং পরিকল্পনা বর্হিভূত থরচ এর মধ্যে এই যে বিরাট ব্যবগান তাতে সাধারণ মান্ত্র ডিপ্রাইভ হচ্ছে এবং পরিকল্পন। বর্হিভূত খরচ ব্যাপক হারে বুদ্ধি করে মৃষ্টিমেয় গুটীকতক লোককে আপনারা সাহাষ্য করেছেন, অর্থ নৈতিক স্করাহা করে দিচ্ছেন। আমি একটি

ফাণ্ডামেন্টাল ইণ্টারেষ্টের কথা বললাম এবং ধাঁরা কমিউনিস্ট সদস্য তাঁরা বলুন যেঁ তাঁরা বেশী লোককে সাহায্য করতে চান, না কম লোককে সাহায্য করতে চান ? পশ্চিমবঙ্গে ঘথন সিদ্ধার্থ রায় মহাশয় ছিলেন, তিনি ইউনিভারসিটির টীচারদের বেতন অনেক বাড়িয়ে দিমেছিলেন। আপনারা শিক্ষকদের বেতন বাড়িয়েছেন, সরকারী কর্মচারীদের বেতন বাড়িয়েছেন, যদিও ১টা ভাতা দেব বলে এখন দিতে পারেন নি, আপনারা প্রভিডেন্ট ফাণ্ডের টাকা জোর করে—ধাঁরা প্রভিডেন্ট ফাণ্ডের টাকার কথা বলেন এঁদের মধ্যে অনেক ট্রেড ইউনিয়ন করেন, মালিকের বিরুদ্ধে লভাই করেন সরকার নিজে প্রভিডেন্ট ফাণ্ডেব টাকা চুরি করে থেয়ে নিলেন এমন কি শেষ পর্যান্ত যেটা দিখান্ত হরেছে যে শিক্ষকদের প্রভিডেন্ট ফাণ্ড যেটা দেওয়া হতো সেটাতেও হাত দিয়েছেন।

এটার সমালোচনা করারও ভাষা নেই। শিক্ষকদের একদিকে মাইনে বাডিয়েছেন বলচেন বিরাট ক্রতির অপ্র দিকে সেই শিক্ষকদের ১৫ কোটি টাকার প্রাভিডেট ফাণ্ড, দাধারণ কর্মচারীদের সেটা শেষ করে দিয়েছেন। বাই ভারচু লেবার মিনিষ্টার যেথানকার ইনচার্জ যেথানে ক্রিমিকাল এফেন্সে তাঁকে গ্রেপ্তার পর্যন্ত করা যায়, এরাই ই. এম. আইয়ের মাধ্যমে যে সমস্ত অনুদান দেওয়া আছে সেই সাড়ে চার কোটি টাকা সর্বনাশ করে দিয়েছেন। অপর দিকে এখন শিক্ষকদের প্রভিডেণ্ট ফাণ্ড পর্য্যন্ত থরচ করেছেন। এই হল মূল কথা। পরিকল্পনা বর্হিভূত থবচের সংখ্যাতত্ত্ব যদি দেখা যায় তাহলে দেখব যে কি ভয়াবহ অবস্থা। এটা দেখলে বুক্ত পারবেন এই সরকার কাদের। মূথে বলে গরীবের কিন্তু এই একটা কথায় প্রমাণ হয়ে যাবে এটা হচ্ছে ব্রান এটাও হোয়াইটের ব্যাপার এটা ছাপানো বইয়ের ব্যাপার, আমি অন্য জায়গা থেকে নিয়ে আসিনি। তাহলেই বুঝতে পারবেন আপনারা যে সরকার কাদের নিয়ে কাজ করছেন। ১৯৮০-৮১ সালে মোট ব্যয় হল ২১৩২ কোটি টাকা। এতে পরিকল্পনা খাতে ব্যয় হল ৪২০ কোটি টাকা, অর্থাৎ মোট ব্যয়ের ১৯ ৭ শতাংশ যেটা পরিকল্পনার মধ্যে হয়েছে। আর পরিকল্পনার বাইরে কত হয়েছে দেখন ৮০ পারসেন্ট বেশী পরিকল্পনার বর্হিস্থত খরচ, অর্থাৎ বেশী মান্নষ যে সমস্ত ফাগুমেন্টাল ইন্টারেট্রে ইনভলব সেটাতে থরচের পোর্সান থেকে বাদ চলে যাছে। ১৯৮০-৮১ সালে ২৪৮০ কোটি টাকা, থরচ হয়েছে মাত্র ৪৫৪ কোটি টাকা, অর্থাৎ ১৮২ পারদেউ মাত্র থরচ করেছেন পরিকল্পনার মধ্যে, অর্থাৎ জনসাধারণের জন্ম, আর বাকী ৮২ পারদেউ খরচ হয়েছে মৃষ্টিমেয় কতগুলি মানুষের জন্ম। আর ৮২ পারসেন্ট বাদ পড়ে গেছে পরিকল্পনা বর্হিভূত থরচে ঘেখানে ১৯৮২-৮৩ দালে ৩৩১৭ কোটি টাকা ব্যর হল আর পরিকল্পনার মধ্যে খরচ হল মাত্র ৪৫০ কোটি টাকা।

## [1-40-1-50 P.M.]

অর্থাৎ জনসাধারণের জন্ম ধরচ হোল মাত্র ৪৫ • কোটি টাকা। প্রায় ১৫ ০ • কোটি টাকারও বেশী পরিকল্পনা বর্হিভূত খাতে মৃষ্টিমেয় মান্থ্যের জন্ম ধরচ হোল। এটাতো আপনাদের ভোটের

স্বার্থে থরচ ! পরিকল্পনা থাতে যে থরচ সেটা হয় দরিত মাহুযের জন্ম, ক্ষেত-মজ্রদের জন্ম। আজকে সেটাই বাদ পড়ে যাচ্ছে। টোকেন রিলিফের মাধ্যমে এই টাকা থরচ করেছেন, ফলে মৃষ্টিমেয় মান্তবের স্বার্থ দিদ্ধ হচ্ছে। আপনারাতো কম্যুনিজম করেন। টোকেন রিলিফ আজকে বিড়লা টাটার কথা হতে পারে, কিন্তু সমাজতজ্বেয় শ্লোগান যার দেন তাঁদের পথতো এটা নয়! টোকেন রিলিফ খাতে বেশী খরচ করে এটা প্রমাণ করে দিচ্ছেন যে আপনারা কাদের জন্ম কিভাবে টাকা থরচ করতে চান। আমি দাবী করছি, পরিকল্পনা বর্হিস্থূত খাতে খরচ কমাতে হবে এবং পরিকল্পনা থাতে ক্রতগতিতে খরচ বৃদ্ধি করতে হবে। দরিক্র মান্তবের স্বার্থ রক্ষার্থে আমি তিন চাবটি সাজেশন মাননীয় মন্ত্রীর কাছে রাখতে চাই। আমার প্রথম সাজেশন হচ্চে বার্ষিক পরি-কল্পনার একটা অংশ কৃষি-মজুর, দরিদ্র ঘরের শিশু, প্রতিবন্ধীদের সহায়তার জন্য থরচ করুন যাতে তারা পুষ্টিকর থাভ পেতে পারে। এইজন্ম উপযুক্ত পরিকল্পনা গ্রহণ করা হোক। পরবর্তী কালে ডিটেলস ব্যবস্থা নেবেন, কিন্তু এ-সম্পর্কে এখনই ঘোষণা করুন। আমি এই ব্যাপারে তামিলনাডুর উদাহরণ দিচ্ছি। তামিলনাডু সরকার এটা গ্রহণ করেছে এবং খানিকটা সাকসেসফুলও হয়েছে। আমার সাজেশনের সাপোর্টে একটি রিপোর্ট থেকে পড়ে শোনাচ্চি যাতে আপনাবা বিষয়টি বুঝতে পারেন। ভারতের কোন কোন রাজ্য সরকার এদিকে দৃষ্টি দিয়েছে এবং কোটি কোটি টাকা থরচও করছে। তাঁরা সাবসিভি দিয়ে গ্রীবদের পুষ্টিকর খাবার দিচ্ছে। রিপোর্টে বলছে; তামিলনাডু সরকার বর্তমান বছরে ২ থেকে ১ বছরের ৬৫ লক্ষ শিশুকে মধ্যাছে পুষ্টিকর খাল দেবার ব্যবস্থা করেছে। তাছাড়া ৪০ হাজার গরীব বিধবা, ১৭ হাজার প্রতিবন্ধী, ৩০ হাজার ক্রযি-মজুরকে এই থাবার দেওয়া হচ্ছে। বর্তমান বছরের ৮৪৫ কোটি টাকার বার্ষিক পরিকল্পনার মধ্যে এই বাবদ ব্যয় হয় ১৩৪ কোটি টাকা। আগামী বছরে এই রাজ্যের ১২৭ কোটি টাকার বার্ষিক প্ল্যানের মধ্যে ১৫৪ কোটি টাকা থরচ হবে। অন্ধ্রপ্রদেশ সরকার এ বছর তাঁদের ৮২৬ কোটি টাকার বার্ষিক প্ল্যানের মধ্যে ১৩০ কোটি টাকা ব্যয় করছেন দ্বিত্র পরিবারদের নাম মাত্র মূল্যে চাল স্বব্রাহ করার জন্ম। আমি বলতে চাই, এই **ছটি** রাজ্যসরকারের তো প্রগতিশীল বলে থুব একটা নাম নেই! আমাদের রাজাসরকারের তো সেদিক থেকে থ্ব নাম ডাক শুনি। তাঁরা নিজেদের জন দরদী গরীবের সরকার বলে দাবী করেন। কাজেই সবচেয়ে আগে তাঁদেরই তো এটা অহুসরণ করা দরকার। আপনারা তো কনক্লেভ করেছেন। এই কনক্লেভের ড্রাফট করার মাষ্টার য<sup>া</sup>রা, তাঁরা কি বলছেন ? আজ পশ্চিমবঙ্গে ৬ থেকে ১০ বছরের শিশুদের সংখ্যা ৮০ লক্ষ। গত বছর তাদের মধ্যে মাত্র ২৬ লক্ষ শিশুকে মধ্যাহ্নের আহার দেবার লক্ষ্যমাত্রা স্থির হয়েছিল। হয়তো দেটাও আপনাদের ফুলফিল হয়নি। আমার সাজেশন, অহুরূপভাবে পরিকল্পনা এখানেও গ্রহণ করুন। এখানে দেখতে পাচ্ছি যে বেকার-ভাতা তুলে দিয়ে স্বনিযুক্তি প্রকল্প চালু হতে যাচ্ছে এজন্য সাধুবাদ দিচ্ছি। তবে বেকার-ভাতার পরিবর্তে যা করতে চাইছেন, সেক্ষেত্রে মহারাষ্ট্রকে অন্নসরণ করুন। চাক্রীজীবী মান্ত্র্যের কাছ থেকে টাকা কেটে সার্ভিস গ্যারাণ্টি স্কীম চালু করেছেন মহারাষ্ট্র সরকার এবং গত ৪।৫ বছর ধরে এটা স্বষ্ঠ্ ভাবেই চলছে। বোম্বের ইণ্ডাফ্রীয়ালিষ্টদের থেকেও এ-ব্যাপারে

টাকা নেওয়া হচ্ছে। বহু বিদেশী এই গ্যারান্টি স্কীম এর প্রশংসা করেছেন। ওয়ালর্ড ব্যাক্ষের লোক এর প্রশংসা করে গেছেন। আমার সাজেশন এই বেকার ভাতা তুলে দিন কারণ এটা একটা নেগেটিভ এ্যাপ্রোচ। হিটলার মৃশলিনী হয়তো এই আধা ফ্যাসিষ্ট নীতি পছন্দ করতেন। কিন্তু এটা মাহ্মকে ভিমরালাইজ করে ফেলে। কাজেই এটা পুরোপুরি তুলে দিন এবং সার্ভিস গ্যারান্টি স্কীম চালু করুন। বড়লোকদের কাছ থেকে টাকা নিয়ে, ইনকাম ট্যাল্পের তাকা নিয়ে প্রামের বড়লোকদের কাছ থেকে টাকা নিয়ে প্রামের আন্এমপ্রয়েড ইওথদের জীবনে গ্যারান্টি দেবার ব্যবহা করুন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার তৃতীয় প্রস্তাব হচ্ছে বাজেটের শতকরা ২৪ ভাগ সেচ ব্যবস্থার উন্নতির জন্ম বরাদ্দ করা হোক। এটা আমার কথা নয়, আপনাদেরই কথা। বামফ্রন্ট সরকার তাঁদের ভোটের ইস্তাহারে বলেছিলেন যে শতকরা ৫০ ভাগ জমি সরকারী সেচের আওতায় আনা হবে।

এটা যদি ওনাদের ইমপ্লিমেণ্ট করতে হয়, তাহলে এ্যাটলিন্ট এই বাজেটের ২৫ শতাংশ সেচের জন্ম ব্যয় করতে হবে। পরিকল্পনার মধ্যে দিয়ে এটা থরচ করতে হবে। আমি মনে করি, এটা এখানে করা যায়। এখানে বহু ভূতাত্ত্বিক বলেছিলেন যে ক্লযি বিপ্লব যদি বাড়াতে হয়. চাষ যদি বাড়াতে হয়. তাহলে এই ধরণের সেচ প্রকল্প বাধ্যতামূলক করতেই হবে। শতকরা ৫০ ভাগ জমি যদি সেচের আওতায় আনা না যায়, তাহলে সেচের মাধ্যমে উৎপাদন বুদ্ধি হবে না। স্বতরাং উৎপাদনের সর্বান্ধীন উন্নতির জন্ম আমি মনে করি, এটা বাধ্যতাযুলক। খুব গুরুত্ব দিয়ে এই ব্যাপারে দৃষ্টি দেওয়া উচিত এবং ২৫ শতাংশ বরাদ্দ সেচের জন্ম করা উচিত। আমার চতুর্থ দাবি, যেটা আমি আগেই তীব্রভাবে বলেছি, সংস্কৃতি, যেটা আমাদের নিজম্ব সম্পদ, তার উপর প্রমোদ কর ৫/১০ টাকা না করে একেবারে ঢালাও তুলে দেওয়া হোক। স্থার আপনি জানেন, এটা তো ক্যালকাটা কর্পোরেশন ৫ টাকার উপর নিচ্ছেই, যেটা আমরা তুলে দিয়ে গিয়েছিলাম—ক্যালকাটা কর্পোরেশন ট্যাক্স। যদি রবীক্রমদনে থিয়েটার করতে যান, তাহলে সরকারকে দিতে হবে এক থেকে দেড় হাজার টাকা ভাড়া। তারপর সিকিউরিটি মানি এবং কলিকাতা কর্পোরেশনকে দিতে হবে কিছু টাকা। তারপর এবার আবার বাড়ান হল। স্থার, আপনি নিজে কলিকাতার মাহুষ, আপনি নিজে জানেন, কোন হলে যদি সাংস্কৃতিক অমুষ্ঠান হয়—আজকে মামুষের স্ট্যাণ্ডার্ড অফ লিভিং যা দাঁড়িয়েছে, যে ভাবে টিকিট বিক্রি হচ্ছে— কোন জায়গায় দেখাতে পারেন যে ৫ টাকার নিচে টিকিট আছে ? কতগুলি মাত্রয় ৫ টাকার মধ্যে ইনভল্ভ হবে, আর কতগুলি মাত্রষ ৫ টাকার উপর ইনভল্ভ হবে, এটা বিচার করে দেখুন তো ? বেশীর ভাগ মাহুষকে আপনারা করের আওতায় নিয়ে এসেছেন, আর কম সংখ্যক

মামুষকে আপনারা করের বহিন্তু ত করেছেন। কাজেই, আমি মনে করি, এটা সামান্ত ব্যাপার, নির্বিচারে এটা তুলে দেওয়া হোক। যাত্রা থিয়েটার বাংলার নিজম্ব সম্পদ, এটাতে হাত দিয়ে কল্ষিত করা উচিত নয়। করটাই সব থেকে বড় কথা নয়। স্থার, এই বাজেট বিবৃতিতে ৭৪৮ কোটি টাকার একটা পরিকল্পনার কথা বলেছেন। তিনি বলেছেন, ১৯৮৪-৮৫ সালে পরিকল্পনার পরিমাণ ৭৪৮ কোটি টাকা হবে। এটা উনি কোথা থেকে বলেন---যদিও উনি বলেছেন এটার পরিবর্তন হতে পারে। এটার পরিবর্তন হবে। ১৯৮০-৮১ সালে ৫৭৫ কোটি টাকা বরাদ্দ ছিল, ৪২০ কোটি টাকা প্রকৃত খরচ হয়েছিল। :৯৮১-৮২ সালে ১৩৮ কোটি টাকা বরাদ ছিল, ৪৫৪ কোটি টাকা থরচ হয়েছিল। ১৯৮২-৮৩ ৪৯০ কোটি টাকা বরান্দ হয়েছিল, থরচ হয়েছিল, ৪৫০ কোটি টাকা। ১৯৮৩-৮৭ সালে ৫২০ কোটি টাকা বরাদ্দ হয়েছিল, প্রকৃত খরচ দেওয়া হয় নাই। পুরোটা না হলেও খানিকটা দেওয়া যেত। স্থার, তাহলে বলতে পারেন, ৭৪৮ কোটি টাকা কোথা থেকে উনি বরাদ্দের কথা ভাবেন ? কোন ভাবে যদি ৭৪৮ কোটি টাকা রাথতে হয়, তাহলে ৯৫০ কোটি টাকা এই পরিকল্পনায় এই সরকারকে দিতে হবে কেন্দ্রকে। গড়ে ৯০০ কোটি টাকা দেওয়া সম্ভব ? এই রাজ্যের যা প্রাণ্য তার মধ্যে গড়ে ৯০০ কোটি টাকা কেন্দ্রকে দেওয়া সম্ভব ? তাই ওঁরা দাবি করছেন। সর্বত্ত এই রকম ওনাদের অমূলক দাবি। জুট এর ব্যাপার দেখুন না। ইকনমিক ক্রিপল হয়ে যাচ্ছে সব জায়গায়। আঞ্চলিক ক্ষেত্রে গুধু নয়, সমগ্র রাজ্যের ক্ষেত্রে এই জিনিষ হচ্ছে। ২।। লক্ষ শ্রমিকের সাথে যুক্ত তার মানে যদি একটি শ্রমিকের সঙ্গে ৫ জন কোন লোক যুক্ত থাকে, তাহলে ১০ লক্ষ লোক এর সঙ্গে যুক্ত। কোন স্থরাহা করতে পেরেছে সরকার ? বলছেন যে রা ছুট পাওয়া যাবে না। যেমন করে পরিকল্পনা মাফিক সঞ্চায়তার সর্বনাশ করে দিয়েছেন, সেই একইভাবে পরিকল্পনা মাফিক অশোকবার জুট এর ব্যাপারে সর্বনাশ করে দিচ্ছেন। কেন পারছেন না একটা প্রতিষ্ঠান তৈরী করতে, যে প্রতিষ্ঠান ষ্টেট ক্যাপিটালিজিম তৈরী করতে পারবে ? জুটে কতকগুলি মামুষকে কিছু পাইয়ে দিয়ে কতকগুলি মামুষের রুজি-রোজগারহীন করে দিচ্ছেন। কিছুই কি করার নেই এই সরকারের ? রাজ্যের হাতে অধিক ক্ষমতা না দিলে কি কিছুই করতে পারবেন না ? এই কথা আমাদের বিশাস করতে হবে ? জুট তাই, টেক্সটাইল তাই, হোসিয়ারী তাই, ইঞ্জিনিয়ারিং তাই— সব ধুঁক ধুঁক করে চলছে। একমাত্র 'টি' কিছুটা চলছে সাবসিভি দিয়ে। এই রাজ্যের মধ্যে কোন জায়গায় কোন ইণ্ডাষ্ট ঠিকমতো চলচে ? আমি জানি. এণ্ডলো উনি উডিয়ে দেবেন। কারণ, এই ব্যাপারে তাঁর বলার কিছু নেই। নাহলে ভাকা রেকর্ড এর মতো এক বক্তব্য শুনবো -- क्ट्रिक मिर्फ्ड नो. क्ट्रिक मिरल गव शर्म याद. क्रिनिरम् माम वाएरव हेलामि हेलामि । श्रामात লাস্ট পয়েন্ট বলে এই বক্তব্য শেষ করবো। স্টেট প্লানিং বোড—অর্থাৎ চিফ মিনিষ্টার তার চেয়ারম্যান এবং অর্থমন্ত্রী তার ভাইস চেয়ারম্যান। আমাদের সময় এটা ছিল। আপনাদের সময় এটা আছে কিনা জানি না। সেই বোডেরি ৫।৬ বছর ধরে কোন রিপোর্টের এক টুকরো

কাগজ আপনারা দেখাতে পারেন নি। আমরা যথন সরকারে ছিলাম, তথন ৫।৬টি বড় বড় ভল্যুম হাউসের মধ্যে প্লেস করেছি।

### [ 1-50-2-00 P·M. ]

একটা বোর্ড হয়েছে, কোন রিপোর্ট পান নি। তার মানে বোর্ড হয়েছে, কোন ফাংশন নেই। একে আপনি নন ফাংশনিং করে রেথেছেন। আপনি নিজে এসেছেন বাই তারচু অফ ব্যাকডোর দিয়ে। আপনার আগে, গত সেপ্টেম্বর সেসানে একবার ব্যাকডোর দিয়ে কর চাপানো হয়েছে। অতিরিক্ত কর চাপিয়ে এই বাজেটকেও আপনি ব্যাকডোরে টেনে নিয়ে যেতে চাইছেন। সাপ্রিমেন্টারী বাজেটের মধ্যে দিয়ে কিছু টাকা পাশ করিয়ে নিতেও চেয়েছেন। মূল বাজেট যেটা বাঙ শত কোটি টাকা হওয়া উচিত ছিল, যে টাকা আপনি থরচ করতে পারতেন, যেটা সাধ্যের মধ্যে ছিল, তা করলেন না। সেজন্য আমি আপনার কাছে আবেদন রাথছি, সরাসরি তাবে এই দেউলিয়া মানসিকতা মান্থযের উপরে চাপিয়ে দেবার চেষ্টা না করে রাজ্যের মান্থযের সমস্থার মোকাবিলা কিতাবে করা যেতে পারে, সেইভাবে চেষ্টা করুন। কারণ এর সাথে বহু মান্থযের স্বার্থ যুক্ত হয়ে আছে। কেন্দ্রের বিরুদ্ধে শুধু শ্লোগান না দিয়ে সকলের সহযোগিতা নিয়ে প্রকৃত কান্ধ যাতে হতে পারে তার চেষ্টা করুন। আশা করি, আশনি এদিকে দৃষ্টি দেবেন।

প্রীনিখিলানক্ষ শারঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় কর্তৃক আনীত ১৯৮৪-৮৫ সালের যে বাজেট এই সভায় পেশ করা হয়েছে, তার প্রতি আমার সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য রাথছি। এই বাজেট বিরুতি পড়ে আমার ধারণা হয়েছে যে, কিছু কল্পনা বিলাসী এবং কিছু বিরুত মস্তিক্ষ মাহ্মষ ছাড়া প্রত্যেক মাননীয় সদস্যই একে বাস্তবোচিত বলে শীকার করবেন। মাননীয় স্বত্রতবাবু দীর্ঘ সময় ধরে জ্ঞানগর্ভ বক্তৃতা দিলেন, আমি মন দিয়ে তা শুনলাম। পশ্চিমবাংলার একজন নেতার এই বক্তৃতা শুনতে শুনতে আমার মনে হছিল যে, এ বোধহয় দিল্লীর হাইকমাাণ্ড এর কাকর কথা শুনছি। একই কথা শুনতে পেলাম পরিকল্পনা বহিন্তু ও থাতে বেশী থরচ, ভরতুকি ইত্যাদি ইত্যাদি। আমার মনে হয়, এথানে সময় নই না করে স্বত্রতবাবু দিল্লীতে গেলে তাঁর একটা হিল্পে হয়ে যেতে পারে। মাননীয় বিরোধীদলের বন্ধুরা চারিদিকে কেবল হতাশা আর অন্ধকারই দেখছেন। হতাশাগ্রন্থ মাহ্মর চারিদিকে হতাশা ছাড়া আর কীই বা দেখবেন। কয়েকদিন আগে আমরা এই সভায় সেই অভিজ্ঞতা লাভ করেছি। চারিদিকে হতাশা দেখছেন, কথাটা ক্লা বোধহয় ভুল হছে। এঁরা একটা দিকে কোন হতাশাই দেখতে পান না ঐ দিল্লীর দিকে। সেথানে আলোর উৎস আছে। তাই আমরা দেখছি ভারত-বর্ষের সর্ব্তর অর্থনীতির নম্না। দিল্লীর কথনই কোন ভুল হয় না। সেথানে মৃক্তি-স্র্যের কলমলে চেহারা এঁরা দেখেন। সেই আলোর পানে ছোটেন এঁরা। মাননীয় বন্ধুর বক্ততার মান্তে

গোটা ভারতবর্ষের অর্থনীতির উন্নতির পথে কোন বাধা আছে বলে শুনতে পেলাম না। যত বাধা ষত বিপত্তি সবই খুঁজে পেলেন ভারতবর্ষেরই একটা অঙ্গরাজ্য, এই পশ্চিমবাংলায়। এঁরা সব সময়েই পশ্চিমবালাকে ভেবে থাকেন একটা স্বতম্ব রাজ্য হিসাবে। এবং তাঁরা চান এথানে একটা ম্বতন্ত্র অর্থনীতি গড়ে উঠবে। আমার প্রশ্ন হচ্ছে, মাননীয় বিরোধীদলের নেতা আবছস সাজার সাহেব এখানে উপস্থিত নেই, তিনি ভাল বলতে পারবেন, কারণ তিনি মূর্শিদাবাদের লোক একটা আম গাছে এক একটা আমের স্বাদ কি ভিন্ন ভিন্ন হয়? গাছেই কি কোনটা টক, কোনটা মিষ্টি আম ফলে ? ভারতবর্ষের মধ্যে রাজ্যগুলি হচ্ছে এক একটা ফল। গাছ যদি একটা হয়, তাহলে সেথানে ফল কি আলাদা আলদা স্বাদের হবে ? বিরোধীপক চান, পশ্চিমবঙ্গে একটা আলাদা অর্থনীতি, আলাদা সমাজ গড়ে উঠবে এবং এটা একটা স্বতম্ব বৈশিষ্ট্যে সমুজ্জন হবে। পশ্চিমবঙ্গকে তাই গোটা ভারতবর্ষ থেকে আলাদা করে বক্ততা করে গেলেন। কেবলমাত্র পশ্চিমবঙ্গ সরকারের দোষ দেখিয়ে এবং ভারত সরকারের পক্ষে সাফাই গেয়ে বলে গেলেন। একটা রাজ্যের অর্থনীতির প্রতিফলন ঘটে গোটা দেশের অর্থনীতির যে চেহারা. তার মধ্যে দিয়েই। সেজন্য রাজা বাজেটে কেন্দ্রের প্রভাব পড়তে বাধা। বিরোধীদলের সদস্যদের বোঝা উচিত যে. এথানে অর্থমন্ত্রী একটা রাজ্যের বাজেট পেশ করেছেন। বিরোধীরা আজ নিল জ্জভাবে পু'জিবাদের সমর্থন এবং তোষন করে চলেছেন। সেইজন্ম স্বাধীন ভারতবর্ষে আমরা দেখতে পাই. ২০ কোটি টাকার মালিক ২০,০০ কোটি টাকার মালিকে পরিণত হয়েছে। আর কি দেখতে পাই ? দেখি পবিত্র সংবিধানের মুখবন্ধে রাষ্ট্র প্রকৃতির বর্ণনায় স্বতম্ভ এক পতাকা জ্বতে দেওয়া আছে। এই হচ্ছে আমাদের দেশ। এমনিই হচ্ছে রাষ্ট্রব্যবস্থা, যেথানে আর্থিক অপরাধে অপরাধীদের কালো টাকার পাহাড় জমে উঠলেও জেলে ভরতে অপারগ হন দেখতে পাই। আসলে দিল্লী এ ব্যাপারে অনিচ্ছক। দিল্লীর রাঙ্গনীতিকদের ভল নীতির ফলে এই সমস্ত লোকেরা বিভিন্ন কায়দায় কালো টাক। সাদা করতে স্থযোগ পাচ্ছে। তাদের কালো টাকা সাদা করার জন্ম কনসেশন নীতি ঘোষণা করেছেন।

আবার অন্তাদিকে দেখি যার। নরহত্যাকারী, সাধারণ মান্থবের ধন সম্পদ লুঠনকারী এমন দস্ম্য সর্দারদের ভি. আই. পিদের মর্যাদা দেওয়া হয় এবং তাদের দিল্লীর ভি. আই. পি বাংলোর আশেপাশে ঘোরাফেরা করতে দেখা যায়। এরকম একটা অবস্থায় একটা অন্ধ রাজ্যের বাজেটকে স্থনিশ্চিত করা যায় ? কিছুদিন আগে কেন্দ্রের বাজেট উপস্থাপিত হয়েছে। দেখানে সমস্ত রাজ্যকে বঞ্চিত করে বিশাল সম্পদের মালিক হওয়া সত্তেও কেন্দ্রীয় সরকার বাজেট তৈরী করতে হিমসিম থেয়েছেন। তাঁদের কথার সঙ্গে কাজের কোন মিল নেই। সত্যবারু খ্ব গণতন্ত্রের কথা বলেন এবং বলেন যে এই সরকার গণতন্ত্র মানেন না। তাঁকে জিজ্ঞাসা করি দিল্লী গণতন্ত্র মানেন ? নির্বাচিত সংসদকে এড়িয়ে গিয়ে য়্যাডমিনিষ্টেটিভ ফতোয়া দিয়ে হাজার হাজার কোটি কোটি টাকার

জিনিসের দাম বাড়ান। অথচ এথানে গনতন্ত্রের কথা বলেন। দিল্লীর বাজেট করতে তাঁরা হিমসিম থেয়েছেন। তাঁরা নোট ছাপাতে পারেন, কিন্তু সেথানে ঘাটতি দেখান হয়েছে এবং সেই টাকা কোথা থেকে আদবে তার কোন পথ নির্দেশ নেই। আয়কর ছাড়ের কথা যোষণা করা হয়েছে। এই দেশের অর্ধেক মাহ্রুষ দারিক্র সীমার নীচে। এখানে আই. আর. ডি. পি প্রকল্প চালু আছে এবং প্রত্যেকটি রকের ৬০০টি পরিবারকে দারিক্র সীমার উপরে দিয়ে আসার চেন্তা করা হচ্ছে। একদিকে ৬০০কে তুলছেন, সেখানে ব্যাক্তের ভূমিকা আমরা জানি, আবার অন্তদিকে হাজার জন নীচে নেবে যাছেছ। পরিকল্পনা কমিশনের প্রাক্তন সদস্য অধ্যাপক রাজক্রষন বলেছেন আমাদের দেশে প্রতি বছরে ৬৬ লক্ষ মাহ্রুষ দারিক্র সীমার নীচে নেমে যাছেছ। আসলে এই সংখ্যা আরও বেশি। আয়কর ছাড় এটা একটা প্রহুসন মাত্র। অনেকে বলেছেন ভোট পাবার ব্যবস্থা এই পদক্ষেপ। আয়কর কত শতাংশ মাহুষ দেয় এবং তারা কোন পক্ষে আছে তা এই সভার সকলে জানেন। এই আয়কর ছাড়ের আসল চেহারা কেমন না যার যত বেশি আয় তার তত বেশি ছাড়। আসলে বিরাট মাহুষদের ছাড় দেয়াই উদ্দেশ্য। এদের আসল লক্ষ অবস্থাপন্ন মাহুষদের দাসত্ব এবং সেবা করা। তাঁরা ঠিক কাজই করছেন সমাজতন্ত্রের স্বার্থেণ্ড এর ফলে সমস্ত রাজ্যের অর্থমন্ত্রীকে চিন্তাগ্রন্ত করে তুলেছেন। রাজ্যের যেটা পাওনা সেটা ছাড় দেওয়ায় সমস্ত রাজ্যকে বিপদের মধ্যে ফেলে দিয়েছেন।

#### [ 2-00-2-10 P. M.]

মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বিবৃতি রেথেছেন তার ১ থেকে ৩০ অন্থছেদ পর্যন্ত যে অর্থনৈতিক বিশ্লেষণ তিনি তুলে ধরেছেন তার কোনটা মিথা কোনটা অসত্য ওরা তুলে ধরেছেন। স্থার, ভারতবর্ষের মত কৃষি প্রধান দেশে ভূমি সংস্কারের কথা বললে ওদের গায়ে এলারজি হয়। এই তো অবস্থা। আবার ওদের কোন সর্বভারতীয় নেতা দন্তোক্তি করেন যে পশ্চিমবঙ্গের চেয়ে অ্যান্ত রাজ্য নাকি ভূমি সংস্কারে এগিয়ে যাছে। আমরা আরো কিছু করতে চাই, তারই জন্ত তো ভূমি সংস্কার বিল এই সভায় গৃহীত হয়েছে। কিন্তু কেন সেটা দিল্লী থেকে মোহর মেরে ফিরে আসছে না । তার জবাব কে দেবে । ওরা অন্যান্ত রাজ্যে ভূমি সংস্কার প্রায় শেষ করে ফেলেছেন। ওরা যা বোঝেন তাই করেছেন। ভূমি সংস্কার বলতে পশ্চিমবঙ্গের মান্তবের যে ধারণা ছিল ১৯৬৭ সালের আগে পর্যন্ত সেটাই ওরা করেছেন সারা ভারতবর্ষে। আমি কারোর নাম করতে চাই না, কিন্তু দিল্লীর দরবারে এমন কিছু বিশিষ্ট ব্যক্তি আছেন ঘাঁদের ভূমি সংস্কারের কথা চিন্তা করে ঘূম আলে না। কি ক্রেরে নিজেদের বিশাল জমি কজায় রাখবেন তারই নিরন্তর প্রচেটা। এই ভূমি সংস্কার তারা সর্ব ভারতীয় ক্ষেত্রে করেছেন। তাই পশ্চিমবঙ্গের প্রচিটাকে বিকৃত মন্তিছের মান্তবেছ লালা করেছে থাট করতে পারে না। পশ্চিমবঙ্গের একেলক মান্তবে গ্রহতে পারে না। পশ্চিমবঙ্গের পক্ষ মান্তব্য স্বন্ধর নায় বছাড়া আর কেউ থাট করতে পারে না। পশ্চিমবঙ্গের প্রচিষ্টার ক্যক্তে হিন্নতের। এটা বিশ্ব রেকর্ড

বলতে পারা যায়। বাস্ত ভিটা রেকর্ড ২ লক্ষ। একদিকে ভূমি সংস্কারের জন্ম সম্ভাব্য সমস্ত রকম প্রচেষ্টা অন্তদিকে ছোট চাষী, পাট্টাদার, বর্গাদার, প্রান্তিক চাষী তাদের এই আইনের সাহাযোর মাধ্যমে পশ্চিমবন্ধ সরকার অন্তত গ্রাম বাংলায় একটা প্রাণচাঞ্চল্য আনতে পেরেছেন। আর অন্যদিকে ওদের ক্রতিত্ব আমরা দেখেছি, ওরা চেষ্টা করেছেন পশ্চিমবঙ্গের মাত্র্যকে কি করে না খাইয়ে শেষ করে দেওয়া যায়। গত বছর কি দেখেছি—১৯৮২-৮৩ দালে কেন্দ্রীয় সরকারের চালের যে এ্যালটমেন্ট পশ্চিমবঙ্গের ক্ষেত্রে, যেথানে ১৯৮২ সালে ১ লক্ষ ৫০ হাজার মেট্রিক টন প্রতি মাদে এ্যালটমেণ্ট হয়েছিল দেখানে ১৯৮৩ সালে যেটা শতাব্দীর চরমতম খরার বছর. যথন আরো বেশী সাহায্য করা উচিত, তথন কোন সময় ১ লক্ষ ১০ হাজার মেট্রিক টনের বেশী এ।লিটমেন্ট দেয়নি। যেভাবে পশ্চিমবঙ্গ সরকার এই দারুণ সংকটের মধ্যে পাবলিক ডিট্টিবিউসান সিসটেমকে সম্প্রদারিত করতে চেষ্টা করেছেন এবং আজো করে যাচ্ছেন দেখাতে পারেন কোন দিন আপনাদের আমলে এই জিনিস হয়েছে ? এই সরকারের একটা দাবি নিত্য প্রয়োজনীয় জিনিসের জন্ম কেন্দ্রীয় সরকারকে ভতু কি দিতে হবে, এণ্ডা কি অন্যায় দাবি ? ওরা বলবেন এটা জতু কী সরকার। আমি ওদের বলি ওদেরই কেন্দ্রীয় মন্ত্রী স্বীকার করেছেন যে কর্ম্ট অব निज्य इनएक्क পশ্চিমবাংলায় স্বচেয়ে কম, কারণ, এখানে টাক্কের হার বৃদ্ধি কম। অন্তদিকে ওরা পাবলিক ডিষ্ট্রবিউসান সিসটেমকে এফেকটিভলি কাজে লাগাচ্ছে না। আমরা তো জানি কয়েকদিন আগে গোলমাল হওয়ার পর এই আলোচনা শুক্ত করতে আপনি দেরী করেছেন, ওরা নাকি পড়তে সময় পাননি। স্থার, ওরা তো পড়ান্ডনা করেন না।

তাঁরা পড়ান্তনা করেন না। পড়ান্তনা বদি করতেন তাহলে এইসব জিনিসকে তাঁরা এত ছোট করে দেখতেন না। কেন্দ্রীয় সরকার প্রতি বছর শতশত কোটি টাকা ভরতুকি দেন না? আমরা দিলেই দোষ হয়. গরীব ক্রমকদের ভরতুকি দিলে দোষ হয়। কেন্দ্রীয় সরকার দৈদেশিক বাণিজ্যের স্বার্থে পূঁজিপতিবাদের এই ষে কোটি কোটি টাকা ভরতুকি দিছেন তাতে কোন দোষ হয় না। পশ্চিমবক্ত সরকারের অন্তত্তত নীতির ফলে আমরা জানি হোলদেল প্রাইশ ইণ্ডেক্স কিসের পরিচয় দিতে। ১৯৮৩ সালের জানুয়ারী মাদে কোলকাতায় যেখানে ৫৭০ সেখানে অল ইণ্ডিয়ায় ছিল ৬৫৬। এপ্রিলে কোলকাতায় ৫৮১ এবং অল ইণ্ডিয়ায় ৬৭৭। জুলাই মাদে কোলকাতায় ৫৯৭ এবং অল ইণ্ডিয়ায় ৭০৫। এতেই দেখা যাছে নানা রকম বাধা বিপত্তি সত্তে পশ্চিমবালায় এই হার আমরা বজায় রাখতে পেরেছি। এই বাহাছরী কি এঁরা নিতে চান ? প্রমির উপর থেকে মান্থ্যের চাপ কমিয়ে মান্থ্যকে যাতে অন্তদিকে নিয়ে যাওয়া যায় সেই প্রমেক্যাল কমপ্রেয়, জাহাজ নির্মান কারখানা, সন্টলেকে ইলেকট্টনিক কারখানা গড়ে উঠছে না। কেন ? অ্যমরা ক্রমে এবং কৃটির শিল্পের ক্রেজেও চেষ্টা করছি। পশ্চিমবালায় কুটির শিল্পের ক্রেজে

জিনিসের দাম বাড়ান। অথচ এথানে গনতন্ত্রের কথা বলেন। দিল্লীর বাজেট করতে তাঁরা হিমসিম থেয়েছেন। তাঁরা নোট ছাপাতে পারেন, কিন্তু সেথানে ঘাটতি দেখান হয়েছে এবং সেই টাকা কোথা থেকে আদবে তার কোন পথ নির্দেশ নেই। আয়কর ছাড়ের কথা যোষণা করা হয়েছে। এই দেশের অর্ধেক মাহ্রুষ দারিক্র সীমার নীচে। এখানে আই. আর. ডি. পি প্রকল্প চালু আছে এবং প্রত্যেকটি রকের ৬০০টি পরিবারকে দারিক্র সীমার উপরে দিয়ে আসার চেন্তা করা হচ্ছে। একদিকে ৬০০কে তুলছেন, সেখানে ব্যাক্তের ভূমিকা আমরা জানি, আবার অন্তদিকে হাজার জন নীচে নেবে যাছেছ। পরিকল্পনা কমিশনের প্রাক্তন সদস্য অধ্যাপক রাজক্রষন বলেছেন আমাদের দেশে প্রতি বছরে ৬৬ লক্ষ মাহ্রুষ দারিক্র সীমার নীচে নেমে যাছেছ। আসলে এই সংখ্যা আরও বেশি। আয়কর ছাড় এটা একটা প্রহুসন মাত্র। অনেকে বলেছেন ভোট পাবার ব্যবস্থা এই পদক্ষেপ। আয়কর কত শতাংশ মাহুষ দেয় এবং তারা কোন পক্ষে আছে তা এই সভার সকলে জানেন। এই আয়কর ছাড়ের আসল চেহারা কেমন না যার যত বেশি আয় তার তত বেশি ছাড়। আসলে বিরাট মাহুষদের ছাড় দেয়াই উদ্দেশ্য। এদের আসল লক্ষ অবস্থাপন্ন মাহুষদের দাসত্ব এবং সেবা করা। তাঁরা ঠিক কাজই করছেন সমাজতন্ত্রের স্বার্থেণ্ড এর ফলে সমস্ত রাজ্যের অর্থমন্ত্রীকে চিন্তাগ্রন্ত করে তুলেছেন। রাজ্যের যেটা পাওনা সেটা ছাড় দেওয়ায় সমস্ত রাজ্যকে বিপদের মধ্যে ফেলে দিয়েছেন।

#### [ 2-00-2-10 P. M.]

মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বিবৃতি রেথেছেন তার ১ থেকে ৩০ অন্থছেদ পর্যন্ত যে অর্থনৈতিক বিশ্লেষণ তিনি তুলে ধরেছেন তার কোনটা মিথা কোনটা অসত্য ওরা তুলে ধরেছেন। স্থার, ভারতবর্ষের মত কৃষি প্রধান দেশে ভূমি সংস্কারের কথা বললে ওদের গায়ে এলারজি হয়। এই তো অবস্থা। আবার ওদের কোন সর্বভারতীয় নেতা দন্তোক্তি করেন যে পশ্চিমবঙ্গের চেয়ে অ্যান্ত রাজ্য নাকি ভূমি সংস্কারে এগিয়ে যাছে। আমরা আরো কিছু করতে চাই, তারই জন্ত তো ভূমি সংস্কার বিল এই সভায় গৃহীত হয়েছে। কিন্তু কেন সেটা দিল্লী থেকে মোহর মেরে ফিরে আসছে না । তার জবাব কে দেবে । ওরা অন্যান্ত রাজ্যে ভূমি সংস্কার প্রায় শেষ করে ফেলেছেন। ওরা যা বোঝেন তাই করেছেন। ভূমি সংস্কার বলতে পশ্চিমবঙ্গের মান্তবের যে ধারণা ছিল ১৯৬৭ সালের আগে পর্যন্ত সেটাই ওরা করেছেন সারা ভারতবর্ষে। আমি কারোর নাম করতে চাই না, কিন্তু দিল্লীর দরবারে এমন কিছু বিশিষ্ট ব্যক্তি আছেন ঘাঁদের ভূমি সংস্কারের কথা চিন্তা করে ঘূম আলে না। কি ক্রেরে নিজেদের বিশাল জমি কজায় রাখবেন তারই নিরন্তর প্রচেটা। এই ভূমি সংস্কার তারা সর্ব ভারতীয় ক্ষেত্রে করেছেন। তাই পশ্চিমবঙ্গের প্রচিটাকে বিকৃত মন্তিছের মান্তবেছ লালা করেছে থাট করতে পারে না। পশ্চিমবঙ্গের একেলক মান্তবে গ্রহতে পারে না। পশ্চিমবঙ্গের পক্ষ মান্তব্য স্বন্ধর নায় বছাড়া আর কেউ থাট করতে পারে না। পশ্চিমবঙ্গের প্রচিষ্টার ক্যক্তে হিন্নতের। এটা বিশ্ব রেকর্ড

সেটা বিন্দুমাত্র আলোচনা হচ্ছে না। আমানতের কত শতাংশ ওঁরা বিনিয়োগ করে দেটা আমরা কাগজে দেখেছি এবং ওঁদেরই কেন্দ্রীয় মন্ত্রী এবং নেতা এই রাজ্য থেকে মূলধন অত্য রাজ্যে নিয়ে যাবার জন্ম উৎসাহ দিচ্ছেন। কাজেই জবাব দিহি করতে হবে বৈকি। ফেল্রীয় সরকার কেন সরাসরি বিনিয়োগ করে মুতন শিল্প পশ্চিমবাংলায় গড়ে তুলছেন না। উপরম্ভ যেট্রু রয়েছে সেটাকে ধ্বংস করছে কেন। রুড় অব ইণ্ডিয়া নিয়ে আমরা আগে গর্ব করতাম। এখন কি অবস্থা ? তুর্গাপুর, আসানসোলের কথা আমি একটু বলি। আমি জিজ্ঞাসা করি তুর্গাপুর ইম্পাত কারখানা বার্ণপুর ইম্পাত কারখানায় উৎপাদন কম হচ্ছে কেন ? কেন Mining and Allied Mechanical Corporation যার সংক্ষেপ নাম এম. এ. এম. দি ডুবে যাচ্ছে Cycle Corporation of India ভুবে যাচ্ছে। কেন কয়লার উৎপাদন কম হচ্ছে ? সেটা কি বিদ্যুতের অভাবে ঘটছে ? সেন র্যালির উৎপাদন কমে যাচ্ছে। তার মার্টিফিকেট কে দেবে ? ডি ভি সির বিদ্যাত দেবার কথা ৮৭ ভাগ। কিন্তু দিচ্ছে কত ? আজকে লক্ষ টন কথলার উৎপাদন কমে থাচেচ কেন ৪ চিত্তবঞ্জন লোকোমোটিভেই বেলওয়ে ইঞ্জিন কার্থানায় ইঞ্জিন তৈরী কমে থাটেছ কেন ? কাজেই সর্বত্রই দেখছি অরাজকতা। কিন্তু এই দায়িত্ব কি পশ্চিমবন্দ সরকারের ? আজকে কোন ষড়যন্তে এইসৰ জিনিস হচ্ছে ? তুৰ্গাপুর, আসানসোল এইসৰ যে বিচাট বিশাল শিল্প এলাকা এবং সেথানে যে সমস্ত সেন্টাল পাবলিক সেক্টর রয়েছে, সেই সবের স্বনতির জন্ম তো কেন্দ্রীয় সরকারই দারী। এবং সেথানে যে এণ্টি পলিউসন মেজার নেওয়া উচিত কেন্দ্রীয় স্থাকারের তা বিন্দমাত্র নেওয়া হয়নি এবং আজ পর্যস্ত নেবার কোন ব্যবস্থাও করা হয়নি। পরিকল্পনাগীন ভাবে যেথানে সেথানে যেভাবে কয়লা ভোলা হচ্ছে, এই জিনিস ধদি আরও ১০ বছর চলতে পাকে তাহলে দেখবেন রানীগঞ্জ, বরাকর, কুলটি এই সব শহরগুলির যে কোনদিন পাতাল প্রবেশ ঘটবে। এই যে সম্পদশীল বিরাট এলাকা এর অবশিষ্ট কিছুই থাকবে না মরুভূমিতে পরিণত হবে। এই গুরুত্বপূর্ব ব্যাপারটি পশ্চিমবাংলার বিশিষ্ট নেতা সংসদ সদক্ত শ্রীনীরেন ঘোষ মহাশয় প্রধান মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে তাঁকে একটি চিঠি লিখেছিলেন। কিন্তু কোন কণা তো নয়ই, বিদ্যুখাত্র সৌজন্ত বোধও দেখাননি একটি চিঠির উত্তর পর্যন্ত দেননি। এতবড সর্বনাশের কথায় সাভার সাহেবও বিচলিত হননি। সাত্তার সাহেব গ্রীবদের জন্ম এই বাজেটে কোন আশার আলো দেখতে পেলেন না। আমি জিজ্ঞানা করি কেন্দ্রীয় সরকার ধখন রেশনের চালের দাম বাড়ালেন, কেরোসিন, চিনি কয়লা সারের দাম বাড়ালেন নিশ্চয় বোধ হয় সেথানে তিনি আশার আলো দেখতে পান। যোটর গাড়ীর উপর রোড ট্যাক্স বাডায় তাঁর ঘোর আপত্তি। আমার প্রশ্ন একটা ট্রাক থেকে রাজ্য সরকার কত টাকা ট্যাক্স পায় ? বছরে তুই থেকে আড়াই হাজার টাকা।

আর রাস্তা মেরামত করবে রাজ্য সরকার। অথচ স্থাসি, ডিজেল, মোবিল, স্পেয়ার পার্টস ইত্যাদির মাধ্যমে যে কোন একটি ট্রাক থেকে কমপক্ষে ৫০ হাজার টাকা কেন্দ্রীয় সরকার রোজগার করছেন, আর রাস্তা পরিস্কার রাখতে হবে রাজ্য সরকারকে। কাজেই এই ধরনের ছেঁদো সমালোচনা না করে আমরা বিরোধী বন্ধুদের কাছে অন্তরোধ করব আপনারা জিনিসটা একটু চিস্তা করে দেখুন ধে, কেন্দ্রীয় সরকার টায়ার, ভিজেল চেসিস ইত্যাদি বিক্রী করে একটি ট্রাক থেকে কত টাকা নিয়ে যাছেন। ১৯৮০ সাল থেকে ১৯৮৩ সাল পর্যস্ত এই ৪ বছরে কেন্দ্রীয় সরকার ৬ হাজার ৬৯০ কোটি টাকা ভিজেল, কেরোসিন তেলের দাম বাড়িয়ে আদায় করেছেন, লোকসভার প্রশ্নোত্তরে কেন্দ্রীয় মন্ত্রী এই কথা স্বীকার করেছেন। গোটা ভারতবর্ষের এই হছে অবস্থা। তাই পশ্চিমবাংলার সমন্ধির কথা যদি আপনাদের মাথায় কিছু থাকে, পশ্চিমবাংলার মাহুষের প্রতি বিন্দুমাত্র ভালবাসা মমতা যদি থাকে তাহলে সমস্ত কথা বলে শেষকালে বিরোধিতা করছি না বলে, আহ্বন একযোগে পশ্চিমবাংলার উন্নতির জন্ম এই বাজেট প্রস্তাবকে সমর্থন জানাই এবং আগামী দিনের স্থে সমৃদ্ধ পশ্চিমবাংলা গড়ার ব্যবস্থা করি। এই কথা বলে অর্থমন্ত্রীর বাজেটকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

জ্বীন্ত চটুরাজঃ মাননীয় ডেপুটি স্পীকার, স্থার, মাননীয় অর্থমন্ত্রী ১৯৮৪-৮৫ সালের যে বাজেট বরাদ্দ পেশ করেছেন সেই পরিপ্রেক্ষিতে একটি কথাই বলতে পারি অর্থমন্ত্রীর এই বাজেট প্রাম বাংলার গরীব মামুষের রক্ত শুষে বড় লোকের প্রাসাদ নির্মাণ করতে দারুণ সাহায্য করেছে। ভাার. এটা আমার কথা নয়, অর্থ মন্ত্রীর বাজেট বক্তৃতায় সেই চিত্রই পরিষ্কার ফুটে উঠেছে। ১৯৭৭ সাল থেকে আজ পর্যন্ত গ্রামীন অর্থনীতির উন্নতির কথা চিন্তা না করে তিনি কেবল শহর কেন্দ্রিক কিছু মামুবের কথাই চিন্তা করে গেছেন। স্থার, আমি এই কথা কেন বল্ছি ? মাননীয় অর্থমন্ত্রী তার বাজেট বক্ততায় ডাইরেকটলি গ্রাম, শহরের গরীব মধাবিত্র মাম্ববের উপর যে করের বোঝা চাপিয়ে দিয়েছেন সেটা আমাদের কংগ্রেস দলের প্রত্যেক সদস্তই উল্লেখ করেছেন। কিন্তু আমি একট অন্য লাইনে বোঝাবার চেষ্টা করছি যে কিভাবে উনি এই কর বসিয়ে গরীব, মধ্যবিত্ত মাস্লুযের উপর চাপ স্বাষ্ট করছেন এবং জিনিসপত্তের দাম বাডাতে উনি কিভাবে সাহাষ্য করছেন সেটা আমি বোঝাবার চেষ্টা করছি। আমি অর্থনীতিবিদ নই, মাননীয় অর্থমন্ত্রীর মত পণ্ডিত নই, কিন্ধু একজন সাধারণ রাজনৈতিক কর্মী হিসাবে এটা বোঝাবার চেষ্টা করছি। স্থার, মাননীয় অর্থমন্ত্রী তার বাজেট বক্তৃতায় বলেছেন পণ্য প্রবেশ কর বাবদ ১০ কোটি টাকা আসবে বলে আশা করেছেন। চা এর উপর ১৫ পারসেন্ট থেকে ১৭ পারসেন্ট সেস বাডিয়ে আশা করছেন ২ কোটি ৫০ লক্ষ টাকা আসবে। যে সমস্ত দোকান এবং প্রতিষ্ঠান থেকে সার মধাবিত্র গরীব মাছ্রয় জিনিসপত্র কেনা বেচা করে তাদের লাইসেন্স, ফ্রি ইত্যাদি সংশোধন করে তিনি আশা করছেন ১ কোটি টাকা আসবে। কয়লার উৎপাদন সেসের হার উনি বাড়িয়েছেন এবং এর থেকে ১২ কোটি টাকা আসবে বলে উনি আশা করছেন। বেবি ফুডের উপর বিক্রন্ত করের হার বাড়িয়েছেন। আমি আর বিস্তৃত তথ্যের মধ্যে যাব না, তবে এই সমস্ত জিনিস গ্রামের গরীব,

মধ্যবিত্ত মাত্ম্বরাই ভোগ করে থাকে। এইভাবে বিক্রয় কর এবং পত্য প্রবেশ করের মাধ্যমে উনি ভাইরেক্টলি ব্যবসদোরদের সাহায্য করবেন জিনিসপত্তের দাম বাড়িয়ে দিয়ে কি ভাবে গরীব মধ্যবিত্ত মাত্র্যদের টুঁটি টিপে ধরা যায়।

# [ 2-20-2-30 P. M. ]

পরে জিনিষপত্তের দাম বৃদ্ধির জন্ম কেন্দ্রের উপর উনি দোষারোপ করবেন। গতবারও বাজেট বক্ততায় বলেছিলাম এবারেও মাননীয় অর্থ মন্ত্রীকে অত্যন্ত বিনয়ের সঙ্গে বলছি, আপনি বিক্রয় কর এবং অন্যান্য করের বোঝার উপর বেশী গুরুত্ব দিচ্ছেন কিন্তু রাজম্ব আদায়ের উপর আপনি কোনবারই গুরুত্ব দিচ্ছেন না। ১৯৭৭ সাল থেকে দেখছি, আপনি রাজন্ব আদায়ের উপর গুরুত্ব দিচ্চেন না। এবারে হাইকোর্টের একটা ইনজাংসানের কথা বলেছেন এবং হাইকোর্টের দোষ দিয়েছেন। কিন্তু বিক্রয়কর আদায় করার ব্যাপারে আপনার ডিপার্টমেণ্টের টোট্যাল যে কেলিওব সে দিকে আপনি দৃষ্টি দিচ্ছেন না। কেল্রের কালেকদান যেখানে এই পশ্চিমবঙ্গে উত্তরোত্তর বুদ্ধি পাচ্ছে—ইনকাম ট্যাক্স, কর্পোরেশন ট্যাক্স, অস্তশুত্ব ইত্যাদির কালেক্সান বাড্ডতে মেখানে আপনার রাজস্ব আদায়ের পরিমাণ দিনের পর দিন কমে যাচ্ছে। এদব কথা পরিস্কারভাবে আমাদের বক্তারা বলে গিয়েছেন, স্কুত্রতবাবু বলেছেন, সাতার সাহেব বলেছেন, আমি আব সেমব কথায় যাব না, আমি শুধু বলছি, করের বোছাটা না বাড়িয়ে আপনি যদি রাজস্ব আদায়ের দিকে নজর দিতেন তাহলে আমার বিশ্বাস করের বোঝা আর আপনাকে চাপাতে হ.ত না। এটাকে যদি যক্তি হিসাবে নাও মানেন তাহলে আমি অন্য আর একটি বিষয় আপনাকে অত্যন্ত বিনয়ের সঙ্গে বলব, সেট। আপনি একটু বিবেচনা করে দেখুন। পশ্চিমবঙ্গে সরকারী পরিচালনাধীন যে সমস্ত সংস্থা আছে মেই সমস্ত সংস্থার কর্তৃপক্ষের সঙ্গে অর্থ মন্ত্রী হিদাবে আপনি বদে তাদের লোকসানের বহর কতটা কমাতে পারেন সেটা আলোচনা করে দেখুন। আমি বলছি না এখনই আপনি সবগুলিতে প্রফিট করতে পারবেন কিন্তু অন্ততঃ লোকসানের বহরটা কমিয়ে মার্জিকাল প্রাফিটের দিকে যাবার যদি চেষ্টা করেন তাহলেও অনেক কাজ হবে। এসব ব্যাপারে বাজেট বক্তব্যের মধ্যে আপনার কোন বক্তব্য দেখলাম না। ট্রাম, বাসের কথা আমি বলছি না, অত্য বক্তারা বলে গিয়েছেন, আমি অত্য কতকগুলি সংস্থার কথা বলি। যেমন ধরুন ওরিয়েন্টাল গ্যাস কোম্পানী। সেখানকার কর্মীর। রিপিটেড নোট দিয়ে আপনাকে জানিয়েছেন থে কিভাবে লোকসান থেকে একে বাঁচানো যায়। শেখানকার কত পক্ষ নয়, কর্মীরা যারা সেখানে লাভ চায় তারা বারবার আপনার কাছে দরবার করেছে কিন্তু সেসব দিকে নজর দেবার হুস আপনার নেই, আপনার চিন্তা কি করে বিক্রয় কর বাড়িয়ে মান্তবের উপর বোঝা চাপিয়ে দেওয়া যায় তা দেখা এবং গথীবের রক্ত চুষে বড়লোকের প্রাসাদ নির্মাণে কিভাবে তাদের সাহায্য করা যায় তা দেখা। ইকনমিক রিভিউতে আছে, ওরিয়েণ্টাল গ্যাস কোম্পানীতে ১৯৮৩-৮৪ সালে ১ কোটি ৪৪ লক্ষ টাকা লোকসান হয়েছে।

১৯৮৪-৮৫ তে সেটা আপনি ক্যাবার চেষ্টা তো করেনইনি বরং উলটে আশংকা করছেন ১ কোটি
१৪ লক্ষ টাকার উপরে আরো ১২ লক্ষ টাকা লোকসান হবে। তারপর পশুপালন দপ্তরের অধীন
যে পোলট্রির ব্যাপারে প্রভাকসান কাম মার্কেটিং সেন্টার আছে সেথানেও কোন প্রফিট হচ্ছে না
বরং লোকসান হচ্ছে ২৮ লক্ষ ১৮ হাজার টাকা। তুর্গাপুর তুগ্ধ প্রকল্পে লোকসান হচ্ছে ১১ লক্ষ
টাকা এবং সেটা ১৯৮৪-৮৫ সালে বেড়ে হবে ১ কোটি ১০ লক্ষ টাকা। আমি আর পরিসংখ্যানের
দিকে যাচ্ছি না, মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে আবার বলছি লোকসানের বহরটা কমিয়ে এবং রাজস্ব
আদায়ের দিকে যদি বেশী করে নজর দিতেন এবং তা করে গ্রামবাংলার উন্নয়নের দিকে নজর
দিতেন তাহলে ভালো হত। আজকে গ্রামবাংলার মাহুয কি অহুতব করছে ? আমি কোন
রাজনৈতিক বক্তব্যে যাব না কিন্ধ পরিস্থারভাবে না বললে জিনিসটা পরিস্কার হবে না বলে কয়েকটি
কথা বলতে হচ্ছে। আপনি বেবিফুড, কয়লার উপর সেস, চায়ের উপর সেস যথন বসাচ্ছেন তখন
দেখছি কমাচ্ছেন ইলেকট্রনিকস গুডস্ টায়ার টিউব ইত্যাদির উপর। এটা করছেন কেন ? এর
পেছনে কারণ কি ?

এর পিছনের কারণ কি আপনি বলবেন ? রাজনৈতিক বক্তব্যের কারন নিশ্চয়ই আপনি জ্ঞানেন. সেটা হচ্ছে রুদ্ধদার কক্ষে বৈঠক। মাননীয় মুখ্যমন্ত্রী, আপনি মোদি, ডালমিয়া সাহেবের যে ক্ষমন্ত্রার কক্ষে বৈঠক হয়, যে গোপন চুক্তি হয় আগামী লোকসভা নির্বাচনে—ভেটটা আপনাকে আমি দিয়ে দিতে পারতাম, আপনার যদি সাহস থাকে স্বীকার করবেন-- ২ কোটি টাকার ট্রানজাকসান হয়েছে। আজকে যদি ওদের উপরে বিক্রয় কর বাডিয়ে দিতেন তাহলে অন্ততঃ পক্ষে ৭ কোটি টাকা পশ্চিমবাংলার রাজম্ব থাতে আসতো। ৫ কোটি নয়, আপনি যেটা বোঝাবার চেষ্টা করেছেন। ৭ কোটি টাকা রাজস্ব থাতে আসতো। আপনি ২ কোটি টাকা আদায় করে তাদের উপরে বিক্রয় কর কমিয়ে দিলেন। আপনি হয়ত বলবেন যে ইয়ং এন্ট্রাপ্রেনিওর যারা, তারা এতে লাভবান হবেন। আমি অভ্যস্ত দায়িত্ব নিয়ে বলছি যে পশ্চিমবাংলায় ইয়ং এন্ট াপ্রেনিওররা নতুন করে আসছে না। আপনারা বলেছেন যে ব্যাংকের গাফিলতি। একজন কংগ্রেস কর্মী হিসাবে আমিও জানি যে ব্যাংকের গাফিলতি অনেক জায়গায় আছে। কিন্তু ইয়ং এন্টাপ্রেনিওররা আসছে না, এটা আপনিও স্বীকার করবেন। কাজেই যেথানে ইয়ং এন্টা-প্রেনিওররা আসতে পারছে না দেখানে তাদের আপনারা কোন স্থযোগ দিছেন না। যারা ঘুঘু ব্যবসাদার, যারা গরীবের রক্ত চুষে নিজেদের প্রাসাদ তৈরী করছে তাদের স্থবিধা দেবার জন্ম চিন্তা করছেন এবং দেখানে ২ কোটি টাকার ট্রানজাকসান হয়েছে। আমি দায়িত্ব নিয়ে একথা বিধানসভায় বললাম, আপনি উত্তর দেহবন যে ২ কোটি টাকার ট্রানজাকদান হয়নি। গ্রামবাংলার মামুষেরা অত্যন্ত পরিষ্কারভাবে বলতে আরম্ভ করেছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে এই কথা বলতে চাই, আজকে রাজ্যের অর্থমন্ত্রী যে বাজেট বরাদ্ধ এথানে উত্থাপন করেছেন, সেই বাজেট বরাদে গ্রাম বাংলার গরীব মাত্মবের কথা যেমন চিস্তা করা হয়নি তেমনি

গ্রাম বাংলার মধ্যবিত্ত থেটে থা ওয়। গবীব মাতুষ, চাষীদের কথাও চিস্তা করা হয়নি। যদি চিস্তা করা হত তাহলে তিনি সারের উপরে করের বোঝা চাপিয়ে দেবার চিন্তা করতেন না। আমরা বিগত দিনের সরকারী কাজের পর্বালোচনা করে দেখেছি যে প্রোডাকটিভ ডিপার্টমেন্ট যেগুলি আছে. উৎপাদনমুখী বিভাগ ষেগুলি আছে, দেখানে ব্যয় যথেষ্ট পরিমাণে করলে একটা স্থায়ী সম্পদ সৃষ্টি হতে পারে, গ্রামীন অর্থনীতির উন্নতি চেষ্টা হতে পারে, গ্রামীন চাষীর উন্নতি হতে। পারে। কিন্ত সেদিকে কোন নজর নেই। উনি সারের উপরে করের বোঝা চাপিয়ে দিলেন। এব ফলে গ্রামের চাষীর কোন ক্ষতি হবে কি না ষেটা দেখলেন না। আপনি হয়ত বলবেন যে ক্ষতি হবে না। আমি মানীয় অর্ণায়ীকে একটা কথা জানিয়ে দিতে চাই। আমাব কোন রাগ বা অভিমান নেই। কিছু আমি এই কণা বলতে বলতে চাই যে হুগ্ধ প্রকল্পের হুণ্ধ কলকাতার মাজুয় খাবে, আর ভরতুকীর বোঝা গ্রাম বাংলান মান্তবেরা বইবে—এই দ্বিনিষ বেশীদিন চলতে পারে না। আপনার। কমিউনিষ্ট। কিন্তু আপনাদেব চিন্তা-ধারার মধ্যে তার কোন প্রতিফলন দেখতে পাচ্ছি না। আমরা আশা করেছিলাম যে ১৯৭৭ সাল থেকে আজ পর্যস্ত আপনারা গ্রাম বাংলার পরীব মান্তবের জন্ম চিন্ত। করবেন, ভাদের জন্ম অন্ততঃ কিছু করবার চেষ্টা করবেন, কিন্ধু ভার কোন উল্লেখ, সেই সম্পর্কে কোন বক্তবা পাচ্ছি না। মাননীয় উপাধাক্ষ মহাশয়, আজকে এই অর্থমন্ত্রী শুধু নিজেদের পার্টির তহবিলের কথা চিন্তা করেছেন এবং অর্থ বাড়িয়ে দিয়ে ব্যবসায়ীদের প্রাসাদ তৈরী করে দেবাব চেষ্টা কবেছেন। আমি অত্যন্ত দায়িত্ব নিয়ে একথা বলচি। এটা আমার কথা নয়, এটা ওদের ইকনমিক রিভিউ থেকে বলছি। আজকে গ্রাম বাংলার চাষীদের দিকে যেমন এরা নজর দেননি তেমনি বেকারদের সম্পর্কেও কোন চিন্তা এই অর্থমন্ত্রীর বাজেটে দেখছি না। এরা তথু বাবসায়ীদের, বড়লোকদের কথাই চিন্তা করেছেন। একটু আগে মাননীয় সদস্য কেন্দ্রীয় সরকারের উপরে দোষারোপ করলেন। আমি অত্যস্ত দায়িত্ব নিয়ে বলছি যে কেন্দ্রীয় সরকার সমস্ত বেকার ভাইদের চাকুরী দিতে না পারলেও, পশ্চিমবাংলার বুকে ২৫ হাজার টাকা লোন দিয়ে এবং তার মধ্যে ১ হাজার টাকা অন্থদান দিয়ে ব্যাংকের মাধ্যমে, ডিষ্টিক ইগুঞ্জিরাল কর্পোরেশানের মাধ্যমে বেকারদের স্থনির্ভর করার স্ক্রযোগ করে দিয়েছে। আর ঐ গরীব ভাষেরা যথন ২৫ হাজার টাকা লোন দিয়ে ব্যবসায়ে দাঁড়াবে তথন মাননীয় অর্থমন্ত্রী তাদের সম্পর্কে কি চিন্তা করেছেন ?

#### (গোলমাল)

## [2-30—2-40 P. M.]

মাননীয় ডেপুটি স্পীকার স্থার, এই রাজ্যের বেকার ছেলেদের কথা মাননীয় অর্থমন্ত্রী চিস্তা করেন না। এটা শুধু আমার কথাই নয়, এর প্রমান আপনি এই সরকারের প্রচারিত ইকনমিক রিভিউতেই দেখতে পাবেন। যেখানে ১৯৭৭ সালে পশ্চিমবাংলায় রেজিষ্টার্ড বেকারের সংখ্যা ছিল

৭ লক্ষ ৮৪ হাজার—যাদের ওঁরা অপদার্থ বলেন, চোর জোচেচার বলেন, সেই কংগ্রেদীরা দে সময় পর্যস্ত সরকারে ছিল—তার পরে ১৯৮১-৮২ সালে সেই সংখ্যা বেড়ে হয়েছে ১৭ লক্ষ ৮৪ হাজার। অর্থাং এই বিশিষ্ট কমিউনিষ্ট সরকার ক্ষমতায় আসার পরের থেকে আজ পর্যস্ত আমাদের সময়ের চেয়ে ১১ লক্ষ বেকার বেড়ে গেল। গুধু রেজিষ্টার্ড বেকারের সংখ্যাই ১১ লক্ষ বেডে গ্রেছে। মাননীয় অর্থমন্ত্রীর ইকনমিক রিভিউতেই এই তথ্য আছে। অবশ্য আমরা জানি সারা ভারতবর্ষের প্রতি রাজ্যেই বেকারের সংখ্যা বাড়ছে, কিন্তু এ রাজ্যে যে হারে বাড়ছে সে হারে অন্ত কোন রাজ্যে বাড্ছে না। দেশের অন্তান্ত রাজ্যের সঙ্গে আমাদের রাজ্যের বেকারের সংখ্যা বৃদ্ধির হারের কোন সমতা নেই। গোটা দেশের সঙ্গে সামগ্রুস্য রেথে যদি এই সংখ্যাটা বাড়ত, তাহলে আমাদের কিছু বলার ছিল না। সরকার পক্ষের বিভিন্ন মাননীয় সদস্ভর। কেন্দ্রীয় অর্থমন্ত্রীর জিটিসিজম করছেন, অথচ নিজেদের ক্রটির কথা বলছেন না। আজকে শিক্ষিত বেকাবের সংখ্যাই যদি এই হয়, তাহলে অশিক্ষিত বেকারদের সংখ্যাটা একবার চিস্তা করুন। ম্পার, আপনিও আমাদের মত কোন একটি এলাকা থেকে নির্বাচিত হয়ে এসেছেন, সেখানকার বেকার ছেলেদের কথা নিশ্চয়ই আপনি জানেন। আমরা গ্রামাঞ্চলে এবং বিভিন্ন জায়গায় দেখছি যে, বেকার ছেলেরা চাকরি না পেয়ে নিজেরাই পরিকল্পনা করে যাতা, থিয়েটারের দল খুলে নিজেদের কর্মসংস্থানের ব্যবস্থা করে নিচ্ছে। এই প্রসঙ্গে আমি বলছি যে, আজকে কেন্দ্রীয় সরকারও স্থনির্ভর কর্ম সংস্থানের জন্ম বেকার ছেলেদের ২৫ হাজার টাকা করে লোন দিচ্চেন। এই অবস্থায় আজকে যাত্রা থিয়েটারের ওপর ট্যাক্স বসিয়ে মাননীয় অর্থমন্ত্রী ঐ সমস্ত বেকার ছেলেদের উপকারের বদলে অপকার করছেন। আমরা দেখেছি গ্রাম বাংলার বেকার ছেলেরা দলবদ্ধভাবে যাত্রা থিয়েটার করে ১০ দিন ১৫ দিন ধরে যাত্রা থিয়েটারের ব্যবস্থা করে— তার থেকে যে টাকা লাভ হয়, তা তারা নিজেদের মধ্যে সেয়ার করে নেয়। আজক যথন এই রাজ্যের বেকার যুবকদের রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী চাকরী দিতে পার্ছেন না, যথন কেন্দ্রীয় সরকার তাদের খনির্ভর করে তোলার জন্ম ২৫.০০০ টাকা করে *लान फिट्छ।* जात ज्थनरे माननीय **ज्यम** <mark>अर्थ वास्त्रित मस्य फिर्स त्वकातर</mark>मत ওপর আঘাত হানছেন। উনি চাইছেন, বেকাররা বেকার হয়ে থাকুক, আর ওঁরা তাদের মাথায় কাঁঠাল ভাঙবেন, তাদের কমিউনিষ্ট করবেন, নকশাল করবেন, কিন্তু তাদের সমস্থার স্মাধান করবেন না। উনি তাদের উদ্দেশ্যে বলছেন, তোমরা অন্ধকারে থাকবে, অভাবে থাকবে, তাহলেই আমাদের তোমাদের নিয়ে রাজনীতি করায় স্থবিধা হবে। এই অবস্থায় আমার বক্তবা হচ্ছে. শুধু রাজনীতি করার জন্মই যদি রাজনীতি হয়, রাজনীতিতে যদি সমস্তার সমাধান না থাকে তাহলে সেই রাজনীতির আয়ু কত দিনের, সেই রাজনীতির আয়ু স্বল্প কয়েক দিনের। সে রাজনীতি শেষ হয়ে যেতে বাধ্য। মীননীয় ডেপুটি স্পীকার স্থার, আমি মাননীয় অর্থমন্ত্রীর বাজেট বক্ততার মধ্যে রাজ্যের বেকার ছেলেদের বিষয়ে কোন উল্লেখ দেখলাম না। গরীব মাফুষের স্বার্থের কথাও আমরা কিছু দেখতে পাচ্ছি না, চাদীদের কথা কিছু দেখতে পাচ্ছি না।

এখানে মাননীয় অর্থমন্ত্রীর বাজেট বিবৃতির মধ্যে দেখতে পাছিছ যে, উনি যাত্রা, থিয়েটার প্রভৃতির উপর নতুন করে টাক্স বসাছেন। এই সমস্ত টাাক্স বসিয়ে উনি নতুন করে কিছু মাত্র্যকে বেকার করতে চাইছেন। আমি ওঁকে অন্থরোধ করছি, উনি এই সমস্ত নতুন যে করের বোকা গুলি চাপাছেন এগুলি, আর চাপাবেন না। এগুলি টোটালি এ্যাবলিস করুন, অলটারনেটিভলী যেখান থেকে বেশী ট্যাক্স আদায় করা দরকার সেখান থেকে তা করুন। আমরা দেখছি এই রাজ্যে ট্যাক্স আদায়ের ইনফ্রান্টাকচার যা ছিল তা এখন আর ঠিক নেই, সেই জন্ম আমি মাননীয় অর্থমন্ত্রীকে সাজেসন দেব যে, তিনি কেন্দ্রীয় সরকারের কাজ থেকে এফিসিয়েন্ট স্টাফ চেয়ে পাঠান। তিনি কেন্দ্রীয় সরকারকে বলুন যে, আমাকে এফিসিয়েন্ট স্টাফ দাও। কারণ আমরা দেখছি মাননীয় ম্থ্যমন্ত্রী রাইটার্স বিভিংস-এ দাড়িয়ে বলছেন, সারকারী কর্মচারীরা সব অপদার্থ। রাজ্য সরকারের কর্মচারী তথা কো-অর্ডিনেসন ক্মিটির লোকেরা সব অপদার্থ, পুলিশ অপদার্থ। এসব কথা মথ্যমন্ত্রী বলছেন।

ইনক্সাসট্রাক্টার কেন্দ্রীয় সরকার তৈরী করে দেবেন রাজ্যগুলিকে যাতে প্রোপরসোনেটলি সম্পদ বৃদ্ধি পায়। আপনারা সেইদিকে নজর দিন। কয়লার উপর, চায়ের উপর, বেবীফুডের উপর যে সেস্ বসিয়েছেন সেটা এাবোলিস করে দিন। কয়লার উপর, বেবীফুডের উপর, চায়ের উপর দাম বাড়িয়ে গরীব মাতৃষকে মেবে ফেলার চেষ্টা করেছেন। এই ট্যাক্স তাদের ঘাড়ে ফেলবেন না। আপনারা টায়ারের উপর কর বসান, ইলেকট্রোনিক গুডদের উপর কর বসান। এই সমস্ত জিনিষের যারা ব্যবসা করতে যায় তারা ভালমিয়ার ঘরের ছেলে, টাটার ঘরের ছেলে, বিড়লার ঘরের ছেলে। তারা জ্যোতি বহুর ঘরের ছেলে নয়, আশোক মিত্রের ঘরের ছেলে নয়। তাই আমি বলছি, চেষ্টা কয়ন বেকার ভাইদের সমস্থার সমাধান করার জন্ম এবং গরীব মাতৃষদের কথা চিস্তা করে যে যে জিনিমের উপর বিক্রয় কর আরোপ করেছেন সেগুলিকে এাবোলিশ কয়ন এবং এ্যাবোলিশ করে যেগুলিকে কমিয়ে দিয়েছেন তার উপর ট্যাক্স বসান এবং এই ট্যাক্স বসিয়ে প্রমান কয়ন আপনারা গরীব মাতৃষ্যের সরকার, সর্বহারাদের সরকার, বড়লোকদের সরকার নয়। তার্ধুইলেকসানের জন্ম পার্টি তহবিলের কথা চিস্তা না করে গরীব মাতৃষদের কথা চিস্তা কয়ন। হত্রয়ং যে বাজেট এনেছেন তাকে সম্পূর্ণ বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ, বন্দে-মাতরম।

শ্রীজ্ঞানিল মুখার্জী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই আমাদের বিরোধীদলের মাননীয় সদস্য শ্রীস্ত্রত ম্থার্জী মহাশয় কতকগুলি যে অসত্য ভাষন দিয়েছেন সেই সম্পর্কে কিছু তথ্য আপনার মাধ্যমে হাউসের কাছে উপস্থিত করতে চাই। এই কংগ্রেস বিগত ৩০।৩৫ বছর ধরে পশ্চিমবন্ধকে যা ধ্বংস করে গেছে দেটা আর বলার অপেকা রাথে না। ওনারা বলছেন, আমরা

ভভারড্রাভট নিয়েছি এবং ওভারড্রাফট নিয়ে পশ্চিমবন্ধকে নাকি আমরা দেউলিয়া করে ফেলেছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওনাদের রাজ্বের সময় যে ঋণ নিয়েছিল সেই ঋণের বোঝা আমাদের পরিশোধ করতে হচ্ছে। কংগ্রেস আমলে সেই ঋণ হলো প্রায় সাড়ে ৭ হাজার কোটি টাকা। তার ভিতর আমরা এই বছরে ১০ কোটি টাকা। ঋণ শোধ করেছি। এখন সাড়ে ৬ হাজার কোটি টাকার মতো ঋণ আছে। দীর্ঘ ৩০ বছর ধরে পশ্চিমবাংলাকে পরিচালনা করে বামক্রন্ট সরকারের ঘাড়ে বিরাট অর্থনৈতিক বোঝা চাপিয়ে দিয়েছে। কেন্দ্রীয় সরকার ৩ বছরে ১০ হাজার কোটি টাকা নোট ছাপিয়েছেন আর সারা ভারতবর্ধের রাজ্যগুলি আড়াই হাজার কোটি টাকা নাট ছাপিয়েছেন আর সারা ভারতবর্ধের রাজ্যগুলি আড়াই হাজার কোটি টাকা নাট ছাপিয়েছে। এই ১০ হাজার কোটি টাকার নোট কেন ছাপিয়েছেন 

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি হয়তো জানেন এবং মাননীয় সদস্তরাও জানেন, এই কংগ্রেস গোটা ভারতবর্ধকে ঋণের মধ্যে ডুবিয়ে ফেলেছেন। প্রায় ২৪ হাজার কোটি টাকা ঋণ বিদেশের কাছ থেকে করেছে। স্থতরাং লজ্জা হওয়া উচিত। আভ্যন্তরীণ ঋণ আর বিদেশী ঋণ যোগ করলে দাড়ায় ৭০ হাজার কোটি টাকা। স্থতরাং ওরা এইভাবে ঋণ করছে আর নোট ছাপিয়ে চলেছে ভারতবর্ধের অর্থনীতিকে পঙ্গু করার জন্ম আর এথানে পশ্চিমবঙ্গ সরকারের ২০০ কোটি টাকার সমালোচনা করছেন। আপনাদের লজ্জা লাগা উচিৎ, দ্বণা লাগা উচিৎ, নিজেদের সম্পর্কে দিলেটে। পাকা উচিৎ। মাত সাতটি পরিকল্পনা কবে ভারতবর্ধের মাতুমকে ডুবিয়েছে।

## [2-40-2-50 P.M.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশর, আজকে এইমাত্র স্থবতবাবু বলে গেলেন আমরা নাকি নন প্র্যান এক্সপেণ্ডিচার বেশী করছি। এখানে ঐ আমলের অনেক মন্ত্রী মহাশয় রয়েছেন আমি উাদের একটু জিজ্ঞাসা করি যে ১৯৭২-৭৩-৭৪ সালে ননপ্র্যান এক্সপেন্ডিচার ছিল ৭৪ পারসেন্ট, আজকে এই সরকারের আমলে সেটা হয়েছে ৬৪ পারসেন্ট। আপনাদের উত্তর কোথায়? বলুন আপনারা কিভাবে ননপ্র্যান এক্সপেন্ডিচার বাড়িয়েছেন? তখন শিক্ষকদের তো আপনারা মাইনে দেন নি, তখন প্রাথমিক শিক্ষকরা খেতে পেতনা, কলেজের অধ্যাপকরা পেটে হাত দিয়ে কলেছে পড়াতেন। মাসের পর মাস তাঁদের মাইনে দিতেন না, এমপ্রয়ীজরা তাঁদের মাইনে পেত না, এই অবস্থা দিনের পর দিন করে রেখে আজকে সতী সাজছেন, অর্থনীতির আলোচনা করছেন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা তথ্য আপনাদের কাছে দিচ্ছি। যে তথ্যের ।
ভিত্তিতে আপনারা দেখতে পাবেন যে ঐ জয়নাল সাহেবরা যখন মন্ত্রী ছিলেন ১৯৭৬-৭৭ সালে
পশ্চিমবাংলার মোট ব্যায়র কত শতাংশ পরিকল্পনা খাতে খরচ হয়েছে। তার একটা হিসাব
আপনার মাধ্যমে হাউসের কাছে আমি রাখছি। ১৯৭৬-৭৭ সালে রাজ্যের যে ব্যয় ৩১'৫২ শতাংশ
হোত ১৯৭৭-৭৮ সালে সেটা বেড়ে—কত বাড়ল ৩১'৮১ এবং এটা ১৯৭৮-৭১ সালে ননপ্লান

এক্সপেনডিচার আগের বছরের চেয়ে ৩৭·৩০ পারদেউ ১৯৭৯-৮০ সালে সেটা ৩০ পারদেউ কমে এল। এই ননপ্রান বাজেট কমে হল ৩০·৪২ এবং পরিকল্পনা থাতে থরচ হল। তারপর এটা ১৯৮২-৮৩ আজকে হয়েছে ৩১.৫২। আজকে এ্যাহ্মেল প্রান আউটলের কথা বলছেন, আজকে এই যে ইকনমিক রিভিউ রয়েছে প্রান এক্সপেনডিচার ওসাদের সময়ে স্থব্রতবাবু যথন মন্ত্রী ছিলেন তথন এই এ্যাহ্মেল প্রান আউটলে কত ছিল ৫ ১৯৭২ সালে মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে হাউদকে জানিয়ে দিচ্ছি পশ্চিমবঙ্গে কমগ্রেস আমলে ৩ গুণ প্রান এক্সপেনডিচার করা হয়। ১৯৭২-৭৩ সালে ৬৬ কোটি টাকা ওরা থরচ করতেন আজকে সে জায়গায় ১৯৮২-৮৩ সালে ৫৪০ কোটি টাকা প্রান এক্সপেনডিচার হচ্ছে কারা থরচ করছে। সমস্ত দিক দিয়ে একের পর এক একটা তথা দিয়ে এই হাউদের সামনে ওনারা আলোচনা করুন, পরিসংখ্যান দিন, দিয়ে দেখুন এই সরকারের আমলে কি হয়েছে। স্ব্রতবাবুর মুথে শুনছি পশ্চিমবঙ্গের প্রতি অবিচার করা হয়িন, স্ব্রতবাবু জবাব দিন যে কেন আমাদের পেটো কেমিকেল হচ্ছে না, কেন ইলেকট্টনিক হচ্ছে না আমাদের পশ্চিমবঙ্গের মাহুষের জন্ত কেন হলদিয়ায় জাহাজের কারখানা হচ্ছে না ও

স্কুত্রতবাবু জ্বাব দিন কেন এখানে কোন পরিকল্পনা হচ্ছে না? কেন নতুন শিল্প এখানে গঠিত হচ্ছে না ? হলে লক্ষ লক্ষ মামুষকে আমরা কাজ দিতে পারতাম। কিন্তু দেই কাজ ওঁরা কিছতেই করবেন না, কারণ আজ যদি পশ্চিমবঙ্গ আদর্শ রাষ্ট্রে পরিণত হয় তাহলে ওঁদের গদি থাকবে না। সারা ভারতবর্ষের দিকে তাকিয়ে দেখন—সেথানে দাউ দাউ করে আগুন জলছে, অর্থনৈতিক বিপর্যয়ের ফলে মামুষ থেতে পাচ্ছে না। আজকে যদি পশ্চিমবন্ধ তথা অত্যান্ত রাজ্য গুলি স্বাবলম্বী আদর্শ রাজ্যে পরিণত হয়ে যায় তাহলে কেন্দ্র বাতিল হয়ে যাবে—সেই কারণেই কেন্দ্র সর্বদা যভয়ন্ত্রে লিপ্ত হয়ে আছে। সেই কারণেই পশ্চিমবঙ্গকে তার প্রাপ্য অর্থ দিতে চাইছে না, সর্বদা বিমাতকস্থলভ আচরণ করছে। এই কথা কিন্তু স্বত্তবাবু হাউদের কাছে বললেন না। ওঁরা বলছেন যে ওঁদের সময় নাকি কৃষিক্ষেত্রে বিরাট উন্নতি হয়েছিল! কোথা থেকে তথ্য পান-জানিনা, কিন্তু এখানে যে অর্থনৈতিক রিভিউ আছে। ১৯৮১-৮২ এবং ১৯৮২-৮৩ সালে পশ্চিমবাংলায় খরা হয়েছিল যার নজির গত ১০০ বছরের ইতিহাসে নেই। কিস্তু সেই খরার মোকাবিলা এই রাজ্যসরকার করেছে। যে বন্তা ১৯৭১ সালে হয়েছিল তার মোকাবিলাও এই বামফ্রণ্ট সরকারই করেছে। বাজেট আলোচনা করতে গিয়ে তার উল্লেখ কিন্তু ওঁরা একবারও করলেন না। আজকে আসাম থেকে হাজার হাজার রিফিউজি এনে ফেললেন। বাংলাকে দ্বিগণ্ডিত করা হোল। সেই ১৯৪৭ সাল থেকে উদ্বাস্তদের স্রোত আজও পশ্চিমবাংলায় আসছে। এ ব্যাপারে কি কেন্দ্রীয় সরকারের কোন দায় দায়িত্ব নেই বলতে চান ? এ-বিষয়টা একবারও উল্লেখ করলেন না। লক্ষ লক্ষ বেকার আজে বিভিন্ন রাজ্যে বেড়েই চলেছে। এ ব্যাপারে যে কেন্দ্রীয় সরকারের সচেতন হবার দরকার আছে তার উল্লেখ কিন্তু করলেন না। আজ মহারাষ্ট্রের কথা, অন্ত রাজ্যের

कथा वलहान. ১৯৬०-৬১ माल शांत क्यांशिंही इनकार्यात कथा वलहान! किन्छ ১৯१२-१७ माल পশ্চিমবন্ধকে কোথায় নামিয়ে আনলেন ? ১৯৭২-৭৩ সালে যথন মহারাষ্ট্রে ১২৫, তামিলনাডু এবং হরিয়ানায় ১৩৫, তথন পশ্চিমবঙ্গে ২৯।৩০ টাকা পার ক্যাপিটা ইনকাম এই অবস্থায় নামিয়ে আনলেন পশ্চিমবন্ধকে ১৯৭২-৭০ সালে। জরুরী অবস্থার সময় অর্থাৎ ১৯৭৫-১৯৭৬ সালে ওঁরা নাকি এখানে গম বিপ্লব করেছিলেন। আর এটা করে ওরা পশ্চিমবাংলার পার ক্যাপিটা ইনকাম এখানে নামিয়ে আনলেন। এই রেকর্ড ইকনমিক রিভিউতে রয়েছে। দেগুলো বললেন না! ১৯৬০-৬১ সালে যথন পশ্চিমবাংলার পার ক্যাপিটা ইনকাম ছিল ১৪ টাকা, তথন কিন্তু পশ্চিমবাংলার স্থান ছিল সর্বোচ্চে। অবশ্য তাতে আপনাদের ক্বতিত্ব কোথায় ? সেই কংগ্রেম তো পরলোকগত কংগ্রেম। তাঁরা তো আপনাদের কেউ নন। সেই কংগ্রেমের বাই-প্রভাক্ট আপনারা। অতুল্য ঘোষের মাথা মুড়িয়ে দিয়েছেন, কামরাজ প্ল্যান করে স্বাইকে তাড়িয়েছেন। স্বাইকে তাড়িয়ে আজ একেশ্বরী হয়ে বসেছেন। আজ রাজ্যের অর্থনীতি নিয়ে আপনারা আর তুলনা করবেন না। আপনাদের মায়ের সস্তানরা কি করছেন ? আপনারাই বা এখানে কি করেছেন সেই কথা বলুন ? আজ ভারতবর্ষের পবিকল্পনার জন্ম প্রাানিং কমিশন করেছেন। সেই প্ল্যানিং কমিশনের রিপোর্টে তারা কি করছেন ? সংবিধানে সোশালিষ্টিক প্যাটার্ণের কথা একবার বললেন। আবার সোশালিজম-এর কথাও সংবিধানে বলছেন। এটা আপনাদের কেন্দ্র বলচেন, আমরা নই। আপনাদের কেন্দ্রীয় সরকারের একটি কথা এথানে উল্লেখ করছি। তাঁরা বলছেন ভারতের প্রধান ৮টি শহরের মধ্যে উছান-শহর ব্যাঙ্গালোরে জিনিষের দাম স্বাধিক, স্বচেয়ে কম কলকাতায়। কাজেই দেখতে পাচ্ছেন ভোগ্য পণোর মূল্যস্থচক এখানে কম ৷

#### [ 2-50—3-00 P. M. ]

আজকে লোকসভায় এই কথা জানানো হয়। আপনাদের দলের মন্ত্রী শ্রীবীরেক্র পাতিল এই কথা বলেছেন। আপনাদের মন্ত্রী বীরেক্র পাতিল বলেছেন যে কলিকাতায় জিনিষের দাম কম। এখানে এখন এই অবস্থা চলছে। স্কতরাং আমরা দেখতে পাচ্ছি ওনারা যখন যে রাজ্যে রয়েছে—
ব্যান্ধালোর, কর্ণাটক সেই রাজ্যে জিনিসের দাম বেশী। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এতে ওঁনাদের গায়ের জালা হচ্ছে। কেউ কেউ আবার বলেছেন ডি. এস. টি. সি, সি. এস. টি. সি.তে লোকসান যাচ্ছে। এই সব সংস্থার লোকসানের কথা ওনারা তুলেছেন। ভারতবর্ষে এমন কোন রাজ্য দেখান তো গুজরাটকে বাদ দিয়ে—যেখানে স্টেট ট্রান্সপোর্ট করপোরেসনে লোকসান হয় না। সমস্ত রাজ্যে এই সংস্থায় ১২, ১৬, ১৪ কোটি টাকা সাবসিডি না দিলে চলে না। ১ গুজরাটকে বাদ দিয়ে ভারতবর্ষের সমস্ত রাজ্যে স্টেট ট্রান্সপোর্ট এবং পাবলিক সেক্টরগুলিকে সাবসিডি দিতে হয়। পশ্চিমবাংলায় অনেক পাবলিক সেক্টর আছে ষেখানে লাভে চলে, কোন ক্ষতি হয় না। এই অবস্থা পশ্চিমবাংলায় আছে। আপনারা যে সব

সরকারী অধীনে যে সমস্ত প্রতিষ্ঠান আছে. কংগ্রেস সরকার পরিচালিত যে সমস্ত প্রতিষ্ঠান আছে, তাতে লোকসানে ভোরে আছে। এই রাজ্যে কয়েকটি পাবলিক সেরুর লোকসানে চলেছে। এই অবস্থা সৃষ্টি হয়েছে কেবলমাত্র তোমাদের অর্থনীতির জন্ম। এটা হলো মিক্সড ইকনমিব জন্ম। ইট ইজ এ মিসনোমার ইকনমি। অনেক ইকনমি আছে। যেমন সোসালিষ্টিক ইকনমি আছে. ক্যাপিটালিষ্টিক ইকন্মি আছে। এটা কি ইকন্মি ? এটা হলো মিক্সড ইকন্মি। মনে হয় সোনার পাথর বাটি। সমস্ত ভারতবর্ষে এই অর্থনীতি চালিয়ে যাচ্ছেন। সারা ভারতবর্ষের মারুয়কে আপনারা শোষন করতে চান। আপনারা দিল্লীতে বদে সারা ভাবতবর্ষের গ্রবীব মাহুষকে শোষন করছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আরো ছ-একটি কথা বলতে চাই। ওনাবা অনেকে বিচ্যাতের কথা বলেছেন। ওনাদের সময় বিহ্যাত কি অবস্থায় ছিল 'আর আমাদের সময় বিচাতের কি হয়েছে দেটা আমি বলতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওনারা হাউসের সামনে কোনদিন স্ত্যু কুণা বলেন না। আমি ১৯৭৬-৭৭ মালের ইন্স্ট্রন্ড ক্যাপাসিটি কত ছিল মেট। বলছি। যে সময়ে ওনাদের মনীর ছিল, জরুরী অবস্থা ঘোষণা করে ব্যক্তিগত অধিকার ছিনিয়ে নিয়েছিল এবং ষ্ট্রীম বোলার চালিয়ে রাজত্ব করেছিলেন, সেই ১৯৭৬-৭৭ মালে কথা বলচি সেই সময় ইনস্টলড ক্যাপাসিটি ছিল ১৬২৫ এবং এই বামফ্রণ্ট সরকারের আমলে তো হলো ২৫৫৩। যথন ভাল কান্ধ হবে তথন ওঁরা বলবেন আমরা করেছি আর যথন কোন থারাপ কাজ করা হবে। একটা প্রবাদ আছে—"কখন খেয়েছিলাম ঘি. আমার হাতে কি"। কবে ঘি খেয়েছিলেন মেই গদ্ধ কি এখন • পাওয়া যাবে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি স্বব্ৰতবাবুকে একটা কথা বলতে চাই। এই রাজাে কৃষির উৎপাদনের ক্ষেত্রে একটা বিরাট উন্নতি হয়েছে। ১৯৮১-৮২ সালে কৃষিক্ষেত্রে ১৪৯৮-৫২ কোটি টাকা
থেকে ১৯৮২-৮৩তে প্রচণ্ড থরা হওয়া সত্ত্বেও ১৪৯৭ কোটি টাকায় দাঁভালেও ১৯৮৬-৮৪ সালে তা
বেড়ে ১৭৬৮-৫৬ কোটি টাকায় পৌছেছিল। বিহাতের ক্ষেত্রে, গ্যাস এবং ওয়টিব সাপ্লাইয়ের
ক্ষেত্রে :৯৮১-৮২তে ছিল ৬৮-৮৩ কোটি টাকা, ১৯৮২-৮৩তে হয়েছিল ৪২-৮৩ কোটি
টাকা এবং তারপরে ১৯৮৩-৮৪তে হয়েছিল ৪৫-১৯ কোটি টাকা। ম্যান্তফাাকচারিং
ইণ্ডাষ্ট্রি ও ইনজিনিয়ারিং শিল্পে ক্ষেত্রে ১৯৮১-৮২তে ৪৯৬-৭৬ কোটি টাকা। ম্যান্তফাাকচারিং
ইণ্ডাষ্ট্রি ও ইনজিনিয়ারিং শিল্পে ক্ষেত্রে ১৯৮১-৮২তে ৪৯৬-৭৬ কোটি টাকা। সত্তরাং
ইন অল ক্ষেত্রার্স অফ লাইফ কেন্দ্রের নানা ধরণের বাধাদান ও বিরোধিতা সত্তরাং
ইন অল ক্ষেত্রার্স অফ লাইফ কেন্দ্রের নানা ধরণের বাধাদান ও বিরোধিতা সত্তেও
অগ্রগতি এথানে ঘটেছে। নানাভাবে পরিকল্পনা করা সত্তেও পশ্চিমবঙ্গের অগ্রগতি অব্যাহত
রয়্মেছে এবং আগামী দিনেও তা হবে। গুরা একথা হয়ত জানেন না যে পশ্চিমবাংলায় আজ্ব কর
ধার্যের কোন জায়গা থোলা নেই। সেলস্ব ট্যাক্সের কথা ওরা বলেছেন। ওদ্বের সময়ে এনট্রি

ট্যান্ধের আদায় বাড়েনি। এনট্রি ট্যাক্স ও লটারীর ক্ষেত্রে ওদের সমরে কালেকশানস थ्व कम हिल। ১৯৭২-১৯৭৬ माल পर्यस्त कालकमानम् या हिल, ১৯৭৭-१৮ माल থেকে শুরু করে ১৯৮২-৮৩ সাল পর্যস্ত সমস্ত বিষয়েই কালেকশানস্ বেড়েছে। কিন্তু মন্ত্রীমহাশয় করবেন কি ? এত কালেকশান করা সত্তেও আসল রিসোস টুকু কেন্দ্র ক্রমশঃ তুলে নিরে চলে যাচ্ছে। ইনকাম ট্যাক্সের ব্যাপারে দেখুন—একটা অভূত ব্যাপার কেন্দ্রীয় অর্থমন্ত্রী বল্লেন আমরা ৫ পারদেউ কমিয়ে দিয়েছি। স্থালারিড পিপুল এর উপরে ক্রমান্বয়ে অনেক কমে গেল। এরফলে রাজ্যগুলির কি হচ্ছে ? রাজ্যগুলির এর ফলে প্রচুর অর্থ ক্ষতি করলেন। অথচ সারচার্জের ক্ষেত্রে কিছু কমল না, ক্রমশ: তা বেড়েই চলেছে— ৭, ৮, ১, ১০, ১২ ইত্যাদি করে বেড়ে চলেছে। ইনকাম ট্যাক্সের টাকা রাজ্য পায়, তার শেয়ার কেন্দ্র পায় না, তাই কমল। আর সারচার্জ'এর অর্থ কেন্দ্র পোরে থাকে, তাই বেড়ে চলেছে। এইভাবে রাজ্যগুলোকে কলোনী করে রেখেছেন। রাজ্যের ক্ষেত্রে বলছেন, আমরা কোন ভরতুকি দিতে পারব না। অথচ রাজ্যগুলিতে উপনিবেশ স্বষ্ট করে চলেছেন। রাষ্ণ্য ত্রেকে ৬-৬॥ হাঙ্গার কোটি টাকা তুলে আমাদের হাতে ১৫০০ কোটি থেকে ২০০০ কোটি টাকা দিচ্ছেন। আমি তথ্য দিয়ে দেখাতে পারি, অর্থ-নৈতিক দিক থেকে আমাদের আজ আপনারা কোথায় নিয়ে এসেছেন। ভারতবর্ষে আজ ৭,০০০ হাজার কোটি টাকা হচ্ছে কালো টাকা, এগুলো আপনারা ধরতে পারছেন না। কালো টাকার মালিকদেরই আপনারা বিধানসভায় বা কেন্দ্রের পার্লমেণ্টে নমিনেশন দিয়ে বসাচ্ছেন। আমরা দেখছি, টাটা, বিজলা প্রভৃতি বড়লোকদের নমিনেশন দিচ্ছেন। বড়লোক, শিল্পপতিদের দেওয়া কালো টাকার বিনিময়ে আজ আপনারা এ কাজ করে চলেছেন। ফলে বিধানসভা বা পাল মেণ্ট তারাই দখল করে আছে।

# [3-00—3-35 P.M.] [ including adjournment ]

স্থাতার স্থাতারিকভাবে পশ্চিমবাংলায় আজ কালো টাকা নেই। গত সাড়ে ছয় বছরে কেন্দ্রীয় সরকার এই রাজ্য থেকে আয়কর, পণ্য শুল্ক, কর্পোরেশান কর বাবদ ৯ হাজার ১৩২ কোটি টাকা নিয়েছেন, আর রাজ্য তার অংশ বাবদ পেয়েছেন মাত্র ১ হাজার ৫৩৩ কোটি টাকা। এতাবে তারা উপনিবেশ তৈরী করছে। অর্থাত পশ্চিমবাংলাই তাদের তরতুকী দিচ্ছেন। দেশটা ইন্দিরা গান্ধীর জমিদারী নয়। তারতবর্থের মাছ্রবের টাকা সেই টাকার আয়্য অংশ দেবার জন্ম আমরা বলছি। স্বত্রতাবু প্রাথমিক শিক্ষার কথা বলেছেন। শিক্ষা থাতে কেন্দ্রীয় সরকার ২% বয়য় করেন, আমরা সেথানে ২০ থেকে ২৫-৩০% পর্যন্ত বয়য় করিছি। দেশের মাছ্র্যকে ওরা অশিক্ষার মধ্যে রাথতে চাওয়াতে শোবনটা স্থবিধ। হয় এবং সেজন্ম ওরা শিক্ষার থাতে বয়য় করেননি। অন্যদিকে আমরা মাছ্র্যকে সচেতন করতে চাই, শোবনের বিকল্পে মান্ত্র্যকে গড়ে তুলতে চাই। তাই আমরা বাজেটের শতকরা ৩০।৩৩ ভাগ ধরচ করিছি পরিকল্পনার থাতে। আপনাদের সময়ে আপনারা ১৯৭২ সালে ৬৬ কোটি টাকা ধরচ করেছিলেন। আয় বন্টন, বর্তমান কাঠামোর সাথে ব্যাপক

বেকারী এবং উৎপাদন ক্ষমতা কম ব্যবহারের কোন সম্পর্ক আছে কিনা সেটা অন্ত্সদ্ধান করবার দায়িছ। সেটা কমিশন নয়, কাঠামোগত ব্যবহারিক তথাগুলি আজকে বর্থনীতিকে ক্ষতিগ্রন্থ করছে। আজকে রাজধানীতে তামাশা করছেন। সেজস্ব আই এম এফের কাছ থেকে ঋণ নিয়ে >হাজার কোটি টাকা থরচ করতেন। কমনওয়েলথ নেতাদের নিয়ে গিয়ে প্রমোদ করার জন্ত গোয়ায় ৪০ কোটি টাকা থরচ করতেন। আমাদের মুখ্যমন্ত্রী ৬ হাজার টাকা এলাউন্প পান, অন্তদিকে মহারাষ্ট্রে মুখ্যমন্ত্রীর এলাউন্প ৭ লক্ষ টাকা। নন প্র্যাণ্ড এক্সপেনডিচার এবং প্ল্যাণ্ড এক্সপেনডিচারের কথা বলেছেন। দিলীতে যে এশিয়াড হল সেথানে একটা হাতীকে নিয়ে যাবার জন্ত ভালক টাকা থরচ করলেন। সেথানে পশ্চিমবাংলার মাহ্ম্ম না থেয়ে মরছে। তাদের বাঁচাবার জন্ত আমরা আমাদের ল্যান্য পাওনা চাচ্ছি। রাজ্যগুলিকে অর্থ নৈতিক দিক থেকে পঙ্কু করে ভারতবর্থের অর্থ নীতিকে এমন জায়গায় নিয়ে এসেছেন যে ঘ্রথান থেকে মাহ্ম্ম বাঁচতে পারেনা। ৫০% লোক আজ আণ্ডার নারিশ্যেটের মধ্যে আছে, সেথানে স্বত্রতবার্কোথা থেকে ২১% পেলেন জানিনা। সর্বশেযে এই বাজেট পেশ করার জন্ত অর্থ মন্ত্রীকে ধন্তবাদ দিয়ে বাজেটকে সমর্থ ন করে আমি শেষ করছি।

( At this stage the house was adjourned for half-an-hour )

[3-35-3-45 P.M.]

প্রী অভীশ চন্দ্র সিংহঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বাজেট আমাদের সামনে উথাপিত হয়েছে সেই বাজেটের আমি বিরোধিতা করছি। আমার আগে অনিলবাবু কিছু বক্তবা রেখেছেন প্রথমে আমি তার কয়েকটির জবাব দিতে চাই। প্রথমে তিনি বলেছেন কংগ্রেস আমলের ঋণ নাকি তাঁদের শোধ করতে হছে। কোন কাণ্ডজ্ঞানহীন ভদ্রলোক যদি এইভাবে কথা বলেনতাহলে বলার কিছু নেই। তার কারণ সাধারণ জ্ঞান যদি কারোর কিছু থাকে তাহলে তিনি জ্ঞানেন প্রত্যেক সরকারের কিছু না কিছু ঋণ থাকে। আমরা যথন ১৯৭২ সালে এসেছিলাম তথন আমাদের পূর্ববর্তী সরকার কিছু ঋণ রেখে গিয়েছিলেন, আমরা সেই ঋণ শোধ করেছে। তারপর আমাদের সময়ে কিছু ঋণ হয়েছে সেই ঋণ এই সরকারকে শোধ করতে হছে। আবার এই সরকার যে ঋণ করে যাবেন পরে যারা সরকারে আমবেন তাঁদের সেই ঋণ শোধ করতে হবে। স্থতরাং এতে অস্বাভাবিকতা কিছু নেই। তারজন্য যদি একথা বলেন যে ঋণ শোধ করতে করতে আমাদের ঘাড় ত্মড়ে যাছেছ তাহলে আমি বলব যে অর্থনীতি সম্বন্ধে তাঁরা কিছু জানেন না, অর্থনীতি কিভাবে চালাতে হয় সে সম্বন্ধে কিছু জানেন না। তারপর বলেছেন আমাদের ভারতবর্ষ নাকি বৈদেশিক ঋণে হার্ডুবু থাছে। স্থার, একটা পরিসংখ্যান আমি আপনার কাছে দিতে চাই। আমাদের ভারতবর্ষর গার্বিক প্র্যান ১ বছরে প্রায় ৩০ হাজার কোটি টাকা। সে তুলনায় বিদেশী ঋণ মাত্র ৭ পার্নেটি। এই ৭ পার্নেটি ঋণের জল্প য়িদ বলেন আমাদের ভারতবর্ষ বিদেশী ঋণ মাত্র ৭ পার্নেটি এই ৭ পার্নেটিট ঋণের জল্প য়িদ বলেন আমাদের ভারতবর্ষ বিদেশী ঋণ মাত্র ৭ পার্নেটিট এই ৭ পার্নেটিট অংগর জল্প য়াদি বলেন আমাদের ভারতবর্ষ বির্দেশী ঋণ মাত্র ৭ পার্নেটিট এই ৭ পার্নেটিট ঋণের জল্প য়িদ বলেন আমাদের ভারতবর্ষ বির্দেশী ঝণ্ড মাত্র ৭ পার্নেটিট আনের জল্প য়াদি বলেন আমাদের ভারতবর্ষ বির্দেশী ঝণ্ড মাত্র ৭ পার্নেটিট আনের জল্প য়িদ বলেন আমাদের ভারতবর্ষ বির্দ্ধেশী ঝণ্ড মাত্র ৭ পার্নেটিট মাত্র ৭ পার্নেটিট আনের জল্প য়িদ বলেন আমাদের ভারতবর্ষ বার্টিটিটাকা। সেই জন্মন্তর্ম বির্দ্ধেশী ঝণ্ড মাত্র ৭ পার্টেটিটাকা এই ৭ পার্টেটিটাকার জ্ঞান বির্দ্ধেশী ঝণ্ড মাত্র ৭ পার্টেটিটাকার ডাইটিটাকা এই ৪ পার্টেটিটাকার জল্প য়িদ্ধিক আমানের ভারতবর্ষ প্রত্ন প্রত্ন বির্দ্ধেশী করে পার্টিটাকার আমানির ভারতবর্ষ জার বির্দ্ধিক প্রায়ন করেনিটাকার জল্প মান্টিটাকার আমানির ভারতবর্ষ প্রত্ন স্লায়ন করেনিটার করেনিট

একেবারে মাথা বিকিয়ে বসে আছে, বিদেশী ঋণের জন্ম আমরা হাব্ডুব্ থাচ্ছি তা হলে বলার কিছু নেই। আপনি নিশ্চয়ই ব্রুতে পারবেন যেথানে ৩০ হাজার কোটি টাকা বার্ষিক প্র্যান সেথানে ৭ পার্সে বিদেশী ঋণ হয়েই থাকে, সেটা মারাত্মক কিছু নয়। অত্যন্ত আনন্দের কথা যে আই এম এফ থেকে যে লোন আমরা নিয়েছিলাম তার শেষ কিন্তি বিভিন্নভাবে আমাদের অর্থ নৈতিক উন্নতি হওয়ার জন্ম নেওয়ার প্রয়োজন হয়নি, তা আমরা প্রত্যাখ্যান করে দিয়েছি। প্রতরাং এতে অস্বাভাবিকতার কিছু নেই। তৃতীয় কথা তিনি বলেছেন আমাদের কেন্দ্রীয় শ্রমমন্ত্রী কলকাতায় নাকি বলেছেন কলকাতায় মূল্য স্বচক নাকি সবচেয়ে কম। এতে আপনাদের কোন্ জ্রেডিট নেই। তার কারণ কলকাতায় মূল্য স্বচক সারা ভারতবর্ষের তুলনায় কম বহুদিন থেকে— স্বাধীনতার আমল থেকে কংগ্রেস আমল থেকে এখনও কম। স্বতরাং বামক্রণ্ট সরকারের এতে উল্লসিত হওয়ার কোন কারণ নেই। চতুর্থ তঃ বলেছেন কেন্দ্রীয় সরকারের শিক্ষা থাতে থরচ কম, এই সরকার নাকি শিক্ষা থাতে প্রচণ্ড থরচ করছেন। আমি পরিসংখ্যানের মধ্যে যেতে চাই না, থরচ হয়ত আপনারা করছেন, কিন্তু একটা প্রশ্ন আপনারা হলফ করে বলুন তো তাতে শিক্ষার মান বেডেছে কিনা প

শিক্ষকদের বেতন বাড়ানোর ফলে তাঁরা কি আরও বেশী করে ক্লাস নিচ্ছেন, তারা পূর্বে যে ছুটি নিতেন তার চেয়ে কি এখন কম ছুটি নিচ্ছেন, তাঁরা কি যত্ন সহকারে শিক্ষার্থীদের পড়াচ্ছেন এই সমস্ত প্রশ্নগুলি যদি নিজেকে করেন তাহলে উত্তর পেয়ে যাবেন। আপনার নিশ্চয়ই স্মরণ আছে, মুখ্যমন্ত্রী নিজেই একবার বলেছিলেন, আমি কাকে কাজ করতে বলব, চেয়ারকে কাজ করতে বলব ? আমরা সকলেই জানি সরকারী কর্মচারীরা কাজ করে না। বেতন ক্ষিশন তাদের বেতন বাড়ানোর পর এই অবস্থা। আমি জিজেদ করি, তাদের বেতন বৃদ্ধির পর তারা কি বেশী করে কাজ করছে, সময়মত অফিসে আসছে এবং বাড়ী যাচ্ছে ? কাজেই পশ্চিমবাংলার শিক্ষার মান একেবারে উপরে উঠিয়ে দিয়েছেন একথা সাধারণ মাত্র্য বিশ্বাস করবে না। প্রকৃত অবস্থা ঠিক এর বিপরীত। শিক্ষকদের এবং সরকারী কর্মচারীদের বেতন বাড়,ক এটা আমরাও চাই। আপনারা বলেন এটা গরীবের সরকার কিন্তু গরীবদের জন্ম কি করলেন ? যাঁদের ৭০০/৮০০/ ১০০০ টাকা মাইনে ছিল তাদের দেড়হাজার, ছ-হাজার টাকা মাইনে করলেন। এই বেতন বৃদ্ধিতে গরীবদের কি উপকার হল ? দেখা ঘাচ্ছে মাইনে বাড়িয়ে আপনারা তেলা মাথায় তেল দিলেন। এতে সত্যিকারের গরীব মামুষের সত্যিকারের কোন উপকার হয়েছে বলে আমি মনে করিনা। মাননীয় স্পীকার মহাশয়, অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট ভাষণ দিয়েছেন আমি তা মন দিয়ে পড়বার চেষ্টা কর্রেছি এবং দেখেছি এর মধ্যে অনেক ল্রাস্ক এবং অসত্য কথা রয়েছে। আমার অনেক কিছু বলার ছিল কিন্তু সময়ের অভাবে বেশী বলতে পারব না। ধাহোক, অর্থ মন্ত্রী তাঁর বাজেট বিবৃতির

১৭ প্যারাতে বলেছেন, ১৯৬৫ সাল থেকে ১৯৭৫ সাল পর্যন্ত দেশের অক্তত্র বিচ্যুৎ উৎপাদন যথন ডাবল হয়েছে তথন আমাদের পশ্চিমবাংলায় ১ মেগাওয়াটও হয়নি। আমি তাঁর এই বক্তব্যকে চ্যালেঞ্জ করছি। তিনি যদি আমার বক্তবা ভ্রাস্ত প্রমান করতে পারেন তাহলে আমি তাঁর কাচে ক্ষমা চাইব। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সালের মধ্যে সাঁওতালদিহি ফাষ্ট ইউনিট হয়েছে এবং এটা আমাদের সময় হয়েছে। ওঁদের সময় হয়েছে সাঁওতালদিহি সেকেণ্ড ইউনিট এবং প্রোডাক্সন হচ্ছে ১২২ × ২ = ২৪৪। জলঢ়াকা ১৯৭২ সাল থেকে ১৯৭৫ সালের মধ্যে হয়েছে এবং তার উৎপাদন হচ্ছে > মেগাওয়াট। লিটেল রঞ্জিত হাইডেল পাওয়ার ষ্টেশন এটাও ১৯৭২ দাল থেকে ১৯৭৫ দালের মধ্যে হয়েছে এবং তার উৎপাদন হচ্ছে ১ মেগাওয়ার্ট। এই যে কাজগুলি হয়েছে এগুলি আমাদের সরকারের পরিকল্পনায় হয়েছে। আপনারা নতন করেছেন টিটাগর। দি ই এদ দি-কে পার্মিদন দিয়েছেন তারা দেখানে ৬০ মেগাওয়াট তৈরী করবে এবং আগামীদিনে স্থবিধা হবে। ১৯৭২ দাল থেকে ১৯৭৫ পর্যস্ত আমাদের পরিকল্পনা ছিল, দাঁওতালদিহি থার্ড এও ফোর্থ ইউনিট-এর পরিকল্পনা আমরাই করেছিলাম এবং ডি পি এল সিক্স্থ ইউনিটের স্যাংসন আমরাই দিয়েছিলাম। স্বতরাং দেখা যাচ্ছে ১৯৭১ সাল থেকে ১৯৭৫ সাল পর্যন্ত যে সমস্ত কাজ আমরা আরম্ভ করেছিলাম এবং প্লানিং কমিশনের স্যাংসন আনা হয়েছিল সেগুলির কান্ধ হতে হতে এই ৭ বছরে কোনটা হয়ত কমপ্লিটেড হতে চলেছে বা কোনটা হয়ত কমপ্লিটেড হবে ৷

#### [ 3-45-3-55 P. M. ]

কিন্তু সমস্ত পরিকল্পনাপ্তলি আমাদের সময়ে স্থাংসন হয়েছিল। এবং তার মধ্যে কোন কোনটার কাজ আরম্ভ হয়ে গিয়েছিল। আমি একটা একটা করে উধাহরণ দিছি সানতালদিতে তিনটি ইউনিট, ১১০ মেগা ওয়াট করে, ব্যাণ্ডেলে ৫ম ইউনিট, ১১০ মেগা ওয়াট করে, কোলাঘাটে তিনটি ইউনিট ২১০ মেগা ওয়াট করে, ফারাকায় সেনটাল গভর্গমেণ্টের স্থপার থারম্যাল পাওয়ার ষ্টেশন এটাও আমাদের প্রোজেক্ট এবং আমাদের সময়েই স্যাংসন হয়েছিল, জলঢাকা সেকেন্দ্র স্টেনিট ৮ মেগাওয়াট করে, আর রিনচিংটন হাইড্যাল পাওয়ার ষ্টেশন ২ মেগাওয়াট করে, এই সবই ১৯৭২/৭৭ সালের মধ্যে হয়েছিল। আপনারা এখন তার কেবল উদ্বোধন করছেন কত কি করছেন। আস্ত কণা বলে তো আর লাভ হবে না। আর আপনারা সংখ্যাগরিষ্ঠ আছেন বলে সবই পূর্ববর্তীকালের দোমারোপ করে যাবেন, এটা তো হয় না। তাই আমি এগুলি আপনাদের সামনে তুলে ধরছি। আপনারা কনসিভার করে দেখবেন। আমাদের তরফ থেকে অনেকে বলেছেন, যে মাননীয় অর্থ মন্ত্রী মহাশয়, বিভিন্ন জায়গায় ট্যাক্স বিসিয়েছেন। আমি বিস্তারিতভাবে এখানে বলতে চাই না। কেবল বলতে চাই যে আপনারা ৫ টাকা প্রমোদ করের উপর ট্যাক্স বিসয়েছেন। আমি মনে করি এটা খুব গাহিত কাজ হয়েছে। কারণ আজ কাল ৫ টাকার নীচে কোন টিকিট নাই। আজকে গ্রামবালায় বা

বিভিন্ন জায়গায় যে সমস্ত যাত্রা থিয়েটার হয়, সব জায়গাতেই দেখবেন ৫ টাকার নীচে কোন টিকিট নাই। এতে আমার মনে হয় পশ্চিমবাংলার সংস্কৃতির উপর আঘাত হানা হয়েছে। কারণ ৫ টাকার নীচে টিকিট হলে সেটা আজু কাল আর ভায়েবল হবে না ৷ জ্যোতিবাবু যথন অর্থমন্ত্রী ছিলেন তথন তিনি সমস্ত টিকিটের উপর প্রমোদ কর তুলে দিয়েছিলেন। এটা একটু কনসিডার করে দেখনে। কারণ এতে বেশী টাকা আয় হয় না। আমি বলবো যে এইভাবে পশ্চিমবাংলার সংস্কৃতির উপর আঘাত হানাবার চেষ্টা করবেন না। আমি আশা করবো এটা আপনি প্রত্যাহার করে নেবেন। তারপর চায়ের উপর ভীষণভাবে আক্রমণ হয়েছে। বিভিন্নভাবে চায়ের উপর ট্যাক্স বসানো হয়েছে, চায়ের উৎপাদনের উপর, চায়ের উপর শিক্ষা কর, চায়ের নীলামের উপর ট্যাক্স নানাভাবে সেদ বদানোও হয়েছে। চা তো তথু বড় লোকরা থান না। সাধারণ গরীব মাতৃষ ভিখারী থেকে আরম্ভ করে যারা এমন কি ছবেলা ছমঠে। খেতে পায় না তারা একমাত্র এক কাপ চা থেয়ে দিন কাটায়, চায়ের উপর এইভাবে আক্রমণ করে, তাদেয় আঘাত হানা হয়েছে। আমি বলবো চায়ের উপর যে কর বসিয়েছেন সেটা প্রত্যাহার করে নিন। আপনি সারের উপর কয়লার উপর দেদ বসিয়েছেন। আমরা নিশ্চয় জানি এতে গরীব মান্তব ক্ষতিগ্রস্ত হবে। কারণ যে দেস বসিয়েছেন সেটা টার্প ওভার হয়ে সারের দাম বাড়বে, করলার দাম বাড়বে। অর্থ মন্ত্রী বলচেন যে সমস্ত কর প্রস্তাব করেছেন তাতে জিনিসের দাম বাডবে না। কিন্তু ব্যবসারীরা বলচে, চেম্বার অব কমাস্বিল্ডে ইয়া দাম বাডবে। কারণ আমাদের দেশে এমন সৎ ব্যবসায়ী নাই যে তারা তাদের পকেট এই সেস বাবদ টাকাটা আপনার হাতে তুলে দেবে। অতএব সেস বাড়লে জিনিনের দাম বাড়বে। আর যেগুলি দাম কমিয়েছেন, সাধারণ বুরুতেই পারবে না যে আপনি কর ক্ষিয়েছেন। কারণ বাজারে একবার জিনিসের দাম বাডলে সেটা আর কমে না। এটা আপনি নিশ্ব জানেন। আমি বিশেষভাবে আপনাকে বলচি আপনার ঐ কর কমানোর ব্যাপারে কেউই টেব পাবে না। কাবণ সেই বকম বাবসায়ী আমাদের এই পশ্চিমবাংলায় নাই।

তাই যে সারের উপর ট্যাক্স বসাবার পরিকল্পনা করেছেন তাতে সাধারণ ভাবে কৃষি ভীষণ ভাবে মার থাবে, কৃষি উৎপাদন ব্যাহত হবে। সেইজন্ম ঐ যে সারের উপর টার্ন ওভার, তা প্রত্যাহার করার জন্ম আপনাকে আবেদন জানাবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এরপর শিল্পে আসতে চাই, আপনি জানেন পশ্চিমবাংলায় শিল্পের অবস্থা অত্যক্ত কাহিল এবং এরজন্ম মাননীয় সদস্পরা এবং মন্ত্রী সভার সকলেই কেন্দ্রীয় সরকারকে দায়ী করছেন, যে, কেন্দ্রীয় সরকার কেন পশ্চিমবঙ্গে বিভিন্ন যে সমস্ত প্রজেক্ট চাইছেনু, সেইগুলো দিচ্ছেন না। ঠিক কথা, এইগুলো যদি দিতো, যেমন পেট্রো কেমিক্যাল কমপ্লেকস্ ইলেকট্রনিকস কমপ্লেকস্ ইত্যাদি তাহলে নিশ্চয়ই আরও অনেক ভাল হতো, পশ্চিমবঙ্গে আরও অনেক বেকারদের চাকরি হতো, পশ্চিমবাংলা শিল্পে সমৃদ্ধ হতো। কিন্ধু এটা ভূললে চলবে না, আজকে এই রক্য দাবি যেমন পেট্রো কেমিকেল কমপ্লেক্ষ

ইলেকট্রনিক কমপ্লেক্স, এই রকম যেমন পশ্চিমবন্ধ থেকে চাইছেন, সেই রকম বিভিন্ন রাজ্য থেকেও কেন্দ্রের উপর চাপ আসছে। স্থতরাং সব সময় প্রত্যেক রাজ্য যা চাইছে, তা কেন্দ্রের পঞ্চে দেওয়া সম্ভব নয়। এবং সেই কারণে হয়তো আপনারা প্রচার করবার স্বযোগ পাচ্ছেন। কিন্তু কেন্দ্রীয় সরকারের এই অস্থবিধার কথা আপনাদের নিশ্চয়ই চিস্তা করতে হবে। কিন্তু আজকে দেখুন, যে শিল্প গুলো পশ্চিমবাংলায় আছে, যেমন চটশিল্প, হোলিয়ারী শিল্প, যেমন পাওয়ারলুম শিল্প, এই শিল্পগুলো সম্বন্ধে আপনারা কি করছেন ? আজকে পাটকলে স্ট্রাইক তু মাসের উপর চললো, কিন্তু আজ পর্যান্ত সেই স্ট্রাইক বন্ধ করবার বা তুলে নেবার কোন বন্দোবস্ত হলো না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন পশ্চিমবাংলা এককালে হোসিয়ারী শিল্পে সারা ভারতবর্ষের মধ্যে অগ্রগী ছিল এবং এখান থেকে গেন্ধি, মোজা, ভারতবর্ষের বিভিন্ন এলাকায় গিয়ে সেইঞ্জলো বিক্রি চতো। আজকে এই হোসিয়ারী শিল্প প্রায় গত দেড় মাস, তুমাস থেকে বন্ধ হয়ে থাকার জন্ম আজকে সেই সমস্ত বাজার, যা পশ্চিমবাংলা দখল করেছিল অন্তান্ত রাজ্যে, সেইগুলো দক্ষিণ ভারত এবং অন্যান্ত রাজ্যগুলো সেই সমস্ত জায়গা দখল করে নিচ্ছে। কাজেই আপনাদের যেগুলো আজকে করার মধ্যে আছে, পশ্চিমবাংলায় যে শিল্প ইতিমধ্যে স্থাপিত হয়ে রয়েছে, যার জনা পশ্চিমবন্ধ সারা ভারতবর্ষে বিখ্যাত, সেই শিল্পগুলোকে বাঁচাতে পারছেন না, আপনারা কেবল চাইছেন ইলেকট্রনিক্স ক্মপ্লেক্স দিলো না কেন, সার কারখানা দিলো না কেন, জাহাজ মেরামত করবার কার্থানার অমুমোদন দিলো না কেন. পেটো কেমিকেলস কমপ্রেক্স দিলো না কেন. এই বলে আপনারা বাজার গ্রম করবার চেষ্টা করছেন। আমার বক্তব্য আপনাদের কাছে আপনারা বলেছেন থে ব্যাংকের ক্রেডিট ডিপোজিট রেশিও পশ্চিমবাংলায় কম। যদি কমও হয়, তার কারণগুলো আপনাদের দেখতে হবে। আজকে গ্রামে গঞ্জে কটা লোক, কটা এন্টারপ্রেনিয়র, বাঙ্গালী এন্টার-প্রেনিয়র ভায়েবল স্কীম নিয়ে, কিছু সিড মানি নিয়ে, কিছু টেকনিক্যাল নো হাউ নিয়ে, শত্যিকারের একটা ভাষেবল প্রকল্প নিম্নে ব্যাংকের কাছে যায়, এটা চিস্তা করতে হবে। আজকে যদি বাঙ্গালীদের উৰ্দ্ধ করতে পারতেন, ছোট ছোট ব্যবসা স্থাপন করবার দিকে তাহলে তাদের কিছু কিছু যে সিড মানির দরকার, যেটা আপনারা এখন প্রস্তাব করেছেন, এতদিন পরে আপনাদের মাথায় সেই বুদ্ধিট। থেলেছে যে সেই বেকার ভাতার টাকাটা সিড মানি হিসাবে ব্যবহার করাবো, সেই দিকে থদি আপনারা আরও আগে প্রবনতা দেখাতেন, যদি মিছিল মিটিং করে, থেমন আপনারা কংগ্রেদের বিরুদ্ধে মাত্রুষকে উত্তেজিত করেন। তা না করে আপনার। যদি সত্যি করে বাদালী ছেলেদের ব্যবসা করবার দিকে উদ্বন্ধ করতে পারতেন তাহলে ব্যাক্ষ নিশ্চয়ই এগিয়ে আসতো। আজকে ব্যাক্ক এগিয়ে আসছে না তার কারণ—কলকাতায় হয়তো কিছু থাকতে পারে, কিন্তু গ্রাম গঞ্জের অবস্থা আপনারা সকলেই জানেন, আমরাও জানি, কারণ গ্রাম পেকে আমরা নির্বাচিত হয়ে এসেছি, দেখানে সত্যিকারের ভায়েব্ল স্কীম নিয়ে কেউ আসে না। দেখানে লোকেরা জ্বানেনা যে কি করে ব্যবসা করতে হয়, বছ ব্যাংক কর্মচারী, ব্যাংকের ম্যানেজার আমার কাছে এনে বলেছেন, আমরা ঐগুলো করবো কি, আমাদের কাছে এমন পব স্থীম নিয়ে আদে,

AP(81-1/84)-134

কেউ করে দিয়েছে সেই স্কীম, আমাদের কাছে যথন এনে ফেলে দেয়, যথন ইন্টারভিউতে ছেলেদের আমরা যথন তাদের প্রশ্ন করি, তথন ছেলেরা ভ্যাবাচাকা থেয়ে যায়, কোন উত্তর দিতে পারে না। স্থতরাং আপনারা কি করে বলেন যে তাদের টাকা স্থাংশন করবো? কাজেই আজকে ক্রেডিট ডিপোজিট রেশিও নিয়ে কেন্দ্রের বিদ্ধুদ্ধ চিৎকার করলে চলবে না। ক্রেডিট ডিপোজিট রেশিও নিশ্চয়ই বাড়তো যদি আজকে সত্যিকারের বাঙ্গালীদের উদ্ধুদ্ধ করতে পারতেন, বাঙ্গালী বেকার ছেলেদের যদি উদ্ধুদ্ধ করতে পারতেন যে আজকে ভোমরা ছোট ভোট শিল্প স্থাপন কর, এই তোমাদের প্রজেষ্ট, এই তোমাদের সিড মানি, এই তোমাদের টেকনিক্যাল নো হাউ। এইভাবে তোমরা এগিয়ে এসো। তাহলে নিশ্চয়ই ব্যাংক তথন সেইভাবে এগিয়ে আসতো তাদের সাহায্য করবার জন্ম।

## [ 3-55-4-05 P. M. ]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের টাইমে অনেকগুলি প্রজেক্ট হাতে নেওয়া হয়েছিল। আমি শুধু তু একটি কথা এখানে উল্লেখ করব। একটি খুব আনন্দের কণা, আমি শুনেছি, সত্য কিনা জানি না, অর্থমন্ত্রী মহাশয় বলেছেন বাজেট আলোচনার সময় মাননীয় সদস্ত্রা কি কি প্রকল্প গ্রহণ করার জন্ম বক্তব্য রাখতে চান সেটা তারা এখানে বলবেন, আমি সেইভাবেই কাজ করবার চেষ্টা করব। তিনি এই কথা বলেছেন কিনা আমি জানি না এবং বলে থাকলে সেটা শুধু সরকার পক্ষের সদস্যদের ক্ষেত্রে প্রযোজ্য হবে, না বিরোধী পক্ষের সদস্যদের ক্ষেত্রেও প্রযোজ্য হবে, তাও জানি না। তবে আমি ধরে নিচ্ছি তিনি তু পক্ষকেই মিল করে এই কথা বলেছেন। সেইজন্য আমি ছটি প্রকল্পের কথা এখানে উল্লেখ করছি। টাকার অভাবে মাতুষ আজ স্তিট্ট খুব অভাবগ্রস্ত হয়ে পড়েছে, মান্ত্রকে খব তুঃখ কষ্টের মধ্যে দিন কাটাতে হচ্ছে। ফারাকা হবার পব থেকে গদার ভাওন খুব বেছে গেছে। ভাগীরধী নদী এই কলকাতা পর্যন্ত এনেছে। এর ছুণারে প্রচণ্ড ভাঙ্গন ইচ্ছে। এই ভান্সনের জন্ম বাডী, ঘর, জমি সবকিছু চলে গাছে। এই রক্ম প্রকল্ল করবার জন্ম একজিবিউটিভ ইঞ্জিনিয়ার, স্থপারিনটেণ্ডিং ইঞ্জিনিয়ার, মূর্শিদাবাদকে বহুবার বলেছি। স্থাম করে পাঠাচ্ছেন, কিন্তু টাকার অভাবে সেই স্কীমগুলি স্থাংসাও হচ্ছে না। কিন্তু আমরা দেখতে পাচ্ছি প্রত্যেক বছর হান্ধার হান্ধার বাড়ী ঘর চলে যাচ্ছে, মাতুষের জিনিদ নষ্ট হয়ে যাচ্ছে, জমি চলে যাচ্ছে, মাতুষ গাছ-তলায় বাদ করছে, তবুও টাকার অভাবে এই স্কীম স্থাংসাগু হচ্ছে না। অথচ আমরা দেখতে পাচ্ছি ফিল্মের জন্ম টাকা দেওয়া হচ্ছে, বই ছাপাণোর জন্ম সরকার বিভিন্ন জায়গায় বিভিন্নভাবে লক্ষ লক্ষ কোটি কোটি টাকা স্থাংসান করছেন। গঙ্গার ভাওনের স্কীমগুলি যাতে গুরুত্ব সহকারে দেখা হয় সেইজন্ম আমি মাননীয় অর্থমন্ত্রীকে ৹অমুরোধ করছি। আর একটি স্কীমের কথা ভক্তিবাবু দেদিন বলেছেন তার বক্তব্য রাথার সময়। আমি আর একবার উল্লেগ করছি। সেটা হচ্ছে সিদ্ধেশ্বরী প্রকল্প। এই প্রকল্পটি রূপান্নিত হলে বীরভূম, মূর্শিদাবাদ জেলার প্রভূত উপকার হবে। আমাদের সময়ে ১০ কোটি টাকার প্রকল্প করা হয়েছিল। এখন মূল্য ব্লন্ধির জন্ম ১৫/২০ কোটি টাকা হতে

পারে। এই প্রকল্পটি রূপান্নিত করলে বীর্ভুমের বিরাট এলাকায় সেচ পাবে, এর্শিদাবাদের কান্দী এলাকা বন্যার হাত থেকে মুক্তি পাবে, মূর্শিদাবাদের বিরাট এলাকায় যে সেচ পাবে ১২ট বিষয়ে কোন সন্দেহ নেই। আমি এই ছটি প্রকল্পের কথা মাননীয় অর্থমন্ত্রীর কাতে উল্লেখ কর্লাম, িনি সাহস দিয়েছেন বলে। আমি আশা করব পরে তিনি যথন বিভিন্ন স্কীমের টাকা আংগাও করবেন তথন আমার এই বক্তব্য নিশ্চয় মনে রাথবার চেষ্টা করবেন। মাননীয় অব্যক্ষ মতাশ্য, গ্রামি ক্ষিব ক্ষেত্রে শুধ একটি কথা বলতে চাই। তিনি এখানেও বলেছেন এবং রাজ্যপাল ভার ভাষণের মধ্যেও বলেছেন ১৯৮৩-৮৪ সালে আপনাদের টোটাল ফুড প্রোডাকসান থা হবে তা নাকি ১৯৭৭-৭৮ সালে আমরা যথন ছিলাম তার থেকেও বেশী হবে, তাকে ছাড়িয়ে যেতে পারে। আমনা যথন ছিলাম সেই সময় ১০ লক্ষ্ণ টন থাত উৎপাদন হয়েছিল, সেই উৎপাদনকে হয়ত ছাভিয়ে যেতে পালে মে একসিড দি লিমিট, এইভাবে আপনারা বলেছেন। কিন্তু আমি বলতে চাই ১৯৭৭,৭৮ সাল থেকে প্রায় ৬ বছর চলে গেল—এতদিন আপনারা কি করছিলেন ? গত বছর গুর ভার সুইণাত হয়েছে, এবারে আর গরার দোহাই দিতে পারবেন না। এবারে বাম্পার প্রোডাক্ষান মুক্তে আপনানা বল্ছেন ১৯৭৭-৭৮ সালে ৬ বছর আগে যে প্রোডাক্সান হল্লভিল টেই প্রেডাক্সানে হয়ত আমরা রিচ করতে পারি। অথচ আপনারা বলছেন দ্যিতে নাকি রেভলিউসান বিপ্লব এনে দিয়েছেন। আর সেটা কিসের জন্ম শত্তব হয়েছে ? এই বিপ্লব ভূমি সংশ্লারের জন্মই নাকি সম্ভব হয়েছে এবং বিপুল ভূমি গরাবদের মধ্যে বিলি বর্টন করে দেওয়া হয়েছে, ব্যাংক থেকে হাজার হাজার কোটি টাকা লোন পাইয়ে দেওয়া হয়েছে —এই সবের জন্মই নাকি বিরাট ক্রমি বিপ্লব ঘটে গেছে। একে কি বিপ্লব বলে ১ ত বছর আগে যে প্রোডাক্সান হয়েছিল সেই প্রোডাক্সানে হয়ত রিচ করবেন বল্লেন—লাহলে ক্রিতে রেভলিউমান করেদিলাম বলছেন কি করে ১ এটা কি ধরণের কথা ১ কোন প্রস্থাবিদ্যালয় এই ধরণের কথা বলতে পারে বলে মনে হয় ন।। এই সমস্ত কথাবাটো বনে মাঃ যাকে জ্বি লোকান থাবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেট পুরোপুরি অনুস্পূর্ণ বার্ভেচ। মাননার অর্থ্যপ্র বলেছেন ৭৬৮ কোটি টাকার পরিকল্পনা হবে। কিন্তু আমরাও খুব ভাল করে ল্যান এবং মাননীয় অর্থমন্ত্রীও খব ভাল করেই জানান যে, এবারের পরিকল্পনা মোটেই ৭১৮ কোটি টাকার হবে না, হবে হয়ত ৪৫০ কোটি টাকার, বড জোর ৫০০ কোটি টাকার হবে, তার বেশী হবে না।

কাজেই এই বাজেটে যেসব প্রতিশ্রুতি দেওয়া হয়েছে এবং যেসব পারসংখ্যান দেওয়া হয়েছে তা সম্পূর্ণ ভ্রান্ত এবং আজগুরি বলেই আমরা মনে করি। প্রত্যাং সেই হিসাবেই এই বাজেটকে আমাদের গ্রহণ করতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আর একটি কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করবো। পশ্চিমবঙ্গে প্রথম পরিকল্পনা ছিল ৬৮ কোটি টাকার, গ্রিভীয় পরিকল্পনা ছিল ১৪৮ কোটি টাকার এবং সেখানে চতুর্থ পরিকল্পনাটি

হল ৩০ ং কোটি টাকার উপর আর মাত্র ১৭ কোটি টাকা বাড়িয়ে ৩২২ কোটি টাকার। চতুর্থ পরিকল্পনার সময় হচছে ১৯৬৯ থেকে ১৯৭৩-৭৪ এবং চতুর্থ পরিকল্পনার রচনার সময় এ রাজ্যে ক্ষমতায় ছিলেন যুক্তক্রণ্ট সরকার। ওরা সেই সময় নিজেদের মধ্যে থেয়োথেয়ির জন্ম এবং কি করে পশ্চিমবাংলায় একটা একটা বামপন্থী রেভলিউসান আনা যায় তার চিস্তায় মশগুল থাকার জন্ম প্রাানটা কিভাবে বাড়ানো যায় তারজন্ম সময় দিতে পারেন নি। অন্যান্ম রাজ্য যথন সেই সময় তাদের প্ল্যান তিন গুণ বাড়িয়ে নিতে পেরেছিল সেই সময় অর্থাৎ যুক্তক্রণ্টের আমলে পশ্চিমবাংলার ফোর্থ প্রাান মাত্র ৩০ কোটি থেকে ১৭ কোটি বেড়ে ৩০২ কোটি হল। পশ্চিমবঙ্গের প্রক্তক্রণ্ট এখানে ক্ষমতায় ছিল, তারাই এরজন্ম দায়ী! স্থার, এই কথা বলে, এই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

🔊 শীশ মহম্মদ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের পশ্চিমবঙ্গের মাননীয় অর্থমন্ত্রী ১৯৮৪/৮৫ সালের যে ব্যয়বরাদের দাবী পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আপনার মাধ্যমে কয়েকটি কথা এই সভায় রাখছি। স্থার, আমার ডানদিকে যে বন্ধুরা বদে আছেন তাঁরা যে সব কথা বলে গিয়েছেন আমি সে সম্পর্কে প্রথমে কয়েকটি কথা বলব। জয়নাল সাহেব, সাতার সাহেবের বক্তৃতা আগেই গুনেছি, আজকে স্থব্রতবাবু এবং স্থনীতি বাবুর বক্তৃতা গুনলাম এবং শেষে রাজপরিবারের স্থসন্তান-কান্দির-তাঁরও বক্তব্য শুনলাম। তাঁরা সকলেই বললেন, মাননীয় অর্থমন্ত্রী যে দলিল পেশ করেছেন তা সম্পূর্ণ ভাওতা। স্থার, এ সম্পর্কে বলতে গিয়ে একটি গল্পের কথা আমার মনে পড়ে গেল, সেটা আগে বলছি। 'হু বোন নদীতে স্থান করতে গিয়েছিল। ছোট বোন স্নান করে উঠে গিয়েছে আর বড় বোন এক কোমর জলে मांफिरम चारह, छेर्रेरह ना। एहाँहे त्यांन वलरह, मिमि, छेर्र्ट चाम्न, वलरला चामहि, আবার বললো, দিদি উঠে আয়, বললো আসছি, বারবার বলছে, দিদি কিন্তু উঠছে না। শেষে ছোটবোন বললো, দিদি তুই কি করছিদ আমি জানি।' স্থার, গত ২৭/২৮ বছর ধরে ওরা পশ্চিমবঙ্গে রাজত্ব করে গিয়েছেন এবং যত রকম অপকর্ম আছে দব করেছেন। তারা এখন ভাবছেন, বোধহয় এতেও তাই আছে। তাই তারা বলছেন, এতে মিথ্যা, ভাওতার জাল ছড়ানো হয়েছে। স্থার, পশ্চিমবঙ্গের এই সরকার জনগণের সরকার, জনপ্রিয় সরকার, এই সরকার দিনমজুর, গরিবের সরকার এবং এই সরকার তাদের পাশেই দাঁড়িয়ে আছে, এই সরকারের বাজেটকে তাঁরা বলছেন এটা সম্পূর্ণ ভ াওতা।

## [ 4-05-4-15 P.M. ]

**এপ্রোধ পুরকাইডঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বিবৃতি দিয়েছেন, তার উপর কয়েকদিন ধরে আলোচনা চলচে। সরকার পক্ষ এবং বিরোধীপক্ষের বহু মাননীর সদস্য এর উপর আলোচনা করেছেন। মাননীয় অর্থমন্ত্রী এই যে বাজেট বন্ধর্ণতা দিয়েছেন এরমধ্যে দিয়ে তিনি পশ্চিমবাংলার যে অর্থনৈতিক চিত্র তুলে ধরেছেন, তার মধ্যে সাধারণ মাহুষের আশা-আকান্দা পরিপুরণের কোন চিত্র আমরা দেখতে পাচ্ছি না। এই বিবৃতি, আমি মনে করি, সরকারের একটি বার্থতা এবং সেই বার্থতা ঢাকবার জন্ম তিনি প্রয়াস চালাচ্ছেন। একদিকে নিজেদের ব্যর্থতা ঢাকবার চেষ্টা করেছেন, অপরদিকে পশ্চিমবাংলার সাধারণ মাত্র্যকে ৭৫ কোটি টাকার নতুন করের বোঝা চাপিয়েছেন। যা নিয়ে সাধারণভাবে বহু বিতর্কের অবতারণা হয়েছে। আমি ভার একটি কথা বলতে চাই—বামফ্রণ্ট সরকার নিজেদের গরীবের সরকার বলেন, বলেন যে তাঁরা সাধারণ মাত্রবের আশা-আকাত্রা পরিপুরণ করছেন। কেন্দ্রে কংগ্রেস সরকার, পুঁজিপতি শ্রেণীর সরকার ক্ষমতায়। তাঁরা একদিকে কর, দর, মূল্যবৃদ্ধি এবং মূপ্রাফীতির ছারা দেশের জনজীবনে একটা নৈরাজ্য সৃষ্টি করেছেন, সাথে সাথে পশ্চিমবাংলার বামফ্রণ্ট সরকার কেন্দ্রের সঙ্গে সমানতালে পা ফেলে প্রতিযোগিতা করে এই করের বোঝা দাধারণ মান্নযের উপর চাপাচ্ছেন। আজকে এমনভাবে বাজেট রচনা করা হয়েছে যে বাজেটের মধ্যে দিয়ে দেখতে পাচিছ সাধারণ মামুষের দৈনন্দিন জীবনে তৃঃথ তুঁদশাই বাড়বে। এঁরা কর ধার্য করেছেন ৭৫ কোটি এবং সেই কর তুলবার জ্বন্ম চায়ের উপর, গুড়ো ছধের উপর, সারের উপর কর ধার্য করেছেন। এইভাবে ৭৫ কোটি টাকা কর তুলবার চেষ্টা করেছেন। ওঁরা বলছেন এই করের ফলে সাধারণ মাহুষের ছঃখ-

তুর্দশা বাড়বে না। আমি একটি কথা বলতে চাই, ওরা গরীব মান্থবের কথা বলেন। কিন্তু পশ্চিয-বাংলা কৃষি-প্রধান দেশ। কৃষির সঙ্গে প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে দেশের ৮০ ভাগ মান্থয় জড়িত। আজকে ক্ষেত্রমজ্বর, ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের অবস্থা অত্যন্ত সঙ্কটজনক। কিন্তু আজকে সেই ক্ষেত্রমজ্বদের মজুরীর হার এই বামক্ষট সরকার কিভাবে-নির্ধারিত করেছে দেখন। আমি শুধ্ ১৯৮৩-৮৪ সালের হিসাব দিচ্ছি ২৪ প্রগণা জেলায় ৮.৭১ টাকা, নদীয়ায় ৬.৩৩ টাকা, ম্শিদাবাদ জেলায় ৮.৭০ টাকা—এই হচ্ছে ক্ষেত্রমজ্বদের মজুরীর হার।

ক্ষেত মজ্রদের জন্ম আইন করে তাদের মজুরী দেবার ব্যবস্থা আছে। তার পরিমাণ হলো ১৬ ৯০ টাকা। প্রতিটি ব্লকে এই ক্ষেত মজুরদের মজুরী নির্ধারণ করবার জন্ম ইন্সপেক্টর আছে। এই স্রকার ৭ বছর ধরে ক্ষমতায় আছে। ক্ষেত মজুরদের জীবন সব থেকে তুর্বিসহ, সেই ক্ষেত-মজরদের মজুরী বৃদ্ধি করার জন্ম এই সরকার কার্যত কোন ব্যবস্থাগ্রহণ করেনি। এটা বোকা গেছে যে গ্রামাঞ্চলে যে সমস্ত ধনী চাষী এবং স্থোতদার আছে তাদের স্বার্থের কথা চিন্তা করে এই কাজ তারা করছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয় গ্রামাঞ্চলে যে সমস্ত ক্ষেত মজ্ব আছে তাদের নিয়ে সংগঠি ত আন্দোলন করা দরকার সেটা করছে না। বামফ্রণ্ট সরকারের যে সমস্ত শরিক দল আছে, মাঝে মাঝে লক্ষ্য-করা যায় ধান কাটার মরস্থনে ক্ষেত মজুরদের নিয়ে কাগজে কলমে একটা ধর্মঘট করে। কিন্তু প্রকৃত ক্ষেতমজুরদের নিয়ে মজুরী বৃদ্ধি করার জন্ম যে সংগ্রাম, যে লড়াই করা দরকার সেটা ওরা করে না। তারা ধনী চাষী এবং জোতদারদের স্বার্থের কথা চিস্তা করে সেই আন্দোলন গড়া হবে না। অপর দিকে বলেন যে কেন্দ্রীয় সরকার অসহযোগিতা করছে। সেই জায়গায় দেখতে পাচ্ছি কেন্দ্র কর এবং জিনিষের মূল্য বৃদ্ধি ঘটিয়ে যাচ্ছে। একটার পর একটা জনবিরোধী নীতি তারা গ্রহণ করছে। এখানে এই সরকার বলছে যে কেন্দ্রীয় সরকার যে সমস্ত কর আদায় করে তার থেকে এদের বঞ্চিত করা হচ্চে, ভাবতে আশ্রুষ্য লাগে এদের আন্দোলনের মানটা কোন জায়গায় যাচ্ছে। তাই এরা বলছে যে জ্বন বিরোধী নীতির মধ্যে দিয়ে যে কর আদায় করা হচ্ছে তার থেকে ৪০ ভাগ যদি এরা পায় তাহলে এই সরকারের আর কিছু প্রয়োজন নেই। যে নীতির মধ্যে দিয়ে কর আদায় করুক না কেন সেই লুটের বথরা এই তুই সরকার নিতে চাইছে। এই হচ্ছে এই দরকারের অবস্থা। মাননীয় অধ্যক্ষ মহাশন্ন, আমি এই কথা বলতে চাই মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট এথানে পেদ করেছেন, এই বাজেটের মধ্যে দিয়ে পশ্চিমবাংলার জন-জীবনে কোন উন্নতি হবে না। এবং এর মধ্যে দিয়ে যে ৭৫ কোটি টাকার কর ধার্য করা হয়েছে তাতে পশ্চিমবাংলার জন-জ্বীবন অতিষ্ট এবং দুর্বল হয়ে পড়বে। তাই মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেস করেছেন তার বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীত্মবন্তী মিশ্রেঃ** মাননীর অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার অর্থমন্ত্রী যে বাজেট বরান্দ এনেছেন আমি তার বিরোধীতা করছি। তার কারণ উল্লেখ করার আগে আমি একটি কথা এই হাউদের সামনে তুলে ধরছি। গত ১ই মার্চ মাননীয় অর্থমন্ত্রী বাজেট বরাদ্ধ আনার পর তাঁর বাজেট বিবৃত্তি বই তিনি সেই দিন এই হাউদে বিতরণ করতে পারেন নি। তুর্ভাগ্যের বিষয় গত ১-৬-৮৪ তারিথে এই বিধানসভায় আমরা উপস্থিত ছিলাম না। এই বাজেট বরাদ্দের বিরোধীভা করতে কেন দাঁভিয়েছে তার কারণগুলি আমি উল্লেখ করছি। একটা প্রবাদ বাক্য আছে—"যে ছেলেকে কুমিরে থায় তার মা টে কি দেখলে ভয় পায়।" ৭৫ কোটি টাকা করের বোঝা এই অর্থমন্ত্রী পশ্চিমবঙ্গবাসীদের উপর চাপাতে চেয়েছে। এই বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গবাসীদের উপর তার্যাহহ অর্থ সংকট স্বষ্টি করেছেন সেই অর্থ সংকট মোকাবিলা করার জন্ম পশ্চিমবঙ্গবাসীদের উপর ৭৫ কোটি টাকা কর চাপাতে চেয়েছেন। কিন্তু কেন এই অর্থ সংকট স্বষ্টি হয়েছে তার কারণ এই বাজেট বিবৃত্তির মধ্যে নেই।

## [5-45-5-55 P. M.]

পশ্চিমবঙ্গে আজ অর্থ সংকট স্বৃষ্টি হয়েছে। অর্থ সংকট স্বৃষ্টি করেছেন আপনারাই পরিকল্পনা বহিভুতি খাতে—শুধু বেকারভাতা, নিজের দলের কর্মীদের চাকুরী দিয়ে বহুলাংশে টাকা আপনারা খরচ করেছেন। সরকারী বেঞ্চে বসে সদস্থরা আজ চীৎকার করতে পারেন—আমি তাঁদের এ বিষয়ে ভেবে দেখতে অনুরোধ কর্ছি। গত পঞ্চম পঞ্চবার্ঘিকী পরিকল্পনায় প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে যে টারগেট ছিল, সেই টারগেট অমুযায়ী টাকা আপনার। থরচ করতে পারেন নি। সেই টারগেটে পৌছতে আদৌ পারবেন কিনা একটু ভেবে দেখুন। আমি পরিসংখ্যান তুলে ধরছি। ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনায় প্রাথমিক স্তরে টারগেট ছিল ৮১ লক্ষ ৬৯ হাজার টাকা। ১৯৮০-৮১, ১৯৮১-৮২ এবং ১৯৮২-৮৬-তে ৫ লক্ষ ৩৪ হাজারে পৌছেছেন। বিগত তু বছরে ছিল ১২ লক্ষ ৩৬ হান্ধার টাকা। যে সংখ্যায় পৌছানো দরকার, তাতে পৌছতে পারবেন কিনা সন্দেহ দেখা দিয়েছে। যে টারগেট বা লক্ষ্যমাত্রা স্থির আছে, তাতে পৌছুতে পারবেন কিনা সন্দেহ দেখা দিয়েছে। শুধু দলের লোকদের পোষণ করবার জন্ম টাকা খরচ করতে পারবেন। এই নজির আপনারা দেখিয়েছেন। এই ৫ স্থাতে আবার আপনারা ৭৫ কোটি টাকার নতুন কর পশ্চিম বাংলার মাছবের উপর চাপাতে চাইছেন। এতে মাছবের মনে সন্দেহ দেখা দিয়েছে যে, এই টাকা আপনারা ধরচ করতে পারবেন কিনা। করের বোঝা চাপানোর একমাত্র উদ্দেশ্য হচ্চে দলের যাতে শক্তি বৃদ্ধি পায়, দলের যাতে কল্যাণ হয় এবং দলের লোকেরা যাতে টাকা আত্মসাৎ করবার স্কুযোগ পায় সেই দিকে লক্ষ্য রাথা। এই নজির পঞ্চায়েতের মাধ্যমে টাকা থরচ করার সময়ে আপনার। দেখিয়েছেন। বছ টাকা দেখানে আত্মদাৎ করা হয়েছে। আশা করি, একথা অস্বীকার করবেন না। কয়েকটি এই ধরণের নঞ্জির আমি ইতিপূর্বে এখানে রেখেছিলাম এবং তদস্ত করার অনুরোধ করেছিলাম। তদস্ত যদি করে থাকেন, তাহলে আমার বক্তব্যের যথার্থতা আছে কিনা প্রমাণ হয়ে যাবে। কিন্তু সেই সাহস পশ্চিমবঙ্গের বামফ্রণ্ট সরকারের নেই। ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কেন্দ্রের যোজনা পর্যদ রাজ্যের সঙ্গে আলোচনা করে ৩৫০০ শত কোটি টাকা ধার্য করেছিলেন।

এর মধ্যে কেন্দ্র দিয়েছিলেন ৬৮০ কোটি টাকা। বাকি অর্থ সম্পদ ও অন্যান্ত স্থত্ত থেকে আসার কথা। কিন্তু ১৯৮৩-৮৪-র আর্থিক বছর পর্যস্ত দিয়েছে মাত্র ৭১৮ কোটি টাকা। এছাড়া ওভারড্রাফটের বোঝা ঠেকাতে কেন্দ্র ১৯৮২ সালে পশ্চিমবঙ্গকে বিশেষ ৯৭ হিসাবে দিয়েছে ৩৪০ কোটি টাকা। পরিকল্পনা খাতে রাজ্যের নিজস্ব আদায় থেকে রাজ্য সরকার থরচ করেছেন ১৫৩১ কোটি টাকা।

এর স্বারা প্রমাণিত হচ্ছে ৭৫ কোটি টাকা চাপালে এবং এই টাকাটা রাজস্বে এলে তার বহু টাকা দলীয় শক্তি বৃদ্ধির জন্ম থরচ করবেন। দেশের যাতে উন্নয়নমূলক কান্ধ হয় তা তাঁরা করবেন না। তার জন্ম তাঁরা পূর্বে যে সমস্ত দৃষ্টান্ত স্থাপন করেছেন তা থেকে দেশের সাধারণ মাহ্ম্য এদের চরিত্র সম্পর্কে ভালভাবে বৃশ্ধতে পেরেছেন। তাই অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ এনেছেন আমি তার বিরোধিতা করছি। বন্দেমাতরম।

#### 37th Report of the Business Advisory Committee

Mr. Speaker: I beg to present the 37th Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber to-day and recommended the following revised programme of business for the 22nd March, 1984 and programme of Business from the 23rd March to the 27th March, 1984.

Thursday, 22-3-1984 (i) Motion for Vote on Account.

- (ii) (a) The West Bengal Legislature (Removal of Disqualifications) (Amendment) Bill, 1984 (Introduction).
  - (b) Discussion on Statutory Resolution— Notices given by Shri Suniti Chattaraj, Shri Satya Ranjan Bapuli and Shri Kashinath Misra.

- (c) The West Bengal Legislature (Removal of Disqualifications) (Amendment) Bill, 1984 (Consideration and Passing) -1 hour.
- (iii) The West Bengal Court-fees (Amendment) Bill, 1984 (Introduction, Consideration and Passing)-1 hour.
- (iv) The Indian Stamp (West Bengal Amendment) Bill, 1984 (Introduction, Consideration and Passing) —1 hour.
- (v) The West Bengal Taxation Laws (Amendment) Bill, 1984 (Introduction, Consideration and Passing)-1 hour.
- (i) The West Bengal Appropriation (Vote on Friday, 23-3-1984: Account) Bill, 1984 (Introduction, Consideration and Passing)-15 minutes.
  - (ii) The West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1984 (Introduction, Consideration and Passing)— $1\frac{1}{2}$  hours.
  - (iii) (a) The Lumbini Park Mental Hospital Acquisition Bill, 1984 (Introduction).
    - (b) Discussion Statutory Resolutionon Notice given by Shri Kashinath Misra.
    - (c) The Lumbini Park Mental Hospital Acqui-1984 (Consideration and sition Bill, Passing)—1 hour.
  - (iv) (a) The Calcutta Municipal Corporation (Amendment) Bill, 1984 (Introduction).

# 1984] REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE 1095

- (b) Discussion on Statutory Resolution— Notices given by Shri Fazle Azim Molla, Shri Satya Ranjan Bapuli and Shri Kashinath Misra.
- (c) The Calcutta Municipal Corporation (Amendment) Bill, 1984 (Consideration and Passing)—1 hour.
- Monday, 26-3-84: (i) Demand No. 18 (252-Secretariat-General Services)

-4 hours.

- (ii) Demand No. 19 (253—District Administration)(iii) Demand No. 3 (213—Council of Ministers)
- (iv) Demand No. 27 (265—Other Administrative Services)—† hour.
- Tuesday, 27-3-84: (i) Discussion and Voting on Demands for Supplementary Grants for 1983-84—2 hours
  - (ii) Demand No. 74 [ 363—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Excluding Panchayat) ]
    - (iii) Demand No. 26 (260—Fire Protection and Control)

(iv) Demand No. 40 (284-Urban Development,

- 484—Capital Outlay on Urban Development, and 684—Loans for Urban Development)—3 hours
- (v) (a) The West Bengal Council of Higher Secondary Education (Amendment) Blll, 1984 (Introduction)

- (b) Discussion on Statutory Resolution— Notice given by Shri Kashinath Misra.
- (c) The West Bengal Council of Higher Secondary Education (Amendment) Bill, 1984 (Consideration and Passing)—½ hour

There will be no question for Oral Answers on the 27th March, 1984.

ডাঃ জয়নাল আবেদিনঃ আমার একটা এমেগুমেন্ট আছে। স্থার, আপনি ওয়েষ্ট বেঙ্গল ম্যাপ্রেপ্রিয়েশান বিলের উপর ভোট অন একাউন্টের মাত্র ১৫ মিনিট সময় দিয়েছেন। আমি মনে করি এটা আনজাষ্ট হয়েছে।

মিঃ স্পীকারঃ ভোট অন একাউন্টের উপর ম্যাপ্রোপ্রিয়েশান বিলে এটাই নিয়ম। এটা মুভ করতে হবে, ভোট করতে হবে।

**ডাঃ জয়নাল আবেদিনঃ** আজকে মিনিষ্টার লাষ্ট স্পীকার। এই প্রথা আপনি চালু করছেন। পুরো বাজেটের স্বটা আসছে না।

Mr. Speaker: Dr Abedin, for the first time in the last session a Vote on Account was moved. You know this is the customary practice in the Lok Sabha to move a Vote on Account. It is also followed in Maharashtra and in other States. I had been in the Lok Sabha and Maharashtra last year to understand this procedure, It was the procedure that had been adopted in the last year that there would be no discussion on the Vote on Account of the Appropriation Bill because you will get the whole budget to discuss.

[5-55—6-05 P·M.]

**Dr. Zainal Abedin:** Minister-in-charge will give his reply to us on this apprehension we can raise it.

Mr. Speaker: It is not the custom anywhere in India. neither in Lok Sabha nor in any other State Legislature.

Dr. Zainal Abedin: Then why have you allotted 25 minutes' time?

Mr. Speaker: You will have to be given time for that. If it requires three minutes' time how can I give you more time?

Dr. Zainal Abedin: While 15 minutes' time has been allowed we assume that you have given me this time for explaining something.

Mr. Speaker: No no. Nothing is to be explained. Dr. Abedin, if you explain this thing you will have to make a discussion, and then I will have to extend the time. If there is no explaination there is no problem. This is not a convention anywhere in India. A 'Vote on Account' is moved without any debate.

**Dr.** Zainal Abedin: Sir, again you are deviating from past practice when you say that I cannot discuss.

Mr. Speaker: No question of deviation from past practice. Last time, the Vote on Account was moved. For the first time, in the last session, a Vote on Account was moved. You know it is the customary practice in the Lok Sabha to have Vote on Account, It is also in Maharashtra and other States. I had been to the Lok Sabha and Maharashtra last year to understand this procedure and found that it is the procedure that has been adopted. Last time also it was adopted, and this time there will be no discussion on Vote on Account or on the Appropriation Bill of Vote on Account because you will get the whole budget discussion.

Dr. Zainal Abedin: Sir, may I submit that if you are going to follow this why do you deprive us of the chance of asking some questions after

AP(81-1/84)---138

the Calling Attention notice is replied by the Hon'ble Minister. Don't you deny us? If you copy the Lok Sabha procedure in the case of Vote on Account then why do you deprive us from questioning after the reply is given by the Minister in change in matters of Calling Attention? You are the Chairman of Rules Committee. Why do you not amend the rules then?

Mr. Speaker: You give a proposal. Your member is there. This matter has not been raised. So, no further debate on this issue is allowed. If you want any amendment you can move your amendment and I will put it to vote. Now the Ministet in charge of Parliamentary Affairs will move the motion for acceptance of the House.

Dr. Zainal Abedin: Discussion on Supplementary ৩৩ শো কোটি টাকার জন্ম আমরা ২০ দিন সময় পাই, আর এথানে আপনি ৬৯৪ কোটি টাকার জন্ম ২ ঘন্টায় শেষ করতে চাইছেন। আমরা অস্ততঃ এরজন্ম পুরো একটা দিন পাই।

Mr. Speaker: Aut your representative was there in the Committee.

Dr. Zainal Abedin: No Sir this is not the custom.

Mr Speaker: Na question of custom. In the Business Advisory Committee your representative was there and he agreed to it.

Dr. Zainal Abedin: As our representative was there do you forfeit my right to move?

Mr. Speaker: I do not forfeit your right of moving amendment. But with regard to your earlier question I may say that this is not the parliamentary procedure.

**Dr. Zainal Abedin:** It is the practice that the supplementary budget should be discussed for a full day.

Mr. Speaker: Then please give your amendment.

Dr. Zainal Abedin: I have submitted it to you, and now it is upto you to Decide.

Mr. Speaker: So, you do not move your amendment. Now the Hon'ble Minister-in-charge of Parliamentary Affairs will move the motion for acceptance of the House.

শ্রীপতিতপাবন পাঠকঃ মাননীয় অধ্যক্ষ মহাশন্ন, কার্য উপদেষ্টা কমিটির ৩৭তম প্রতি-বেদনে যা স্থপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্ম আমি সভায় উপস্থাপিত করছি।

মিঃ স্পীকার ঃ আমি আশা করছি সভায় এটা গৃহীত হল।

**ডঃ অশোক মিত্রঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, তিনদিন ধরে ৩১ জন মাননীয় সদস্ত বাজেটের উপর আলোচনা করলেন। আমি অত্যন্ত মনোযোগ সহকারে প্রদা সহকারে প্রত্যেকটি বক্তব্য শুনেছি। আমাদের তরফ থেকে যাঁরা বলেছেন তাঁরা বিরোধী সদস্যদের কিছু কিছু প্রশ্নের জবাব দিয়েছেন, আমি আমার সাধামত আবো কিছু জবাব দেওয়ার চেষ্টা করব। একটা জিনিস আমাকে বলতে হয়, বিরোধীদের তরফ থেকে এতজন সদস্য বললেন কিন্তু প্রধানতঃ তা হল পুন:-পৌনিকতা, খুব বেশী নতুন কথা কেউ বললেন না। সেটা আমার দিক থেকে আক্ষেপের, কারণ যদি নতন কথা শোনা যায় তাহলে মনটা সতেজ হয় ৷ এটা এই বছরে আমি লক্ষ্য করলাম কংগ্রেসের ছয়ের যে পার্টি আছে এখানে এস ইউ দি, তাঁরা একটা ছটো কথা অন্যান্য বার কংগ্রেস থেকে আলাদা কথা বলেন, এবারে কিন্তু থাঁজে থাঁজে মিলে গেছে। স্থতরাং আমারও কিছু স্থবিধা হল সময়ের দিক থেকে। প্রথমে আমি একটা ছুটো খুচরা ব্যাপার নিয়ে বলি। কারণ, সেগুলি নিয়ে বাদামবাদের কোন মানে হয় না. সামাত্ত ব্যাপার। কংগ্রেসের তরফ থেকে যারা বলেছেন তারা স্বাই ১৯৮২-৮৩ সালের উপর হুমড়ি থেয়ে পড়েছেন এটা তো আমরা বলি যে একশো বছরের মধ্যে এত বড থরা হয়নি যা ১৯৮২-৮৩ সালে হয়েছে। চরম ছুর্গতি গেছে পশ্চিমবাংলায়, চরম তুর্গতি গেছে গোটা দেশে। সব কিছু আর্থিক ক্রিয়া কর্ম একটু শ্লথ হয়েছিল—গোটা ভারতবর্ষে হয়েছিল আমাদের এথানেও হয়েছিল। কিন্তু এতে ছমড়ি থেয়ে পড়ার কি দরকার। কংগ্রেসের স্বাই মহারাষ্ট্রের কথা বলেছেন, কালকে খবরের কাগজে পড়ছিলাম মহারাষ্ট্রেও ১৯৮২-৮৩ সালে কি সাংঘাতিক রকম সমস্ত কিছু পড়ে গিয়েছিল। কিন্তু দয়া করে ১৯৮৩-৮৪ সালের কথা বলুন। আমাদের সরকারের তরক্ষ থেকে কর্মচারী যাঁরা তাঁরা ইকনমিক রিভিউ থ্ব যত্ন নিয়ে তৈরী করেন! তাঁরা ১৯৮২-৮৩ সালের কথা বলেছেন ১৯৮৩-৮৪ সালের কথাও বলেছেন। এখন আমি কি বলেছি—সত্যিই তো এই বছর ১৯৮৩-৮৪ সালে ফসল ভাল হয়েছে, সর্ব কালের রেকর্ড ছাড়িয়ে যাবে। অতীশ বাবু বলে গেলেন ১৯৭৭-৭৮ সালে ওদের সময় ১০ টন হয়েছিল। ১৯৭৭-৭৮ সাল

কবে থেকে ওদের সময় হল ? এটা তো আমাদের সময়। এই বছরে সেটাও ছাড়িয়ে গেছে। এই নিয়ে বাদাস্বাদের কোন প্রয়োজন নেই। আর একটা ব্যাপার বারবার বলা হয়েছে, এটা তো অসম্পূর্ণ বাজেট। আমি নিজেই তো তা বলেছি এটা তো অভাবনীয় ব্যাপার, ভারতবর্ষের ইতিহাসে এর আগে কোনদিন হয়নি।

অর্থ কমিশনের নিয়ম হচ্ছে তাঁরা তাঁদের মঞ্ছুরী ৫ বছরের জন্ম দিয়ে দেবেন। কথন দেবেন? বছর স্থাক্ত হয় ২লা এপ্রিল থেকে, প্রায় বছর শুক্ত হওয়ার আগের ভিসেম্বর মাসের মধ্যে তারা দিয়ে দেবেন। অথচ সেটা দেওয়া হয়নি। অর্থ কমিশন রিপোর্ট দিলে আগামী বছরে আমাদের আয় বাড়বে। আমরা কি তথন বলব আমরা সেই আয় গ্রহণ করব না? ওরা হয়ত নির্দেশ দিয়ে দেবেন এই টাকা দিলাম, অমৃক অমৃক থাতে থরচ করতে হবে। কাজেই এটা তো আমাদের দোষ নয়। অর্থ কমিশন যাদের কেন্দ্রীয় সরকার নিয়োগ করেছেন তাঁরা ঠিক সময় তাঁদের রিপোর্ট দিতে পারেননি এবং সেইজন্ম আমাদের বোজনা নিয়ে ও মতৈক্য হয়নি। আমরা বলেছি জাতীয় উলয়ন পরিষদের সঙ্গে আমাদের যোজনা নিয়ে ও মতৈক্য হয়নি। আমরা বলেছি জাতীয় উলয়ন পরিষদের বৈঠক ডাকা হোক এবং একমাত্র পরিষদেরই অধিকার আছে পাকা সিদ্ধান্ত নেওয়ার আমাদের পরিকল্পনার পরিমাণ কত হতে পারে। ১ মাস হয়ে গেল এই ব্যাপারে প্রধানমন্ত্রীকে তিঠি দেওয়া হয়েছে কিন্তু ত্রথের বিষয় তারা এখন পর্যন্ত পরিষদের বৈঠক ডাকে নি। তবে এটা ভির্মু আমাদের একার সমস্থা নয়, উত্তরপ্রদেশ সরকার যখন তাদের বাজেট দাখিল করেছেন তথনও পর্যন্ত তাঁদের পরিকল্পনার পরিমাণ ঠিক হয়নি, রাজস্থানের হয়নি, পাঞ্জাবের হয়নি, ত্রিপুরার হয়নি। কাজেই যে ব্যাপারে দায়ী কেন্দ্রীয় সরকার তার জন্ম আমাদের উপর দোব দেওয়া উচিত নয়।

আমার একটি কথায় অতীশবাবু মন খারাপ করেছেন। আমি বলেছিলাম ১৯৬৫ সাল থেকে ১৯৭৫ সাল পর্যস্ত বিহ্যুতের উৎপাদন আমাদের আদৌ বাড়েনি। আমি হিসেব দেখিয়েছি, ১৯৬৫ সালে ব্যাণ্ডেলের ৪র্থ ইউনিটটি এসেছে এবং তারপর ১৯৭৫ সালে সাঁওতালদিহির প্রথম ইউনিট আসে। কোন পরিকল্পনা ছিল কিনা সেকথা তো আমি বলিনি। এইতো দিল্লীতে পরিকল্পনা কমিশন বসে প্রবন্ধ রচনা করেন। প্রবন্ধ লেখা হয়, কিন্তু কাজ কিছু হয়না। অতিরিক্ত ব্যয় বরাদ্দের ব্যাপারে স্বত্রতবাবু রাগ করে বলেছেন এটা কেন হয়েছে। সারা পৃথিবীতেই এই নিয়ম। কারণ আগে থেকে একেবার নিখুঁতভাবে অঙ্ক কষে কত ব্যয় হবে কত আয় হবে এটা ঠিক করে বলা যায় না। আমরা দেখেছি হঠাৎ প্রয়োজনে থরচ বাড়ে, বল্লা ছর্তিক হলে থরচ বাড়ে। আমাদের ছ হাজার কোটি টাকার মত সার্বিক থরচ এবং বর্তমান বছরের জন্ম আমরা ১০৮ কোটি টাকার বাড়তি মজুরী নিয়ে ঐসৈছি, যা সামগ্রিক ব্যয়ের শতকরা ৬ থেকে সাড়ে ছয় ভাগ মাত্র। গত সপ্তাহে দেখলাম কেন্দ্রীয় সরকার ২২০০ কোটি টাকার মত একটা অতিরিক্ত ব্যয় সমগ্র বাজেটের ১১ কি ১২ ভাগ হবে। কাজেই এটা করতে হয় এবং এটা দৈনন্দিন জীবনের একটি অঙ্গ।

এবারে আমি অপেক্ষারুত কিছু গুরুত্বপূর্ণ ব্যাপারে আসছি। ডাঃ জয়নাল আবেদিন আমাদের বাজেটের দিক দিশারা খঁজে পাচ্ছেন না। তিনি দিক নির্দেশ চাইছেন কোথায় অগ্রাধিকার সেটা খুঁজছেন, গতি কোপায় সেটাও জানতে চাইছেন। খুব ভাল কথা তিনি বলেছেন। তবে ডাঃ আবেদিনকে বিনীতভাবে বলছি যে আমরা তো শুন্তে অবস্থায় করছি না এবং আমরা ইতিহাসের ধারা থেকেও বিচ্ছিন্ন নই। আমি আমার প্রারম্ভিক ভাষণে বলেছি পশ্চিমবাংলার শিল্পের উৎপাদনের পরিমাণ উৎপাদন বাড়ার হার নয়-১৯৬০ সাল থেকে ১৯৭০ সালের মধ্যে অর্ধেক হয়ে গেছে। আমরা তো তথন সরকারে ছিলাম না। ১৯৬৫ সালের পর থেকে পশ্চিমবাংলার ক্ষেত্রে যে এই রকম একটা ভয়ঙ্কর অবস্থা হোল, শিল্পের উৎপাদন অর্ধেক হয়ে গেল, তার ইতিহাসটা কি. কারণটি কি ? দেশ যথন ভাগ হোল তথন পশ্চিমবাংলার পাট চলে গেল। পূর্ববাংলায় ভাল জাতের পাট হয়। আমাদের রইলো ঝরঝরে যন্ত্রপাতি; এবং যাদের হাতে পাটের কারথানাগুলো রইলো তাঁর। কিছুই করলেন না আধুনিকীকরণের জন্ম। জয়নাল আবেদিন বলেছেন আধুনিকী-করণের প্রোগ্রামটা আপনাদের কোথায়। আমরা জানি মাত্র ছয় সাতটি পরিবার পাটশিল্প নিয়ন্ত্রণ করছেন, গোটা শিল্লের তারা সর্বনাশ করছেন। পাট শিল্প ক্ষেত্রে, পাট চামের ক্ষেত্রে এবং আডাই লক্ষ পাটকল মজুরের ক্ষেত্রে। সংবিধানে যদি আমাদের ক্ষমতা থাকতো এবং যথাসম্ভব পয়সা কভি থাকতে। তাহলে আমরা আধুনিকী করণের ব্যবস্থা করতে পারতাম। আমরা বলেছিলাম आभारमुत शांहे करन रान वर्त्ह किन्न देखिनीयातिश शिन्न किन। आभारमुत कथना किन अवश जांतरे পাশে ছিল লোহা। কাজেই এই লোহা এবং কয়লার সংমিশ্রণে আমরা ইম্পাত তথা ইঞ্জিনীয়ারিং শিল্প গড়ে তুলতে পারতাম। এবং গোটা ভারতবর্ষে আমরা যেমন শিল্পের ক্ষেত্রে প্রথম স্থান অধিকার করেছিলাম সেই প্রথম স্থানেই পাকতে পারতাম। কিন্তু কেন সেটা হোল ন। ? ১৯৫৬ সাল, তথন কেন্দ্রীয় সরকারের অর্থমন্ত্রী শ্রীক্ষমাচারী, পণ্ডিত নেহেক্সকে বুঝিয়ে যে জিনিসটা করলেন সেটা কিন্তু ডাঃ রার বুঝতে পারলেন না যে কি করা হোল এই ইম্পাত এবং কয়লার ক্ষেত্রে। ইম্পাত ও কয়লার দাম সারা দেশে এক করে দেওয়া হলো। ভাবতে পারেন। রাণীগঞ্জের কয়লা টেনে করে হুর্গাপুরে আসানসোলে আসবে না, রেল কয়লা নেবে না। স্থতরাং ট্রাকে করে নিয়ে আসতে হবে। অপ্রদিকে ব্যবস্থা হোল অভাভ রাজ্যে কিন্তু এই রেলের মাধ্যমেই যাবে। যত বেশী দূরত্ব তত রেলের আমুপাতিক ভাড়া কমে যায়। ফলে দেখা গেল রাণীগঞ্জের কয়লা আমরা যে দামে কিনি পশ্চিমবাংলায় তার চেয়ে কম দামে নাসিক, আম্বালা আমেদাবাদে লোকেরা কেনে। অণচ এর পরিবর্তে আমরা কিছুই পেলাম না। আপনারা স্থানেন। রাসায়নিক দ্রব্যাদি আমাদের বেশী দামে কিনতে হয়। আমরা যে পেট্রোকেমিক্যালের কারখানার কথা বলছি তার ক্ষেত্রে ওরা বলছেন। আপনারা যদি তাফথা দিয়ে করতে চান তাহলে আপনাদের খরচ বেশী পড়বে। আমাদের কয়লা আমাদের ইস্পাত আমাদের লোহা পশ্চিম উপকূলে সন্তায় বিক্রি হয়, সেই দামে কয়লা অস্ততঃ আমাদের বিক্রি করা হয় না। এথানে প্রশ্ন উঠবে তাহলে পশ্চিম উপকূলের গ্যাস আমাদের কেন কম দামে দেওয়া হবে না ? ১৯৫৬ দালে যে নীতি প্রবর্তন করা হোল তাতে

পশ্চিমবাংলার ক্ষেত্রে কি সর্বনাশ ঘটলো সেটা দেশের মাত্রুষ বুক্তে পারলো না। ১৯৭৭ সালে সরকারে চুকে আমি রাইটার্স বিভিঃসে বিভিন্ন বণিক সভাকে ডেকে পাঠিয়েছিলাম। এবং তাদের বলেছিলাম যে আপনাদের পুরানো রেকর্ড দেখুন তো তথন আপনারা কেউ এই ব্যাপারে প্রতিবাদ করেছিলেন কিনা। দেখলাম, একমাত্র একটি বণিক সভা, বেঙ্গল ন্যাশনাল চেম্বার অব ক্যাস একটা প্রস্তাব গ্রহণ করেছিলেন। অন্ত কেউ কিন্তু ট শব্দটি করেন নি। চঃথের কথা যে তথন-কার পশ্চিমবন্ধ সরকারও এ ব্যাপারে কিছু করেননি। আমি তথন একজন বাচ্চা অর্থনীতিবিদ মাত্র। বন্ধেতে শচীন চৌধরী নামে এক বান্ধালী ভন্তলোক একটি ছোট্ট পত্রিকা চালাতেন, যার নাম ইকন্মিক উইকলি। আমরা তাঁকে ডাঃ রায়ের কাছে পাঠালাম। বললাম যে আপনি ডঃ রায়কে বুর্বিয়ে বলুন কি সর্বনাশ পশ্চিমবাংলার হচ্ছে। তিনি এখান থেকে হতাশ হয়ে ফিরে গেলেন। কারণ ডা: রায় বললেন ওঁরা ওদের মত করুক, আমি আমাদের মত পশ্চিমবাংলা করবো। কিন্তু দেখা গেল সেরকম কিছুই হলো না। আঘাত আনতে স্বন্ধ হোল আন্তে আন্তে। প্রথম দিকে আমাদের যে পূর্ববর্তী বিনিয়োগ ছিল তার থেকে উৎপাদন আসছিল ঠিকই. কিন্তু ১৯৬৩ দাল থেকে ১৯৬৫ সালের মধ্যে গোটা পৃথিবীতে এক ধরণের আর্থিক দেখা গেল মন্দা এবং তার ধার্কা এখানেও এলো। আমরা দেখলাম এক বছরে রেলওয়ে মন্ত্রক ৪৫০ কোটি টাকার রেলওয়ে ওয়াগন কেনা কমিয়ে দিলো। ফলে আমাদের জেশপ ব্রেথ ওয়েষ্ট বার্ড, বার্ণ কোথায় মিলিয়ে গেল। আমাদের সকলেরই এই জিনিসগুলি চিন্তা করা দরকার। ১৯৬৫ সাল থেকে ১৯৭৫ সাল এই গোটা সময়টায় আমাদের শিল্প উৎপাদন অর্ধেক হয়ে গেল। আপনাদের কাছে এইটুকু বলতে পারি যে ১৯৭৭ সালে আমরা এসে এই অর্থেক হওয়ার ব্যাপারটা অস্ত বন্ধ করতে পেরেছি। এথন নেতিবাচক নয়, ইতিবাচক কাহিনী শিল্পে উৎপাদন বাড়ছে প্রতি বছর, তা যত শ্লথগতিতেই হোক, পশ্চিমবাংলায় এবং গোটা দেশের দক্ষে আমাদের যে ফারাকটা ঘটে গিয়েছিল, সেই ফারাক একট্ একট করে কমছে।

এই স্থত্ত থেকেই আমরা কেন্দ্র রাজ্যের সম্পর্কের কথা বলি। এটায় সবচেয়ে আমার মন থারাপ হয়ে যায়. গত বছর যথন ভোট হলো, পশ্চিমবাংলার শতকরা ৩৬ ভাগ মাহ্ম আপনাদের কংগ্রেস দলকে ভোট দিয়েছে হাজার হলেও, স্থতরাং এটা তো বলা, বোঝা আপনাদেরও প্রয়োজন। কেন্দ্র রাজ্যের সম্পর্কের কথা আমরা বলি কেন, এই জিনিসগুলো কেন আমাদের করতে হবে, বুঝতে হবে। আমাদের পয়সা কড়ি নেই কেন কডকগুলো কেন্দ্রীয় নীতি পান্টাতে হবে কেন, কয়লার ক্ষেত্রে, লোহার ক্ষেত্রে, ইম্পাতের ক্ষেত্রে, আমরা বলছি, পশ্চিমবাংলার সমস্ত মাহ্মষের জন্ম বলছি, তা না হলে কি করে, আমরা আবার মাথা তুলে দাঁড়াবো? আমরা বলছি যে আমাদের এখান থেকে ৬ বছরে সাত হাজার কোটি টাকা একন্দ্র ভূলে নিয়ে গেছে মাত্র তিনটি রাজস্ব থাতে। অথচ আমরা ক্রেবং পেয়েছি মাত্র তেরোশো কোটি টাকা। এই ব্যবস্থা তো চলতে পারে না। আমরা দাঁড়াবো কোথায়? কেন্দ্রীয় সরকারকে তাই আমরা বলছি হয়্ম, আপনারা এথানে নিজেরা বেশী করে শিল্প করুন, নয়, আমাদের শিল্প আমরা যাতে করতে পারি তারজন্ম আমাদের একটু বাড়তি পয়সা কড়ি

দিন। নয়তো এই যে সমস্ত আর্থিক প্রতিষ্ঠানগুলো আছে, ব্যাংকগুলো আছে, তাঁদের বলুন, যাতে তাঁরা এখানে একট বেশী করে টাকা ঢালেন। এই কেন্দ্র রাজ্য সম্পর্ক নিয়ে বক্তব্য রাথার ব্যাপারে ৬/৭ বছর আগে আমরা একা ছিলাম, পশ্চিমবাংলার বামফ্রণ্ট সরকার একা বলছিল, কিন্তু এথনতো আমরা একা নই। সব সমেত ১৮টি রাজনৈতিক দল আমরা যে কথাগুলো বলছি, সেই কথা তারাও বলছে। চার পাঁচটি অকংগ্রেদী দরকার এই কথা বলছে। কিন্তু সবচেয়ে বড় যেটা আশাদের কথা অনেক ইন্দিরা কংগ্রেস ভুক্ত মুখ্যমন্ত্রী ও আমাদের কথাগুলো এখন বলছেন। গত নভেম্বর মাসে দিল্লীতে যে মুখ্যমন্ত্রীদের সম্মেলন হলো, তাতে গুজরাটের মুখ্যমন্ত্রীও এই কথা বলেছেন, কেরালার মৃখ্যমন্ত্রীও বলেছেন। আমাদের কথাগুলো তাঁরা বলছেন। আমি শুধু এইটুকু আশা করেছিলাম যে পশ্চিমবাংলায় যাঁব। কংগ্রেসের নায়কত্ব করছেন, তাঁরাও চলবেন। তাঁরা এই কথাগুলো বলতে ভয় পাবেন কেন, যে আমাদের আরও বেশী রাজম্বের অধিকার দিতে হবে। ব্যাক্কগুলোকে পশ্চিম-বাংলায় স্বারও বেশী করে টাকা ঢালতে হবে। একজন মাত্র এই প্রসঙ্গে বললেন, অতীশবাব, তাও সাফাইটা বিরুদ্ধে দিয়ে গেলেন। তিনি বললেন, বান্ধালীদের উত্তোগ নেই। এটা বান্ধালীদের উল্লোগের ব্যাপার নয়, যাদের হাতে টাকা, তাদের পশ্চিমবাংলায় টাকা ঢালতে হবে, সেটাই আসল কথা, যেটা মুখ্যমন্ত্রীরা বলেছেন দিল্লীতে, এবং অন্মরাও বলেছেন। আমি একটা ছোট উদাহরণ দেব, আমাদের একটা ফিলম ডেভলপমেণ্ট কর্পোরেশন আছে। আমরা এথানে একটা রঙিন ছবি তোলার লেবোরেটারী করতে চাই সেই করপোরেশন মারফৎ হু কোটি, আড়াই কোটি টাকার দরকার। আমরা তো জানি, আমাদের টাকা নেই, সেইজন্ম চেয়ারম্যানকে বললাম, বলুন না, আই. ডি. বি. আই. কে। ওরা দেবে না কেন টাকা? তাঁরা বললেন দেব না। তারপর আমি ভদ্রলোককে চেপে ধরলাম, দেবেন না কেন টাকা, যুক্তি দেখান ? তথন উনি বললেন. এটা প্রায়বিটি ইণ্ডাষ্টি নয়। আমি তথন বললাম, আপনাদের কেন্দ্রীয় সরকারের লিস্টটা দেখান, সেখান থেকে বার করে দেখান কোথায় লেখা আছে যে ফিল্ম ডেভলপিং এরজন্ম যদি কেউ কারখানা খুলতে চায়, লেবরেটারী খুলতে চায়, দেটা অগ্রাধিকারের মধ্যে পড়ে না, দেখান আপনি ? তিনি (मथार्क शांतरलन ना। अथन मां फिरायर क, यिन क्यांत ना एम खारा रहा यिन ना शरफ, कि कूरक है कि थाना जिनिम जामात्र कराउ नात ना। तारे ठानि ताथा मतकात अवः तारे ठानि मिट হবে। কংগ্রেসের আপনারা যদি আমাদের সঙ্গে একট যোগ দিতেন সমস্ত ব্যাপার—এতে তে। আপনাদের কোন অস্থবিধা হবার কথা নয়, কেন এসব কথা আপনারা বলতে পারবেন না ? কোণায় আটকাচ্ছে বলুন ? পশ্চিমবাংলার মান্নবের জন্ম আমরা বাড়তি টাকা চাইতে পারবো না কেন ? যথন অন্যান্য রাজ্যের কংগ্রেসী মৃথ্যমন্ত্রীরা পর্যান্ত বলছেন নিজ নিজ রাজ্যের জন্ম, বলছেন কেন্দ্র রাজ্য সম্পর্ক পুনর্বিক্যাসের কথা তথন কেন আপনারা বলতে পারবেন না, বলুন ? এটা তো বলা দরকার। কারণ টাকা না হলে কোন কাজে এগোন যাবে না। এই কথাটা কেন আমরা বলবো না ? এটা তো শুধু আমাদের সময় থেকেই নয়, দ্বিতীয় পঞ্চ বার্ষিকী পরিকল্পনা থেকে এই জিনিস ঘটছে। এক বছর ছু বছর এই ধরণের অঘটন হতে পারে ভাবতে পারি, কিন্তু প্রতি বছর এই রকম অঘটন ঘটছে, ১৯৬০-৬১ সাল থেকে প্রতি বছর পশ্চিমবাংলার জন্ম কেন্দ্র থেকে যোজনা বরাদ্দ

গড় প্রতি, জনসংখ্যা প্রতি হচ্ছে, সবচেয়ে কম। ১৯৬০ সাল থেকে ১৯৮২-৮৪ সাল, এই ২২/২৩ বছরে, প্রতি বছর এক বছরও তো এদিক ওদিক হতে পারতো ?

## [ 6-15-6-25 P. M. ]

এক বছরও হয়নি। প্রত্যেক বছর পশ্চিমবাংলা মাথাপিছু সবচেয়ে কম টাকা পেয়েছে। যে কোন ফর্মুলা প্রয়োগ করুন না কেন, এটাকোন অক্টেই ধরা পড়বে না, যদি এক ধরণের মানসিকতা কাজ না করে, যে যোজনা সাহায্য পশ্চিমবাংলার ক্ষেত্রে সবচেয়ে কম হবে। আমরা সেই মানসিক তার বিরুদ্ধে কথা বলছি, আপনাদের ইন্দিরা কংগ্রেসীদের। সম্বন্ধে কোন বিবেষ নিয়ে কথা বলছি না, আপনারা জিনিসটা একটু বুঝুন। পশ্চিমবাংলাকে যদি বাঁচাতে হয় তাহলে এই জিনিদগুলি বোঝা প্রয়োজন। তারপর ধক্ষন আমি এই যে আর্থিক প্রতিষ্ঠানগুলির কথা বললাম, ব্যাংকগুলির কথা বললাম, কেন্দ্রীয় সাহায্যের কথা বললাম, কিন্তু তারও বাইরে সমস্থা আছে। এই যে আমাদের ৭৫ কোটি টাকার রাজস্ব তুলতে হবে—যদি বাইরে থেকে কোন বাড়তি সাহায্য না পাই তাংলে আমাদের নিজেদেরই রাজস্ব তুলতে হবে। এটা আমার ব্যক্তিগত ধ্যান ধারণা। ১৯৫০-৬০ এর দশকে আরো একট বেশী করে যদি রাজস্ব পশ্চিমবাংলায় তোলা হত, ভাহলে পরিকল্পনা পর্যদ থেকে যে কথাগুলি বলা হয় যে, আপনাদের টাকা দেওয়া যায় না, কারণ আপনারা অতীতে নিজেরা টাকা তোলেননি, এই অপবাদ শুনতে হত না। ১৯৭৭-৭৮ সাল থেকে পশ্চিমবাংলাকে এই অপবাদ ঘাতে আর না দিতে পারে, আমরা বেশী বেশী করে নিজস্ব সম্পদ সংগ্রহ কর্ডি। অর্থমন্ত্রী মেনে নিতে বাধ্য হয়েছেন গত ক্ষেক বছরের মধ্যে আমাদের অতিরিক্ত রাজস্ব সংগ্রহের হার সবচেয়ে বেশী, বেশী অন্ত সমস্ত রাজ্যগুলির চেয়ে। উনি প্রকাশ্যে এটা মেনে নিতে বাধ্য হয়েছেন। তথু তাই নয়, আরো একটা ব্যাপার আছে।—উইকলীতে পরিকল্পনা পর্বদের ভিতর কাম্ভ হয়, গবেষণা হয়। ইকন্মিক এয়াণ্ড পলিটিক্যাল একটি প্রবন্ধ বেরিয়েছিল। তাতে এটা পরিস্কার লেখা হয়েছে যে সমস্ত রাজ্যগুলির মধ্যে নিজস্ব সম্পদ থেকে পরিকল্পনার টাকা খরচ করার ব্যাপারে পশ্চিমবাংলা ২২টি রাজ্যের মধ্যে প্রথম। আপনারা একট শুরুন—আমি কেন্দ্রীয় যোজনা পর্যদের উপ-সভাপতি পরিকল্পনা পর্যদের উপ-সভাপতিকে বলে এসেছিলাম, দেখবেন, আপনাদের একটি ছেলে এই তথ্যগুলি বিশ্লেষণ করে বের করেছে, এর রাগ করে ওর চাকরিটা থাবেন না। এই যে ৭৫ কোটি টাকা বাড়তি রাজস্ব তুলতে হচ্ছে, আমাদের এটা কেন তুলতে হচ্ছে সেটা একটু বোঝা দরকার। যদি রাজস্ব না তুলে পারা যেত। তাহলে নিশ্চয়ই রাজস্ব তুলতাম না, ভাল হতো কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা পর্যদ এই শর্ত আমাদের দিয়েছেনু, এই বছর স্থানতম ৭৫ কোটি টাকার রাজস্ব যদি আমরা তুলতে না পারি তাহলে ওরা কোন কেন্দ্রীয় সাহায্য দেবেন না। স্থতরাং ৭৫ কোটি টাকার বাড়তি রাজস্ব তোলা কেন—তা নিয়ে আপনাদের কংগ্রেসীদের কোন প্রশ্ন তোলা উচিত নয়। এথন কিভাবে এই ৭৫ কোটি টাকা তুলতে হবে ? এই ব্যাপারে আমাদের দৃষ্টিভন্দী অত্যস্ত স্বচ্ছ আমরা টাকা তুলব, কিন্তু এই টাকা কোথা থেকে তুলব? এখন জিনিস পত্রের দাম যা বেড়েছে তাতে এই টাকা তোলা সহজ নয়। স্ব্ৰতবাবু বললেন অর্থ কমিশন আপনাদের অন্তঃশুদ্ধের শতকরা ৪০ ভাগ দিয়েছে, স্বতরাং আরো বাড়তি টাকা আপনারা চাইছেন কেন? ১৯৭৮ সালে আগে যেখানে অন্তঃশুদ্ধের শতকরা ২০ ভাগ পেতাম সেখানে শতকরা ৪০ ভাগ পাছি। যদি কেন্দ্রীয় সরকার অর্থ কমিশনের সিদ্ধান্ত প্রসন্ধ মনে এই মন্ত্রী মেনে নিতেন তাহলে সমস্তা থানিকটা দূর হত। কিন্তু পরা কি করলেন? বাড়তি টাকা রাজ্যগুলি পাবে, এতে ওরা খূশী হলেন না। আগে কি হত? পেটল-জাত প্রব্যের দাম বাড়ানে। হত কি করে, আর ১৯৮০ সালের পর থেকে এখন কি করা হছে? আগে অন্তঃশুদ্ধ বাড়িয়ে দামটা বাড়ান হত এবং তার থেকে যতটা টাকা আসত তার শতকরা ৪০ ভাগ টাকা আমরা রাজ্যগুলি পের্তাম। কয়লার দাম সেইভাবে বাড়ান হত, ইম্পাতের দাম সেইভাবে বাড়ান হত, এ্যালুমিনিয়ামের দাম সেইভাবে বাড়ান হত।

১৯৮০ সালের পর ওঁরা আর সেই পথে গেলেন না, ওঁরা ফতোয়া জারি করে জিনিষপত্রের দাম বাড়ালেন-–এ্যাডমিনিষ্টার্ড প্রাইন চাপিয়ে। ওরা হকুম জারি করে জিনিবপত্রের দাম বাড়াতে আরম্ভ করলেন। আমরা বললাম জিনিষপত্তের দাম বাড়িয়ে আপনারা সব মিলিয়ে ৭ হাজার কোটি টাকা পেয়েছেন গত ৪ বছরে। কাজেই তার শতকরা ৪০ ভাগ আমাদের দিন ২,৮০০ কোটি টাকা রাজ্যগুলি অতএব বেশী পাবে, পশ্চিমবঙ্গ অস্ততঃ সাড়ে তিনশো চারশো কোটি টাকা পাবে — তথন ওঁরা বললেন, না, এটা তো আমরা অস্তঃশুক্র বাড়িয়ে পাই নি. আমরা ফতোয়া জারি করে এই টাকাটা পেয়েছি অতএব আপনাদের এর থেকে একটা পয়সাও দেব না। এই অন্যায় দিন্ধান্তের শুধু আমরাই ভুক্তভোগী নই, মহারাষ্ট্র, গুজরাট সবাই ভুক্তভোগী, কাজেই এই ব্যাপারগুলি আপনারা চিন্তা করে দেখুন। এইদে মন্তব্য আমি করলাম, এটা তো আপনাদের বিরুদ্ধে করি নি, আপনাদের হয়েই করেছি। আপনারাও যদি কোনদিন এথানে সরকার চালান --যদিও সে অঘটন এথানে আর ঘটবে না—তাহলে এই সমস্তায় আপনাদেরও পড়তে হবে, গুজরাট, মহারাষ্ট্র, কেরল সব রাজ্যের মুখ্যমন্ত্রীদেরই ষেমন পড়তে হচ্ছে। এই টাকাটা পাবার ব্যাপারে আমাদের নায্য দাবা ছিল যার থেকে আমাদের বঞ্চিত করা হয়েছে। আমাদের ৭৫ কোটি টাকা বাড়তি তুলতে বলা হয়েছে। 🖥 আমি বলব, কেন্দ্র অনেক টাকা অন্তায়ভাবে পশ্চিমবঙ্গের মান্নুষের কাছ থেকে জিনিশ-পত্রের দাম বাড়িয়ে এভাবে তুলে নিয়ে গিয়েছেন, অথচ তার কোন অংশ পশ্চিমবঙ্গ সরকারকে দেয়নি। এই যেখানে অবস্থা দেখানে আমার প্রথম কর্তব্য হবে এই ৭৫ কোটি টাকার একটা বড অংশ ওদের কাছ থেকে ফিরিয়ে নিয়ে আসা এবং সেজগুই কয়লার উপর সেস। এই ষেস ১৭ পারদেউ ছিল সেটাকে ২০ পারদেউ করা হয়েছে। গুজরাট সরকার পেটোলের উপর ঠিক এই শতকরা ২০ ভাগ হারেই এই সেস বসিয়েছেন। ষেহেতু আমাদের কয়লার উপর নায্য রয়ালটি দেওয়া হয় না, পেটোলের উপর দেওয়া হয় না সেই হেতু আমরা আন্দোলন করছি, গুজরাট আন্দোলন করছে, আসাম, বিহার, উড়িয়া সরকার তারাও আন্দোলন করছেন গুজরাটের অর্থমন্ত্রী

বলেছেন, যেহেতু কেন্দ্র আমাদের অক্যায়ভাবে নাষা প্রাণ্য থেকে বঞ্চিত করছে অতএব আমরা শতকরা ২০ ভাগ হারে পেট্রোলের উপর সেদ বদাতে বাধ্য হলাম। গতকাল বিহারও ঠিক একই হারে শতকরা ২০ ভাগ হারে সমস্ত খনিজ দ্রবোর উপর সেস বসিয়েছে। আমাদেরও সেসের হার ১৭ পারদেউ ছিল, আমরা দেটা গুজরাট এবং বিহারের সমতায় এনেছি। এই প্রসঙ্গে বলতে গিয়ে আমি বারবার আপনাদের অফুরোধ করবো, আপনাদের কাছে আবেদন করবো, অষ্ণা দাম ৰাড়াবার জন্ম প্ররোচনা দেবেন না। কয়লার দাম বাড়াতে পারেন একমাত্র কোল ইণ্ডিয়া। কোল ইণ্ডিয়া ইতিমধ্যেই শতকরা ২৫ ভাগ কয়লার দাম বাড়িয়েছেন এবং আমাদের নাগরিকদের জীবন ত্ববিষহ করে দিয়েছেন। তাঁদের যে লাভ বেডেছে সেই লাভের অংশ থেকে আমরা ১২ কোটি টাকা টেনে আনছি পশ্চিমবাংলার মামুষের স্বার্থে। কিন্তু সেইহেতু পয়সাও দাম বাড়বে না। পেট্রোলের উপর শতকরা ২০ ভাগ গুজরাট সরকার সেস বসাতে পেটোলের দাম এক পয়সাও বাড়েনি। বিহারও ২০ পারদেউ হারে দেস বসিয়েছে, বিহারে দাম এক পয়সাও বাডবে না। আপনারা যদি আন্দেলন করে দাম না বাডান তাহলে দাম বাডবে না। তারপর পেটোলের উপর যে দাম বাডিয়ে বাডতি টাকা পেরেছেন তাতেও আমরা কিছই পাইনি। আমরা বলেছি, টার্ণ ওভার ট্যাক্স যেটা আছে, যেটা দামের সঙ্গে যক্ত করা যায় না. স্বপ্রীম কোর্টের রায় আছে সেরকম আমরা সেটা পেটোলের উপর বসিয়ে ৭ কোটি টাকা অয়েল কর্পোরেশনের কাছ থেকে ফিরিয়ে আনবো, দাম বাডবে না। এক কোটি টাকা ফার্টিলাইজার কর্পোরেশনের কাছ থেকে আনবো। সারের দাম বাড়বে না। কারন, এটা সারের দামের সঙ্গে যোগ করা অবৈধ। এটা হচ্ছে প্রথম বক্তব্য, দ্বিতীয় বক্তব্য হচ্ছে সারের উপর বিক্রয় কর আমরা কমিয়ে দিয়েছি স্থতরাং সারের দাম কমবে। তারপর পণ্য প্রবেশ কর যেটা বদানো হয়েছে কয়েকটি নির্দিষ্ট জায়গায়—আসানসোল এবং ছর্গাপুর শিল্পাঞ্চলে এবং শিলিগুডি, জলপাইগুডি অঞ্চলে। এই কর আদায়ের জন্ম কোন চেক পোষ্ট বসানো হবে না. স্বভাবত:ই মানুষের হয়রানিও হবে না। কাদের কাছ থেকে কিভাবে এটা আদায় করা হবে ? যারা বাইরে থেকে কিনবে তাঁদের উপর কত কিনবে ? এক একটা জিনিষ বছরে ফ্রানতম যাঁরা ১০ লক্ষ টাকা করে কিনবেন। কোন কোন জিনিষ?

## [6-25-6-35 P.M.]

ষে যে জিনিষগুলির উপর কেন্দ্রীয় সরকার আমাদের শতকরা ৪ তাগের বেশী হারে বিক্রয় কর বসাতে দেননা—লোহা, কয়লা, এই ধরনের জিনিষের উপর। কেন্দ্রীয় সরকার ফতোয়া জারী করে বলেছেন যে, এই এই দ্রব্যাদির উপর আমরা শতকরা ৪ তাগের বেশী বিক্রয় কর বসাতে পারবো না। পত্য প্রবেশ কর বুদুছে সেই সেই জিনিষের উপর। কাদের কাছ থেকে তা পাওয়া যাবে? বছরে অস্তত: ১০ লক্ষ টাকার জিনিসের লেনদেন করছেন এমন ব্যবসায়ীদের কাছ থেকে এই অর্থ সংগ্রহ করা হবে। এর একটা বড় অংশ দিতে হবে আসানসোল, দ্র্গাপুর অঞ্চলে যে সব বড় বড় কারখানা আছে—কেন্দ্রীয় সরকারের কারখানা বা অত্যান্থ কারখানা—তাদের। এই থেকে

তুলব, কিন্তু এই টাকা কোথা থেকে তুলব? এখন জিনিস পত্রের দাম যা বেড়েছে তাতে এই টাকা তোলা সহজ নয়। স্ব্ৰতবাবু বললেন অর্থ কমিশন আপনাদের অন্তঃশুদ্ধের শতকরা ৪০ ভাগ দিয়েছে, স্বতরাং আরো বাড়তি টাকা আপনারা চাইছেন কেন? ১৯৭৮ সালে আগে যেখানে অন্তঃশুদ্ধের শতকরা ২০ ভাগ পেতাম সেখানে শতকরা ৪০ ভাগ পাছি। যদি কেন্দ্রীয় সরকার অর্থ কমিশনের সিদ্ধান্ত প্রসন্ধ মনে এই মন্ত্রী মেনে নিতেন তাহলে সমস্তা থানিকটা দূর হত। কিন্তু পরা কি করলেন? বাড়তি টাকা রাজ্যগুলি পাবে, এতে ওরা খূশী হলেন না। আগে কি হত? পেটল-জাত প্রব্যের দাম বাড়ানে। হত কি করে, আর ১৯৮০ সালের পর থেকে এখন কি করা হছে? আগে অন্তঃশুদ্ধ বাড়িয়ে দামটা বাড়ান হত এবং তার থেকে যতটা টাকা আসত তার শতকরা ৪০ ভাগ টাকা আমরা রাজ্যগুলি পের্তাম। কয়লার দাম সেইভাবে বাড়ান হত, ইম্পাতের দাম সেইভাবে বাড়ান হত, এ্যালুমিনিয়ামের দাম সেইভাবে বাড়ান হত।

১৯৮০ সালের পর ওঁরা আর সেই পথে গেলেন না, ওঁরা ফতোয়া জারি করে জিনিষপত্রের দাম বাড়ালেন-–এ্যাডমিনিষ্টার্ড প্রাইন চাপিয়ে। ওরা হকুম জারি করে জিনিবপত্রের দাম বাড়াতে আরম্ভ করলেন। আমরা বললাম জিনিষপত্তের দাম বাড়িয়ে আপনারা সব মিলিয়ে ৭ হাজার কোটি টাকা পেয়েছেন গত ৪ বছরে। কাজেই তার শতকরা ৪০ ভাগ আমাদের দিন ২,৮০০ কোটি টাকা রাজ্যগুলি অতএব বেশী পাবে, পশ্চিমবঙ্গ অস্ততঃ সাড়ে তিনশো চারশো কোটি টাকা পাবে — তথন ওঁরা বললেন, না, এটা তো আমরা অস্তঃশুক্র বাড়িয়ে পাই নি. আমরা ফতোয়া জারি করে এই টাকাটা পেয়েছি অতএব আপনাদের এর থেকে একটা পয়সাও দেব না। এই অন্যায় দিন্ধান্তের শুধু আমরাই ভুক্তভোগী নই, মহারাষ্ট্র, গুজরাট সবাই ভুক্তভোগী, কাজেই এই ব্যাপারগুলি আপনারা চিন্তা করে দেখুন। এইদে মন্তব্য আমি করলাম, এটা তো আপনাদের বিরুদ্ধে করি নি, আপনাদের হয়েই করেছি। আপনারাও যদি কোনদিন এথানে সরকার চালান --যদিও সে অঘটন এথানে আর ঘটবে না—তাহলে এই সমস্তায় আপনাদেরও পড়তে হবে, গুজরাট, মহারাষ্ট্র, কেরল সব রাজ্যের মুখ্যমন্ত্রীদেরই ষেমন পড়তে হচ্ছে। এই টাকাটা পাবার ব্যাপারে আমাদের নায্য দাবা ছিল যার থেকে আমাদের বঞ্চিত করা হয়েছে। আমাদের ৭৫ কোটি টাকা বাড়তি তুলতে বলা হয়েছে। 🖥 আমি বলব, কেন্দ্র অনেক টাকা অন্তায়ভাবে পশ্চিমবঙ্গের মান্নুষের কাছ থেকে জিনিশ-পত্রের দাম বাড়িয়ে এভাবে তুলে নিয়ে গিয়েছেন, অথচ তার কোন অংশ পশ্চিমবঙ্গ সরকারকে দেয়নি। এই যেখানে অবস্থা দেখানে আমার প্রথম কর্তব্য হবে এই ৭৫ কোটি টাকার একটা বড অংশ ওদের কাছ থেকে ফিরিয়ে নিয়ে আসা এবং সেজগুই কয়লার উপর সেস। এই ষেস ১৭ পারদেউ ছিল সেটাকে ২০ পারদেউ করা হয়েছে। গুজরাট সরকার পেটোলের উপর ঠিক এই শতকরা ২০ ভাগ হারেই এই সেস বসিয়েছেন। ষেহেতু আমাদের কয়লার উপর নায্য রয়ালটি দেওয়া হয় না, পেটোলের উপর দেওয়া হয় না সেই হেতু আমরা আন্দোলন করছি, গুজরাট আন্দোলন করছে, আসাম, বিহার, উড়িয়া সরকার তারাও আন্দোলন করছেন গুজরাটের অর্থমন্ত্রী

মিঃ স্পীকারঃ ড: মিত্র, আপনি একটু বস্থন। এই বিষয়ে আলোচনার জন্য নির্দিষ্ট সময় প্রায় শেষ হয়ে এসেছে। আরো কিছু সময় দরকার। সেই জন্য আমি আরো আধ দটা সময় বাড়াবার জন্য প্রস্তাব রাখছি। আশা করি মাননীয় সদস্তদের এতে মত আছে। (সদস্তদের সমতি দান।)

( এই সময় সভার আলোচনার সময় আরো আধ ঘণ্টা বাড়ান হয়। )

ডঃ অশোক মিত্রঃ যাত্রা নিয়ে স্বত্রতবাবু একটু যাত্রা করলেন। আমি ওঁকে থবরের কাগজে যাত্রার বিজ্ঞাপনগুলি একটু দেখতে বলছি। এক পৃষ্ঠা হু' পৃষ্ঠাব্যাপী যাত্রার বিজ্ঞাপন বেরছে। যাত্রা দলের অধিকারীরা। অভিনেতা, অভিনেত্রীরা হাজার হাজার টাকা লক্ষ লক্ষ টাকা আয় করছেন। স্বত্রতবাবু আমার মত শহরের এম এল এ, কিন্তু গ্রামের এম এল এ এ'রা অনেকে আমাকে এসে বলেছেন, যাত্রার ওপর একটা ট্যাক্স চাপান এবং সেই ট্যক্সের টাকাটা যাতে গ্রামের মাহুষের কাজে লাগে তা দেখুন। আমি এখানে স্পষ্ট করে বলে দিছি যে, আমাদের পশ্চিমবাংলায় যে সমস্ত গ্রুপ থিয়েটার আছে তাদের ওপর এই কর প্রযোজ্য হবে না। কিন্তু প্রযোজ্য হবে খেলা—ধূলার ওপর। কারণ আমরা দেখছি, ইরান থেকে ব্রাজিল থেকে অমুক জায়গা তমুক জায়গা থেকে লক্ষ লক্ষ টাকা থরচ করে খেলোয়াড় আনা হয়, আর সরকারকে সেই খেলার সময় রক্ষণাবেক্ষণ করতে হয়। অথচ সেই খেলা থেকে সরকার একটা পয়সাও পাবে না এটা হতে পারে না। স্থতরাং খেলা—ধূলার ওপর আমরা ট্যাক্স বিসমেছি এবং সেই ট্যাক্স আমরা তুলব। যেমন যাত্রার ওপর বিসমেছি, তেমন খেলার বিসমেছি।

সান্তার সাহেব অনেকক্ষন ধরে বক্তৃতা করলেন, প্রায় এক ঘণ্টা ধরে বক্তৃতা করলেন, অথচ তিনি একবার সেই জিনিসগুলির উল্লেখ করলেন না, যে গুলির ওপর থেকে আমরা কর বসালাম বা যে গুলির দাম কমালাম। উনি তো একটু বলতে পারতেন, এমন কি অস্থবিধা হ'ত। সারের কথা একটু বলতে পারতেন, ক্যান্তেন, কাগজের কথা একবারও বললেন না।

লটারির টিকিটের ওপর যে করটা বসান হচ্ছে সেটা প্রথম বিন্দুতে হোলসেলারদের কাছ থেকে ভোলা হবে এবং ভাতে কোন অস্থবিধা হবে না, বাঁরা এক টাকা দিয়ে টিকিট কিনতে পারেন, তাঁরা এক টাকা ২০ পয়সা, ২৫ পয়সা দিয়েও টিকিট কিনতে পারবেন।

আর একটা কথা ওঁরা বলেছেন দেটা হচ্ছে, আমাদের পাবলিক আগুারটেকিং যে গুলি আছে সেগুলিতে সত্যিই ক্ষতি বাড়ছে। সেই ক্ষতি কমাবার চেষ্টা করা উচিত এবং চেষ্টা করা হচ্ছে, কিন্তু আমরা এখনো সফলতা পাইনি। স্থত্রতবাবু বললেন, ৭৫ কোটি টাকার নতুন ট্যাক্স না চাপিয়ে ঐ সংস্থাগুলিতে ক্ষতি বন্ধ করে ঐগুলিকে লাভজনক অবস্থায় আনা উচিত ছিল। আমি ওঁকে বলছি, উনি একটু বিবেচনা করুন। আমরা তো কেন্দ্রীয় সরকারকেও একটু বলতে পারি যে, তাঁদের একটি সংস্থা। ষ্টিল কোম্পানীতেই প্রতি বছর সাড়ে পাঁচশো কোটি টাকা ক্ষতি হচ্ছে, তাঁরা একটু চেটা করুন না এই ক্ষতিটা বন্ধ করতে। আমি ওঁকে আরো বলছি যে, বিবেচনা করে দেখুন, এখানে সমস্থাটা কি সামাজিক সমস্থা। যদি কেন্দ্র রাজ্য সম্পর্কের পুনর্বিগ্রাস হ'ত, যদি এখানে ক্রত শিল্পায়ন ঘটতো যদি আমাদের ছেলে-মেরেরা কান্ধ পেত, তাহলে অনেক ক্ষেত্রেই সরকারি সংস্থাগুলির ব্যাপারে নির্দয় হওয়া যেত। কিন্তু আপনারা জানেন যে, কোন কান্ধ নেই, ডানদিকে কান্ধ নেই, বা দিকে কান্ধ নেই, হতরাং নির্দয় হওয়া যায় না। অনেক ক্ষেত্রেই সরকারকে বাড়তি কান্ধের বোকা বহন করতে হয়। প্রমন ধরুন ওঁদের আমলে হান্ধার হাজার ছেলেকে এই সব সংস্থায় ওঁরা চুকিয়ে গেছেন, আমরা একজনকে ছাঁটাই করতে পারি না। স্বত্রাং আমি ওকে বলব যে, ওটা নিয়ে আর অযথা কথা বাড়াবেন না।

সর্বশেষে আমি বলতে চাই হচ্ছে পরিকল্পনা থাতে ব্যয় ও ওভারড্রাফটের বিষয়ে। মজা হচ্ছে গত তিনদিন ধরে এথানে ঐ বিষয়ে অনেক কিছু শুনলাম। তা গণ-টোকাটুকির কথা তো আপনারা জানেন। গত ডিদেম্বর মাসে কলকাতায় কংগ্রেস অধিবেশন হয়েছিল, সেথানে রাজপুত্র বক্তৃতা দিছিলেন তথন কেউ একটা থাতা তাঁর হাতে ধরিয়ে দিয়েছিলেন—আমি অনুমান করতে পারি কে—সেই থাতা দেখেও রাজপুত্র একটু ভূল-ভাল বলছিলেন, তথন পেছন থেকে তাঁকে প্রস্পট করা হচ্ছিল। তিনি ১,১০০ কোটি টাকাকে ১৯ কোটি টাকা বলছিলেন, ৩,৫০০ কোটি টাকাকে ৩৫ কোটি টাকা বলছিলেন।

(গোলমাল)

শ্রীঅশোক ঘোষঃ পায়ের ধুলো তো আর রাথেননি।)

ডঃ অশোক মিত্র : সে দৌভাগ্য আপনাদের হবে, আমার হবে না। এখন একটু মন দিয়ে শুহুন ঝ্যাপারটা কি।

(গোলমাল)

একটু মজা করেই না হয় বলছি, শুহুন না।

[6-35-6-42:P.M.]

আচ্ছা শুনুন, তারপর কি হলো আমি বলছি, আপনাদের জানা প্রায়োজন। আমর। হিদাব দয়েছি, ইকোনমিক রিভিউতে হিদাব দেখিয়েছি। পরিকল্পনা থাতে ৬ বছরে আপনাদের আমলে

ষত থরচ হয়েছে আমাদের ৬ বছরে তার ৩ গুণ বেড়েছে। আপনাদের সময়ে পরিকল্পনা খাতে থরচ হয়েছিল সামগ্রিক থরচের শতকরা ২৬ ভাগ আর এথন বেড়ে হয়েছে শতকরা ৩২ ভাগ। (গোলমাল) এখন আপনারা শুমুন, গণ-টোকাটুকি কি করেছেন। একজন একটা চোথা তৈরী করে দিয়েছেন, আপনারা সেটা দেখে পর পর তিন, চারজন তুল জিনিষ পড়ে গেলেন। রিজার্ভ ব্যাক্ষ অফ ইণ্ডিয়া বুলেটিনের অকটোবর, ১৯৮২ সংখ্যায় সমস্ত হিসাব দেওয়া আছে প্ল্যান এবং নন্ প্ল্যানের বাপারে, পড়ে দেখবেন স্থত্তবাবু হপুরবেলা বাচ্ছাদের খিদের খাবারের ব্যাপারে বললেন, অন্ধ্রপ্রদেশ এবং তামিলনাড়ুতে বাবস্থা নেওয়া হয়েছে। তামিলনাড়ু সরকার গত বছর পর্যান্ত ইন্দিরা কংগ্রেসের বিরোধী ছিলেন। গত বছর পর্যান্ত তুপুরের থাবারের থরচটা পরিকল্পনা বহিভূ'ত ছিল। এ বছর ইন্দিরা কংগ্রেস একটু আধটু আল্লা-ডি-এম-কে কে ভজনা করছে। সেইজন্ম এ বছর পরিকল্পনা পর্ষদ বলে দি<mark>য়েছেন যে পরিকল্পনার ভিত</mark>র চুকে যাবে ঐ থরচটা। অক্সদিকে বেচারা অন্ধ্র প্রাদেশের ক্ষেত্রে ঐ খরচ এখনও পরিকল্পনার বাইরে আছে। স্বতরাং এই হচ্ছে পরিকল্পনা পর্যদের পরিসংখ্যান। রিজার্ভ ব্যাঙ্ক অফ ইণ্ডিয়া তথ্যান্ত্র্যায়ী ইচ্ছা করলে দেখে নিতে পারেন আপনারা ১৯৮১-৮২ দালে পশ্চিমবাংলার রাজস্ব এবং মূলধনী থাতে সামগ্রীক ব্যয় া শতকরা ৬৬'৭০, উন্নয়নমূলক থাতে থরচ হয়েছিল। (এটা আমাদের সংস্থা নয়, আপনাদের ব্যাপার ) ১৯৮২-৮৩ দালে শতকরা ৬৮°: ভাগ উন্নয়নমূলক থাতে থরচ হয়েছিল, আর ১৯৮৩-৮৪ সালের বাজেটে উন্নয়নমূলক থরচের জন্ম দেওয়া আছে ৬৯ ৩২ ভাগ। রিজার্ভ ব্যাঙ্ক অফ্ ইণ্ডিয়া কেন্দ্রীয় সংস্থা এটা আপনাদের জানা আছে। তার গভর্নর আপনারা নিয়োগ করেন এবং আপনারাই বর্থান্ত করেন।

এবার ওভারড্রাফট প্রসদে আসি। আমাদের কোন রকম লুকোনোর ব্যাপার নেই।
যতকণ পর্যন্ত পশ্চিমবালোর জন্ম আমরা নায্য প্রাপ্য পাবো না ততক্ষণ পর্যন্ত আমরা থরচ করবো
পশ্চিমবালোর গরীব সাধারণ মান্ত্যের জন্ম। ওভারড্রাফট মানে কি ? আমাদের কাছ থেকে
৭ হাজার কোটি টাকা ফেরৎ নিয়ে খাওয়া হয় আর আমাদের ফেরৎ দেওয়া হয় দেড় হাজার কোটি
টাকা। স্থতরাং দেখুন কে কাকে ওভারড্রাফট দিছে ? আমি বলবো আমরাই দিছি কেন্দ্রীয়
সরকারকে ওভারড্রাফট। তাছাড়া ওভারড্রাফটের জন্ম আমরা স্কদ দিছি এবং প্রত্যেক কিন্তি
তারিথমত ফেরৎ দিছি। কেন্দ্রীয় সরকার নোট ছাপায় কিন্ত সেই ছাপানো নোটের টাকা
কোনদিনও ফেরৎ দিতে হয় না। স্থতরাং এইসব নিয়ে ভাবুন, দেশের স্বার্থে ভাবুন, রাজ্যের স্বার্থে

সবশেষে আমি যা বলবো, অভূত ব্যাপার লক্ষ্য করছি, এথানে কংগ্রেসের কাছ থেকে গণতম্ব নিমে শুনলাম, ভুনীতি নিমে কথা শুনলাল। পশ্চিমবাংলার হাজার হাজার ছেলেমেয়েদের যারা বিনা বিচারে বছরের পর বছর ধরে কারাক্রদ্ধ করে বেথেছিলেন তাঁরা আবার গণতদ্বের কথা বলেন ? ৭-৮ বছর আগে রবীন্দ্রনাথের কবিতা ছাপানো বন্ধ করে দিয়েছিলেন। রবীন্দ্রনাথের গান বেতারে গাওয়া যেত না—তাঁরা গণতন্ত্রের কথা বলেন ? ওঁরা আবার ছ্র্নীতিও দেখালেন। যাই হোক, আমি এ ব্যাপারে বেশী বলছি না, শুধু যা বলছি সেটা হচ্ছে, ১৯৮০-৮১ সালে আমাদের স্থ্রাসার চাই। আমাদের ওয়ুধ কারখানার জন্ম মহারাট্রের শরনাপন্ন হতে হয়। সেট্রাল মোলাসেস বোর্ড আছে, সেখান থেকে সিদ্ধান্ত করে দেওয়া হলো হে মহারাট্র থেকে পশ্চিনবাংলার জন্ম এত পরিমান স্থরাসার যাবে।

এখন যিনি শ্বরাষ্ট্রমন্ত্রী তিনি তথন রসায়ন মন্ত্রী ছিলেন, কেন্দ্রে শ্রীপ্রকাশচন্দ্র শেঠা। আমি
শ্রীশেঠী মহাশরের কাতে ৩ বার গিয়েছিলাম, অহুষোগ জানাতে। তিনি প্রধানমন্ত্রী মহাশারকেও
বলেছিলেন। আমবা কেন স্থ্রাসার পেলাম না। পরে শুনলাম যে সেই স্থ্রাসার টাকা থেয়ে পশ্চিমবঙ্গের আশে পাশে যেসব মদ তৈরীর কারথানা আছে তাদের বিলিয়ে দেওয়া হয়েছে।
আর একটি কথা আমি শুনলাম, একজন ইন্দিরা কংগ্রেসী বলেছিলেন যে ইন্দিরা গান্ধীর টাকা,
আমরা থরচ করছি। ওটা ইন্দিরা গান্ধীর টাকা নয়, ওটা ভারতবর্ষের ৭০ কোটি মান্থ্রের
পরিশ্রমের টাকা, ওটা পশ্চিমবঙ্গের সাড়ে ৫ কোটি মান্থ্রের পরিশ্রমের টাকা ব্যাংকের টাকাও
সাধারণ মান্থ্রের টাকা, সেই আট হাজার কোটি গচ্ছিত টাকা, আমাদের পাওনা টাকা তা যা নিয়ে
তচনচ করা হচ্ছে। কাজেই এই কথা দয়া করে বলবেন না। আপনাদের মত দাস মনোর্ত্তিসম্পন্ন লোকেরাই এই কথা বলতে পারে যে ওটা ইন্দিরা গান্ধীর টাকা। এবং সেইজন্মই আপনাদের
পতন হয়েছে।

আশা করি আপনারা সকলে এই বাজেটকে সমর্থন করবেন।

#### Adjournment

1

The House was then Adjourned at 6-42 P.M, till 1 P M., Thursday, the 22nd March, 1984, at the "Assembly House" Calcutta

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Thursday, the 22nd March 1984, at 1 p. m.

#### Present

Mr. Speaker (SHRI HASHIM ABOUL HALIM in the Chair, 12 Ministers 11 Ministers of State and 161 Members.

[1-00—1-10 P.M.]

#### STARRED QUESTIONS

(To which oral answers were given)

#### Tailors' Co-operatives

- \*79. (Admitted question No. \*460.) Shri Abdur Rauf Ansari: Will the Minister-in-charge of the Co-operation Department be pleased to state that—
  - (a) whether there is any scheme for assisting Tailors' Co-operatives for production of ready-made garments in this State; and
  - (b) if so,—
    - (i) the number of tailors benefited by this Scheme in West Bengal, and
      - (ii) the number of tailors in the Garden Reach Assembly Constituency covered by this scheme?
  - Shri Nihar Kumar Basu: (a) No.
    - (b) (i) & (ii) Does not arise.

#### উত্তর ২৪-পর্গণা জেলার সমবায় সমিতিতে ম্যানেজার নিয়োগ

\*৮৩। (অহ্মোদিত প্রশ্ন নং ৫০১।) **একমলাক্ষী বিশ্বাসঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহোদয় অহ্গ্রহপূর্বক জানাইবেন কি—

AP(81-1/84)-140

- (ক) উত্তর ২৪-পরগণা জেলায় মোট কতগুলি সমবায় সমিতি আছে :
- (থ) তন্মধ্যে কতগুলি ক্ষেত্রে ম্যানেজার নিয়োগ করা হইয়াছে ;
- (গ) উক্ত ম্যানেজারদের বেতন সরকার নিধারণ করেন কিনা; এবং
- (ঘ) করিয়া থাকিলে, ম্যানেজারদের বেতন কত

শ্রীনীহার কুমার বস্তঃ (ক) ২৮২৭ তন্মধ্যে ৪৮১ টি পুনর্গঠিত প্রাথমিক কৃষি সমবায় সমিতি।

- (খ) ৩৭ · টি পুনর্গঠিত কৃষি সমবায় সমিতিতে ম্যানেজার নিয়োগ করা হইয়াছে।
- গ) ই্যা।
- (ছ) সর্বনিম ২৫০ টাকা ও সর্বোচ্চ ৭২৫ টাকা।

শ্রীকমলাক্ষমী বিশাসঃ মাননীয় মন্ত্রী মহাশয় অন্তগ্রহ করে জানাবেন কি, কাগজে দেখলাম ম্যানেজারদের ৫০ টাকা বাড়তি দেওয়া হবে—তার কতদূর কি হয়েছে ?

শীহার কুমার বস্তুঃ এটাএখনও সরকারের বিবেচনাধীন রয়েছে, সিদ্ধান্ত হয়ি।

ক্রিকমলাকি বিশ্বাসঃ সমিতির ম্যানেজারদের উপর যে কাজের দায়িত দেওয়া আছে, আনেক সমিতি তাঁদের সেই সমস্ত কাজ করতে দিচ্ছেনা। এর বিরুদ্ধে কোন স্টেপ নেবেন কিনা ?

**জ্রীনীহার কুমার বস্তুঃ** ম্যানেজার নিয়োগ হবার পর যদি কোন সমিতি তাঁকে কাজে নিয়োজিত না করেন—জানাবেন, সরকারের পক্ষ থেকে ব্যবস্থা নেওয়া হবে।

শ্রীরাইচরণ মাঝিঃ মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি জানতে চাইছি যে, সমস্ত ম্যানেজারদেরতো গভর্ণমেন্ট মাইনে দেন—সে ক্ষেত্রে তাঁদের ট্রাম্সফারের কোন বন্দোবস্ত আছে কি না ?

**্রীনীহার কুমার বস্ত্রঃ** তিনি যে ক্যাডারের অন্তর্ভুক্ত, তার জুরিসভিক্সনের মধ্যে ট্রা<del>ডা</del>ফার করা যেতে পারে।

# "ভগবা**নূপুর (**কোটনাউড়ী )-ভেরপেখ্যা' রাস্তা

\*১৮৮। (অহমোদিত প্রশ্ন নং \*৮৭১।) **এপ্রান্তকুমার প্রধান :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অন্ত্রহপূর্বক জানাইবেন কি, মেদিনীপুর জেলার "ভগবানপুর (কোটনাউড়ী) তেরপেথ্যা" রাস্তা নির্মাণের কান্ধ বর্তমানে কি অবস্থায় আছে ?

**্রীযভীন চক্রবর্তীঃ ভগ**বানপুর -তেরপেখ্যা রাস্তার প্রায় তিন কিলোমিটার প্র্যান্ত জমি অধিগ্রহণ সম্পন্ন হয়েছে।

## খাতড়ায় মূতন মহকুমা

\*২৮৪। ( অন্নাদিত প্রশ্ন নং \*২৪।) **একাশীনাথ মিশ্র**ঃ গত ২১শে এপ্রিল, ১৯৮৩ তারিথের প্রশ্ন নং ৩৮০ ( অন্নাদিত প্রশ্ন নং ৫৫১) এর উত্তর উল্লেখে স্ববাষ্ট্র ( কর্মিবৃন্দ ও প্রশাসনিক সংস্কার ) বিভাগের মন্ত্রিমহাশয় অন্ত্রাহপূর্বক জানাবেন কি—

- (ক) বাঁকুড়া জেলার থাতড়াকে স্বতম্ব মহকুমা হিসাবে গণ্য করার জন্য এ পর্যস্ত কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে; এবং
- (থ) এ বাবতে কোন্ কোন্ কাজের জন্ম কত টাকা বরাদ্দ / খরচ করা হয়েছে গ
- ্রীজ্যোতি বস্তুঃ (ক) সরকারী সিদ্ধান্ত অন্তথায়ী বাঁকুড়া কেলার খাত্ডায় নৃতন মহকুমা দপর স্থাপনের জন্ম প্রয়োজনীয় অফিসভবন ও আবাসন গৃহ নির্মাণ এবং অন্যান্ত প্রস্তোজনীয় নির্মাণ কার্য্যের জন্ম মাষ্ট্রার প্ল্যান ও এই মেট তৈরা প্রাণ্ড জন্ম পুত বিভাগকে অন্তরোধ করা হয়েছে। অন্তান্ত আইনান্তুগ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।
- (খ) কোনও বিশেষ কাজের জন্য বরাদ্দ করা হয়নি।

শ্রীকাশীনাথ মিশ্র মাননীয় স্বরাষ্ট্র (কর্মিবৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের মন্ত্রী মহাশয় অন্তর্গ্রহ করে জানাবেন কি এই যে মাষ্টার প্রান এবং এষ্টিমেট তৈবী করার ব্যাপারে পূর্ত বিভাগকক বলেছেন বললেন, সেটা কবে নাগাদ শেষ করবেন সেই সম্বন্ধে কিছু বলতে পারবেন ?

**্রীজ্যোতি বস্তু:** কবে নাগাদ শেষ করতে পারবে সেটা বলতে পারছি ন।। তবে পূর্ত বিভাগ থেকে যে পরিকল্পনা তারা করেছে সেই অন্থযায়ী ৫০ লক্ষ টাকা তাব। ১৯৮৪-৮৫ সালের জন্ম তারা আমাদের কাছ থেকে চেয়েছে।

শ্রীকাশীনাথ মিশ্রঃ এই ৫০ লক্ষ টাকা যে পূর্ত বিভাগ চেয়েছে, এই টাকার ধারা তারা কি কি কাজ করবেন সেটা আপনি জানাবেন কি ?

শ্রীজ্যোতি বস্তু: যেটা আমি আগেই বলেছি—একটা পরিকল্পনা করার জন্ম বল। হয়েছিল। ওনারা সেই পরিকল্পনা দিয়েছেন। তার মধ্যে টাকা কিছু বরাদ্ধের জন্ম চেয়েছে। তাছাড়া ভাড়া বাড়ি পাওয়া যায় কিনা সেটা দেখা হছে।

জ্বিক সিংহ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি স্বতম্ব মহকুমা হিসাবে গণ্য করার ব্যাপারে বিভিন্ন জেলার ক্ষেত্রে সরকার কিছু বিবেচনা করছেন কিনা ?

**্রিজ্যোতি বস্তু:** সাধারণ ভাবে প্রশ্ন করলে জবাব দেওয়া যাবে না। আপনার কোন জেলা সম্পর্কে জানার প্রয়োজন আছে সেটা বলবেন তাহলে উত্তর দিতে পারবো।

# মুর্শিদাবাদের মবাব পরিবারের বাড়ি অধিগ্রহণ

\*২৮৫। (অহমোদিত প্রশ্ন নং-\*৮৭৫।) **জ্রীজয়ন্তকুমার বিশ্বাস**ঃ বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অন্তগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) মূর্শিদাবাদের নবাব পরিবারের কলিকাতান্থিত ৮৫, পার্ক খ্রীটের বাড়িটি কি সরকার অধিগ্রহণ করেছেন; এবং
- (খ) বহরমপুরের সৈদাবাদস্থিত মহারাজ নন্দকুমারের বাড়ি অধিগ্রহণের জন্ম সরকার কোন ব্যবস্থা গ্রহণ করেছেন কি ?

**এ।সৈয়দ আবুল মনস্তর ছাবিবুলাঃ** (ক) না। (থ) জানা নাই।

শ্রীজয়ন্তকুমার বিশ্বাসঃ আমরা জানি যে আমাদের রাজ্যে যে সব পুরোন ঐতিহ্য আছে সেইগুলিকে ঠিক মতো রক্ষণাবেক্ষণ করার জন্ম মন্ত্রী মহাশয় যথেষ্ট কর্তব্য পরায়ণ। কিন্তু মর্শিদাবাদের মহারাজ নন্দকুমারের প্রকৃতপক্ষে;কোন উইটনেস নেই। সেই রানী মারা ঘাবার পরে সেই বাড়ি পাওয়ার ব্যাপারে একজন পুঞ্জিপুত্র বলে দাবি করছে। এই ব্যাপারে সঠিকভাবে 'জানা বিশ্বোজন। নানা জায়গা থেকে পর্যটক যান সেই মহারাজ নন্দকুমারের বাড়ি দেখার জন্ম। এই অধিগ্রহন করার ব্যাপারে আপনি কোন বিচার বিবেচনা করছেন কিনা জানাবেন কি?

শীসৈয়দ আবৃদ মনস্থর হাবিবৃদ্ধাঃ এটা আমার বিভাগ নয়। এটা ঘতীনবাবৃর
দপ্তরের ব্যাপার এবং আমাদের কালচার বিভাগে যিনি আছেন তাঁর ব্যাপার। মূর্শিদাবাদের
নবাব পরিবারের কলিকাভান্থিত যে বাড়িট আছে এটা আমার বিভাগে আছে। কিন্তু এটা
অধিগ্রহন করার কোন প্রশ্ন ওঠে না। কারণ ১৯৬১ সালে এটা ও. জি. ও. টিতে ভেস্টেড
আছি।

প্রত্যার বিশাসঃ আপনার পেছন থেকে মাননীয় মন্ত্রী যতীন চক্রবর্তী মহাশন্ত্র বলেছেন যে তিনি এটা অধিগ্রহণ করবেন। এটা কিন্তু এসিওরেন্সে যাবে।

#### Encroachment upon highways

- \*286. (Admitted question No. \*380) Shri Ashok Ghosh: Will the Minister-in-charge of the Public Works Department be pleased to state—
